মোস্লেম বিক্রম

9

বাঙ্গালায় মোসল্মান রাজত্ব



"বঙ্গীয় মোস্লেম মহিলা সজ্বের" প্রেসিডেন্ট, "স্বরদৃষ্টা" "আত্মদান" "জান্কী বাঈ" প্রণেত্রী

নুরমেছা খাতুন

(বিছাবিনোদিনী সাহিত্য-সরস্বতী) সম্ভলিত

বিতীয় সংস্করণর

প্রকাশক—
মোহাম্মদ খায়রল আনাম থাঁ
'মোহাম্মদী প্রেস'

১১নং আপার সারকুলার রোড,
কলিকাতা।

প্রি-ভার—
মোহাম্মদ থায়রল আনাম থা
মোহাম্মদ থায়রল প্রনাম থা
মোহাম্মদী প্রেস
১১নং আপার সাবকুলার রোড,
কলিকাতা।



নূরলেছা খাতুন

পূৰ্বাভাষ

প্রেরিত মহাপুরুষের (দ:) ধর্ম সিংহাসনাধিকারী হজরৎ আবু বাকার সিদ্ধিকের (র:) এস্লাম-রাজ্য প্রান্তি, হিজরী ১১ সাল ৬৩২ থৃষ্টান্ত হইতে আরম্ভ করিয়া, বাঙ্গালার শেষ নওয়াব ছর্ভাগা সেরাজের শোকার্হ অবসান ১৭৫৭ খৃষ্টান্তের ২৩শে জুন বৃহষ্ণতিবার বৈকাল ছইটা পর্যান্ত, আমার এই জাতীয় বীরছের প্রকৃত ইতিহাস লিখিবার প্রধান সহায় ছইতেছেন—আমার স্বামী।

মুন্দীগুঞো (বিজ্ঞমপুর) সাহিত্য-সম্মিলনের যোড়শ অধিবেশনে আমার বিজ্ঞ-সাহিত্যে মোসল্মান' প্রবন্ধ পাঠের পর, স্থামীর করেকজন বন্ধু, আমার দ্বারা একথানি মোস্লেম বাঙ্গালার ও এস্লামের জাতীর ইতিবৃত্ত লিখাইবার জন্ম তাঁহাকে বিশেষ অহ্বরোধ করার, তিনি বহু পরিপ্রমে এবং বহুতর হুপ্রাণা পুরাতন পুত্তক ও ইতিহাস হইতে মাল-মস্লা সংগ্রহ করিয়া আমাকে সাহায্য করিয়াছেন।

প্রকৃত প্রভাবে স্বামীর বহু পরিশ্রমে বাঁধিরা দেওরা কাঠামের উপর আমি কাদা মাটি লেপিরা এই প্রতিমাধানি থাড়া করিরাছি মাত্র। "মোদ্লেম বিক্রম", এক মেটে করা প্রতিমা। ইহাতে পটোর সাহায্যেরং ফলান হর নাই, বা তাহার কোন দরকারও নাই। ইহা থাটি একথানি পাথরৈর একটী কুক্র,শালগ্রাম মাত্র স্বাভাবিক রংই ইহার রং,

স্বাভাবিক মৃটিই ইহার মৃটি। মোট কথা কোন কাল্পনিক রংয়ে রঞ্জিত ক'রে ইহাকে উপক্যাস আকারে গ'ড়ে তোলা হয় নাই। ইহা যে খাঁটি জিনিস সেই থাঁটিই আছে। যদি কোন স্থানে ইহার কোনরূপ সামান্ত রূপান্তর ঘটিয়া থাকে, তাহার একমাত্র কারণ আমার নিজের অক্ষমতা।

আমার এই "যোদলেম বিক্রম" প্রকৃতপক্ষে এদ্লানের জাতীয় ইতিহাদ নহে। আমার কর্মপদ্ধ স্বজাতীয় বাদালী মোদন্মানগণের ধর্মপ্রাণ স্বধ্মাবলন্ধী বা পূর্ব-পুরুষগণ, ধর্মোনাদে উন্মন্ত হইয়া কিরূপ অসম সাহদিক বীরত্ব প্রদর্শন করিয়া গিয়াছেন ও ধর্মার্থে ঈর্মরোদেশ্রে তাঁহারা স্বীয় নহার জীবনকে কিরূপ তুচ্ছেজ্ঞান করিয়া মোক্ষলাভ উদ্দেশ্রে জলন্ত অগ্নিকৃত্তে পরওয়ানার (পত দ) হায় ঝাপাইয়া পড়িয়া ছিলেন; পবিত্র ধর্ম বিন্তারের জন্ত আলাহ্তাআলার নাম লইয়া, তাঁহারা কিরূপ অসাধ্য সাধন করিয়া গিয়াছেন; তাহারই বান্তব এই পুন্তকে কিঞ্ছিৎ দেখাইবার প্রয়াস করিয়াছি মাত্র।

অতীতের শ্বতি একপক্ষে যেমন মধুর, অপরদিকে তজ্ঞপ শক্তি ও উদীপনার স্বাষ্টি করিয়া ও তৎসঙ্গে জাতীয় জীবনের জড়তা দূর করিয়া, তাহার স্থানে প্রাণে নবভাব উদিত ও বর্ত্তমান কর্তব্যে প্রবৃত্ত করিয়া, মানবকে ভবিষ্যৎ গৌরবের পথ নির্দেশ করিয়া দেয়। যদি আমার এই জীবয়ূত জাতির মধ্যে প্রাণ সঞ্চার করিতে হয়, তাহাদের পূর্ব-পুরুষগণের কার্য্য গুলিকেই মূল সাধনার বস্তা বলিয়া, তাহাদিগকে অবলম্বন করিতে হইবে। তত্তক্ত অতীতের সেই সমস্ত রোমাঞ্চকর সত্য ঘটনাবলীর শ্বাং করেকটী উজ্লে চিত্র তাহাদের চক্ষের সন্মুপে ধরিয়া, তাহাদিগকে তাহাদের পূর্বাবন্থা জানাইয়া দেওয়াই আমার মুখ্য উদ্দেশ্য।

ইতিহাস বলিতে কেবল রাজ বংশের কাহিনী ও তৎসাময়িক প্রাস্থিদ প্রাস্থান কাহিনী সমষ্টি বুঝার রা। ইতিহাসের অর্থ ইহা জপেকা খ্ব ব্যাপক। প্রধাণতঃ ইতিহাসে মানব সভ্যতার ক্রম বিবর্ত্তনের বিবরণ থাকাই চাই। তা' সেটা আমার এই ক্ষ্তু পৃত্তকে নাই বলিলেই হয় : এবং সেই জন্মই আমি ইহাকে ইতিহাস বলিতে কুটি ছা। ইহার দ্বিতীয় থণ্ডে আমার জন্মভূমি বাঙ্গালা দেশের সামান্ত একটু বিবরণ দিতে চেষ্টা ক্রিয়াছি মাত্র।

আমার আর এক প্রধান উদ্দেশ্য—বাদালার বহুতর লেখকেরা, এমন কি প্রবীন প্রবীন নামজাদা গ্রন্থকারগণ পর্যন্ত, বাদালার তথা সমস্ত ভারতে মোসলেমগণের এই মহা বীরত্বের বিষয় সম্পূর্ণরূপে অবগত থাকা সন্তেও, কেবল ইর্মাপরতন্ত্র হইয়া কতকগুলি কাল্লানিক ঘটনা উল্লেখে, এই বীরের জাতিটাকে একেবারে নিজ্জীব প্রতিপন্ন করিবার সাধ্যমত চেটা করিয়াছেন ও করিতেছেন। "মোস্লেম বিক্রম' পাঠে আমার অভাতীয় নর-নারীগণ স্পষ্টই বুঝিতে পারিবেন যে—তাঁহাদের প্রতিবাদী, প্রবাহকারে ব্যাভাত্র বোগাগ্রন্থ আজন্ম-ভীক মিলিনী বাদালী হিন্দৃগণ, তাঁহাদের পূর্বপূক্ষ বা অজাতীয় অসিজীবী মহাপরাক্রান্ত বীর মোসলেম সম্ভানগণকে, অলীক কল্পনা প্রস্তুত ঘটনা উল্লেখে যে কাম্ক, তুর্বল বা কাপ্রন্থ বর্ণনার ঐতিহাসিক নামের আবরণে নানা গ্রন্থের অবতারণা করিয়াছেন, উহা সম্পূর্ণ ইর্মান্লক, ভিত্তিহীন, এবং ভাহাদের স্থভাব-স্বান্ত মিথ্যা প্রলাপ উক্তি মাত্র।

তাঁহারা লিথিবার সমন্ন ভাবেন না যে—যাহা সত্য তাহা কি কেহ
ঢাকিয়া রাখিতে পারে! মিথ্যার উপর কোন জাতি নিজের প্রতিষ্ঠার
ভিত্তি গড়িতে পারে নাই, হিন্দু-মোসল্মান কেহ পারিবেও না। সত্য
অপ্রিদ্ধ হইলেও তাহাকে বরণ করিতে হইবে। বিশেষতঃ বাঁহারা
দেশের ও সৎলাহিত্যের হিতাকাজ্জী বলিয়া নিজেদের মনে করেন ও
পরিচর দেন, তাঁহাদিগকে এই মহান আন্দর্শে অম্প্রাণিত হ'রে বরং

অসত্যের বিরুদ্ধে যুদ্ধ খোষণা করিতে হইবে; আর সর্বনাই বিশেষ লক্ষ্য রাখিতে হইবে যে—যাহা স্থারিচিত সত্য তাহার সহিত তাঁহাদের কল্পনার যেন কোন বিরোধ না ঘটে।

ঝড় ঝঞ্চা বজ্রাঘাত তৃচ্ছ করিয়া, আমি আমার এই ঐতিহাসিক সত্যের কৃদ্ধ তরণীথানি, নির্ভরে সত্যের বিজয় পতাকা হত্তে, সাহিত্য সমূদ্ধে ভাসাইয়া দিলাম। জানিনা এই তৃত্তর বারিধিমাঝে ইহার স্থান কোথায়!

১৯২৬ ফেব্রুগারী নূরকুটীর, শ্রীরামপুর

নুরহোছা

প্রাণাধিক সহোদর.

খোন্দকার রকিব-অস্-সোল্তান

স্লেহের ভাই রকিব !

"জানকী বাঈ"য়ের পাঙ্লিপি পড়িয়া, তুনি আমাকে মোসল্মান

যুগের ইতিহাস লিথিবার জন্ম অন্ধরোধ করিয়াছিলে। আমি তত্ত্তরে
বলিয়াছিলাম—"ইতিহাস শুধু ফুল-কুস্ম-সন্তার নহে। ইতিহাসের গর্ভে
আনেক অপ্রিয় সত্য রহিয়াছে; বর্তনান উপন্সাস প্রিয় বঙ্গবাসী যে ঐ
নীরস ঐতিহাসিক কাহিনী পাঠ করিবেন, সে আশা স্লুর-পরাহত।
বিশেষতঃ সেই অভীতের অমূল্য উপাদান সংগ্রহ করাও আমার
সাধ্যাতীত।"

আমার এই উত্তরের সঙ্গে সঙ্গে তোমার চির প্রফুল মুখ্থানি অভিমানের ছায়ায় আবৃত হইতে দেখিয়াছিলাম।

তৎপরে তুমি যথন ° বি, এ পরীক্ষা দিয়া, তথনও পর্যান্ত কাণের বেদনার কাতক অবস্থার আনাদের কুটারে আঁসিয়া উপস্থিত হইলে, তথন তোমার দামান্দ-ভাই ও আমি এই ঐতিহাসিক পুস্তকথানি আরম্ভ করিব কিনা ইতন্ততঃ করিতেছিলাম; তুমি ঠিক সময় এসেই আমাকে উৎসাহিত ক'রেছিলে। আমিও সেই সময় তোমাকে ব'লে ছিলাম যে—যদি তুমি মাতৃ ভাষার এম, এ, পরীক্ষার জন্ম প্রস্তুত হও, তাহা হইলে আমি যেকোন প্রকারে পারি তোমার কথা রক্ষা করিতে চেট্টা করিব। তার পর তুমি বি, এল, এর সঙ্গে বাঙ্গালার শেষ্পরীক্ষা

দিবার জক্ত প্রস্তুত হইতেছ দেখিয়া, আমার প্রাণে অপার আনন্দের উদ্রেক হইল।

আবার দেখিলাম, আমার ছথিনীর খন "আয়দান", আমাদের মাতৃ নৈবেগু বলিরাই হউক, অথবা উহাতে আমাদের মর্ম কথার আভাষ আছে বলিরাই হউক, বইথানি তুমি ধেন পছন্দ করেছ।

এক্ষণে আমার জীবন সংগ্রাম বাঁহার সেনাপতিত্ব পরিচালিত, এবং বাঁহার আশ্ররে বসিয়া আমি আত্ম-কৌতুহল চরিতার্থ করিতেছি; তিনি আমার কৌতুহলের অন্থবর্ত্তী হইয়া, বিশেষতঃ তোমার প্রতি আপন স্বভাব স্থলত ক্ষেহ প্রযুক্ত অশেষ পরিশ্রম করিয়া, নানারূপ ঐতিহাসিক গ্রন্থ হইতে যে সকল অমূল্য উপাদান সংগ্রহ করিয়া দিয়াছেন, তাহাই আমি সাধ্যাম্পারে সজ্জিত করিয়াছি। জানি না ইহা জনসাধারণের প্রীতির চক্ষে পড়িবে কিনা!

ভাই, তোমারই ইচ্ছার ধখন লিখিরাছি, তখন ইহাকে আর কাহার হাতে দিব? আমার স্নেহানীধের সঙ্গে আমার" মোদ্লেম বিক্রমন্ট ও আমার জন্মভূমি বাঙ্গালার আমার অজাতীর নওরাবগণের শাসননীতি ও কার্য্য কলাপের ইতিহান; তোমারই হাতে দিলাম। ইতি —

নুরকৃটীর, শ্রীরামপুর, হগলী হিতাণিনী তোমার সেজ বুবু ক্লামী

(माज्रालम विक्रम

3

বাঙ্গালায় মোসল্মান রাজত্ব

প্রথম শর্গ

জগতের সর্বশ্রেষ্ঠ পুরুষদিংহ আলাহ তাআলার প্রেরিত সত্য দনাতন
ধর্মপ্রচারক পবিত্র-আত্মা মহাপুরুষ হজরত মোহাম্মদের (দঃ) দেহত্যাগের
সঙ্গে সঙ্গে, তাঁহার অন্থগামী ও শিশ্বমগুলী (মহাজেরীণ, আন্সার ও
তাবেঈন) সমস্ত আত্ম-বিষাদ মিটাইয়া লইয়া, পবিত্র লাভ্ভাবে আবদ্ধ
হইয়া জগদীয়ারের সত্য ধর্ম প্রচারে ও তৎসহ দেশ জরে মনোদংযোগ
করিলেন।

এই প্রকারে বিংশতি বৎসর কাল মধ্যে তাঁহারা সিরিয়া, প্যালেটাইন মিশর ও পারশু দেশে আধিপত্য বিভার করিতে কৃতকার্য হইলেন। পারশু বিজয় তাঁহাদের আরও পূর্বাংশে রাজ্য বিভারের ভূমিকা মাত্র। কাজেই অল্পকাল মধ্যে তাঁহাদের শ্রেগদৃষ্টি এই ধন্যত্ত্বশালী জড়পুজক ভারতবর্ষের দিকে আরুষ্ট হইল। প্রতীচ্যে এই সময়ে মোদল্মানগণ বে সমন্ত মহাকীর্ভি করিয়া গিয়া-ছেন, এই কৃদ্র পৃশুকে তাহার উল্লেখ না করিয়া, কেবল স্থানে সামান্ত একটু আভাদ মাত্র দিয়া, আমাদের এই প্রাচ্য দেশে ও তৎসক্ষে বান্ধালার মোদ্লেমের কার্য্য কলাপ ও শৌর্য্য বিশিবদ্ধ করিব।

প্রেরিত পুরুষের মৃত্যুর পর প্রথম থলিফা হজরত আবু বাকার সিদ্দীক
মাত্র আড়াই বংসর ৬৩২ খৃঃ হইতে ৬৩৪ খৃঃ হিঃ ১১ হইতে হিজরী ১৩
সাল পর্যান্ত রাজরাজেশ্বর পদে অভিষিক্ত ছিলেন। গ্রীক-সম্রাট হেরাক্রিরাসের সহিত ও পার্ম্য দেশের প্রান্তে, আরব বীর আবু এরাদা ও
মহাবীর থালেদ করেকটা যুদ্ধ করিয়া মোস্লেম তরবাবির বল প্রদর্শন
করিয়াছিলেন। এই প্রথম থলিফার খেলাফতের শেষ ভাগে প্রসিদ্ধ
দামেন্ত নগর খৃষ্টানগণের হন্ত হইতে মোসলমানগণের করতলগত হয়।

হজরত আবু বাকারের মৃত্যুর পর দিতীয় থলিফা হজরত ওমর-বেন থান্তাব হি: ২০ খৃ: ৬৪০ পর্যান্ত নয় বৎসর মদীনার সিংহাসন অলঙ্কত করিয়াছিলেন। তাঁহার সময়ে ১৫ হিজরীর শেষ ভাগে উমান হইতে একদল আরব সেনা হিন্দুস্থানের সমৃদ্রতীর আক্রমণের জক্ত প্রেরিত হয়, এবং তাহারা বোলাই উপকূলে টানা পর্যান্ত অগ্রসর হইয়াছিল।

এই সৈক্তদলকে উমানের শাসনকর্তা ওদ্যান-বেন সাকিফি, থলিকার অন্থমতি না লইরা ভারত উপকৃলে পাঠাইয়া দেওয়ায়, থলিফা ওমর সঙ্গে সঙ্গে উহানিগকে ফিরাইয়া আনিবার আজা নিয়াছিলেন।

অপর দিকে বাহ্রানের শাসনকর্তা হাকাম খীয় ভ্রাতা আবুল আসির অধীনে দেবাল-(আধুনিক করাচি) উপসাগরে দৈত্ত প্রেরণ করিয়াছিলেন ও তাহারা অল্লায়াসে বিপক্ষগণকে পরাজিত কয়িয়া উপকূল অধিকার ক্রিমাছিল।

এই ঘটনার অল্পদিন পরে আব্-মৃসা-আশরী ইরাকের (বদরা বিভাগ)
শাসনকর্ত্তা নিযুক্ত হইলেন। তিনি তাঁহার অধীনস্থ সেনাপতি রাবি-বেন-ক্রেমাদ হারিসীকে ভারত উপকূলে মাক্রাণ ও কের্মানে পাঠাইয়া দেন।
এই সময় আব্-মৃসা, মোস্লেম সাম্রাজ্যের রাজধানী মদীনা হইতে ভারতবর্ষ সমন্ধীয় ও ভারতে প্রবেশ পথের সঠিক বিবরণ সংগ্রহ করিয়া মহামান্ত
খলিফাকে অবগত করিবার অফুমতি প্রাপ্ত হইলেন।

দেই সময় সমৃত যাত্রার উপবোগী অর্থবিধানের ব্যবস্থা না থাকার, থলিফা ওনর জলপথে যুদ্ধ যাত্রার বিরোধী ছিলেন। ইহার প্রধান হেতৃ তাঁহার দেনাপতি আমৃক-বেন্-আদির মিশর জয়ের পর, থলিফা উক্ত দেনাধ্যক্ষকে ভূমধ্য সাগরের বিবরণ লিখিতে বলেন। ফলে সেই সময় সাগর উপ্তাল তরক্ষম থাকায়, দেনাপতি আমৃক, সমৃত্রের ভয়াবহ বর্ণনা লিখিয়াছিলেন। এই কারণেই থলিফা ওমরের সমৃত্র যাত্রার উপর বৈরী ভাব।

থলিফা মোয়বিয়ার সিংহাসনারোহণের পূর্ব্বে মোসল্মানগণ কর্তৃক আর কোন জলগুদ্দের বিশেষ আয়োজন হয় নাই। এই সময়ের মধ্যে নানা বাধা বিদ্র ও নিষেধ উপেক্ষা করিয়াও, আরব দেশীয় নাবিকগণ ভারত মহাসাগরে বেরূপ কীর্ত্তি প্রদর্শন করিয়াছিলেন, ভূমধ্য সাগরে এই বীর মক্ষ-সন্তানগণ সেইরূপ জলযুদ্দে পারদশিতা শ্রদর্শন করিবার অবসর পাইলে, ভৎকালে চতুদ্দিকে আজন্ম সাগর বেষ্টিত হইয়া থাকা নিবন্ধন গ্রীস দেশীয় নৌ-সেনাগণের বিচক্ষণতার নিকট তাহাদিগকে পশ্চাৎপদ হইয়া থাকিতে হইত না। সক্ষে ইউরোপ থণ্ডের মানচিত্রেরও অনেক পরিবর্ত্তন হইয়া যাইত।

বাবিংশতি হিজরিতে আবত্লা-বেন ওমর, কের্মান আক্রমণ করিরা রাজধানী কুয়াশির অধিকার করেন। তৎপরে তিনি সিদ্তানে স্থান্থ করিয়া তথাকার শাসনকর্তাকে তাঁহার নিজ রাজধানী মধ্যে অবরোধ করিলেন।

শাসনকর্ত্তা সন্ধির প্রার্থনা করায়, আবছলা তাঁহাকে সন্ধিপ্তত্তে আবদ্ধ করিয়া, তথা হইতে চলিয়া আসিয়া আরব সাগরের ভারত উপকূলে মাক্রান নগর আক্রমণ করেন। মাক্রান অধিপতি সিন্ধু দেশের রাজার সাহায্য গ্রহণ করিলেন; কিন্ধু ছর্দ্ধর্য মন্ধ্ববীরগণের তরবারির সন্মৃথে এই মিলিত সৈক্ত অধিকক্ষণ তিষ্ঠিতে পারিল না। অতঃপর আবছলা, থলিফার নিকট সিন্ধু নদ পার হইয়া সিন্ধু প্রদেশ আক্রমণ করিবার অন্থমতি চাহিয়া পাঠাইলেন। থলিফা ওমর, তাঁহার রাজনৈতিক সতর্কতার বশবর্ত্তা হইয়া উত্তর সীমান্ত দেশ ও পশ্চম ভূথণ্ডের ক্রায়, দূরবর্ত্তা পুর্বদেশও সেনাধান্ধকে ছঃসাহস প্রদর্শন করিতে বাধা দিয়াছিলেন।

এই বৎসরেই আবজ্লা-বেন উল্লান, কের্মানের অভ্যন্তর দিয়া অগ্রসর ছইয়া মাক্রান অধিকার করিলেন। এই যুদ্ধে মাক্রান ও দিলের জামবিল উপাধিধারী রাজা নিহত হইয়াছিল।

হি: ২০ সালে পারশ্যের প্রাসিদ্ধ নগর সিরাজ, অরাবগণ কর্তৃক অধিকৃত হুইরাছিল। কিন্তু তৎপরে ৭০ বৎসরের মধ্যে আরবেরা ঐ নগরের সেরূপ কোন সংস্থার করেন নাই।

দিতীয় থলিফা ওমরের রাজ্থকালে মোস্লেম বীরগণ আরবের মরুভূমি পরিত্যাগ করিয়া, বীরদর্পে আফ্রিকা থণ্ডে প্রবেশ পূর্ব্ধক মিশর দেশ জয় করিয়া, নীল নদীর তীরবর্ত্তা উর্বার ভূথও ও ফেরাউনের বহু পূরাতন সমাধিক্ষেত্র পিরামিড্গুলির পাদদেশ পর্যান্ত অধিকারভূক্ত করিলেন। তাঁহারা এই ২ময় পৃথিবীর অদিতীয় বীর ইউনানেশ্বর মহামতি সেকেন্দারের মনোহর বন্দর, তৎকালীন গ্রীকরাজ হেরাক্রিয়াসের প্রধান বাণিজ্যকেন্দ্র

অস্লামের বিজয় পতাকা উড্ডান করিলেন। সেনাপতি স্বামর-বেন-স্বাল্
স্বাস্ মিশর জয়ে যে স্বসম সাহস প্রদর্শন করিয়াছিলেন, তাহা জগতের
ইতিহাসে তাঁহাকে স্বামরত্ব দান করিয়াছে ও তাঁহার অস্কেন্দারে
সানি (বিতীয় আলেক্জাণ্ডার) নামের সার্থকতা প্রদর্শন করিয়াছে।
এই স্বাল-এস্-কেন্দারিয়া বিজয়ের সংবাদ পাইয়া গ্রীক সমাট হেরাক্লিয়াস
কঠিন পীড়ায় স্বাক্রান্থ হইয়া, তাঁহার স্বস্থিম শব্যা গ্রহণ করেন।

হজরত ওমরের শোচনীর মৃত্যুর পর, তৃতীয় থলিফা হজরত ওস্মান বেন-আফ্ফান হিজরী ২০ সাল ৬৪০ খৃষ্টাব্দে মদীনার পবিত্র সিংহাসনার্ক্ট ইয়া হিজরী ৩৫ সাল পর্যান্ত রাজত্ব করেন।

হজরত ওদমানের থেলাফতের প্রারম্ভে দেনাপতি ওদ্যান-বেন-আবৃল-আদি, ফারেস্ জর করিতে গিরা ইসতাথারের নিকট বাধাপ্রাপ্ত হইরাছি-লেন। পরে হি: ২৬ সালে তিনি বহু সংথাক সৈক্ত লইয়া কাজরুণ অধি-কার করিয়া, ইস্তাথার নগর ও পারশ্য উপসাগরের মধ্যবর্ত্তী কেলায় সোফেদ (থেষত তুর্গ) দথল করিলেন। কিন্তু হি: ২৮ সালের পূর্কে সমস্ত প্রদেশটা সম্পূর্ণরূপে করায়ত্ত করিতে সক্ষম হন নাই।

তুই বৎসর পরে হি: ৩০ সালে ইস্তাথার নগরে এক ভয়ানক রাজদ্রোহ উপস্থিত হয়। তাহার ফলে তথাকার মোসলমান শাসন কর্ডাকে প্রজাবর্গের কোপে প্রাণ হারাইতে ইইয়াছিল। এই সময়ে পারভার পলাঁরিত রাজা ইয়াজ্দিজিরদ্ ইভাথারে প্রবেশ করিয়া নিজ হর্ডাগ্য অপনোদনের চেষ্টা করেন; কিন্তু আবহুলা-বেন-ওমার ও ওস্নানের নিকট জবস্ত ভাবে পরাভূত হইয়া ও অধিনম্থ সমুদ্দ সৈক্ত করিয়া, প্রথমতঃ কের্মানের দিকে, পরে তথা হইতে সিজিন্ডান ও থেবাসানের দিকে পলাইয়া গিয়া আত্মরকা করেন।

এইরপে ইন্থাধারের নগর [হুর্গ পুনরায় আরবগণের হ্জ্যাত

হওরার], তন্মধ্যে আজিত পারশ্য দেশীর বহু-পুরাতন ভদ্রবংশজাত আনেককে মরু-সেনাগণের কোপে পতিত হইয়া তাহাদের তরবারির মৃথে প্রাণ হারাইতে হইয়াচিল।

পরবর্তী বৎসরে বস্রার শাসনকর্তা আবতুলা-বেন-ওমার, থলিফার অন্থমতি লইরা সাহ ইরাজ্দিজিদিকে খোরাসান নগর পর্যান্ত তাড়াইরা লইরা যান। এই সময়ের মধ্যে কাস্পিরান হ্রদের দক্ষিণাংশ মোসলমানগণ সম্পূর্ণরূপে জয় ও করায়ত্ত করিতে না পারায়, তাহাদিগকে ফারেস্ ও কের্মানের পার্ম্ম দিরা মরুভূমি পার হইরা যাইতে হইরাছিল। এই অভিযানে আরব সেনাগণের অগ্রসর হইবার পথে সেনানী ম্জানিয়কে এক সহস্র অখারোহী সেনা লইয়া কের্মানের বিজ্ঞোহ দমনক্রিয়া তৎপরে রাবি-বেন-জিয়াদ হারিসীয় সেনাগণের সহিত মিলিভ হইরাছিল। তৎপরে উভয় সেনা মিলিত হইয়া সিজিন্ডান প্রদেশ আরুষণ করেন ও ঐ প্রদেশের রাজধানী জারান্ত অধিকার করিলেন।

আবহুলা-বেন-ওমর স্বয়ং তাব্বাদের অধিপতিকে সন্ধিত্ত আবদ্ধ করিয়া কোহেম্থান প্রদেশে প্রবেশ করেন। তথার তাঁহাকে প্রবল বাধা প্রাপ্ত হইতে হইরাছিল। শেষে আহ্নাফ-বেন-কায়েসের সাহায্য পাইয়া তিনি ক্রমান্তরে হিরাত, সারাথ্স, তেলিকান্, বাল্থ, তুথারিস্তান প্রবং নেশাপুর অধিকার করিয়া সমস্ত থোরাসান প্রদেশ আয়ভাধীন করিলেন।

থলিফা আব্-জফর-অল-মনস্থরের থেলাফতের অর্থাৎ হিঃ ১৪৮ সাল ৭৬৫ খৃষ্টাব্দের পূর্বে, বান্দাদ নগর থলিফাদিগের রাজ্ধানী না হইলেও খলিফা হজরত ওস্মানের সময় বান্দাদ একটা প্রসিদ্ধ নগর ছিল। এই সময় এই নগুর হইতে কয়েকবার পূর্বাঞ্চল, আর্বগণ কর্তৃক আক্রান্ত মেচিল। প্রথম তিনজন থলিফা মদীনাতেই রাজধানী স্থাপন করিয়াছিলেন। তৎপরে থলিফা হজরত আলী হি: ৩৬ সালে কুফা
নগরে থেলাফৎ স্থাপন করেন। হি: ৪১ সালে উন্মায়দিজ বংশীর
থলিফাগণ কুফা হইতে থেলাফতের স্থান দামেস্ক নগরে পরিবর্ত্তিত
করিয়াছিলেন ও হি: ১৩২ সাল পর্যান্ত দামেস্ক নগরই থলিফাগণের
রাজধানী ছিল। মধ্যে আব্ল আব্দাদ্ কিছু দিনের জক্ত ফোরাত
নদী তীরে আখার নগরে রাজধানী উঠাইয়া লইয়া গিয়াছিলেন মাত্র।
তাঁহার পরবর্ত্তী থলিফা আল-মন্মুর অতাল্প দিনের জক্ত নিকটবর্ত্তী
হাশেমিয়া নগর রাজধানীতে পরিণত করিয়া পরে স্থায়ী ভাবে বাঞ্চাদে,
আসিয়া বসিলেন। এই বাঞ্চাদ হি: ৬৫৬ সাল ১২৫৮ থ্: পর্যান্ত
মোসলেম বাদ্সাহগণের রাজধানী ছিল।

পুরাতন ব্যাবিলোনিয়া প্রদেশের মধ্যে কুফা ও বসরা এই ছই স্থানে প্রধান মোদ্লেম সেনা-নিবাদ সংস্থাপিত হয়। তল্মধ্যে বিতীয় ক্যান্টন-মেন্টনী, ইরীবের রাজণ্যবর্গের পারশ্র উপসাগর দিয়া জল পথে ভারতবর্ধে পলায়ন পথে বাধা প্রদানার্থেই স্থাপিত হয়।

হজরত ওস্মানের বিস্তৃত রাজ্যের মধ্যে সিরিয়া প্রদেশ, উন্মার্দিজ বংশের আবৃ-অফিয়ান পুত্র মোয়াবিয়ার শাসনাধীনে ছিল। ওস্মানের এই অ্যোগ্য শাসনকর্তা খৃষ্টান নরপতিগুণকে জলে ও গুলে সর্বত্তে বিত্রত করিয়া রাথিছিলেন। এই তৃতীয় থলিফার রাজ্ত্বের শেষ ভাগে ৬৫৩৬৫৪ খৃষ্টাব্দে, সিরিয়ার রাজ্যানী দামের নগর হইতে প্রেরিত আরব বীরগণ ভ্রম্যাগাগর বক্ষের সাইপ্রাস, মান্টা ও ক্রীট দ্বীপ, এবং পরে রোডদ দ্বীপ অধিকার করিয়া উক্ত দ্বাপের বৃহ প্রাতন, জগতের অত্যাশ্যাধ্য ক্রয় সকলের মধ্যে অক্ততম, তামু নিম্মিত অতি প্রকাণ্ডকার দেবম্ত্রি কলোশাস্-অফ-রোডদ্ ভূগ্ন করিয়াছিলেন।

শেষ জীবনে অশীতিপর বৃদ্ধ থলিফা হজরত ওস্মান, আরবগণের শ্রদ্ধা ভালবাসা হারাইয়া শেষে তাহাদের অসন্তোষের কারণ হইয়া দাঁড়াইলেন ও নিরক্ষর উত্তেজিত আরব সন্তানগণের অস্থাঘাতে তাঁহাকে প্রাণ বিসর্জন দিতে হইল।

চতুর্থ থলিফা হজরত আলী হি: ৩৫ সালে ৬৫৫ খৃ: মদীনার সিংহাসনে আরোহণ করিয়া তথা হইতে কুফার রাজধানী পরিবর্ত্তন করিলেন। প্রেরিত মহাপুরুষের জামাতা এই চতুর্থ থলিফা মাত্র ছয় বৎসর কাল রাজত্ব করিয়াছিলেন।

তাঁহার খেলাফতের প্রারম্ভে তিনি তাবার-বেন-দারেরের অধীনে
নিজ রাজ্য প্রাক্তে হিন্দুস্থানের সীমার, বহু সন্ত্রান্ত বংশীর দলপতি সম্বলিত
একদল উৎকৃষ্ট সেনা রক্ষা করিয়াছিলেন। কিঃ ৩৮ সালের শেষ ভাগে
ঐ সমস্ত সৈক্ত বাহ্ রাজ ও কোহ পারা গিরিবজের মধ্য দিয়া ভারত সীমা
অতিক্রম পূর্মক, কায়কান ও কায়কানান (আধুনিক সোলেমান পর্মত)
পার্মত্য প্রদেশ পর্যন্ত পৌছিয়া ছিলেন।

এই গিরি পথের প্রবেশ ছারে মোদ্লেম সৈত্বণ অন্যন বিংশতি সহস্র হিন্দু যোদা কর্ত্বক দৃঢ় প্রতিবন্ধক প্রাপ্ত হইরাছিলেন। তৎপরে এই ধর্মোদ্রান্ত মক বীরগণের গগন-ভেদী "আলাহ-আকবর" ধ্বনি, উভর পার্থের পর্বান্ত, মালার প্রতিধ্বনিত হইরা হিন্দু সেনাগণের কর্ণরন্ত্রে স্থতীক্ষ্ণরের তার প্রবেশ করার, তাহারা ভয়ে রবে ভক্ষ দিল। ভারতীর সেনাগণের মধ্যে অনেকেই মোদ্লেম যোদ্ধবর্গের নিকট আশ্রম ভিক্ষা করিয়া পবিত্র এদ্লাম ধর্মে দীক্ষিত হইল।

অভাবধি এইরূপ কিম্বন্তী প্রচলিত আছে বে—প্রত্যেক বংসর ঠিক প্রশাসর চতুর্দিকের পর্বতমালা হইতে শাষ্ট্র "আল্লাহ আকবর" ধ্বনি শ্রুতিগোচর হইয়া থাকে। এই যুদ্ধে হারেস্-বেন-মার্বা অভ্ত বীর্থ প্রদর্শন করিয়াছিলেন—(ফতুহল্ বোলদান)।

যুদ্ধ জয়ের পর বিজেতা সৈক্তগণ তথার স্ববন্দোবন্ত করিতে থাকাকালে, হঠাৎ তাঁহারা সংবাদ পাইলেন যে—থলিফা হজরত আলীকে মোরাবিয়ার দলন্থ থারেজি সম্প্রাদারের লোকে, কুফার মস্জিদের মধ্যে ঈয়র আরাধনার নিযুক্ত থাকা কালে গুরুতর রূপে আহত করার, তৃতীয় নিংসে থলিফার আত্মা স্বর্গারেছে। এই সংবাদে দ্রিয়মান হইয়া ধর্মপ্রধান আরব সেনাগণ, প্রত্যাবন্তন কালে মাক্রাণে ফিরিয়া আসিয়া অবগত হুইলেন যে—আবু স্ফিয়ান পুত্র মোরাবিয়া থলিফা বলিয়া ঘোষিত ছুইয়াডেন।

এই চতুর্থ থলিফা হজরত আলি মুর্ত্তজা (ঈশ্বর প্রিম্ন) তাঁহার সময়ে বিভার সর্ব্যোচ্চ হান অধিকার করিয়াছিলেন। হজরত রহল-থোলা, জাঁহার এই প্রিম্ন জামাতাকে "বিভা মন্দিরের ঘার" বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন। • এই চারিজন থলিফাই "থোলাফায়ে রাশেদীন" নামে অভিহিত। তৎপর হইতে থলিফাগণ প্রকৃত প্রস্তাবে ভোগ-বিলাস-প্রিম্ন রাজা ধিরাজ মাত্র ছিলেন।

দ্বিতীয় দৰ্গ

উমায়দিজ বংশ

মোয়াবিয়া।

থলিফা হজরৎ আলীর নিধন প্রাধির পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র হাসান্
এই অশান্তিমর থেলাফতের উপর বীতশ্রদ্ধ হইরা উহা হইতে হাত গুটাইরা
লইলেন। দামেস্কের শাসনকর্তা মোরাবিরা হি: ৪১ সালে ৬৬১ খুটাকে
আপনাকে মোসলমানগণের থলিফা বলিয়া ঘোষণা করিলেন। তিনি হি: ৬০ সাল ৬৭৯ খুটাক পর্যান্ত দামেস্কের সিংহাসন অধিকার করিয়াছিলেন।

তাঁহার পর থেলাফতের প্রথাবস্থার হিঃ ৪২ সালে সেনাপতি আবদুর রহমান সিকুদেশের কিয়দংশ জয় করেন। অচিরে তাঁহার অধিনস্থ সেনানী ম্হালাব, আরব সৈক্ত সমভিব্যাহারে কাবুলের সীমান্ত প্রদেশে গিয়া সৈক্ত সমাবেশ করেন।

হি: ৪৬ সালে আবছুলা-বেন সাওয়ার কারকান (খোরাসানের দিকে সিরুদেশের কিয়ন্তংশ) দেশু অধিকার করিয়া, দামেন্ধ নগরে গিয়া খলিকা মোয়াবিরাকে অনেক উপটোন প্রদান করেন! পরে কিছুদিন রাজধানীতে অবস্থান করিয়া পুনরার কারকানে প্রভাবর্ত্তন কারলেন ও তথাকার অধিবাদী ছর্ম্ম তুর্কদিগের সমবেত শক্তির নিকটে পরাভূত ও নিহত ছইলেন।

এই সংবাদ পাইরা থলিকা নোয়াবিয়া চারি সম্প্র অধারোহীসহ
অবহুল্লা-বেন্-সঞ্মারিয়াকে কায়কানে প্রেরণ করিয়া, উাহাকে ঐ প্রদেশের
আধানকভা নিয়ক্ত করিলেনএবং কায়কানান প্রতের উৎকৃষ্ট অহা সংগ্রহ

করিবার অন্নতি দিলেন। সঙ্গে সঙ্গে আবহুলার সাহায্যার্থে ওনর-বেনআবহুলাও প্রেরিত হইলেন। কিন্তু তাঁহারা এই পার্বত্য প্রদেশে
প্রবেশ করিবার পর তথাকার অধিবাসী মৃদ্ধপ্রিন্ন তুর্কগণ, তাঁহাদিগকে
চতুর্দিক হইতে ঘিরিন্না ফেলিল ও প্রবেশ দার গিরিবর্ত্ম সকল বন্ধ করিন্না
প্রান্ন সমস্ত মোস্লেম সেনা বিনাশ করিল। আরব সেনা গণের মধ্যে
মাত্র করেকজন এই হুর্ঘটনা বর্ণনা করিবার জন্ম মাক্রাণে ফিরিন্না যাইতে
কৃতকার্য্য হইন্নাছিল।

আবহুলার মৃত্যুর প্রতিশোধ লইবার জন্ম সিনান-বেন-সল্মা তাঁহার অফ্লামী হইলেন। মোয়াবিয়া এবার এই সঙ্গে এরাকের প্রবল প্রতাপশালী শাসনকর্তা জেইয়াদ্কে (যিনি সেই সময় কুফা ও বস্রা হইতে উমান, সিজিন্তান ও খোরাসান রাজ্যগুলির উপরও শাসনকর্তৃত্ব করিতেছিলেন) হিন্দুহান আক্রমণের উপযুক্ত একজন বোদ্ধা মনোনীত করিতে উপদেশ প্রেরণ করেন।

অল্পদিন "মধ্যে জেইরাদের প্রেরিত আহ নাফ-কারেদ্ ঘাইরা সিনানকে অব্যাহতি প্রদান করিলেন ও গুই বৎসরের মধ্যে তাঁহার কার্য্য শেষ করিরা রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিলেন।

এবার জেইরাদ-বেনু-আবু স্থাফিরান শ্বয়ং মাক্রাণে যাইরা তথার রাজধানী প্রতিষ্ঠিত করিলেম এবং সেনাপঞ্চি রশিদ-বেন্-আম্রু, আল্-মান্জার-বেন্ জারুদ প্রভৃতিকে সিউন্তান, মান্দার, বাহরাজ, লুঞান ও কুস্দার প্রভৃতি স্থানে প্রেরণ করার, তাঁহারা বিন্তর ধন-রত্ত সংগ্রহ করিতে ও সঙ্গে সঙ্গে অনেক স্থন্দরী স্ত্রীলোককে বন্দিনী করিয়। রাল্যানীতে পাঠাইরা দিতে কৃতকার্য্য হইরাছিলেন।

আলু মানজার-বেন্ জারুদ লুকান, কুান্নকান ও কুস্দার অধিকার করিয়া শেষোক্ত স্থানে কিছুদিন অবস্থান করিবার পর তুথার তাঁহারু মৃত্যু হুইল্যু 🚉 মোয়াবিয়ার রাজত্বলালে মধ্যআফ্রিকা বিজয়ী সেনাপতি আবত্নানবন্নায়াদের পর মহাবীর ওক্বা তাঁহার স্থান অধিকার করেন। এই মহা সেনাপতি ওক্বা উত্তর আফ্রিকার সমস্ত ভূথণ্ডে এস্লামের বিজয় পতাকা উড্ডীন করিয়াছিলেন। তিনিই আধুনিক মিশরের রাজধানী আল্-কাহেরা (কাইরো) নগর নির্মাণ করেন। পরে পশ্চিমাভিমুখে দেশ ভয় করিতে করিতে গিয়া, আল্জিরিয়া ও মরক্রো জয়ের পর আট্লান্টিক মহাসম্জের তীরে পৌছিয়াও যেন বীর কেশরীর দেশ জয়েরর আশা পরিতৃপ্ত হইল না। তথন সমুক্রের তরঙ্গমালা বিধেতি বেলা মিরভূ উপর অহু প্রধাবিত করিয়া, মহাবীর ওক্বা আর অগ্রসর হইবার উপায় না দেখিয়া ঈশ্বর উলেশ্যে, তাহারই সনাতন ধয়্ম আরও দূর দ্রান্তরে প্রচার করিবার বাধাপ্রাপ্তিজনক তৃঃথ প্রকাশ করিলেন।

নোরাবিরার পুত্র ছণিত এজিদ হি: ৬০ হইতে হি: ৬৪ পর্যান্ত দামেন্তের দিংহাসন কলম্বিত করিয়াছিল।

এজিদের রাজস্বকালে ক্ফা ও বস্রার শাসনকর্তা ওবেয়ঢ়লা-বেন জামে জনৈক আল্মন্জির-বেন-হার্কে ভারত সীমাস্তে শাসনকর্তা মনোনীত করেন। কিন্তু অল্লদিন মধ্যে বুরানী সীমাস্তে জর রোগে তাঁছার মৃত্যু হয়।

আল্মন্ধীরের মৃত্যুর প্র তাঁহার পুত্র হাকাম, কেরমান হইতে বস্রায় ওবেরত্লা-বেন্-জারেদের নিকট গিয়া তাঁহার অরণাপন হওঁয়ায়, শাসনকর্তা হালামকেই তাঁহার পিতৃ সিংহাসন প্রদান করিয়াছিলেন।

এই সময় ওবেয়ত্লাফ ভারত সীমা রক্ষার্থে জনৈক সাহসী বীর হাররিআল্-ংাহালিকে সৈম্ভাগ্যক্ষ পদে বরণ করার, তিনি রুয়েকটী সীমান্ত থণ্ডযুদ্ধে
প্রচুর পরিমাণে যশ অর্জন করিয়াছিলেন।

ু এই সেই এজিন, এই পাণাত্মার খেলাফতের প্রথম বংসেই হি: ৬১

খ্য ৬৮০ দালের মোহার্রম মাদে কারবালার প্রাশ্বরে যে ভীবণ কাও
চইরাছিল, তাহা ভাবিতে গেলে ব্কের রক্ত শুকাইরা যার, চক্ষে অশ্রর
শ্রোত বহিরা যার। এই একবটিতম হিজরির মোহার্রম মাদের ১০ই
তারিপে পাযত এজিন, হলরৎ রম্বল্লার বংশধরগণের উপর, হলরৎ
শের-পোদা আলীর পুত্র পৌত্রগণের প্রতি, কি অমান্ত্রিক ব্যবহার, কি
নৃশংদ অভ্যাচারই করিরাছিল। জগতের ইতিহাদ ত্র্ক্ত্র নরপিশাচ
এজিদের এই পাশ্বিক ব্যবহার কটের সহিত বক্ষে ধারণ করিয়া আছে
প্রতি বৎসর মোহার্রম মাদে উহা ধান্ত্রিকগণকে শ্ররণ করাইয়া শোকে
শ্রিমান করিতেছে।

এজিদের পর বিতীয় মোয়াবিয়া কয়েকমাস দামেকের সিংহাসন অধিকার করিরাছিলেন। তৎপরে মারওয়ান হি: ৬৪ হইতে ৬৫ ও তৎপুত্র প্রসিদ্ধ থলিকা আবৈত্ল মালেক হি: ৬৫ হইতে হি: ৮৬ অর্থাৎ ৭০৫ খুটান্থ পর্যন্ত সিংহাসনারত ছিলেন।

হি: ৬০ সালে আরববীরগণ সিমুদেশের মধ্য দির। একবার রাজ-পুতানার প্রবেশ করিয়াছিলেন। তাঁহাদের এই আক্রমণের ফলে আজমীরের রাজা মানিক রায় ও তাঁহার একমাত্র পুত্র যুদ্ধে নিহত হন।

ধলিকা আবছল মালেক সিংহাসনারত হইরা দেখিলেন যে, তাঁহার বৃহৎ পাস্ত্রাজ্য ক্রমে সক্ষ্টিত হইরা দিরিরা ও প্যালেস্টাইনের মধ্যে দীমাবদ্ধ হইরা দাড়াইরাছে। বাহিরের সকল দেশ গুলিতেই বিজোহারি প্রজ্ঞালিত। এই বিজোহানল রাজ্যের পূর্বাঞ্চলেই অধিকতর প্রশ্রেম পাইরাছিল। মোধ্তার কুফা অধিকার করিরা হল্পত আলীর পূত্র এমাম হোসারেনের হত্যার প্রতিশোধ লইবার জক্স চেষ্টিত্রণ নাফি-বেন-আজ্রুকের দল ফারেস, কেরমান এবং আহ্ওরাজ্ দধল করিরা বসিরাছে। এই সক্তে ধেলাক্তের দাবিদার আব্দুল্লা-ক্রিন

জোবারের আরবদেশ ও থোরাসান অধিকার করিয়া মকায় রাজধানী স্থাপন করিয়াছেন ৷

আবিত্ল মালেক উঠির রাজ্তের অর্চম বর্ষের মধ্যে এই সমস্ত শক্তগণকে দমন করিয়া, মোস্লেম সামাজ্যের একজ্জ্ব রাজাধিরাজ বলিয়া ঘোষিত হইলেন: এবং সামাজ্য বৃদ্ধির দিকে বিশেষভাবে মনোনিবেশ করিলেন।

হি: ৬০ সালে 'ওবায়ত্লাহ-বেন-জেইয়াদ কুফা আক্রমণ করিলে মোখ্তার তাঁহাকে সম্পূর্ণরূপে পরাস্ত ও নিহত করিল, এবং থণিফার সেনাগণকে বহুদুর পর্যাস্ত বিতাড়িত করিতে কৃতকার্য্য হইয়াছিল।

ইহার চারি বৎদর পরে থলিফা আবছল মালেক কুফা নগরী নোখতারের হন্ডচ্যত করিয়া লইলেন। এই দময়ে জনৈক আরববীর মোহালাব
কের্মানে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়া, তথা হইতে অগ্রসর হইতে হইতে
ফারেস ও আহ্ওয়াল হন্ডগত করিলেন। এই মোহালাব আবার কিছদিন পরেই খলিফার বশ্রতা খীকার করিলেন।

অপর দিকে হেজ্ঞাঞ্জ-বেন্-ইউসফের ভীষণ আক্রমণে মক্কাধিপ আবহুলা নিপতিত চইলেন ও মক্কা থোরাসান বিজেতা হেজ্ঞাঞ্জের করতলগত চইল। থালিফা আবহুল মালেক তাঁহার এই মহা তেজ্ঞী সেনাপতি হেজ্ঞাজের বীরম্ব ও প্রতিভা দর্শনে তাঁহাকে ইরাকের শাসন ক্রার পদে নিযুক্ত করিলেন।

তেজ্জাজ ইরাকের শাসন কর্তৃত্ব পদে প্রতিষ্ঠিত হইয়া সৈয়দ-বেন
আদ্লাম্কে মাকরাণে নিজ অধীনস্থ শাসনকর্তা নিযুক্ত করিলেন।
ইনয়দের হৃত্যাগ্য ক্রমে তিনি তথাকার একজন উদ্ধৃত স্বভাব বীরপুরুষ
কারেল্ পুত্র মাবিয়া-আলাফির বিষ দৃষ্টিতে পড়িলেন। এই মাবিয়াজ্পলাফির তরবারির তলে অচিরে তাঁহাকে প্রাণ হারাইতে হইল।

আলাফিরত এই হত্যা ব্যাপারের পরই হেজ্জাজ, আবহুর-রহমান-বেন-আসাব্কে আলাফির বিরুদ্ধে প্রেরণ করিলেন। কিন্তু চতুর আলাফি পথে জাঁহাকে হত্যা করিয়া, আর অনর্থক প্রবল পরাক্রমশালী হেজ্জাজের কোপাগ্নিতে পড়িয়া থাকা অযৌক্তিক ধিবেচনা করিয়া, সিন্ধু দেশে আসিয়া হি: ৮৫ সালে সিন্ধু-রাজ রায় দাহিরের সহিত মিলিত হইলেন। আলাফি, এমদাদ-উদ্দান মোহাম্মদ-বেন-কাসেমের সিন্ধু আক্র-মণ কাল পর্যান্ত রাজা দাহির রায়ের সঙ্কেই ছিলেন।

হিজরা প্রথম শতাকার শেষ তৃতীয়াংশে ও খৃষ্টীয় অষ্টম শতাকার প্রারম্ভে মহা সমৃদ্ধিশালা আলোর নগরা (আধুনিক থয়েরপুর ও রোরীর মধ্যবতা ভান) সিন্ধু প্রদেশের রাজধানী ছিল। তংকালান এই সিন্ধুদেশ পূর্বের কাশ্মীর সীমান্ত ও কনোজ, পশ্চিমে মাক্রাণ ও সমৃদ্র তীর পর্যান্ত, দক্ষিণে সমৃদ্র তীর ও দেবাল (আধুনিক করাচি ও সৌরাষ্ট্র বন্দর) এবং উত্তরে কার্দান ও কারকানান (আধুনিক সোলেমান পার্বভা প্রদেশীয় তুরান) পর্যান্ত বিভ্ত ছিল। এই সমস্ত ভূথও আবার চারিজন সামন্ত শাসনকভার অধীনে চারি ধতে বিভক্ত ছিল।

প্রথম— ব্রাক্ষানাবাদ (আধুনিক সিন্দ হায়দ্রাবাদ) সমুদ্র তীর পর্যান্ত বিস্তৃত। ছিতার অংশ প্রধান নগর শিউইন্তান, এই পব্যতমূল বিভাগ, ফ্রান্ পাব্যতঃ দেশ হইতে মাক্রাণ প্যান্ত বিস্তৃত। তৃতীয় অংশ তালভন্নারী ও চাচ্পুর, ইহা বৃদ্ধপুর পর্যান্ত স্থিত; এবং চতুর্থ মূলতান ইহা কাশ্যীর প্যান্ত বিস্তৃত ছিল।

সাইত্য বা মেহরাণ তীরবন্তী প্রকাণ্ড রাজধানী আলোর, তৎকালীন সৌন্দব্য ও সমূদ্ধিতে ভারতের শীর স্থান অধিকার করিয়াছিল। এবং যে সময়ের কথা উল্লেখ করিতেছি, সেই সময় প্রবল পরাক্রীন্ত রাম দাহির এই সমগ্র ভূথণ্ডের রাজাধিরাজ ছিলেন। ° দাহির তাঁহার রাজ্য পর্যাবেক্ষণ কল্পে ও সর্বত্ত প্রজা-মণ্ডলীর নিকট স্থপরিচিত হইবার জন্তু, কিছুকাল ব্রাহ্মানাবাদ অঞ্চলে থাকিয়া তথা হইতে শিউইস্তান গিয়াছিলেন। তৎপরে পিতার অর্দ্ধ সমাপ্ত তুর্গ রেওয়ার দেখিতে গিয়া তথার কিয়ৎকাল অবস্থান করিয়া তুর্গ নির্মাণ কার্য্য সমাধ্য করিলেন।

এই সমন্ন রমল দেশের দ্বাজা, দাহিরের ধনরত্ন ও বছ পালিত হন্তীর পরিচয় পাইরা, পরাক্রান্ত সৈত্য সমভিব্যাহারে তাঁহাকে আক্রমণ করিল। রেওয়ার নগর যুদ্ধ ক্ষেত্রে পরিণত হইল। ভীষণ যুদ্ধের পর রাজা দাহির যুদ্ধে পরান্ত হইলেন। তৎপরে বিজয়ী সেনাগণ রেওয়ার হইতে রাজধানী আলোর নগরের দিকে অগ্রসর হইতে থাকার, দাহির হিঃ ৮৫ সালে আরবের অধিবাসী বানি-আসমৎ বংশীয় তেজন্বী যোদা মোহান্সদ আলা-ফির সাহায্য প্রার্থনা করিলেন।

অচিরে আবছর-রহমান-বেন-আসার হস্তা মোহাম্মদ আলাফি, মাত্র পাঁশ শত মহা তেজন্বী মক্র-সেনাসহ আসিরা দাহির রারের সৈন্তগপের সহিত যোগ দিলেন, এবং হিন্দু সেনাগণের সহিত মিলিত হুইরা নিশাকালে রমলের অনীতি সহস্র সেনাগণকে ভীষণ রণোল্লাস ধ্বনির সহিত আক্রমণ করিলেন। আলাফির এই অকম্মাৎ অন্ধাভাবিক নৈশ আক্রমণের বেগ রমলের প্রকাণ্ড বাহিনী সন্থ করিতে পারিল না। তাহার সধ্যে অধিকাংশ মোস্লেম তরবারির আঘাতে নিহত হইল। এবং অনেকে রাজা শাহিরের সেনাগণ কর্তৃক বন্দি হইল। রমল রাজের ৫০টী সূদ্ধ হন্তী, অনেক অস্ব ন্দু বিশুর মুদ্ধান্ত বিজয়ী সেনাগণের হন্তগত হুইল।

ধরিতে গেলে ইহাই ভারতে মোদ্দেম বিজয়ের স্তর্নাত। (তওয়া-রিথ হিন্দ-জ-সিদ্ধ ও চাচু নামা)।

তৃতীয় দগ

थनिकः । ७निन-दिन-यादक्रन मार्टिकः । १८६ इहेर्ड १८६

াহ: ৮৬ সালে এই মহা-পরাক্রমশালী থলিফা মোস্লেম সাম্রাজ্যের সিংহাসন আলোকিত করেন। ওলিদের রাজত্বকালে আরব সাম্রাজ্য উন্নতির চরম সীমায় উঠিয়াছিল।

ইরাকের শাসন কর্তা হেজ্জান, সৈয়দ হস্তা আলাফি ভ্রাতাগণকে খ্রিয়া বাহির করিবার জন্ম হিন্দুস্থানের সীমায় হারুণ পুত্র সেনাপতি মোহাম্মকে নিযুক্ত করিলেন। যে কোন প্রকারেই হউক আলাফিদিগকে ধরিয়া পাঠাইতে হইবে, তাঁহার উপর হেজ্জাজের এই হকুম থাকিল। অনেক পরিশ্রমের পর হি: ৮৬ সালে তিনি আলাফি ভ্রাতাগণের মধ্যে একজনকে বধ করিতে সমর্থ হইয়া, তাহার ছিল্ল মন্তক হেজ্জাজ দরবারে পাঠাইয়া দিয়াক্ছিলেন।

নিষ্ঠর হেজ্জাজ সেই সময় ইরাকের শাসনকর্তা হইলেও, তিনি পারশ্র দেশের স্বাধীন রাজা ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। দেশজর স্পৃহা দিনে দিনে বর্দ্ধিত হওয়ায়, হেজ্জাজ পূর্ব্ব দিকে ক্রমশঃ রাজ্য বৃদ্ধি করিবার আশা মনোমধ্যে পোষণ করিতে লাগিলেন, এবং এই উদ্দেশ্যে কোতারবার অধীনে একদল সৈক্ত প্রেরণ করিলেন। কোতারবা প্রথমতঃ থাওয়ারজম্ অধিকার করিয়া তথা হইতে আক্সাম্য নদী পার ইইয়া. এলিতে গেলে এক প্রকার বিনা বাধার মধ্য-এসিরার বোথারা, খোজান্দ শাশ্
সামারকন্দ প্রভৃতি তুকীস্থানের সমৃদ্ধিশালী জনপদগুলি ও তৎসহ
সমস্ত ফর্গণা প্রদেশ করায়ত করিলেন। কোতারবা ক্রমশঃ অগ্রসর
হইরা কাশ্গর প্রদেশে প্রবেশ করিলেন। এই স্থানে চীন দেশের
রাজ দৃতের সহিত তাঁহার সাক্ষাৎ হইরাছিল।

হেজ্জাজের অপর একদল সৈত্যের সহিত কাবুল-রাজের সংঘর্ষ বাধে; এবং জাঁহার তৃতীয় সেনাদল মাক্রানের ভিতর দিয়া সিন্দ্ নদের মোহনা দেবাল (আধুনিক করাচি) বন্দরের দৈকে অগ্রসর হইতে থাকে।

লক্ষা দ্বীপের অধিপতি সেই সমন্ন আট থানি অর্ণবিপোত পরিপূর্ণ নানা প্রকারের উপঢ়ৌকনাদি ও তৎসহ অনেক দাস দাসী, আমির হেজ্জাজ ও থলিফার শুভ দৃষ্টি আকর্ষণের জক্ম তাঁচাদের নিকট প্রেরণ করিতেছিলেন; কিন্তু পথিমধ্যে দেবাল রাজের অধিনস্থ কতকগুলি জলদম্য ঐ সকল জাহাজ লুঠন করিয়া লব। এই লুঠনের প্রতিশোধ গ্রহণট হেজ্জাজের তৎকালে ভারতাভিমুখে সৈক্ষ প্রেরণের প্রধান উদ্দেশ্য।

দেই সময় দেবাল রাজ, মহারাজা দাহিরের সামস্ত নুপতি থাকায় হেজাজের সম্পূর্ণ বিখাদ হইল যে, দাহির রায়ও এই লুঠন ব্যাপারে লিপ্ত আছেন। কিন্তু এই 'দক্ষে তিনি বিবেচনা করিলেন যে, মহা পরাক্রান্ত দাহির রারের সহিত যুদ্ধ করিবার উপযুক্ত দৈক্ত তাঁহার নাই।, এই কারণে বাধ্য হইয়া ইরাক অধিপতি ভারতে দৈক্ত প্রেরণের জক্ত মহামাক্ত থলিকার নিকট সাহায্য প্রার্থনা করিলেন। থলিফা ইরাকের শাসনকর্তার প্রার্থনা অগ্রাহ্য করিয়া উত্তর দিলেন—

"এই দ্রতা নিবন্ধন তিনি তাঁহার সেনাপতি নহাবীর মুসাকে, তাঁহার ক্লোন জ্যের জনম্য গতি স্থগিত রাথিতে আদেশ দিয়াছেন ও তাঁহার আজ্ঞাক্রমে ঐ দেনাপতির অধীনস্থ বাঁর অজের আরব সন্তানগণ জিবরান্টারের তীরে বসিয়া অতি কটে ইউরোপ আক্রমণের পোভ সম্বরণ করিতেছে; এক্ষণে আবার দ্রবর্ত্তী ভারতে বহুল অর্থব্যয়ে সৈত প্রেরণ করিয়া তিনি অনর্থক সভ্য-ধশাবলম্বীগণের জীবন বিপদাপন্ন করিতে ইচ্ছা করেন না।

শেষে হেজ্জাজ, বাজালি বংশোদ্ধ বুদায়েল্কে দেবাল আক্রমণের জন্ম আহ্বান করিলেন। তৎপদে মোহামাদ হাজণের প্রতি তিন সহস্র সৈক্ত লইয়া মাক্রানে গিয়া বুদায়েলের সাহিত মিলিত হইবার ও আবিছ্লা-বেন্ থাতালের প্রতি, উমান হইতে আদিয়া তাঁহার সহিত যোগ দিবার আদেশ প্রদান করিলেন।

সিন্ধু নদের পশ্চিম তীরে নিরুণে যে খোরতর যুদ্ধ হইল তাহাতে দেনাপতি বুদারেল সিংহ-বিক্রমে যুদ্ধ করিতে করিতে, শেবে অখ হইতে নিপতিত হটরা প্রাণ বিস্ক্রন দিলেন। এই যুদ্ধে বছ মোস্লেম সৈক্ত সামানি অর্থাৎ বৌদ্ধ সেনাগণ কর্তৃক বন্দি হয়।

যুদ্ধবসানেই যথন ক্রোধান্ধ হেজ্জাজ নিরুপের বৌদ্ধ ধর্মাবলম্বী রাজাকে পত্র লিখিলেন যে—বিগত যুদ্ধ ও মোদলেন বন্দিগণের সম্বন্ধে সম্বর প্রতিকার না • করিলে, তিনি চীন দেশের দীমা পর্যান্ত সমস্ত ভূথগুর বিধন্দীগণকে, তরবারির মুখে শিক্ষা প্রদর্শন করিবেন,—তথন নিরুপরান্ধ ভরে গোপনে পত্র লিখিয়া হেজ্জাজের বশ্যতা স্বীকার করিলেন ও সমস্ত বন্দিগণকে মুক্ত করিয়া দিলেন।

তৎপরে ওমার-বেন্-মাবছলা হিন্দুখান আক্রমণের অহুমতি প্রার্থনা করেন। হেজ্জাজ তাঁহার প্রর্থনা অগ্রাহ্ম করিয়া সপ্তদশ বর্ষীয় অজ্ঞাতশাশ্রু সংশেজাত মনোহরকান্তি বীর, নিজ জামাতা এমদাদ উদ্দীন মোহামদ বেন্-কাসেম্বেক সেনাপতি পদে নিয়োজিত-করিলেন।

বালক সেনাপতি মহাবীর কাসেম প্রথমেই দেবাল রাজ্য (করাচি ও পাট্টা) আক্রমণ করিলেন। মহারথী মোহামদ কাসেমের সহিত জাওবা-বেন্-আৰুবা সালামি নামক জনৈক ঐতিহাসিক আসিয়াছিলেন। তাঁহারই লেখা ইতিবৃত্ত হইতে অবগত হইতে পারা যায় যে—মোহামদ কাসেম দেবাল জয়ের পর, বহু ধনরত্ব লইয়া নৌকাবোগে ক্রমশঃ নিরুণাভিম্ধে অগ্রসর হইতে থাকেন। নিরুণ তুর্গ আধুনিক হিলাই হায়লাবাদ ছইতে ৩৫ মাইল দ্বে কিঞার হ্রদের সন্নিকটে অবস্থিত ছিল। কাসেমের নৌকাগুলি আরোহী যোদলেম দেনা স্ন্তার লইয়া দিরুনদ বহিয়া ক্রমশ: উপর দিকে ধাবিত **২ইতে থাকে।** শেষে তাঁহার। নৌকা **অব**তরণে দিসামের পথ অবলয়নে, ছয় দিনে নিক্রণ রাজ্যে পৌছিয়া তথার শিবির সন্নিবেশ করিলেন। এই স্থানে জ্লাভাবে সেন্গুণের ধুবই কট হইতে লাগিল। এই অবস্থা দর্শনে দেনাপতি মোহাত্মদ কাসেম, একান্ত মনে পরম করণানিদান আলাহতাআলার সমীপে এতগুলি সত্য ধর্মাবলমীর প্রাণ রক্ষার্থে বৃষ্টির জক্ত প্রার্থনা করিলেন। তাঁহার কাতর প্রার্থনা ফলবতী হইল। অল্লকাল মধ্যেই প্রচুর বারিপাতে সমস্ত নদী ভড়াগ পরিপূর্ণ হইরা গেল।

নিরুণের শাসনকর্তা সীমানি অনেক উপঢৌকন সহ আরব সেনাপতির সহিত সাকাংগ করিয়া, তাঁহার নিকট আত্ম-সমর্পণ করিবেন !

মোহাম্মদ-বেন্ কালেম নিক্লণের পুরাতন বুদ্ধ-মন্দিরের পার্থে, মদ্জিদ নির্মাণ করিবার আদেশ প্রদান করিলেন। অচিরে প্রকাণ্ড ও স্মৃত্য মোস্লেম ভজনালয় নির্মিত হইয়া, তাহাতে 'আজান' ও 'নামাজ' আরক্ত হইল। মহাবীর কালেম নিক্লণের মদ্জিদে একজন এমাম নিযুক্ত করিয়া ভঙা হইছে শিউন্তান জরের ইচ্ছা প্রকাশ করিলেন। এই যাত্রায় মিত্র রাজা সামানি, পথ প্রদর্শক হইয়া আর্ববীয় কাসেমকে বাহরাজ বা বলাহার প্রয়য় লইরা গিয়াছিলেন।

দাহিরের প্রাতৃপ্ত, চল্রের পুত্র ভজহার শিউন্তানের তর্গাধ্যক ছিলেন।
তিনি মোদল্মানগণের সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হইলেন এবং সমস্ত শামস্ত নৃপতিবর্গের ও প্রজাগণের নিকট সাহায্যার্থে সংবাদ পাঠাইর।
দিলেন। ভজহরের অধীনস্ত রাজাগণ ত্র্দ্ধর্য মক্ষ সেনাগণের বল বিক্রম অবগত থাকার কিছুতেই মহাবীর কাদেমসহ বল পরীক্ষা করিতে সাহস্করিল না।

কাদেম তুর্গ অবরোধ করিলেন। এই সময় ভ্রন্তহরের প্রজাবর্গ সেনাপতির নিকট তাহাদের জীবন ও ধনসম্পত্তি রক্ষার্থে প্রার্থনা করার, মোহাম্মন কাদেম তাহাদিগকে অভয় দান করিয়া, বিশুণ উৎসাহের সহিত তুর্গ মধ্যত্থ রাজসৈক্ষগণকে আক্রমণ করিলেন। আক্রমণের ফলে ভ্রন্তরের সেনাগণ বিতাড়িত ও ছত্রভক্ত হইয়া পড়িল। ভ্রন্তর রীত্রিযোগে তুর্গের উত্তর বার দিয়া বাহির হইয়া নদী পার ইইয়া প্লায়ন করিলেন।

এই তুর্গ ক্ষয়ের সঞ্জি সমস্ত শিউন্ধান প্রদেশ বার পুক্ষব কাসেমের হন্তগত হইল। তুর্গু মধ্যে সেনাপতি বিভার ধনরত্ব ও ক্ষর্ণ রোপ্য পাইলেন এবং উহার অধিকাংশ তিনি ক্লিজ সেনাগণের মধ্যে বিতরণ ক্রিয়া দিলেন।

অতঃপর মোহাম্মদ বেন কাসেম বৃধিয়া (আধুনিক কচ্ছু গান্ধব)
প্রদেশ জয়ের আশার, দেনাগণকে লইরা কুন্ত নদীর তীরবর্তী নিধান
নামক স্থানে গিরা অবতীর্ণ হইলেন। বৃধিয়ার রাণাবংশ অবোধ্যার
প্রাতন স্থাবংশীর রাজগণের বংশধর বলিয়া থ্যাত ছিলেন। হঠাৎ
আরব সৈক্তগণের আগমন দেখিয়া সমন্ত, সামন্ত রাজগণ বৃধিয়া মাত

কাকা কোটালের সারিখ্যে উপস্থিত হইয়া রাত্রিযোগে মোদলেম সেনাগণকে আক্রমণ করিবার পরামর্শ দিলেন। কিন্তু কাকা তাহাদের প্রভাবে সম্পূর্ণ অসম্রতি জ্ঞাপন করিয়া উত্তর দিলেন যে—তিনি বুদ্দিগের পুত্তকে আভাষ পাইয়াছেন ও জ্যোতিষ গণনার সিদ্ধান্ত হইয়াছে যে, হিন্দুস্থান মোদল্মানগণের করতলগত হইবে; এই কারণে তিনি মোদল্মানগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে সম্পূর্ণ অনিজ্ঞক।

ইহার অল্পনি পরেই কাকা কোটাল, সেনাপতি মোহাম্মদ কাসেনের সমীপে গিয়া আত্মসমর্পণ করার, মহাস্তব কাসেম তাঁহাকে যথেষ্ট সাদর সন্তায়ণে আপ্যায়িত করিলেন।

বৃধিয়া দেশে অবস্থান কালে সেনাপতি কালেম, আনির হেজ্জাজ-বেন-ইউছফের নিকট হইতে ফর্মান পাইলেন যে—

"পরম করণা নিদান আলাহতাআলার নিকট সাহায্য প্রার্থনা করিয়া, সেনাপতি যেন মেহ্রান পার হইয়া রাজা দাহির রায়কে আক্রমণ করেন ও তাঁহাকে যুদ্ধে সম্পূর্ণরূপে পরাস্ত কিম্মা, সমস্ত সিন্ধু প্রদেশে মোস্লেম বিজয়ণতাকা উড্টীন করেন; এবং সঙ্গে ভ্রমণান্ত্রের বন্দোবস্ত করিয়া দেন।"

আমির হেজ্জাজের আদেশ পাইরা সেনাপতি কাসেম পুনরার নিরুপে প্রভাবর্ত্তন করিলেন। নিরুপ হইতে আমিরের নিকট তাঁহার সমস্ত বিজয় বার্ছা লিপিবছ করিয়া এবং বিজিত প্রদেশের বে বে হানে বতগুলি মস্জিদ নির্মাণ করাইরাছেন ও ঐ সকল ভজনালয়ে যেরূপে প্রভাঙ পাঁচ বার আজান ও নামাজ হইতেছে; তৎসহ প্রভাঙক শুক্রবারে জোস্থার নামাজের সময় মহামাল প্রনিফার নামে যেরূপে পোৎবা পাঠ হইরা থাকে, প্রভৃতি রাজ্য বিভার ও ধর্ম প্রচার সম্বন্ধে যাবতীয় সংবাদ লিথিয়া পাঠাইলেন। সেনাপতি মহাবীর কাদেমের সৈত পরিচালনের সংবাদ পাইয়া রাজা দাহির রায় সদৈতে মেহ্বান নদীর অনতিদ্বে আদিয়া, তথার সৈত সমাবেশ পূর্বক প্রতীক্ষা করিতে লাগিলেন। এই সমরে আমির হেজ্জাত-বেন্-ইউসক, জামাতা কাদেমের সাহায্যার্থে আরও ছই সহস্র উৎকৃষ্ট অশ্বারোহী আরব-দৈত্ত পাঠাইয়া দিলেন।

সেনাপতি মোহাম্মদ বেন কাসেম এই সৈন্ত সন্তার লইয়া নদী পার হইয়া হিন্দু সেনাগণকে আক্রমণের চেষ্টায় নৌকা সংগ্রহে যত্নবান হইলেন। এই কার্য্যে তিনি বায়েতের অধিপতি নোকা বিশ্বের নিকট হইতে বিশেষরূপে সাহায্য পাইয়াছিলেন। কাসেম অধীনস্ত সেনানী ভাকওয়ান-বেন্ উল্ওয়ান-আল্ বিক্রির অধীনে ১৫০০ সৈন্ত দিয়া মোকা বিশ্বের সাহায্যে নৌ-সেতু নির্মাণ করাইতে তৎপর হইলেন।

এই সেতৃ নির্মাণ কালে, সেনাপতি দেখিতে পাইলেন যে—নদীর পরপারে শক্রগণ পিপীলিকা শ্রেণীর স্থায় সমবেত হইয়া, সেতৃ নির্মাণে বাধা প্রদান করিবার জন্ম কতসংকল্প হইয়া অবস্থান করিতেছে। তথন তিনি পশ্চিম পারে, মেহ্রাণ নদীর পরিসর পরিমাণ স্থানে নৌকাগুলি সংযোগ করাইয়া, সমস্ত নৌকাগুলি অস্ত্র শস্ত্রে স্থাজিত বোদ্ধায় পরিপূর্ণ করিলেন ও সন্মুথের বৃহৎ নৌকাথানিতে স্থানিপুণ গোলনাজ সৈত্র সমাবেশ করিয়া, সংযোজিত নৌ-সেতৃটা ভাসুইয়া দিলেন।

শ্বনিপুণ আঁরব গোলনাজগণের ক্ষিপ্রহন্তের শর নিক্ষেপ, হিন্দু সেনাগণ
শব্দিকক্ষণ সহ্য করিতে পারিল না। নদীকুল-রক্ষী দাহির-সেনা ভীর
পরিত্যাগ করিয়া যে যেদিকে পারিল পলায়ন করিতে লাগিল। কাদেম
নৌ সেতু স্বদৃঢ় করিয়া তাহার আখারোহী ও পদাতিক সুমৃদর সৈত্র
নদী পারে সইয়া গিয়া, ভীষণ বেগে শক্ত মধ্যে পতিত হইয়া, তাহাদিগকে
দ্রবর্তী ঝামনগরের ঘার পর্যান্ত তাড়াইয়া দিলেন।

আরব অঝারোহীগণ সকলেই স্থদ্ট লোহবর্ষে আচ্ছাদিত ছিল।
সেনাপতি মোহাম্মদ কাদেম জাঁহার দৈক্তগণকে লইরা প্রথমতঃ বারেত
তুর্নের সমূথে শিবির সংস্থাপন করিলেন। পরে তথা হইতে বত বাধা
বিদ্ধ অতিক্রেম করিয়া জিওয়ার বা জয়পুর গিয়া দেই স্থানে সদৈক্তে
অবস্থান করিতে লাগিলেন।

রাজা দাহির প্রথমতঃ এই সংবাদে অধৈয়া হইয়া, মন্ত্রী সিসাকরকে (সিয়াকার) ডাকিয়া তাঁহার পরামর্শ জিজ্ঞাসা করেন। মন্ত্রী অনেক চিন্তার পর উত্তর দিলেন যে—যোসলমানেরা যথন জয়পুর আধকার করিয়াছে, তথন তাহাদের সকল স্থামেই হুর হুইবে। মন্ত্রীর উত্তরে রাজা দাহির একেবারে উত্তমভঙ্গ হুইরা পড়িলেন। পরে সেই সময়ের একজন প্রসিদ্ধ জ্যোতির্বিদের নিকট গমন করিয়া তাঁহাকে এই যুদ্ধের কলাফল জিজ্ঞাসা করিলেন। রাজা তাঁহার নিকট আরও জানিতে চাহিলেন যে—সেই সময়ে শুক্রগ্রহ আকাশের কোন হাহে অবস্থান করিতেছে।

জ্যোতিষী, গণনা করিয়া অনেক বিলম্বের পর উত্তর দিলেন যে—
শুক্রুত্রহ আরবগণের পশ্চাতে ও রাজার সন্মুখে থাকার, যুদ্ধে আরব
সেনাগণেরই বিজয়ের অধিক সন্তাবনা। তথন রাজা দাহির অত্যশ্ত
উত্তেজিত হইয়া পড়ায়, জ্যোতিয় বিভাবিৎ তাঁহাকে সাল্বনা দিবার জন্ত
শুক্রুত্রহের একটী সুবর্ণ মূর্ত্তি প্রস্তুত করিতে বলিয়া, উহা তাঁহার ঘোড়ার
জীনের পশ্চাতে বাঁধিয়া যুদ্ধ যাত্রা করিতে উপদেশ দিলেন।

পাঁচ দিন ধরিয়া উভয় পকে দোরতর যুদ্ধ চলিল। শেষে ৩০ বংসর পূর্ব উভয়ে রাজ্য শাসন করার পর, প্রবল প্রতাপশালী রাজাধিরাজ দাহির রার্হি: ৯০, ১০ই রমজান বৃহস্পতিবার সন্ধ্যার সমর (৭১২ খৃ: জুন) বে, ভরার হুর্গপ্রাক্তে গুক্তর আহত হইরা মৃত্যু শ্যার শারিত ক্ইলেন।

রাজা দাহিরের মৃত্যু সহস্বে আবুল লারেস এইরূপ বর্ণনা করিয়াছেন—
দাহির তাঁহার খেত হন্তী আরোহণে আরব সৈঞ্চগণকে আক্রমণ
করিলে, বীরবর মোহাম্মদ কাসেম তাঁহার অগ্নিবাণ নিক্ষেপকারী (স্থাপথ্য)
সেনাগণের দিকে ইন্দিত করিলেন। সঙ্গে সঙ্গে একটী প্রজ্ঞানিত আগ্নেয়শর দাহিরের হাওদার পড়িয়া হন্তীপৃষ্ঠস্থ হাওদার অগ্নি সংযোগ করিয়া
দিল। তথন হন্তী, পৃষ্ঠপ্রজ্ঞানিত অগ্নির অসহ্য যন্ত্রণার চালকের ইন্দিত
অগ্রাহ্ন করিয়া জলে ঝাঁপাইয়া পড়িল। তৎপরে জল হইতে উঠিয়া রাজা
দাহিরকে পৃষ্ঠে লইয়া পলায়ন করিবার কালে রাজা, শরাঘাতে গজপৃষ্ঠ
হইতে ভূপতিত হইয়া যেমন নিকটস্থ একজন আরব যোলাকে আক্রমণ
করিলেন, অমনি তাহার সবল হন্ডের অসি দাহিরের মন্তক বিখণ্ডিত

দাহিরের মৃত্যুর পর তৎপুত্র জয়সিংহ অনেক সৈক্ত সংগ্রহ করিয়া ব্রাহ্মণাবাদ দুর্গে (আধুনিক সিদ্ধ হারদ্রাবাদ নগর হইতে ৪৭ মাইল উত্তর পূব্দে) আশ্রম লইলে, মোহাম্মদ কাসেম উক্ত দুর্গ আক্রমণ করিলেন। এই দুর্গে কাসেম ছয় সহস্রাধিক হিন্দু যোদ্ধাকে তরবারীর মুখে নিপতিত করিয়া ও তদপেক্ষা অধিক সংখ্যক সৈক্তের শরবিদ্ধে বিনাশ সাধন করিয়া দুর্গাধিকার করিয়াছিলেন। যুদ্ধে জয়সিংহের সমৃদয় অক্তরবর্গ ও তাহাদের স্থা পুত্রগণ রপবিজয়ী কাসেম হন্তে• বন্দী হইল। দাহির পুত্র রণস্থল হইতে পলায়ন করিয়া প্রাণ বাচাইল।

যুদ্ধ নিবৃত্ত হইলে গণনা করিয়া দেখা গেল যে—বন্দিগণের সংখ্যা বিংশ সহস্রেত্বও অধিক। তন্মধ্যে রাজা দাহিরের ভাগিনেরীকে লইরা ৩০ জন রাজ পরিবারভূক্ত স্ত্রীলোকও বন্দিনী হইরাছিলেন 'এই সমস্ত বন্দী বন্দিনীর পঞ্চমাংশ দাহিরের ছিন্ন মন্তক্ষহ, জনৈক সেনানী কায়াবের সমভিব্যাহারে আমির হেজ্জাজের নিকট কুফার প্রেরিত ইইল।

দাহিবের পুত্র জয়সিং সেই সময় হইতে সিদ্ধু প্রদেশের বিভিন্ন স্থানে গমন করিয়া, বাহ্রুব, ধালিয়া প্রভৃতি স্থানের থণ্ড যুদ্ধে মোস্লেম সেনাপতি কাসেমকে বহুদিন পর্যান্ত বিত্রত করিয়া রাখিয়া ছিলেন। শেষে কাশ্মীরে পলায়ন করিয়া রাজপুত্র জয়সিংহ তথায় স্থায়ীভাবে বাস করিতে লাগিলেন। এদিকে সমন্ত আলোর রাজা মোস্লেমগণের হন্দগত হইল।

এই মহা বিজরের পর, একদিন প্রায় এক সহস্র মৃণ্ডিত-মন্তক ব্রাহ্মণকে মহাবীর কাসেম সমীপে উপস্থিত করা হইল। দেনাপতি ভাহাদিগকে ভাহাদের এই অবস্থার কারণ জিজ্ঞাসা করিয়া, ভাহারা কাহার সৈক্ত দশভুক্ত জানিতে ইচ্ছা করিলেন। ভাহাতে ব্রাহ্মণগণ বিনয় সহকারে এইরূপ উত্তর করিল—

"ধর্মরাজ, আমাদের রাজা ব্রাহ্মণ সম্প্রদায়ভূক্ত ছিলেন। আপনার সেনাগণ জাঁহাকে হত্যা করিয়াছে: এবং তাহারা আমাদের মধ্যেও অনেককে হত্যা করিয়াছে। সেই হঃখে আমরা এই ব্রত অবলম্বন করিয়াছি। আপনি ধার্মিক, আপনি আমাদিগকে যে শান্তি উপযুক্ত হয় প্রদান করুন।"

বীরবর কাসেম প্রাহ্মণগণের একপ্রকার নম্রতা ও সত্যবাদিতার সম্ভষ্ট হইরা তাহাদিগকে আথের দান করিতে প্রতিশ্রুত হটুলেন। এইরূপ দয়া প্রদর্শন ঘারা মহাবীর কাসেম, সিন্ধু রাজ্যের বহু হিন্দু প্রজা ও সামস্ত্র রাজ্গণকে বশীভূত করিয়াছিলেন।

কাসেম ব্রাহ্মণাবাদ রাজ্যের প্রজাগণের মধ্যে প্রচ্র ধন বিতরণ করিয়াছিলেন। গ্রামে গ্রামে প্রধান প্রধান লোক বাছিয়া ভাষাদিগকেই রাজ্য আদার কার্য্যে নিযুক্ত করিলেন। ব্রাহ্মণমণ্ডলী এই উদারচেতা আত্রব ধ্বকের গুণের কণবর্ত্তী হইয়া অনেকেই সেনাপতির শরণাপদ্ধ হইলেন। মোহাম্মদ বেন-কাদেমও তাহাদের শ্রেষ্ঠতা ও যোগ্যতার প্রমাণ গ্রহণে তাহাদের মর্য্যাদা ও প্রাধান্ত অক্ষা রাখিলেন। ব্রাহ্মণ ও বৌদ্ধগণ মোহাম্মদ কাদেমের রাজত্বে অবাধে ও নির্বিছে তাহাদের মন্দিরে পূজা পাঠ করিবার অন্তমতি পাইল। তৎপরে দেনাপতি, আমির হেজ্জাজের নিকট লিখিয়া, ব্রাহ্মণ ও বৌদ্ধগণের জন্ত নির্বিছে তাহাদের ভজনামন্দির প্রস্তুত করিবার অন্তমতি (করমান) আনাইয়া দিলেন।

অতঃপর মোহাম্মদ কাদেম সিন্ধু দেশের রাজধানী আলোর নগরে
গিয়া জানিতে পারিলেন থে—তথাকার সাধারণ লোকের মনে তথনও
ধারণা রহিয়াছে যে, রাজা দাহির রায়ের মৃত্যু হয় নাই; বরং তথনও
তিনি ম্সল্মানগণকে ভারত হইতে বিতাড়িত করিয়া দিবার জন্ম সৈক্ত
সংগ্রহার্থে ভারতের বিভিন্ন রাজ্যে ভ্রমণ করিতেছেন।

ইতিপূর্ব্বে দাহিরের প্রধানা মহিষী লাদী বাঈকে বন্দিনী করিবার পর; কাসেম রাণীকে নিজ শিবিরে আশ্রম দিয়াছিলেন। ঐ সময়ে রাণী লাদী স্বেচ্ছার এছলাম-ধর্ম গ্রহণ করেন ও অল্লদিন মধ্যে মুসলমান ধর্মের অনেক রীতি নীতি ও পদ্ধতি শিক্ষা করিয়া ফেলিয়াছিলেন।

এক্ষণে নগরের লোকের বিশ্বাস জনাইবার জন্ম সেনাপতি, উক্ত লাদী বাঈকে তাঁহার নিজ পুরাতন গাঢ় ক্রীম্ম বর্ণের উট্টে আরোহণ করাইয়া, বিশ্বাসী কয়েকজন অম্ভাব সমভিব্যাহারে নগর ভ্রমণ করাইলেন ও সেই সমন্ন রাণী উদ্ধ পুষ্ঠ হুইতে বলিতে লাগিলেন—

"আমি রাজা দাহির রায়ের পাটরাণী লাদী। রাজা মৃত্যুম্থে পতিত হইয়াছেন। তাঁহার ছিয় মন্তক, রাজচ্ছত্র ও পতাকাদি সহ থলিফার নিকট প্রেরিত হইয়াছে। থোদাতায়ালা কোরাণে বলিয়াছেন—"তোমরা, নিজে তোমাদের ধ্বংস ডাকিয়া আনিও না।" (চাচ্নামা)

আলোর হইতে বীর সেনাপতি কাদেম মূলতান যাত্রা করিলেন ও তথার মিনারেট সম্বলিত একটা বৃহৎ জামে মস্জিদ নির্মাণ করাইলেন। পরে আমির দাউদ নাসারকে মূলতানের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া, ঐ স্থানে কিছুদিন অবস্থান করিতে লাগিলেন। এই সময় মধ্যে স্থযোগ্য মোস্লেম সেনাপতি মোহাম্মদ বেন-কাসেম, মূলতানে পঞ্চাশৎ সহস্র উৎকৃষ্ট দেশীর অখারোহী সেনা সংগ্রহ করিয়া তাহাদিগকে শিক্ষা দানে অল্পদিন মধ্যেই যুদ্ধ নিতার পার্দশী করিয়া তুলিলেন।

ম্লতানে সেনাপতি, খলিফা মারওয়ান পৌত্র ওলিদ-আবহুল-মালেকের
নিকট হইতে কনোজ জয় করিবার ও তথাকার রাজাকে পবিত্র ধর্মে
দীক্ষিত করিবার ফর্মান প্রাপ্ত হইলেন। তিনি অধীনস্থ সেনানী
আব্-হাকিন সায়বানীকে দশ সহস্র অখারোহী সহ থলিফার উপদেশ বাণী
ব্যাইয়া দিয়া কনোজে পাঠাইলেন ও অয়ং সসৈত্তে কাশ্মীরের সীমা
পর্যান্ত অগ্রসর হইলেন। এই সময়ে কনোজ রাজ্য আজুমীরের সীমা
পর্যান্ত ব্যপ্ত ছিল।

আবু-হাকিম সাহবানী উদাফরে পৌছিয়া কনোজ রাজ রায় হরচন্দ্রের
নিকট জারেদ-বেন-আমক্রকে একথানি পত্র সহ প্রেরণ করিলেন। পত্রে
উল্লেথ ছিল যে—
•

র্বাজা যেন পত্র পাইবা মাত্র পবিত্র এস্লাম ধর্ম এছন করেন ও মহামান্ত থলিফার মহা সেনাপতি এমদাদ উদ্দীনের বশুতা স্বীকার করিয়া, তাঁহার অধীনত্ত শাসন কর্তা হইরা থাকিতে স্বীকৃত হন।"

রায় হরচন্দ্র পত্র পাঠে দৃতকে অবগত করিলেন যে—

"এই রাজ্য তাঁহার পুরুষামুক্রমে সহস্র বংসরের অধিক কাল শাসন করিতেছেন। তিনি কোন শত্রুর হুন্ধারে কথনও ভন্ন করেন নাই; এক দত অবধা না হইলে এতক্ষণ ভাহাকে বন্দী হুইতে হুইত।" জায়েদ এই সংবাদ দেনাপতি কাদেমের নিকট জ্ঞাপন করায়, তিনি তৎক্ষণাৎ কনোজ রাজের বিরুদ্ধে যুদ্ধ খোষণা করিলেন।

এদিকে পরদিন প্রত্যুষেই মহামান্ত থলিফার নিকট হইতে জনৈক অহারোহী একথানি পত্র আনিয়া মহা দেনাপতি মোহামদ কাদেমের হল্ডে দিল।

এই সম্বন্ধে আলি-আবুল-ভাসান-পুত্র মোহাম্মদ উল্লেখ করিয়াছেন—
"রাজা দাহিরকে হত্যা করিবার পর সেনাপতি কাসেম, হইজন রূপলাবণ্যবতী রাজকুমারীকে প্রাদাদ হইতে ধৃত করিয়া বন্দিনী অবস্থায়
হাব সী থোজা সমাভব্যাহারে দামেস্কে খলিফার নিকট পাঠাইয়া দিয়াছিলেন। খলিফা তাহাদিগকে কিছুদিন হেরেমে রাথিয়া, উহাদের
উভয়কে একদা রাত্রিকালে নিজ সমীপে আহ্বান করিলেন ও ভগ্নীৎমকে
জিজ্ঞাসা করিয়া অবগত হইলেন যে রাজকুমারী পরিমল দেখী অপেক্ষা
কুমারী স্থ্য দেবীই বয়ো:জোঠা!

তৎপরে খলিফা স্থ্যকে নিকটে রাথিয়া কনিষ্ঠাকে হেরেমে বিদায়
করিয়া দিবার পর, স্থ্য দেবী নিজ ম্থাবরণ অনাবৃত করিলে থলিফা
তাহার অপরূপ সৌন্দর্য্য দেথিয়া বিমোহিত হইয়া তাহার অল স্পর্শ
করিবামাত্র, স্থ্য উঠিয়া দাঁড়াইয়া মহামাল বাদশাহের নিকট ক্ষমা
প্রার্থনা করিয়া বুলিল যে,—

শ্বামি মহামহিমান্বিত থলিফার উপযুক্তা নহি। আমাদিগকে বন্দিনী করার পর মহাসেনাপতি এম্দাদ উদ্দীন আমাদের উভর ভগ্নীকে তিন রাত্রি তাঁহার অত্যে স্থান দিয়াছিলেন ও তৎপরে বাদশাহের দরবারে পাঠাইরা দিয়াছেন।"

থলিফা ওলিদ-বেন্ আবহুল মালেক, সে সময় স্থ্য দেবীর রূপে এতাধিক মৃশ্ব হইয়া পড়িয়াছিলেন যে, তিনি তৎকাংশ্ বিবেক,শক্তি হারাইয়া, সঙ্গে সঙ্গে লেখনী লইয়া সেনাপতিকে পত্র লিখিলেন—
"মোহাম্মদ কাসেম যে স্থানে যে অবস্থারই থাকুন না কেন, পত্র পাঠ
যেন আপাদমন্তক সন্তম্ভ পশু চর্মের থলিয়ায় আবদ্ধ হইয়া থলিফা
সমীপে আনীত হ'ন।"

উদাক্ষ্ নগরে মহা-দেনাপতি, থলিফার এই হুকুমনামা প্রাপ্ত চইয়া অধীনস্থ কর্মচারীবর্গকে ডাকিয়া, তাঁহার দেহ সভ্যমুক্ত পশু চর্মে আবৃত করিয়া দেশে করিয়া দিতে বলিলেন। তাঁহার আদেশ মত ঐ অবস্থায় তাঁহাকে একটা সিন্দুকে পুরিয়া দামেস্ক নগরে থলিফার নিকট পাঠান হুইল। বলা বাহুল্য যুবক কাসেমের পবিত্র আত্মা ইহার অল্পক্ষণ মধ্যেই দুখার সমীপে নীত হুইয়াছিল।

মৃতদেহ সহ কাঠাধার মারওয়ান-পৌত্র অলিদের নিকট পৌছিবার পর, তিনি পর্যা দেবী (যাহার প্রকৃত নাম একণে জান্কী দেবী প্রকাশ পাইল) ও পরিমল দেবীকে ডাকাইয়া তাহাদের সন্মুথে ঐ মৃতদেহ অনাবৃত করিয়া, তাঁহার রাজাদেশ কি প্রকারে পালিত হইয়াছে, তাহা অন্দরীজয়কে ব্রাইয়া দিতে লাগিলেন। এমন সমর জান্কী, থলিফার নিকট অহ্নয় বিনয় সহকারে তাঁহার অহ্ময়তি লইয়া প্রকৃত কথা প্রকাশ করিয়া বলিল যে—সে সেনাপতির বিক্লছে যাহা কিছু কহিয়াছিল তাহা সম্পূর্ণ কর্ষামূলক ও মিথাা। মহামতি মোহাম্মদ কাসেম তাহাদের উভয় জয়ীর প্রতি যথোচিৎ শিষ্টাচার প্রদর্শন করিয়াছিলেন। তিনি তাহাদের অত নিজ সহোদরার হায় ব্যবহার করিয়াছিলেন ও কুত্রাপি তাহাদের অত মর্পর্শ করেন নাই। অপর পক্ষে সেনাপতি তাহাদের পিভৃহজ্ঞা, সিন্ধু দেশ ধ্রংসকারী; তিনি হিন্দ ও সিন্মের অন্যন সত্তর জন রাজাকে সিংহাসন্চ্যুত করিয়া তাহাদের স্তী-কক্ষাগণকে এইয়প বন্দিনী করিয়াছেন; সেনাপৃতি দেবুলন্দির ধ্বংস করিয়া তাহার স্থানে মৃস্জিদ নির্দ্ধাণ করাইয়া,

হিন্দুর ধর্মে ও প্রাণে দারুণ আঘাত করিয়াছেন; তাহারই প্রতিশোধ লইবার জন্ত ভগ্নীদ্বর এই প্রতিহিংসামগ্রী অভিসন্ধির পৃষ্টি করিয়া, রাজ সমীপে সেনাপতির বিরুদ্ধে সম্পূর্ণ মিথাা উক্তি করিয়াছিল।

দাহির ছহিতাদ্বের মূথে এই বিবরণ শ্রবণে, সেই সময় থলিফা ওলিদের এতাধিক মনন্তাপ হইয়াছিল যে, তিনি রাগান্ধ হইয়া নিজ দক্ষিণ হন্তের উপরিভাগ দস্ত নিম্পোষ্ঠ করিয়া রক্ত প্রবাহিত করিয়াছিলেন।

তৎপরে থলিফা ওলিদ নিজে উপস্থিত থাকিয়া, হকুম দিয়া যুবতী দ্বকে জীবন্ধ অবস্থায় প্রাচীর মধ্যে সাঁথাইয়া ফেলিলেন।

এদিকে এদ্বামের জয় হিন্তানে ক্রমশ: ঘোষিত হইয়া চতুদিকে
মোদ্বেম বিজয়পতাকা উড্ডীয়মান হইতে লাগিল। (ফতেহ্নামা ও
জাব্দাতোত্ তাওয়ারিথ)।

ঠিক এই একই সময়ে পৃথিবীর অপর প্রান্তে সেনাপতি মুসা, তাঁহার বীর সহচর অদম্য সাহসী যুবক তারেকের সাহায্যে স্পেনের উত্তর সীমা পিরেনীজ পরতে ও বিচ্ছে উপসাগর পর্যান্ত মোস্লেম সাম্রাজ্য ভুক্ত করিয়া, ইউরোপে মোস্লেম বিজয়পতাকা উড্ডীন করিয়াছিলেন। মহা তেজন্বী সেনাপতি তারেক যে পর্বতে উল্লেখন করিয়া সম্জ্র পারে স্পেনে পদার্পণ করিলেন, নিজের নামাছসারে সেই পর্বতের নাম জোবাল্-তারেক অর্থাৎ তারেক পর্বতে রাধিয়াছিলেন। কালে প্রণালীদীর নাম জোবল্ তারেক বা জিব্রালীরে পরিণত হইল।

সিয়্ দেশের ফায়, স্পেনও এস্লামের তরবারি তলে আত্মসমর্পণ করায়, সেথানেও অধিবাসী খুষ্ট ধন্মাবলম্বী ও ইত্দিরা নির্কিল্পে নিজ নিজ ধর্ম কার্য্য সম্পন্ন করিবার অন্তমতি পাইল। উভয় স্থানেই পরাভূত দেশবাসিগণ বিজেতার অধীনে বড় বড় দায়িত্বজনক পদে প্রতিষ্ঠিত হইতে কার্যিল। জামাতা মোহাম্মদ কাদেমের প্রতি আমির হেজ্জাজের কনোজ জয়ের পর চীনদেশ আক্রমণের উপদেশ ছিল। এবং জাগ্ জারটশ বিজেতা মহাবীর কোতারবা ও কাদেমের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করণ-কলে হেজ্জাজ প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিলেন যে—এই ঘুই বীরের মধ্যে যিনি অগ্রে চীনদেশ জয় করিতে পারিবেন, তাঁহাকেই ঐ বছ পুরাতন সামাজ্যের অধীশ্বর করা হইবে।

মহাবীর কাসেমের স্থায় স্পেন বিজয়ী বৃদ্ধ মহাসেনাপতি মুদাকেও নিজ অধীনস্থ সেনানী মহাতেজঃ তারেকের প্রতি ঈ্থাপরব্য হইয়া তুর্ব্যবহার করিবার জন্ত, পরবর্ত্তী খলিফা সোলায়মানের কোপাগ্লিতে প্রিয়া বৎপরোনাতি লাঞ্না ভোগ করিতে হইয়াছিল।

চতুর্থ দর্গ

থলিফা সোলায়মান ৯৬ হিঃ হইতে ১৯ হিঃ পর্য্যন্ত রাজত্ব করেন। তাঁহার সময়ে ভারতের অনেক নূপতি বিদ্রোহী হইয়া উঠিলেন। দাহির-পুত্র জয়সিং কাশ্মীর হইতে বহির্গত হইয়া ব্রাহ্মণাবাদ পুনদ্ধল ক্ষিয়া লইলেন।

মহাবীর কাদেমের স্থান পূরণ করিবার জন্ম সেনাপতি এজিদ্বে পাঠান হইল, কিন্তু সিরুদেশে পৌছিবার অষ্টাদশ দিবসে তিনি মৃত্যু মৃথে পতিত ইইলেন। তাঁহার স্থলে হবিব্-বেন-মোহাল্লাব, জয়িশংহ দমনে প্রেরিভ হইলেন। হবিব্ সিরু নদী তীরে শিবির সন্ধিবেশ করিয়া একদল হিন্দু সেনাকে পরাজিত করিবার সঙ্গে আলোরের সমস্ত অধিবাসিগণ তাঁহার বশুতা স্বীকার করিল।

ওলিদ-ভ্রাতা সোলায়মানের মৃত্যুর পরু, বিতীয় ওমর থলিফা হইয়া ভারতের অনেক রাজক্সকে দামেস্কের অধীনতা স্বীকার করিতে ও এদ্লাম ধর্ম গ্রহণ করিবার জক্ত পত্র লিথিলেন। এই সঙ্গে তিনি তাঁহা-দিগকে অবগত করিয়া দিলেন যে—তাঁহারা স্বেচ্ছায় এদ্লাম ধর্ম গ্রহণ করিলে তাঁহাদিগকেও অপরাপর মোসল্মান নরপতিগণ্ণের সমান অধিকার দেওয়া হইবে। এই সময় দাহির পুত্র ও আরও অনেক রাজা, থলিফা ওমর-বেন-আবত্বল আজিজের প্রভাবে সম্মত হইয়া,

আর্বি নাম গ্রহণে পবিত্র এস্লাম ধর্মে দীক্ষিত হইয়াছিলেন। আরব সেনাপতি আমরু-বেন-মোস্লেম-আল-বাহালি হিন্দু খানের আনেক-গুলি রাজাকে এই সময় বশুতা স্বীকার করাইয়াছিলেন। (আল্ বেলাদ্রি)

ওমরের পর ক্রমান্তরে ঘিতীয় এজিদ্, হাশেম ও ঘিতীয় মারওয়ান ১৩২ হিঃ বা ৭৫০ খুষ্টাব্দ পর্যান্ত দামেস্কের সিংহাসনার্চ ছিলেন।

প্রাম স্গ

আববাসি বংশ

এই বংশের প্রথম থলিকা আবুল-আবোদ্-আদ সাফফাছ চারি বৎসর কাল হি: ১৩২ হইতে হি: ১৩৬ পর্যান্ত রাজত্ব করিবার পর থলিকা আবু-জফ্ব্-অল্-মন্ত্রর ৭৫৪ খৃ: হইতে ৭৭৫ খৃ: ১৫৪ ছিজরী পর্যান্ত বাগ্দাদের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

হিং ১ 3 ॰ সালে আল্-মনস্বর, হাশেম্কে সিন্ধু দেশের শাসনকর্ত্তা
নিযুক্ত করিয়া পাঠাইলেন। যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র হিন্দু রাজ্য এই সময়ে
মন্তক উজ্তোলন করিয়াছিল, সেনাপতি হাশেম্ অত্যল্লকাল মধ্যে তাহাদের
রাজ্য হন্তগত করিয়া তাহাদের গর্ব্ব থর্ব করিলেন। হাশেম্ তাঁহার
অধীন সেনাধ্যক্ষ আম্ক-বেন-জামল্কে তৎকালীন গুর্জ্জর প্রদেশভূক্ত
বরোদা জয়ের উদ্দেশ্থে প্রেরণ করিয়াছিলেন। ঠিক এই সময়ে তাঁহার
অপর একদল্প সৈক্ত কাশ্যারের ভিতর ক্রবেশ করিয়া কাশ্মীর রাজ্য
অধিকার করিতে কৃতকাশ্য হয়। ইহারা কাশ্মীর হইতে অনেক স্ক্রেরী
ললনা ও বালক বন্দী করিয়া আনিয়াছিল। ক্রমে সমন্ত মূলতান
প্রদেশ, সামরিক শাসনকর্ত্তা হাশেমের করায়ত্ত হইল।

এই সময় সিন্ধু দেশস্থ আরবগণ গান্ধার রাজ্য আক্রমণ করিয়া ও তথাকার একটী দেবালয় ধ্বংস করিয়া উহার ধ্বংসাবশেষ লইয়া গিরা একটী বৃহৎ মস্জিদ নির্মাণ করিয়াছিলেন। •

হারুণ-অর্-রশীদ

হি: ১৭০ সাল ৭৮৬ খৃষ্টাব্দে ইতিহাস প্রসিদ্ধ ক্যায়-বিচারক খলিফা হারুণ-অনু-রশীদ বাগু দাদের সিংহাসনে আরোহণ করিলেন।

হারুণ-অর্-রশীদের প্রথর দৃষ্টি ছিল, যাহাতে আফ্রিকা ও ভারতবর্ষ এই উভর স্থানের শাসনকর্তাদ্বর অধিক প্রবল হইয়া বাগ্ দাদের অধীনতা-শৃঙ্খল ছিল্ল করিতে না পারে। এবং এই জন্মই তিনি সিন্ধুদেশ ও মিশরের শাসনক্র্তাদ্বয়কে মধ্যে মধ্যে স্থান পরিবর্ত্তন করাইতেন।

দাউদ-বেন-এজিদ নোহাল্লবি, পিতার মৃত্যুর পর মিসরের সিংহাসনে অধিষ্ঠিত হইরাছিলেন। খলিফা ৮০০ খৃষ্টাব্দে তাঁহাকে আফ্রিকা থণ্ড হুইতে সরাইরা সিন্ধুদেশের শাসনকর্তৃত্ব প্রদান করিলেন, এবং তাঁহার মৃত্যুর পর আবুল-আব্বাস সিন্ধুর শাসনকর্তৃত্ব লাভ করেন।

থলিফা হারুণ-অব্-রশীদের সমরে দিরুদেশের আরবগণ এতদ্র পরা-ক্রমশালী হইরাছিল যে—তাহাদের ক্রমশঃ রাজ্য বৃদ্ধি দেখিয়া স্থদ্র থাকান ও তিবতে পর্যাক্ষ ভ্রম্ভ হইয়া হইয়া পড়িয়াছিল।

আরব্য উপক্রাসের অমর থলিফা এই হারুণ-অর-রশীদ, প্রজাগণের হিতের জন্ম ও তাহাদের অভাব অভিযোগ নিবারণের জন্ম যাহা করিয়া গিয়াছেন, বাস্তবিক জগতের ইতিহাসে তাহার তুলনা হয় না।

থলিকা নিজে একজন স্কবি ছিলেন; তৎসহ যুদ্ধ ক্ষেত্রে সৈন্ত চালনার
তাঁহার যথেষ্ট পারদর্শিতা ছিল। এ কারণ বিভিন্ন প্রদেশ হইতে আনীত
বিদ্যামুরাগী স্থাবৃন্দ ছারা যেমন এক পক্ষে তাঁহার রাজসভা আলোকিত
হইরা থাকিত, অপর পক্ষে দেশ বিজয়ের জন্ম তিনি বাছিরা বাছিরা সেনা
ও উপযুক্ত সেনাধ্যক্ষ নিযুক্ত করিতেন; এবং সময়ে সময়ে নিজে রণক্ষেত্রে
উপস্কিত থাকিরা/কে পর্য্যালোচনা করিতেন।

গ্রীক রাজ নাইসীফোরাস, মোস্লেম অধিকার ভুক্ত দেশ আক্রমণ করার, থলিফা হারুণ-আর-রশীদ অরং সৈক্ত পরিচালনা করিয়া গ্রীক রাজার বিরুদ্ধে যুদ্ধ থাত্রা করেন। পরে তাহাকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া শেষে নিজ হৃদয়ের উদারতা বশতঃ ঐ খৃষ্ট ধর্মাবলম্বী রাজার সন্ধির প্রভাবে সম্পত হইয়াছিলেন। এই গ্রীক খৃষ্টানগণকে বাধা প্রদান করিবার জক্ত থলিফা হারুণকে প্রায় দেড় লক্ষ বেতন-ভোগী সৈক্ত, তাঁহার রাজ্যের পশ্চিমাংশে সর্বাদা প্রস্তুত রাখিতে হইয়াছিল।

থলিফার শরীর অন্মন্থ হইরা পড়ার তিনি শেষ জীবনে থোরাসানে
যাইবার কালে, তাঁহার সমভিব্যাহারে যাইবার জন্ত ভারত হইতে জনৈক
প্রানিজ চিকিৎসক মানিক্যকে ডাকাইরা পাঠাইলেন। বৈত্যের চিকিৎসা
শুণে থলিফা হারুণ-অর-রশীদ সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিলেন; কৈছ
বাল্থে পৌছিবার প্রেই ৮০৯ খঃ থোরাসানের মধ্যবর্তী আধুনিক
মেশেদ নগুরের উত্তর্হিত তুস নগরে তাঁহার মৃত্যু হয়। তৎপরে
থলিফার অভিলাসাহ্যায়ী বৈত্য মানিক্যকে হিন্দুক্শ পর্বত পার করিয়া,
পারক্ষ উপসাগর দিয়া তাঁহার দেশে পৌছাইয়া দেওয়া হইয়াছিল।

হারুণ-জ্বর-রশীদের পর তৎপুত্র আলু মামুন হিঃ ১৯৮ হইতে ২১৮ হিঃ
পর্যান্ত ও তৎপরে আক্রাসী বংশের মোতেসেম্-বিল্লাহ, মোতামাদ্ জ্বলাহ,
মোকতাদার বিল্লাহ, মতি-উল্লাহ ও কাদের-বিল্লাহ বাগদাদে ৪২২ হিজরী
১০৩১ খুটাব্দ পর্যান্ত রাজত্ব করিয়াছিলেন। কিন্তু তাঁহাদের ক্ষমতা
ক্রমশঃ থর্ব হইয়া পড়ায়, ভারতের যে সমন্ত দেশ আরব বীরগণ বহ
আরাদে জয় করিয়াছিলেন, তাহা ক্রমে ক্রমে তাঁহাদের হন্তচ্যত হইতে
লাগিল।

ষষ্ঠ দগ্

বান্দাদের থলিফাগণের ক্ষমতা ক্রমশঃ থর্ব হইতে দেখিয়া তাঁহাদের অধীনস্থ প্রাদেশিক শাসনকর্ত্তাগণ স্বাধীনতার পতাকা উড্টীন করিতে স্বায়স্ত করিলেন।

এই সকল শাসনকর্তাদিগের মধ্যে মাবররেহার (ট্রান্স ককেশিয়া)
৪ খোরাসানের অধিপতি এস্মাইল সামানি সর্বপ্রথমে হিঃ ২৬৩ সালে
স্বাধীনতা ঘোষণা করিলেন। এই সামানি বংশের রাজাগণের মধ্যে
এস্মাইল সামানি, নিজ রাজ্য মাবররেহার ও খোরাসানের সহিত,
উজ্বেক্ দেশের বোথারা ও পারস্তের উত্তরাংশ পর্যান্ত রাজ্যু বিস্তারিত
করিয়া অ্থ্যাতির সহিত অ্থাসন দণ্ড পরিচালন পূর্বক পর্যান্ত পরিমাণে
সংনাম অর্জন করিয়াছিলেন।

তাঁহার পরেও এই সামানিয়া বংশ সম্পূর্ণ যশঃ কীর্ত্তি ও তৎসক্ষে স্থাবিচারের সহিত প্রায় ৯০ বৎসর কাল রাজ্য করিয়াছিলেন।

এই সময় থাওয়ারিজাম্. (আধুনিক খীভা) প্রদেশের মন্তর্গত বিরূপ নামক জনপদে জগৎ প্রসিদ্ধ স্থলেথক আবু-রায়হান মোহাস্থান-বেন-আহমদ ৩৬০ হি: ৯৭০।৭১ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করেন। আবু রায়হানের লিখিত ভারতের ইতিহাস হইতে তৎকালীন অনেক সঠিক বিবরণ পাওয়া যায়। এই আবু রায়হান-আল্-বিরুণী একজন প্রসিদ্ধ ঐতিহাসিক, গণিত ও জুলামিতি শাস্ত্রজ্ঞ, নৈয়ায়িক ও জ্যোতিষী ছিলেন। তাঁহার জীবন চরিত লেখক সাম্সুদীন-মোহাস্থান-শাহ্রাজবি, আল্-বিরুণী সম্বন্ধ এইরূপ উল্লেখ করিয়াছেন—বংসরের মধ্যে মাত্র ছই দিন ভিন্ন তিনি ক্ত্রাপি স্মাব্-রায়হান্কে কলম হস্তচ্যত করিতে স্বথবা পুস্তক হইতে চক্ষু অপসারিত করিতে দেখেন নাই।

আব্-রারহান-আল্-বিরুণী সোলতান মাহ্ম্দের সভার সভাপণ্ডিত নিষ্কু হইরা অনেক দিন তাঁহার সহিত ভারতবর্ষে থাকিরা ভারতের ভাষা শিক্ষা করেন। সংস্কৃত ভাষা উত্তম রূপে শিক্ষা করিয়া তিনি ছার শাস্ত্রে পাণ্ডিত্য লাভ করেন। বিশুর সংস্কৃত পৃত্তক তিনি আরবী ভাষার অমুবাদ করিয়াছিলেন। আল্-বিরুণী গ্রীক ভাষা শিক্ষা করিয়া অনেক ইউনানী ভাষার পৃত্তক আরবীতে ও আরবী হইতে সংস্কৃত ও গ্রীক ভাষার অমুবাদ করেন। প্রবাদ আছে যে, তাঁহার লিখিত পৃত্তকগুলি একত্রিত করিলে—তৎসমৃদর একটা উট্রের পৃষ্ঠেও স্থানাস্থরিত করা যাইত না।

জ্যোতিষ সম্বন্ধ বিক্ষণী বহু পুস্তক লিখিয়া গিয়াছেন। তাঁহার লেখা ভৌগলিক ও চিকিৎসা সম্বন্ধীয় পুস্তক এখনও পাওয়া বায়। ভূবৃত্তাস্ত লিখিয়া তিনি সম্রাট মন্উদের নিকট হুইতে এক উট্র পৃষ্ঠের বোঝাই রৌপ্য প্রাপ্ত হন। কিন্তু এই রৌপ্য তিনি গৃহে না লইয়া গিয়া রাজকোষে প্রতার্পণ করেন।

আব্-রায়গান-আল্-বিরুণীর স্বহন্তে লিখিত ্তওয়ারিথ হিন্দের কিয়দংশ এক্ষণে প্রারিসের লাইত্রেরীতে রঙ্গিত আছে।

ভারতে সংস্কৃত ও জার শাস্ত্র অধ্যয়ন করিয়া বিরুণী, যোগ ও সায় শাস্ত্রের তুই থানি **উ**ৎকৃষ্ট গ্রন্থ সাঙ্খ্য ও পাতঞ্জল দর্শন, সংস্কৃত হুইতে আরবী ভাষার অমুবাদ করেন।

সোলতান নাহ মুদের ভারত আক্রমণের পূর্বে খৃঃ দশস শৃতাবীর প্রারম্ভে কাব্লে যে সকল ব্রাহ্মণ রাজা রাজ্য করিয়াছিলেন, তাঁহাদের বিষয় আব্-রায়হানের এই তওয়ারিখল হিন্দ কইতে প্রাপ্ত হওয়া যায়। মাহ মুদের ভারত আক্রমণের পূর্বে ভারতবর্ষের সম্বন্ধে বিশেষরূপ বর্ণনা, তাঁহার তওয়ারিখল্-হিন্দে বর্ণিত আছে।

বহুপুর্বে তুর্ক দেশীয় রাজা কাব্লে আধিপত্য করিতেন। কথিত আছে যে, বার্হ্-তিগীন (তিগীন তুর্কি শব্দ অর্থ সাহসী) নামক একজন পরাক্রমশালী তুর্কবীর তিব্বতের মধ্য দিয়া আসিয়া কাব্লে বাকার পর্বত গুহায় আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। এই বারহ্-তিগীন সম্বন্ধে অনেক অলৌকিক গল্প প্রচলিত আছে। যাহা হউক আশ্রয় স্থান হইতে বাহির হইয়া তিনি বাহুবলে কাব্লের সিংহাসন অধিকার করেন। তাঁহার বংশধরেরা ৬০ বৎসর যাবৎ কাব্লে রাজত্ব করিয়াছিলেন।

কাবুলের তুর্ক রাজাগণের মধ্যে কনক্ বা কনিকা সর্বাপেক্ষা ক্ষমতাশালী হইরা উঠিয়াছিলেন। তিনি পেশাওয়ার পর্যন্ত রাজ্য বিস্তার
করিয়া তথায় একটা বৃহৎ পাঠাগার স্থাপন করেন। কনোজের রায়
উপাধিধারী রাজা তাঁহার সহিত সোহার্দ্যি স্থাপনের প্রত্যাশায় তাঁহাকে
অনেক উপঢৌকন প্রেরণ করেন। কনোজ রাজের প্রেরিত উপঢৌকনের
মধ্যে একথানি অতি মূল্যবান রেশমি কাপড় ছিল, যাহার সমস্ত স্থান
ব্যাপিয়া বিফুপদ অন্ধিত থাকায়, দর্জি কোন মতে উক্ত বত্তে কাবুলাধিপতির অক্ষাবরণ প্রস্তুত করিতে স্বীকৃত হইল না। অধিকন্ত সে বলিয়া
পাঠাইল বে—এই কাপড়ে পদচিহ্ন থাকায় ইহাতে রাজ্ব-পোষাক প্রস্তুত
হইতেই পারে না।

কাবৃদ রাজের মনেও ধারণা ছইল যে—এই কাপড়থানি উপটোকন স্বরূপ প্রেরণ করার অর্থ, কনোজ রাজের তাঁহাকে অপমান করা ভিন্ন স্মার কিছুই ছইতে পারে না।

অচিরে রাজা কনক্ নৈতসহ কনোজের দিকে অগ্রসর হইতে লাগিলেন। তিথন ফনোজেম্বর মহা বিশ্বদ গণিয়া মন্ত্রীর সহিত পরামর্শ করিলেন। মন্ত্রী অনেক চিন্তার পর রাজাকে তাঁহার নাক ও অধরোষ্ঠ কাটিয়া দিবার পরামর্শ দিলেন। রাজা অনিচ্ছা সত্ত্বেও বাধ্য হইরা শেষে মন্ত্রীর প্রভাবে সম্মত হইরা, তাঁহার নাসিকা ও ওঠ ছেদ করিরা ভাঁহাকে বিদায় করিয়া দিলেন। মন্ত্রী অনেক কটে রাজা কনকের দরবারে পৌছিয়া, যথা বিহিত বিনয়-সহকারে তাঁহাকে অবগত করিলেন যে,—

"কনোজ রাজকে প্রবল পরাক্রমশালী কাব্ল রাজের সহিত সন্ধি করিতে ও তাঁহার বহুতা স্বীকার করিতে বলার, রাজা ক্রোধান্ধ হইয়া উাহার এই অবস্থা করিয়াছেন। এক্ষণে এই কট, যন্ত্রণা ও অপমানের প্রতিশোধ লইবার জন্ম তাঁহার একান্ধ ইচ্ছা যে, মহা পরাক্রান্ধ কাবুলাধি-পতি অচিরে কনোজ আক্রমণ করিয়া, রাজাকে উপযুক্ত মত শান্তি প্রদান করেন। কনোজে পৌছিবার যে প্রচলিত পথ আছে উহা বহুদ্র ব্যাপী ও বিস্তর কটসাধ্য। এই কারণ মন্ত্রার ইচ্ছা যে তিনি তাহার নিজ পরিচিত নাতিদীর্ঘ পথ প্রদর্শনে কাবুল সেনাগণকে কনোজে লইয়া যান। কেবল মাত্র এই পথে কিয়দ্র মক্রভূমি উত্তীর্ণ হইতে হইবে বলিয়া, তাঁহাকে বৈদ্যুগণের পানার্থে কিঞ্চিৎ পানীয় জল সঙ্গে লইতে হইবে।"

কাবুলাধিপতি এই যথার্থ স্বদেশাস্থরাগী মন্ত্রীর শোচনীর অবস্থা দর্শনে তাহাকে তিল মাত্র সন্দেহ করিতে পারিলেন না ও তাহার প্রস্তাবে সম্মত হইরা স্ট্রেক্ত কনোজ আক্রমণেব্র জন্ম মরুপথ অবলম্বন করিলেন। শেষে এই মন্ত্রীর কুচক্রে পতিত হইরা তাঁহার অধিকাংশ সেনা জলাভাবে মরুমধ্যে প্রাণত্যাগ কারল। অবশেষে রাজ্যা কনক্ অবশিষ্ট সৈক্ত লইরা রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইলেন।

কনকের পর এই বংশীয় কাতরমান্ প্রভৃতি অনেকে রাজা হইবার পর, শেষে তুর্কিরাজ লখত-জামান বিরুতে মন্তিক হইয়া পড়ায়," তাঁহার আক্ষণ মন্ত্রী সমন্দ তাঁহাকে বন্দী করিয়া, স্বন্ধং কাব্লের সিংহাসনে । আরোহণ করিলেন।

তৎপরে এই ব্রাহ্মণ রাজবংশে ভীমণাল, জয়পাল, আনন্দপাল, নর্ভজন্পাল প্রভৃতি রাজা হইয়াছিলেন। নর্ভজন্পালের পুত্র ছিডীয় ভীমপালই কার্লের শেষ হিন্দু রাজা।

সপ্তম সর্গ

সামানি বংশের সপ্তম রাজা আবছল মালেক্-নৃহ হিঃ ৩৫০ সালে বোধারায় মানব লীলা সম্বরণ করার পর, তাঁহার পূত্র আবুল্-মন্ত্রর ও তাঁহার সহোদরের মধ্যে সিংহাসন লইয়া বিবাদের স্ত্রপাত হয়। এই বিবাদ মীমাংসার জন্তু সমন্ত ওমরাহ্গণ একমত হইয়া থোরাসানের প্রবীণ শাসনকর্ত্তা আবেন্ডাজীর (আলগুণীন) অভিমত্তের উপ নির্ভর করিলেন। আলগুণীন অনেক বিবেচনার পর মৃত বাদশাহের সন্দোদরকেই সিংহাসনার্ক্ত করা যুক্তিযুক্ত বলিয়া নিজ অভিমত প্রকাশ করিলেন। কিন্তু তৎপুর্বেই রাজ্ধানীর জনসাধারণের মত লইয়া আবুল্-মন্ত্র সিংহাসনে আরোহণ করিয়াছিলেন।

যুবক মন্ত্রর পিতৃ-সিংহাসন অধিকার করিবার পরই, আলপ্রগীনকে থোরাসান হইতে রাজধানী বোধারার ডাকিয়া পাঠাইলেন।

আলপ্তগীন দেখিলেন বে এই আহ্বানে রাজ সমীপে উপস্থিত হওরা ও বিজোহের পতাকা উড্ডীন করা, এতত্ত্রের মধ্যে প্রভেদ খ্ব বেশী নহে। কিন্ত তাঁহার অধীনত্ব সেনাবল বিবেচনার ও পরাক্রান্ত বোধারা রাজের সহিত প্রকাশ্যে যুদ্ধ ঘোষণা করা যুক্তিসঙ্গত নহে ব্ঝিরা, তিনি অধীনস্থ একান্ত অহ্বরক্ত তিন সহস্রমাত্র অধীনত্ব গিজ্নী সমভিব্যাহারে, ক্রমশঃ দক্ষিণ-পূর্বাভিম্থে অগ্রসর হইরা প্রসিদ্ধ গজ্নী নগর হন্তগত করিয়া, তথার এক স্বাধীন রাজ্য হাণন করিলেন।

বোধারাধিপতি আবুল্-মন্ত্র এই সংবাদে স্বীয় সেনাপতি আবুল্-হোসেনকে বহু সৈক্তসহ গজ্নী নগর আক্রমণ করিতে প্রেরণ করিলে। রাজ সেনার সহিত গজ্নী নগর প্রাস্তে আলপ্রগীনের আফগান সেনার যে ঘোরতর মৃদ্ধ হইল, তাহাতে উপযুঁগেরি হুইবার আবুল্-মন্ত্রের সেনাগণ পরাস্ত হইল ও শেষে পলায়ন করিল। গজ্নীর নব শাস নকর্তা আলপ্রগীন স্বাধীন রাজা হইয়া তথায় পঞ্চদশ বৎসর কাল রাজ্য করার পর, হি: ৩৬৬ সালে ইহলীলা সম্বরণ করিলেন।

আলপ্তগীনের মৃত্যুর পর তৎপুত্র আব্-এদ্হাক্ এক বৎসর মাত্র গন্ধনীর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তিনি অপুত্রক মানবলীলা সম্বরণ করায় হি: ৩৬৮ সালের ৮ই সাবান ১৭৬ খৃ: আলপ্তগীনের বিখ্যাত সেনাপতি গাজী নাসের-উদ্দীন স্বক্তগীন, নাসের উদ্দীন নাম ধারণে সাধারণ প্রজাবর্গ ও ওমরাহ্গণের স্মতিক্রেমে গজ্নীর সিংহাসনে আব্যোহণ করিলেন। স্বক্তগীন গজ্নীর অধিপতি আলপ্তগীনের কল্লার পাণি গ্রহণ করিয়াছিলেন।

সিংহাসনারোহণের সঙ্গে সঙ্গে আমির সবক্তগীনকে খোদণারের বিজ্ঞানী শাসনকর্তার বিরুদ্ধে যুদ্ধ বাত্রা করিতে হইল। এই বাত্রায় আমির আহার নিজা পরিত্যাগে স্থদীর্ঘ পথ ভ্রমণে বরাবর খোদণার নগরে গিয়া উপস্থিত হইলেন ও সঙ্গে সঙ্গে নগর অধিকার করিয়া তথাকার শাসনকর্তাকে বন্দী করিলেন। পরে উক্ত শাসনকর্তার অফুনয় বিনয় ও নত্রতার দরাপরবশ হইয়া, তাঁহাকে করদ রাজা স্বরূপ মদ্নদে বসাইয়া গজনী প্রত্যাবর্ত্তন করিলেন।

এই বিজ্ঞার পর হইতে আমির স্বক্তগীন ভারতের যে সমন্ত জনপদ বা পার্ক্তীয় দূর্গে ইতিপূর্ব্বে কথনও এস্লামের জয়পতাকা উট্টীন হয় নাই, এইরূপ বহু নগর ও হুর্গ অল্লায়াসে করায়ত্ত করিতে লাগিলেন। এই প্রকারে সবক্তগীন রাজা জয়পালের রাজ্যতের কিয়দংশ অক্সকাল মধ্যেই অধিকার করিয়া বদিলেন।

তৎকালে ভারতের প্রবল পরাক্রান্ত ব্রাহ্মণ রাজা জয়পালের রাজধানী, আধুনিক থানেশর হইতে একপত মাইল পশ্চিমে মলা-সমৃদ্ধিশালী ভাতেশা নগর ছিল। এবং তাঁহার রাজ্য উত্তর পশ্চিমে লাহোর হইতে লুম্বান প্রদেশ, অর্থাৎ হিন্দুকুশ পর্বতের পাদদেশ পর্যান্ত ও দক্ষিণ পূর্বের কাশ্মীর কইতে মূলতান পর্যান্ত ব্যাপ্ত ছিল।

মহা পরাক্রমশালী রাজা জয়পাল, মোদল্মানগণ রুত এই রাজ্যা-ধিকারের অব্যাননার প্রতিশোধ লইবার জলু, সামস্ত রাজ্তবর্গকে আহ্বান করিয়া তাহাদের ও নিজের সৈত্ত একত্রিত করিলেন। তৎপত্রে এই বিপুল বাহিনী লইমা গজুনী অভিমুখে যাত্রা করিলেন।

আমির সবক্তগীন রাজা জয়পালের এই যুদ্দ যাত্রার সংবাদ পাইরা, অধীনস্থ দৃঢ়-প্রতিজ্ঞ সাহসী আফ্ গান ধোন্ধাগণকে সকে লইরা, রাজধানী গজ্মী হইতে জয়পালের সেনাবাহিনীকে আক্রমণ করিবার জক্ত নামিয়া আসিতে লাগিলেন। আমির দেখিলেন যে,—জয়পাল তাঁহার অক্ষকার রাত্রের ক্রায় মসীকৃষ্ণ অসংখ্য ক্ষুদ্রকায় নেনা লইরা লাম্খান ও গজ্মীর মধ্যবর্ত্তী পথে অপেক্রাণ করিতেছেন। এই যুদ্ধ যাত্রায় আমিরের মহা তেলম্বী সিংহ-বিক্রমনালী পুল্ল আমিশ্রোলী মাহ্মুদ তাঁহার স্বেছ ছিলেন।

উভয় সৈত্তে যুদ্ধ বাধিয়া গেল। তরেকদিবস ধরিরা ক্রমাগত যুদ্ধ-ক্ষেত্রে রজের স্রোত প্রবাহিত হইতে লাগিল। শেষে একদিন আকাশ মেঘাক্তর হইয়া প্রবল ঝঝাবাত ও বজ্বপতনসহ মুঘলধারে বারিপাত হইতে থাকার, হিন্দু সেনাগণ প্রমাদ গণিতে লাগিল। শেষে রণে ভঙ্গ দিরা পলায়ন আরম্ভ করিল। রাজা জ্যুপাল সভাসদগণের সমক্ষে তৎপরে স্বীকার করিয়াছিলেন যে – তিনি অকাল মৃত্যুর করাল ছবি, সেই ভয়স্কর সময় চক্ষের সশ্বধে স্পষ্ট দেখিতে পাইয়াছিলেন।

এই ত্রবস্থার পড়িরা রাজা বাধ্য হইরা আমিরের নিকট দূত প্রেরণে সন্ধির প্রস্তাব করিলেন। এবং বলিরা পাঠাইলেন যে—"তিনি মহামান্ত ও মহাপরাক্রমশালী আমিরের, সন্ধি সন্ধনীর অনিয়মবদ্ধ থে কোন প্রস্তাবে সন্ধাত হইবেন।"

আমির সবক্তগীন সাধারণতঃ পরাজিত শক্রর প্রতি দয়াত্রচিত্ত ছিলেন। সেই কারণে তিনি প্রাণভরে ভীত এই হিন্দু রাজার সহিত সন্ধি করিতে সন্মত হইলেন। কিন্তু কুমার মাহ্মুদ, রাজদ্তকে কঠোর বচনে অপমানিত করিয়া ফিরাইয়া দিলেন ও বলিয়া দিলেন বে—"পবিত্র এদ্লাম ধর্মের গৌরব রক্ষার্থে তিনি ঈশ্বর কুপার সম্পূর্ণ বিজয় গৌরবে গৌরবান্থিত না হওয়া পর্যান্ত যুদ্ধ স্থগিত রাধিবেন না।

এই সংবাদে অন্নপাল অধিকতর নম্রতাবলঘনে আমির সমীপে লিথিয়া পাঠাইলেন বে—"পদ্ধি প্রস্তাবে অসম্মত হুইলে মহামান্ত আমিরের কোনই লাভের আশা নাই। পুনরায় যুদ্ধক্ষেত্রে নামিতে হুইলে, তৎপূর্বেই তিনি তাঁহার সমৃদ্ধ ধনৈশ্বয়া নষ্ট করিয়া ফেলিবেন, হুতীগুলির চক্ষ্ উৎপাটিত করিয়া তাহাদিগকে অকর্মণ্য করিবেন, স্বীয় সৈক্সের মধ্যে গোলযোগের স্থাষ্ট করিয়া থাহাতে পরস্পর পরস্পরের ভরবারির আঘাতে হুত হয়, তাহার জক্ষ বিধিমত চেষ্টা করিবেন; এবং পুরবাদিনী রমণী ও স্থা কন্যাগুলিকে অলম্ব অনলে নিক্ষেপ করিয়া পোড়াইয়া মারিবেন। এক কথার আমির যুদ্ধ জয়ের পর মৃত দেহ, ভত্মন্তপ ও অন্থির সম্বিটি ভিন্ন আর কিছুই পাইবেন না।"

্ আমির স্বক্তগীন এই সংবাদ প্রাপ্তে প্রকে পরামর্শ দিয়া, রাজা জয়পালের সহিত যুদ্ধে বিরত করিলেন। তৎপরে যে সন্ধি হইল তাহাতে জন্মপান দশলক্ষ দেবৃহাম দিতে স্বীকৃত হইলেন; এবং সঙ্গে পঞ্চাশটা উৎকৃষ্ট হন্তী ও তাঁহার রাজ্য মধ্যন্থ কতকগুলি নগর ও তুর্গ পরিত্যাগ কারতে বাধ্য ইলেন।

সন্ধিপত্তে স্বাক্ষরের সময় স্বীকৃত অর্থের কিয়দংশ প্রদান করিয়া, রাজা জয়পাল অবশিষ্ট অর্থ রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিয়া পাঠাইয়া দিবেন বলিয়া বিদায় গ্রহণ করিলেন। কিন্তু রাজধানী ভাতেন্দা নগরে ফিরিয়া আদিয়া রাজা, কুপরামর্শের বশবর্ত্তী হইয়া নিজ প্রতিভ্তা পালন করিলেন না।

অতঃপর আমির ক্রোধান্ধ হইয়া পুনরায় জয়পালের রাজ্য আক্রমণ করিলেন ও প্রথমতঃ লাম্ঘান হতগত করিয়া বহু নগরবাসিকে তরবারির মৃথে নিপাত করিলেন। তৎপরে আমিরের সেনাগণ নগর লুঠন আরম্ভ করিয়া দিল ও গৃহে অগ্নি সংযোগ করিল, এবং দেবালয় সকল ধ্বংস করিল। এই সময়ে অনেক পৌতুলিক পবিত্র এস্লাম ধর্মের আশ্রমে আসিয়া প্রাণ ও ধন-সম্পত্তি রক্ষা করিয়াছিল। লাম্ঘান পতনের পর সবক্তগীন আরও অনেক নগর অধিকার করিয়া ও পৌতুলিকগণের দেব মন্দির লুঠন করিয়া, বিত্র ধনরত্ব সংগ্রহ করিয়াভিলেন।

জয়পাল জাঁহার সামস্ত রাজগণের এই শোচনীয় অবস্থা দর্শনে, বিপক্ষের সহিত যুদ্ধ করা ভিন্ন অন্ত উপান্ন নাই দেখিয়া চতুদ্দিক কুইতে এক লক্ষাধিক সৈন্ত সংগ্রহ করিয়া নগর রক্ষা করিতে লাগিলেন।

আমির সবক্তগীন এই সংবাদ পাইয়া সদৈক্তে অগ্রসর হইয়া নিকটবর্তী একটা পাহাড়ে আরোহণ করিলেন ও তথা হইতে এই মেষ-পালের ফায় অগণিত ক্ষুদ্র কৃষ্ণকায় হিন্দু সেনাগণকে পর্বত নিমে বিচর্ণ করিতে দেখিয়া, নেক্ড়ে ব্যাজের ফায় লক্ষ্ট প্রদানে তাহাদের উপর পতিত হইতে তাঁহার দাকণ আগ্রহ জন্মিল ৷ তিনি তথন মোদলেম সৈম্ভ-গ**ণকে যুদ্ধা**র্থে বজ্জ-গন্তীর-ম্বনে উৎসাহিত করিতে লাগিলেন ৷

অন্ধান মধ্যে আমির তাঁহার অতার সংখ্যক সৈত্ত মধ্য হইতে, এক এক দলে মাত্র পাঁচশত বীর বাছিয়া লইরা, তাহাদিগকে গদা হতে শক্ত্র-গণকে আক্রমণ করিতে আদেশ প্রদান করিলেন। এই প্রকারে একদল সৈত্ত ক্রান্ত করিতে আদেশ প্রদান করিলেন। এই প্রকারে একদল সৈত্ত ক্রান্ত করিতে লাগিল। ক্রমে এই অভিনব আক্রমণের ফলে, হিন্দু সেনাগণ ব্যতিব্যস্ত হইয়া পড়িল। তথ্ন যুক্তবৌশল-বিশান্ত স্থানেলী সবক্তগীন, তাঁহার এই অল্পসংগ্যক সৈত্ত একত্তিত করিরা শক্তগণের উপর ভীষণ বেগে পতিত হইলেন। এই মৃষ্টিমেয় আফ্রানি দৈন্তের বেগ দির্বারিবৎ ভারতীঃ অসংখ্য সৈত্তগণ সহ্য করিতে পারিল না আক্রানের ব্জ-মৃষ্টিরত শাণিত তর্বানির তলে ক্ষ্ত্রাবরণ হিন্দু সৈত্তগণেত দেহ ভুলুন্তিত হইতে পাগিল।

এই সময় যুদ্ধক্ষেত্রের যে অবস্থা দাঁড়াইন, তাহাতে তর্বারি ভিঃ
অক কোন যুদ্ধান্ত্রেবই ব্যবহার হুইতে পারিল না। এবং তর্বারির যুদ্ধে
যে কোন একজন আফ্গান দেনার সমকক হইতে পারে, সমস্ত পৌতলিক
সেনাগণের মধ্যে এমন এক প্রাণীও ছিল না।

অর্থ ও পদাতিক সেনাগণের ঘন ঘন পদ সঞ্চালনে, প্রথমতঃ রণক্ষেত্র
একটা বৃহদাকার ধূলি রাশির স্পুপ বলিরা অন্থমিত হইতে লাগিল।
পরে রক্ত মিশ্রিত হইরা রণস্থলের ধূলি রাশি কর্দিনে পরিণত হওরার ও
চকুদ্দিকে থণ্ডিতদেহ-নিঃস্ত-রক্তথারা ক্ষ্ম স্থোত্তিনীয় আকারে প্রথাহিত
হইতে থাকার, রণভূমির উপরিভাগ হঠাৎ পরিস্কার হইরা আসিল।
তথন একজন জীবিত হিন্দু সেনাকেও আর রণক্ষেত্রে দেখা গেল নাঃ
চকুদ্দিকে কেবল ক্ষ্ণকার মৃত হিন্দু সৈন্তের স্পুপ।

রাজা জয়পাল ধৃত হইবার পর আমির, এই পরাজিত রাজবন্দির মন্তক
মৃত্তন করিয়া দিতে অন্থমতি করিলেন। এই সময়ে জয়পাল বিন্তর কাকৃতি
মিনতি সহকারে তাঁহার শিখা মাত্র অমৃত্তিত রাখিয়া, উহার পরিবর্ত্তে
তাঁহার দূর দ্রান্তরের সমন্ত রাজ্য আমিষ্কে স্পেচ্ছায় ছাড়িয়া দিতে চাহিলেন। আমির সবক্তগীন রাজার কাতরোজিতে তাঁহার প্রভাবে সম্পত
হইয়া বত ধনরত্ব, দাস-দাসী ও অগশিত হন্তী লইয়া রাজধানীতে প্রত্যাবর্তন
করিতে লাগিলেন।

পথে যাইবার কালে আমির তাঁহার একজন দশ হাজারি মন্ধব্দারতে লাম্থান ও পেশ্ওয়ারের শাসনকর্তা নিযুক্ত করিলেন। এবং পেশ্ওয়ারী ও থিলিজী বংশের বহু সৈল লইয়া, নিজ সেনাদল বৃদ্ধি করিতে করিতে রাজধানীতে প্রতাবর্তন করিলেন।

তৎপরে আমির সবক্তগীন তাতার দেশে শান্তি স্থাপন করিতে বাস্ত ছিলেন বলিয়া আর হিন্দুস্থানে প্রবেশ করেন নাই। হিজরী ৩৮৭ সালে ৫৬ বৎসর বয়সে বালখ্ নগরের বার্মাল পল্লীতে সবক্তগীনের মৃত্যু হয়।

আমির সবক্তগীনের হিন্দে এই মহা বিভয়ের ফলাফল প্রবেণ আমন্দিত ছইয়া, বাগ্ দাদের থবিফা আমিকল মোমেনীন কাদের বিলাহ তাঁহাকে সোল্তান স্ফিউদ্দৌলা থেতাব ও তৎসক্ষেত্লাবান থেলআত উপটোকন পাঠাইয়া দিলেন। এই সঙ্গে মহাতেজন্বী মাহম্দ-বেন্-সবক্তগীনকে, ইয়ামিনদৌলা আমিনল্-মেলাভ উপাধিতে ভ্ষিত করিলেন। ইতিপূর্বে কোন রাজা বা রাজ-পুত্রের প্রতি বাগ দাদ হইতে এরূপ সন্মানের উপাধি প্রদত্ত হয় নাই।

সোলতান সংক্তগীন তাঁহার সমস্ত সামস্ত নরপালগণতে ও থোরাসানের শাসনকর্তাকে গজনীর দরবারে আহ্বান করিয়া পালফা-প্রদত্ত এই থেল্আত্ পরিধান করিলেন; এবং আলাহ্-তাআলার প্রেরিত মহাপুরুষের পরবর্ত্তী দিংহাসনাধিকারী থলিফার অধীনস্থ হইরা থাকিবার জক্ত প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। আমির এই সদে দরবারে উপস্থিত রাজক্তবর্গকে উপযুক্ত উপাধি ও থেল্আত্ দানে পরিতৃষ্ট করিয়া, প্রতিবৎসর পৌত্তলিক দেশে সত্যধর্ম প্রচারার্থে সাধ্যমত চেষ্টা করিবেন বলিয়া অদীকার করিলেন।

অফ্টম সর্গ

মহাবীর সোলতান মাহ্মুদ—

আনির আলপ্তগীনের রাজত্ব কালে তদীয় সৈন্থাধ্যক্ষ (পরে আনির)
সবক্তগীন অনেক বার সিন্ধ নদী পার হইয়া ভারতের উত্তর-পশ্চিম
সীমান্ত প্রনেশ গুলি আক্রমণ করিয়াছিলেন। তাঁহার এই সকল
অভিযানের মধ্যে হি: ৩৬১ খৃ: ৯৭১ সালে একবার চিনাব (চক্র ভাগা)
তীরস্থ সদ্রা দেশে যুদ্ধাভিবান করিয়া তথায় উপস্থিত থাকা কালে অবগত
হইলেন য়ে—১২ই রবিউল আউআল্ অর্থাৎ পরম পবিত্রাত্মা হলরত
মোহাম্মদের জন্ম দিনে তাহার এক পুত্র সন্থান জন্মগ্রহণ করিয়াছে।
প্রেরিত পুরুষের জন্ম দিনে পারশ্ব দেশে ভূমিকম্প হইয়া পারশ্বের পরাক্রান্ত
রাজা কাস্রার চতুদিশ খিলানযুক্ত স্বরম্য দেবালয় ভূমিদাৎ হইয়াছিল।
সেই সময় সবক্তগীনের এ কথা স্মরণ হওয়ায়, তিনি সন্তাদেশের অনেকগুলি দেবমন্দিয় ও প্রতিমা সেই দিন কাংস করিয়া দিয়া, পুত্রের নাম
মাহ মূদ রাখিলেন।

হিঃ ৩৮৭ সালে ৯৯৭ খুষ্টামে এমিনদৌলা নেজাম-উদ্দীন আবুল কাসেম সোলভান মাহ্মুদ, বাল্থ নগরে পিতৃ সিংহাসনে আরোহণ করেন। বাগ্দাদের থলিফা কাদের-বিল্লাহ তাঁহাকে সঙ্গে সঙ্গে সোল্ভান উপাধিতে গৌরবান্তিত করিয়াছিলেন, সিংহাসনারোহণ-কালে সোলভান মাহমুদ পিতৃ অদ্বীকার রক্ষা করিয়া আজীবন পৌত্তলিকগণের সহিত ধর্মযুদ্ধ করিবেন ও সঙ্গে সর্ব্বত পবিত্র এসলাম ধর্ম প্রচার করিবেন বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হইলেন।

হি: ৩৯: সালে মাহ্মুদ সসৈতে গজনী হইতে বহির্গত হইয়া পেশপ্তরারে পৌছিলেন ও নগরের বাহিরে শিবির সন্নিবেশ করিলেন। এইস্থানে সোলতান অবগত হইলেন বে— ইশ্বরেশেহী গাজা জয়পাল তাঁহার গতির প্রতিবন্ধকতা করিবার জয় বছ সৈল্লসাম্ভ সংগ্রহ করিয়া জতগতিতে তাঁহার দিকে অগ্রসর হইতেছেন। এই স দে গজনীপতি তাঁহার সৈয় মধ্য হইতে দশ সহস্র উৎকৃষ্ট অশ্বারোহী স ভব্যাহারে খোদা-ভাম্মালার নাম লইয়া, বিপক্ষের ঘাদশ সহস্র অশ্বারোহী স্ট্রাহারে খোদা-ভাম্মালার নাম লইয়া, বিপক্ষের ঘাদশ সহস্র অশ্বারোহী ক্রী, ত্রিংশ সহস্র পদাভিক, তিন শত হন্দী ও সৈয় আক্রমণ করিকেন। ধার্মিক-প্রবর মাহমুদের মনে দ্যু বিশ্বাস ছিল যে— ইশ্বরের অম্প্রহে পা'েল তাঁহার অল্প সেনা শক্রের বিপুল বাহিনীকে অল্পন্থ মধ্যে বিদ্বন্ত ক্রি সক্ষম হইবে:

জন্মপাল সেই সমন্ন তাঁহার সৈক্যগণতে ইয়া, অধীনস্থ করদ ও মিত্র রাজন্মবর্গের সেনাগণের সহিত মিলিত : বাব জন অপেক্ষা করিতে-ছিলেন। এমন সমন্ন তুর্দ্ধ মোস্লেম সেনাদল তরবারি ও ভল্ল হস্তে তাহাদিগকে আক্রমণ করিল:

হিন্দু সেনাগণ রণভেরী নিনাদে ভাহাদের দেখ ও সাতশ গুলিকে উৎসাহিত করিতে লাগিল এনং শ্রেণীবদ্ধ হইয়া একের পর অগর শ্রেণী ক্রমশ: অগ্রসর হইতে আরম্ভ করিল। এইরপে অসংখ্য সেনায় গোল পাকাইয়া এরপ আকার ধারণ করিল যে—শেষে আপন দলের নিক্ষিপ্ত শরে আপনারাই বিদ্ধ হইতে লাগিল। এই রুশ বর্ণের হিন্দু সৈক্ত ব্যুহ মধ্যে সর্ক্তরেই এস্লামের তরবারি বিদ্যুত্বের জ্ঞার প্রভা বিকীর্ণ করিতে দেখা থাইতেছিল। সঙ্গে সংদ্ধে বিধ্বীগণের রজ্বের শ্রোভ বহিতে লাগিল।

অচিরে মোদ্লেম দেনাগণ অবশিষ্ট ঈশ্বরজোহীগণকে সম্পূর্ণরূপে বিতাড়িত করিতে কতকার্য্য হইল। এই দিবদ বেলা দিপ্রাহরের পূর্ব্বেই তুর্ক ও আফ্ গান দেনাগণ অন্থান শঞ্চদশ সহস্র পৌত্তলিকগণকে তরবারি ও ভল্লাখাতে হতা৷ করিয়া তাহাদের দেহ শৃগাল কুরুরের জক্ষনের জন্তু রণস্থলে ছড়াইয়াছিল। এই যুদ্দে জয়পালের ১৫।১৬টা রণহন্তী মোদলেম্ বীরগণের বজ্রমৃষ্টিশ্বত তরবারির আঘাতে শুগু কন্ত্রীতাবস্থায় ৰম্ভণায় রণস্থলে দৌড়াদৌড়ি করিয়া শেষে মৃত্তিকায় শযা৷ গ্রহণ করিল।

রাজা জয়পাল তাঁহার পুত্র কন্তাগণ ও ভ্রাতৃশুত্রাদি সহ বন্দী হইলেন। তাঁহাদিগকে একসঙ্গে দৃঢ় রজ্জ্ ছারা বাঁধিয়া সোলতান সমীপে লইয়া যাওয়া হইল। জয়পালের গলদেশ হইতে হ্যান পক্ষে ত্ই লক্ষ দিনার মূল্যের বৃহদায়তন মূক্তা ও মধ্যে মধ্যে অতি মূল্যবান প্রস্তর থচিত ত্ববর্ণ হার খুলিয়া লওয়া হইল।

পরমেশ্বরের সহারতার হি: ৩৯২ সালের ৮ই মোহার্রম ১০০১ খৃ: ২৭ নভেম্বর বৃহস্পতিবার, দোলতান মাহ মৃদ খোরাসান অপেক্ষা বৃহদারতন ও উর্বরা হিন্দুস্থানের একটা প্রদেশ জয় করিয়া বহু বন্দী ও বন্দিনী সহ নিজ শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন।

এই মহা বিজয়ের, পর সোলতান, বিধর্মী ঈশ্বরক্রোহী জয়পালকে বন্ধনাবন্ধায় সাধারণের শিক্ষার নিমিত্ত সম্বত্ত নগর পরিভ্রমণ করাইয়াও সেই সঙ্গে চতুর্দিকে এসলামের তরবায়ির তেজ বিকীর্ণ করিয়া, পরে রাজা জয়পালকেই তাঁহার হারান সিংহাসনে বাসাইলেন। করদ রাজ্য জয়পালের সহিত গজ্নী অধিপতির সেই সময় যে সদ্ধি হইল, তাহার সম্পর সর্ভ অন্থায়ী কার্য্য না হওয়া পর্যন্ত, রাজার পুত্র ও পৌত্তকে প্রতিভূ স্বরূপ আবদ্ধ রাথিবার জন্ত, সোলতান সঙ্গে করিয়া রাজধানীতে লইয়া গেলেন।

অল্পকাল মধ্যে রাজা জরপাল, সোলতানের আদেশ অন্থায়ী উাহার সন্ধি স্থে স্বীকৃত হন্তী, ও ধন-রত্ব, স্বীয়-পুত্র আনন্দপালের (বিনি তৎ-কালে সিন্ধু নদের পরপারে রাজত্ব করিতেন) নিক্ট হইতে চাহিয়া লইয়া গজনীতে প্রেরণ করার পর—সোলতান মাহ্মৃদ রাজার পুত্র ও পৌত্রকে অব্যাহতি দিলেন।

দ্বিতীয় অভিযান

পর বৎসর সোলতান সংবাদ পাইলেন যে, হিন্দুগণ জাঁহার রাজ্যের সীমার, উপত্যকা ও অরণ্য মধ্যে গোপনে সমবেত হইরা মোসল্মানগণকে আক্রমণ করিবার চেষ্টার ক্রমশঃ দলবদ্ধ হইতেছে। এই সংবাদে মাহ্মুদ বিচলিত হইরা তাঁহার সেনা মধ্য হইতে বাছিয়া কতকগুলি উৎকৃষ্ট অস্বারোহী ওয়াহিন্দ নগরাভিমুথে তাহাদের দমনার্থে প্রেরণ করিলেন। অচিরে মোসলেম অস্বারোহীগণ তাঁহাদের তরবারির বল প্রদর্শনে সমবেত পৌত্তলিকগণকে কতক ধ্বংস করিরা ও অবশিষ্ট পার্বতীয় ছাগ্রন্দের ক্যার তাড়াইয়া দিয়া, ওয়াহিন্দ দেশ অধিকার করিলেন। সঙ্গে সঙ্গে সোলতানের নিকট এই বিজয়-বার্তা প্রেরিত হইল।

তৃতীয় অভিযান

৩৯৫ হি: ১০০৪।৫ খুষ্টাব্দে দোলতান মাহ মৃদ সিন্ধু পার হইরা ভাটিরা রাজ্যের দিকে সৈক্ত চালনা করিলেন। রাজা বাজিরাও সেই সমর ভাটিরা রাজ্যের পরাক্রান্ত অধিপতি ছিলেন। তাঁহার রাজধানীর চতুদ্দিকে অতুচ্য প্রান্তীর বেষ্টিত এবং তৎসহ গভীর বিস্তৃত পরিথা ঘারা স্থবেষ্টিত থাকার, তৎকালীন লোকের ধারণা ছিল যে—যতই বলবান শক্র হউক্রা কেন, এই হুগাঁম ভাটিরাণ রাজধানী মধ্যে কোনমতে প্রবেশ করিতে

পারিবে না। রাজধানী ধনৈধর্যো ও প্রচুর স্থাশিক্ষিত সেনা এবং সামরিক নানাপ্রকার যুদ্ধান্তে পরিপূর্ণ থাকার, রাজা বাজিরাওরের দৃঢ় বিশ্বাস ছিল বে—তাঁহার রাজ্য কথনও পর হন্তগত হইবে না। এই বিশ্বাসেই রাজা নগরদারের বাহিরে আসিয়া মোসলেম সেনাগণকে আক্রমণ করিলেন।

রাজার সৈক্তগণের দহিত একদল বলশালী স্থাশিক্ষিত যুদ্ধ হণ্ডী ছিল।
তিনদিন ধরিয়া দিবারাত্রি হিন্দু-মুদলমানে অবিশ্রান্ত যুদ্ধ চলিতে লাগিল।
চতুর্থ দিবদে বেলা ছই প্রহর পর্যান্ত অসি ও শর যুদ্ধের পর, মোলভান
মাহ মুদ তাঁহার ওজন্বী ভাষার সৈক্তগণকে উৎসাহিত করিয়া, বীয় দর্পে
"আলাহোআক্বর" বলিয়া রণোলাদের সহিত সম্মুখন্থ অলীকবাদী
পৌত্তলিকগণকে আক্রমণ করিলেন। ছর্দ্ধর্ব আফগান্গণের বজ্র-মৃষ্টি ধৃত
তরবারির আঘাতে ছর্বল থবাকায় রক্ষবর্ণের হিন্দু সৈক্তগণ মৃত্তিকা চুদন
করিতে আরম্ভ করিল। এই সময় মহা পরাক্রমশালী সোলতান
মাহ মুদকে যুদ্ধক্ষেত্রে উদ্ধাবৎ চতুদ্দিকে ছুটাছুটি করিয়া, তাঁহার সম্মুথে
বামে দক্ষিণে বর্দ্ধ পরিহিত বিধ্রমীগণকে তরবারির আঘাতে বিখন্তিত ও
বর্শাবিদ্ধ করিয়া, তাহাদের যুদ্ধ তৃঞ্চা চিরকালের মত মিটাইয়া দিতে দেখা
গিয়াছিল। এই যুদ্ধে রাজা বাজিরাওয়ের প্রধান সহায় তাঁহার বিশুর
যুদ্ধন্তী নিহত হইল। ,শেষে মোদ্লেম শক্তির নিকট পরাভূত হইয়া
রাজার অবশিষ্ট সৈক্ত পশ্চাৎপদ হইল ও পরিয়া এবং উচ্চ প্রাচীর বেষ্টিত
নগর মধ্যে আশ্রম লইয়া প্রকাণ্ড লৌহদ্বার বন্ধ করিয়া দিল।

রণোন্মন্ত ধার্ম্মিক সৈক্তগণ অল্পকাল মধ্যে কান্ঠ ও মৃত্তিকা ছারা পরিথা পরিপূর্ণ করিয়া, তাহার উপর দিয়া কতকগুলি সৈক্ত প্রাদের মায়া বিসর্জন দিয়া, বীর ছঙ্কারে প্রাচীর উল্লন্ডনে নগরে প্রবেশ করিয়া লোহদার উন্মোচন করিয়া দিল; এবং সঙ্গে সন্দ্র্র্ মোস্লেম যোদ্ধাগণ নগরে প্রবেশ করিল।

রাজা এই অবস্থা দেখিয়া কতকগুলি অন্তরসহ গোপনে পলায়ন করিয়া পার্বাতীয় অরণ্য মধ্যে আশুয় লইলেন। কিন্তু সোলতানের একদল দৈক্ত তাহাদের পশ্চাদ্ধাবন করিয়া অন্তরগণসহ রাজাকে খিরিয়া ফেলিল। বাজিরাও অনক্যোপায় হইয়া ছুরিকাখাতে আত্মহত্যা করিলেন।

এই সময় মোস্লেম সেনাগণ নগর অধিকার করিরা ভন্মধ্যে বুর্গন আরম্ভ করিরা দিরাছিল। যুদ্ধাবসানে মাহ্মুদ তুই শত আশিটা হন্তী, বহু ধনরত্ব এবং দাসদাসী লইয়া গজনী প্রভ্যাবর্ত্তন করিলেন। ফিরিবার কালে পথে বর্ধার জন্ম তাঁহাকে সৈক্ত লইয়া অনেক কইভোগ করিতে হইয়াছিল।

চতুর্থ অভিযান।

হি: ৩৯৬ সালে সোলতান মাহ্মৃদ ম্লতানের শাসনকর্তা আব্লকত্হের বিক্রে যুদ্ধাতা করিলেন। ম্লতানাধিপতি এই সমর স্বাধীন
হইবার জক্ত উদ্ধৃদ্ করিতেছিলেন; এমন কি তাঁহার রাজ্যমধ্যে স্থানে
স্থানে স্বাধীনতা স্বোধিত হইরাছিল। এই দারুণ অবাধ্যতার অপ্রির
সংবাদ সোলতানের নিক্ট পৌছিবামাত্র, তিনি, বর্ষার সম্দর নদনদীর
জলাতিশ্ব্যের বাধাবিদ্ব উপেক্ষা করিয়া ম্লতানাভিম্বে ধ্বিত হইলেন।

পথে জরপালের পুত্র আনন্দপালের রাজ্যের উপর দিয়া সৈত্য চালনা করিয়া আদিবার জত্য মাহ্ম্দ তাঁহার অস্মতি চাওরার, রাজা আনন্দপাল তাহাতে দ্মত না হইয়া বরং মোদ্লেম সেনাগণের অগ্রসরে বাধা প্রদান করিলেন চ

্র্যাবল পরাক্রান্ত মাহ্মুদ জরপাল পুত্রের ব্যবহারে রাগান্ধ হইরা প্রথমতঃ তাঁহার্কেই আক্রমণ করিলেন। রার আনন্দণাল পরাজিত হইরা পর্কতে ও অরণ্যমধ্যে অমুচরসহ আশ্রের লইলেন। মোদলেম দেনাগণ তথন তাহাদিগকে মেষপালের ক্সার তাড়াইরা লইরা বেড়াইতে লাগিল। শেষে আনন্দপাল কাশ্মীর প্রান্তের অরণ্যমধ্যে প্রবেশ করিরা অদৃশ্য ভইরা গেলেন।

মূলভানাধিপতি আবুল-ফতু্হ তাঁহার অপেক্ষা ক্ষমতাশালী রাজার এই তুরবন্থা দর্শনে তাঁহার সমূদ্য ধনৈশ্বর্য্য ও মণি-মাণিক্য, কয়েকটী হন্তীর পূঠে বোঝাই দিয়া রাজ্য পরিভ্যাগে সরন্দিপের দিকে পলায়ন করিলেন। সহজেই মূলভান রাজ্য সোলভানের হস্তগত হইল।

এই অভিযান হইতে প্রত্যাবর্ত্তন কালে সোলতান শুনিতে পাইলেন যে—বল্থের শাসনকর্তা ইলাক্ খাঁন, জাইল্ন নদী পার হইরা দ্বীর এলাকার বাহিরে আত্মানিক পশ্চাশ সহস্র সেনা সমাবেশ করিরাছেন। সংবাদ পাইরাই মাহ্মুদ তাঁহার অধীনস্থ তুর্ক, ভারতীর, আফ্গান ও গজ্নীর সৈকু লইরা ইলাক্ থানের বিক্লে অগ্রসর হইলেন ও অচিরে তাঁহাকে সম্পূর্ণরূপে পরাস্থ করিলেন।

পঞ্ম অভিযান

হি: ৩৯৮ সালে জগ্নৎ বিখ্যাত বীর নাহ মৃদকে, অধীনস্থ শাসনকর্তা সেবক পালকে শিক্ষা দিবার জক্ত পঞ্চমবার ভারতে আসিতে হইরাছিল। মৃলতান অধিকাঃ করিয়া তথা হইতে ইলাক থানের বিজোহ দমনার্থে বাইবার কালে সোলতান, রাজা জয়পালের পৌত্র সেবক পালকে তাঁহার জারত রাজ্যের শাসনকর্তা নিযুক্ত করিয়া গিরাছিলেন। ইতিপুর্কে আবৃআলী-সান্জারী, সেবক পালকে পেশাওয়ারে বন্দী করিয়া লইয়া গিয়া মোসল্মান ধর্মে দীক্ষিত করিয়া তাঁহার নাম "নওয়াসা সাহ". রাথিয়াছিলেন।

এক্ষণে সোলতান অবগত হইলেন যে—তাঁহার অধীনস্থ উক্ত নওরাস।
সাহ্ পৰিত্র এপ্লাম ধর্ম পরিত্যাগপূর্বক প্নরার পৌত্তলিকতাকে প্রশ্রম
দান করিরাছে। এই সংবাদ পাইরা সোলতান ভারতে আসিরা সেবক
পালকে বন্দী করিরা লইরা গেলেন। তাঁহার সমন্ত ধন সম্পত্তি সোলতানের সমন্তিব্যাহারি সেনাগণ কর্তৃক লুন্তিত হইল, এবং তদবধি নওরাস।
সাহ্ বাবজ্ঞীবন বন্দী হইরা রহিলেন।

ষষ্ঠ আক্ৰমণ

পরবর্ত্তী বৎসর ১০০৮ খৃষ্টাব্দে ৩৯৯ হিজরী রবিওল-আথের মাসের শেষ দিনে, সোলতান মাছ্মৃদ পুনরার ভারত আক্রমণে বহির্গত হইলেন। সিন্ধু নাদের পূর্ব্ব তীরে, সমৃক্ত তীর হইতে একশত মাইল উত্তরে স্প্রাসিদ্ধ নগরকোট তুর্গ এই বার তাঁহারল ক্যা স্থান ছিল।

এই সমদের রাজা আনন্দপাল কাশ্মীর প্রাপ্ত হইতে চলিয়া আদিরা ভার-তের সম্দর রাজস্তবর্গের নিকট মোদলমানগণকে ভারত হইতে বিতাড়িত করিবার জন্ত দাহায্য প্রার্থনা করিতেছিলেন। হিন্দু রাজাগণও এই যুদ্ধে যোগদান করা পরম পবিত্র কর্মা ও ধর্মসঙ্গত বিবেচনার আনন্দপালের প্রভাবে সম্মত হইরাছিলেন। সঙ্গে সজে উজ্জিরনী, গোরালিয়র, কালিয়র, দিল্লী ও আজমীশ্রের রাজগণ এই ধর্ম যুদ্ধে যোগদান করিবার ইচ্ছার তাঁহাদের সম্দর শক্তি একত্রিত করিয়া বিরাট বাহিনী সম-জিব্যাহারে পাঞ্চাবের দিকে অগ্রসর হইতে লাগিলেন। ইতিপূর্কো এসলামের বিরুদ্ধে এত প্রবল শক্তি কথনও একত্রিভূত হয় নাই।

রাজা আনম্মণাল স্বয়ং এই বিশাল বাহিনী পরিচালনের ভার গ্রহণ করিলেন ও ক্রমশঃ অগ্রসর হইতে হইতে পেশাওরারের সমতল ভূমিতে গিয়া মোস্লেম সেনার সমুখীন হইলেন। এই স্থানে উভয় দৈয়া চল্লিশ দিন শিবির সরিবেশ করিয়া অবস্থান করিতে লাগিল। এই সময় মধ্যে কোন পক্ষই মুদ্ধার্থে কোনরূপ চাঞ্চল্য প্রদর্শন করিল না।

ইত্যবসরে সোলতান তাঁহার অবস্থিতি স্থান চতুর্দিকে পরিথা বেষ্টিত করিতে আরম্ভ করিয়া দিলেন ও অপর পক্ষে, ভারতের সর্বস্থান হইতে হিন্দু সৈক্ত আসিয়া বিপক্ষ সৈত্যের কলেবর পৃষ্টি করিতে লাগিল। এই সমরে দ্র দ্রান্থর হইতে হিন্দু স্ত্রীলোকেরাও তাঁহাদের অলম্বার আদি বিক্রেয় করিয়া এই মোস্লেম বিতাড়নের সাহার্য্যের জক্ত হিন্দু রাজক্তবর্গ ও সেনাগণকে সাধ্যমত অর্থ সাহায্য করিয়াছিলেন। এমন কি দরিক্র হিন্দু নারীগণও স্থতা কাটিয়া বিক্রেয়লক অর্থে এই প্রকাণ্ড বাহিনীর বথাসাধ্য সাহায্য করিতে পরাত্মথ হন নাই।

বিচক্ষণ যুদ্ধ নীতি বিশারদ মহা সেনাপতি সোগতান মাহ মৃদ, বিপক্ষের এই দৃঢ়তা ও অসম্ভব সংযোগের পরিচর পাইরা, এবার কোন ক্রমেই তাহাদিগকে প্রথমে আক্রমণ করা যুক্তিযুক্ত বিবেচনা করিলেন না। তিনি তাঁহার ছর সহস্র গোলন্দাজ সেনাগণকে, কেবল দ্র হইতে শত্রুগণের উপর শর নিক্ষেপ করিয়া তাহাদিগকে উত্যক্ত করিতে অমুমতি প্রদান করিলেন। এই সময় সোলতান মাহ মৃদ বিবেচনা করিয়াছিলেন যে—এই প্রকার শর নিক্রেপে তিনি বিপক্ষগণকে ব্যতিব্যক্ত করিয়া তাহাদিগকে ক্রমশঃ তাহার পরিধার নিকট আনিয়া কৈলিতে পারিবেন ও তৎপরে উংহার গর্ম্ম সেনাগণের সাহায্যে তথন তাহাদিগকে সমৃলে বিনাশ করিতে কৃত্রকার্য্য হইবেন।

কিছ সোল্তানের এতাধিক সতর্কতা সত্ত্বেও যথন খোরতর যুদ্ধ বাধিরা গেল, সেই সমর ত্রিংশ সহত্র ৩০,০০০ সাহসী জাঠ খোঁদ্ধা জ্বসীম সাহস প্রদর্শনে তাঁহার উত্তর পার্খের সৈত্তব্যহ ভেদ করিয়া, সোলতানের জ্বখারোহা সৈক্ত মধ্যে প্রবেশাধিকার লাভ করিল। ইহারা দেখিতে দেখিতে অল্পল মধ্যে প্রায় তিন সহস্র মোস্লেম সেনা বিনাশ করিতে ক্রতকার্য্য হইল। জাঠ সৈক্রগণ এই সময় এতদ্র বীরত্ব প্রদর্শন করিয়া-ছিল যে—মহারথী মাহ্মুদকেও তাহাদের অসির সমূধ হইতে ক্লণকালের জন্ম পশ্চাৎপদ হইতে ইয়াছিল।

এই সময় মোদ্লেম দেনাগণের অব্যর্থ লক্ষ্য শর ও প্রজ্জনিত অগ্নিবাণ নিংক্ষেপে হিন্দু সেনাপতি আনন্দপালের হন্তী ক্ষিপ্ত প্রায় হইয়া পালাইতে থাকায়, পৌন্তলিকগণ উহা প্রধান সেনাপতির পৃষ্ঠ প্রদর্শন অফুভব করিরা রণে ভঙ্গ দিয়া পালাইতে লাগিল। অধিকল্প—ইতিপূর্বে যে সকল জাঠ্ সেনা মোদ্লেম বৃহে ভেদ করিয়া তাহাদের সহিত সন্থ্য যুদ্ধে প্রবৃত্ত হুইরাছিল, তাহাদের এক প্রাণিকেও আর ফিরিতে হুইল না।

আবহলা-তাঈ পাঁচ সহস্র আরব অশ্বারোহী সেনা লইরা এবং আর্শলান্ জাজর দশ সহস্র তুর্কি, আফগান ও থিলিজী বোদ্ধার সহিত একাধিক্রমে ছই দিন ও পূর্ব ছই রাত্রি ধরিরা হিন্দু সেনাগণের পশ্চাদ্ধাবন করিলেন এবং অন্যন আট সহস্র শক্র সেনা বিনাশ করিয়াছিলেন। এই সমরে অহুগমনকারী সেনাপতিছয় যে সমস্ত ধনসম্পত্তি অধিকার- ভুক্ত করিয়াছিলেন, তাহা উভরেই সোলতান সমীপে উপস্থিত করিলেন।

এদিকে সোলভান মাহ্ন্দ স্বয়ং পলারিত প্রধান দলের স্বাহ্ণরকরিয়া, নগর-কোটের ভামনগর নামত সংরক্ষিত তুর্গ প্রান্তে আসিয়া উপস্থিত হইলেন। ভীমনগর তুর্গ তৎকালে চতুর্দিকে প্রশন্ত পরিধা বেষ্টিত উচ্চ পর্বতোপরিস্থিত একটা অতি স্থান্চ পার্বতীয় তুর্গ ছিল। ভারতের বহু নুপতি, এবং পার্থবাত্তী দেশ সমূহের ক্ষুক্ত ক্ষুদ্র রাজা ও কুনশালী লোকসমূহ, ভাহাদের যাবতীয় মূল্যবান রত্বরাজি এই তুর্গে রক্ষা করিয়াছিলেন। তুর্গমধ্যস্থ প্রকাণ্ডাকার বিগ্রহের মনস্তাহিকরে

তাঁহারা বহু অলঙ্কার ও রত্ব এই প্রস্তরময় দেবতার উদ্দেশ্যে অর্পণও করিয়াছিলেন।

সোলতান মাহ্ম্দ মনে ভাবিলেন যে—দেব মন্দিরের এই বছকাল সঞ্চিত রত্মজি এবং তুর্গ মধ্যস্থ কাক পক্ষীদের—(মোসল্মানগণ সেই সমরে রুঞ্চকার ভারতীর হিন্দুদিগকে বারস পক্ষীর সহিত তুলনা করিতেন ও ঐ নামে তাহাদিগকে অভিহিত করিতেন। "হিন্দু" শব্দ বাঙ্গালা ভাষার আতীবাচক বিশেষণ রূপে ব্যবহৃত হুইরা আসিতেছে। প্রকৃতপক্ষে হিন্দু শক্ষটী পারশিক শব্দ, এবং ঐ পারশিক ভাষার ইহার অর্থ রুঞ্চবর্ণ ও তক্ষর। পারশ্র, তাতার, তুর্কিস্থান প্রভৃতি দেশের অন্দর পৃষ্টকার গোর বর্ণের মোসলেম সেনাপত্তি ও সৈন্তর্গণ ভারতে আসিরাই সর্ব্ধ প্রথমে এই ধর্বাক্ষতি রুঞ্চকার লোক দেবিতে পাইয়া, য়্বণার সহিত উহাদিগকে এই "হিন্দু" নামে অভিহিত করিতে লাগিলেন। কালে ঐ ম্বণাবাচক বিশেষণ্টী গৌরবের জাত্যাভিমান অচক পদে পরিণত হুইরাছে। (আবু-নাসার্ আলু উত্বী রুত তওয়ারিখ-এ ইয়ামিনী।—এই সংরক্ষিত ধনরত্ম বহন করিতে নিশ্চর তাঁহার উট্টের পৃষ্ঠ ভরপ্রায় হুইবে। একারণ সোলতান এই ভীমনগর তুর্গ আক্রমণ করাই স্থির সিদ্ধান্ত করিয়া চত্দিক হুইতে তুর্গাবরোধ করিলেন।

প্রক্ত-নিম ছইতে ঝাঁকে ঝাঁকে তীর, বর্ষার বারিপাতের স্থার
ত্র্গাভাস্করে পতিত হইতে লাগিল, তৎসঙ্গে অমিততেজাঃ মোদলেম
বীরগণকে পর্যত গাত্র ছাইরা ফেলিতে দেখিয়া ত্র্গরক্ষী সেনাগণ জীত
ছইয়া আঅসমর্পণ করিল। তাহারা ত্র্গ বার খুলিয়া দিয়া "বাঞ্পক্ষী
সমক্ষে চটকের স্থার ভূল্তিত হইয়া" মোদ্লেম সেনাগণের নিকট অম্প্রাহ
ভিক্ষা করিতে লাগিল।

রণবিজয়ী সোলতান মাহ্মুদ হিন্দু সেনাগণের কাতর প্রার্থনা অগ্রাহ

করিরা, জুজ্জানের শাসনকর্ত্তা আবৃ নসর আহমদের সহিত হুর্গমধ্যে প্রবেশ করিলেন ও হুর্গমধ্যে সংরক্ষিত সমৃদর রত্মরাজি অধিকারভৃক্ত করিয়া লইলেন। যে রাশিক্ষত অর্থ ও রৌপাস্তপ তাঁহার হন্তগত হইল, সোলতান উহার রক্ষণাবেক্ষণের ভার তাঁহার প্রধান গৃহাধ্যক আলতা-তান্শ ও আসিঘ্তিগীনের উপর ক্রন্ত করিয়া, বহুমূল্য মণিম্ভাগুলি লইয়া স্বীয় অধিকারে রক্ষা করিলেন।

এই অভিযানে সোলতান এতাধিক ধনরত্ব ও অর্ণ রৌপ্য পাইরাছিলেন যে—রাজকোষে প্রেরণার্থে বহু উট্ট পৃষ্ঠে বোঝাই দিরাও বাহা উবৃত্ত রহিল, তাহা তিনি ছই হল্ডে সৈক্তগণের মধ্যে যথেষ্ট পরিমাণে বিতরণ করিয়া হল্ডের সার্থকতা উপলব্ধি করিলেন। বে পরিমাণ অর্ণ রৌপ্য মূড়া তাঁহার হল্ডগত হইল, তাহার মূল্য দার্হাম হিসাবে সম্ভর কোটারও অধিক হইবে। সোল্তান বিশুর অর্ণ ও রৌপ্যের থান (থামি) পাইরাছিলেন। এতিছির বহুমূল্যবান ক্ষা ও অদৃশ্য রেশমী বন্ধ সকল বাহা তাঁহার হন্ডগত হইয়াছিল, সেরূপ অদৃশ্য বন্ধ তাঁহার সেনামধ্যে কেছ পুর্বের কথন অবলোকনও করে নাই।

লুষ্টিত জব্যের মধ্যে একটা রৌণ্য নির্মিত প্রকাও গৃহ সোলতানের হন্তগত হয়। গৃহটীর দৈর্ঘ ৬০ হন্ত ও প্রস্ত ৫০ হন্ত পরিমাণ ছিল। এবং তাহার নির্মাণ কৌশল এরপ ছিল বে—ন্দর থানির সমন্ত অংশ খুলিরা বিশ্লিষ্ট করিরা লইরা গিরা, পরে ইচ্ছামত বে কোন স্থানে উক্ত গৃহটী অতি সহজে পুন: স্থাপন করা যাইত। এতদ্ভিম স্থাপ ও রৌণ্য নির্মিত ছিদ্রশৃক্ত স্বস্তুসমূহের উপর স্থাপিত ৮০ হন্ত লম্বা ও ৪০ হন্ত প্রস্থা অভীব অক্ষর বছমূল্য চক্রাতপ গন্ধনীধিপতি ভীমনগর হুর্গ হৃইতে সঙ্গে লুইরা গিরাছিলেন।

গঞ্জনী নগরীতে পৌছিরা সোলভান মাহ্মুদ তাঁহার প্রাসাদ অদনে

একথানি বহুমূল্য স্বদৃশ্য গালিচা বিছাইরা, তদোপরি ভারতের সমুদর রম্বাজি বিস্তৃত করিরা দিলেন। এই সমরে গজনীর অধীনস্থ রাজস্বর্গ ও অপরাপর দেশের রাজদৃত সকল এবং স্বাধীন তুকিস্থানের রাজা ভাষান্থানের দৃত প্রভৃতি উপস্থিত ছিলেন। তাঁহারা ভারত মহিত এই সমৃদর উজ্জ্বল বৃহদারতন মৃক্তা, নির্মাণ বিশুদ্ধ আভাযুক্ত চূণি-পারা-নীলা এবং জ্যোভিমান্ হীরক সকল দেখিরা চক্ষ্ স্বার্থক করিলেন ও ইপারকে ধক্সবাদ দিতে লাগিলেন।

এই বিখ্যাত মহা বিজয়ের সংবাদ পাইরা, বাগ্দাদের থলিফা কাদের বিলাহ, আমীর মাহ্মুদ-বেন-সবক্তগীনের প্রতি "সোলতান" আখ্যা প্রদান করিলেন।

নবম আক্রমণ

৪০৪ হি: ১০১৩ খৃষ্টান্দে সোলতান মাত্রুদ ভারতের কুসংস্থারাবিষ্ট দেবমন্দির ধ্বংস সাধন করিয়া পৌত্তলিকতার যথাসম্ভব উচ্ছেদ করণো-দেশ্রে, বছ সৈক্ত সমভিব্যাহারে নবমবার ভারত আক্রমণ করিলেন।

ইতিপূর্বে সিক্স রাজের নিকট হইতে সোলতান, তাঁহার ভারত আক্রমণ নিবারণের উৎকোচ স্বরূপ বাৎসরিক পঞ্চাশটী উৎকৃষ্ট হন্তী ও তৎসহ হিন্দুছানের উৎপন্ন কারুকার্থ্য খুচিত স্বদৃষ্ঠ রেশনী বন্ধ ও ছই সহত্র যুবক হিন্দু যোদ্ধা পাঠাইরা দিবার প্রভাব পাইরাছিলেন। সিদ্ধুরাজ সেই মত কিছুদিন সোলতানের নিকট হিন্দু সেনাসহ ঐ সমন্ত অক্সীকৃত ক্রব পাঠাইরাও দিয়াছিলেন।

প্রতি বংশর এই ছই সহস্র হিন্দু যোদ্ধা ইচ্ছাপূর্বক মোসুল্মানগণের সহিত যোগ দিয়া তাহাদের বেতন ভূক্ত সেনা হইরা থাকা ও তাহাদেরই আদেশে স্বজাতি, স্বধর্ম ও স্বদেশের বিরুদ্ধে যুদ্ধ করা দুইতে, তংকাধীন হিন্দুদিগের খদেশ প্রেমিকতা ও খধর্মে আস্থার হথেষ্ট প্রমাণ পাওয়া যায়।

মাত্মুদের এই নবম অভিযানে প্রথমত: তাঁহাকে সৈক্ত লইরা হিন্দু-স্থানের প্রবেশ পথে অভিশয় বিপদে পড়িতে হইরাছিল। এই সময় পর্বতে এতাধিক তুষার পাত হইরাছিল বে, কিছুদিন ধরিয়া চতুর্দিক বরফাচছয় হইয়া থাকায় পথ চেনা বিশেষ দার কইয়া পড়িল। অগত্যা অতি কটে এই বরফরাশির উপর সোলতান মাত্মুদকে সমৈক্তে অনেক দিন অপেকা করিতে হইয়াছিল।

তৎপরে মাহ্ম্দ সম্দয় সৈত লইয়া গুজরাটের রাজধানী নার্দিন (আন্হাল ওরারার নিকট) আক্রমণ করিলেন ও তাঁহার এই বিরাট বাহিনীর দক্ষিণাংশ স্বীয় ভ্রাতা সেনাণতি আমীর নসরের ও বাম ভাগ আরস্লানোল্ জেজিরের এবং পুরোভাগ প্রসিদ্ধ যোদ্ধা আব্-আবহুলা মোহাস্মদকে তাঁহার অধীনস্থ আরব অস্বারোহী সেনাদলের সহিত রক্ষা করিতে দিয়া, স্বয়ং মহাসেনাপতি স্বরূপ সমন্ত মোস্লেম সৈত্তগণকে পরিচালন করিতে লাগিলেন।

এই বিপুল বাহিনীর মধ্যভাগের পর্বত সম অচল অটল বোদাগণকে সোল্ভানের দেহ রক্ষীগণের নেভা আলভন্তাশ চালনা করিতে লাগিলেন।

রাজা নিদার ভীম এই ঝাপার দর্শনে ভীত ও স্বস্তিত হইয়া অধীনস্থ সৈনাধ্যক্ষগণকে ও রাজাদিগকে, তাহাদের সমস্ত সেনা লইয়া সমবেত হইতে আদেশ করিলেন। সৈম্পগণ রাজধানী আন্হাল-ওয়ারার প্রাস্ত দেশে সমবেত হইবার পর, রাজা এই বিশাল বাহিনী লইয়া একটা তুর্গম অপ্রশস্ত গিরিবস্মের মধ্য দিয়া পর্বত পশ্চাতে গিয়া শিবির সমিবেশ করিলেন এবং পার্বভীয় পথের প্রবেশ ঘারে বৃহদায়তন হন্তী সকল রক্ষা করিয়া উহা অবরোধ করিয়াগরাখিলেন। রাজ্ঞা মনে ধারণা করিয়াছিলেন যে, এই স্থান ধেরপ হর্গম তাহাতে মোস্লেম সৈক্সগণ কোনমতে এই অপরিচিত অপ্রশস্ত গিরিবর্ত্ত দিরা গিরি উপত্যকার প্রবেশ করিতে পারিবে না; কিন্তু শেষে রাজা নিদারভীমের নিত্রা ভাজিল, ভিনি তথন ব্ঝিতে পারিলেন যে—পরমেশ্বর ধার্মিকগণকে রক্ষা করেন ও ঈশ্বরজোহীদিগকে ধ্বংশ করেন।

এইস্থানে বৃদ্ধদেবের একটা প্রকাণ্ড মন্দিরাভ্যস্তরে একখণ্ড প্রন্তর গাত্রে, ঐ মন্দিরটা পঞ্চাশ হাজার বংসর পূর্বে প্রস্তুত লেখা দেখিতে পাইয়া, সোল্তান মাহ্মুদ ইহার প্রকৃত তথ্য অসুসদ্ধানে প্রবৃত্ত হইলেন, শেষে অনেক তর্ক বিতর্কের পর, এই দীর্ঘকাল যে অতির্ক্তিত করিয়া লেখা হইয়াছে তাহা সাবান্ত হইল।

এই অভিযানে গজ্নী অধিপতি অনেক ভদ্রবংশীয় লোককে বন্দি করিয়া লইয়া গিয়াছিলেন। শেষে ঐ সম্মানার্হ বন্দিগণকে গজনীয় সাধারণ দোকাুনদারগণের নিকটে দাসবৃত্তি করিতে দেখা গিয়াছিল।

দশম অভিযান

থানেশ্বর।

৪০৫ হিজরীর প্রারম্ভে ১০১৩ খুটাব্দের শেষভাগে সোল্তান
মাহ্ম্দ সংবাদ পাইলেন যে—দিল্লী চইতে পে মাইল উন্তরে থানেশ্বর
রাজ্যে যুদ্ধকার্য্যে সাহায্যোপযোগী সিংহল দ্বীপের বিশুর বৃহদাকার প্ররাবত
সকল রক্ষিত আছে; এবং ঐ রাজ্য একজন ঘোর ঈশ্বরক্রোহী জড়োপাসক
রাজার রাজ্য। এই সংবাদ পাইয়া তাঁহার এই দশম অভিযান এবার
থানেশ্বরের প্রতিই ধাবিত হইল।

ইতিপূর্বে পাঞ্জাব জয়ের পর সোল্তান, রাজা আনন্দপালকেই করদ রাজা স্বরূপ তাঁহারই সিংহাসনে অধিরূচ করিয়া তাঁহার সহিত সন্ধিপত্তে আবদ্ধ হইরা থাকার, এই অভিবানে তিনি আনন্দপালকে বলিরা পাঠাইলেন বে—তাঁহার রাজ্যাভ্যন্তর দিরা সৈত্র চলাচল করিলে তাঁহার কোন অনিষ্টের সন্তাবনা নাই; বরং এক্ষেত্রে মোস্লেম সেনাগণকে তাঁহার রাজ্যের সীমা অতিক্রম করাইরা দেওরা পর্যান্ত রাজকীর কর্মচারীগণ গজ্নীর সেনাগণের সমন্তিব্যাহারে থাকিলে, তাঁহার প্রজাগণের প্রতি কোনই অনিষ্টপাতের আশহা থাকিবে না।

রাজা আনন্দপাল এই প্রস্তাবে সম্মত ও সম্ভাই হইয়া স্বীয় লাতাকে দুই সহস্র অখারোহী সহ সোল্তানের নিকট পাঠাইয়া দিলেন, এবং মোস্লেম সেনাগণের আবশ্রকীয় সম্দর থাত ক্রব্যাদি সংগ্রহের যথাসাধ্য সাহায্য করিতে লাগিলেন।

রাজার উপদেশ মতে তদীয় প্রাতা, সোলতান মাহ্মুদকে থানেশ্বরের মন্দির ধবংস না করিবার জক্ত যথাসাধ্য অস্তনয় বিনর করিতে লাগিলেন। তিনি সোল্তানকে ব্যাইবার বিস্তর চেষ্টা করিলেন ও শেষে বলিলেন বে,—"দেবমন্দির জয় করা এস্লামের ধর্ম সক্ষত কার্য্য বলিয়া তদীয় রাজপ্রাতা নগরকোটের ছর্গ মন্দির ধবংসের সময় মহামান্ত সোল্তানের সহিত বেরূপ ব্যবহার করিয়াছেন, তাহার বিনিময়ে হিন্দুদিগের এই মহাতীর্থ থানেশ্বরের মন্দির নষ্ট করিবার অভিলায ত্যাগ করিলে, রাজানিজে তৎপরিবর্জে গজ্নী নৃগুরীতে প্রতি বৎসর ৫০টা অতি বৃহৎ মাতক ও তৎসহ যথাসম্ভব রত্নরাজী উপঢ়োকন প্রেরণ করিতে বাধ্য থাকিবেন; এবং থানেশ্বর রাজ্য সহক্ষেও তাঁহাকে কর দিয়া তাঁহার করদ রাজ্য মধ্যে পরিগণিত করিবার জক্ত রাজার নিকট প্রস্তাব করিয়া যথাসাধ্য চেষ্টা করিবেন। শ

ধর্মপ্রাণ মাহ মৃদ উত্তর দিলেন :--

[&]quot;আমি থোদাতামালার অমুগ্রহ ভিক্ষা করিয়া ভারতবর্ষ হইতে

পৌন্তলিকতা উচ্ছেদ করিবার ব্রতে ব্রতী হইরাছি; এমতাবস্থার কি প্রকারে থানেশ্বরের দেবমন্দির রক্ষা করিতে পারি!

গজ্নীপতির এই উত্তর ও দৃঢ় প্রতিজ্ঞার আভাষ সঙ্গে সঙ্গে থানেশ্বর ও দিল্লীর পরাক্রান্ত রাজসমীপে প্রেরিত হইল। তিনিও অবিলম্বে ভারতের ধাবতীয় রাজক্ত বর্গের নিকট সংবাদ প্রেরণ করিলেন বে—

মাহ মৃদ অকারণ বছ অভিন্নু সেনা লইরা তাঁহার সংরক্ষিত হিন্দুর প্রধান তাঁর্থ থানেশ্বরের দেব মন্দির ভগ্ন করিতে আসিতেছেন। এই সাগর তরক্ষের সন্মুখে সত্ত্র দৃঢ় প্রতিবন্ধক উপস্থাপিত করিতে না পারিলে ইহা সমন্ত হিন্দুস্থান গ্লাবিত করিবে, এবং কৃত্র বৃহৎ সমন্ত রাজ্যই ইহা অচিরে গ্রাস করিরা ফেলিবে। অভএব সমন্ত হিন্দু শক্তি থানেশ্বরে কেন্দ্রীভূত হইরা ইহার অপ্রতিহত গতির বাধা প্রদান করা ও হিন্দুধর্মের এই বোরশক্ত চির নিপাত করা একাল্ক কর্তব্য।

ইন্দ্রপ্তাহ রাজের এই ধর্মডকা বাজে হিন্দুখানের সকল হিন্দু রাজাই যথা সম্ভব সেনা ও রসদ সমভিব্যাহারে যুদ্ধক্ষেত্র থানেখনের সমবেত হইতে কাগিলেন।

এদিকে মহাবল পরাক্রান্ত অতুল তেজঃ ধর্মপ্রাণ মাহ্মুদ, এস্লামের বিহ্নর পতাকা উড্ডীন করিয়া, পৌত্তলিকতা নিশ্বল করিবার মানসে, বছ সেনাসহ জ্বলশৃত্ত মরুভূমি,—যাহাতে ইতিপূর্বে কথনও মহয় বা ঘোটকের পদচিহ্ন অহিত হয় নাই,—সেই ভয়াবহ মরুদেশ পার হইয়া আধুনিক পানিপথের নিকটবত্তী থানেষরে উপস্থিত হইলেন।

তৎকালে যমুনা এই থানেখনের পদধৌত করিয়া প্রবলবেগে প্রবাহিত হইত। সোল্তান বেছানে নদী একটা গিরিবছোর মধ্য দিয়া থরবেগে প্রবাহিত হইতেছিল, তথার গিরা উপস্থিত হইলেন। অপর দিকে পৌত্র-লিকগণ সন্মুখে বহু পর্কতাকার কৃষ্ণকার ঐরাবত সকল রক্ষা করিয়া তৎপশ্চাতে অসংখ্য অখারোহী ও পদাতিক সৈত্ত লইয়া অবস্থান করিতেচিল।

সোল্তান তাঁহার রণকোশলজাল বিন্তার করিয়া, তাঁহার কতকগুলি সেনা নদীর হুইটা অগজীর স্থান পার হইয়া হুইদিক হইতে শক্রগণকে আক্রমণ করিতে পাঠাইলেন; এবং তাহারা যোরতর যুদ্ধে নিযুক্ত থাকা কালে স্বয়ং, সমস্ত শক্তি লইয়া অবশিষ্ট বিপক্ষগণকে উত্তর পর্বতের মধ্যবর্ত্তী স্থানে ভীষণবেশে আক্রমণ করিলেন।

মাহ্ম্দের এই প্রচণ্ড আক্রমণের প্রতিবন্ধকতা করিবার ক্ষমতা ত্র্বলহন্ত পৌতলিকগণের ছিল না, এরং সন্ধার প্রাক্তালে মোস্লেম অসির
নিকট সম্পূর্ণরূপে পর্যুদন্ত ও লাঞ্চিত হইরা হিন্দু সৈম্বগণ রণে ভন্ধ দিরা
বে বেদিকে পাইল পলায়ন করিতে লাগিল। তাহারা তাহাদের এই
সমন্ত শ্বলিক্ষিত হন্তীগুলি পশ্চাতে ফেলিয়া পলায়ন করিল। কেবলমাত্র
একটা শিক্ষিত হন্তী পলাইয়া বাইতে সক্ষম হইয়াছিল, তন্ধাতীত উহাদের
রণহন্তীগুলি মোস্লেম সেনাগণ, সোল্ভানের শিবিরাভিম্থে তাড়াইয়া
লইয়া গেল।

এই যুদ্ধে পৌত্তলিকের শোণিত প্রবাহ এরপভাবে প্রবাহিত হইয়াছিল যে—রভে নদীর জল বিবর্ণ হইয়া গেল, এবং কয়েক দিবস পর্যান্ত উহা পানের সম্পূর্ণ অযোগ্য হইয়া রহিল। নিশাগমে পৌত্তলিক সেনাগণ পলায়ন করিয়া আত্মগোপন করিতে সমর্থ না হইলে, এই যুদ্ধে এক প্রাণীয়ও ফিরিবার আশা থাকিত না। জগদীয়র তাঁহারই ধর্মান্তবর্ত্তীগণকে সর্বত্ত বিজয়ী করেন।

এই খোরতর যুদ্ধ জয়ের পর, ধর্মপ্রাণ মাহ্মুদ, দেব মন্দিরে প্রবেশ করিরা ভারতের বৃহ পুরাতন বিগ্রহ জুগ্-সোমের মন্তক চূর্ণ করিলেন ও ঐ অবস্থার পৌত্তলিকগণের এই কুসংস্কারের প্রভারস্কুপ গঙ্গনীর জামের মস্জিদে সর্ব্বসাধারণ সত্যধর্মাবলম্বীপণের প্রতিনিয়ত উঠিবার সোপান ম্বরূপ ব্যবহৃত হইবার জক্ত প্রেরণ করিলেন। অক্তাক্ত দেবমূর্ত্তি-গুলিও সঙ্গে সংক্র চুর্ণীকৃত হইরা ধরাবলুক্তিত হইতে লাগিল।

এই দেব মন্দিরে সোল্তান যে সমস্ত রম্বরাজী প্রাপ্ত হইলেন, তাহার মধ্যে একটা অকলক বৃহদাকার মাণিক (চুণি) ছিল; ষাহার ওজন তৎসামর্থিক প্রসিদ্ধ রম্ব ব্যবসায়ী হাজি মহম্মদ কান্দাহারী ৪৫০ মেস্কাল উল্লেখ করিয়া গিয়াছেন। আয়তনে ও নির্মাল্যে উহার তুল্য রম্ব তৎপূর্বে মানব চক্ষ্ কখন দেখে নাই বা কর্ণে শুনে নাই।

থানেশর করায়ত করিয়া সোল্ডান মাহ্ম্দ দিলী আক্রমণ করিবার সংকল্প করিলেন। কিন্তু তাঁহার অধীনস্থ ওমরাহ্ ও সেনানীগণ, পাঞ্চাবে কোন মোসল্মান শাসনকর্তার অবন্দোবন্ত না হওয়া পর্যান্ত লাহোরের করদ রাজা আনন্দপালের উপর সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করা মুক্তিস্থত নহে, প্রভৃতি নানারূপ যুক্তিপূর্ণ তর্ক ও উপদেশ ঘারা সোল্তানকে তাঁহার আর অধিক অগ্রসর হইবার সংকল্প হইতে বিরত করিলেন। বাহা হউক আনন্দপাল, সোল্ভানের এই অভিবান হইতে প্রত্যাবর্ত্তন কালে, তাঁহার প্রতি সৌজক্র ও নম্রভার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন।

থানেশ্বর জয় করিয়া ফিরিবার সময় মোসল্মান সেনাগণ অস্থান তুই লক্ষ বন্দী নরনারী সঙ্গে লইয়া গেলেন। গজ্নী রাজধানীতে ঐ সকল হিন্দুবন্দী বন্দিনী রাজপথে বেড়াইবার সময়, উহাকে ভারতের কোন বৃহৎ নগর বলিয়াই অস্মিত হইত। সোল্তানের সামান্ত সামান্ত সেনারাও পর্যান্ত থানেশ্বর বিজয়ের পর, প্রত্যেকে অনেকগুলি করিয়া হিন্দুবন্দী বন্দিনী, গোলাম ও বাদি অরপ তাহাদের নিজ্ঞ নিজ্ঞ আংশে পাইয়াছিল। (ফেরেন্ডা)

একাদশ অভিযান।

মথুরা ও কাশ্যকুজ

একাদশ অভিযানে অন্তান মাহ মৃদ, হিন্দু তীর্থ দেবমন্দির সমাকীর্ণ পৌত্তলিকগণের পরমারাধ্য, বিষ্ণুর পূর্ণাবতার শ্রীক্ষের জন্মভূমি মথুরা, এবং ব্রাহ্মগণের মূল আবাস ভূমি কনোজ আক্রমণে বহির্গত কইলেন।

৪০১ হিজরী রবিজ্ঞাল-জাখের ১০১৮ খুষ্টাব্দের সেপ্টেম্বর মাসের শেষ ভাগে সোল্ভান, ধর্মমুদ্ধে প্রাণ বিসর্জন দিতে উৎস্থক মাত্র বিংশতি সহস্র উৎকৃষ্ট জ্বারোহী লইয়া, খোদা-ভাজালার নাম গ্রহণে গজনী পরিত্যাগ করিলেন। এই জ্বভিষানে তিনি তিন মাসকাল স্ববিজ্ঞান্ত পরিপ্রথমে, একপ্রকার সাক্ষ্যান্ত নিজোর নিকট বিদয় গ্রহণে, পথে বহু পার্বভীয় হুর্গ ধ্বংস করিতে করিতে জ্ঞাসিয়া, শেষে রাজা হুরদৎ রায়ের প্রসিদ্ধ বরণ হুর্গ প্রান্তে (জ্ঞাধুনিক বুলন্দ সহরের সম্লিকটে) শিবির সমিবেশ করিলেন।

সত্য ধর্মাবলম্বীগণের এই ধর্মঘুদ্ধে আগমন সংবাদ শ্রবণে, রাজা হরদৎ রাব্যের ভবে উক কম্পন আরম্ভ হইল। তিনি আনেক তর্ক বিতর্কের পর পবিত্র এদলাম ধর্মাবলম্বন করাই যুক্তিসক্ষত বিবেচনার দিশ সহস্র সলী-সহ সোল্তান সমীপে উপস্থিত হইয়া মোসলমান ধর্মের আশ্রয় গ্রহণ করিলেন।

এই স্থানে করেক দিবস বিশ্রামান্তে সোল্ভান, কুলচাঁদের গাজ্য আক্রমণ করিলেন। রাজা কুলচাঁদ একজন পরম তাবক হিন্দু রাজা ছিলেন। তিনি স্বধর্ম পরিত্যাগ করা ভিন্ন এই বিজয়ী মোসলেম সৈক্সগণকে কোনমতে যুদ্ধে বিরত করা সম্ভবপর নহে বিবেচনা করিয়া স্বীর দৈক্ত সম্ভার ও হন্ডী আদি লইরা অবেণ্য মধ্যে আশ্রর গ্রহণ করিলেন।

গজনীধিপতি তাঁহার সৈক্তনিগের মধ্য হইতে অল্প সংখ্যক সৈক্ত বাছিলা লইলা তাহানিগকে রাজা কুলচাঁদের অন্থসরণে অরণ্য মধ্যে প্রেরণ করিলেন। অল্পকাল মধ্যে উহারা 'মহাবন' নামক অরণ্য-হর্গ মধ্যে রাজ সৈক্তগণের সন্ধান পাইল। তথন মোদলেম্ বীরগণ আল্লাহো-আক্বর রবে অরণ্য প্রতিধানিত করিলা হর্গ আক্রমণ করিলেন ও তরবারি এবং বর্শাঘাতে ইখরোলোহীগণকে ভ্তলশারী করিতে লাগিলেন। শেষে হিন্দু সেনাগণ হর্গপাদদেশ-বাহিনী খরন্যোতা যমুনা নদী পার হইলা পলায়নের চেন্তা করিল। কিন্তু অকৃতকার্য্য হইলা তাহাদের মধ্যে অধিকাংশ বন্দী হইলা পড়িল, অবশিষ্ট জলমগ্য হইলা প্রাণ হারাইল।

এই যুদ্ধে প্রার পঞ্চাশং সহস্র হিন্দু বোদ্ধা মোদ্লেম তরবারির মুখে ও জলময় হইরা প্রাণ বিদর্জন দিয়াছিল। রাজা কুলটাদ সন্ত্রীক হস্ত্রী আরোহণে নদী পার হইবার সমর মোদলেম সেনাগণ কর্তৃক পরিবেষ্টিত হইরা ধৃত হইবার প্রাক্তালে, তিনি একটা বৃহৎ ছুরিকা দারা প্রথমতঃ স্বীর সহধ্যমিনীকে স্বহুন্তে হত্যা করিয়া, পরে নিজের বক্ষে ঐ তীক্ষাগ্র ছুরিকা আমূল বিদ্ধ করিয়া আত্মহত্যা করিলেন।

এই যুদ্ধ জারে মাহ্মুদ ১৮৫টা রণহতী ও আনেক যুদ্ধান্ত পাইরা ছিলেন।

অতংপর সোল্তান হিন্দু তীর্থ মথুরা নগরের দিকে অগ্রসর হইতে লাগিলেন। দেখিলেন বছ পুরাতন মথুরা চতুদ্দিকে প্রস্তর নিশ্বিত উচ্চ প্রাচীর বেষ্টিত স্থান্তর নগর; যমুনার দিকে তাহার ছইটা প্রকাণ্ড পুরহারণ নগরের উত্তর পার্থে অস্তান এক সহস্র দেবমন্দির; এবং এই সমৃদদ্ধ প্রস্তার নির্মিত মন্দিরগুলির সর্বাকে লোহ শলাকা বিদ্ধ করিয়া উহার প্রান্তভাগ রিভেট্ করণদারা ঐ গুলি যধাসাধ্য স্থদৃঢ় করিয়া নির্মাণ করা হইয়ংছে।

নগরের মধ্যস্থলে একটা অতীব স্থদৃশ্য বৃহদায়তন দেব মন্দির, যাহার সৌন্দর্য লেখনী ঘারা বর্ণনা করা যায় না। সোলতান মাহ্ম্দ স্বয়ং এই মন্দির সম্বন্ধে এইরূপ বর্ণনা করিয়াছেন বে—শত কোটা স্বর্ণ দিনার ব্যয় ব্যতীত ও শতশত বহুদশী জ্ঞানী শিল্পিগণের ছই শত বৎসরের কঠিন পরিশ্রম ভিন্ন এইরূপ একটা মন্দির গঠিত হইতে পারে না।

এই প্রকাণ্ড স্থান্থ দেব মন্দিরাভান্তরে পাঁচটা স্বর্ণ নির্দ্ধিত দেব মৃর্দ্ধি রক্ষিত ছিল। তাহাদের প্রত্যেকের উচ্চতাও দশ হত পরিমাণ ছিল। একটা বিগ্রহের চক্ষ্ তুইটা, যে তুই খানি চুণি নিশ্মিত ছিল, উহার প্রত্যেক খানির মূল্য পঞ্চাশ হাজার নিনারের কম নহে। অপর একটা মৃর্দ্ধির চক্ষ্ উজ্জ্বল রত্ন নীলা হারা প্রস্তুত। সেই তুইখানি নীলার ওজন প্রায় ৪৫০ মেস্কাল হইরাছিল। এই পাঁচটা স্থা বিগ্রহ ভগ্ন করিয়া, সোল্তান মাহ্মুদ যে পরিমাণ উৎকৃষ্ট স্বর্ণ পাইলেন, তাহার ওজন ৯৮ হাজার তিন শত মেস্কাল হইল। এতান্তর মন্দির মধ্যে তুই শত রোপ্যমর মৃত্তিও ছিল। কিছু সেইগুলি ভালিয়া ওজন না করিয়া, ঐ অবস্থাতেই গজ্নীতে প্রেরিত হইল। বিগ্রহ ভরের পর সোল্তান সমৃদ্ধ, দেব মন্দিরগুলি প্রথমতঃ অগ্নি সংবাগে পোড়াইয়া দিতে ও তৎপরে চুণ্ করিয়া ভূমিসাৎ করিতে অক্সমতি দিয়াছিলেন।

মণ্রা বিজ্ঞরের পর সোল্তান তথা হইতে ১৫০ দেড় শত মাইল পূর্ব্ব-দক্ষিণস্থিত, গলা তীরবর্ত্তা ব্রাহ্মণপ্রধান কাজকুল রাজ্য আক্রমণের টুচ্ছা করিয়া, যাত্রার ফলাফল দেখিবার ইচ্ছায় ঈশ্বরোণাসনাল্যে তাঁহার পবিত্র বাণী কোব্সান শ্লিতেই, "হতুহ্" শব্দের উপর তাঁহার দৃষ্টি পতিত হইল। এই "কতৃহ্" অর্থাৎ যুদ্ধ জয় শব্দে হঠাৎ গজনীপতির দৃষ্টি আরুষ্ট হওয়ায়, তিনি পরমেয়র-দ্রোহী পৌত্তলিক ব্রাহ্মণগণের বিরুদ্ধে ধর্মযুদ্ধ করাই খোদাতাআলার অভিপ্রেত বিবেচনায়, অধিকাংশ সেনা মথুরায় রক্ষা করিয়া, অত্যন্ত্র সংখ্যক সৈক্ত স্মভিব্যাহারে কনোজরাজ কুঙার রায়ের বিরুদ্ধে যাত্রা করিলেন। রাজা, পৌত্তলিকতার ধ্বংসকারী প্রবল পরাক্রান্ত শক্তির আগমন বার্ত্তা পাইয়া, স্বীয় সৈক্ত সামন্ত লইয়া ৮ই সাবান তারিখে নগর পরিত্যাগ পূর্বক গঙ্গা পার হইয়া, একজন অধীনস্থ রাজার রাজ্যে আগ্রম গ্রহণ করিলেন।

এই সময় সোল্তানের আগমনে নগরের অনেক লোক স্থ-ইচ্ছায় পবিত্র ধর্মে দীক্ষিত হইল। মাহ্ম্দ কনোজের সমৃদয় দেবমন্দিরগুলি ভূমিসাৎ করিতে আজ্ঞা দিলেন। এই নগরে সেই সময় কৃদ্ধে বৃহৎ প্রায় দশ সহস্র দেবমন্দির বিভয়ান ছিল। নগরবাসিগণ তাহাদের নিত্য আরাধনা ও সাধনার ধন, এই বত শতান্দীর স্বত্নরক্ষিত মৃক ও বধির দেবম্র্তিগুলির শোচনীয় অবস্তা স্বচক্ষে দর্শন করিবার ভয়ে নগর ছাড়িয়া প্লায়ন করিল।

এই স্থান হইতে মাহ্মুদ, ব্রাহ্মণগণের অধিকৃত অপর একটা হুর্গ,
মূঞ্জ আক্রমণ করিলেন। প্রথমত: হিন্দু সেনাগণ তাহাদের সাধ্যমত বাধা
প্রদান করিল। ভ্রশেষে তুর্দ্ধ মোদলেম সেনাগণের হন্তে তুর্গ সমর্পণ
করিয়া পলায়ন করিতে লাগিল ও অনেকেই এদ্লামের তরবারির তলে
প্রাণ হারাইল।

অতঃপর সোল্তান একজন হিন্দু রাজাকে কান্তকুজের সিংহাসনে অধিষ্ঠিত করিয়া, বহু সংখ্যক পৌত্তলিক বন্দী ও বন্দিনী এবং বিশ্বর ধন-রত্ব ও স্বর্ণ-রৌপ্যাদি লইয়া রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিলেন। এই অভি-যানে গঙ্গনীধিপতি ভারত হইতে এতাধিক নরনারী সঙ্গে লইয়া গিয়াছিলেন

৬

বে——রাজধানীতে গিয়া শেষে উহারা ছই দেরহাম হইতে দশ দেরহাম
মাত্র মৃল্যে এক একজন বিক্রীত হইতে লাগিল। দ্রবর্ত্তী মাওরারআন্—নাহার, ইরাক ও থোরাসান হইতে দাস ব্যবসায়িগণ আসিরা
ভারতের এই অভাগ্য বন্দী ও বন্দিনীগুলিকে কিনিয়া লইয়া গিয়া
ভাহাদের দেশ পরিপূর্ণ করিতে লাগিল।

দ্বাদশ অভিযান।

হি: ৪>২ সালে গজ্নীপতি সংবাদ পাইলেন বে,— হিন্দুজানের কতকগুলি রাজা, কনোজ রাজের গজনীপতির বখতা দ্বীকারের জন্ত তাঁহার উপর অসম্ভষ্ট হইয়া তাঁহার রাজা আক্রমণ করিয়া রাজাকে নিহত করিয়াছে। এই সংবাদে সোল্ভান পূর্ব্বপূর্ব বারের অপেক্ষা অধিক সৈন্ত সংগ্রহ করিয়া, তাঁহার চির উপ্সিত ও রাজ সিংহাসন অপেক্ষা আনন্দ দায়ক, অশ্ব পৃষ্ঠস্থিত চর্ম নিম্মিত জিনে আরোহণ করিয়া রাজধানী পরিত্যাগে ভারতের দিকে অগ্রসর হুইলেন।

এইবার সোল্তান মাহ্ম্দ লাহোরের পথ দিয়া অগ্রসর হইতে লাগিলেন। তথাকার রাজা পৃথীরাও জয়পাল, এই মোদ্লেম বাছিনীর গতিরোধ করা সাধ্যাতীত দেখিয়া বৃদ্দলথতের প্তাপান্থিত রাজা কালিঞ্জর রাজ নন্দের শর্ণাপম হইলেন। দেখিতে দেখিতে আরও অনেক রাজা মোদ্লেমগণের বিরুদ্ধাচরণ করিবার জক্ত সদৈক্তে রাজা নন্দের সহিত যোগদান করিলেন।

মাহমুদ যম্নার তীরে আদিরা দেখিলেন যে, নদীর অপর পার্পে পৃথীরাও জয়পাল, কালিজার রাজের উৎসাহে উৎসাহিত হইয়া বহু সৈজ সমভিব্যাহারে তাঁহাকে বাধা দিবার জন্ত অপেক্ষা করিতেছেন। উভদ্দ সৈল্পের মধাবাধী যম্না মদীও তথন হাঁটিয়া পার হইবার উপযুক্ত নছে। সোল্ভান এই অবস্থা দেখিরা তাঁহার সেনাগণের প্রতি আর যম্না পার হইবার অন্নমতি দিলেন না।

রাত্রিষোগে গন্ধনীপতির অজ্ঞাতে, তাঁহার দেহরক্ষী সেনা মধ্য হইতে মাত্র আটজন বীর, সম্ভরণ বারা নদী পার হইল। তৎপরে এই অমিততেজা ধর্ম উৎসাহে উৎসাহিত যুবকাষ্টক বীর হুদ্ধারে পৃথীরাওয়ের সেনা-মধ্যে নিপতিত হওয়ায়, তাহারা অকস্মাৎ ভয়ে অনক্রোপায় হইয়া পলায়ন করিতে লাগিল। রাজা জয়পাল কোনমতে তাঁহার সেনাগণকে নিরন্ত করিতে না পারিয়া; শেষে কয়েক জন বিশ্বাসী সেনা সমভিব্যাহারে নিজেও পলায়ন করিতে বাধ্য হইলেন। মোস্লেম যোদ্ধগণ তাহাদের পশ্চাদ্ধাবন করিয়া নিকটবর্জী বারী নগর পর্যান্ত পৌছিল, এবং ঐ নগর রক্ষীশৃশ্র দেখিয়া, তাহারা কতকগুলি দেবসন্দিরে প্রবেশ পূর্বক দেব-মৃত্তি ধ্বংস করিয়া চলিয়া আসিল। (তরকতে-আক্বরি, নেভামদ্দীন, ফেরেশ্তা, উৎবী ও আবু রায়হান আল্-বিক্নী কৃত তারিখুল্ হিন্দ্)।

এই স্থান হইতে সোল্তান মাহ মৃদ কালিঞ্জর অভিমূপে গমন করি-লেন। রাজা নল এই মোল্লেম শক্তির অভ্যর্থনা করিবার জক্ত ৩৬ হাজার আখারোহী, এক লক্ষ পাঁচ হাজার পদাতিক এবং ছয় শত চল্লিশটী বিশালকায় যুদ্ধ মাতক প্রস্তুত রাথিয়াছিলেন।

সোল্তান প্রণ্মেই দূত প্রেরণে পৌত্তলিকতা পরিত্যাগ পূর্বক রাজা নদ্দকে এদ্লাম ধর্ম গ্রহণ করিতে আদেশ করিলেন। রাজা তাঁহার প্রস্তাবে সম্পূর্ণ অসমতি প্রকাশ করতঃ. বরং তিনি—"থোদা-তা-ম্বালার সহিত যুদ্ধ করিতে প্রস্তুত" এইরূপ সংবাদ দিয়া পাঠাইলেন।

সন্ধ্যার প্রাক্তালে গজ্নীপতি একটা উচ্চ পর্বতোপরি দণ্ডারমান হইয়া শক্র সেনার অসংখ্যতা নিরীক্ষণ কারতেছিলেন। হিন্দু সেনাগণের দৃঢ়তা দেখিয়া তাঁহার বীর হদরও ক্ষণেকের কর বিচলিত ইইয়া উঠিল। তথন তিনি, এই ধর্মযুক্তে জয়লাভের জন্ম পরম করুণা নিদান থোদাতাব্যালার নিকট কার্মনে প্রার্থনা করিতে লাগিলেন।

হঠাৎ রাত্রি সমাগমে রাজা নন্দের প্রাণে যেন কোন দৈব শক্তি প্রভাবে দারুণ শঙ্কার সঞ্চার হইল ও তিনি গোপনে তাঁহার সমন্ত সৈক্ত সন্তার পরিত্যাগ পূর্বক, মাত্র করেকজন দেহরক্ষী সজে লইরা পলায়ন করিলেন।

পরদিবস প্রত্যুদ্ সৈম্পণ রাজার হঠাৎ নিরুদ্ধেশর কোন কারণ নিরুপণ করিতে সমর্থ না হইয়া, যে যেদিকে পারিল পলায়ন করিতে আরম্ভ করিল। অল্লক্ষণ মধ্যে প্রকাণ্ড সেনা-নিবাস জনশৃষ্ঠ হইয়া পড়িল। সোল্তান প্রথমত: ইহার ভিতর কোন সামরিক হুরভিসন্ধি নিহিত আছে বিবেচনায়, অভিনিবেশ সহকারে অবস্থা পর্য্যবেক্ষণ মানসে একাকী অশ্বারোহণে বাহির হইলেন। পরে ঐ স্থানের মৃত্তিকা নিমে যুদ্ধ সম্বন্ধীয় কোন কৌশল-জাল রক্ষিত হয় নাই সিদ্ধান্ত করিয়া, স্বীয় স্নোগণের প্রতি লুঠনের আদেশ প্রদান করিলেন।

বিনা যুদ্ধে নন্দরাকার পাঁচ শত আশিটী উৎক্ট যুদ্ধ হন্তী ও অনেক রসদ মোসল্মানগণের হন্তগত হইল। সোল্তান ঈশ্বরকে আন্তরিক ধক্সবাদ দিরা এই সমস্ত লইয়া তথা হইতে গজ্নী প্রত্যাবর্ত্তন করিলেন। (তব্কতে আক্বরা) °

ত্রয়োদশ অভিযান।

পর বৎদর ৪১৩ হিজরীতে সোল্তান সংবাদ পাইলেন যে—জালালা-বাদ ও পৈশাওরের মধ্যবর্তী কীরাত ও নৃর নামক পার্বতীয় দেশের • অধিবাসিগণ ত্রস্ত পোত্তলিক এবং সেই সঙ্গে সিংহ উপাসক। তিনি তাঁহার স্বদেশের নিক্টবর্তী এই পৌত্তলিকগণকে পবিত্র একেশ্বরবাদিন্তের উজ্জ্বল আলোক প্রদান করিবার জন্ম মহাবান্ত হইয়া, তাহাদের বিশ্লুদ্ধে বাজা করিলেন। কীরাত রাজ অচিরে আহুগত্য স্বীকার করিয়া এসলাম ধর্ম গ্রহণ করিল। সজে সঙ্গে তাহার প্রজাবৃদ্ধ সকলেই মোস্লেম ধর্মে দীক্ষিত হইল।

তৎপর সোল্তান তাঁহার সেনানী সাহেব আলিকে ন্র দেশ অধিকার করিতে পাঠাইয়া দিলেন। সৈন্তাধ্যক্ষ অতি সহজে ঐ দেশ জয় করিয়া, তথায় একটা তুর্গ নির্মাণ করিলেন ও আলি-বেন কাদেরকে তথাকার শাসনকর্তা নিযুক্ত করিয়া, সকলে গজনী প্রত্যাবর্তন করিলেন। বলা বাহুল্য এই উভয় দেশের সমস্ত অধিবাসীবৃদ্ধ পবিত্র এস্লাম ধর্মের আশ্রম গ্রহণ করিল।

চতুর্দশ অভিযান।

১০২২ খৃষ্টাব্দে সোলতান মাহ মৃদ গোয়ালিয়র ও পুনরায় কালিঞ্জর আক্রমণ করিলেন। ইহাই কাহারও মতে সোলতানের পঞ্চদশ বারের ভারত আক্রমণ বলিয়া বিখ্যাত। এই আভ্যানে গোয়ালিয়র রাজ অনেক উপঢৌকন প্রেরণ করিয়া গজনীপতির বখাতা খীকার করিলেন।

'তৎপরে মাহ্ম্দ-,বেন-সবক্তগীন ভারতের সর্বাপেক্ষা স্রাক্ষিত কালিঞ্জর তুর্গ স্থাক্রমণ করিয়া, তুর্গের চ্ছুদ্দিক বেষ্টন করিয়া উহার প্রবেশ ঘার স্ববরোধ করিয়া রহিলেন।

তুর্গাধিপ রাজা নন্দরায়, পুনরায় তাঁহার এই ত্রবছা দর্শনে গজনীপতির নিকট তিনশত হন্তী পাঠাইয়া দিয়া সদ্ধির প্রার্থনা জ্ঞাপন করিলেন।
এই সময় চতুর নন্দরায় মোস্লেম বীরের সামর্থ্য পরীক্ষার্থে এই তিনশত
হন্তী, চালকশৃষ্ণ অবছায় মোস্লেম শিবিরাভিম্থে তাড়াইয়া লইয়া গিয়া
সোল্ভান শিবিরে প্রবেশ করাইয়া দিবার অর্থমতি দিয়ীছিলেন। কিছ

তৃকী বীরগণ যথন হন্তীগুলির নিকটবন্তী হইমা, নিজ নিজ পালিত হন্তীর ক্যায় তাহাদের উপর আরোহণ করিয়া উহাদিগকে ইচ্ছামত চালাইতে লাগিল, তথন শত্রুপক্ষ তাহাদের এই সাহস ও ক্ষিপ্রকারিতা দর্শনে চমৎকৃত হইমা গেল।

সঙ্গে সজে রাজা নন্দ সোল্ভানের বখাতা স্বীকার স্থচক একটা হিন্দি স্থাতি কবিতা লিখিয়া মাহ্ম্দ শিবিরে পাঠাইয়া দিলেন। সোল্ভান তাহাতে সম্ভাই হইয়া নন্দরায়কে তাঁহার কালিজ্ঞর হুর্গ ও স্বারও চতুর্দ্দশী স্থান-বৃহৎ হুর্গ প্রভার্পণ করিলেন। পরে নন্দ প্রদত্ত বহু ধন-রত্ম সঙ্গে লইয়া গজানীতে ফিরিয়া গেলেন।

এইবার রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিয়া শোলতান মাহ্মুদ গণনা করিয়া দেখিলেন যে,—তাঁহার বিশাল রাজত্বের বিভিন্ন স্থানে তিনি ধে সমস্ত সৈক্ত ও হন্তী রক্ষা করিয়াছেন, তান্তর রাজধানীতে তাঁহার নিকট চুয়ার হাজার উৎকৃষ্ট অখারোহী ও এক সহস্র তিন শত হৃতী উপস্থিত রহিরাছে। (তব্কতে আক্বরী)।

পঞ্চদশ অভিযান। গুজুরাউ—সোমনাথ

৪১৬ হিঃ ১০২৪ খুষ্টাব্দে গ্রুকীপতি সোলতান মাহ্মুদ গুল্বাটের (তৎকালীন প্রভাস) পশ্চিম-দক্ষিণে সমূত্রতীর্ছিত প্রসিদ্ধ দেবমন্দির সোমনাথ আক্রমণ করেন।

সোমনাথে ভারতের সর্বপ্রধান ও সর্বারহৎ বিগ্রন্থ ছিল। প্রভার ভারতব্যের বিভিন্ন প্রদেশ হইতে তীর্থ যাত্রীর সমাগম হইরা, তথার সকল সময়েই অন্যন এক লক্ষ্যাত্রী উপস্থিত থাকিত। প্রতিমা পূজকগণের বিশ্বাদ ছিল যে,—মৃত্যুর পর সকলের আত্মা দেহান্তর গ্রহণার্থে তথার গিরা উপস্থিত হয়, এবং সমৃত্যুপ্ত জোয়ার ভাটার অছিলায় সোমনাথের পূজা দিয়া থাকে। এই কারণে ভারতের সমস্ত হিন্দুগণ ভারাদের যাবভীয় মৃল্যবান বস্তু দিয়া এই বিগ্রহের পূজা দিভেন। নোমনাথ মন্দিরের পাণ্ডাগণ এই সমস্ত মৃল্যবান পূজোপচার গ্রহণে খ্বই অবস্থাপন হইয়া উঠিয়াছিল। এতন্তির বিভিন্ন দেশের রাজক্রবর্গ সোমনাথের সেবার প্রায় দশ সহস্র ক্ষুদ্র-বৃহৎ গ্রাম দান করিয়াছিলেন।

মন্দির মধ্যে বহুমূল্য হুস্পাপ্য রত্মরাজির ঢেরি লাগিয়া রহিত। সোমনাথ হুইতে হিন্দুগণের মহা পবিত্র পূত-সলিলা গলা, সাত শত মাইল দূরবর্ত্তী হুইলেও, প্রত্যহ গলা জলে বিগ্রহ খৌত করা হুইত; এবং এই গলা জল আনিবার জল্ল প্রমাগ হুইতে শুর্জের দেশ পর্যান্ত 'এই বহু বিশুনি পথে, শত শত লোক অপেকা করিত। সহস্র প্রান্ধণ সমন্বরে প্রত্যেহ বিগ্রহের নিক্ট প্রাণাঠ করিতেন, এবং তৎসঙ্গে মন্দির খারে সাড়ে ভিন শত পুরুষ ও কুমারী বন্দী একত্রে নাচিয়া নাচিয়া সোমনাথ দেবের শুব-শ্বতি গাহিত। ইহারা প্রত্যেকেই উপযুক্ত বেতন পাইত।

সোল্তান মাহ্ম্দ যে সময়ে ভারতের অন্থান্থ দেশ সকল জয় করিয়া বিগ্রহ ধ্বংস করিতেছিলেন; সেই সময় হিন্দু জনসাধারণের ধারণা হইয়াছিল যে—সর্বপ্রধান জাগ্রত দেবতা সোলনাথ, এই সমস্ত ক্ষুদ্রকায় বিগ্রহগুলির উপর অসম্ভট হইয়াছেন; নতুবা মোসলমানেরা কোন মতেই উহাদিগের অনিষ্ট সাধন করিতে পারিত না। যথার্থ একেশ্বরবাদী সনাতন ধর্মায়রাগী ধর্মপ্রাণ সোলভান মাহ্ম্দ, লোক পরম্পরায় প্রভিমা প্রক্রগণের এই অন্ধ বিশ্বাসের সংবাদ পাইয়া, সোমনাথ বিগ্রহ চুর্ণ করণার্থে দৃচ প্রভিজ্ঞ হইলেন। তাঁহার মনে ধারণা হইল যে—এই সর্বজন-প্রিভ সোমনাথের জ্রবন্ধা করিয়া ও পৌত্রলিকগণকে ইহার

ব্দপদার্থতা দেথাইয়া, এই মানব হস্ত নির্মিত প্রস্তর খণ্ডের যে কোনই ক্ষমতা নাই, ইহা তাহাদের চক্ষের সমূথে প্রতিপন্ন করিতে পারিলে, নিশ্চর তমসাচ্ছন প্রস্তর পূজ্কগণ, আগ্রহের সহিত সত্য-সনাতন একেশ্বরবাদী পবিত্র ধর্মের আশ্রর গ্রহণ করিবে।

এই দৃঢ় বিশ্বাদের বশবতী হইয়া ধার্মিক-প্রবর বীর শার্দ্ধ্রণ মাহ্ম্দ, ১০ই সাবান তারিখে মাত্র ত্রিংশ সহস্র অধারোহী যোজাসহ মূল্তানের পথে অগ্রসর হইতে লাগিলেন; এবং পবিত্র রমজান মাসের মধ্যভাগে মূল্তানে পৌছিলেন। তথা হইতে জলশৃষ্ঠ মরু মধ্য দিয়া হিন্দুভানে প্রবেশের রাস্তার অবস্থা শারণ করিয়া, তিনি প্রচুর পরিমাণে রসদ ও পানীয় জল সংগ্রহ করিলেন। পরে ঐ সমস্ত দ্বেয় ৩০,০০০ সহস্র উষ্ট্র পৃষ্টে বোঝাই করিয়া, ৫০০ শত মাইল দক্ষিণস্থিত আন্হাল্ওয়ায়া অভিমধ্য যাত্রা করিলেন।

মক্তৃমি পার হইরাই মাহ্মৃদ জন-সমাকীর্ণ একটা নগর এবং তর্মধ্যে একটা প্রাচীন পার্বতীয় তুর্গ ও বিস্তর দেবমন্দির, এবং পানীয় জলের স্থান্দর স্থান্দর ইন্দারা দেখিতে পাইলেন। তিনি ঐ সমস্ত দেবমন্দির ধ্বংস করিয়া নগরবাসিগণকে এস্লাম ধর্ম গ্রহণ করিতে আহ্বান করায়, তাহারা অসমতি প্রকাশ করিল; তথন সোল্ডান রাগান্ধ হইয়া তাহাদের মধ্যে অনেককেই তরবারের আঘাতে বধ করিলেন। শেষে তথা হইতে পানীয় জল সংগ্রহ করিয়া আন্হাল্ওয়ায়াভিমৃথে অগ্রসর হইতে লাগিলেন; এবং জিল্কদ মাসের শেষভাগে তথায় আসিয়া পৌছিলেন।

আন্হাল্ওরারার রাজা ভীম সিংহ, মোসল্মানগণের আগমন বার্ত্তা পাইরাই রাজধানী পরিত্যাগ পূর্বক পলায়ন করিল। তৎপরে আমিন-উদ্-দৌলা সোল্তান মাহ্ম্দ, বাল্কাময় মরুভূমির উপর দিয়া তুই শত মাইল দক্ষিণ—দক্ষিণ পশ্চিমে গুর্জার দেশস্থিত আরব সাগরের তীরবর্ত্তী ভারতের সর্কপ্রধান হিন্দু তীর্থ সোমনাথের দিকে অগ্রসর হইতে লাগিলেন। পথে ক্ষুদ্র বৃহৎ দেবমন্দির সকল ধ্বংস করিতে করিতে অগ্রসর হইবার কালে, একস্থানে ২০,০০০ সহস্র হিন্দু সেনা তাঁহার গতিরোধ করিল। বীরকেশরী অনায়াসে তাহাদিগকে পরাভ্ত করিয়া, এবং তাহাদের দেশ লুর্গন করিয়া, সোমনাথ হইতে তৃই দিবসের পথে দেবালওয়ায়ায় পৌছিলেন। সেই স্থানের অধিবাসীবৃন্দ ও সেনাগণ কর্তৃক তিনি সোমনাথের দিকে অগ্রসর হইবার পথে আবার বাধা প্রাপ্ত হইলেন বটে, কিন্তু যুদ্ধবিভার অনভিজ্ঞ তুর্বল হিন্দু সেনাগণ, তৎকালীন জগতের অদিতীয় বীরেক্র মাহ মুদের স্থাশিক্ষিত সৈভাগণের নিকট প্রভঞ্জন-সন্মুথে ধূলিকণার ভার উড়িয়া অদৃশ্র হইয়া গেল।

জিল্-হজ্জ মাসের মধ্যভাগে বৃহস্পতিবারে পোলতান মাহম্ছ সোমনাথে গিরা পৌছিলেন। এই সময় সম্জ-তীরে তুর্গ-প্রাকারের উপর হিন্দ্ সৈক্তগণ বদিরা, মনে মনে এইবার তাহাদের দেবাদিদেব সোমনাথের বারা মোন্লেম-সেনাগণের সমূলে ধ্বংস কল্পনা করিয়া আনন্দে বিভোর হইতেছিল। হঠাৎ শুক্রবার প্রাতে সোল্তানের কতকগুলি সৈক্ত তাহাদিগকে আক্রমণ করিল। মৃষ্টিমেয় মোন্লেমের আক্রমণে, চির-তৃর্বল ভীরু প্রতিমা-পৃক্ষক সেনাবৃন্ধ ভরে প্রাচীর পরিত্যাগপ্রক তুর্গমধ্যে অবতরণ করিয়া ল্কায়িত হইল। তথন তুর্দ্ধ তুর্কি ও আফ্রগান বোদ্ধাগণ রজ্জ্বনির্মিত সিঁড়ি অবলম্বনে, ত্র্গ-প্রাকার উল্লেখন পূর্বক "আলাহো-আক্বর" রবের সহিত এন্লামের ক্ষমতা প্রদর্শন করিতে আরম্ভ করিল। এই সময় মোন্লেম-সেনাগণ কর্তৃক যে বীভৎস হত্যাকাণ্ডের অভিনয় হইয়াছিল, তাহা লেখনী মৃথে বর্ণনা করা যায় না। একদল হিন্দু সেনা, সোমনাথের প্রগ্রেময় মৃর্জির সন্ধিকটে আসিয়া ভূণতিত হইয়া, তাহাদের সে পূজা আর্চনার শ্রেষ্ঠ কেন্দ্র-সমীপে যুদ্ধ-জন্ধ ভিক্ষা করিতে লাগিল। কিন্তু

তাহার। দেখিল—ইন্দ্রির-শক্তি-বজ্জিত পাষাণ মৃত্তির অস্করেন্দ্রির তাহাদের প্রার্থনার দ্রবীভূত হইল না। ক্রমে রাত্রি সমাগত হওয়ার মোস্লেমগণ সে দিনকার মত রণে ক্ষান্ত হইলেন।

পরদিন সুর্য্যোদরের সঙ্গে সঙ্গে মোদ্লেম-বীরগণ পুনরায় ভরবারি গ্রহণ করিলেন। এবার মন্দির-রক্ষী হিন্দু সেনাগণ ধর্মার্থে প্রাণ দিতে ক্বত-সহল্ল হইয়া, যে কোন প্রকারে মোসল্মানদিগকে বিতাড়িত করিতে বদ্ধপরিকর হইল। উভয় পক্ষে ঘোরতর যুদ্ধ বাধিবার উপক্রম হইল। তরবারির যুদে হিন্দু সেনাগণের স্থান তুর্কি ও আফ্গান অসি-ব্যবসায়ী বীরগণের বহু পশ্চাতে থাকায়, তাহারা যুদ্ধারন্তেই পশ্চাৎ হটিয়া প্রাণ বাঁচাইবার জন্ম মন্দিরের ঘারের দিকে পলাইতে লাগিল। সঙ্গে সঙ্গে মোস্লেম বীরগণ অগ্রসর হইয়া ও সোমনাথের মন্দিরভার স্মাপে ভাগদিগকে ভীষণক্রণে আক্রমণ করিয়া, পৌত্তলিকগণের রক্তস্রোতে মন্দিরখার ও প্রাহ্মণ বিধোত করিয়া দিলেন। দলে দলে হিন্দু সেনা বিগ্রহের সন্মুখীন হইয়া, সোমনাথসমীপে গললয়-বল্প হইয়া করজোড়ে করুণা ভিক্ষা করিতে লাগিল, এবং দার-সান্ধিধ্যে পুনরাগমন করিয়া শেষে মোস্লেম-অসি তলে মৃত্তিকা চুম্বন করিতে লাগিল। কতকগুলি মন্দির-क्की (जना नोकारशार्ग भनावन প্রত্যাশার সমৃদ্ধ বহিয়া যাইবার পথে, মোস্লেমগণ কর্তৃক আক্রাস্ত হুইয়া কেহ ডুবিয়া মরিল, কেহ বা অস্ত্রাঘাতে প্রাণ হারাইল।

এই সময়ে ধর্মোন্মন্ত বীর আমিন-উদ্দোলা সোল্তান মাহ্মুদ মন্দির মধ্যে প্রবেশ করিয়া নিজ হত্তে তাঁহার প্রকাণ্ড যুদ্ধ-কুঠারাখাতে বিগ্রহের মন্তক চুর্ব করিলেন।

ু সোমনাথ মৃত্তিটা একথও প্রন্তর হইতে থোদাই করিয়া বাহির করা অন্তশ্স একটা পাঁচ হত্ত উচ্চ ও তিন হত্ত পরিধিবিশিষ্ট বিগ্রহ ছিল।

উহার নিমার্ক মৃত্তিকার প্রোথিত থাকিত। ভজনকক মধ্যে বাহিরের অলোক প্রবেশাধিকার না পাইলেও, আভ্যন্তরীন মণিমাণিক্যের উজ্জ্বল জ্যোতিতে ঘরটাকে সর্বক্ষণ যেন জ্যোতির্মন্ত করিয়া রাধিত।

শোল্তান বিগ্রহ ভগ্ন করিবার উদ্দেশ্যে এই খরে প্রবেশ করিবার উপক্রম করিলে, বহু সংখ্যক রাহ্মণ করজাড়ে তাঁহাকে এই কার্য্য হইতে বিরত হইবার জন্ম অন্থনর বিনয় করিল, এবং ইহার পরিবর্জে তাঁহার রাজকোষে করেক কোটি স্বর্ণ মৃদ্রা দিতে চাহিয়াছিল। বিপন্ন রাহ্মণগণের এই কাতরোক্তিতে তাঁহার অধীনস্থ করেকজন ওমরাহ, দয়াপরবশ হইয়া, সোল্তানকে এই প্রস্তাবে সম্মত হইতে অন্থরোধও করিয়াছিলেন। কিন্তু ধর্মপ্রাণ মাহ্ম্দ তাহাতে উত্তর করিলেন যে—

"আমি সমস্ত অবস্থা ব্ঝিতেছি, কিন্তু রোজ হাশরে (শেষ বিসারের দিন)
আমি স্থান মুজার বিনিময়ে পৌতালিকগণকে দেবমৃত্তি বিজ্ঞানকারী মাহ্মুদ
অপেক্ষা, দুষারজোহীগণের প্রধান দেবমৃত্তি ভগ্নকারী মাহ্মুদ বলিয়া
অভিহিত হইতে বাসনা করি।"

সোল্তান এই দেবমূর্ত্তি ভয় করিয়া তন্মধ্যে এত অধিক বছমূল্য হীরক-আদি সম্প্রবৃক্ষিত রত্ন পাইয়াছিলেন বে—এ সমস্ত রত্তের মূল্য ব্রাহ্মণগণের অজীক্বত মর্ণ মূলার শতগুণ অধিক হইবে।

সোমনাথের মৃত্তির ভর অংশগুলির মধ্যে কিয়দংশ সোল্তান গজ্নীতে পাঠাইরা দিয়া, অবশিষ্ট মক্কা, মদিনা ও অপরাপর মোসল্মান রাজত্বের প্রধান নগরসমূহে পাঠাইয়া দিলেন। গজ্নীতে এই বিগ্রহের অংশ জামে মদ্জিদের প্রবেশদ্বারের চৌকাঠের নিমে গাঁথিয়া রাথা হইল। আজ পর্যান্ত ঐ বিগ্রহাংশ সেইস্থানে বর্তমান আছে।

সোমনাথের মৃত্তির সল্লিকটে তৃই শত ভারতীয় মনের ওজনের একটা স্থবর্ণ নিম্মিত লখমান শিকলে একটা বৃহদায়তন ঘণ্টা দোহল্যমান ছিল। প্রহরে প্রহার পূজা পাঠার্থে নৃতন নৃতন আফাগগণকে আহ্বান করিবার জক্ত এই ঘণ্টার শব্দ করা হইত। পার্যবর্ত্তী তোষাধানায় বিন্তর ঘণ্নির্মিত দেবম্র্তি রক্ষিত ছিল, এবং তাহাদের মন্তকোপরি বহু মূল্যবান
মণি-ম্ক্রার ঝালরযুক্ত চক্রাতপ বিস্তৃত হইয়াছিল। এই সমন্ত দ্র্যসহ
সোমনাথ ধ্বংস করিয়া গজ্নীপতি এত অধিক মণি-মাণিক্য পাইয়াছিলেন
বে—পৃথিবীর কোন রাজা এত রত্ব কথনও একত্রে অবলোকন করেন
নাই বলিলে অত্যুক্তি হয় না।

সেই সময়ের প্রথাম্নসারে দ্রবর্তী রাজ্যের রাজতনয়াগণ পথান্ত কুমারী অবস্থার মন্দিরে আদিরা, কিছুদিন ধরিয়া সোমনাথ দেবের মনজ্ঞান্তির জক্ত, তাহার নর্ত্তকী ও গায়ীকারণে মন্দিরে অবস্থান করিতেন। চক্র ও স্থ্য গ্রহণের ক্মারে কথন কথন দ্র-দ্রান্তরের যাত্রীর সংখ্যা এথানে ছই লক্ষেরও অধিক হইত; এবং সকলেই মৃক্ত হন্তে ম্ল্যবান দর্শনী প্রদানে বিগ্রহ দর্শন করিতেন।

সোমনাথ ধ্বংস ও এই মহাবিজয়ের সংবাদ পাইরা থলিফা কাদেরবিলাহ সোলতান মাহ মৃদকে থোরাসান, হিন্দুখান, নিমরোজ ও
থাওয়ারিজম্মের রাজাধিরাজ থেতাবে ভ্ষিত করিলেন ও তাঁহার
পুত্রগণের উপর সোলতান উপাধি অর্পণ করিলেন। এতঘ্যতীত সোলতান
কাহক-দৌলত-অল্-এসলাম্ (এস্লামের রাজ্য ও ধর্ম রক্ষক) তাঁহার
মাহ মৃদকে থলিফা, জ্যেষ্ঠ পুত্র আমীর মন্মদকে শাহাব-দৌলত-অ-জামাউল্-মেল্লাত, মধ্যম আমীর মোহামদকে জালাল-দৌলত-অ-জামা-উল্-মেল্লাত এবং কনিষ্ঠ ইউসক্কে আজাদ-দৌলত-অ-মৃত্রদূল্-মেল্লাত
উপাধিতে ভ্ষিত করিলেন।

ষোড়শ অভিযান।

পর বৎসর ৪১৭ হি: ১০২৬ খৃষ্টাব্দে সোলতান মাহ মৃদ ভারতে তাঁহার শেষ বা বোড়শ অভিযান করিলেন। এই যোড়শ বা সপ্তদশ আক্রমণে তিনি ছদ্দান্ত জাঠ্দিগকে সিন্ধু নদীর জলমুদ্দে দস্তর মত নাকানি-চোকানি থাওয়াইয়া রাজধানী প্রত্যাবর্ত্তন করেন।

শেষে হি: ৪১৯ সালের ২৩ রবিরল আথের তারিখে ১০২৮ খুঃ ৩রা এপ্রিল, জগতের অভিতীর বীর ধর্মপ্রাণ রাজাধিরাজ আমিন-দৌলা, নেজাম-উদ্দীন কাহফ্-দ্দৌলত-আল্-এগ্লাম সোলতান আবুল কাসেম মাহ্মৃদ ৩৬ বৎসর রাজত্ব করিবার পর, ৬১ বৎসর বয়সে. তাঁহার চিরপ্রিয় রাজধানীগজনী নগরে ইছলীলা সম্বরণ করিলেন। ধার্মিক মোসল্মানগণ এথনও তাঁহার অদৃশ্য সমাধি পরিদর্শন করা ধর্মকার্য্য বিবেচনা করিয়া থাকেন।

পৌত্তলিক তার উচ্ছেদ সাধন হারা সত্য সনাতন ঐশ্বরিক ধর্মের আলোক বিকীর্ণ করাই তাঁহার জীবনের প্রধানতম উদ্দেশ্য ছিল। এবং সেই ধর্মার্থে যুদ্ধ ব্যতীত বীরপুলব মাহমুদ যে অকারণে ঈশ্বরের হাই কোন মানবের প্রাণনাশ করেন নাই, একথা আমরা দৃঢ়তার সহিত বলিতে পারি। রাজ্য জয় গজনী, অধিপতির অভিপ্রেত হইলে, তিনি ভারত দ্রের কথা, সসাগরা পৃথিবীর অন্যন অর্জাংশের রাজাধিরাজ বলিরাও ঘোষিত হইতে পারিতেন। তিনি গুণীর গুণগ্রাই ও বিভোৎসাহী ছিলেন। সর্বশাস্ত্রজ্ঞ পণ্ডিতমণ্ডলী তাঁহার রাজসভা আলোকিত করিরা থাকিতেন। (১। আল্-উৎবীকৃত কেতাবল্ এমিনী ২। আব্ ওমর মেন্হাজজীন কৃতৃ তব্ কতে নিসরী ৩। এব্নে আসির সম্পাদিত কামেলাতোত্ তওয়ারিথ ৪। রপ্রজাতুস সাকা ৫। জমিওতত্ তওয়ারিথ ও ৬। হবিবোস সিয়ার)।

নব্য সূৰ্গ

সোলতান মাহ্ম্দের মৃত্যুর সময়ে তাঁহার জ্যেষ্ঠ পুত্র মস্উদ্, পারশ্রের হামাদান প্রদেশের শাসনকর্তা নিষ্কু থাকার, তাঁহার অম্পন্থিতি কালে, গুমরাহ্বর্গ একমত হইয়া, মধ্যম য্বরাজ সোলতান মোহম্মদকে সিংহাসনার্ক করিলেন। কিন্তু এই নবীন যুবক অভিশন্ন নত্র প্রকৃতির থাকার, এই বিশাল সাম্রাজ্য রক্ষার সম্পূর্ণ অম্পন্মক বিবেচিত হইতে লাগিলেন। সাত মাস পরে মস্উদের বন্ধুবর্গ তাঁহাকে তাঁহার রাজ্য হামাদান হইতে ভাকাইয়া আনিয়া মোহাম্মদকে সিংহাসনচ্যত করিয়া জ্যেষ্ঠ মস্উদ্কে তাঁহার পিতৃ-সিংহাসনে বসাইলেন।

মাহ্ম্দ পুত্র সোলতান মস্উদ, নাসের উদ্দীন নাম ধারণে গজনীতে আধিপত্য করিতে লাগিলেন। তিনি একদিকে যেমন সাহসী বীর তদ্ধপ অপর পক্ষে মহান্ উদার প্রকৃতির লোক ছিলেন। তাঁহার শারীরিক বল এত অধিক ছিল যে,—তৎকালে রাজ্যমধ্যে কেহই তাঁহার নিত্য ব্যবহার্য্য যৃদ্ধ-কুঠার ভূমি হইতে এক হন্তে উত্তোলন করিতে সমর্থ হইত না। সোলতান মস্উদ, শর নিক্ষেপ ঘারা অনায়াসে একটা পূর্বয়য় হন্তী ভেদ করিতে পারিতেন।

পিতা তাঁহার এই জ্যেষ্ঠ পুত্র অপেকা মধ্যম মোহাম্মদকে অধিক স্নেছ করিতেন; কিন্তু সঙ্গে সঙ্গে তিনি মস্উদকে ভয়ও করিতেন। শেষ জীবনে সোলতান মাহ্ম্দ বাগ্দাদের থলিফাকে লিখিত অন্তরোধ করিয়া তাঁহার মৃত্যুর পর এই মধ্যম পুত্রের নামে থোত বা পাঠের অন্মতি পত্র আনাইয়াছিলেন। এই বিষয় লইয়া সোল্তানের দরবারের একজন ওমরাহ্ থোয়াজা আব্-নসর মেশ্কান, মাহ্ম্দকে জিজ্ঞাসা করায় বাদশাহ্উত্তর করিয়াছিলেন—

"আমি বিশেষরূপে অবগত আছি—কুমার মন্উদ সকল বিষয়ে কুমার মোহাম্মদ অপেক্ষা উপযুক্ত, এবং ইহাও স্থানিশ্চিত যে আমার মৃত্যুর পর মন্উদই আমার এই বিশাল রাজ্যের অধীশ্বর হইবে। আমি সেই জ্বন্সই আমার জীবিত কালে এই গরীব বেচারাকে সামান্ত একটু মান দান করিতে ইচ্ছা করি।"

পিতার উক্তি ও তৎসহ থলিফার পত্রের মর্ম্ম কুমার মন্উদের কর্ণে প্রবেশ করার তিনিও বলিয়াছিলেন যে—

"এ বিষয়ে কোনই চিন্তার কারণ নাই। নিশ্চয়ই লেখনী অপেক্ষা তরবারির ভবিষ্যৎ ব্যক্ত করিবার ক্ষমতা অধিক।"

তৎপরে সোল্তান মাহ্মুদ ইরাক জয় করিয়া জ্যেষ্ঠ পুত্র মন্উদকে ইরাকের শাসনকর্তা নিযুক্ত করিলেন, এবং সেই সঙ্গে হিরাত ও থোরাসান ভাঁহার শাসনাধীন করিয়া দিলেন।

ইন্পাহান জয় করিরার পর, মন্উদ্ লিজে রী, কাজ্উইন ও হামাদান এবং তারাম দেশ অধিকার ভূক্ত করিরেলন। এই সকল বিজয়ের
পর সোলতান মন্উদ্ধ পৃথক ভাবে বাগ্দাদের থলিফার নিকট হইতে
সম্মান পাইয়াছিলেন।

সিংহাসনারোহণের পর হি: ৪২২ সালে তিনি প্রথমতঃ পারস্থে ও তৎপরে মাক্রাণে অভিযান করেন। তৃই বৎসর ধরিয়া পোল্তান মস্উদকে পারস্থ লইয়া এত অধিক বিব্রত হইতে হইয়াছিল যে, তিনি হিন্দুন্তানের দিকে আদৌ দৃষ্টিপাত করিতে পারেন নাই। পরে ৪২৬ হিজরীতে মদ্উদ কাশ্মীরের দিকে সদৈতে অগ্রসর ইইলেন। পথে শুব শুতি ছুর্গ আক্রমণ করার, ছুর্গাধিপ এই অবস্থার তাঁহার নিকট বছ উপঢ়োকন দিতে স্বীকৃত ইরা দৃত প্রেরণ করিলেন। সোলতান মদ্উদ দৃতের প্রস্থাবে সম্মতি জ্ঞাপন করিবার উদ্যোগ করিতেছেন, এমতকালে ছুর্গ মধ্যে অবরুদ্ধ কতকগুলি মোসলমান্ সভদাগরের নিকট ইইতে একথানি আবেদন পত্র পাইলেন। তাহাতে লেখা ছিল বে—

"এই এস্লাম ধর্মাবলথী সভদাগরের দল, ব্যবসা করিবার উদ্দেশ্যে এই পথ দিয়া যাইবার কালে শুব শুভি তুর্গ রক্ষক অক্যায় মতে তাহাদিগকে ধরিয়া, তাহাদের সমস্ত ধন সম্পত্তি কাড়িয়া লইয়া তাহাদিগকে আবক্ষ করিয়া রাথিয়াছে। তুর্গাধিপের অবস্থা এক্ষণে ততদ্র স্বচ্ছল নহে। রসদ প্রায় শেষ ইইয়া আসিয়াছে। ব্যাপি মহামার সোল্তান আর সামার করেকদিন কেবল তুর্গাবরোধ করিয়া রাথেন, তাহা হইলে তুর্গাধিপকে শীঘ্রই আঅসমর্পণ করিতে হইবে।

পত্র পাঠে সোল্ভান অগ্নিশ্রা হইয়া, তৎক্ষণাৎ তুর্গ আক্রমণের অয়মতি প্রদান করিলেন। মোদলেম সেনাগণ নিকটবর্ত্তী ইক্কেত্র হইতে ইক্ষ্ কাটিয়া ভল্বারা তুর্গ পরিথা ভরাট করিতে লাগিল। তৎপরে তুর্গ-প্রাকার উল্লভ্জনে তুর্নধ্য মোদলেম বীরগণ ক্রোশান্ধ হইয়া তুর্গাভ্যম্বস্থ সমস্ত হিন্দু সেনাগণকে তরবাত্রির আ্বাতে বিনাশ করিলেন। সোল্ভান মদ্রদ অবয়ন্ধ মোদলেম ব্যংসায়িগণকে কারামুক্ত করিয়া, ভাহাদের প্রায় সম্দর লুন্তিত ক্রব্য ভাহাদিগকে প্রত্যাপণ করিতে ক্রতকার্য্য হইলেন। এই কার্য্য দারা সোল্ভান একদিকে যেমন ভারতের মোসল্মানগণের পরম ভক্তিশ্রনা অর্জন করিলেন, সঙ্গে সঙ্গে অপর পক্ষে তেম্নি হিন্দুদিগের আ্রাত্ম বর্ধন করিলেন।

৪২৭ হি: ১৯৩৬ খৃষ্টাবে দোল্তান পার্বতীয় সওয়ালেক্ প্রদেশে

অভিযান করেন; এবং পাঁচ দিন ধরিয়া অবিশ্রাস্ত যুদ্ধের পর, তথাকার প্রসিদ্ধ অজের তুর্গ হান্সী অধিকার করিলেন। এই তুর্গ মধ্যে সোল্তান বিস্তর অর্থ পাইয়াছিলেন।

হান্দী হুর্গ জয়ের পর তথা হইতে সোলতান মদ্উদ দিলীর ৪০ মাইল দূরবর্ত্তী হিন্দু তীর্থ স্থন্পথে যাত্রা করিয়া তথাকার প্রসিদ্ধ দেবমন্দির ধ্বংস করিলেন। তৎপরে লাহোরে প্রত্যাবর্ত্তন পূর্বেক, জ্যেষ্ঠ পুত্র মউহদ্বেক তথাকার শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া গজনী প্রত্যাবর্ত্তন করিলেন।

ইহার পর সোল্তান মস্উদ আর ভারতে পদার্পণ করেন নাই।
শেষ অবস্থায় তাঁহাকে নার্ভ ও সারাক্শ দেশে সল্জুকদিগের বিজ্ঞাহ
দমন করিতে বড়ই কষ্ট পাইতে হইরাছিল। তিনবার তিনি সল্জুক্গণকে
বিভাড়িত করিতে রুভকার্য্য হইরাছিলেন; কিন্তু চতুর্থবারে ভেলিকানে
ভিন দিন ধরিয়া ঘোরতর যুদ্দের পর চতুর্থ দিবসে শুক্রবারে সোলতান
মস্উদ সম্পূর্ণরূপে পরাজিত হইরা, থোরাসান সীমাল্প হইতে চিরকালের
মত বিভাড়িত হইলেন। খোরাসান প্রদেশ সল্জুকগণের হস্তগত হইল।

অতঃপর আর একবার সোল্তান হিন্দুস্থান অভিমূথে ধাত্রা করিয়াছিলেন, কিন্তু পথে মার্গালী গিরিবর্ম্মে তাঁহার অধীনস্থ তুর্কি ও হিন্দি সৈভাগণ বিজ্ঞাহী হটুয়া তাঁহাকে বন্দী করিয়া কিরী হুর্গে আবদ্ধ করিল। তথার ১০৪০ খুষ্টাব্দে হি: ৪৩২ সালে তিনি বিজ্ঞোহী সেনাগণ কর্ত্তক নিহত হইলেন।

মউত্বদ

সোলতান মন্উদের অবর্ত্তমানে তাঁহার জ্যেষ্ঠ পুত্র মউছদ, গুজ্নীতে পিতার অধীনস্থ শাসনকর্তা-স্বরূপ রাজকার্য চালাইতে ছিলেন। সোলতানের হত্যার সংবাদ পাইয়া মউছদ, শাহাব-দোলা আবু সায়াদ

নাম ধারণে গজ্নীর সিংহাসনে আরোহণ করিলেন; এবং পিতৃ-হত্যার প্রতিশোধ লইবার জন্ত দৈক্ত সংগ্রহ করিয়া হিন্দুস্থানের দিকে ধাবিভ হইলেন। হিন্দের অনেক রাজা ও শাসনকর্ত্তা তাঁহার বখাতা খীকার করিলেন। অনেক মাহ্মূদী ও মাস্উদী তুর্কি বাহারা ইতিপূর্ব্বে তাঁহার পিতার বিরুদ্ধে অন্ত্র ধারণ করিয়াছিল, তাঁহার নিকট আগমন করিয়া আত্ম-সমর্পণ করিতে লাগিল। সোল্তান মউত্বদ তাঁহার খুল্লতাত মোহাস্মাকেই তাঁহার পিতৃ-হত্যার মূলীভূত হেতৃ সিদ্ধান্ত করিয়া, তাঁহাকে ও তাঁহার সহিত যে সমস্ত তুর্কি ও ভাজিক যোগ দিয়াছিল, তাহাদের সকলকে হত্যা করি-লেন। তৎপরে সোলতান মউত্বদ গজনীতে প্রত্যাবর্ত্তন করিয়া নয় বৎসর রাজত্ব করিবার পর ৪৬১ হিজরীতে মাত্র ৩৯ বৎসর বরুসে মানবলীলা সম্বরণ করিলেন। সোলতান মউত্দের রাজ্য শেষ হইবার কালে লাহোর ব্যতীত মাহ মুদের অধিকৃত হিন্দুখানের প্রার সকল রাজ্যই ক্রমে মোসলমানগণের হন্তচ্যত হইতে লাগিল। হি: ৪৩৫ সালে দিল্লীর রাজা, গ্রুনীর অবস্থা ক্রমণ: শোচনীয় হইতেছে দেখিয়া, পাঞ্জাবের সমুদ্ধ হিন্দু রাজাগণের সহিত পরামর্শ করিয়া, মোসল্মানগণকে ভারতবর্ষ হইতে তাডাইরা দিবার সম্বল্প করিরাছিলেন।

রাজা এই দিদ্ধান্তে উপনীত হইবার জক্ত এক, অভিনব উপার উদ্ভাবন করিয়া চড়ুদ্দিকে প্রচার করিয়া দিলেন যে,—

নগরকোটের দেব মন্দিরস্থ হিন্দুগণের পরমারাধ্য দেবতা, বাহা সোল্তান মাহ্মুদ অস্থায় মতে ভগ্ন করিয়াছিলেন; সেই দেবতা রাজাকে স্থায়ে এইরূপ প্রত্যাদেশ করিয়াছেন—

"হিন্দুগণের দেবতার অভিসম্পাতে গজনীতে এক্ষণে গৃহ বিচ্ছেদ লাগিয়া গিয়াছে। রাজা এই সময় সসৈত্তে নগরকোট বাইলে. দেবতা সাহায্য করিয়া ঐ তুর্গ মোসল্মানগণের হস্তচাত করিয়া রাজাকে প্রত্যুর্পণ করিবেন; এবং রাজা দেব মন্দিরের মধ্যেই বিগ্রহ পুন: প্রতিষ্ঠিত দেখিতে পাইবেন।"

এই স্বপ্নঘটিত স্থলীক সংবাদ প্রচার করিয়া দিলীশ্বর বছ হিন্দু রাজার সহাস্থভৃতি পাইলেন, এবং এইরূপে অনেক সৈক্ত একত্রিত করিয়া রাজা নগরকোট স্বাক্তমণে বহির্গত হইলেন।

নগরকোট সেই সময় একদল অল্পসংখ্যক প্রবল মোসলেম সেনার সেনা নিবাস ছিল মাত্র। কিন্তু রাজা উহাদের সহিত সন্মূথ যুদ্ধ করিতে সাহসী না হইয়া, উহাদের রসদ বন্ধ করিবার অভিপ্রায়ে, অধীনস্থ বহু হিন্দু সৈক্ত ছারা হুর্গাবরোধ করিয়া রাখিলেন।

সম্পূর্ণ চারি মাস কাল অবক্রম থাকার পর, মোস্লেম সেনাগণ অগত্যা রাজার নিকট আত্ম-সমর্পণ করিল। রাজা পূর্ব হইতেই নষ্ট বিগ্রহের অন্তর্মণ একটা মূর্ত্তি গোপনে প্রস্তুত করাইয়া রাখিয়া ছিলেন। তিনি তুর্গে প্রবেশ কুরিয়াই সর্বপ্রথমে মন্দিরাভ্যস্তরে গমন করিয়া, যথাস্থানে সঙ্গোপনে ঐ মূর্ত্তি সংস্থাপিত করিয়া, যেন দেখিয়া আশ্চর্যাম্বিত হইলেন এই ভাণ করিয়া, সমুদ্র হিন্দু সেনাগণকে ভাকিয়া উহা দেখাইতে লাগিলেন।

অচিরে এই সংবাদ ভারতের সকল স্থানে প্রচার হইরা পড়ার, দলে দলে পৌত্তলিকগণ আসিরা এই দেব মূর্ত্তি দর্শন করিরা ধন্ত হইতে লাগিল। সঙ্গে সঙ্গে সমস্ত হিন্দু ভূপালগণ এই ব্যাপারে আশ্চর্যান্থিত হইরা, দিল্লীশ্বরের সহিত যোগ দিরা মোসল্মানগণকে ভারতবর্ধ হইতে বিভাড়িত করিতে দৃঢ় প্রতিক্ত হইলেন।

সোলতান মউত্দের পর তুর্কি সেনাপতি ও ওমরাহগণ এক সচ্চে মস্উদ-পুত্র আলি ও মউত্দ-পুত্র মোহাম্মদ, এই হই খুল্লতাত ও ব্রাত্ত-পুত্রকে একসঙ্গে গজনীর সিংহাসনে অধিষ্ঠিত করিলেন। আবার এই হই জনই রাজকার্য্য পরিচালনের সম্পূর্ণ অবোগ্য বিবেচিত হওরার, তাঁহারা ত্ই মাদের মধ্যে উভয়কে সিংহাসনচ্যত করিরা, সোল্তান মাহ্মুদের কনিষ্ঠ পুত্র বাহাউদ্দোলা আবদর-রসীদকে গজ্নীর মস্নদে বসাইলেন।

সোলতান আবদর-রসীদ বিদান ও অল্প বন্ধসেই বহুদর্শী ছিলেন।
তিনি একজন ঐতিহাসিক ছিলেন, এবং অনেক বিষয়ে আরও করেকথানি
পুত্তক লিপিবদ্ধ করিয়া গিরাছেন। আবহুর-রসীদের রাজত্বালে
সল্জুকগণ খোরাসানের রাজা দাউদের সাহায্যে গজনী আক্রমণ করিবার
জন্ম খেপিয়া উঠিল।

দাউদের পুত্র আল্প আর্স্লান সেই সমরের একজন ভীমপরাক্রমশালী ও বিচক্ষণ ঝোজা ছিলেন। এই বীরকেশরী আল্প আর্স্লান বছ সৈক্ত লইরা তুর্কিস্থান হইতে বাহির হইলেন ও পিতা দার্দ সহ সিন্তানের পথ বাহিয়া বন্ত পর্যন্ত আসিলেন।

সোলতান আবদর-রসীদ, তদীয় পিতা সোলতান মাহ মুদের সময়ের একজন প্রসিদ্ধ সেনাপতি তৃষ্রেলের অধীনে বহু দৈয়া তাঁহাকে আল্প আবৃদলানের বিহুদ্ধে প্রেরণ করিলেন। তৃষ্রেল, থামার উপত্যকার সশ্ব্যে তুর্ক সেনাগণকে পরাস্ত করিয়া, তথা হইতে বস্তে গিয়া, দাউদ সাহ্কে দিস্তানে তাড়াইয়া দিলেন। তৎপরে ঘাউদের মাতৃল বেঘুকে পরাজিত করিয়া গজ্নী প্রত্যাবর্ত্তন করিলেন।

গজনী নগরে আসিবার পর, এই মদগর্কিত সেনাপতি তুষ্রেল, ত্রিংশ বর্ধ দেশীর সোলতান আবদর-রসীদকে হত্যা করিয়া, স্বরং গজ্নীর সিংহাসনে আরোহণ করিলেন; কিছু এই অত্যাচারীর রাজস্বকাল চন্তারিংশ দিবদের অধিক দিন স্থারী হইল না। নওতিগীন নামক একজন পাহনী তুকাঁ যোদ্ধা সিংহাসনে উপবিষ্ট অবস্থার অহস্থারী তুষ্রেলকে হত্যা ক্রিয়া তাহার মন্তক লইয়া সমন্ত নগরবাদীকে দেখাইয়া বেড়াইল।

ত্বরেলের পরিত্যক্ত সিংহাসন মন্তিদ-পুত্র কোর্রোখ-জাদ, তাঁহার বার্ঘান্দ তুর্গের কারাবাস হইতে অসিয়া অধিকার করিলেন। তুর্দান্ত সমতান তৃত্বরেল তাহার অপঘাত মৃত্যুর ঠিক পূর্ব্ব দিনে, সোল্তান মন্উদের তুই পুত্র ফর্রোথ জাদ ও এবাহিমকে বার্ঘান্দা কারামধ্যে হত্যা করিবার কক্ত বাতকসহ একদল সেনা প্রেরণ করিয়াছিল। কিন্তু দয়ার্চ্র হলম তুর্গাধিপ এক দিনের অবকাশ চাহিয়া, সেনাগণকে তুর্গহারে অপেকা করিতে অমুরোধ করায়, জগদীখরের অপার মহিমায় কুমার্চ্রের প্রাণ রক্ষা হইল।

সোলতান ফর্রোধ্ঞাদ হি: ৪৪০ সালের ১ই জিল্কদ্ তারিধে তাঁহার পূর্ব পূরুষগণের অধিকৃত গজনীর রত্ন-সিংহাসনে আরোহণ করিয় স্থান্ন বিচার ঘারা প্রজামগুলীর পরিতৃষ্টি সাধন করিতে লাগিলেন। তিনি অতীব দরালু সমাট ছিলেন। সাত বৎসর রাজত্বের পর ৩৪ বৎসর বর্ষে ফর্রোধ্ ্রাদ ১০৫১ খুষ্টাবেদ মানবলীলা সম্বরণ করেন।

দশম দোলতান, এব্রাহিম

ফব্রোথ্জাদের মৃত্যুর পর রাজ্যের প্রধানগণ এক মত হইরা তদীর ভাতা ধার্মিকপ্রবর বিদ্যোৎসাহী জাহির-দৌলা নসিরল-মেরাত রক্তি-উদ্দীন এব্রাহ্মিকে গজনীর রাজাধিরাজের সিংহ্বাসনে উপবিষ্ট করাইলেন। তাঁহার রাজ্যাভিষেকের সংবাদ পাইরা সল্জুক রাজা দাউদ তাঁহার সহিত সন্ধি ক্ষত্রে আবদ্ধ হইবার অভিলাষ জ্ঞাপন করিলেন এবং এই সমরে হঠাৎ তাঁহার মৃত্যু হওরার তদীর পুত্র আল্ফ্ আর্শ্লান ঐ সন্ধি ক্ষত্র আরও দৃঢ় করিয়া গজনীপতির সহিত বন্ধুত্ব স্থাপন করেন.

সোলতান এরাহিম তাঁহার পূর্বে পুরুষগণের অধিকৃত,রাজ্য সমূহে আশ্চর্যারূপে শান্তি স্থাপন করিতে কৃতকার্যা ইইরাছিলেন। তাঁহার রাজত্ব কালে মাহ্মূদী সাথ্রাজ্য আবার উন্নত ও ঐশ্ব্যূপালী চইরা উঠিল। ৬০ বৎসর বন্ধদে পরম স্থাপে দিচত্বারিংশ বৎসর রাজত্ব করিয়া হি: ৪৯২ সালে সোল্তান এবাহিম মৃত্যুমূপে পতিত হইলেন।

সোলতান তৃতীয় মস্উদ

এবাহিম-পুত্র আলাউদ্ধীন মস্উদের রাজস্বকালে বাগ্দাদে আল্-মোস্তাজ হার-বিল্লাহ থলিকা ছিলেন। সোলতান তৃতীয় মস্উদ খোরাসানের সল্জুক রাজা সোলতান সান্জারের ভগ্নী পরমা স্বন্দরী মাহদ্-এরাকৃকে বিবাহ করিয়া, উভয় রাজ্যের মধ্যে সধ্যতা বর্জন করেন।

মদ্উদ, আমীর আজ্দদৌলাকে হিন্দুয়ানের শাসনকর্তা মনোনীত করিয়াছিলেন। এই সমাটের রাজত্বলালে তাঁছার জনৈক সৈঞ্চাধক হাজির তাথাতিগীন সনৈক্তে গলা নদী পার হইরা, মোস্লেম-বিজয়-পতাকা সোলতান মাহ্মুদ অপেক্ষা বহু দূর পর্যান্ত অগ্রসর করিয়া লইরা গিরা ছিলেন। সোলতান মদ্উদের রাজত্বলাল শান্তির সহিত কাটিয়া গেল, সাত বৎসর রাজত্ব করিয়া ১১১৫ খৃষ্টাব্দে ৫৭ বৎসর বয়সে তিনি ইছলালা সম্বরণ করিলেন।

সোলতান আবুল মালেক

মস্উদ পুত্র আরস্লান আব্ল-মালেক সিংহাসনারোহণ করিয়া নানা প্রকার উচ্ছুঅলতা প্রদর্শন করিতে লাগিলেন। প্রথমতঃ তিনি স্বীয় আতাগণকে বন্দী করিয়া, মাতার বিরাগভান্ধন হইয়া পড়েন। তাঁহার পুল্লতাত বাহ্রাম সাহ্ এই অবস্থা দর্শনে, খোরাসানে সোল্তান সান্ধারের দিকট গিয়া আশ্রম লইলেন। সোল্তান আব্ল মালেকের গর্ভধারিনী মাহ্দ-এরাক, পুত্রের উপুর ক্রমশঃ এত অধিক বিরক্ত হইয়া পড়িরাছিলেন যে,—শেবে তাঁহাকেও ত্রাতা সান্সারের আত্রয় লইতে হইয়াছিল।

সোলতান সান্জার আপ্রিত বাহরামের পকাবলম্বন করিয়া ভাগিনের গজনী-রাজের বিরুদ্ধে যুদ্ধ-যাত্রা করিলেন। এই যুদ্ধে সম্রাট মাতা মাহ দ-এরাকগু পুত্রের বিরুদ্ধে ভ্রাতাকে উৎসাহিত করিয়াছিলেন।

খোরাদান-রাজ বহু-সংখ্যক সৈক্ত লইয়া গজনী নগর-প্রাশ্তে শিবির সংস্থাপন করিলেন। এদিকে আরস্লান ত্রিংশ সহস্র জখারোহী ১৬০টা হন্তী ও বহু পদাতিক সৈক্ত সঙ্গে লইয়া, পিতৃব্য ও মাতৃলকে অভ্যর্থনা করিতে গেলেন। সমস্ত দিন ধরিয়া উভয় মোস্লেম-সৈক্তে ঘোরতর যুদ্দ চলিল; শেষে সিন্তানের শাসনকর্তা আবুল-ফললের অসীম বীরত্বে, গজ্নীর সেনাগণ পরাভূত ও বিভাড়িত হইল। সোলতান আরস্লান হিন্দুস্থানের দিকে প্লায়ন করিয়া প্রাণ রক্ষা করিলেন।

সান্জার গজনী প্রবেশ পূর্বক ৪০ দিন তথায় অবস্থান করিলেন ও মুইজদ্বোলা বাহ্রাম সাহকে হি: ৫১১ সালে গজ্নীর প্রসিদ্ধ সিংহাসনে বসাইয়া অদেশে প্রত্যাবর্তন করিলেন।

পরে এই ১১১৭ খৃষ্টাব্দের শেষ ভাগে আরস্লান বত সৈত সংগ্রচ করিয়া, অপহাত রাজ্য পুন: প্রাপ্তির আশার, সোল্তান বাহ্রামের বিক্লে যুদ্ধ ঘোষণা করেন। এই যুদ্ধে তিনি সুম্পূর্ণরূপে পরাজিত ও শেষে নিহত হইলেন।

গোলতান বাহ্রাম সাহ

সোল্তান বাহ্রাম সাহ কে উপয়ুচপরি করেকবার হিন্দুছানে আগমন করিতে হইরাছিল। ৫১২ হি: ২৭ রমজান তারিথে তাঁহাকে লাহোরে মোহাক্ষৰ বাহালিমের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে হইল। যুদ্ধে সোলতান তাঁহার প্রাতৃপুত্র আরস্লানের ভারতীর সৈন্থাধক্ষ্য ও লাহোরের শাসন-কর্তা বাহালিম্কে পরাজিত ও বন্দি করিলেন। শেষে নিজ দরাবশতঃ বাহালিমের কাতরোজিতে সমস্ত বিবাদ ভূলিয়া গিয়া, আবার তাঁহাকেই লাহোরের মসনদে বসাইয়া গজনী ফিরিয়া গেলেন।

পরবর্ত্তী বংসর বিশাস্থাতক বাহালিম পুনরায় মন্তক উদ্ভোলন করায়, সোলতানকে আবার তাহার বিরুদ্ধে যুদ্ধাভিযান করিতে হইয়াছিল ও এবার তাহাকে দম্ভর মত শিক্ষা দিয়া তাহার সমস্ত সম্পত্তি কাড়িয়া লইয়া ভিনি নিরুদ্ধ হইয়াছিলেন।

বাহ রামের রাজত্ব কালে গোরের শাসনকর্তা সায়কদ্দীন অনেক সৈপ্ত সহ গজনী আক্রমণ করেন। সোলতান বাহ রাম্ উাহাকে বাধা প্রদানে অক্ষম বিবেচনায় ভারত বর্ষের দিকে পলায়ন করিলেন। সায়কদ্দীন বিনা বাধায় গজনীর সিংহাসনে আরোহণ করিলেন; কিন্তু অল্ল দিন মধ্যে তিনি গজনীর সাধারণ প্রজাবর্গের বিরাগভাজন হইয়া পড়ার, তাঁহারা সোলতান বাহ রামকে ডাকাইয়া সায়কদ্দীনকে ধরিয়া সোলতানের হত্তে সমর্পণ করিলেন।

এই সময় সোলভান বাহ্রাম্ সাহ্হঠাৎ ভাহার স্বাভাবসিদ্ধ মমতা ভূলিয়া গিয়া স্থতিশয় নিষ্ঠরতার সহিত সারফদীনকে হত্যা করেন।

সায়ফলীনের নিদারণ হত্যার সংবাদ গোরে পৌছিবার সব্দে সব্দে তদীর সহাদের গোরের শাসনকর্ত্তা আলাউদ্দীন অগ্নিশ্যা হইরা বহু সৈক্ত সমজিব্যাহারে গজনী আক্রমণ করিলেন। অচিরে গজনী নগর আলাউদ্দীনের হত্তগত হইল। আলাউদ্দীন অমাহ্যমিক অত্যাচার ঘারা গজনী নগর ধ্বংস করিলেন। শেষে অগ্নি-সংযোগে সোলতান মাহ্মুদের স্ফুল্ক নগর ছার্থার করিয়া দিলেন। এই পাশ্বিক ব্যবহারের জক্ত আলাউদ্দীন আহীবন জাঁহা-সোজ্ (জগৎ-দাহক) উপাধিতে ভূষিত

হইয়া রহিলেন। বাহরাম সাহ্ আবার হিন্দৃস্থানে পলাইয়া গেলেন এবং গোরীগণের অপসারণের সংবাদ পাইয়া কিছুদিন পরে পুনরায় গজ্নীতে ফিরিয়া আসিলেন; কিন্তু এবারে আর বেশীদিন তিনি রাজ্যস্থ ভোগ করিতে পারিলেন না। অল্লকাল মধ্যেই সর্বস্থেত ৪১ বৎসর রাজ্য করিয়া তিনি মানবলীলা সম্বরণ করিলেন।

সোলতান বাহ্রাম সাহের পুত্র সোলতান আমিনজোলা থসক সাহ্
৫২২ হি: ১১৫৭ খৃষ্টাব্দে গজনীর সিংহাসনে আরোহণ করিলেন বটে,
কিন্তু তিনি দেশ শাসনের সম্পূর্ণ অফুপযুক্ত ছিলেন।

এই সময় গোরের সোলতান সৈয়দ গেয়াস-উদ্ধীন মোহাম্মদ সাহ্ গ্জনীর সিংহাসন অধিকার করেন। সোলতান থদ্ফ লাহোরে পলাইয়া গিয়া তথায় সিংহাসন স্থাপন করিয়া ১১৬৩ খুটাব্যে মৃত্যু মূথে পতিত হন।

তৎপরে তাঁহার পুত্র তাজ-উদ্দোলা সোলতান জাহান, লাহোরে করেক বৎসর নামে মাত্র রাজত্ব করিবার পর হি: ৫৮৫ সালে প্রাদ্ধিন বীর-শাদ্দ্ল শাহাব-উদ্দীন মোহাম্মদ গোরী কর্তৃক বন্দী হইয়া ফিরোজ-কোহ্ তর্গে নীত হরেন। অতঃপর স্বপ্রসিদ্ধ সোলতান মাহ্মুদের বংশের রাজত্বের শেষ হইরা, পারশু, হিন্দুছান, খোরাসান ও গজনী প্রভৃতি প্রদেশগুলি গোরের সোলতানগণের পদানত হয়—(তব্কতে নিসরী)।

দশ্ম সগ

গোর বংশ

(হাসান নেজামি কত ভাজুল মাসায়ের)

সায়কদীনের মৃত্যুর পর গোয়াসউদ্দীন গোরের সিংহাসনে আরোহণ করিলেন। হি: ৫৬৯ সালে তিনি গজনী নগরী অধিকার করিয়া তীয় আতা মৃদ্ধজ্-উদ্দীন মোহাম্মদকে গজনীর সিংহাসনে বসাইয়া রাজধানী প্রত্যাবর্ত্তন করিলেন। এই সময় হইতে স্থ্রাসিদ্ধ স্বাধীন পজনী নগর তাহার এক কালের পদাপ্রিত গোরের অধীনস্থ রাজ্য বলিয়া পরিগণিত হইতে:লাগিল।

এই মৃক্তজ্নীন মোহাম্মদ গোরী, তাঁহার রাজত্বের তৃতীয় ববে হি:
বিশ্ব সালে মূলতান আক্রমণ করিয়া উহা শক্র-কবল হইতে ছাড়াইরা
লইলেন। তৎপরে হি: ৫৭৪ সালে ১১৭৮ গুষ্টাব্দে মোহাম্মদ গোরী
মরুভূমি পার হইয়া গুজরাটের নাহার-ওয়ালা প্রেদেশ আক্রমণ করিলেন।
এই আক্রমণে তথাকার রাজা বাস্মদেবের বিপুল বাহিনীর নিকট
মুক্তজ্দীনের মৃষ্টিমের মোস্লেম-সেনাদলকে পরান্ত হইতে হইয়াছিল।

পরবৎসর মৃক্তব্দীন পেশোওয়ার অভিযান করিয়া, কাখীরের সীমা পর্যন্ত হত্তপত করেন। হিং ৫৭৮ সালে তিনি দেবাল রাজ্য আক্রমণ করিয়া সম্র্ত্র-তীর পর্যাস্থ সমত্ত ভূথও তাঁহার রাজ্যাধীন করিয়া লইলেন। ৫৮০ হিজরীতে লাহোরে আসিয়া সিয়াল্কোটে সোল্তান গ্রহটী সূদৃচ্ ন্থ্য নির্মাণ করেন; এবং হোসারেন কার্মিশ্কে তুর্গ রক্ষক নিযুক্ত করিয়া রাজধানী প্রত্যাবর্ত্তন করেন।

মোহাম্মদ গোরী চলিরা বাইবার পর, গজনবী বংশীর শেষ রাজা সোলতান জাঁহান অনেক ভারতীয় সৈক্ত সংগ্রহ করিয়া, সিয়াল্কোট তুর্গ অবরোধ করিলেন, কিন্তু অচিরেই তাঁহাকে হটিয়া আসিতে হইল।

এই সংবাদ পাইয়া মোহাম্মদ গোরী লাহোর যাত্রা করিলেন ও সোলতান জাঁহানকে বন্ধী করিয়া লইয়া গেলেন। লাহোর এই বার সম্পূর্ণরূপে গোরাধিপতির রাজ্যে পরিণত হইল; এবং মূলতানের শাসন কর্ত্তা আলি কার্মাথ লাহোর ও মূলতান উভর ছানের শাসনকর্ত্ত প্রাপ্ত হইলেন। প্রসিদ্ধ ঐতিহাসিক তব্কত নসিরী লেথক আবু ওমর মেন্হাজ-উদ্দীনের পিতা মৌলনা আজ্বাতো-জ্জমান আফ্ সাহল্-আজম সেরাজনীন মেন্হাজ, হিন্দুছানের এই নব রাজত্বের প্রধান কাজী নিযুক্ত হইলেন।

তৎপরে সোলতান মুক্তজনীন মোহামদ গোরী পুনরার হিন্দুখানে প্রবেশ পূর্ব্বক লাহোরের এক শত মাইল পূর্ব্ব-দক্ষিণে ও দিল্লীর ১৫০ মাইল উত্তরে স্থিত সার্হিন্দ কুর্গ আক্রমণ করিয়া উহা করায়ত্ব করিলেন, এবং কাজী জিরাউদ্দীনের হল্ডে উহা ছল্ড করিলেন। জিরাউদ্দীন তোলাকি বংশের মাত্র ১২০০ শত সৈছ সংগ্রহ করিয়া, তৎসাহায়ে তুর্গ রক্ষা করিতে লাগিলেন।

সোলতান মোহাক্ষদ গোরী সার্হিন্দ জরের পর, গলনীর পথে অর্জ্জেক
দূর অগ্রসর হইতে না হইতে সংবাদ পাইলেন বে—আজ্মীরের রাজা
পৃথীরাজ ও দিলীখর গোবিন্দ রায় ভারতের অঞ্চাক্ত অনেক রাজার সহিত
মিলিত হইয়া, বহু সংখ্যক সৈক্ত লইয়া সার্হিন্দ ছুর্গের দিকে অগ্রসর
হইতেছেন। বীর-শার্ছি্ল মোহাক্ষদ গোরী ইহাতে বিন্দুমাত্র বিচলিত না

কইয়া, এই সমবেত হিন্দু, শক্তির বিক্লে তাঁহার মৃষ্টিমের মোস্লেম-সেনা লইরা অগ্রসর হইলেন। মোহাম্মদ গোরী থানেশ্বর হইতে চতুর্দ্দশ মাইল দ্বে সরস্বতী নামী একটা ক্ষুদ্র নদীতীরে পৌছিয়া দেখিলেন যে—নদীর অপর পার্যে হিন্দুগণের সমবেত রাজশক্তি, অন্যন তিন সহস্র হন্তী, এক লক্ষ বিংশতি সহস্র অশ্বারোহী সেনা ও বহু পদাতিক সৈক্ত লইয়া, তাঁহার অভার্থনার এক অপেক্ষা করিতেছে।

অদম্য সাহসী তৃর্ধ্ব মোস্লেম-বীর-সন্তানগণ কণ্মাত্র অপেক। না করিয়া এবং মুদ্ধের জাবী ফলাফল বিষয়ক চিন্তা বিন্দুমাত্র মনোমধ্যে উদিত হইবার অবসর না দিয়া, অমিত জেতে এই প্রকাণ্ড বাহিনীকে আক্রমণ করিল। কিন্তু এই মৃষ্টিমেয় সত্যধর্মাবলম্বী বীরগণ অচিরে দেখিতে পাইল কে—সমৃদ্ধ-বারির স্থায় অংস্থ্য বিধ্নমী সেনা তৃই দিক হুইতে তাহাদিগকে খিরিয়া ফেলিবায় উপক্রম করিতেছে।

এই অবস্থা দর্শনে যুদ্ধব্যবসায়ী বীরগণ কিঞ্চিৎ পৃক্ষাৎ হটিয়া আসিয়া, ভাষাদের প্রধান দলের সহিত মিলিত হইয়া বৃত্তাকারে দণ্ডায়মান হইল। এই সময় সাগর-ভরক্ষের স্থায় হিন্দুসেনা মোস্লেম-গণকে পুনরায় আক্রমণ করিল ও রাজা গোবিন্দ রায়, মহাসেনাপতি সোল্তান মোহাম্মদ গোরীকে দেখিতে পাইয়া, রুশমাতক পৃষ্ঠে তাঁছাকে আক্রমণ করিলেন।

বীর-কেশরী গোরীও ইহাই চাহিতেছিলেন, তিনি সিংহবিজ্ঞানে রাজাকে সাক্রমণ করিয়া তাঁহার মুখবিবরে স্বীয় বর্শাফলক প্রবিষ্ট করাইয়া দিয়া, রাজার তুইটা দশ্ত ভার করিয়া উহা তাঁহার গলনালীর মধ্যে চুকাইয়া দিলেন।

এই সময় মোহাম্মদ গোরীও বাহতে গুরুতর আঘাত পাইয়া, অরপৃষ্ঠ ক্রহতে ভূপতিত হইতেছিলেন, ঠিক সেই সময় একজন সাহসী থিলিজী বীর তাঁহাকে চিনিতে পারিয়া, নিজ প্রাণ তুচ্ছ জ্ঞানে তাঁহার পশ্চাতে তাঁহারই অখোপরি ছরিতে উঠিয়া বসিলেন ও তাঁহাকে বেষ্ট্রন করিয়া ধরিয়া ক্রতবেগে অখ চালনা করিয়া যুদ্ধক্ষেত্র হইতে বাহির চইয়া পড়িলেন।

সোল্তানের সেনাগণ তথন অধ্যক্ষহারা হইরা প্রমাদ গণিতে লাগিল।
তাহারা আর অধিকক্ষণ যুদ্ধক্ষেত্রে তিষ্ঠিতে পারিল না; ক্রমে রণে ভল
দিয়া পলায়ন করিতে লাগিল। অনেকক্ষণ পরে সোল্তানের দর্শন লাভ
করিয়া মোদ্লেম-সেনাগণ যেন প্রাণে শান্তি পাইল ও ক্রমে ক্রমে সকলে
সমবেত হইয়া, পরে মোদ্লেম-রাজধানী গজ্নীতে উপনীত হইল।
(তব্কত নসিরী)

সোলতান মুঈজদীন গজনী প্রত্যাবর্ত্তন করিয়া, প্রাতা গেরাস্উদ্ধীনের সহিত সাক্ষাৎ করিবার জন্ম গোর নগরে যাত্রা করিলেন। তথার হিন্দু স্থানের সমৃদ্র অবস্থা তাঁহার নিকট বিবৃত করিয়া জ্যোঠের অকুমতি লইয়া পর বৎসরেই ৫৮৮ হি: ১১৯২ খুষ্টাব্দে বহু সৈক্ত সমন্তিব্যাহারে আবার ভারতে প্রবেশ করিলেন।

মৃঈনদ্দীন নামক এক ব্যক্তি বিনি এই অভিযানে সোল্তানের সক্ষে ছিলেন তাঁহারই প্রম্থাও তব্কত নসিরীর ইতিবৃত্ত-লেথক অবগত হইয়া-ছিলেন যে—মোহাম্মদ গোরীর সহিত এইবার এক লক্ষেরও অধিক উৎকৃষ্ট অখারোহী বর্ধাবৃত সেনা ছিল।

সোল্তান সারহিন্দ ছর্গে পৌছিবার পূর্ব্বেই অবগত হইলেন হে— হিন্দু সেনাগণ দীর্ঘ ১৩ তের মাস কাল ছুর্গাবরোধ করিয়া থাকার, ছুর্গাভ্যন্তরত অভ্যন্ন সংখ্যক মোস্লেম-সেনা বাধ্য হইয়া শেষে ভাহাদের নিকট আত্ম সমর্পণ করিয়াছে; এবং শক্র-সৈক্ত স্রম্বতী নদী-ভীরে নারায়ণ নামক স্থানে অবস্থান করিভেছে। এবার ভারতের প্রার সমৃদর হিন্দু রাজশক্তি সমবেত হইরা, মোসলেমঅসির বল পরীক্ষার্থে প্রস্তুত হইরাছিল। তাঁহাদের সমবেত সৈত্ত,
সংখ্যার অন্যন তিন লক্ষ অধারোহী, তিন সহস্র হন্তী ও তহপরি অগণিত পদাতিক সেনা ছিল।

উভর দেনা সন্মুখবর্ত্তী হইরা কিরৎকাল অপেক্ষা করিতে লাগিল।
উভরের মধ্যে স্বল্লারতন ও স্বল্লসলিলা সরস্বতী নদী মাত্র ব্যবধান। যুদ্ধবিত্যাবিশারদ সোল্তান এই অবকাশে তাঁহার সৈত্র রচনা করিতে আরম্ভ করিরা
দিলেন। তিনি তাঁহার সেনাগণের মধ্য হইতে অধিকাংশ, রণ-পতাকা
ও হন্তাসহ পশ্চাতে রক্ষা করিরা, ৪০,০০০ সহস্র বর্শাধারী অখারোহী
সেনাকে চারি অংশে বিভক্ত করিরা তাহাদিগকে চারিজন উপযুক্ত সেনানীর
অধীনে দিলেন ও সন্মুথ পশ্চাৎ দক্ষিণ ও বাম দিক হইতে হিন্দু সেনাগণকে প্রথমতঃ অনবরত শর নিংক্ষেপে উত্যক্ত করিতে উপদেশ দিলেন।

মক্ত্মির বাল্কারাশি সম অগণ্য হিন্দুসৈল, অগ্রপশ্চাৎ চারি শ্রেণীতে বিজ্ঞজ হইরা অগ্রসর হইতে আরম্ভ করিল। তাহাদিগকে অগ্রসর হইতে দেখিয়া, মহাসেনাপতি সোল্তান মোহাম্মদ, বেন পলাইয়া বাইতেছেন এইরূপ যুদ্ধ কৌশল বিস্তার করিয়া ক্রমশঃ পশ্চাৎ হটিতে লাগিলেন। হিন্দু সেনাগণ ইহাতে অধিকতর উৎসাহিত হইয়া বেমন শ্রেণী ভক্ত করিয়া ক্রতবেগে মোস্লেনগণের প্রতি ধাবিত হইতে লাগিল, অম্নি স্ফত্র রণপারদর্শী অপ্রতিমতেজাঃ সোল্তান গোরী, তাঁহার পৃথক-করিয়া-রাখা সমস্ত যুদ্ধ তৃর্মদ সৈক্ত লাইয়া অপরিণামদর্শী হিন্দু বোদ্ধাগণের উপর ঝাঁপাইয়া পড়িলেন।

স্নিক্ষিত আফ্গান ও তুর্কগণের বজ্র-মৃষ্টি-গৃত তরবারি ও ভল্ল সমূখে, তাহাদের অপেক্ষা শারীরিক ও মানসিক বলে তুর্বলক্ষীণকার হিন্দুসেনাগণ সংখ্যার তাহাদের চতুপ্তর্প হইলেও, অধিকণ তিটিতে পারিল না।

অত্যন্ত্র সমন্ন মধ্যেই হিন্দুগণ ভরে বিহ্নাণ হইরা পরাজরের করাল মূর্ত্তি সম্মুথে দেখিতে লাগিল। এবং কিছুক্ষণ মধ্যে অধিকাংশই ভূতলশারী কইল, অবশিষ্ট পলাইয়া আত্মরকা করিল।

এই খোরতর যুদ্ধাধ্যে আজমীরেশ্বর পৃথীরাজ তাঁহার গঞ্চ্ছ হইতে অবতরণ করিরা অশ্বারোহণে সৈক্তগণকে উৎসাহিত করিতে ছিলেন। কিন্তু অচিরেই মোস্লেমগণ সরস্বতী-তীরে তাঁহাকে ধৃত ও সংহার করিল। দিল্লীশ্বর গোবিন্দরায়ও এই যুদ্ধে নিহত হইলেন; সোল্তান তাঁহার ভর দক্ষ ঘটটী দেখিয়া তাঁহার খণ্ডিত মন্তক চিনিতে পারিয়াছিলেন।

যুদ্ধাবসানে আজমীর, দিল্লী, সলস্ত সাওয়ালেক প্রাদেশ, হংসী, সামানা ও কাচ্রাম, সোল্তান মোহাম্মদ গোরীর পদানত হইল ও বিজয়ী সেনা-গণের হস্তে রাশীকৃত ধনরত্ব পভিত হইল।

মোহাত্মদ গোরী ত্বরং আজমীরে গিরা ঐ নগর অধিকার করিলেন।
পূথীরাজপুত্র গোলা তাঁহাকে বিত্তর উপঢ়োকন দিয়া, গোরের করদ
রাজা হইরা থাকিতে ত্বীকৃত হওয়ার, সোল্তান তাঁহাকে আজমীরে
তাঁহার পিতৃসিংহাদনে বদাইয়া, তথার যাহাদিগকে বন্দি করিয়াছিলেন,
তাহাদিগকে মৃত্তি দান করিয়া, বিজয়ী সৈক্ত লইয়া দিলীতে উপনীত হইলেন।
আক্সীরে সোল্তান করেকটী মস্জিদ ও বিভালয় প্রতিষ্ঠিত করিয়া
গোলন।

দিল্লীখনের পূত্র, বিজয়ী বীরকে গোলার স্লায় বহু ধনরত্ব উপঢৌকন
দিয়া তাঁহার বখাতা স্বীকার করার, তিনি দিল্লীর লুঠনাভিলায পরিত্যাগপূর্বক, স্বীয় বিশ্বস্ত ভূত্য ও সৈক্লাযাক কোত্র-উদ্দীনকে অনেক সেনাসহ
কাহ্রাম ও সামানা হর্গের রক্ষণাবেক্ষণের ভারার্গণ করিয়া গজনী প্রভ্যাবর্ত্তন করিলেন। প্রত্যাবর্ত্তনকালে মোহাম্মদ গোরী ইক্রপ্রস্ক-রাজধানীতে
ভাহার অনেক সৈক্ত রাথিয়া গেলেন।

এই বৎসরই কোতব-উদ্দীন সদৈন্তে কাহরাম গুর্গ হইতে বাহির হইরা মিরাট আক্রমণ করিরা উহা হস্তগত করেন; তৎপরে গোবিন্দরান্তের পুত্রের নিকট হইতে দিল্লী নগরী হস্তচ্যুত করিয়া লইলেন। (হি: ৫৮৯ খু: ১১৯০) পরে তথা হইতে কোল গুর্গ (আধুনিক আলিগড়) দখল করিয়া সেইস্থানে কিছুদিন বাস করিতে লাগিলেন।

হি: ৫৯০ সালে সোল্তান মোহাম্মদ গোরী পুনরায় ভারতে প্রবেশ করিয়াছিলেন; এবার যম্না-তীরবর্ত্তা এটাওয়ায় পৌছান পর্যন্ত তিনি কোন স্থানে বাধা প্রাপ্ত হয়েন নাই। এই স্থানে কান্তকুজ-রাজ জয়চন্দ্র সর্বপ্রথমে তাঁহার পথরোধ করেন; কিন্তু সামান্ত যুদ্দের পর হিন্দুগণ সম্পূর্ণ-রাণ পরান্ত হইয়া পলায়ন করিতে আরম্ভ করে। সোলতান, কনোজ লুখন করিয়া আসাই বা আসনি হুর্গ হল্ডগত করিয়া তথা হইতে বিশুর ধনরম্ব ও অনুান তিনশত রনকরেলু সংগ্রহ করিয়া বারাণসা অভিমূথে যাত্রা করিলেন।

বারাণদী নগরী বিনা আয়াদেই মোদলেনগণের হস্তগত হইল। এই স্থানে ধর্মপ্রাণ মোদলেন দৈনিকগণ উত্তেজিত হইয়া, হিন্দুদিগের আনক দেবমন্দির ও দেবম্বিত্ত ধ্বংস করিয়াছিল।

বারাণদী হইতে প্রত্যাবর্ত্তনকালে দোলতান, তাঁহার বিশ্বস্ত দৈন্যাধ্যক ও পরে তাঁহার গৃহীত পোস্থুত্ত কোতব উদ্দীনকে স্থায়ীভাবে তাঁহার ভারতীয় রাজ্যের প্রতিনিমি (মুবাদার) স্থরূপ দিল্লীর দিংহাসনে বসাইয়া গজনীর পথে অগ্রসর হইলেন।

সোল্তান সিন্ধু নদী পার হইতে না হইতে মৃত আজমীর-রাজের জনৈক আজীর হেমরাজ, পৃথীরাজপুত্র গোলার বিরুদ্ধে অন্ধ্র ধারণ করিয়া তাঁহাকে সিংহাসনচ্যত করেন। গোলা অগত্যা কোতব উদ্দীনের আশ্রম গ্রহণ করে। সঙ্গে সক্ষেত্রে, কতকগুলি সৈক্ত লইয়া আজমীরে গিয়া তথার গোলাকে মস্নদ্ব সোইয়া চলিয়া আসিলেন। এই বংসর কোতবউদ্দীন মোদ্লেমগণের হিজরী ৫৭৪ সালের পরাজ্ঞরের প্রতিশোধ অইবার জন্ত শুজরাট আক্রমণ করিয়া ও তথাকার রাজা ভীম দেবকে সম্পূর্ণরূপে পরাভৃত করিয়া, তাঁহার রাজধানী লুণ্ঠনপূর্বক বিজয় গবেব দিল্লী গ্রত্যাবর্ত্তন করিলেন।

অতঃপর ৫৯৯ হিজরীতে সোল্ডান মোহাম্মদ গোরী ভারতে শেষ
পদার্পণ করেন, কিন্তু বিয়ানা তুর্গ অধিকার করার পরই তাঁহাকে প্রত্যাবর্তন
করিতে হইয়াছিল। এই সময় সোল্তান মৃদ্ধিদ্দীন, তুম ও সারাধ্সের
মধ্যবর্তী পথে শুনিতে পাইলেন যে—তাঁহার অগ্রহ্ন সোল্তান সৈয়দ
গেয়াস উদ্দীন হিরাত নগরে মৃত্যুমুথে পতিত হইয়াছেন।

প্রাতার মৃত্যুর পর সোল্তান মৃত্যুজ্জীন মোহাম্মদ গোরী, গোরের সিংহাসনে আরোহণ করিয়া তিন বৎসর নির্বিবাদে রাজত্ব করিয়া-ছিলেন। এই সমরের মধ্যে ভারতের বিষয় তাঁহাকে চিন্তাও করিতে হয় নাই। ভারতবর্ষের রাজত্ব, সোল্তান তাঁহার চিরবিশ্বন্ত স্থবাদার কোত্ব উদ্দীনের হস্তে শুল্ভ করিয়া নিশ্চিন্ত হইয়াছিলেন।

১২০৬ খুটান্দে সোল্তান মোহাম্মদ গোরী পার্বাতীর কোথার জাতির বিদ্রোহ দমন করিয়া গজ্নীর পথে ফিরিবার জক্ত অগ্রসর হরেন, কিন্তু পথিমধ্যে বিদ্রোহীগণের হতে, তাঁহাকে প্রাণ হারাইতে হয়। এই শেষ তিন বৎসর লইস্কা; গাজী সৈরদ সোল্তান মুইজদীন মোহাম্মদ গোরী, মোট তেত্রিশ বৎসর কাল রাজত্ব করিয়াছিলেন।

গন্ধনীর ও গোরের সমাট মোহাম্মদ গোরী ও তাঁহার সেনাপতি দিল্লীম্বর কোতব উদ্দীনের বিষর, বাহা কিছু এই গ্রন্থে লিপিবদ হইতেছে; তাহার অধিকাংশ তাঁহাদের সমসামরিক ঐতিহাসিক হাসান্ নেজামীর তাজুলু মোরাসির, এবং জগৎপ্রসিদ্ধ ঐতিহাসিক মেন্হাল উদ্দীন ওস্মানের তব্কতে নিসরী হইতে উদ্ধৃত হইল। শেষাক্ষ ঐতিহাসিক তাঁহার

জীবনের অধিকাংশ সময় দিল্লীর সমাট-দরবারে কাটাইরাছিলেন ৷ তিনি তৎকালীন বান্ধালার রাজধানী গৌড় হইতে আরম্ভ করিয়া গোরালিরর, মাল্ওয়া কালিঞ্জর, গুজরাট, লাহোর প্রভৃতি ভারতের প্রধান প্রধান জনপদগুলি পরিদর্শন করিয়া, ঐ সমস্ভ দেশের অবস্থা বিশেষরূপে তাঁহার প্রশীত ইতিহাসে লিপিবদ্ধ করিয়া গিরাছেন ৷

একাদশ সর্গ



मिली — हेस् श्रन्थ

সোলতান কোতবউদ্দীন

কোতবউদীন তুর্কিহানের অধিবাসী ছিলেন। বাল্যকালে, কুফার এমাম্ শ্রেষ্ঠ হজরৎ আবু হানিফার (র:) বংশধর কাজী জাফরু উদ্দীন আবহুল আজিজ তাঁহাকে একজন ক্রীতদাস ব্যবসায়ীর নিকট হইতে ক্রেয় করেন। তৎকালে কাজী সাহেব নিশাপুর ও তৎপার্থবর্জী গ্রাম সম্হের শাসনকন্তা ছিলেন।

কাজী আবহল আজিজ বালক ভূত্যকে স্বীর পুত্রগণের সহিত লেখা পড়া শিখাইতে লাগিলেন। কোতবও অল্প দিন মধ্যে নিজের অসামান্ত মেধা ও তৎসকে অখারোচন-কৌশল ও ধন্তবিভার পারদশিতার পরিচর দিতে লাগিলেন। আবহুল আজিভের মৃত্যুর পর তাঁহার উত্তরাধিকারিগণ কোতব্বে গজনীর একজন দাস-ব্যবসায়ীর নিকট বহুমূল্যে বিক্রম করিলেন। পরে উক্ত দাস-ব্যবসায়ী এই সর্বস্তিণালম্কত ক্রীতদাস্টীকে সোল্তান মৃত্রজ উদ্দীন মোহাম্মদকে উপহার দিয়া তৎপরিবর্ত্তে সোল্তানের নিকট হইতে বহু অর্থ পাইরাছিলেন। কোতবের দক্ষিণ হন্তের মধ্যমা অঙ্গুলিটী বাল্যকালেই ভাজিয়া গিয়াছিল, এইজক্ত সোল্তান আদর করিয়া তাঁহাকে 'আয়বক্' অর্থাৎ অঙ্গুলীন বা প্রিয়্ন পাত্র বুলিয়া সম্বোধন করিতেন। কোতবউদ্দীনও সেই 'অঙ্গুলীন' উপাধিতে আপনাকে গৌরবান্থিত মনে করিরা, তাঁহার স্থাপিত মোদলেম-ভারত-বিজয়-ন্তপ্ত দিল্লীর কোতব-মিনার গাত্রে স্বীয় উপাধি "আরবক" থোদিত করিয়া গিয়াছেন।

সোল্তান মৃদ্জ উদ্দীন মোহাম্মদ মধ্যে মধ্যে গীত বাছ ও উৎসবের আরোজন করিতেন। একদা এইরূপ আনন্দোৎসবের পর ভোজনাছে তিনি আনন্দিত চিত্তে দাসদাসীগণের মধ্যে বিশুর ধন ও ম্বর্ণ রৌপ্য বিভরণ করিয়াছিলেন। কোতব উদ্দীনও এই উপলক্ষে তাঁহার প্রাপ্য অংশ পাইয়াছিলেন। কিন্তু বাহিরে গিয়া তিনি তাঁহার প্রাপ্ত সমৃদ্র অর্থ ও সমস্ত ম্বর্ণ রৌপ্য তুকী সেনা, প্রহরী ও ফার্রাসগণের মধ্যে বিভরণ করিয়া দিয়াছিলেন।

ইতিমধ্যে সোল্তান এই সংবাদ পাইরা ও কোতব উদ্দীনের মহামুভবতা উপলব্ধি করিরা, তাঁহাকে একটা দান্নিজপূর্ণ রাজ কার্য্যে নিযুক্ত করিরা দিলেন। এই প্রকারে দিনে দিনে তাঁহার উন্ধতি হইতে হইতে শেষে জীতদাস কোতব উদ্দীন, সোলতানের রাজকীয় স্বশ্বশালার তত্ত্ববিধারক পদ প্রাপ্ত হইলেন। এই সমন্ন হইতেই ক্রমশঃ কোতবের পদোন্ধতি হইতে লাগিল।

এই সমরে খোরারিজন্ প্রদেশের শাসনকর্তা সোল্তান সাহেব বিক্জে
মোহাম্মদ গোরী যুদ্ধাতা করিলেন। তাঁহার সমভিব্যাহারী কোতব
উদ্দীনকে এক সমর আথের থাত সংগ্রহের জন্ত অল্পনাত্ত্র সদী লইরা, সেনানিবাস হইতে কিছু দ্বে যাইতে হইরাছিল। সে সময়ে পথে শক্রসেনা
কর্ত্ব আক্রান্ত হইরা তিনি, এই খণ্ড যুদ্ধে অভূত বীর্ম প্রদর্শন করিরাছিলেন; কিছু শেষে বিপক্ষ হত্তে বন্দী হইরা সোল্তান সাহের নিকট
নীত হরেন ও তথার কারাক্ষ হইরা থাকেন।

সোল্তান সাহের সহিত যুদ্ধে মোহাম্মদ গোরীর পরিশেষে জন্ন হইল। তথন বিজ্গী সেনাগণ কোতব উদীনকে কারামৃক্ত করিয়া শৃত্যলিত অবস্থাতেই তাঁহাকে সোল্তান মুক্লউদ্ধীনের সমীপে উপস্থিত করিলেন। ইনার কিছুদিন পরে সোলতান, তাঁহার উপর কাহ্রাম দেশের শাসনভার অপণ করিলেন। এই স্থান হইতে কোতবউদ্ধীন মিরাট্ জয় করেন ওপরে মিরাট্ হইতে ফিরিয়া আসিয়া দিল্লী হস্তগত করেন।

মিরাট ও দিল্লী জন্ধ-কালে মোসল্মান সেনাগণ ক্রুদ্ধ ও ধর্মান্ধ হইরা বে সকল দেবমন্দির ধ্বংস করিয়াছিল; কোতবউদ্দীন সেই সকল স্থানে একেশ্বর উপাসনার জন্ত মস্জিদ নির্মাণ করাইয়াছিলেন।

এই সমন্ত যুদ্ধ-ব্যাপারে লিশু থাকা-কালে রণতন্বর হইতে তথাকার শাসনকর্তা কেওরাম-উল্-মূল্ক হাম্জা, সংবাদ প্রেরণ করিলেন বে—মৃত আজমীর-পতির ল্রাতা হিরাজ, বিজ্ঞোহী হইয়া পৃথীরাজপুত্রকে তথা হইতে বিতাড়িত করিয়া দিয়াছে, এবং আজমীর-রাজ রণতন্বরে, আসিরা তাহার নিকট আশ্রের লওরার, হিরাজ তাঁহার রাজ্য পর্যন্ত আক্রমণ করিবার উল্যোগ করিতেছে।

এই সংবাদ পাইয়া কোতব উদ্দীন সেই সময়ের সংসাহসী ও দৃঢ়প্রতিজ্ঞ আমীর সবিকুল্-মূল্ক নসর উদ্দীনের উপর তাঁহায় অবর্ত্তমানে রাজ্যরক্ষার ভারার্পণ করিয়া, মরুদেশ ও পর্বত উলজ্মন পূর্বক রণতম্বরন অভিমূখে যাত্রা করিলেন।

হিরাজ, বীরপুক্ষর কোতবউদ্দীদের আগমন সংবাদ পাইরাই আজমীর পরিত্যাগ পূর্বক পলায়ন করিল। পৃথীরাজপুত্র তাঁহার হত সিংহাসন পুন:প্রাপ্ত হইলেন ও উপঢৌকন স্বরূপ তিনি কোতবউদ্দীনকে অপরাপর বহু মূল্যবান জ্বব্যের সহিত তিন্টী স্বর্ণ নির্মিত বৃহদাকারের তর্মুজ্ব পাঠাইয়া দিলেন।

কোতব উদ্দীন দিল্লী প্রত্যবর্ত্তন করিয়া, তাঁহার এই সমস্ভ বিজয়-বার্ত্তা স্বহন্তে গোর-পতির নিকট লিখিয়া পাঠাইলেন। সোল্ভান মুস্বজউদ্দীন গোরী, এই আনন্দ-সংবাদ পাইরা কোতব উদ্দীনকে স্বীর রাজধানীতে ভাকিয়া পাঠাইলেন।

গজ্নী পৌছিয়া কোতবউদ্ধীন সম্রাটের হস্ত চুম্বনের অধিকার পাইয়াছিলেন; এবং সোলতান গোরী তাঁহাকে পৃথিবীর যাবতীর রাজক্তবর্গের অপেক্ষা অনেক উচ্চ সন্মানে সম্মানিত করিয়া, বিশুর মণিমৃক্তা, মৃল্যবান যুকাল্ল, থেল্রিয়াত ও দাস দাসী উপহার দিয়াছিলেন। এই উপলক্ষে সোলতান প্রধান মন্ত্রী জিয়াউল্ মৃল্কের উত্থান-বাটাতে অতিশয় সমা-রোহের সহিত ভোজের আম্মোজন করিয়াছিলেন বটে, কিস্ক কোতবউদ্ধান হঠাৎ পীড়িত হইয়া পড়ায়, সোলতান তাঁহাকে নিজপ্রসাদে লইয়া গিয়াছিলেন।

ভারতে প্রত্যাবন্তন কালে কার্মানের শাসনকর্ত্তা তাজ-উদ্দীন এল্পাঞ্জ, কোতবের প্রতি অতিশয় সম্মান প্রদর্শন করিয়া তাঁছাকে বল অমুরোধে কয়েক দিবস স্বীয় রাজধানীতে অবস্থান করিতে বাধ্য করিয়াছিলেন। শেষে তাঁছার পরমা ভুদ্দরী কসাকে অনেক যৌতুকের সহিত কোতন উদ্দীনের হত্তে সমর্পন করিয়াছিলেন।

কোতব উদ্দীন দিলা কিরিয়া আসিয়া নগরের মধ্যস্থলে একটা বৃহৎ মসজিদ নির্মাণ করাইলেন।

১১৯৪ খৃষ্ঠাব্দে কোত্র উদ্দীন গল্পনীপতির পুনঃ জারত-আগমনের সংবাদ পাইরা, একটা হস্তীপৃষ্ঠে হুর্গ বোঝাই করিয়া ও উৎকৃষ্ট একশভ অশ্ব সঙ্গে লইরা তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন।

এই অভিযানে কোতবউদ্ধীন সমাটকে পঞ্চাশৎ সহস্র বর্মধারী উৎক্টে অম্বারোহী সেনা দিয়া সাহায্য করিয়াছিলেন, এবং এই সৈক্ত লইয়াই কোতবের সাধায্যে সোলভান, অনায়াসে কান্তকুজ ও যারাণসী জয় করিয়াছিলেন। প্রত্যাবর্ত্তন সময়ে সোলতান মোহাম্মদ গোরী থান্গড় (আধুনিক বিয়ানা) হর্ণের নিকট দিয়া যাইবার কালে ছর্গের দিকে একবার চক্ষ্ ফিরাইলেন। ছর্গাধিপ কুঙার পাল সকলের সমক্ষে তাঁহার প্রসিদ্ধ ছর্গের দ্ট্তা ও তাঁহার সেনাবলের অহমার করিতেন; কিছ্ক সোল্তানের অধীনস্থ মোদ্লেম বারগণের অলোক-সামাক্ত দ্ট্তা ও তেজোব্যঞ্জক আকৃতি দেখিয়া ছর্গাধ্যক্ষ মনে মনে প্রমাদ গণিতে লাগিলেন, এবং বৃদ্ধারস্তের পুক্রেই সম্রাটের সমক্ষে আগমন করিয়া নিজের জীবন ভিক্ষা চাহিলেন এবং সাষ্টাকে ভূপতিত হইয়া মৃত্তিকা চুম্বন করিলেন।

সোল্তান থানগড়ের রাজত্বে বাহাউদ্দীন তোম্বরিল নামক একজন বিচক্ষণ রাজনীতিজ্ঞকে শাসনকর্তা নিযুক্ত করিয়া, গোয়ালিয়রের দিকে অগ্রসর হইলেন। হিঃ ৫৯২।

গোরালিয়র ছর্গ তৎকালীন ভারতের ছর্গমালার মধ্যে বিশেষ সমৃদ্ধিশালী ও সংরক্ষিত ছর্গ ছিল। ইহা একটা উচ্চ পর্বতোপরি অবস্থিত। মোহাম্মদ গোরীর আজ্ঞা পাইয়া যথন তাঁহার বীর সেনাগণ একত্রে তাহাদের রক্তপিপাত্র তরবারিগুলি শক্রর চক্ষুর সমক্ষে উন্মুক্ত করিল; তথন তাহাদের উজ্জ্ঞণ প্রভা বিহ্যতের ক্রায় বিধ্যাগিণের চক্ষু ঝলসাইয়া দিতে লাগিল। পৌগুলিকগণ দিবা চক্ষে ঐ তীক্ষধার অসির চাকচিকের মধ্যে যেন কাল মুর্পের স্মৃতীক্ষ বিষদন্ত দেখিতে পাইয়া ভয়ে জড় সড় হইয়া গেল।

রায় শশাক পাল বহু উত্তম এবং বহু চেষ্টা করিয়াও কোন মতে তাঁহার সৈক্তগণের উৎসাহ বর্জন করিতে কৃতকায়্য হইতে পারিলেন না। যে দিকেই তিনি ফিরিতে লাগিলেন, সেই দিকে দেখিতে পাইলেন যেন বিপদ করাল মুথ ব্যাদান করিয়া তাঁহাকে গ্রাস করিতে অগ্রুসর হইতেছে। এই সময় এস্লামের রণ-উল্লাস "আল্লাছো আকবর" ধ্বনি, কণে ক্ষণে তাঁহার কর্ণ বধির করিতে লাগিল। রাজা শশাক্ষ পাল ভরে বিহ্বল হইরা সোলতানের অধীনতা স্বীকার করিলেন ও তাঁহার করদ রাজা হইরা থাকিত বাধ্য হইরা, তাহার নিদর্শন স্বরূপ দশটী হন্তীপৃষ্ঠে অনেক উপটোকন বোঝাই করিয়া দোলভান সমীপে পাঠাইরা দিলেন।

সোলতান গোয়ালিয়র-রাজকে স্বীয় করদ রাজা মধ্যে গণা করিয়া লইয়া, তণা হইতে গজনী প্রত্যাবর্ত্তনের পথে অগ্রসর হইতে লাগিলেন। কোতব উদ্দীন তাঁহাকে বিদায় করিয়া দিয়া দিল্লী ফিরিয়া গেলেন।

১১৯৫ খুটাবে কোতব উদ্দীন আজমীরের বিক্রোহ দমন করিতে গিরা গুজরাটের নাহারওয়ালা প্রদেশের উন্নত অবস্থা দেখিয়া ও তথাকার রাজার আজরিক মোদলেম-বিজোহিতার পরিচর পাইয়া, তাহার রাজ্য আক্রমণের সক্ষন্ন করিলেন; এবং সেইদারুণ গ্রীমের সময় একদিন প্রত্যুবে স্বর্যোদরের পূর্বে সিংহ-বিক্রমে তাহার উপর আপতিত হইলেন। কিছু স্বর্যোদরের পর হইতে গ্রীম ক্রমশ: অসফ হইতে থাকায়, লোহ-বর্দায়ত মোদলেম সেনাগণ রণক্ষেত্রে আর তিষ্ঠিতে পারিল না, শেষে তাহাদিগকে আক্রমীরের পথে ফিরিয়া আদিতে বাধ্য হইতে হইল।

ইহার পরই কোতব উদ্দীন গজ্নীর মহোন্নত রাজাধিরাজ সোল্তান মোহাম্মদ গোরীর নিকট এই সমস্ত অবস্থা লিথিরা, রাজ্যশাসন ও বিস্তার কার্য্যে স্থাটের অসুমতি ও সাহায্য প্রার্থনা করিলেন। সোল্তান মহাপরাক্রমশালী রাজ-প্রতিনিধির এবস্থি নম্রতা দর্শনে অভিশন্ন সম্ভূষ্ট ইহা, কোতব উদ্দীনের উপর তাঁহার অধীনক্ত হিন্দুস্থান-সম্বন্ধে বদ্ভ্রা শাসনের অসুমতি প্রদান করিলেন; তৎসঙ্গে তাঁহার সাহায্যার্থে জাঁহান প্রাহাল্ভরান আসাফ উদ্দীন আরস্লান, নাসের উদ্দীন লোসান্থেন, ইক্ষত উদ্দীন, এবং স্রফ উদ্দীন মোহাম্মদ জারাহ্ নামক বিশ্যাত সেনাপ্রিগণের অধীনে বহু তুর্কু সেনা পাঠাইরা দিলেন। গজ্নী হইতে এই অদ্যা সাহসী বীরবাহু মোস্লেম সেনাদল শীত ঋতুর প্রারম্ভেই আসিরা, কোতব উদ্দীনের সৈত্তগণের সহিত যোগ দিল। তৎপরে বীর-কেশরী কোতব উদ্দীন, এই সেনা সম্ভার লইয়া ৫৯৩ হিজরীর সকর মাসের মধ্যজ্ঞাগে ১১৯৭ খৃষ্টাব্দে জামুরারী মাসে নাহার-ওরালা দমনে বহির্গত হইলেন।

পালি ও নন্দুল পার্বতীয় তুর্গ সমীপে গমন পূর্বাক তাঁহার। দেখিতে পাইলেন বে—"জড়োপাসক" পেচকেরা তাহাদের গর্ত্ত ছাড়িয়া মোস্লেম সেনার আগমন-বার্ত্তা পাইয়া কোথায় পলায়ন করিরাছে। তৎপরে অফসন্ধান করিতে করিতে অবগত হইলেন যে—তাহারা তাহাদের দলপতি কর্ণরায় ও ভীম দেবের অধীনে, আবু পর্বতের নিয় দেশে একটী গিরিবজ্মের প্রবেশ-হারে অবস্থান করিতেছে।

এই স্থানে ইতি পূর্বে জগৎ প্রসিদ্ধ বীর সোলতান মোহাম্মদ খাম গোরী আহত হওরার, কোতব এই স্থানটীকে অশুভ স্থান জ্ঞানে, हिन्দু সৈক্তগণকে তথার আক্রমণ করিতে বিরত হইলেন।

বিধর্মী জড়োপাসকগণ মোস্লেম-সেনাগণের এই দিখা অবলোকন করিয়া, ইহা ভীক্ষতার লক্ষণ বিবেচনায় গিরিবর্ত্ম পরিত্যাগে ক্রমে মোস্লেম সেনার সম্থীন হইল, এবং কিছুক্ষণ পর্যান্ত উভয় সেনা পপস্পর পরস্পারের সম্থীন হইয়া মৃদ্ধর্ষে প্রস্তুত হইতে থাকিবল; কেছ কাহাকে আক্রমণ করিল না।

১৩ই রবিওল্ আউঅল্ শনিবার দিবা গতে রাত্রে, মোদ্লেম সেনা শিবির পরিত্যাগ পূর্বক বহিগত হইয়া, প্রাতে বিধর্মীগণের উপর বীর ভক্ষারে নিপতিত হইল। দেখিতে দেখিতে তাহারা পৌত্তলিকে রজের নদী বহাইয়া, বেলা ছই প্রহরের মধ্যে, ভড়োপাসক্রাণকে প্রায় শেষ করিয়া ফেলিল। ছিন্দুগণের অধিকাংশ নেতা মোদ্লেম সেনা হতে বন্দি হইল। এই সময় মধ্যে প্রায় পঞ্চাশৎ সহস্র হিন্দু সেনা, রণকেত্রে মোদ্লেম তরবারির আঘাতে ভূলুছিত হইতে দেখিয়া, অবশিষ্ট বিধ্যাগণ রণে ভল দিয়া পার্কত্য অরণ্যে ও পর্কত-গুহায় লুকায়িভ হইয়া জীবন রক্ষা করিল। রাজা কর্ণরায় ইতিমধ্যে যুদ্ধ ক্ষেত্র হইতে পলায়ন করিতে কৃতকার্য্য হইয়াছিল।

বিধনীগণের স্থপাকার মৃত দেহে পর্বত ও উপত্যকা ভূমি একাকাব হইয়া গেল। এই যুদ্ধে মোদলেম-সেনাগণ বিংশতি সহস্রাধিক হিন্দুসেনা বন্দি করিয়াছিলেন ও তৎসঙ্গে বহু হন্তী, অশ্ব ও বৃদ্ধার তাহাদের হন্তগত হইয়াছিল।

যুদ্ধাবসানে অনুষ্ঠ নদ নদী ও উর্কার। ক্ষেত্র পরিপূর্ণ নাহার ওয়ালা রাজত্ব (ক্ষ্মণিৎ নদী পরিপূর্ণ ভূতাগ) এবং সমস্ত গুজরাট প্রদেশ তেজন্বী মোন্দলম বীরগণের হস্তগত হইল। বিজয়ী মোন্দলম বীর কোতব উদ্দান, গুজরাটের স্থান্যনের বন্দোবস্ত করিয়া তথা হইতে আজমীরের ভিতর দিয়া দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন।

৫৯৯ হিজয়ী ১২০২ খুষ্টান্দে কোত্ৰ উদ্দীন কালিজর আক্রমণে বহির্গত হইলেন। এই অভিযানে কোত্ৰ পুত্রাপেক্ষা প্রিয় পাত্র, তাঁহার জামাতা সাম্স-উদ্দীন আলতামাশ্কে ওাঁহার সঙ্গে লৃইয়াছিলেন। কালিজার-রাজ পরমার, থোলা ময়দানে মোসলেম যোদ্ধাগণের সহিত্ব কিছুক্ষণ যুঝিয়া, শেষে জল্প মধ্যে পলায়ন করিয়া আত্ররক্ষা করিলেন, কিন্তু অল্লনিন মধ্যেই আবার কোত্র উদ্দীনের নিকটে আদিয়া আত্মসমর্পণ করিলেন। রাজার প্রপ্রম্বাপন সোল্তান মাহ্মুদের নিকট হইতে যেয়প ব্যবহার পাইয়াছিলেন, বঞ্তা স্বাকার করায় দিল্লীয়ার কোত্র উদ্দীনত্ত ভাঁহার প্রতি

রাজা পরমারের হঠাৎ মৃত্যু হওয়ায় তাঁহায় দেওয়ান অজদেন,

সিংহাসনারত হইয়া দিল্লীশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিলেন ও ঐ বংসরই ২০ রজব নোমবারে মোস্লেম-বাহিনীর সহিত যুদ্ধে সম্পূর্ণরূপে পরাজিত হইয়া, ভদবধি কোথায় নিরুদ্দেশ হইয়া গেলেন।

এন্লাম সন্তান্ত্রণ সগকে আবার কালিঞ্জরের প্রসিদ্ধ স্থান্ত হর্গ হন্তগত কারল। এবার নগরের সমস্ত দেবালয়গুলি ভ্যিনাৎ করিয়া সঙ্গে সঙ্গে তাহার স্থামে স্থান্ত মন্পিদ নিম্মাণ আরম্ভ হইল। কিছুদিন মধ্যে পবিত্র আজান ধ্বনিতে এককালের ঘোর ঈর্মর-বিক্রোইী প্রতিমা পরিপ্রিত কালিঞ্জর নগর মুখরিত হইয়া উঠিল। এই সময় পৌতালিকতার চিহ্নমাত্র কালিঞ্জরে অবশিষ্ট হহিল না। প্রায় পঞ্চাশৎ সহস্র বিধর্মী পৌতালিক খোলা ময়দানে, সমবেত হইয়া কেই ইচ্ছায়, কেই খনিচ্ছায় ও ভয়ে যথন পবিত্র এদ্লাম ধর্মের শীতল ছায়ার আশ্রম গ্রহণ করিল, তথন তাহাদের ক্রম্থবর্ণে সমতল-ক্ষেত্র মদীময় বিবেচিত হইতে লাগিল। কোতব উদ্দীন কালিঞ্জরের বিজিত সিংহাসনে হাজ্বার-উদ্দীন হাসান্কে বসাইয়া, রোহলখণ্ড প্রদেশের বাদাউনাভিমুখে যাত্রা করিলেন।

এই সময় গজনীয় অধীশার সোল্তান নোহাম্মদ গোরী, কোতং উদ্দীনের নিকট পত্র প্রেরণ ঘারা তাঁহাকে পোবাপুত্ররূপে গ্রহণ করিরাছেন অবগত করিলেন, এবং এই সঙ্গে অধিকতর আত্মীয়তার নিদর্শন স্বরূপ বারাণদী-জয়ে প্রাপ্ত অতাব স্মৃদ্র শ্বেত হন্তিটী তাঁহাকে পাঠাইয়া দিয়াছিলেন। কোতব উদ্দীন যতদিন বাহিয়া ছিলেন, গজনীপতি-প্রদম্ভ এই হস্তীতে তিনি প্রায়ই আবোহণ করিতেন। আশ্তর্যের বিষয় এই বে সম্রাট কোতব উদ্দীনের অক্সাৎ মৃত্যুর তৃতীয় দিবদে ঐ শ্বেত হন্তীরপ্ত প্রাণবায়ু বহির্গত হইয়াছিল।

হিং ৬০২ সালে কোতব উদ্দীন লাহোর যাত্রা করেন ওু সেই বৎনর ১৮ জেলুকদ মললবারে তিনি লাহোরের সিংহাসনে রাজাধিরাজক্রণে অভিষিক্ত হইরাছিলেন। অতঃপর সমাট গজনী গমন করিয়া ও রাজধানী সোলতান মোহাত্মদ গোরীর লাতৃত্যুত্ত গেরাস্-উদ্দীন মাতৃ মৃদ মোহাত্মদ ভাষের হস্তৃতি করিরা তারং সিংহাসনাক্ত হইরা, মাত্র চল্লিশ দিন তথার অবস্থান ও রাজ্যু করিলেন: তৎপরে দিল্লী প্রভাবর্তন করিলেন।

হি: ৬০৭ সালে ১২১০ খৃষ্টাব্দে সমাট কোতব উদ্দীন লাহোরে অখারোহলে চৌগান (পলো) থেলিবার কালে দৈবক্রমে অখ হইতে পড়িরা যান; সঙ্গে সঙ্গে অখটিও তাঁহার উপর আসিয়া পড়ার, জিনের লৌহ নির্মিত উচ্চ ভাগটী সম্পূর্ণরূপে সমাটের বক্ষস্থলে বিত্ব হইর। তাঁহর মৃত্যু হয়।

কোতব উদ্দীন বিংশতি বৎসর কাল রাজত্ব করেন, তর্মধ্যে শেষ চারি বৎসর তিনি পারশ্য, ইম্পাহান,, গজ্নী ও আসমূত ভারতের অর্দ্ধেকাংশের রাজাধিরাজ হইয়া দিল্লীর সিংহাসন আলোকিত করিয়াছিলেন। তাঁহার রাজত্বলালে তনীয় সেনাপতি এথ্তিয়ার উদ্দীন মোহার্মদ বথুতিয়ার থিলিজী বাজালা বেহার জয় করেন।

(তাজুল মারাসীর)

দিতীয় খণ্ড।

বাঙ্গালায় মোসল্মান রাজত্ব

নবদ্বীপ, লক্ষণাবতী (গোড়), স্ববর্ণগ্রাম, পাণ্ডুয়া, গওয়াস্পুর-টাঁডা, রাজমহল, ঢাকা ও মুশিদাবাদ,—পলাসীক্ষেত্র স্থাঃ ১২০০—১৭৫৭

প্রথম সূর্গ

গাজী এখ্তিয়ার উদ্দীন মোহাম্মদ বথ্তিয়ার খিলিজী।

বধ্তিয়ার বাল্যকাল হইতেই অভিশন্ন সাহসী, বৃদ্ধিমান ও উদ্বোগী পুরুষ ছিলেন। তিনি অল বরসেই তাঁহার অন্মন্থান ও আত্মীর অঞ্চনগণকে পরিত্যাগ করিয়া, প্রথমতঃ গোর ও তথা হইতে ক্রেমে গজ্নীতে আসিয়া সোল্তান সৈয়দ মৃত্তিজ্বলীন মোহাত্মন গোরীর শরণাপন্ন হন, এবং তথাকার রাজনরবারে নিওয়ানেআরজে (আরজীর দপ্তর থানার) চাক্রী প্রাপ্ত হইলেন। কিন্তু এই মসীজীবীর কার্য্য তাঁহার মনঃপৃত না হওয়ার, তিনি এই উপজীবিকা পরিত্যাগপ্র্কক গজ্নী হইতে হিন্দুয়ানে চলিয়া আসি-লেন। তভাগ্যক্রমে দিলীতেও লেখনী ধারণ ব্যতীত জীবিকা উপার্জনের অন্ত উপায় না দেখিয়া তিনি অধুনিক রোহিলথণ্ডের অন্তর্গত বাদাউন নগরে গিয়া, তথাকার পরাক্রান্ত শাসনকর্তা হেজ্বার উদ্দান হাসানের আশ্রয় গ্রহণ করিলেন ও ভাঁহার সেনাদলে ভর্তি হইলেন।

কিছুদিন পরে বথ তিয়ার অবোধ্যার গিয়া মালেক হেসাম উদ্দীনের অধারোহী সেনাদলে মিশিরা, করেকটা ক্ষুদ্র ক্রেছি দমনে অমাস্থাকি বীরত্ব প্রকাশ করার; তাঁহার নিকট হইতে সাল্মাত ও সাহ্লান্ত নামক ফুইটা গ্রামের জায়গীর প্রাপ্ত হইরাছিলেন।

এই সময় হইতেই বথ তিয়ারের উয়িতর স্তপাত্র হইল। এথান
চইতে তিনি বেহার ও মুঙ্গেরে করেকটা কৃদ্র অভিযান করিয়া অশ্ব ও
যুদ্ধান্ত্র সংগ্রহ করিতে আরম্ভ করিলেন। তাঁহার অসাধারণ বীরত্ব দেখিয়া
থিলিজী বংশের অনেক লোক দলে দলে তাঁহার পতাকার নিয়ে আসিয়া
জুটিতে লাগিল। ক্রমে বথ তিয়ার থিলিজীর বীরত্ব কাহিনী দিল্লীর
সোল্তান কোতব উদ্দীনের কর্ণগোচর হওয়ায়, গুণগ্রাহী স্মাট গুণের
পরিচয় পাইয়া, বথ তিয়ার থিলিজীকে যথাযোগ্য সম্মান প্রদর্শন স্বরূপ
থেলয়াত, কটাবন্ধ ও তরবারি উপহার পাঠাইয়া দিলেন।

বথ্ তিয়ার থিলিজী, স্বভাবস্থার তুর্ক জাতির মধ্যে স্বতিশয় কদাকারদর্শন ছিলেন; এবং তাঁহার জীবনের প্রারম্ভকাল হইতে সকল স্থানেই
উদ্ধতন কর্মচারিগণের চকুশৃল হইবার ইহাও তাঁহার একটা প্রধান কারণ
ছিল। তাঁহার এই কদর্যা চেহারা ও অস্প্র্ট স্বস্প্রতাদের আরও কদর্যতা
বৃদ্ধি করিয়াছিল তাঁহার বাল যুগল। হাত তৃইথানি তাঁহার এতাধিক
স্পরিমিত লখা ছিল যে—বথ্ তিয়ার সোজা হইয়া দাঁড়াইলে তাঁহার
হস্তের স্বস্থানি তাঁহার জামুসন্ধির স্বনেক নীচে আসিয়া পৌছিত।

দিল্লীখনের উৎসাহ পাইয়া বধ্তিয়ার প্র্তেজে বেহার আক্রমণ করিবেন। ৬৯৬, হি: ১১৯৯ খৃষ্টাক— এই অভিযানে বীরপুষ্ব বধ্তিয়ার থিলিজী মাত্র তুইশত অশ্বারোহী সমজিবাালারে বিহার তুর্গের ঘারদেশে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার সৈল মধ্যে নেজাম উদ্ধীন ও শামস্-উদ্ধীন নামক তুই প্রাতা ছিলেন। তর্কতে নসিয়ী ইতিবৃত্তলেধক আব্-ওমর মেন্হাজুদ্দীন খুলীয় ১২৪০ সালে লক্ষণাবতী নগরে উক্ত শামস্-উদ্দীনের মুখে মগধ আক্রমণ-সহক্ষে খালা গুনিয়াছিলেন, তাহা তিনি স্বীয় ইতিহাসে এইরূপ লিপিবদ্দ করিয়াছেন—

"যথন এই মাত্র তুইশত মোদলেম অশারোহী, অদম্য সাহদী বীরকেশরী বথ তিয়ারের অধীনে বিহার তর্গধারে গিয়া উপস্থিত হইল, তথন মগধ-রাজ তাঁহার সমুদ্র দৈক লইয়া, অতি অল্লফণের কক চুর্দ্ধ এদলাম মস্তানগণকে বাধা প্রদান করিতে কুতকার্য্য হইয়াছিলেন। শেষে মগধ-রাজ এই মৃষ্টিমের বীরগণের শৌর্য্য বীর্য্য দর্শনে ভীত হইয়া নিল্পজ্জভাবে বাজধানী পরিত্যাগপুর্মক পলায়ন করিলেন। পুর্মভারতের বিছাভ্যাদের কেন্দ্র বিহার, তথন বিনা আয়াদেই মোদলেমগণের হন্তগত হইল। বথ-তিয়ারের সেনাগণ হর্গ প্রবেশে লুঠন আরম্ভ করিয়া দিল। মুণ্ডিত মন্তক ব্ৰাহ্মণগণ যে ষেদিকে পারিল পলায়ন করিতে লাগিল: এই সময়ে ভাষাদের মধ্যে অনেককেই যে উত্তেজিত সেনাগণের তরবারির নিমে প্রাণ বিদর্জন নিতে হয় নাই জাহা নহে। পরে রাশীকৃত পুস্তক, বিজেতাগণের হস্তগত হওয়ার, তাঁহারা তথন এই তুর্গটীকে একটা প্রকাণ্ড পাঠাগার বলিয়া বুঝিতে পারিলেন। কিন্তু বহু চেষ্টায়ও ওই সমন্ত সংস্কৃত ভাষায় লিখিত পুত্তকের পরিচয় বুঝাইয়া দিবার জন্ম একজনকেও পাওয়া গেল না। তথন দুর্গ ও নগর উভরই জনশূরু। হিন্দি ভাষার বিহার শব্দের অর্থ মহৎ বিজালয় বা বিশাল মঠ।

মগধ-বিজ্ঞার পর বত ধন রত্ব লইয়া বথ্তিয়ার দিলীতে কোতব

উদ্দীনের দরবারে পৌছিলেন, এবং তথার দিলীশ্বরের নিকট যথেষ্ট সমাদর ও অভ্যর্থনা পাইলেন। কিছু দিলীশ্বরের দরবারের ওন্রাহ্গণের ইনা ভাল লাগিল না। বথতিয়ার থিলিজী তার্নাদের চক্ষুশূল হইলেন; তথন তাহারা এই তেজখী নবীন সেনাপতির ধ্বংসের জন্ম নানা উপার উদ্ভাবন করিতে লাগিল। শেষে সকলে পরামর্শ করিয়া একদিন সাম্রট-সমীপে মোহাম্মদ বথতিয়ারের অসীম বীরত্ব ও সাহসের প্রশংসা করিতে করিতে, সেনাপতি মন্ত হন্তীর বল ধারণ করেন—একবাক্যে সকলে বলিয়া উঠিল। তাহারা ইনাতে কাল্ক না ইয়া একদিন কথা প্রসঙ্গে সম্রাটের নিকট বথতিয়ারের একটা মন্ত হন্তীসহ যুদ্ধ দর্শনাভিলাব প্রকাশ করিয়া, সম্রাট সকাশে অন্ধরেয়ধ করিল।

সমাট কোতবউদীন, মোহাত্মদ বথতিয়ারের সত্মতি গ্রহণ পূর্বক, তৎক্ষণাৎ তাঁহার পিলথানা হইতে সর্বপেক্ষা তুর্দান্ত ও বলশালী হত্তী আনিবার আদেশ করিলেন। সঙ্গে এক মহাকার উদ্ভূত্থল বারণ, খেত প্রাসাদের সত্ম্বস্থ বৃহৎ প্রান্ধণে আসিয়া উপস্থিত হইল। সেনাপতি বথতিয়ার থিলিজী গান্তাবরণ উন্মোচন পূর্বক কোমর বাঁধিয়া, মাত্র একটা যুদ্ধ কুঠার হত্তে হত্তীকে আক্রমণ করিলেন, এবং সঙ্গে সঙ্গের ভত্তে এরূপ প্রচত্তবেগে কুঠারাছাত করিলেন যে,—হত্তী চীৎকার করিতে করিতে পলারন করিল।

চতুর্দ্দিকের ধন্য ধন্য শব্দে ও করতালিতে প্রান্ধন মৃথরিত হইরা উঠিল। কোতবউদ্ধীন নিজ হত্তে সেনাপতিকে নানা উপঢৌকনে পরিতৃষ্ট করিরা, সম্ভাক্ষ গুন্রাজগণকে স্বীয় কার্য্যের অমুসরণ করিতে ইলিত করিলেন।

বর্ধতিয়ার থিলিজীর নুসমূথে ধনরত্বের ঢেরী লাগিয়া গেল; কিছ মহামুভব সেনাপতি উহাতে হস্তক্ষেপ্ত না করিয়া, বরং নিজ হইতে আরো কিছু উহাতে দিয়া, সমস্ত ধনরত্ন সমাট প্রাসাদের দাস-দাসীগণের ও দীন-তঃখীদিগের মধ্যে বিতরণ করিয়া দিলেন।

এইবার হি: ৫৯৯ সালে ১২০২ খুষ্টাব্দে এখ্ ভিরার উদ্দীন মোকাত্মদ বখ্ ভিরার, দিলীশ্বর সোল্তান কোতবউদ্দীনের নিকট হইতে থেল্য়াভ ও মগধের শাসন-কর্ভুত্বের সমন্দ পাইলেন; এবং সঙ্গে সজ্জে চতুর্দিকে ভাহার রাজ্য বৃদ্ধি করিবার অন্তমভি প্রাপ্ত ক্রলেন।

বেহারে প্রত্যাবর্ত্তন করিয়া নব-মধিকৃত রাজ্যের স্থবন্দোবন্ত করিতে তাঁহার ৫৯৯ হিজরী কাটিরা গেল। এই সমরে মধ্যে লোক প্রেরণ করিরা তিনি বাঙ্গালার ও উহার তৎকালীন রাজধানী নবদ্বীপের সম্বন্ধে অমুসন্ধান লইতে লাগিলেন।

বাঙ্গালার মস্নদে দেই সময় নবখীপে বৃদ্ধ রাজা লক্ষণ সেন উপবিষ্ট ছিলেন। এদিকে বধ্তিয়ার থিলিজীর বেহার-বিজয়-বার্ত্তা ঘোষিত হওরার, মগধ দেশ, লক্ষ্ণাবতী বিভাগ, বঙ্গদেশ ও কামরূপ বিভাগ, তাঁহার নামে প্রকম্পিত হইতে লাগিল।

নদীয়ার রাজা রায় লক্ষণ সেনের জন্ম সম্বন্ধে এইরূপ জনশ্রুতি আছে—
রাজা লক্ষণ বা লাক্ষণের অশীতি বংসর বয়স পর্যান্ত নবদীপের
সিংহাসনে বসিয়া সমস্ত বাঙ্গালা দেশ শাসন করিয়াছিলেন। তাঁহার
পিতৃদেব লক্ষণ মেনের মৃত্যুকালে তদীয় মাতা পূর্ণ গর্ভবতী ছিলেন;
এই জন্ম পূর্বতন রাজা লক্ষণ সেনের অপ্তাক অবস্থায় মৃত্যু হওয়ায়,
রাজসভাসদ্গণ গর্ভবতী রাণীকে সিংহাসনে বসাইয়া, তাঁহার ক্রোড়ে রাজ
মৃকুট রক্ষা করিয়া, তাঁহাকেই রাজ-স্থান প্রদান করিলেন।

ক্রমে রাণীর প্রদবের সময় অতি নিকটবর্ত্তী হইয়া আদিল। তথন তিনি রাজধানীর সমৃদয় জ্যোতির্কিদকে আহ্বান করিয়া, ঐ লগ্নে পুত্র প্রস্ত হইলে, পুত্রের ভবিষ্যৎ উন্নতি কি প্রকার হইবে জিজ্ঞাসা করিলেন। জ্যোতির্বিদগণ চিল্পা ও তর্ক-বিতর্কের পর একমত হইরা বলিলেন বে,— এই মৃহুর্জে সন্ধান ভূমিষ্ঠ হইলে সেই সন্তানের ভবিশ্বৎ বড়ই অমঙ্গলকর হইবে ও সেই পুত্র কোন মতে রাজ্য প্রাপ্ত হইতে পারিবে না। কিন্তু আর পাঁচ দণ্ড কাল পরে পুত্র প্রস্তুত হইলে, সেই পুত্র রাজা হইরা অশীতি বৎসর রাজত্ব করিবে।"

"রাজমাতা এই সংবাদ শুনিয়া, তাঁহার উরুয়য় একত্রে কঠিন ভাবে বন্ধন করিয়া ও মন্তক নিম্নদিকে রাখিয়া তাঁহাকে ঝুলাইয়া রাখিতে আজ্ঞা করিলেন। রাজ্ঞীর অনুমতি মত সঙ্গে সঙ্গে কার্য্য করা হইল। হই বল্টা কাল এই অবস্থায় থাকার পর, যথন জ্যোতিষীগণ—"এই সুপুত্র জন্মবার উপয়্ক সময়" প্রকাশ করিলেন, তৎক্ষণাৎ রাজ্ঞীর ইন্সিত ক্রমে তাঁহাকে নামাইয়া দেওয়া হইল ও তাঁহার উরুয়য় বন্ধন মৃক্ত করিয়া দেওয়া হইল। পরক্ষণেই লাক্ষণেয় বা লক্ষণ জন্মগ্রহণ করিলেন। কিন্তু পুত্র প্রস্বের সঙ্গেই পুত্র মাতৃহারা হইল। দারুণ বন্ধণার রাণীর প্রাণবায় প্রস্বের সঙ্গেই বহির্গত হইয়া গেল।

লক্ষণ একজন পরম দশ্বাসু ও স্থায় বিচারক বাজা ছিলেন। দিল্লীখর কোতবউদ্দীনের স্থায় তাঁহার অস্তঃকরণও অতীব মহৎ ও উদার ছিল

মোহাম্মদ বথ তিয়ার, সোল্তান কোতবউদ্বীনের নিকট হইতে বিদায় গ্রহণে বেহারে আসিয়া, মগৃথের সিংহাসনে অধিরত , ইইলেন। অচিরে লক্ষণ সেন তাঁহার বাহুবলের পরিচয় পাইলেন। ক্রমে বথ তিয়ার খিলিজীর বল-বীর্য্য বাল্লার সর্বত্ত প্রচার হইয়া পড়িলে, রাজ্যের জ্যোতির্বিদগণ ও ব্রাহ্মণ মণ্ডলী রাজা লক্ষণ সেনের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে অবগত করিলেন যে,—

"প্রাক্ষণগণের বহু পুরাতন গ্রন্থসমূহে তাঁহারা দেখিয়াছেন বে, ভাঁহাদের দেশ শেষে তুর্কাদিগের অধিকারভূক্ত হইকে; আর সেই সময়ও প্রায় নিকটবর্ত্তী হইয়া আসিয়াছে, ওদিকে তুর্কীরাও মগধ জয় করিয়াছে ও সন্তবতঃ পর বৎসর বাঙ্গালা আক্রমণ করিবে।"

এই কথা বলিয়া সেই সময়ের স্বদেশ-হিতৈষী বান্ধালী ব্রাহ্মণমণ্ডলী তাহাদের চির-স্বাধীন রাজাকে মোসল্মানগণের সহিত ভয়ে সন্ধিশতে আবদ্ধ হইতে উপদেশ দিলেন।

রাজালকণ তথন প্রাহ্মণগণকে সংখাধন করিয়া বলিলেন—"যে মহাবীর বাঙ্গালা দেশ জয় করিবেন, তাঁহার কোন বিশেষ লক্ষণ আপনারা অবগত হইয়াছেন কি ?"

ব্রাহ্মণ—"মহারাজ! আমরা এই পর্যান্ত জানিতে পারিয়াছি যে— সেই বীরপুক্ষের বাহুধর অস্বাভাবিক দীর্ঘ, এমন কি সরলভাবে দণ্ডারমান হইলে, তাঁহার হন্ডদর তাঁহার হাঁটুর নিম্নদেশ পর্যান্ত অবতরণ করিবে।"

ব্রাহ্মণগণের উক্তি শুনিরা রাজা লক্ষণ, মোহাম্মদ বথ তিরারের অবরবের স্মাণুস্ম্মরণে বর্ণনা শুনিবার জক্ত গোপনে দৃত প্রেরণ করিলেন। পরে দৃত্মুথে তাঁহার করি-শুগু-সন্নিভ মাজাত্দিভি বাছ যুগলের বর্ণনা অবগত হইরা, বৃদ্ধ রাজা মাতক্ষে জড়সড় হইতে লাগিলেন।

এই ব্যাপারের, পর হইতে, ক্রমে রাজ্যের বহুতর আহ্মণ, নবদীপ তথা বন্ধদেশ পরিত্যাগ পূর্বক প্রীধামে গিয়া জগন্নাথের মন্দিরের নিকট আশ্রম লইলেন; অনেকে কামরূপের দিকে অগ্রসর হইলেন। রাজা লক্ষণ, অতিশয় ভীত হইলেও তাঁহার রাজ্য ও রাজ্যানীর মমতা সহজে পরিত্যাগ করিতে পারিলেন না।

পর বৎসর ১২০০ খুটাবে মোহামদ বপ তিয়ার খিলিজী বেহার হইতে পূর্বাভিম্বে বাদালার দিকে অগ্রসর হইতে লাগিলেন। পরে রাজধানী নবন্ধীপের নিকটবন্ধী হইলে, তাঁহার বীর সৈম্পাণের মধ্য হইতে সপ্তদশ জন জ্বারোহী মাত্র সঙ্গে লইয়া তিনি রাজধানীর মধ্যে প্রবেশ করিলেন। বথ তিয়ার এই সময় কাহারও প্রতি কোনরূপ জ্বত্যাচার না করিয়া নীরবে বিনা বাধা-বিদ্নে বরাবর জ্ঞাসর হইতে লাগিলেন।

নগরবাদিগণ এই সমূলত বপু দৃঢ়কার স্থগোরাক অখারোহিগণের স্থঠাম তেজংপুঞ্জ ব্যাপক বদন মণ্ডলে পুরুষোচিত দৃঢ়তার অভিনব চিহ্ন প্রকটিত দেখিয়া, ভরে গোপনে থাকিয়া তাঁহাদিগকে অনিমেধ লোচনে অবলোকন করিতে ও সঙ্গে সঙ্গে সর্বান্তঃকরণে তাঁহাদের অপরপ রূপ ও তেজ্বিতার ভ্রমী প্রশংসা করিতে লাগিল। প্রাসাদ্দারের প্রহরী ক্ষুক্রকায় বন্ধীয় সেনাগণ, এই অস্ট্রাদশ জন বিশালদেহ মোদ্রেম-অখারোহীকে দেখিয়া সভরে পথ ছাড়িয়া দিল।

এই প্রকারে প্রাসাদ-দারে উপনীত হইয়া, এই সামাস সেনা কয়জন কোষ হইতে অসি নিম্নোধিত করিতেই, চতুদ্দিক হইতে ভীতি-বিহবেল সকরুণ চিৎকার-ধ্বনি উভিত হইতে লাগিল।

বৃদ্ধ রাজা এই সময় স্বর্ণ ও রৌপ্য নির্মিত ভোজন-পাত্রে নানাবিধ
ভক্ষ্য দ্রব্য লইয়া নাধ্যাহ্নিক আহারে বসিয়াছিলেন। হঠাৎ বাভিরের
এই ভয়াবহ বিকট করুণ চীৎকার ধ্বনির দিকে তাঁহার মন আরুট হইল,
এবং তৎসজেই দেখিলেন,—মোহাম্মদ বথ ভিয়ার প্রাসাম্দ অভঃপ্রে প্রবেশ
করিয়া তাঁহার সম্প্রেই নিকটন্থ করেকজন প্রহরীকে তরবারি মৃথে
শমন সদনে প্রেরণ করিলেন।

এই অবস্থা দর্শনে রাজা লক্ষণ খার খ্রী-পূত্র পরিত্যাগপুর্বক, প্রাসাদের পশ্চাৎ ঘার দিরা পলায়ন করিয়া নিজ প্রাণ রক্ষা করিলেন। অচিরে তাঁহার সমস্ত ধন রম্ম, তৎসকে খ্রী, কন্তা ও অস্তঃপুরবাসিণী রমণীগণ, বিজয়ী মোস্লেম সেনাগণের হস্তে প্তিত। হইলেন। বিস্তর হস্তী ও রাজার রম্ভাগারের সমস্ত রম্ম বর্ধ তিরার থিলিজীর হস্তগত হইল। বধ্তিয়ারের পশ্চাৎ পরিত্যক্ত দেনাগণ নগর মধ্যে আদিয়া পৌছিবার পূর্কেই, তিনি রাজধানী অধিকার করিয়া রাজসিংহাসন দুধল করিয়াছিলেন।

বৃদ্ধ রাজা গলাগত দিয়া নৌকাযোগে পলায়ন করিয়া উড়িয়াভিম্থে চলিয়া গেলেন, এবং তথায় জগয়াথ ধামে পৌছিয়া অল্লকাল মধ্যেই মৃত্যুমুথে পতিত হইলেন।

নবদ্বীপ অধিকারের পর বীর বাহু বথ তিরার হৈ স্থানে ভাগীরথী পার ক্টরাছিলেন, নদীয়া জেলার শান্তিপুরের অনতিদ্রে সেই স্থান অভাবিধি "বথতিরার ঘাট" বলিরা প্রসিদ্ধ আছে। কিন্তু কালে কালে গলা তথা ক্টতে অনেক স্বিয়া আসার, ঐস্থান একটা কুক্ত গ্রামে পরিণত হইরাছে।

বথ তিরার থিলিজা নবদীপ লুঠণ ও ধ্বংস করিয়া, তথা হইতে লক্ষণাবতী নগরে রাজধানী প্রতিষ্ঠিত করিলেন। এই স্থানের নাম করণ হউল গোড়। এই গোড় নগর গন্ধার পূর্ব্ব পার্থে রাজমহল হইতে প্রায় ২৫ মাইল দক্ষিণে মালদহ ক্লোয় অবস্থিত। স্থানটী বহুপূর্ব্বে বন্ধদেশের পুরাতন রাজধানী ছিল; এবং ইছার পরে মোগল সমাট হুমায়ুন, এই নগরের পুনাসংস্কার করিয়া ইহার নাম জেয়াত-আবাদ রাধিয়াছিলেন!

তৎকালে গলানদী গৌড়ের পাদদেশ ধৌত করিয়া প্রবাহিত হইত।

এক্ষণে উহা ভয়ানক জললময় ইইয়া, ব্যাদ্র প্রভৃতি হিংস্র-খাপদ-সঙ্কল

অরণ্যে পরিণত হইয়াছে! গলাও এক্ষণে উহার পশ্চিমে চারি মাইল

ইইতে স্থানে স্থানে বার মাইল সরিয়া পড়িয়াছে।

গোড়ের জন্নবশেষ হইতে অস্মান করা যায় যে, তৎকালীন, গলাভারবন্তা এই অতীব সমৃদ্ধিশালা মোদ্লেম-বালালার রাজধানী, অন্যন
১৫ মাইল দীর্ঘ ও তিন মাইল প্রস্থে স্থান ব্যাপিনা বিরাজমান ছিল।
এখনও নিবিড় অরণ্য মধ্যে কৃষ্ণ মর্মার-নির্মিত কার্ফ্রকার্য্য-থচিত
মস্দ্রিদের জন্নবিশেষ, এবং মধ্যে মধ্যে অত্যুচ্চ অর্দ্ধগ্র তোরণ ও

বৃহদায়তন জলাশয় সকল বিভাষান আছে। বঙ্গ-বেহার একত্রিত হওরার, রাজধানী লক্ষণাবতী এই যুক্ত প্রদেশের কেন্দ্রখান হইরাছিল।

গৌড়ে রাজধানী স্থাপিত করিরা, মোহাম্মদ বথ তিরার থিলিজী নানা স্থানে মস্জিদ, বিভালয় ও পাস্থনিবাস নির্মাণ করাইলেন। বঙ্গ-বেহার জয়ের পর বথ তিরার থিলিজী ইচ্ছা করিলে, অনারাসে নিজকে স্থাধীন রাজা বলিরা ঘোষণা করিতে পারিতেন। কিন্তু তিনি তাহা না করিয়া আজীবন দিল্লীখরের করদ রাজা হইয়া রহিলেন। বঙ্গ-বিজয়ের পর বথ তিরার থিলিজী দিল্লীম্বর এই জয়ের নিদর্শন, কোতব উদ্দীনকে বহু হন্ডী ও প্রচুর ধন রত্ব উপটোকন পাঠাইয়া দিয়াছিলেন। (তবকত-নিসরী)।

অত্যন্ত্রকাল মধ্যে সমস্ত বঙ্গদেশে মোসল্মান শাসন প্রতিষ্ঠা করিয়া, এবং প্রত্যেক প্রধান প্রধান ঘাটিগুলিতে আবশুক মত সৈতা রক্ষা করিয়া; এই যুদ্ধ-তৃশ্বদ মহাবীর বধ তিরার, হিমালয়ের পরপারে তিব্বত ও তাহার উত্তর পশ্চিমে পূর্ব্ধ-তৃকীন্ডান, জয়ের আশা মনোমধ্যে পোষণ করিতে লাগিলেন। এই সক্ষন্ত-সাধন জন্ত তিনি দশ সহপ্র কটসহিষ্ণু উৎকৃষ্ট আখারোহী সংগ্রহ করিলেন; এবং প্রসিদ্ধ সেনাপতি মোহাম্মদ শেরাণ থিলিজীর হন্তে রাজ্যভার অর্পণ করিয়া, ঐ সমন্ত আখারোহী সেনা সমভিব্যাহারে উত্তরের পার্বাতীয় প্রদেশ অতিক্রম করিতে আরম্ভ করিলেন। এই সমন্ত্র মহাবীয় বথ তিয়ার পথের উভয় পার্ম্বের ক্ষুদ্র ক্রিত্যে করিতে করিতে ক্রমশঃ অগ্রসর হইতে লাগিলেন।

কোচ্ ও মিচ জাতীর রাজা, বথ্তিয়ারের শরণাপন্ন হইয়া, আলি নাম ধারণে এস্লাম ধর্ম গ্রহণ করিলেন। এই অভিযানে উক্ত কোচ রাজা আলি, বথ্তিয়ার থিলিজীর পথ প্রদর্শক হইয়া, তাঁহাকে বর্জন নগর পর্যান্ত পৌছিয়া দিয়াছিলেন।

এই বর্জন নগরের প্রান্তদেশে বৃহৎ ও স্প্রশন্ত নদ ব্রহ্মপুত্র প্রবাহিত

দেখিরা, মোস্লেম সেনাগণকে দশদিন ধরিরা নদের উপরের দিকে ক্রমশঃ অগ্রসর হইতে হইরাছিল। শেষে তাঁহারা একটা পর্বতসঙ্কুল অপ্রশস্ত স্থানে বাবিংশতি খিলানযুক্ত একটা বহু পুরাতন প্রস্তরময় সেতু দেখিতে পাইরা, তৎসাহায্যে ব্রহ্মপুত্র পার হইরা গেলেন।

যুদ্ধ-বিভাবিশারদ স্থনিপূর্ণ সৈম্বাধ্যক্ষ বথ তিয়ার থিলিজী, এই সেতু রক্ষণাবেক্ষণের জন্ত একজন তুর্কী ও একজন থিলিজী নেতার অধীনে উপযুক্ত সংখ্যক সৈত্র রক্ষা করিয়া, কামদ্ধপ রাজের রাজ্য মধ্যে উপস্থিত হইলেন। রাজা এই সংবাদ পাইয়া ও পূব্দ হইতেই বিজয়ী মোস্লেম সেনাগণের অসাধারণ রণ-কৌশলের পরিচয় পাইয়া, ভয়ে মোহাম্মদ বথ তিয়ারের সহিত সথ্যতা-স্ত্রে আবদ্ধ হইবার প্রস্তাব প্রেরণ করিলেন; এবং তৎসহ ইহাও বলিয়া পাঠাইলেন যে—কিছু দিন তাঁহার, রাজতে অপেক্ষা করিলে, তিনিও মোসল্মানগণের সহিত তিব্বত অভিযানে বোগ দিতে পারিবেন।

বথ্তিয়ার, রাজার উপদেশে কর্ণণাত না করিয়া পূর্ণতেকে অগ্রসর হইতে লাগিলেন। তৎপরে পঞ্চদশ দিবস ক্রমান্বরে যাইবার পর, মোস্লেম-সেনাগণ তাহাদের ইন্সিত উপত্যকায় গিয়া উপস্থিত হইলেন। ঐ স্থানে একটা প্রকাণ্ড তিববতীয় তুর্গ ছিল। তুর্গ মধ্যস্থ সেনাগণ তুর্গ-প্রাকারের উপর হইতে মোস্লেমগণের উপর শর নিক্ষেণু আরম্ভ করিয়াছিল। ক্রমে উত্তর পক্ষে ঘোরতর যুদ্ধ বাধিয়া গেল। শেষে সমস্থ দিন যুদ্ধের পর এসলামের সেনাগণ জয়লাভ করিল বটে, কিন্তু বথ্তিয়ার যুদ্ধফল সমালোচনা করিয়া দেখিলেন যে,—মাত্র জন কয়েক বিপক্ষ সেনা বন্দি করা ভিম্ন তাঁহারা এই যুদ্ধে আর কোন প্রকারেই লাভবান হ'ন নাই।

তৎপরে ঐ সকল বন্দির মূথে যথন বথ তিয়ার থিলিজী অবগত হইলেন যে, >৫ মাইল দ্রে কুরুমণত্তন নগরে অন্যন সাড়ে তিন 'লক্ষ ধছকধারী তুর্ক সেনা অবস্থান করিতেছে, তথন তিনি ঐস্থান আক্রমণ করা যুক্তি-সঙ্গত নহে বিবেচনায় তথা হইতে প্রত্যাবর্তন করিতে লাগিলেন।

তিব্বত হইতে কামরূপ প্রত্যাবর্ত্তন করিতে তাঁহাদিগকে পথে ৩১টা ক্ষুত্র-বৃহৎ গিরিবর্ত্ত অতিক্রম করিতে হইয়াছিল; এবং ঐ প্রদেশের লোকেরা সেই সময় মোসল্মানগণকে বিপদে ফেলিবার অভিপ্রায়ে তাহাদের গ্রামগুলিতে অগ্নি-সংযোগ করিয়া দূরে সরিয়া পড়িয়াছিল। এই কারণে প্রত্যাবর্ত্তন কালে সেনাগণের আহার ও অশ্বের থাছাভাবে তাঁহাদের কষ্টের অবধি রহিল না। অধিকাংশ সময় তাহাদিগকে ঘোড়ার মাংস থাইয়া ক্ষুত্রিবৃত্তি করিতে হইয়াছিল।

তৎপরে কামরূপের ভিতর দিয়া ব্রহ্মপুত্র নদের সেই প্রন্থরমর সেতৃর
নিকট গিয়া বধ তিয়ার খিলিজী দেখিলেন যে, কামরূপ-রাজ ঐ সেতৃ ভাঙ্গিয়া
দিয়াছে; এবং অবগত হইলেন যে তৎপুর্বে তাঁহার নিযুক্ত ত্ইজন
মোসলমান সেনানী পরস্পার বিবাদ করিয়া তথা হইতে উভয়েই সরিয়া
পড়িয়াছিল। অস্থারোহী সেনাসহ থরস্রোতা ব্রহ্মপুত্র উত্তীর্ণ হইবার একমাত্র
উপার সেতৃ, কামরূপের রাজা কর্তৃক এইরূপে ভয় হইয়াছে দেখিয়া
মোস্লেম-বীর ক্রোধান্ধ হইয়া নিকটবন্তা হিন্দুদিগের একটা প্রকাশু
দেবালয় ধ্বংস করিলেন ও তল্ময়াত্র বিগ্রহ সকল ভূমিসাৎ করিলেন।

দেই সময় কামরূপ-রাক্ব মোদ্লেম দেনাগণকে বিপন্ন দেখিরা, তাহাদিগকে চতুর্দিক হইতে অবক্রম করিবার পথ অবেষণ করিতে লাগিলেন।
স্মচতুর বথ তিয়ার এই অবস্থা প্রতিবিধানে তাঁহার দেনাগণকে উৎসাহিত
করিরা, তাহাদিগকে ভীমবেগে জড়োপাসকগণের উপর গিয়া পড়িয়া, বিধর্মীগণকে নরকে প্রেরণ করিতে আজ্ঞা প্রদান করিলেন। সঙ্গে সংল পৌত্তলিকরজে মন্দির-প্রাঞ্গণ রঞ্জিত হইল। অবশিষ্ট হিন্দু সেনাগণ যে যেদিকে
পারিল পলায়ন করিল।

অতঃপর সেনাপতি নদী পার হইবার জন্ম বৃক্ষ ছেদন ধারা ভেলা প্রস্তুত করাইতে লাগিলেন, এমন সময় নদের একস্থান দিয়া অধারোহীগণ হাটিয়া পার হইতে পারিবে এইরূপ জনরব উঠার, সেনাগণ সেই স্থানে গিয়া ব্রহ্মপুত্র পার হইবার উপায় দেখিতে লাগিল ও পূর্ববর্তী অনেকে নদের ঐ অগভীর স্থান দিয়া পরপারে যাইতে কৃতকার্য্যও হইল। কিছ হঠাৎ ভীষণ স্থোতে নদী গর্ভন্থ বালুকারাশি অপসারিত হওয়ায়, বিভার মােদলেম সেনাকে প্রাণ বিসর্জন দিতে হইয়াছিল।

শেষে অবশিষ্ট অল্প সংখ্যক সৈন্তসহ বখ তিয়ার থিলিজী ব্রহ্মপুত্র পার হইরা আসিয়া, মোস্লেম ধর্ম্মে নব-দীক্ষিত কুচবেহারের রাজা আলি মিচের আতিথ্য গ্রহণ করিলেন। তথা হইতে দেবকোটে পৌছিয়া সেনাপতি কঠিন পীড়িত হইয়া পড়িলেন। অবশেষে ৬০২ হিজরী ১২০৫ খুষ্টাব্দে প্রসিদ্ধ বঙ্গ-বিজ্ঞো গাজী মোহাম্মদ এথ তিয়ার উদ্দীন বথ তিয়ার থিলিজী কঠিন পীড়িতাবস্থার, তাঁহার পূর্ব্ধ সহচর ও অধীনস্থ কুনি দেশের শাসনকর্ত্তা, বিশাস্থাতক আলি মর্দান থিলিজীর ছুরিকাখাতে রোগ শ্যায় ইহলীলা সম্বরণ করিলেন। বথ তিয়ারের মৃতদেহ দেবকোট হইতে বেহারে লইয়া গিয়া স্মাধিত্ব করা হইল।

এই স্থান হইতে আমরা এক প্রকার ভারতের অক্সান্ত দেশ ও মোদ্লেম বিজীত আফগানিস্তান, পারস্ত, ইরাক, মিদর এবং ইউরোপের মোদ্লেম অধিকত স্থানগুলির নিকট হইতে বিদার গ্রহণ করিয়া, কেবল আমাদের জন্মভূমি বাঙ্গালা ও ভাহার পশ্চিম ও দক্ষিণ পার্যবর্ত্তী বেহার ও উৎকলের মোদ্লেম কীর্ত্তি সকল লিপিবদ্ধ করিতে থাকিব। তবে ভারতের বিভিন্ন রাজ্যের সহিত যে যে স্থানে ইহার ঘনিষ্ঠ সম্বন্ধ থাকিবে, সেই সকল বিষ্যু বাধ্য হইয়া মধ্যে মধ্যে আমাদিগকে উল্লেখ করিতে হইবে।

দ্বিতীয় সূর্গ

সেরাণ

মালেক ঈজ্জদীন মোহাম্বদ সেরাণ থিলিজী, নগধ আক্রমণ কালে
মহারথী বথ তিরারের সহিত তাঁহার সেনা শ্রেণীভূক্ত হইরা আসিয়াছিলেন। তৎপরে মগধ হইতে যে মাত্র অষ্টাদশ জন অধারোহী নবদীপে
আসিয়া, ত্রাজা লক্ষণসেনের রাজ্য অধিকার করেন, ত্রাধ্যে এই মহাবীর
সেরাণ অক্তম।

নবদীপ বিজয়কালে রাজার সৈক্সগণ, অনেকগুলি হন্তী লইয়া পলাইয়া জন্মলের মধ্যে আছার লইরাছিল। মহাবীর সেরাণ এই সংবাদ পাইয়া, কাহাকেও কিছু না বলিয়া একাকী তাহাদিগের অন্থসরণ করিয়া, অরণ্য মধ্যে তাহাদিগেকে আজ্রমণ করিলেন। এ দিকে তিন দিন ওাঁহাকে অন্থপন্থিত দেখিয়া বথ তিয়ার থিলিজী, ওাঁহার এই অদম্য সাহসী বীরের প্রাণের আশকা করিতে ছিলেন। হঠাৎ চতুর্থ দিবসে মংবাদ পাইলেন যে—মহারথী সেরাণ বঙ্গরাজের ত্রিশটী বিপুলকায়. যুদ্ধ হন্তী চালকসহ ধৃত করিয়া অসীম সাহস প্রদর্শনে অরণ্য মধ্যে একাকী তাহাদিগকে আট্কাইয়া রাথিয়াছেন। তথন মোহাম্মদ বথ তিয়ায়, সেরাণের সাহায়্যার্থে কয়েক জন, অম্বারোহীকে পাঠাইয়া দিলেন। অচিয়ে ঐ হন্তীয়ুথ বিজয়ী বীর সমীপে আনীত হইল।

वश् जिवात विनिकीत मृंजात मःवान পारेबारे मतवान, बाक्धानी लोड़

হইতে দেবকোটে উপস্থিত হইলেন। তথা হইতে আলিমবুদান ঘটিত সমস্ত ব্যাপার অবগত হইরা, তাহার এই বিশ্বাস্থাতকতার উপযুক্ত প্রতিফল দিবার জক্ত মর্দানের রাজধানী নারকোটীতে গমন করিলেন; এবং আলি মর্দানকে তথায় গ্রেফ্তার করিয়া, নগর কোতওয়াল ইস্পাহানীর জিম্মায় বন্দি করিয়া রাখিয়া গৌড়ে প্রত্যাবর্ত্তন করিলেন। এই সময় সমস্ত মোস্লেম সেনাপ্তিগণ এক মত্ হইয়া মোহাম্মদ সেরাণ্কে বাজালার মসনদে অধিষ্ঠিত করেন। (তব্কত-নসিরী)

এদিকে আলি মরদান কোতওয়ালকে (নগরের প্রধান বিচারক) উৎকোচ প্রদানে বশীভূত করিরা, দিল্লী পলাইয়া গিয়া, সমাট কোতব উদ্দীন সমীপে বাদালার সেরাণ ঘটিত সমস্ত অবস্থা জ্ঞাপন করিলেন।

সম্রাট, তাঁহার অফুমতির অপেক্ষা না করিয়া সেরাণের সিংহাসনা-রোহণে অতিমাত্র বিরক্ত হইরা, সমস্থ বালালা দেশটীকে কৃত্র কৃত্র থণ্ডে বিভক্ত করিয়া ভিন্ন ভিন্ন শাসন কর্ত্তার অধীনে অর্পণ করিবার জন্ত, অযোধ্যার শাসনকর্তা কার্মাত্র ক্রমীর উপর লিখিত পরওয়ানা পাঠাইয়া দিলেন; এবং সৈশু-সামস্ত লইয়া তাঁহাকে অচিরে বালালায় যাইতে আদেশ করিলেন।

সম্রাট প্রতিনিধির আগমনবাতা পাইয়া, বথ তিয়ার থিলিজীর নিমৃক্ত গলোত্তরী থণ্ডের শাসনকর্তা হেশাম-উদ্দীন থিলিজী অগ্রবর্তী হইয়া, তাঁহাকে সঙ্গে লইয়া দেবকোটে গেলেন। কায়মাজ এই ব্যবহারে হেশাম-উদ্দীনের উপর সম্ভষ্ট হইয়া, দেবকোটের শাসনভার তাঁহারই হত্তে অর্পণ করিয়া, অপর দিকে যাইবার জন্ত যাত্রা করিলেন।

এই সময় মোহাত্মণ দেরাণ করেক জন থিলিজী বংশীয় যোদ্ধার সহিত পরামর্শ করিয়া, দেবকোট আক্রমণে প্রবর্তিত হওয়ায়, সম্রাট প্রতিনিধি কায়মাজকে স্টেশক্তে দেবকোটে কিরিয়া আদিতে হইল। তখন উভন্ন দলে যে খোরতর যুদ্ধ হইল তাহাতে সেরাণ সম্পূর্ণরূপে পরান্ত হইয়া কুচবেহারে প্লায়ন করিতে বাধ্য হইলেন।

তৎপরে কাষমাজ রুমী বাদালা দেশটীকে করেক থণ্ডে বিভক্ত করিয়া, প্রত্যেক থণ্ডে এক জন থিলিজী শাসন কর্তা নিযুক্ত করিয়া স্বরাজ্যে ফিরিয়া গেলেন।

मालक वालाउँमीन वालि-मत्मान थिलिकी

আলি-মরদান যে সময় দিলাতে গিয়া সোল্তান কোতব উদ্দীনের
সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে বাঙ্গালা দেশের অবস্থা পরিচয় দিতে
ছিলেন, দেই সময় সোল্তান গজ্নী যাইবার বন্দোবন্ধে নিয়্ক ছিলেন।
আলি-মর্দান সোলতানের সহিত তাঁহার দেহরক্ষী রূপে গজ্নী যাইবার
অভিলাষ জ্ঞাপন করিলেন। কোতব উদ্ধানও তাঁহার উপর সম্ভষ্ট হইয়া
তাঁহাকে সঙ্গে লইয়া গেলেন।

এই সময় হইতে আলি-মর্দান, দিলীখরের স্থদৃষ্টিতে পড়ায়, গজনী হুইতে ফিরিয়া আসিয়া কোত্ব উদ্দীন তাঁহাকে বাঙ্গালার শাসনকর্তা নিষ্কু করিয়া পাঠাইয়া দিলেন। (হিঃ ৬০৫ সাল)

হি: ৬০৭ সালে সোলতান কোতব উদ্দীনের মৃত্যুর পুর আলি মর্দান, আলাউদ্দীন থিলিজী নাম গ্রহণে দিল্লীর অধীনতা পরিত্যাগ পূর্বক, বাঙ্গালার স্বাধীন রাজা বলিয়া ঘোষিত হুইলেন। এই সময় হুইতে তাঁহার স্বভাবসিদ্ধ নিষ্ঠ্রতা ক্রমশঃ অধিক মাত্রায় বৃদ্ধি পাইতে থাকায়, তুই বৎসর মধ্যেই ১১১২ খুটানে ক্তকগুলি থিলিজী ওমরাহ্ মিলিয়া তাঁহাকে নিহত করিয়া, মালেক হেশাম-উদ্দীন আওজ্কে তাঁহার শৃক্ত সিঃহাসনে বসাইলেন।

সোল্তান গেয়াস-উদ্দীন

এই প্রসঙ্গে এই নৃতন বঙ্গেখরের একটু পূর্ব পরিচয় দেওরা আবশ্রক—গোরের সম্রান্ত থিলিজী বংশে হেশাম্-উদ্দীনের জন্ম। বন্ধোপ্রাপ্তে তিনি একদিন জবল্ন্ডানের পার্বতীয় প্রদেশ পরিত্যাগ পূর্বক শীর ভাগ্য পরীক্ষার্থ অখতর পূর্চে মালামাল বোঝাই করিয়া তুর্কীন্তানের দিকে যাইবার কালে, পথিমধ্যে তুইজন দরবেশের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। হেশাম্-উদ্দীন তাঁহার স্বাভাবিক দরান্ত্র হ্লায় বশতঃ করির দুই জনকে আহার্য্য ও পানীয় দিয়া পরিত্ত্য করেন। তৎপরে দরবেশহর পরস্পর অস্পষ্ট ভাবে কি বলাবলি করিয়া, আওজের দিকে ফিরিয়া বলিলেন বে—

"বাবা তুমি হিন্দুভানে যাও, তথার মোদলেম রাজত্বের শেষ দীমা আমরা তোমাকে অর্পণ করিলাম।"

এই কথা শ্রবণের পর হেশাম্-উদ্দীন আর অন্ত কোন স্থানে না গিয়া, পত্নী সমভিব্যাহারে ভারতে আসিলেন; এবং দিল্লীতে আসিয়া সোল্তান কোত্ব উদ্দীনের স্থদৃষ্টিতে পড়িলেন। তৎপরে বাঙ্গলার আসিয়া সামান্ত পদ হইতে ক্রমোরত হইয়া, দিল্লীখরের মৃত্যুকালে গঙ্গোভরী প্রদেশের শাসনকর্তা হইতে সক্ষম হইয়াছিলেন।

বাল্লার সিংহাসনে আরোহণ কালে তিনি সোল্তান গেয়াস উদ্দীন নাম ধারণ করিলেন। এই অসীম দয়ালু শাসন কর্তার অধীনে বঙ্গদেশ খ্বই উন্নতির পথে অগ্রসর হইতে লাগিল।

রাজধানী লক্ষণাবতী নগরে তিনি একটা স্থদৃশ্য হুর্গ নির্মাণ করেন ও গন্ধার উভয় তীরস্থ তাঁহার সময়ের এই স্থবৃহৎ গোড় নগরটাকে বৃহৎ বৃহৎ অট্টালিকা শ্রেণী, স্থান্থ মস্জিদ, পাঠাগার, পাহশালা, প্রভৃতি ঘারা সজ্জিত করিয়া তিনি ইহাকে অমরাবতী করিয়া তুলিয়াছিলেন।
ঐতিহাসিক মেন্হাজ-উদ্দীন হি: ৬৪১, ১২৪০ খুটান্ধে এই লক্ষণাবতী নগরে উপস্থিত হইয়া, নগরের শোভা দর্শনে ও তৎসঙ্গে সোলতান গেয়াস-উদ্দীনের অপূর্ব্ধ দানের বর্ণনা প্রবণে, যাহা তিনি তাঁহার ইতিহাস তব্কত নিসরীতে উল্লেখ করিয়াছেন, তাহাতে দেখা যায় যে—সোল্তান একদিকে যেমন বিভোৎসাহা ও অসীম সাহসী যোদ্ধা ছিলেন, অপর দিকে তেমনি হিন্দু-মোসল্মান নির্ব্ধিশেবে অপরিসীম দান ও স্থবিচার ঘারা রাজ্যের প্রজাগণকে সম্ভেষ্ট রাথিয়াছিলেন।

দেশের উন্নতির দিকে সর্বক্ষণই সোল্তানের তীক্ষ দৃষ্টি ছিল।
তিনি অতি বৃহৎ বিস্তার্ণ জলাভ্নির উপর দিয়া সেতু নির্মাণ দারা ও তত্নপরি
প্রশন্ত রাজ্যা প্রস্তুত করাইয়া সেই দমর দেশের প্রভূত উপকার সাধন করিয়া
ছিলেন। রাজধানী হইতে গলার উভর পার্যে এইরূপ হইটী সেতুর উপর
দিয়া আট দশ দিনের পথ চলিয়া বাইবার উপযোগী রাজ্যা, একটী
বীরভ্ম জেলার নাথোর পর্যান্ত ও অপরটা দেবকোট পর্যান্ত বিস্তৃত ছিল।
বঙ্গাধিপতির দানসত্রের বিবরণ ভাবণে, দিল্লীশ্বর সোলতান সৈয়দ শামস্উদ্দীন আল্তামাশ কেও পর্যান্ত তাঁহার স্বথ্যাতি করিতে, এবং তিনি যে
সর্বপ্রকারে "সোল্তান" নাম ধারণের উপযুক্ত, তাহা শীকার করিতে
হইয়াছিল। অতঃপর ঐ মহামুভব বাদশাহ, শ্বয়ং মালেক হেশাম উদ্দীনকে
সোল্তান গেয়াস-উদ্দীন নামে অভিহিত করিয়া গিয়াছেন। এই সময়ে
কামরূপ, তির্হট ও উড়িয়া থণ্ডের রাজগণ বলেশবের, অধীনতা শীকার
করিয়া তাঁহাকে নিয়মমত রাজ্য প্রদান করিতেন।

সোল্তান পেয়াস-উদ্ধীন দশ বৎসরকাল নির্কিবাদে রাজ্য শাসন করার পর, দিলীর কর প্রেরণ করিতে বিলম্ব করিতে থাকার, দিলীশবঃ আল্তামাশ্, ১২২৫ খৃষ্টাব্বে দিল্লী হইতে সদৈক্ত যাত্রা করিরা পথে বিনা বাধার বেহার প্রদেশ হস্তগত করিলেন। এই অবস্থা দর্শনে সোলতান গেরাস-উদ্দীন গঙ্গা পার হইরা, তাঁহার রাজ্য আক্রমণে বাধা প্রদান করণার্থ বহু দৈক্ত ও পশ্চাৎ পশ্চাৎ রসদবাহী নৌকা লইরা সম্রাটের দক্ষ্পীন হইলেন। শেষে গেরাস উদ্দীনের ব্রুবর্গের মধ্যস্থতার দিল্লীখর দক্ষি-প্রস্তাবে সম্মত হইলেন ও মালেক আলাউদ্দীনকে বেহারের মস্নদে বসাইরা দিল্লী প্রত্যাবর্তন করিলেন।

পর বৎসরেই সোলতান গেরাস, মগধ আক্রমণ করিয়া আলাউদ্দীনকে সিংহাসনচ্যুত করেন ও সম্রাট সেনাগণকে বেহার হইতে বিতাড়িত করিলেন।

সমাট আল্তামশ্ এই সংবাদে অগ্নিশমা হইরা, স্বীর পুক্র নাসির-উদ্দীন মাত্মুদের অধীনে বহু সৈক্ত বঙ্গের রাজধানী লক্ষণাবতীতে প্রেরণ করিলেন।

এই সমন্ন বঙ্গেরর গেরাস-উদ্দান, পূর্ববঙ্গে করেকটা বিজ্ঞাহ দমনে নিযুক্ত থাকার, তাঁহার সিংহাসন অনারাসে কুমার নাসির উদ্দীনের হন্তগত হইল। সোলতান এই সংবাদ পাইরাই রাজধানীতে প্রত্যাবর্ত্তন পূর্বক অসীম সাহসের সৃহিত সম্রাট সেনার উপর নিপতিত হইলেন। এই যুদ্ধে বঙ্গের গেরাস-উদ্দীন শ্বরং আছন্ত যুদ্ধ ক্ষেত্রে ও তাঁহার প্রির সেনাগণের মধ্যে উপস্থিত থাকিয়া, তাহাদিগকে উৎসাহিত ও তৎসঙ্গে নিজের বাহু বল প্রদর্শন করিয়া যৎপরোনান্তি সাহসের পরিচয় দিরাছিলেন। শেষে যুদ্ধ-কৌশলের পরাকান্তা দেথাইতে দেথাইতে অধীনত্ব করেকজন বীর সেনানীর সহিত রণক্ষেত্রে প্রাণ বিস্ক্তিন দিলেন।

অতঃপর যুবরাজ নাসির উদ্দীন মাহ্মুদ, পিতার নামে বালালা-বেহার শাসন করিতে লাগিলেন। তিনি পাঁচ বংসর কাল প্রথাতির সহিত রাজত্ব করিয়া হি: ৬২৬ সালে লক্ষণাবতী নগরে দেহত্যাগ করেন।
সঙ্গে সঙ্গে থিলিজীগণ বিজোহী হইয়া বাঙ্গালার মদ্নদ প্নরধিকার
করে। সমাট, পুত্র নাসির-উদ্দীনের মৃত্যু সংবাদ পাইয়াই দিল্লী হইতে
যাত্রা করিয়াছিলেন। তিনি লক্ষণাবতী পৌছিয়া বিজ্রোহীগণকে দমন
করিয়া, ৬২৭ হিজরীতে মালেক্ আলা-উদ্দীনকে গৌড়ের সিংহাসন
প্রদান করিয়া প্রত্যাবর্ত্রন করিলেন।

এক্ষণে বন্ধ-বেহারের বিষয় কিছুক্ষণের জন্ম ছগিত রাখিয়া, মধ্য ও পশ্চিম ভারতের কিঞ্চিং বিবরণ যথাসাধ্য সংক্ষেপে লিপিবন্ধ করিব।

তৃতীয় দর্গ

দিল্লীশ্বর সোলতান শামস্উদ্দীন আবুল মোজাফ্ফর আল্তামাশ্।

আল্তামাশের পিতা এয়ালান থান তুর্কী স্থানের আল্বরি বংশীর একজন প্রতিপত্তিশালী সম্রাপ্ত জমিদার ছিলেন। তাঁহার এই কনিষ্ঠ পুত্র আল্তামাশ দেখিতে অতীব স্থানী ছিলেন, এবং বালকের প্রথার বৃদ্ধির জন্ম পিতা, সকল পুত্রাপেকা আল্তামাশ কে অধিক স্নেহের চক্ষে দেখিতেন। এই কারণে হিংসাপরায়ণ জ্যেষ্ঠ ভ্রাতাগণ ঘারা আল্তামাশ্কেও মিসরের হজরৎ ইউসফের অবস্থায় পড়িতে হইয়াছিল।

ল্রাতাগণ একদিন পিতৃ অন্তমতি লইরা আল্তামাশ্কে ঘোড়দৌড় দেখাইতে আনিয়া, তাহাকে একজন অশ্ব বাবসায়ীর নিকট বিক্রের করিয়া বায়। অশ্ব ব্যবসায়ী তাহাকে বোধারায় লইয়া গিয়া তথাকার প্রধান বিচারকের নিকট বিক্রের করে। এই দয়াশীল বিচারপতি আল্তামাশ্কে পুত্রের কায় যত্বের সহিত বিভাভ্যাস করাইয়াছিলেন।

সমাট তাঁহার এই প্রভূ সম্বন্ধে গল্প করিতে করিতে একদিন উল্লেখ করিয়াছিলেন যে—

এই বিচারক পরিবারে অবস্থান কালে তিনি একদিন প্রভুর জুক্ত আঙ্গুর কিনিতে গিয়া মূল্য হারাইয়া ফেলেন। অগত্যা তিনি পর্মা হারাইয়া পথে দাঁড়াইয়া ক্রেন্সন করিতেছিলেন; এমন সময় একজন ফ্কির সেই ম্ল্যের আঙ্গুর কিনিরা বালকের হত্তে দিরা তাঁহাকে বলিরা দিরাছিলেন বে—"যথন তুমি ধনশালী হইবে তথন সর্বাদা দ্রিদ্রের প্রতি দৃষ্টি রাখিও।" বাস্তবিক পক্ষে দৈরদ আল্তামাশের ন্থার পরহিতৈষী, পর-তুঃখকাতর ও বিভান্তরাগী এবং বরোঃজেঠের মর্যাদা রক্ষাকারী সম্রাট, কুত্রাণি দিল্লীর সিংহাদনে আরোহণ করেন নাই।

আল্তামাশের বিচারপতি প্রভুর লোকান্তর প্রাধ্যির পর, জনৈক হাজী বোথারি, তাঁহাকে কিনিয়া লইয়া জামাল উদ্দীন চাশ্তকে বিক্রেয় করে ও সেই ব্যক্তি এই ক্রীতদাসের দৈহিক সৌন্দর্য্য, বল ও গুণের পরিচয় পাইয়া, অধিক ম্ল্য পাইবার প্রত্যাশায় তাহাকে রাজধানী গভনী নগরে বিক্রেয় করিতে আনয়ন করে।

সোন্তান মঈজ-উদ্দীন মোহাম্মণ খ্যান, এই স্থান্ধর কান্ধিবিশিষ্ট বালকটাকে এক সহস্র স্থান্ধ ক্রের করিতে চাহিলেন। কিন্তু জামাল উদ্দীন তাহাতে সক্ষত না হওরার সোল্তান, গজনী নগরে তাহার বিক্রের এক কালীন বন্ধ করিবার আজ্ঞা দিলেন। তৎপরে জামাল বালককে লইনা বোথারার গেলেন, এবং তিন বৎসর পরে পুনরার তাহাকে গজ্নীতে লইরা আদিলেন। এই সমর কোতব উদ্দীন, নাহারওরালা ও গুজরাট জর করিয়া গজ্নী

তিনি বালকের দৈহিক, সৌন্দর্য্য দর্শনে, তাহাকে কিনিবার প্রতাব করিলেন। শেষে সোলতানের বিনামুমতিতে কেহ তাহাকে কিনিতে পারিবে না শুনিরা, কোতাব উদ্দীন, সোলতান মোহাম্মদ গোরীর নিকট অমুমতি প্রার্থনা করেন। সোলতান তাঁহার পূর্বাদেশ প্রত্যাহার না করিরা, রাজ-প্রতিনিধির প্রতি তাঁহার রাজধানীর বাহিরে গিরা দাস-ব্যবসায়ীর নিকট হুইতে ক্রীতদাস ক্রম্ন করিবার আদেশ দিলেন। সেই মত বিক্রেতা বালক-টিকে হিন্দুত্থানে আনম্বন করিবা, কোতাব উদ্দীনকে বিক্রম্ন করিয়া গোল। এই রূপে আল্তামাশ্ তাহার বাল্য জীবন হইতে সোলতান কোতব-উদ্দীনের নিকট পুত্র নির্বিশেষে লালিত পালিত হইরা, শেষে তাঁহার অখারোহী সেনা দলে নিযুক্ত হইলেন। এই সময় হইতেই দিনে দিনে আল্তামাশের পদোন্নতি হইতে লাগিল।

গোয়ালিয়র অধিকারের পর কোতব উদ্দীন তাঁছাকেই ঐ স্থানের আমীর মনোনীত করেন। আল্তামাশ্ তৎপরে স্বীয় বাহুবলে বারাণ দেশ জয় করিলেন। কিছু দিনের মধ্যেই আল্তামাশের বাঁরত্ব ও প্রথর বুদ্ধির পরিচয় পাইয়া সোলতান তাঁছাকে বাদাউন প্রদেশ প্রদান করিলেন।

ইহার অল্পনি পরে সোলতান মোহাম্মদ গোরী আন্দর্যোদের যুদ্দে কিতা ও কোকার জাতিগণ কর্তৃক পরাভ্ত হইরা, পুনরার উহাদের বিকদ্দে যুদ্ধাত্রা করিলে, তাঁহার অমুমতিক্রমে কোতব উদ্দীন হিন্দুতান হইতে পেনা লইরা তাঁহাকে সাহায্য করিতে গিরাছিলেন। এই অভিযানে শাম্সদ্দীন আলুত্যমাশ্ও তাঁহার বাদাউন সেনা লইরা যুদ্দেকতে উপস্থিত হ'ন। ঘোরতর যুদ্দের সময় শাম্সদ্দীন অখারোহণে ঝেলম্ নদীলোতে অবতরণ পূর্বক পলাতক শত্রুগণকে বে প্রকারে বিধ্বন্ত করিয়াছিলেন, গুণগ্রাহা বীর সমাট শত মুথে তাহার গুণ কীর্ত্তন, করিতে লাগিলেন ও শেষে অধীনস্থ ভারতের, শাসনকর্ত্তা কোতব উদ্দীনের ঘারা একথানি ছাড়পত্র লিথাইরা লইরা, তমুহুর্ত্ত হইতে ক্সাল্ভামাশের দাসত্ব শৃন্ধল সোচন করিয়া দিলেন।

কোত্র উদ্দীনের মৃত্যুর পর তাঁহার প্রধান সেনাপতি আলি এস্মাইল,
ওমরাহের সহিত পরামর্শ করিয়া, বাদাউন হইতে আল্তামাশকে
ডাকিয়া পাঠাইলেন। শাম্সদীন আল্তামাশ ৬০৭ হিঃ ১০০০ খুষ্টাবেদ
দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন। তিনি স্বীয় ভূজবলে নিল্লীয় সমন্ত
শক্রকে একে একে পরাভূত করিয়াছিলেন। সম্রাট ১২১৭ খুষ্টাবেদ

লাহোরের অধিপতি বিদ্রোহী নাসিরউদ্দীন কাবচাকে সম্পূর্ণক্রপে পরাজিত করেন।

১২২৫ খুষ্টাব্দে গৌড় দমনের পর বংসর সম্রাট মধ্য ভারতের প্রাসিক তর্গ রণতম্বর (রণ-শুন্ত-ভ্রমর অর্থাৎ যুদ্ধ শুন্তের ভ্রমর) জয় করিতে বহির্গত হইলেন। কথিত আছে যে—ইতিপূর্ব্বে সপ্ততিতম বারেরও অধিক এই তুর্ভেত তুর্গ বিভিন্ন রাজশক্তি হারা আক্রাক্ত হইয়ছিল; কিন্তু এ পর্যাপ্ত কোন শক্তিই ইহা জয় করিয়া রক্ষা করিতে পারে নাই। কয়েক মাস কাল অবরোধের পর তুর্গ মোসল্মানগণের হন্তগত হইল। পর বংসর হি: ৬২৪ সালে স্মাট, সভয়ালেকের পার্বভীয় তুর্গ-মন্দির আক্রমণ করিলেন। এই তুর্গ জয়ে বিপক্ষের অনেক ধন রত্ন মোসলেম সেনাগণের হন্তে পভিল।

তৎপরে সোলতান আল্তামাশ্ মূলতান ও উচ্পদানত করিয়া সমস্থ দির্দ্দেশ ও সমুদ্র তীরবর্তী দেবাল পর্যন্ত শাসনাধীনে আনায়ন করিলেন। এই অভিযানে তব্কত-নসিরী লেখক আবু ওমর মেন্হাজ-উদ্ধীন সম্রাটের সঙ্গে ছিলেন। অভঃপর সম্রাটের দিল্লী প্রত্যাবর্ত্তনের পর্ব ৬২৬ হিজরীর রবি-উল-আউয়ল্ মাসের ২রা তারিখে, দিল্লীখরের জক্ত এস্লাম জগতের রাজধানী বাগ্দাদের থলিফার নিকট হইতে স্মাট, এবং তাঁহার প্রগণের জক্ত উপাধি ও বহু মূল্যবান খেলয়াত আসিয়া পৌছিল।

এই সমন্ত আনন্দমন্ত্রিররক কথোপকথন ও বাদারবাদ চলিতে থাকা কালে, বঙ্গের রাজধানী লক্ষণাবতী হইতে সম্রাট তন্য কুমার সৈরদ নাসির উদ্দীন মাহ্মুদের মৃত্যুর নিরানন্দমন্ত্র সংবাদ ও তৎসঙ্গে থিলিজীগণের পুনঃ বিজ্ঞোহবার্তা আসিয়া সমাট-অন্তঃপুর ও হাস্তমন্ত্রী দিল্লী নগরী শোকে মির্মান করিয়া তুলিল।

৬২৯ হিজরীতে সমাট গোরালিররে অভিযান করেন। রাজা দেববল্ দেব আত্ম সমর্পণ করার পরিবর্তে পূর্ব্বেই যুদ্ধ যোষণা করিলেন। সম্রাট- শৈক্ত পূর্ণ একাদশ মাস কাল তুর্গাবরোধ করিয়া রহিল। এই অভিযানেও ঐতিহাসিক মেন্হাজ উদ্দীন সম্রাট লৈক্ত সমভিব্যাহারে গিয়াছিলেন। তিনি সম্রাট শিবিরে ঈদ-আল্-আজ্ছা নামাজের পর থোত্বা পাঠের অক্তমতি পাইরা কৃতার্থ হইলেন। ৬০০ হিজ্রীর ২৬ সফর মঙ্গলবার প্রসিদ্ধ গোয়ালিরর তুর্গ মোসল্মানগণের হস্তগত হইল। রাজা দেববল্ দেব রাত্রি যোগে পলাইরা আত্রবক্ষা করিলেন।

মেন্হাজ উদ্দীন গোয়ালিয়র নগরের প্রধান কাজীর পদ প্রাপ্ত হইলেন।

১২৩৪ খুষ্টাব্দে সমাটের সৈত্যগণ মাল্ভরা আক্রমণ করিয়া ঐ তুর্গ ও ভিল্পা নগর পদানত করে। এই ভিল্পা নগরে তিন শতাকী পূর্বের নির্মিত তুই শত দশ হস্ত পরিমাণ উচ্চ একটি দেব মন্দির ছিল। ভিল্পা হইতে মোদ্লেম সেনাগণ উজ্জিয়নী নগরে অভিযান করিয়। ও তথাকার মুহাকালের শন্দির ধ্বংস করিয়া, মহাকালের প্রতিমৃত্তি এবং ১৩১৬ বৎসর পূর্বের উজ্জিনী-রাজ বিক্রমাদিত্যের প্রতিমৃত্তি দিল্লীতে লইয়া আদিল।

২৬ বংসর রাজত্ব করিবার পর, ৬৩৩ হিজরী ২০ সাবান তারিথে সম্রাট আবুল মোজাফ্ফর আল্ভামাশ্ দিল্লীতে জর রোগে ইহধান ত্যাগ করিলেন ও কোতব্যিনারৈর সন্ধিকটেই সমাধিত্ব হইলেন।

আলতামাশের মৃত্যুর পর তাঁহার মধ্যম পুত্র রোকন্-উদ্দীন ফিরোজ শাহ দিল্লীর সিংহাসনে উপবেশন করার পর, তাঁহার স্বাভাবিক দানশীলতা ও নত্রতাক্রমশং বিপরীত দিকে চালিত হইরা তাঁহাকে অঘিতীর অহিতাচারী ও লম্পট করিরা তুলিল; এবং তিনি এই অসৎ স্বভাবের বশবভী হওরার দিল্লীর রাজকোষ শৃক্ত হইতে আরম্ভ হইল। দিল্লীশ্বরের এই অবস্থা দর্শনে তাঁহার সভাসদগণ ও প্রজামগুলী সকলেই তাঁহার উপর দারুণ অসম্ভন্ত হইরা, মাত্র সাত মাস ক্লাল সিংহাসনাধিকারের পর, তাঁহাকে ও তাঁহার সকল অনর্থের মূলীভূত রাজমাতা শাহ্তোর্কান্কে বন্দী করিয়া, সোল্তান আল্তামাশের সুযোগ্যা জ্যেষ্ঠা করা রেজিয়াকে ৬০৪ হিজরীর রবি-ওল্-আউয়ল মানে দিল্লীর রাজসিংহাসনে অধিরুঢ় করিলেন।

সোল্তানা রেজিয়া সর্বাগুণালয়তা রাজ্ঞী ছিলেন। তিনি পিতার স্থায়
প্রথর বৃদ্ধিমতী, লায়বতী, উদার ও শ্বিচারিকা ছিলেন। এই সঙ্গে সৈর
চালনার প্রামর্শ দানেও তাঁহার ঈশারদন্ত অসাধারণ ক্ষমতা ছিল। এক
কথায় কেবল প্রস্বরূপে জন্মগ্রহণ ব্যতীত রাজাধিরাজের মত প্রকার গুণাবলী
গাকিতে হয়, সোল্তানা রেজিয়াতে তাহার কোনটারই অপ্রতুল ছিল না
তাঁহার মাতা মৃত স্থাটের প্রধানা মহিষী ছিলেন; এবং সোল্তান আল্তামানের বরাবরই ইচ্ছা ছিল ঘে—তাঁহার পর তাঁহার সিংহাসনে যেন
তাঁহার এই সর্বাগুণালয়তা কন্তা বসিতে পারেন।

রেছিয়ার সিংহাসনারোহণে কেবল মাত্র পুরাতন মন্ত্রী নেজামল-মূল্ক জোনায়দী অসস্কট ছিলেন; এবং তিনি সম্রাজ্যের বিভিন্ন দেশ হইতে বিশুর লোক ও সৈক্ত সংগ্রহ করিয়া, দিল্লীর বাহিরে আসিয়া বিজ্ঞোতের ধ্বজা উন্মৃক্ত করিলেন। এই সময় অংঘাদ্ধার শাসনকর্তা নাসির-উদ্দীন তাবাসী খীয় সেনা সহ সোল্তানার সাহার্যার্থ আসিতে থাকা কালে তিনি বিজ্ঞোহাঁগণ কর্ত্তক বন্দি ও নিহত হন।

এই জবন্ধা দর্শনে সোল্ভানা বেজিরা স্বরং নগরের বাহিরে গিরা, মমুনার কুলে শিবির সন্ধিবেশ করিলেন। তৎপরে ছই একটা খণ্ড মুদ্ধের পর বিজ্ঞোহীগণের মধ্যে অনেকেই ক্রমশ: সোল্ভানার শরণাপন্ন হইরা তাঁহার আশ্রের ভিক্ষা করিল। অবস্থা দেখিরা প্রধান বিজ্ঞোহী নেজাম-উল্ মূল্ক পলারন করিয়া শেষে বারদারের পার্বভা উপত্যকার প্রাণ হারাইলেন।

অতঃপর নোল্তানা রেজিয়ার ক্ষমতা অপ্রতিষ্ঠত ভাবে উত্তরোজ্ঞর বৃদ্ধি পাইতে লাগিল। অচিরে তিনি লক্ষণাবতী হইতে দেবাল পর্যান্ত সমস্ক নরপতির নিকট হইতে রাজাধিরাজের সম্মান প্রাপ্ত হইলেন ও সকলেই ভাঁহার বখাতা দ্বীকার করিল।

সম্রাট শামসন্দীনের মৃত্যুর পর, হিন্দুগণ আবার একত হইয়া রণতহর হুর্গ আক্রমণ করিয়া উহা অবরোধ করিয়া থাকে। সোল্তানা রেজিয়া এই সংবাদ পাইয়া সেনাপতি কোতব-উদ্দীন হাসান্ গোরীকে হুর্গোদ্ধারে প্রেয়ণ করিলেন। সেনাপতি কোতব তথায় পৌছিয়া হুর্গাভ্যন্তরহু মোসল্মানগণকে হুর্গের বাহিরে আসিতে বলিয়া, হুর্গ মধ্যস্থ অনেক পুরাতন স্থৃতি ধ্বংস করিয়া দিয়া দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন।

এই সময় রাজীর অর্থ-শালার তত্ত্বিধায়ক আমীর জামাল-উদ্দীন ইয়াকৃতকে অনেকের সেই অধিকার অবহেলা করিয়া সোল্তানা, তাঁহার দেহরক্ষিগণের নায়কের পদে উন্নীত করার, তুকী সেনানী ও ওমরাহ্-গণের গাত্রনাহ উপস্থিত হইল।

সোল্তানা রেজিয়া পুরুষবেশ হন্তী আরোহনে প্রায়ই ভ্রমণে বাহির ইইতেন।

১২৩৬ খুটাবে লাহোরের শাসনকর্তা মুক্টজনীন কবির থান বিজ্ঞোহী হইয়া উঠায়, দোল্তানা রেজিয়া তাহাকে দমন করিবার জন্ম বায় সিদৈক্তে লাহোর যাত্রা করিলেন। মুক্টজন্তীন দোল্তানার আগমণ বার্তা শ্রবণে তাঁহার নিকট উপস্থিত হইয়া সদ্ধির প্রার্থী হইল। এই সদ্ধির পর সোল্তানা অবগত হইলেন যে—সারহিন্দের মালেক্ আল্ত্নিয়া বিজ্ঞোহী হইয়া উঠিয়াছে ও তাঁহার নিজ দরবারের বহু ওম্রাহ উষ্ণ বিজ্ঞোহীকে সাহায্য করিতেছে। এই সংবাদ প্রান্থে জিনি হি: ৬৩৭ সালের নই রমজান বুধবারে বহু সৈক্ত লইয়া সার্হিন্দের বিজ্ঞোহ দমন করিতে গেলেন। তথায় তুর্কগণ প্রথমতঃ তাঁহার দেহরক্ষী সেনাগশের

অধ্যক্ষ আমীর জামাল-উদ্দীন ইয়াকুতকে নিহত করিয়া, সোল্তানাকে বন্দি করিল ও তাঁহাকে সারহিন্দ তুর্গে অব্যোধ করিল।

ইত্যবসরে মৃক্টজউদীন বাহ্রাম শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন। তখন মালেক্ আল্তুনিরা হুর্গ মধ্যস্থ বন্দিনী সোল্তানা রেজিয়াকে মৃক্ত করিয়া, তাঁহার সৈজের সহিত মিলিত হইয়া, উভয়ে নব সম্রাটের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন। এই যুদ্ধে মালেক ও রেজিয়া উভয়েই বন্দী হইয়া ৬০৮ হিজরীর ২৪ রবি-ওল্-আউয়ল্ তারিথে নিহত হইলেন।

সোলতানা রেজিরা তিন বৎসর ছয় দিন রাজত্ব করিয়াছিলেন।

বাহ্রামের পর আলাউদ্দীন মন্ত্রদ শাহ্ দিল্লীর বাদশাহ্ হইলেন। তৎপরে সোলতান নাসিরউদ্দীন মাহমূদ হিঃ ৬৪৪ সালের ২০ মোহার্রম ১২৪৬ খুষ্টাব্যে ১০ জুন রবিবারে দিল্লীর সিংহাসনারোহণ করিলেন।

এই সোলতান-মোরাজ্যন নাসের উদ্দীন, পরলোকগত সোলতান আলতানাশের কনিষ্ট পুত্র। ইহার প্রধান সেনাপতি থান আজম্ উলুগ্ থান একজন বিচক্ষণ রণপণ্ডিত ছিলেন। সিংহাসনারোহণের প্রথম বৎসরেই সম্রাষ্ট এই প্রসিদ্ধ সেনাপতিকে কনোজের নিকটবর্ত্তী চতুর্দ্ধিকে উচ্চ প্রাচীর বেষ্টিত নন্দন নগরের বিজ্ঞোহী হিন্দুদিগকে দমন করিতে প্রেরণ করেন। তুই দিবস যুদ্ধের পর উলুগ থান নন্দন নগর রসাতলে দিয়া, এবং প্রধান বিজ্ঞোহী রাজা উপাধিধারী দল্কী মাল্কীকে বন্দি করিয়া দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন। এই আক্রমণের ফলে সেনাপতি উলুগ্ থান, অপরাপর লুন্তিত ক্রব্যের মধ্যে ১৫০০ শত উৎকৃষ্ট অখ পাইয়াছিলেন। রাজত্বের চতুর্থ বৎসরে স্মাট, খীয়াক্ষার সহিত্ত দেনাপতি উলুগ্ থানের পুত্রের বিবাহ দিলেন।

মল্ওরার রাজা বিজ্ঞোহী জাহির দেবকে দমন করিবার জক্ত প্রাট, ৬৪৯ হিজরীর ২৫ সাবান তারিখে দেনাপতি সহ সদৈক্তে গোরালিরর, চান্দেরী, বাজাওয়াল্ এবং মাল্ওয়ার ভিতর দিরা গমন করিয়া মাল্ওয়ার তুর্গ আক্রমণ করিলেন। রাজার অধীনে তুই লক্ষ পদাতিক ও পাঁচ সহস্র অখারোহাঁ সেনা থাকা সত্ত্বেও থান আজম উলুগ্ থান, অসীম বিক্রম প্রদর্শনে অল্লকাল মধ্যে রাজ সৈক্সগণকে হতাহত ও বিতাড়িত করিয়া তুর্গ অধিকার করিলেন।

সমাটের একাদশ বৎসর রাজত্ব কালে ১২৫৫ খৃঃ অযোধ্যার নওরাব কত লু থান বিজ্ঞানী ইইরা উঠার. তাঁহার বিক্তমে সমাট প্রধান সেনাপতি উনুগ্ থানকে প্রেরণ করিলেন। কত লু কালিজ্ঞরে পলারন করিরা তথা হইতে মেবারের পর্বত-সঙ্গল উপত্যকার প্রথন করিতে করিতে যোধপুর ইইতে ৮৪ মাইল দক্ষিণ-পশ্চিমে আবু পর্বতের নিকটবর্ত্তী শাড়ু দেশে গিরা, তথাকার হিন্দু রাজা দেও পালের আশ্রয় গ্রহণ করিল। উনুগ্ থান ৬৫৫ হিঃ রবি-ওল্-আউরল্ মাসে ঐ রাজ্য আক্রমণ করিরা হিন্দু সেনাগণকে সম্পূর্ণরূপে পরান্ত করিলেন। রাজা দেওপালের সেনাগণ, স্থাশক্ষিত সমাট সৈজ্যের সন্মুথে তিন্তিতে না পারিয়া পলারন করিতে লাগিল দেথিয়া, উলুগ থান, তাহাদের পশ্চাকাবন করিয়া তাহাদিগকে নিধন করিতে করিতে চতৃদ্ধিকে পর্বতে বেষ্টিত সামূর উপত্যকার স্মানুর তুর্গ পর্যান্ত গিয়া পৌছলেন। ইতিপুর্বে এই সামূর উপত্যকা ভূমি কথনও এস্লামের অসি দর্শন করে নাই। এই যুদ্ধে দিল্লীশ্বরের সেনাগণ এত অধিক হিন্দু সেনা বধ করিয়াছিল থে—তাহা বর্ণনার বাহিরে ও গণনার বহিন্ধ ত।

সোলতান নাসির-উদ্দীন ১২৬০ খুষ্টাব্বে ইহলীলা সম্বরণ করেন।

নাদের-উদ্দীনের মৃত্যুর পর, প্রধান দৈঞাধ্যক থান-আজুম্ উলুগ্ থান, সোল্তান গেরাস-উদ্দীন বোল্বান নাম-ধারণ পূর্বক দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া মাবিংশতি বৎসর পর্যান্ত রাজত্ব করেন। বৃদ্ধ বর্ষ পর্যান্ত ইনি অভিশর মৃগরা প্রির ছিলেন ও এক-একবার সৈশ্ত-সামস্ত লইরা মৃগরা করিবার ছলে, বাগ্দাদের নিকটবর্তী হলাকু দেশের জন্মল পর্যান্ত অগ্রসর হইতেন।

পঞ্চদশ বৎসর রাজতার পর দোলতান গেয়াস্-উদ্দীন বঙ্গদেশে তোষ্রেলের বিদ্রোহী হওয়ার সংবাদ পাইলেন। এই শাসনকর্ত্তা তোঘ্রেল্কে গেয়াসই লক্ষণাবতীর মন্নদে বসাইয়াছিলেন। তোঘ্রেল জাজ্নগর (টিপারা) আক্রমন করিয়া. উক্ত দেশ লুঠনে বিস্তর ধনরত্ব ও হন্তী পাইয়াছিলেন। কিছু তাহার কিছুমাত্র দিল্লীতে সম্রাট সকাশে প্রেরন না করিয়া সমস্তই আত্মদাৎ করিলেন। তৎপরে তোঘ্রেল সোলতান মুগীসউদ্দীন নাম ধারণে নিজেকে স্বাধীন রাজা বলিয়া ঘোষণা করিলেন।

সম্রাট প্রথমতঃ মানীর থাঁনের অধীনে তোঘ্রেলকে দমন করিবার জন্ম সৈক্ত পাঠাইরা দিলেন। সেনাপতি মানীর থান সর্যু (গাগ্রা নদী) পার হইরা লক্ষণাবতীর দিকে অগ্রসর হইতে থাকা কালে, তোঘ্রেল বহু সংখ্যক হিন্দুও মোস্লমান সৈক্ত এবং হন্ডিসহ তাঁহাকে মাক্রমণ করিলেন ও মানীর থানের সেনাদলকে সম্পূর্ণরূপে পরান্ত করিয়া দিলেন।

পর বংসর সোল্তান গেয়াস-উদ্দীন লক্ষণাবতী আক্রমণের জল অধিক সংখ্যক সৈন্ত প্রেরণ করিয়াছিলেন। কিন্তু পূর্ব্ব বংসরের ক্রায় সম্রাট সেনা এবারও পরাজিত হইল!

এইবার সমাট স্বরং তোঘ্রেলের বিক্লচ্চে যুদ্ধ যাত্রা করিলেন;
এবং গৃলা ও যমুনা বক্ষে বহু নৌকা প্রস্তুত করিয়া রাখিতে আদেশ
প্রদান করিলেন। সমাট তাঁহার এই অভিযানে দিল্লী হইতে সামানার
আসিয়া, তথাকার শাসনকর্তার পুত্র বাক্কারা থানকে সেনা সহ নিজ্
সমভিবাহারে লইলেন।

এইরপে বৃহৎ বাহিনীদহ দিল্লীশ্বর স্বয়ং বাঙ্গালার শাসনকর্তার বিরুদ্ধে অগ্রদর হইতেছেন সংবাদ পাইয়া, বন্দেশ্বর তোঘ্রেলও তাঁহার সন্মুথীন হইবার জক্ত উপযুক্ত সংখ্যক সেনা সংগ্রহ করিতে লাগিলেন। দারুণ বর্ষার সোলতানের বাঙ্গালায় পৌছিতে অনেক বিলম্ব হইয়া গেল। তৎপরে সোলতান গেয়াস-উদ্দীন জাজ্নগরের পথে অগ্রসর হইয়া, লক্ষণাবতী হইতে ৪০ ক্রোশ দূরে শিবির সন্ধিবেশ করিলেন। দিল্লীশ্বরের রাজধানীর (গৌড়ের) দিকে আগ্রমন সংবাদ পাইয়া, তোঘ্রেলও সসৈত্তে জাজ্নগরের দিকে গ্রমন করিলেন। উভয় পক্ষে যেবারতর যুক্ত বাধিল, তাহাতে বক্ষের তোঘ্রেল পরাজিত হইয়া আগ্রক্ষার্থে পলারন করিতে বাধা হইলেন।

তথন দোলতান গেরাস উদ্ধীন করেক দিবস মাত্র গোড়ে অবস্থান পূর্বক, এই ঐতিহাসিক (তওয়ারিথে ফিরোজ শাহী লেথক) জিরাউদ্দীন বার্নীর মতামহ, সেপাহ সালার হেশাম-উদ্দীন ওকিলদারকে লক্ষণাবতীর সামরিক শাসনকর্ত্তা নিমৃক্ত করিয়া, স্বরং পলাতক তোঘ্রেলের পশ্চাদাবন করিলেন।

সোল্তান দোনার গাঁরে উপস্থিত হইরা তথাকার রাজা দান্জ রায়কে সন্ধিসত্ত্রে আবদ্ধ করিলেন ও পলাতক তোঘ্রেলের উপর লক্ষ্য রাণিতে অহমতি করিরা, নিজে বে কোন প্রকারে হউক তোঘ্রেলের রক্ত দর্শনে প্রতিজ্ঞাবদ্ধ হইলেন।

সমাটসেনা জাজ্নগর পর্যান্ত অম্পরণ করিয়াও তোমরেল্কে ধৃত করিতে পারিল না। পরে এক সময় ঐ নগরের নিকটবর্তী স্থানে তোমরেলের সৈক্ত-শিবির দেখিতে পাইয়া সমাট সেনাপতি মোঁকাদের, ভীম বেগে তাঁহাকে আক্রমণ করিলেন। তোম্বেল জিন শৃক্ত অম্বারোহণে কিছু দূর পলাইয়া গিয়া, শেষে ৃনদীতে ঝাঁপ দিলেন। মোকাদেরঙ অর্থ হইতে অবতরণ করিয়া নদীগর্ভে তরবারির আঘাতে ব**লেখরের** শিরক্ষেদন করিবেন।

তৎপরে সোল্তান গেরাস-উন্দীন, বাকারা থানকে বন্ধ-বেহার ও যুক্তপ্রদেশের শাসনকর্তা নিযুক্ত করিরা, তাঁহাকে সিংহাসনে বসাইরা দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন।

চতুর্থ দর্গ

সোলতান নাসির-উদ্দীন বাকারা খান

নাসির উদ্দীন ১২৮৬ খুটাব্দে বাংলার সিংহাসনে আরোহণ করিয়। বিশেষ স্থাণতির সহিত রাজ্য শাসন করিয়াছিলেন।

এই স্বেদার বাকারা থান ও তৎপুত্ত দিলীশ্বর কারকোবাদের সরযুতীরে অভিনব মিলন সম্বন্ধে আমি আমার ঐতিহাসিক, কাহিনী "জান্কী বালি" গ্রন্থে বিশেষরূপে বর্ণনা করিরাছি। বঙ্গেশ্বর নাসিরউদ্দীন ফিরোজ শাহ্পরবর্তী মহা প্রতাপান্থিত বীর-কেশরী সম্রাট আলাউদ্দীনের রাজত্বকালে, কিছু দিন শান্তির সহিত বাংলার মস্নদে উপবিষ্ট ছিলেন।

এই স্বদেশ-প্রেমিক সুবাদারের রাজত্ব কালে গ্রন্থক্ত্রীর স্থান্তর বংশের পূর্ববিশ্বর আনওয়ার-উদ্দীন থান, স্বীয় নমাজিত "আনওয়ারপুর পরগনার" (জেলা ২৪ পরগ্রনার অস্তভূতি) জায়গীর প্রাথ্যে দিল্লী হইতে বাঙ্গালায় আগমন করেন।

তৎপরে ৬৯৯ হি: ১২৯৯ খু: সোলতান আলাউদ্দীন থিলিজী বলদেশকে ত্ই ভাগে বিভক্ত করিয়া, পশ্চিমবঙ্গ ও দক্ষিণ পশ্চিমাঞ্চল লইয়া রাজধানী লক্ষণাবতী বা গোড় নগর, নাসির উদ্দীনের শানুনাধীনে ও পূর্ববন্ধে সোনার গাঁ (আধ্নিক ঢাকা নগর হইতে পূর্ব দক্ষিণ ১৩ মাইল দ্বে অবস্থিত ছিল, এক্ষণে প্রায় সমন্তই নদী গর্ভে লীন হইয়া

গিয়াছে) রাজধানী প্রতিষ্ঠিত করিয়া উগ বাহাছর থানের শাসনাধীনে দিলেন। বাহাছর থান দিল্লীখর আলাউদ্দীনের জীবদ্দশা পর্যান্ত নম্রতার সহিত পূর্ববন্ধের কর্তৃত্ব করিয়াছিলেন।

১৩১৭ খুটাবে কুমার মোবারক দিলীর সিংহাসনে আরোহণ করার, বাহাত্র থান নিজমূর্ত্তি ধারণপূর্বক নিজকে সমস্তবাংলা দেশের স্বাধীন রাজা বলিয়া ঘোষণা করিলেন, এবং নিজ নাম বাহাত্র থানের পরিবর্তে বাহাত্র শাহ্ দিরা মুদ্রাহণ করিলেন।

সমাট অগতা। ১৩২৪ খৃষ্টাব্দে বাহাত্রের বিরুদ্ধে অভিযান করিতে বাধ্য হইলেন। ত্রিহুতে পৌছিবার পর সিংহাসনচ্যুত রাজা নাসির উদ্দীন তাঁহার সহিত সাক্ষাং করিয়া, সমাটকে অনেক ধনরত্ন উপঢ়ৌকন দিয়া, তাঁহার অপহত রাজা লক্ষণাবতী পুনঃপ্রাপ্ত হইলেন।

বাহাত্র শাত্কমা চাতিয়া প্রা: ভিক্ষা পাইলেন বটে, কিন্তু সম্রাট তাঁহার রাজত তাঁহার করে প্রত্যাপনি না করিয়া, বিরাম থানের হস্তে অর্পণ করিলেন: এই অভিযানে সম্রাট ত্রিছট অধিকার করিয়া তথার একটি বিভিন্ন রাজ্য প্রতিষ্ঠা ও আহ্মদ থানকে ঐ নব রাজ্যের অধিপতি নির্বাচিত করিয়া দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন।

১০২৫ খুটাবে নাসির-উদীন বাকারাধানের মৃত্যুর পর সমাট মোহাম্মদশাহ, কাদের থানকে লক্ষণাবতীর শাসনকর্তা নিযুক্ত করিলেন। এই নব নিযুক্ত স্থবেদার ও দোনার গাঁরের স্থবেদার বিরাম থান উভয়ে চতুর্দ্ধশ বৎসরকাল নির্মিবাদে রাজ্য করিয়াছিলেন।

এই সময় ১৩৩৮ খৃষ্টান্দে বিরাম থানের মৃত্যু হয় ও সম্রাট দক্ষিণাপথের অধিকাংশ জয় করিয়া, দিলী হইতে রাজধানী উঠাইয়া লইয়া, রাজা রাম দেবের পুরাতন রাজধানী দেবগিরি—তৎকালীন দৌলতাবাদে—প্রতিষ্ঠিত করিবার জক্ত বাস্ত ছিলেন। এই অ্যোগে মৃত শাসনকর্ত্তা বিরামের পার্শ্বচর জনৈক ক্ষমতাপন্ন ব্যক্তি কথর্উদ্দীন, সম্রাটের বিনাম্মতিতে দোনার্গা অধিকার করিয়া, সোলতান সেকেন্দার নাম গ্রহণপুর্বক স্বাধীন নরপতি বলিয়া ঘোষণা করিলেন।

সমাট এই সংবাদ প্রবাদে গৌডের শাসনকর্তা কাদেরখানকে সেকেন্দারের বিরুদ্ধে যুদ্ধ বাতা করিরা, উহাকে সোনার গাঁরের সিংহাসনচ্যুত করিবার আদেশ প্রেরণ করিলেন। ঘোরতর যুদ্ধের পর ফথবু
উদ্দীন সেকেন্দার পরাজিত ও রাজ্যন্তই হইয়া অরণা মধ্যে আশ্রম
গ্রহণ করিলেন। কিন্তু অল্লদিন মধ্যেই গুপ্তথাতক ঘারা কাদের খানকে
ফত্যা করিরা ও সঙ্গে সঙ্গে তাহার সেনানীগণকে প্রচুর অর্থের প্রলোভনে
বশীভূত করিরা, পুনরায় ১৩৪০ খুরান্দে বাংলার স্বাধীন রাজা হইয়া
নিল্ন নামে মুদ্রা প্রস্তুত করিতে লাগিলেন।

দিল্লীর সিংহাসন এই সমন্ন খুবই ছর্বল হইনা পড়িরাছিল। এই সমন্ন ফথর উদ্দীন বা সোলতান সেকেন্দার, স্বীন্ন রাজধানী স্থবর্ণগ্রাম হইতে আসিন্না গৌড় স্বাক্রমণ করিলেন; কিন্ত বিরামের সেনাপতি আলাউদ্দীন কর্তৃক পরাভূত ও নিহত হইলেন। এই আলাউদ্দীন স্থাটের সম্গ্রহপ্রার্থী হইনা মাত্র দেড় বংসর কাল রাজত্ব করার পর স্বীন্ন বিমাত্রের ল্রাভা হাজি ইলিয়াস কর্তৃক নিহত হন।

সোলতান শামস্-উদ্দীন হাজী ইলিয়াস।

হাজী ইলিয়াস, তৎপরে সোলতান শামস্ উদ্দীন নাম গ্রহণে বক্ষের। সিংহাসনারোহণ করিয়া নম্রতা প্রদর্শন দারা সাধারণের এত অধিক প্রিয়-পাত্র ছইয়া পড়িলেন যে. অচিরে সকলেই জাঁহার ভ্রাভ্-হতার বিষয় ভূলিয়া গেল।

শামদ্-উদ্দীন নিজ রাজ্যের স্থ্রেশাবন্ত করিয়াই দ্রবপ্রথমে রাজ্য

বৃদ্ধির আশার জাজ্নগর (আধুনিক টিপারা রাজ্য) আক্রমণ করিলেন এবং ঐ রাজ্য জয় করিয়া বহু হস্তী ও ধনরত্ব লইয়া রাজধানীতে প্রতাবির্ত্ন করিলেন।

একাদশ বর্ষকাল নির্ব্বিবাদে বাঞ্চালার সিংহাসনে স্বাধীন রাজা রূপে রাজত্ব করার পর, বারাণদী প্রদেশের এক অংশে অনধিকার প্রবেশের জক্ত সম্রাট ফিরোজ শাহ ৭৫৪ হিজরীর শেষ ভাগে ১০৫৩ খুষ্টাব্বে বহু দৈক্ত লইয়া বাংলা আক্রমণ করিলেন।

এই সময় সোলতান শামস্-উদ্ধান মালদহের নিকট পাণ্ডুরায় রাজধানী স্থাপন করিয়াছিলেন: এবং তিনি স্থীয় পুত্রকে রাজধানীতে রাথিয়া সসৈক্ষে একদালী তুর্গে যাত্রা করিলেন।

সূত্রি পাণ্ডুরার নিক্টবর্তী যেস্থানে আসিয়া শিবির সন্ধিবেশ করিয়াছিলেন, সেই স্থানের নাম এখনও ফিরোজাবাদ বলিয়া প্রসিদ্ধ আছে।
দিল্লীশ্বর ফিরোজশাহ্ স্বয়ং এই স্থান হইতে অশ্বপৃষ্ঠে যাইয়া পাণ্ডয়া
আক্রমণ করিয়া শামস্-উদ্ধানের পুত্রকে বন্দি করিলেন'ও রাজধানী
অধিকার করিলেন।

পরে পাণ্ডুরা হইতে সম্রাট সৈক্ত একদালী তুর্গ আক্রমণ করিল।
কিছুদিন অবরোধের পর বঙ্গেশ্বর সম্রাটের সহিত সন্ধি স্থাপন করিরা
তাঁহাকে অনেক হন্ডী ও বিস্তর উপঢৌকন দিয়া সম্ভূষ্ট করিলেন, এবং
তাঁহার রাজ্যের সীমা নির্দিষ্ট করিয়া লইলেন ৭৫৫ হিঃ।

গৌড় নগরের ঠিক মধ্যন্থলে সমাট ফিরোজ শাহ, বাঙ্গালা বিজরের নিদর্শন স্বরূপ স্থীয় নামান্ধিত যে বিজয়ন্তন্ত নির্মাণ করাইয়া ছিলেন; সেই ফুরোজ-মিনার এথনও স্মর্জভগাবস্থায় মন্তক উত্তোলন করিয়। স্ঞাটের নাম চিরম্মরণীয় করিয়া দণ্ডায়মান রহিয়াছে।

৭৫৫৭ हি: ১৩৫৭ খৃষ্টাব্দে বজেখর সোলতান শামদ্-উদ্দীন স্বীয়

দ্ত তাজদীন সহ সমাট-সমীপে কতকগুলি হন্তী পাঠাইরা দিরা বরুত্বের নিদর্শন প্রদর্শন করিলেন। সমাট তদ্বিনময়ে রাজদৃত সায়েফ-উদ্দীন ধারা বলেশরকে অনেকগুলি আরব ও তাতার দেশীর উৎকৃষ্ট খোটক পাঠাইরা দিরাছিলেন। কিন্তু সায়েফ-উদ্দীন বিহারে পৌছিয়ার্গ শানস-উদ্দীনের মৃত্যু সংবাদ শুনিয়া আর অগ্রসর হইলেন না।

ইলিয়াস হাজী. সোলতান শামস-উদ্দীন নাম ধারণপূর্বক ধোল বৎসর পাঁচ মাস কাল বাংলার স্বাধীন ভাবে রাজত্ব করিয়াছিলেন। তিনি গৌড় হইতে পাঞ্য়ায় আসিয়া নৃতন রাজধানী প্রতিষ্ঠিত করেন। শামস্-উদ্দীনের রাজত্বকালে বাংলার সীমা সমস্ত বিহার প্রদেশ ও গগুক নদী পার্বস্ত ছিল।

সেকেন্দার সাহ

তিন দিবৃদ অতিবাহিত হইতে না হইতে অমাত্যবর্গ, ইলিয়াদ পুত্র দেকেন্দার শাহকে পিতৃ দিংহাসনে বসাইলেন। প্রজাবর্গের হিত সাধনই এই নব নৃপতির জীবনের প্রধান ব্রত ছিল।

সেকেন্দার দিল্লীধরকে সম্ভষ্ট করিবার অভিপ্রায়ে তাঁহার দরবারে বহুমূল্য উপঢৌকন পাঠাইবার উত্যোগ করিতে লাগিলেন; এমন সময় ৭৬১ খুষ্টাব্দের প্রারম্ভে দিল্লীধর ফিরোজ শোহ, বঙ্গদেশে স্বীয় ক্ষমতা বিস্তার করিবার আশার সৈন্তসহ যাত্রা করিয়াছেন, অবগত হইরা ভূমি উপঢৌকন প্রেরণে ক্ষান্ত হইলেন।

প্রবল বর্ধার জন্ম সম্রাটকে জাফ্রাবাদে শিবির সন্ধিবেশ করিয়া অপেকা করিতে হইরাছিল এই সময়ের মধ্যে বঙ্গেশ্বর দিলীর অধীনতা শীকার করিবেন কিনা জিজ্ঞাসা করিয়া দৃত প্রেরণ করার, সেকেন্দারশাহ ভাচ্ছিল্যতা প্রদর্শনে প্রস্থাবে অসমত হইলেন। বর্ধার শেবে সম্রাট সলৈক্তে পাঞ্মায় আসিয়া উপস্থিত হইলেন।
পিতার আদর্শে বঙ্গেশ্বরও ৭৬১ হিজরীর ১৬ জমাদিয়ল আউন্নল তারিথে
ছর্ভেন্ত এক্দালী তুর্গাভ্যস্তরে আশ্রয় লইলেন। অবশেবে ৪৮টা হন্ডী
ও অনেক অর্থ ও রত্মাদি উপঢৌকন দিয়া, এবং বাৎসরিক কর দিতে
শীক্ত হওয়ায় সম্রাট বক্ষদেশ পরিভাগি করিয়া চলিয়া গেলেন।

১০৬১ সালে সেকেন্দার সাহ রাজধানী পাণ্ডুয়ায়, স্থবিখ্যাত এবং বাকলা দেশের মধ্যে সর্বাপেক্ষা বৃহদায়তন নির্মাণ আদিনা মস্জিদের স্থদৃশ্য কার্য্য আরম্ভ করিলেন। আমরা যে জমিমাণের সেকেন্দারী গজের নাম শুনিয়া থাকি, তাহা এই সেকেন্দার শাহের প্রবৃত্তিত মাপ।

সোলতান সেকেন্দার শাহের চুইটা পত্নী ছিল। কিন্তু বিতীর স্থীর গর্জে অনেকগুলি সন্তান হওরা সত্ত্বেও তিনি প্রথমা মহিবীর একমাত্র পুত্র গেরাস-উদ্দীনের উপর হিংসা করিতেন। সোলতান সেকেন্দার এই ব্যবহারের বড়ই বিরোধী ছিলেন। তত্রাচ জ্যেষ্ঠ পুত্র পেরাসের মনেনানার্রণ ভরের সঞ্চার হওরার, তিনি মুগরার বাহির হইবার ভান করিরা স্থবর্ণগ্রামে চলিয়া গিয়া তথার অনেক সৈক্ত সংগ্রহ করেন। তৎপরে কুমার গেরাস-উদ্দীন তাঁহার সংগৃহীত সেনা লইয়া পাঞ্রার দিকে আসিতে থাকা কালে, পিতা সন্দেহ পরবশ হইয়া পুত্রকে আক্রমণ করিলেন।

এই সংঘর্ষে গেয়াস-উদ্দীন তাঁহার সেনাগণকে বিশেষরূপে সতর্ক করিরা দিয়াছিলেন বে—বেন কোন মতে যুদ্ধে তাঁহার পিতা আহত না হ'ন। কিছু দৈবত্রবিপাকে সেকেন্দার শাহ্ সাজ্যাতিকরূপে আহত ছইলেন। এই সময় পুত্র গেয়াস, পিতার মন্তক ক্রোড়ে তুলিয়া লইয়া বংপরোনান্তি বিলাপ ও ক্রেন্দন করিয়াছিলেন এবং পিতার নিকট ক্রমা ভিকা চাহিয়াছিলেন। রাজ-পিতা পুত্রকে আনীর্কাদ করিতে করিতে যুদ্ধক্রেত্রে চিরন্ট্রার অভিভৃত হইলেন। (১৬৬৭ খুটাকা)

সোলতান গেয়াস-উদ্দীন আবল-মোজাফ্ফর আজমৃ শাহ্

পিতার মৃত্যুর সঙ্গে সঙ্গে গেয়াস-উদ্দীন, আজম্ শাহ্ নাম ধারণ করিয়া পিতৃ-সিংহাসনে আরোহণ করিলেন। সোলতান গেয়াস-উদ্দীনের ক্যায় ক্যায়-বিচারক রাজা বঙ্গের সিংহাসনে কুত্রাপি অধিষ্ঠিত হন নাই বলিলেও অত্যুক্তি হয় না। ইনি নিজে যেমন স্থবিচারক ছিলেন তেমনি ক্যায় বিচারের মর্য্যাদাও রাখিতেন।

এক সময় সোলভান গেয়াস-উদ্দীন ধম্ববিভা অভ্যাস করিতে থাকা কালে, হঠাৎ তাঁহার হন্ত-নিক্ষিপ্ত একটী তীর এক বিধবার পুত্রের গাত্রে বিদ্ধ হয়। বিধবা তৎক্ষণাৎ কাজী-উল্-কোজ্জাত কাজী সেরাজ উদ্দীনের এজলাসে উপস্থিত হইয়া বঙ্গেখরের বিক্লছে অভিযোগ করিল। 'বিচারক সোলভান গেয়াস উদ্দীনের মান রক্ষা অপেক্ষা আইনের ও ধর্ম্মের মর্যাদারক্ষা কর্ত্তব্য বিবেচনা করিয়া, বঙ্গেখরের নামে সমন বাহির করিলেন।

সোলতান ধর্মাধিকরণের সমন পাইরা একথানি ক্ষুদ্র তরবারি বস্ত্র
মধ্যে লুকায়িত করিয়া কাজীর এজলাসে উপস্থিত হইলেন। কাজী
ধর্মাধিকরণের আসনে উপবিষ্ট থাকাবস্থায় তাঁহার প্রতি রাজোচিত কোন
বিশেষ সম্মান প্রদর্শন না করিয়া, প্রথমতঃ সোলতানকে সমস্ত ব্যাপার
ব্যাইয়া বলিলেন । পরে অস্থমতি স্চক স্বরে সোলতানের প্রতি আদেশ
প্রদান করিলেন বে,—"আপনি অর্থের ঘারা বা বে কোন প্রকারে পারেন
বিধবাকে সম্ভট করুন; নতুবা আইনের কঠোর দণ্ড আপনাকে গ্রহণ
করিতে হইবে।"

তথন সোলতান বহু অর্থ দিয়া বিধবাকে সম্ভষ্ট করিলেন এবং বিধবাও কাজীর নিকট সেই মত দর্থান্ত দাখিল করিয়া তাহার অভিযোগ উঠাইর। লইল। অতঃপর বিধবার মোকর্দ্মা নিশান্তি করণান্তে কাজী সেরাজ-উদ্দীন বিচারাসনে হইতে নামিয়া সোলভান গেয়াস-উদ্দীনকে রাজোচিত সম্মান প্রদর্শন করিলেন। তথন বস্ত্রাভ্যম্ভর হইতে তরবারি বাছির করিয়া উহা প্রদর্শনে সোলভান, কাজী সেরাজ উদ্দীনকে উদ্দেশ্য করিয়া বলিলেন—

"আপনার স্থায়-বিচারে কোনরাপ পক্ষপাতিত দেখিলে এই তরবারি আজ আপনার মন্তক বিথণ্ডিত করিত। এক্ষণে আমি পরম দয়ালু খোদাতাআলাকে ধক্তবাদ দিতেছি ও মনে মনে অহঙ্কত হইতেছি যে আমার রাজত্বে আপনার ক্যায় ক্যায়-বিচারক বিভয়ান আছে, এবং আমার এমন একজন বিচারপতি আছেন যে ক্যায় বিচারের নিকট তিনি কোন পাথিব শক্তির মর্য্যাদাই রক্ষা করেন না"।

তথন কাজী সাহেব বিচারাসনের নিমু ইইতে একগাছি বেজ বাহির করিয়া বলিলেন—

"আমি পরম করণামর আলাহতাআলা সমীপে শপথ করিয়া বলিতেছি যে যদি আপনি শান্তের ও আইনের বিধান ও আমার আদেশাস্থারী দণ্ড গ্রহণ করিতে দ্বিরুদ্ধি করিতেন; তাহা হইলে এই বেতাঘাডে আপনার প্রচদেশ এতক্ষণ কাল ও নীল বর্ণ ধারণ করিত।"

সোলতান কাজীর উপর যৎপরোনান্তি সম্ভষ্ট হইয়া, এই স্থায়বান বিচারককে প্রচুর অর্থ দানে সম্ভষ্ট করিলেন।

সোলতান গেরাস-উদ্দীন নিজে যথেষ্ট বিভা অর্জন করিরাছিলেন বুলুরা তাঁহার দরবারে বিভানের খ্বই সমাদর ছিল। সোলতান তাঁহার সহপাঠা প্রসিদ্ধ ধাত্মিক ও সিদ্ধপুরুষ কোতব-উল্-আলমের সহিত, বীরভূম জেলার নাগর নগরের সংসার বিরাগী মহাজ্ঞানী হামিদ উদ্দীনের নিক্ট একত্রে ধ্রাজ্ঞান ও পরমার্থ-তত্ত্ব শিক্ষা করিয়াছিলেন। এই মহা সিদ্ধপুরুষ হামিদউদ্দীন পরে বীরভূমের বহু জড়োপাসক হিন্দুগণকে পবিত্র এসলামের জ্যোভে টানিয়া লইয়াছিলেন।

প্রথম সূর্গ

রাজা গণেশ

সোলতান গেয়াস্-উদ্দীনের রাজত্বকালে ভেতৃড়িয়া পরগণার জনৈক ব্রাহ্মণ জমিদার গণেশ অতিশয় প্রবল হইয়া উঠিয়া রাজা উপাধি প্রাপ্ত হন। তিনি গেয়াস্-উদ্দীনের রাজ সভায় প্রবেশ করিয়া বোগাতা প্রদর্শনে ক্রমে রাজত্ব বিভাগের অমাতোর পদ প্রাপ্ত ইয়াছিলেন।

সোলতান-পুত্র সায়েফ-উদ্দীনের পর তিনি নি:সম্ভান থাকার, ওম্রাহগণ তাঁহার পোস্থপুত্র শামস-উদ্দীনকে রাজা মনোনীত করিলেন। কিন্ত এই সম্পূর্ণ অক্ষম শাসনকর্তাকে অধিক দিন রাজ্য ভোগ করিতে হয় নাই।

১৩৮৫ খুটাবের রাজা গণেশ তাঁহার বিরুদ্ধে বিদ্রোহী হইরা, অপরাপর সমস্ত মোসলমান ওমরাহগণের সাহায়ে শামস-উলীনকে যুদ্ধে পরাস্ত ও নিহত করিয়া পাওুয়ার আসিয়া বঙ্গের সিংহাসন অধিকার করেন। রাজা সিংহাসনে আরোহণ করিয়া দেখিলেন দে, তাঁহার চতুদ্দিকের পদস্থ মোসলমান ওম্রাহগণ এতাধিক প্রভূত বলশালী যে—তাঁহাদের সঙ্গে সামাক্ত হন্দ্র করিলে তাঁহার সিংহাসনচ্যুত হওন অনিবার্য। এই অবস্থা বিবেচনা করিয়া রাজা গণেশ সমৃদ্র আফ্ গান ও তুর্কী ওম্রাহগণকে প্রভূত ভূসম্পত্তি দানে পরিত্ত্ব করিবার চেষ্টা করিছে লাগিলেন; তৎসহ তিনি ধার্মিক এবং বিদ্বান মোস্লেমগণের জ্কু বৃত্তি থার্য্য করিয়া দিলেন।

এইরপে রাজ্যের সমৃদর মোসল্মানগণের সহিত যথাসাধ্য সদ্যবহার করিয়া রাজা গণেশ, সাত বংসরকাল শান্তির সহিত রাজত্ব করিতে পারিয়াছিলেন।

ক্রমে নানা প্রকার সন্থাবহার প্রদর্শনে রাজা গণেশ, মোদল্মানগণের নিকট নিজ আত্মাকে এরূপ অন্থাহভূক্ত প্রতিপন্ন করিয়াছিলেন যে— তাঁহার মৃত্যুর পর মোদলমানেরা তাঁহাকে এদ্লাম ধর্মাবলম্বী বিবেচনায় উাহার মৃতদেহ সমাধিস্থ করিতে চাহিয়াছিল।

প্রবাদ আছে যে রাজা গণেশ হিন্দু মোসলমানের মধ্যে সথ্যতা বৃদ্ধি করণ কল্পে, নিজে বৃদ্ধি থাটাইয়া হিন্দুগণের মধ্যে সভ্যপীরের পূজা প্রচলিত করেন। পরে হিন্দুরা উহার সভ্যনারায়ণ নাম করণ করিয়াছেন।

গণেশের সময় কোন মূজা প্রচলিত হয় নাই। তাঁহার রাজস্কালে যে মূজা প্রচলিত ছিল তাহাতে বারেজিদ শাহের নামান্ধিত দেখা বায়। এই কারণে জনেকে রাজা গণেশের মোসল্মান নাম বায়েজিদ বিবেচনা করিয়া থাকেন।

সোলতান জালাল-উদ্দীন মোহাম্মদ শাহ্

রাজা গণেশের জীবিতাবস্থায় তাঁহার জ্যেষ্ঠ পুত্র যত ওরফে জিতমন্ন, পুর্ব্বোলিখিত সিদ্ধ পুরুষ কোতব-উল্-আলমের নিকট এদলাম ধর্মে দীক্ষিত হইয়া জালাল উদ্দীন নাম গ্রহণ করেন।

সিংহাসনারোহণের পর সোলতান জালাল-উদ্দীন মোহাম্মদ শাহ, মোসলমান ধর্মের একজন মহা উছোগী শিশ্ব হইরা পড়িলেন; এবং স্ম্বর্ণগ্রাম হইতে প্রসিদ্ধ ধর্ম যাজক সেথ জাহেদকে আনরন করিয়া তাঁহার পরাম্শ মত সমস্ত ধর্মকার্য্য, এমন কি রাজ কার্য্য পর্যান্ত চালাইতে আরম্ভ, করিলেন। সোলতান জালাল উদ্দীন পাশুয়া হইতে পুনরায় গৌড়ে রাজধানী উঠাইয়া লইয়া গিয়া বছ অথবায়ে লক্ষণাবতীর পুন: সংস্কার করিতে লাগিলেন। এই সময় হইতে জালাল, পূর্ণ উভ্তমে জাঁহার রাজত্বের মধ্যে চতুর্দ্দিকে এসলাম ধর্ম প্রচার করিতে থাকার, অনেক পৌতলিক জড়ো-পাসনা পরিত্যাগ করিয়া, পবিত্র এসলাম ধর্মের আশ্রম গ্রহণ করিয়াছিল। জালাল উদ্দীন গৌড়ে ও রাজ্যের সর্ব্বত্র মস্বিদ্দি ও বৃহৎ বৃহৎ পুছরিণী ও পাছশালা নির্মাণ করাইয়া গিয়াছেন। এখনও পর্যান্ত জাঁহার ঐ সমস্ত বৃহৎ কীতির ভ্রাবশেষ গুলি স্থানে স্থানে "জালালী" নামে অভিহিত হইয়া সোলতান জালাল-উদ্দীনকে চির্ম্মরণীয় করিয়া রাথিয়াছে।

জালালের রাজত্বকালে দিল্লীর সিংহাসন সোলতান চতুর্থ নোহাম্মদের ত্র্বল হল্ডে ক্সন্ত থাকার, তিনি বিনা বাধা বিছে অটাদশ বর্ষকাল স্বাধীন ভাবে বঙ্গের সিংহাসন উজ্জ্বল করিয়াছিলেন।

দিলীশ্বরের এই ত্রবস্থার সমরে হি: ৮০১ সালে ভারতের মোগল সমাটগণের পূর্ব পুরুষ তৈম্রলক, ভারত আক্রমণ করিয়া সমাটকে অধিকতর বিপন্ন করিয়াছিলেন। এই বিপ্লবের স্চনার বাজলা দেশের স্থার, আজীম শাহের অধীনে শুর্জর প্রদেশ, দেলাওয়ারের অধীনে মালব থণ্ড ও কর্ণাট হইতে আরম্ভ করিয়া সমন্ভ অযোধ্যা প্রদেশ, জৌনপুরে থাজে জাহানের অধীনে "বাধীন-পূর্ব-রাজত্ব" নামে এক নৃতন রাজ্য, থেজের শাহের অধীনে লাহোর, দেবালপুর ও মূলভান প্রদেশ; এবং গালেবের অধীনে সামানা প্রদেশ, প্রভৃতি প্রসিদ্ধ প্রসিদ্ধ ভারতের প্রায় সমন্ত প্রদেশ শুলিই দিল্লীর অধীনতা শৃদ্ধল কর্তন করিয়া, এক একটা স্থানি মোসলমান রাজ্যে পরিণ্ড হইল।

সোলতান জালাল-উদ্দীন যথার্থ ক্যান্ন বিচারের সহিত অষ্টাদশবর্থ কাল রাজত্ব করার পর গৌড় নগরে ১৪০৯ খুটাব্দে মানবলীলা সম্বরণ করেন।

আহম্মদ শাহ

জালাল-পুত্র আহম্মদ শাহ হিঃ ৮১২ সালে ১৪০ থ্র: পিতৃ-সিংহাসনে আরোহণ করেন। এই রাজা স্থবিচার দ্বারা অচিরে হিন্দু মোসল্মান উভন্ন সম্প্রদারের প্রিন্ন পাত্র হইয়া উঠিলেন। কিন্ধু তিনি পিতার স্থান্ন তেজন্বী ছিলেন না দেখিয়া জৌনপুররাজ সোলতান এবাহিম, বহু সৈক্ত লইয়া বাংলা আক্রমণ করিলেন।

বদেশর এই প্রবল প্রতিঘন্দী কৌনপুর রাজের সহিত প্রতিয়োগিত।
করা তাঁহার ক্ষমতাতীত বিবেচনা করিয়া, তৈমুর-পৌত্র শাহ্ রোথের
নিকট দৃত প্রেরণ করিয়া তাঁহার সাহায্য প্রার্থনা করিলেন। দিল্লীর
অবস্থা স্বেময় এতাধিক শোচনীয় হইয়া পড়িয়াছিল যে, শাহ-রোথ
পারশ্র দেশে হেরাতে রাজধানী প্রতিষ্ঠিত করিয়া তথায় অবস্থান করিজে
থাকিলেও, তিনি হিন্দুখানের সমাট বলিয়া ঘোবিত হইতেন।

তাতার সমাট শাহ-রোধ, বঙ্গেখরের দ্তকে সমাদরে এঁহণ করিয়া, বংপরোনান্তি ভয় প্রদর্শক একথানি পত্র লিখিয়া হাজী আবত্ল করিমের হত্তে উহা সোলতান এত্রাহিমের নিকট পাঠাইয়া দিলেন: তুর্দান্ত-প্রতাপ তাতার সমাটের এই ভীতি প্রদর্শক পত্র প্রাপ্তি মাত্র জৌনপুর রাজ এত্রাহিম, বঙ্গনেশীয় সমৃদ্র বন্দিগণকে মৃক্ত করিয়া দিলেন ও ভদবধি আর কথনও বাজলা আক্রমণের চিন্তা করেন নাই।

হাজী আবছল করিমের সহিত তাতার রাজ, মৌলানা আবছর রহিম নামক একজন দৃতকে গোড়ে পাঠাইরা দিয়াছিলেন। কিছু দিন গোড়ে অ্বস্থান করিয়া এই উভয় দৃত একত্রে প্রত্যাবর্ত্তন পথে, অর্থবিপোতারোহণে অর্শ্বক উপদাগরের মধ্য দিয়া হেরাত যাইবার সম্বর্ত্ত করিলেন। কিছু কালিকাট বন্দবের নিকট জাহাজ ভাঙ্গিয়া যাওয়ায় তাঁহাদিগকে তথাকার শাসনকর্তা জামোরিণের নিকট আত্ম-পরিচর
দানে আত্মর লইতে হইয়াছিল। শাসনকর্তা, প্রবল প্রতাপাধিত সম্রাট
শাক্-রোথের নাম তাবণে তাঁহাদিগকে অতি যত্নের সহিত আত্মর দিয়া,
পরে স্বীয় দৃত সমভিব্যবহারে হেরাতে পাঠাইয়া দিয়াছিলেন।

আহমদ শাহ্ আঠার বংসর রাজত্ব করিয়। ১৪২৬ খুষ্টাব্দে ৮৩০

কি: মৃত্যুম্থে পতিত হ'ন। সোল্তান আহমদ শাহের রাজত্বকালে

চট্টগ্রামের প্রসিদ্ধ সাধু বদর-উদ্দীন বা পীর বদরের মৃত্যু হয়। এথনও
নৌকার মাঝিরা নদীতে কোন বিপদে পতিত হইবার সম্ভাবনা দেখিলে

এই পীর বদরের নাম উচ্চারণ করিয়া বিপদ উদ্ধারের প্রত্যাশা করিয়া
গাকে।

ষষ্ঠ সূৰ্গ

ইলিয়াস্ সাহীবংশ

আহমদ সাহের অপুত্রক অবস্থায় মৃত্যু হওয়ায়, ওমরাহ্গণ হাজী ইলিয়াস্ সোল্তান শামস্উদ্দীনের বংশগর জনৈক যুবককে গৌড়ের সিংহাসনে বসাইলেন।

এই নব শাসন কর্তার নাম হইল সোল্তান নাসের-উদ্দীন আবুল মোজাফ্ ফার মাহ্ম্দ সাহ্। মাহ্ম্দের রাজত্ব কালে দিল্লীর সহিত জৌনপুরের যুদ্ধ চলিতে থাকার, তিনি শান্তির সহিত ৮৩০ হিঃ হইতে ৮৬২ হিজরী পর্যন্ত রাজত্ব করিতে পারিয়াছিলেন ও এই স্ফার্ম সময় মধ্যে রাজধানীর অবস্থা অনেক উন্নত করিয়া তুলিয়াছিলেন।

তৎপরে সোল্তান-কুমার রোকণ-উদ্দীন বারবাক্ সাহ্ বঙ্গদেশ শাসন কালে, আফ্রিকা হইতে কাফ্রি আনাইয়া তাঁহার সেনাদল পরিপুট করিতে লাগিলেন। তাঁহার সময়ে বদ্ধীয় সেনাদলের মধ্যে আট হাজাব উৎকৃষ্ট অখারোহী ও পদাতিক নিগ্রো পল্টন ছিল। এই কাফ্রিগণ ক্রমশঃ সোলতানের বিখাসভাজন হইয়া উচ্চ পদে উন্নীত হইতে লাগিল। বঙ্গের উদাহরণে দেই সময় দাক্ষিণাত্য ও গুজরাটের রাজাগণও আবিসীনীয় সৈক্ত বৃদ্ধি ক্রিয়াছিলেন।

সপ্তদশ বর্ষ কাল স্থ্যাতির সহিত ও যত্ন সহকারে প্রজা পালন করিয়া, বার্বক্ সাহ, ১৪৭৪ সালে জ্যেষ্ঠ পুত্র ইউস্ফ সাহের উপর রাজ্য-ভার অর্পন করিয়া মানবলীলা সম্বরণ করেন। সোল্ডান বার্বকের প্রস্তুত সিংহ্ছার এবং তুর্গ প্রকার ও সুগভীর গড়, অভাপি গৌড়ে বিভ্যমান আছে। রোকণ-উদ্দীনের শাসনকালে একজন প্রসিদ্ধ পর্ত্ত্বগীজ ভ্রমণকারি ও ঐতিহাসিক রাজ্যানী লক্ষণাবতী নগরে আসিয়া, তাহার সৌন্দর্য্য দর্শনে বিমোহিত হইয়া গিয়াছিলেন। তাঁহার শোখা হইতে অবগত হওয়া বায় যে—তৎকালে গৌড়ের লোক সংখ্যা অন্যন ছাদশ লক্ষ ছিল। এই সমরে সম্রাট-বহুলুল লোলী দিল্লীর সিংহাসনে উপবিষ্ট ছিলেন।

শামস-উদ্দীন ইউসফ্ সাহ্

এই নব শাসনকর্তা একজন অতি ধীর প্রকৃতি, ধর্মপরারণ, বিচক্ষণ, বিদ্বান ও আইনজ্ঞ নরপতি ছিলেন। তাঁহার রাজ্যের মধ্যে বিচারকর্গণ যাহাতে অবিচার করেন ও কোন মতে অবিচার প্রশ্রের না পার, তৎপ্রতি সর্বাকণ তাঁহার তীক্ষ দৃষ্টি ছিল। প্রতি সন্থাহে সমন্ত আদালতের বিচার সম্বনীর বিবরণ তাঁহার নিকট পাঠাইতে হইত ও তিনি নিজে সেই সমৃদ্র কাগজ-পত্র প্র্যাহপুদ্ধরূপে দেখিরা, তন্মধ্যন্থ বাবতীর কুট সমস্রাগুলি মীমাংসা করিয়া দিতেন। বিচারকর্গণ সর্বাকণ তাঁহার ভরে থরহরে কম্পবান থাকিতেন।

ইউসফ সাহ ্থাবতীয় প্রজা-মণ্ডলীর নিকৃট অতি স্থগাতির সহিত সাড়ে সাত বংসর কাল রাজত করিয়া তাহাদের প্রীতিবর্দ্ধন করিয়াছিলেন হি: ৮৮৭।

সোল্তান ফতেহ্ সাহ ১৪৭২ খুটান্দে রাজ্য প্রাপ্ত হইরা প্রবল প্রতাপশালী হাব্সী, বারিক কর্তৃক ১৪৯০ খুটান্দে নিহত হ'ন। তাঁহার নিধনের পর উক্ত হাব্সী, সোলতান সাহ্জাদা নাম ধার্ণে গৌড়ের সিংহাসনারোহণ করিলেন। কিন্তু আট মাসের মধ্যেই এই মছপারী হাব্সী শাসনকর্তা আর একজন আবিস্থানীয়, মালেক আন্দিল কর্তৃক রাজ-অঞ্পুরে নিহত হইয়াছিল।

অতঃপর ওমরাহগণ ও মালেক আন্দিল শ্বঃ মৃত সোলতান ফতেহ্ সাহের মহিবীকে, তাঁহার এই বৎসরের পুত্রের অভিভাবক স্বরূপ বঙ্গের সিংহাসনে আরোহণ করিতে অস্রোধ করিলেন। কিন্তু উক্ত মোস্লেম রমণী কোন মতে এই পুরুষোচিত কার্যাে হত্তক্ষেপ করিতে শ্বীকৃত না হওয়ায়, জনসাধারণে আন্দিল্কে ফিরোজ সাহ্ নাম দিয়া রাজাসনে বসাইলেন। ১৪৯১ খুষ্টাস্ব।

ফিরোজ সাহ আন্দিল

সোল্ভান ফিরোজ সাহ্ আন্দিল ইতিপ্রে কতেই সাহ্ও সোল্তান সাহ্জাদার সেপাহ্-সালার নিযুক্ত থাকিরা, যথেষ্ট বীরত্বের ও রণকৌশলের পরিচর দিয়াছিলেন। এই কারণেই তিনি প্রথমাবন্ধায় সকলেরই প্রিয়ণাত্র হইয়া উঠিলেন।

তাঁহার তিন বৎসর রাজত্বকালের মধ্যে তিনি গরীব দুঃশীগণকে প্রচুর অর্থ বিতরণে পরিতৃষ্ট করিয়াছিলেন। একদা তিনি প্রধান মন্ত্রীর উপর রাজকোষ হইতে এক লক্ষ টাকা বিতরণের আদেশ প্রদান করেন। মন্ত্রী, রাজ-ধনাগার হইতে এককালে এত অর্থ বিতরণার্থে বাহির করিতে ইতস্ততঃ করিয়া, একত্রে এক লক্ষ টাকার সমষ্টি দেখিলে সোল্তানের মত পরিবর্ত্তন হইতে পারিবে ভাবিয়া, তাঁহার দরবারে আদিবার পথপার্থে ঐ টাকা গাদা দিয়া রাখিয়াছিলেন। দরবারে আদিবার কালে পথপার্থে এত টাকা দেখিয়া ফিরোজ সাহ উহার কারণ জিজ্ঞাসা করায়, মন্ত্রী উত্তর দিলেন যে—"জাঁহাপানার আদেশ মত ঐ টাকাগুলি দরিজ্ঞগণকে বিতরণ করিতে হইবে।" তাহাতে সোল্তান—"এই কয়টী মাত্র টাকা"

বলিয়া বিতরণার্থে উহার সমষ্টি দ্বিগুণিত করিবার অস্থমতি দিয়া গেলেন। অনস্তর মন্ত্রীকে বাধ্য হইগা তুই লক্ষ টাকা বিতরণ করিতে হইল।

ফিরোজ সাহের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র নাসের উদ্ধান মাহ্মৃদ সাহ্ গৌড়ের সিংহাসনে আরোহণ করেন ও একবংসর কাল পর্যন্ত প্রজ্ত ক্মতাশালী প্রধান অমাত্য হেব্জ খানের ক্রীড়া পুত্তলী হইয়া থাকার পর, মন্ত্রীর অত্যচারে প্রপীড়িত হইয়া জনৈক ক্মতাশালী ওমরাহ্ সিদ্ধী বাদার-দেওয়ান সাহায্যে তাহাকে হত্যা করেন। অল্লিন মধ্যে সিদ্ধী বাদার, মাহ্মৃদ সাহ কেও হত্যা করিয়া হিজরী ১০০ সনে আবু নসর্ মোজাফ্ ফর সাহ্ নাম ধারণে গৌড়ের মসনদ অধিকার করিলেন।

আবু নসর্ মোজাফ্ফর সাহ্

মোজাফ্ ফরের স্থায় নৃশংস অভ্যাচারী আর কোন মোসল্মান নরপতি বাললার সিংহ্লাসন কলজিত করেন নাই বলিলেও অত্যুক্তি হয় না। মোজাফ্ করের অত্যাচারে প্রপীড়িত হইয়া ১০৩ হিজরীতে (১৪৯৭ খুঃ) রাজ্যের সদ্দির ও ওমরাহ্ গণ, মন্ত্রা দৈয়দ হোদেনের অধীনে সোল্ভানের বিক্লমে অস্ত্র ধারণ করিলেন, এবং তাঁহাকে রাজধানীর মধ্যেই এক প্রকার অবরোধ করিয়াছিলেন। সেই সময় মোজাফ্ ফর সাহের অধীনে পাঁচ সহস্র উৎকৃষ্ট অবিসীনীর যোলাঁ এবং ২০০০ হাজার ক্ষাফ্ গান ও বালালী পণ্টন থাকায়, তিনি চারি মাস কাল শক্রগণের সহিত সমভাবে যুঝিতে লাগিলেন।

এই সময় ত্র্দান্ত সোলতান নিষ্ঠ্রতার পরাকাষ্ঠা প্রদশন করিয়াছিলেন।
প্রত্যক্ত যুদ্ধে বন্দিদিগকে তিনি শ্বহন্তে তরবারির আঘাতে নিহত করিয়া
আনন্দ উপভোগ করিতে লাগিলেন।

অবলেষে স্বীয় দৈলগণকে শত্রুগণের সহিত সমুথ যুদ্ধ করিবার উপযুক্ত

মনে করিয়া, সোলতান মোজাফ্ফর তাঁহার সম্দর সৈপ্তসহ নগরের বাহিরে আসিয়া, সৈয়দ হোসেনকে আক্রমণ করিলেন। তথন নগর প্রান্তে যে যোরতর যুদ্ধ বাধিয়া গেল, তাহাতে নিষ্ঠ্রাবতার মোজাফ্ফর রণক্ষেত্রে নিহত হইলেন। গৌড় প্রান্তর ফ্রির সিক্ত কর্দ্ধমে ও অন্যন ২৬০০০ সহস্র যোদ্ধার মৃতদেহে এক অতি বীভৎস আকার ধারণ করিল।

সপ্তম সর্গ

হোসায়েন সাহি বংশ

रेमग्रम जानाजिकीन रहामारमन मार

অত্যাচারী মোজাক্ফারের নিধনের পর সোলতান আলাউদ্দীন ১৪৯৯ খুষ্টাব্দে গোড়ের সিংহাসনে আরোহণ করিলেন।

এই মকা নিবাদী দক্ষণজাত প্রসিদ্ধ দৈয়দ হোসায়েন, সামাস্থ্যবস্থার বাদলার আসিরা ক্রমে প্রধান মন্ত্রীর পদে উন্নীত হইরা ছিলেন; এবং মোজাক্ষর সাহের বধের পর সর্বসাধারণের ইচ্ছামতে বাদলার সিংহাসন গ্রহণ করিয়াছিলেন।

হোসায়েন সাহ্ প্রথমেই অবিদীনীয়গণকে রাজ্য হইতে বিতাজিত করিবার উপার উদ্ভাবন করিতে লাগিলেন। প্রথমতঃ তিনি সমস্ত হাব্দীগণকে তাঁহার সেনাদল হইতে বরখান্ত করিলেন। তাহারা অক্স কোথায়ও স্থান না পাইরা শেবে গুজরাট ওু দাক্ষিণাত্যে যাইতে বাধ্য হইল ও তথায় সিদ্ধি নামে পরিচিত হইতে লাগিল।

আলাউদ্দীন গুণীর আদর করিতেন। তিনি অনেক সহংশব্দাত কর্মদক্ষ ব্যক্তিকে, হিন্দু-মোসল্মান্ নির্বিশেষে রাজ্যের প্রধান প্রধান কার্য্যে
নিযুক্ত করিয়া সর্বসাধারণের প্রিয়পাত্র হইয়া উঠিয়াছিলেন।

অতঃপর তাঁহার দেশ জয়ের স্পৃহা বলবতী, হইরা উঠিল। তথন তিনি প্রভূত দৈক্ত সংগ্রহ করিয়া আসাম ও কামরূপ অভিযান করিলেন। মচিরে উক্ত প্রদেশধন্মের হিন্দু রাজাগণকে যুদ্ধে সম্পূর্ণরূপে পরাস্থ করিয়া, তিনি স্বীয় পুত্রকে বিজীত প্রদেশের শাসনকর্তা নিযুক্ত করিয়া রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিলেন। "

জৌনপুরের রাজা সাহ্ হোসেন, দিলীশ্বর সম্রাট সেকেন্দার সাহের সৈক্তগণের নিকট পরাভূত হইয়া বাললায় আসিয়া, সোল্ডান আলাউদ্দীনের আশ্রম প্রার্থী ইইলেন। সোল্ডান তাঁহার উপযুক্ত রুদ্ধি নির্দারণ করিয়া দিয়া, তাঁহাকে অতি সম্মানের সহিত তাঁহার জীবনান্তকাল পর্যান্ত নিজ রাজ্যে আশ্রম দিয়াছিলেন। উক্ত রাজার সমাধি এখনও পর্যান্ত গৌডের প্রান্তভাগে বিভ্যমান আছে।

১৪৯৯ খৃষ্টাব্দে সম্রাট সেকেন্দার লোদি বেহার জয় করিয়া বঙ্গদেশ আক্রমণ করেন; কিছু তোগ্লক্পুর পর্যান্ত পৌছিয়া অবগত হঁইয়াছিলেন যে—বঙ্গের-পুত্র কুমার দানিয়েল্, সন্ধির জক্ত তাঁহার পিতা কভ্ক প্রেরিভ হইয়া, সম্রাটের নিকট আগমন করিতেছেন।

সমাট স্বভাবতই শান্তিপ্রির ছিলেন। সে কারণ আর অগ্রসর না হইয়া, তুইজন ভক্র বংশীয় রাজ দৃতকে কুমারের উদ্দেশে পাঠাইয়া দিলেন। তৎপরে পূর্ব ক্ষমতা প্রাপ্ত উভয় পক্ষীয় রাজদৃত, পাটনা জেলাছ বাড় নগরে মিলিত হইয়া অল্প দিনের মধ্যেই এই সন্ধি সর্প্তে সন্মত হইলেন বে—দিল্লীশ্বর আর বাঙ্গলাং আক্রমণ করিবেন না, এবং বেহার তির্হুঙ্গু সারণ প্রভৃতি যে সমন্ত জেলা ইতি পূর্বে জৌনপুর রাজ্যের অন্তর্গত ছিল ও বাহা এক্ষণে সম্রাটের অধিকারে আছে উহা দিল্লীশ্বরেরই থাকিবে; উহার কোন অংশ বঙ্গেশ্বর তাঁহার নিজের বা আল্রিভ জৌনপুর রাজার জক্ত দাবি করিতে পারিবেন না। বঙ্গেশ্বর ও দিল্লীশ্বর, অতংপর কেছ কাহারও শক্রর সহ মিলিত হইয়া কাহারও বিপক্ষতাচরণ করিবেন না।

সন্ধি পত্র স্বাক্ষরের পর হইতে ১৫২০ গৃষ্টান্ত পর্যান্ত সোল্তান হোসায়েন সাহ নিবিববাদে রাজত্ব করিয়াছিলেন।

এই কোদায়েন দাহের রাজত্ব কালে নবছীপে জগন্নাথ নিভার পুত্র, বৈঞ্বগণের ধর্মগুরু (নিমাই) চৈতক্ত দেবের প্রেমে, বলীয় হিন্দু নর-নারী উন্মন্ত হইয়া উঠিয়াছিলেন। অনেকে তাহাদের চিয়াভাস্থ মংস্থা মাংদ পরিভ্যাগ করিয়া বিষ্ণু-প্রেমে মাতিয়া, এই দীর্ঘকার গৌরবর্ণ সন্ম্যাদীর পশ্চাৎ পশ্চাৎ নাচিয়া গাহিয়া বেডাইতে লাগিলেন।

চতুবিবংশতী বৎসর বয়ক্রম কাল পর্যন্ত চৈত্রদেব সংসারী ছিলেন; এবং প্রথমা স্ত্রী লক্ষ্মীদেবীর সর্পাঘাতে মৃত্যুর পর তিনি দিতীর বার দারপরিগ্রহ করেন। তাঁতার এই পত্নীর নাম ছিল বিষ্ণুপ্রিরা। এই সহধ্যমিনীকে পরিত্যাগ করিয়া তৎকালের বিশ্বস্তর মিশ্র (চৈত্রু) ১৫০৯ খুষ্টাব্দে কাটোয়ায় গিয়া, কেশব ভারতীর নিকট সন্ন্যাস ধর্মে দীক্ষিত হইয়া, প্রীক্রম্ফ চৈত্রন্থ নাম গ্রহণ করিলেন। তৎপরে চৈত্রন্থদেব প্রক্রেমে (প্রী) গিয়া, বিস্তর নগরবাসীকে বৈক্ষব ধর্মে দীক্ষিত করিলেন। ক্রমে তথা হইতে দক্ষিণাপথ ভ্রমণের পর বরাবর উত্তরাভিম্থে গমন করিয়া, প্রীক্রম্ভের সাধের হারকা নগর প্রভতি বেড়াইয়া, বঙ্গের রাজধানী গৌড়ে উপস্থিত হ'ন।

এই সময় গোড়েশ্বর সোল্তান আলাউদীন হোসায়েন সাহ, একদিন প্রাসাদের ছাদ হইতে গঙ্গার শোভা দেখিতেছিলেন। এমন সময় দেখিতে পাইলেন যে—অনেক লোক দল বাঁধিয়া নাঞ্চিতে নাচিতে ও তারম্বরে গাহিতে গাহিতে একজন সন্ন্যাসীর পশ্চাৎ পশ্চাৎ গঙ্গা তীরম্থ পথাবলম্বনে অগ্রসর হইতেছে। এই অবস্থা দর্শনে সোল্তানের সন্ন্যাসীর প্রতি ভক্তির উল্লেক হওয়ায়, তিনি সহর কোতওয়াল্কে ডাকিয়া বলিয়া দিলেন যে—সন্ন্যাসীর প্রতি যেন কোন অত্যাচার না হয়; তিনি যথেছা নগর মধ্যে ভ্রমণ করিতে পারিবেন।

তৈতক্তদেব জীবনের শেষকাল জগন্নাথ ক্ষেত্রেই বাপন করিয়াছিলেন। সোল্তান হোলারেন লাতের যেমন রাজ্য বৃদ্ধির দিকে দৃষ্টি ছিল, তজ্ঞপ রাজ্যের উন্নতির দিকেও তাঁহার তীক্ষ্ণ দৃষ্টি ছিল। ইংহার রাজত্ব কালে বাঙ্গলার বিভিন্ন স্থানে বহু প্রকাণ্ড প্রকাণ্ড জলাশ্য থনন, পাস্থালা নির্দাণ ও বড় বড় রাস্থা প্রস্তুত হইরাছিল। গৌড়ের বিশাল সাগর-দিঘী, সৈম্বদ আলাউদ্দীন হোলারেন সাহের এক অভ্ত কীর্ত্তি। মানব হস্ত খোদিত এই অপূর্ব্ব জলাশ্যের তুলনা জগতে বিরল। গভীরতা, পরিচ্ছন্নতা এবং জলের স্বন্থতার, সাগরদিহির স্থান এখনও পর্যান্ত কোন বৃহদারতন নৈস্থিক হ্রনের নিমন্ত্রের নহে। গৌড়ের অপর স্থনাত্ত স্বচ্ছ-সলিলা বৃহদায়তন পিরাস্-ওয়ারী দিঘী, সাগরের পূর্বে কাটান হইয়াছিল। হোলায়েন সাহ্ গৌড় হইতে জগন্নাথ ধাম পর্যান্ত স্থপ্রস্তু রাজবন্ম নির্দ্ধাণ করেন; এবং এই পথের পার্যে দূরে দূরে অনেক প্রকাণ্ড প্রকাণ্ড দীর্ঘিকা থনন করাইয়াছিলেন।

সোল্তান শান্তির সহিত প্রজামগুলী ও সর্বাদার্যার প্রিয় পাত্র হইয়া ২৩ বৎসর স্থাসন করার পর ১৫২০ খৃষ্টাব্দে তাঁচার প্রিয় লক্ষণাবতী নগরে দেহ রক্ষা করিলেন!

নাদের্ উদ্দীন আবুল মোজাফ্ফর নস্রৎ সাহ্

পিতার মৃত্যুর পর ভাষার অষ্টাদশ পুত্রের মধ্যে সর্বজ্যেষ্ঠ নসরৎ সাহ, আবুল নোজাফ্ ফর নাম ধারণে পিতৃ সিংহাসনে আরোহণ করিলেন। নসরৎ অভিশন্ত দরালু প্রকৃতির লোক ছিলেন। সিংহাসনারোহণের পরই তিনি ল্রাতাগণের পিতৃ নির্দ্ধারিত বৃত্তি বিশুণিত করিয়া দিলেন।

এই সময় প্রসিদ্ধ মোগল সম্রাট বাবরের ভারত আক্রমণে, মোগল পাঠানে যুদ্ধ বাধিয়া ধার। বলেশ্বর এই স্থযোগ পাইয়া দিলীশ্বর সেকেন্দার লোদির সহিত পিতৃ সবি লজ্মন পূর্বক ত্রিহ্নত রাজ্য আক্রমণ করিয়া তথাকার রাজার প্রাণ নাশ করেন, এবং তাহার রাজ্য অধিকার করিয়া স্থীর জগ্নীপতি আলাউদ্দীনকে ঐ রাজ্য প্রদান করেন। তৎপরে সোল্তান, হাজীপুর অধিকার পূর্বক অপর পিতৃ-জামাতা সেনাপতি মধ্তম আলমের প্রতি ঐ রাজ্যভার স্কন্ত করেন। পরে তথা হইতে গঙ্গা পার হইরা মূজের তুর্গ অধিকার করিয়া, সেনাপতি কোতব খানকে মুজেরের শাসনকর্তা নিযুক্ত করিলেন।

১৫২৬ খুটাবে বিখ্যাত পানিপথের যুদ্ধে মোগল বীর মহাপরাক্রান্ত বাবর, দিল্লীবর এবরাহিম লোদীকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া, দিল্লীর সিংহাসন অধিকার করিলেন। পাঠান রাজত্বের এই সমূহ বিপদের সময় বহুসংখ্যক ওম্রাহ্, এমন কি সমাট এবয়াহিম লোদীর সহোদর মাহ্মৃদ লোদী পর্যান্ত বন্ধদেশে আসিয়া গোড়েশবের আশ্রেয় গ্রহণ করিয়াছিলেন। সেল্তান নসরৎ সকলেরই পদোপযুক্ত বৃত্তি নির্দ্ধারিত করিয়া দিয়াছিলেন।

এই সময়ে দিলীশ্বর এবরাহিন লোদীর একটী বরস্থা কলা, খুলতাত মাহম্দের সহিত গৌড়ে আসিরাছিল। মাহম্দ লোদী, ঐ সমাট-নন্দিনীকে সোল্তানের করে সমর্পন করিরাছিলেন। এই রাজকীয় বিবাহে গৌড় নগরে কিয়দ্দিবস সমারোহের পরাকাষ্ঠা হইরাছিল।

১৫২৯ খুট্টাব্দে মাঁহ মুদ লোদী অনেক বলীয় ও আফ্ গান সেনা সংগ্রহ করিয়া পৈতৃক সম্রাজ্য অধিকারের চেট্টা করিয়াছিলেন। স্মাট বাবরও সেই সমর আগ্রা পরিত্যাগে ক্রমশঃ পূর্ব দিকে অগ্রসর হইতে লাগিলেন। গলাতীরে ভিদেরির নিকটে উভর সৈক্ষের সাক্ষাৎ হইল। মোগল সেনাগণের অসীম ক্রমভা, বিশেষভঃ মোগল অখারোহীগণের গুর্দ্ধি আক্রমণের ফ্লাফল চিন্তা করিয়া, তাহারা গলা পার হইতে থাকা কালেই, বলীর

সেনাগণ পলায়ন করিতে আরম্ভ করিল ও সোন নদী উত্তীর্ণ না হওয়া পর্যান্ত মাহুমুদ লোদীর সেনাগণ আর পশ্চাৎ দিকে ফিরিল না।

সোলতান নস্রৎ সাহ বন্ধীয় সেনাগণের এই অবস্থা শ্রবণে স্মাটের নিকট বহু উপটোকন প্রেরণ করিয়া সন্ধির প্রভাব করিলেন। সোন ও গলার সন্ধান মূনীর নগরে সন্ধি পত্র সাক্ষরিত হইল। এই সন্ধির প্রধান সর্ত্ হইল যে—বলেশ্বর অভঃপর মাহ্মুদ লোদীকে আর কোন সাহায্য করিবেন না।

৯৩৭ হি: ১৫৩ খুষ্টান্দে বাদশাহ্ জহীর-উদ্দীন মোহাম্দ বাবের,
আগ্রায় মৃত্যমুখে পতিত হইলেন।

স্থাটের মৃত্যুর পর পাঠানগণ আর একবার স্থাট পুত্র ত্মার্নের বিক্লকে অন্ত ধারণ করিয়াছিল। মাহ্মুদ এইবার সৈন্য সংগ্রহ করিয়া ক্ষোনপুরের মোগল শাসনকর্তা জোনারেদ বারলান্কে পরাভ্ত করিয়া তাঁহার রাজ্য হন্তগত করিলেন। অপর দিক হইতে গুর্জার রাজ সোণতান বাহাছর, ক্রমশঃ দেশ জয় করিতে করিতে মিন্দু হর্গ অধিকারের পর চন্তা-রিংশ সহস্ত সৈক্ত লইয়া অগ্রার প্রাক্তভাগ পর্যাক্ত অগ্রসর হইয়াছিলেন।

শেষ জীবনে সোল্তান নসরৎ শাত্ হঠাথ পরিবর্ত্তিত হইরা বড়ই অত্যাচারী হইরা পড়িরাছিলেন। তিনি এই সমরে সাধারণের দারুণ অসম্ভোষভাজন হইরা পড়ার, একদিন গৌড়ে তাঁহার পিতৃ সমাধি দর্শনাম্বে প্রত্যাবর্ত্তন করিতে থাকা কালে, সমভিব্যাহারী একজন হাব্দী তাঁহাকে হত্যা করে। (১৫৩০ খুঃ ৯৪০ হিজরী)।

নসরৎ শাহ্ গৌড় নগরে বিখ্যাত স্থবর্ণ মস্জিদ নির্মাণ করেন; এবং রাজপ্রাসাদ সহলিত ছুর্গাভান্তরে স্থপবিত্র কদম্-রস্থল রক্ষা করিষা, ভাহার উপর সৌধ নির্মাণ করিয়াছিলেন। এই কদম্-রস্থল সৌধাভান্তরে যে পরম পবিত্র মহাপুরুষ হজরত মোহাম্মদ (দঃ) এর পদচিহ্ন অফিত একথণ্ড প্রথম রক্ষিত হইরাছিল, তাহা ইতিপুর্ফো শাহ্ জালাল নামক একজন সাধু পুক্ষ আরব দেশ হইতে অতি বড়ের সহিত পাঞ্মার আনমন করেন। তৎপরে সোল্ডান হোসায়েন শাহ্ উচা এক-খানি মণি-মাণিক্য-খচিত বস্তাবৃত করিয়া গৌড়ে আনমন করিয়াছিলেন।

গেয়াস-উদীন মাহ্মুদ শাহ্

নস্রতের প্রতা তৃতীর মাহ মৃদ শাষ্ট্ ১৫০০ খুষ্টাবেদ গোরাস-উদ্দীন
নাম ধারণে বব্দের সিংগাসনে আবোগণ করিলেন। প্রথমেট তিনি
প্রাতৃপ্ত আলাউদ্দীন ফিরোজ শাহ্কে নিহত করিয়া তাঁহার পথ নিস্কটক
করেন। তাঁহার এই নিষ্ঠর আচরণে বিরক্ত হইয়া তাঁহার ভগ্নীপতি
হাজিপুরের শাসনকর্জা মথ্ড্ম-আলম্ তাঁহার বিক্রের বিদ্রোচের শতাকা
উদ্দীন করিয়া, প্রাসদ্ধ বীর সের আক্ গানের সহিত স্থাতা সংস্থাপন
করিলেন। শোর আক্ গান স্বর, সেই সময় বেহারের শাসনকর্জা মাহ্মুদ
লোহানির নাবালক পুত্র জ্লোল লোহানির অভিভাবক নিষ্ক্ত ছিলেন।
এই শের আফগান স্বর পরে ভারত স্মাট হুমায়্নকে বিতাড়িত করিয়া
দিল্লীর সিংহাসন অধিকার করিয়াছিলেন।

মাহ্মুদ শাহ্ তাঁহার অধীনস্থ মুঙ্গেরের শাদনকর্তা কোতব থানকে বেহার আক্রমণ করিতে অন্ধরোধ করিলেন। তেই সমর শের শাহ্ পুর সন্ধির প্রভাব করা সত্ত্বেও কোতব, তাঁহার অধীনস্থ বন্ধীর সেনাগনকে শেরের মৃষ্টিমের আফ্গান সেনা অপেকা সর্বপ্রকারে ক্রমতাশালী বিবেচনা করিয়া, সন্ধির প্রভাবে অসমত হইরা যুদ্ধে অবতীর্ণ হইলেন। উভর পক্ষে ঘোরতর যুদ্ধ বাধিয়া গেল। ইতিমধ্যে কোতব থান তীর দিদ্ধ হইরা হন্তী পৃষ্ঠ হইতে পড়িয়া গিয়া মৃত্যুমুণে পতিত হণ্ডয়ার, তাঁহার সৈক্রগণ নারক বিহীন হইয়া রণক্ষেত্র পরিত্যাগে পলারন করিতে লাগিল।

এই যুদ্ধের ফলে বহু যুদ্ধোপকরণ ও বিশুর রণহন্তী শেরের হন্তগত হইয়াছিল।

বক্ষের এই পরাভবে অপমানিত হইরা, বিশুর সৈক্ত সংগ্রহ করির।
কোতব পুত এব্রাহিন থানকে শের শাহ্ স্রের বিক্তমে প্রেরণ করিবার
বন্দোবস্ত করিতে রহিলেন। এমন সমন্ন দৈবনির্বন্ধন বশতঃ বেহারের
বালক শাসনকর্তা জালাল-উদ্দীন, স্বীয় অভিভাবক শের শাহের ব্যবহারে
উত্যক্ত হইরা, অনেক অন্তর সহ আসিয়া বঙ্গেরের আশ্রম গ্রহণ করায়,
মাহ্মৃদ শাহ্ এই তুর্দান্ত আফ্ গানের বিক্তমে অভিযানের যথেষ্ট উপকরণ
পাইয়া বসিলেন।

শের অবস্থা দেখিয়া বেহার তুর্গাভ্যস্তরে আশ্রয় গ্রহণ করিলেন। তুর্গ প্রাকার বথেষ্ট প্রশন্ত হইলেও উহা সামান্ত মৃত্তিকা নির্মিত থাকার, বাকালী সেনাগণের ঐ তুর্গ সহজে অধিকার করিবার আশা হইতেছিল। তাহারা সেনাপতির আদেশ ক্রমে তুর্গের চতুর্দ্দিক অবরোধ করিয়া রঙ্গিল। কিছুদিন অবরোধের পর সেনাপতি এবরাহিম, বক্ষেরের নিকট আরও সৈত্ত চাহিয়া পাঠাইলেন। কিছু ঐ সহকারী নরবল পৌছিবার পূর্বেই শের, তাঁহার তর্দ্ধর্ব অল্প সংথক আফ্রান সৈত্ত লইয়া তুর্গ মধ্যে হইতে বাহির হইলেন ও প্রচণ্ড বেগে বাকালী সেনাগণের উপর পতিত হইয়া, অত্যল্পকাল মধ্যে তাহাদের সেনাপতিকে হত্যা করিলেন; এবং সমন্ত বাকালী পন্টনকে জালাল উদ্দীন সহ বেহার হইতে বিতাড়িত করিয়া দিলেন। জালাল পুনরায় গৌড়ে আসিয়া সোল্তানের আশ্রম লইলেন। (১৫০৫ খৃষ্টাব্দ)

এই যুদ্ধাবসান হইতেই বলেশবের সিংহাসন টলিতে লাগিল। পর বৎসর ছিঃ ১৪৩ সনে, শের চুনারের প্রাসিদ্ধ পার্বতীয় তুর্গ অধিকার করিয়া সদৈক্তে বলদেশাভিম্থে ধাবিত হইলেন। রাজমহল ও সাহেব গঞ্জের নিক্টবর্ত্তী তেলিয়াগভি ও শিক্রিগলির গিরিবর্ত্তিয় অভিক্রেম করিবার সময় আফ্গান সেনাগণকে একটু বেগ পাইতে হইরাছিল।
অবশেষে তথার বাঙ্গালী সেনাগণকে পরাজিত করিয়া, শের বাঙ্গালার
প্রবেশ করিলেন। সোলতান মাহ্মৃদ যুদ্ধে পরাজিত হইয়া রাজধানী
গৌড়ের তুর্গে আশ্রম লইলেন এবং দিল্লীখর তুমায়ুনের নিক্ট সাহাষ্য
প্রার্থনা করিয়া দৃত প্রেরণ করিলেন। এই সময় সম্রাট তুমায়ুন বেহারে
উপস্থিত থাকিয়া, চনারত্ব্য অধিকারের চেষ্টায় নিমুক্ত ছিলেন।

শেরশাহ স্থার পুত্র জালাল ও সেনাপতি খওয়াস্থান্কে গৌড়ে রাথিয়া বেহার গমন করিলেন। অচিরে তুর্গ মধ্যে থাত ক্রব্যের অভাব হওয়ায়, গোল্তান মাহ্মুদ অফ্চর সহ নৌকাষোগে পলায়ন করিয়া হাজীপুরে পৌছিলেন। লক্ষণাবতী আফ্গানদিগের হত্যত হইল। তাহারা তুর্গ প্রবেশে মাহ মুদের তুই পুত্রকে বন্দি করিয়া, শেষে তাহাদিগকে হত্যা করিল্।

এদিকে বেহারের পথে আফগান সেনাগণ সোলতান মাহ্ম্দের
অন্ধরণ করিতে থাকার, তাঁহাকে বাধ্য হইরা আফ্গানগণের বিরুদ্দে
অন্ধারণ করিতে হইল। এই খণ্ডযুদ্দে সোল্তান সামাস্ত আহত হইরাছিলেন। অবশেষে অভিকটে, সম্রাট হুমার্নের চুনার হুর্গ অবরোধ
করিরা থাকাবস্থার, সোল্তান তাঁহার নিক্ট পৌছিলেন।

সমাট, বঙ্গেশ্বরের মুখে সমস্ত বিবরণ অবগত হইয়া, চুনার অধিকারের পরই বাঙ্গালায় স্লাসিয়া মাত্মুদকে তাঁহার হারাণ সিংহাসনে পুনঃ প্রতিষ্ঠিত করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইলেন।

১৪৫ হিজরীর প্রারম্ভে চুনার তুর্গ অধিকার করিয়া স্মাট, বাঙ্গালার দিকে অগ্রসর হইতে লাগিলেন। সম্রাট যথন শুনিতে পাইলেন যে— আফ্গানগণ তেলিয়াগড়ি ও শিক্রিগলির গিরিপথ অবরোধ করিয়া, বঙ্গে প্রবেশের প্রধান রাভা তুইটা বন্ধ করিয়া দিতেছে, তথন তিনি উহাদিগকে হুটাইয়া দিবার জন্ত সৈক্তাধাক জাহাজির কুলি বেগ্রুকে প্রেরণ করিলেন।

শের আফ্ গান স্ব-পুত্র জালালের সহিত জাঁহালির কুলির খোরতর যুদ্ধ বাধিয়া গেল। অবশেষে জাহালির বিন্তর সেনাক্ষয় করিয়া ও শ্বয়ং যুদ্ধ ক্ষেত্রে আহত হইয়া, সমুটি সমীপে প্রভ্যাবর্ত্তন করিতে বাধ্য হইলেন।

এইবার সমাট তাঁহার সমস্ত বাহিনী লইয়া জালাল্কে আক্রমণ করিলেন। জালাল পশ্চাৎপদ হইয়া ক্রমে গোড়ে গিয়া, পিতার সহিত মিলিত হইল। তথন বিতাড়িত সোলতান মাহ মৃদ, মোগল সৈত্তের সহিত আবার বাঙ্গালায় আদিবার জন্ম পূর্ক মৃথে অগ্রসর হইতেছিলেন, কিন্তু কাহাল্ গাঁরে পৌছিয়া জালাল কর্তৃক তাঁহার পুত্রেরর নিধনবার্তা শ্রবণে মাহ মৃদ, শোকে মিরমান ও জীব হইয়া পথেই প্রাণত্যাগ করিলেন। (১৫৩৮ খুষ্টারা ৯৪৫ চিজরী)।

বাদশাহ্ হুমায়ুন

ভারত সমাট হুগারুন, বলদেশের ধার স্বরূপ প্রসিদ্ধ গিরিপথদ্ব অধিকার করিয়া ক্রমশং রাজধানী গৌড়ে আসিয়া পৌছিলেন। ইত্যবদরে চত্র চূড়ামনি শের সাচ্বজের রাজকোষের সম্দর অর্থ, ছর কোটির অধিক স্থানি সংগ্রহ করিয়া লইয়া স্বীয় সৈক্ত সমভিব্যাহারে ঝাড় থণ্ডের পার্কত্য পথ দিয়া, ভাঁহার জন্মহান সস্রামে গনন করিলেন ও তথার প্রভূত চাতুর্যা জাল বিস্তারে রোটাস্ তুর্গ অধিকার করিয়া, ভন্মধ্যে অবস্থান করিতে লাগিলেন।

হুনায়ন অনায়াসে রাজধানী লক্ষণাবতী অধিকার করিলেন। নগর-বাদীগণ সস্থানে ভাঁহাকে অভ্যর্থনা করিল। বাদশাহ গৌড়ের সৌন্দর্য্য দর্শনে প্রীত হুইয়া, রাজধানীর নাম "জেয়াত আবাদ" (স্থর্গ নগর) রাখিলেন । এই সময়ের সিকার বাদশাহের নামের সহিত জোয়াভাবাদ নাম দেখা গিয়া থাকে।

গোড় জয়ে সমাট ওতোধিক প্রীত হইরাছিলেন যে—তদবধি তিন মাদ

কাল তিনি আনন্দে বিভোৱ ইইয়া, অক্ত কোন কার্বোই হস্তক্ষেপ করেন নাই। ক্রনে বান্ধালার জল বায়ু মোগলদিগের অসহ ইইতে লাগিল ও দেখিতে দেখিতে অনেকেই পীড়িত ইইয়া পড়িলেন।

ইতিমধ্যে ২৫৩৯ খুষ্টাব্দে স্থাটের ভ্রান্তা বিদ্রোহী হইয়া উঠার বাদশাহ্
তমার্ন, জাহাপির-কুলি বেগকে বান্ধালার স্থবাদার নিযুক্ত করিয়া, এবং
দেনাপতি এবাহিম্কে পাঁচ হাজার উৎকৃষ্ট অহারোহী সহ স্থবাদারের সহকারিতার রাখিয়া, আগ্রার অভিম্থে যাত্রা করিলেন। সমাট অতি কটে
বর্গার ভরাগন্ধা সদৈক্ষে পার হইয়া গেলেন। এই সময় শের আফ্গান প্নবায় বন্ধ সিংহাসন লাভের আশায়, রোটাস্ তুর্গ হইতে বহির্গত হইয়া কর্মন
নাশা নদার তীরে চৌধার নামক স্থানে সম্রাট সেনার গতিরোধ করিলেন।

এই স্থানে তিন মাদ কাল বাবৎ অবস্থান করিতে বাধ্য হইরা, মোগল সেনাগণকে বড়ই বিপম হইতে হরমাছিল। জ্বর পীড়ার তাহাদের মধ্যে অনেকে মৃত্যুম্থে পতিত হইতে লাগিল। শেষে শের সাহের গুরু দর্বেশ খলিল্ বাদশাহের নিকট আদিরা সন্ধির প্রশুবি করার, সম্রাট অগত্যা স্কির প্রশুবে বাধ্য হইলেন।

চতুর শের শাহ্পবিত্র কোব-আন্ স্পর্শে সমাটের অধীনত্ব বাঙ্গালার স্থালার হইরা থাকিবেন ও সমাটের গমনে বাধা প্রদান করিবেন না স্বীকার করিয়া, সেই রন্ধনীতেই অক্সাৎ মোগল বৈদ্যের উপর আপতিত হইয়া অভর্কিত আক্রমণে সমাট সেনাগণকে সম্পূর্ণরূপে পরাজিত করিলেন।

সমাট হুমায়ুন কতকগুলি অশ্বারোহী সেনা সহ গলা পার হইতে গিয়া গলাগর্ভে নিমজ্জিত হইতেছিলেন, এনন সময় একজন জলবাহী ভিন্তি ভাহার চশ্মনশক বায়ুপূর্ণ করিয়া ভৎসাহায্যে অভি কটে সমটিকে পার করিয়া দিয়া তাঁহার প্রাণ রক্ষা করিল। হুমায়ুনের প্রায় আট হাজার অশ্বারোহী উৎক্লট মোগল সৈক্ত গলাগর্ভে প্রাণ হারাইল।

অফ্টম সূৰ্গ

স্থুর বংশ

ফরিদ্ উদ্দীন আবুল মোজাফ্ ফর শের শাহ

এই স্থানে এই ভারত বিজয়ী মহাযোদ্ধা শের শাহের একটু পূর্ক ইতিহাস দেওয়া আবিশ্রক।

বাল্যকালে এই আফ্গান যোদার নাম ছিল ফরিদ্। ইহার পিতার নাম ছোনেন শাহ্সর ও পিতামহের নাম এবাহিম স্বর।

শের শাহ্ ছল-চাতুর্য্যে, পরবর্তী মহারাষ্ট্রীয় যোদ্ধা শিবাঞ্জীর সম্পূর্ণ-রূপে সমকক্ষ না হইতে পারিলেও, শৌর্য্য বীর্য্যে ও রাজনীতিক্ষেত্রে তিনি যে শিবাজী অপেক্ষা বহু উন্নত ছিলেন, এ কথা সকল ঐতিহাসিককেই স্বীকার করিতে হইবে।

এবাহিম সুর, সম্রাট বহলুল্ লোদীর সময়ে আফগানিস্থানের পার্কত্য উপত্যকা হইতে আসিয়া, দিল্লীতে সমাট সৈক্ত মধ্যে প্রতেশাধিকার প্রাপ্ত হ'ন। তৎপরে সম্রাট পুত্র সেকেন্দার লোদীর রাজত্ব কালে, আমীর জামাল জৌনপুরের শাসনকর্ত্তা নিযুক্ত হইলে, তিনি এবাহিম-পুত্র হোসেন শাহ্ স্বরকে সঙ্গে লইয়া আসিয়াছিলেন ও যুবক হোসেনের গুণগ্রাহী হইয়া শাসনকর্ত্তা,জামাল, অল্লদিন মধ্যে তাঁহাকে সস্রাম ও টোগুা জেলাছয়ের জায়গীরদার নিযুক্ত করিলেন, এবং রাজকরের পরিবর্ত্তে তাঁহাকে পাচ শত অস্থারোটী সেনা প্রতিপালন করিবার অত্মতি দিলেন। এই সময় হোসেনশাহের পুত্র ফরিদ্ শাহ্ স্তর পিতার নিকট হইতে জোনপুরে গিয়া, তথাকার শাসনকর্তা জামালের পন্টনে ভর্ত্তি হইলেন। পিতা বিভাভ্যাসের জক্ত ফরিদ্কে অনেকবার পত্র লিথিয়া আহ্বান করা সত্ত্বেও ফরিদ্, কোন মতে জৌনপুর ছাড়িয়া আসিতে সন্মত হইলেন না। জৌনপুরে থাকিয়া ফরিদ্ ফার্সী ভাষা উত্তম রূপে শিক্ষা করিয়াছিলেন। সঙ্গে কাব্য ও ইতিহাসে তাঁহার বিশেষ ব্যৎপত্তি জন্মিয়াছিল।

চতুর্থ বৎসরে হোসেন স্বরং জৌনপুরে আসিরা তাঁহার এই জ্যেষ্ঠ পুত্র ফরিদ্ প্ররের উপর স্বীয় ভারগীরের ভারার্পণ করার, অগত্যা তিনি জৌনপুর পরিত্যাগ করিরা সদ্বামে আসিতে বাংয় হইলেন ও তথার প্রবিচার ও সঙ্গে সঙ্গে হৃষ্টের দমন দারা অল্পকাল মধ্যেই সকলের প্রিন্নপাত্র হুইরা উঠিলেন। এই সময় কিছু দিনের মধ্যে বিমাতার চক্রাজ্বে পড়িরা ফরিদ ও তাঁহার সহোদর নেজাম প্রবেক সদ্রাম পরিত্যাগ করিরা আগ্রায় যাইতে হইরাছিল।

আগ্রায় পৌছিয়া ভ্রাতাদর সমাট এবাহিম লোদীর এক জন প্রধান ওমরাহ্ দওলং থানের নিটক চাকুরীতে ভর্ত্তি হইলেন। ফরিদ শ্বর স্থীর অসাধারণ বৃদ্ধি ও তৎসঙ্গে তাঁহার দৈহিক ক্ষমতা প্রদর্শন দারা উক্ত ওম্রাহের এতদ্র প্রিয়পাত্র হইয়া পড়িলেন যে—তাঁহার শিতার মৃত্যুর পর দওলং থান সম্রাটকে অসুরোধ করিয়া তাঁহার পিছ জায়গীর ফরিদ শ্বরকে অর্পণ করিতে সক্ষম হইয়াছিলেন। এই সময়ে মোগল-বীর-শার্দ্ধ্ ল বাবর পাণিপথের যুদ্ধে এবাহিম লোদীকে পরাজিত ও নিহত করিয়া দিল্লীর পাঠান সিংহাসন অধিকার করায়, সমস্ত দেশ বিশুভাল হইয়া পড়িল।

করিদ বেহারাধিপতি সোলতান মোহাক্সদের নিকট আঞ্রর লইলেন। একদা সোলতানের সহিত মুগরার বাহির হইরা করিদ একটা বৃহদাকার ব্যাদ্রকে আক্রমণ করিয়া সোলতান সমক্ষে উক্ত শার্দ্ধলটিকে তরবারির আঘাতে বধ করার, তাঁহার এই অসীন সাহসিকতার ও ক্ষিপ্রকারিতার প্রকার স্বরূপ সোলতান মোহাত্মদ, ফরিদ শাহ স্বরকে "শের থান" উপাধিতে ভূষিত করিলেন। ক্রমে শের থান সোলতানের অধিকতর প্রিরূপাত্র হইরা তাঁহার পুত্র জালালের রফক ও শিক্ষক নিযুক্ত হইলেন।

১৫০০ খুটানে সোলতান মোহাম্মনের মৃত্যুর পর তাঁহার অপ্রাপ্ত-বরষ্ক পুত্র জালাল, বেহারের সিংহাসনে আরোহণ করেন। এই সময় শের শাহ সর ঐ অল্পবর্ষ সোলতানের অভিভাবক নিযুক্ত ছিলেন। তৎপরে যে প্রকারে সমস্ত বেহার প্রদেশ শের শাচের হস্তগত হইল তাহা পূক্ষ অধ্যারে ব্রিত হইরাছে।

১৫৩৯ খৃঃ, ভিন্নরী ১৪৬ সালে শের শাহ, সমাট, ত্নায়ুনকে অক্যার-যুদ্ধে সম্পূর্ণরূপে ,পরান্ত করিয়া, তাঁহার প্রভাবন না করিয়া বঙ্গদেশে প্রত্যাবর্ত্তন করাই যুক্তিসঙ্গত বিবেচনা কারলেন, এবং বরাবর গৌড়ে আসিয়া পৌছিলেন। নগর ঘারে জাহাসির কুলি বেগ প্রথমতঃ শেবের গভিরোধ করিলেন বটে, কিন্তু পেরের অগণ্য ঘুর্দ্ধি আফগান সেনার নিকট জাহাস্পিরের সৈত্য অথিকক্ষণ ভিন্নিতে পারিল না। শের শাহ মুর্ব মচিরে নগর অথিকার করিলেন এবং পর দিবসই গৌড়ের সিংহাসনে আরোহণ পূর্বক বঙ্গ-বেহারের স্বাধীন রাজা বলিয়া খোষিত হইলেন।

তোহ্ফাতে আক্বরশাহী লেথক আব্বাস থান উল্লেখ করিয়াছেন যে—তিনি শের সাহের এক ওন সহকারী আল্-হারবৎ খানের মূথে শুনিরাছিলেন যে, সম্রাট ভ্যায়্নের সহিত যুদ্ধ জয়ের পর যথন সম্রাটমহিষী অন্তাক্ত ভক্ত মহিলাগণের সহিত পর্দার বাছিরে আসিলেন, তথন শের শাহের দৃষ্টি সেই দিকে পতিত হইল; অননি তিনি অহা হইতে অবতরণ করিয়া রমণীগণের প্রতি ্যথেষ্ট সম্মান প্রাদর্শনে তাঁছাদিগকে সান্ধনা দিয়াছিলেন। শের, সঙ্গে সঙ্গে তাঁহার সমস্ত সৈক্ত মধ্যে প্রচার করিয়া দিলেন বে— "বদি কেহ কোন মোগল রমণী, এমন কি তাঁহাদের কোন দাসী পর্যান্তও বন্দী করিয়া থাক, সত্তর তাহাদিগকে সম্মানের সহিত আনিয়া সমাজ্ঞীর নিকট পৌছাইয়া দাও।"

এইরপে করেক দিনের মধ্যেই তিনি সমন্ত মোগল রম্ণীগণকে, তাহাদের দাসীগণ সমভিব্যাহারে আগ্রায় পাঠাইরা দিয়া, খীয় মহত্ব ও উদারতার পরিচয় দিয়াছিলেন।

অতঃপর শের সাহের এই বিজয় বার্তা চতুর্দ্দিকে ঘোষিত হইতে লাগিল। এই সময় লাহোরের শাসনকর্তা আলি-ইসা থান থানে আজম; আজম্ ছমায়্ন সরওয়াণী, বাবিন লোদী, প্রভৃতি প্রধান প্রধান পাঠান সন্দারগণ একত্রে শের শাহকে ভারত সমাট বলিয়া ঘোষিত হইতে এবং মোগলগণকে ভারত হইতে বহিস্কৃত করিয়া সিদ্ধু পারে তাড়াইয়া দিবার জন্ম বিশেষ অন্ধরোধ করিতে লাগিলেন।

শেষে সমন্ত পাঠান সদার গণকে একত্রিত করিয়া শের শাহ সুর, স্বীয়
জন্ম তিথিতে ও তাঁহার ঠিক ভূমিষ্ট হুইবার লগ্নে সিংহাসনার্ক্ত হুইয়া
মন্তকে রাজ ছত্র ধারণ করিলেন; এবং "শাহ্ আলন্ শেরশাহ" নাম ধারণ
পূর্বক নিজ নামে থেৎবা পড়িতে ও মূলা চালাইতে জন্মতি দিলেন।
তৎপরে সাত দিবস ধরিয়া রাজধানীতে সমন্ত পাঠ্নেদিগের মধ্যে আমোদ
জাহলাদ ও নৃত্যু গীত চলিতে লাগিল।

শের শাহ ভঁমারুনকে বিতাজিত করিয়া তাঁহার পশ্চাদাবন করিতে করিতে কাল্লি ও কনোজ দেশ অধিকার করিলেন। এই সমন্ন তিনি সেনাপতি ইসা থানকে গুজরাট জয় করিবার জয়্ঞ ও স্বীয় পুত্র কোতব থানকে দিল্লী এবং আগ্রার দিকে গোলযোগ বাধাইয়া দিবার মানসে চান্দেরীর দিকে প্রেরণ করিলেন।

এই সংবাদ পাইয়া সম্রাট ল্মায়ুন তাঁহার ছই ভাতা, মির্জ্জা হিন্দেল ও

মির্জা আদ্কারিকে কোতবের দমনের জন্ত পাঠাইরা দিলেন। শের শাছ
মনে করিরাছিলেন, তাহার পুত্র কোতব থান চান্দেরীর দিকে গেলে
মালবের শাসনকর্ত্তা নিশ্চর শেরের নাম শুনিয়া কোতবকে সাহায্য
করিবেন। কিন্তু মালবরাজ সম্রাট ভাতাধ্যের আগমন বার্তা শ্রবণে
পাঠানগণের কোনই সাহায্য করিলেন না। সম্রাট ভাত্বর শেরশাহ
পুত্রকে সম্পূর্ণরূপে পরান্ত করিয়া হুমায়ুন সকাশে উপস্থিত হইলেন। এই
যুদ্ধে কোতব নিহত হইল।

শেরশাহ, পুত্রের মৃত্যু ও তৎসঙ্গে মান্দু (মালওরা) রাজা তাঁহাকে কোন সাহায্য করেন নাই অবগত হইয়া, একনিকে যেমন আন্তরিক শোক পাইলেন, অপর পক্ষে মালবরাজের উপর তেমনি রাগান্বিত হইলেন। এদিকে মোগল সৈক্তগণ এই বিভরে উলাসিত হইয়া, তাহাদের দল বৃদ্ধি করিতে লাগিল। হুমার্বুন এই বিশাল মোগল বাহিনী লইয়া হি: ১৪৬ সালের জিল্-কদ ১৫৪০ খুষ্টাব্দের এপ্রেল মাসে কনোজে আগমন করিলেন। গদার অপর তীরে শেরশাহও তাঁহার সৈক্ত সমাবেশ করিয়া অবস্থান করিতে ছিলেন। ইতিমধ্যে খাওয়াস্ খান সলৈকে শের শাহের সাহায্যে আসিতেছেন অবগত হইয়া, শের তাচ্ছিল্য ভাবে সম্রাট সমীপে দৃত হচ্ছে এই মর্ম্মে পত্র প্রেরণ করিলেন যে—

"আমি গঙ্গা তীরে আপনাস জন্ত অপেকা করিতেছি। আপনি ইচ্ছা করিলে গঙ্গা পার হইরা আসিরা আমার সহিত যুদ্ধ করিতে পারেন; বা আপনার অভিনত অবগত হইতে পারিলে; আমি নদী পার হইরা যাইরা আপনার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে প্রস্তুত আছি। আপনার অভিকৃতি ভাপন করিবেন।"

সমাট পত্র প্রাপ্তে শেবর দৃত প্রমূপাৎ প্রতি-উত্তর দিলেন যে—"শের

খানকে বলিও, তিনি গঙ্গা তীর হইতে করেক ক্রোশ হাটিয়া গেলে, আমিই গঙ্গা পার হইয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিব।*

শেরশাহ দৃত মৃথে এই সংবাদ পাইয়া তাঁহার সৈত লইয়া করেক ক্রোশ সরিয়া গেলেন। ইত্যবসরে সমাট নৈসেতু প্রস্তুত করিয়া গলা পার হইতে লাগিলেন। এই সময় শেরের জনৈক সৈত্রনাধ্যক্ষ, সমন্ত মোগল সেনার গলা পার হইবার পূর্বে তাহাদিগকে আক্রমণ করিবার জক্ত শের শাহকে বিস্তুর অক্সরোধ করায় প্রকৃত বীরসিংগু শেরশাহ উত্তর দিয়াছিলেন—

"সর্কা শক্তিমানের কুপার সমাট সৈক্তাপেক্ষা আমার সেনা বল কোন আংশে কম নহে। আমি প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া আব তঞ্চকতার আশ্রয় লইব না।"

তৎপরে শেরশাহ গড় থাত থনন দারা নিজের সেনার অবস্থিতি স্নদৃঢ় করিতে লাগিলেন। এমন সমর থাওয়াস্থান আসিয়া পৌছিল। সেই দিনই শের, সমাটের রসদ আনয়নকারী সৈম্প-গণকে আক্রমণ করিয়া থাত দ্রুব্য সহ ঝার তিন শত উদ্ভিও বহু সংখ্যক ভারবাহী বলদ স্বীয় শিবিরে ভাডাইয়া আনিতে কৃতকার্য্য হইলেন।

হিজারী ৯৪৭ সালের ১০ই মোহাররম তারিথে উভর পক্ষে প্রকৃত যুদ্ধ আরম্ভ হইল। শেরশাহ তাঁহার প্রকাণ্ড বাহিনীকে এইরূপে সাক্ষাইয়া ছিলেন:—

তাঁহার সৈত্তের মধ্যস্থলের পরিচালন ভার শের নিজ হতে লইলেন।
এই স্থানে হারবং থান, মদ্নদ আলি, ইসা থান, কোতব খান লোদী,
হাজী থান, বোলন্দ থান, সরমং থান, সারের খান এবং বিজ্লী থান
প্রভৃতি মহারথীগণ তাঁহার সহকারী থাকিলেন। সৈত্তের দক্ষিণাংশ
তাঁহার পুত্র জেলাল থান; তাজ খান, সোলায়মান থান কৈররাণী ও
জালাল থান জালোদ প্রভৃতিকে সঙ্গে লইয়া একা করিতে লাগিলেন।

বাম পার্ষে শের শাহের অপর পুত্র আদেল খান; কোতব খান ও হোসায়েন জাল ওয়ানী প্রভৃতিকে লইয়া রহিলেন।

যুদ্ধারক্তে পাঠান গণের দক্ষিণ বাত, নোগল নৈজগণ ভগ্ন করিতে সম্প্র ইইয়াছিল। তথাপি জেলাল খান শ্বরং ও তাঁহার অধীনত্ব আরও তিন জন বোদ্ধা রণে ভঙ্গ দেন নাই। এই অবস্তা দর্শনে শেরশার পুত্রের সাহায্যার্থে শ্বরং তথায় আসিবার উপক্রম করিতে ছিলেন, এমন সংগ্ন কোতব খান লোদী তাঁহাকে ফ্রিরাইয়া লইয়া গিয়া তাঁহার নিজ স্থানে থাকিতে বলিলেন ও বুঝাইয়া দিলেন বে—তিনি তাঁহার শ্বসান পরিত্যাগ্য করিলে তাঁহার সমস্ত সেনাগণ ভরোদ্ধম হইয়া পড়িবে।

তৎপরে শেরের অধীনস্থ পাঠানগণ, বীর হুহারে নোগল সেনাগণকে আক্রমণ করিয়া তাহাদিগকে ছত্তহুত্ব করিয়া দিল। এই যুদ্ধে সভাট হুমায়ুন অচল অটল পর্কতের হার রণক্ষেত্রে দণ্ডায়মান থাকিয়া, তাঁহার সেনাগণকে উৎসাহিত ও স্বরং বর্ণনাতীত সাহস ও বীরত্ব প্রদর্শন করিয়াছিলেন।

শেষে পাঠান হত্তে তাঁহার পরাত্ত থোদাতাআলার নির্দেশ সাব্যক্ত করিয়া, আগ্রার দিকে অখের মুথ কিরাইয়া দিলেন। (ভওয়ারিখে শেরশাহী।)

কনোজের এই যুদ্ধাবসানে ভারতের সিংহাসন মোগলের হণ্ড হইতে আবার পাঠানের হল্ডে গেল্ড

১৫৪১ খ্রীষ্টাব্দে সমাট শেরশাহ আবার গৌড়ে ফিরিয়া আসিয়া বাদালা ও বেহার প্রদেশকে কয়েকটা ২তে বিভক্ত করিয়া, প্রভ্যেক বিভাগে এক এক জন শাসন কর্তা নিযুক্ত করিলেন। এবং সেই সময়ের অভিতীয় বিজ্ঞ, রাজনীতিত্য ও পরম ধার্ম্মিক কাফী কজিলতকে এই সমন্তঃ বিভাগ গুলির শাসনকর্তাগণের কার্য্য প্রণালী পর্য্যবেক্ষণ করিবার জক্ত ও তদ্বিধরে সমাটের নিকট সংবাদ দিবার জক্ত নিযুক্ত করিয়া, ১৪৮ হিজরীর শেষ ভাগে স্বাগ্রায় প্রত্যাবর্ত্তন করিলেন।

শের শাহ তাঁহার স্বল্প রাজত্বকালের মধ্যে ভারতে অনেক স্থকীন্তি
করিয়া গিয়াছেন। বালালার স্বর্গ গ্রাম (ঢাকার নিকট) হইতে পাঞ্জাবের
সিন্ধু নদ পর্যান্ত তিনি যে প্রায় আড়াই সহস্র মাইল লম্বা প্রশন্ত রাজপথ
প্রস্তুত করিয়া গিয়াছেন তাহা অভাবিধি গ্রাণ্ড ট্রান্ক রোড নামে জগতে
প্রসিদ্ধ হইয়া রহিয়াছে। এই স্থদীর্ঘ পথের পার্থে আবশ্যকমত স্থানে
স্থানে বহু পান্থনিবাস এবং প্রত্যেক তিন মাইল অস্তরে কৃপ খনন করিয়া
তিনি প্রজাগণের বংপরোনান্তি হিতসাধন করিয়া গিয়াছেন। এতন্তিয় এই
প্রকাণ্ড রাজপথের পার্থে বহু স্থানে খোদা-তাআলার উপাসনার জক্ত
মস্জিদ স্থাপন করিয়া তাহাতে রাজব্যয়ে ধর্ম্মোপাসক এমাম নিযুক্ত করিয়া
গিয়াছিলেন। তাঁহার স্থাপিত ঐ সকল পান্থনিবাসে ধর্ম ও জাতি
নির্বিশেষে সকল অতিথিকেই সরকারি ব্যয়ে আহার্য্য দেওয়া হইড।

শেরশাহ ডাকে চিঠি পত্র গমনাগমনের স্থবিধার জন্ম ঘোড়ার ডাকের স্পৃষ্টি করেন। তাঁহার রাজত্বকালে সওলাগরগণ নির্ভয়ে ও নির্কিছে এক স্থান হইতে অপর স্থানে মালামাল লইয়া যাইতে পারিত, এবং পথিমধ্যে রাজকীয় পান্থশালায় উহা নিঃসকোচে রক্ষা করিতে পারিত।

১৫৪৫ খৃষ্টাব্দে ৯৫২ হিজরীর ১২ রবিওল্-আউরল্ তারিথে কালিঞ্জর তর্গে শের শাহ স্থরের মৃত্যু হয়। মৃত দেহ তথা হইতে সদ্রামে আনিয়া তাঁহার পূর্বাদেশ মতে তাঁহার স্বইচ্ছায় নিম্মিত চতুর্দিকে জল বেষ্টিত স্মতীব স্থদৃশ্য সমাধি মধ্যে সমাধিস্থ করা হয়।

শের শাহ মাত্র পাঁচ বৎসর কাল ভারত-সিংহাসন অধিকার, করিয়া ছিলেন; তৎপূর্বে পঞ্চদশ বৎসর তিনি নিয়ত্ যুদ্ধ কার্য্যে ব্যাপৃত ছিলেন। শের শাহের দিতীর পুত্র সেলিম শাহ স্থর দিলীর সিংহাসনে আরোহণ করিয়া কাজী ফজিলভকে সরাইয়া দিয়া তাঁহার স্থানে স্থায় আত্মীয় মোহাম্মদ থান স্থাকে বঙ্গের স্থবাদার নিযুক্ত করিলেন। নোহাম্মদ থান, সম্রাট সেলিম শাহের জীবদ্দশা পর্যন্ত দিল্লীর অধীনতা স্থীকার করিয়া বঙ্গে স্থাসন করিভেছিলেন। ১৬০ হিঃ ১৫৫৩ খৃষ্টান্দে মোহাম্মদ আদেল শাহ দিল্লীর সিংহাসন অধিকার করায়, নোহাম্মদ শাহ স্থয়, শামস্ উদ্দীন আবৃল মোজাফ্ ফর মোহাম্মদ শাহ নাম ধারণে, স্থাধীন বঙ্গেশ্বর বলিয়া ঘোবিত হইলেন ও স্থনামে মুদ্রা চালাইতে লাগিলেন।

১৫৫৫ খুটানে বন্ধের মোহাক্ষদ শাহ সুর জৌনপুর অঞ্চলের কিরদংশ হস্তগত করেন। তৎপরে হিজরী ৯৬২ সালে তিনি বহু সংখ্যক বাঙ্গালী সেনা লইরা ছাপরা ঘাট নামক স্থানে উপস্থিত হইলে, তথার সম্রাট আদেল শাহের প্রধান অমাত্য হিম্ব সহিত যুদ্ধে নিহত হ'ন। এই যুদ্ধে বন্ধেররে প্রার সমস্ত সেনাই নিধনপ্রাপ্ত হইরাছিল। যে করজন আফ্রান ওম্রাহ পলারন করিতে পারিয়া ছিলেন, তাঁহায়া আধুনিক এলাহাবাদ ত্র্নের নিকট জোদী নামক স্থানে আসিয়া নিহত মোহাক্ষদ থানের পুত্র থেজের থানকে, বাহাত্র শাহ্ উপাধি দিয়া সিংহাসনারত করিলেন।

বাহাতুর শাহ্

ৰাহাত্ব শাহ গৌড়ে প্ৰত্যাবৰ্তন করিয়া দেখিলেন যে—তাঁহার পিতার মৃত্যুর সংবাদ পাইয়া সাহ বাজ থান নামক এক ব্যক্তি দিল্লীখরের অধীনতা খীকারে গৌড়ের সিংহাসন অধিকার করিয়া আছেন। স্তার বিচারক মোহাক্ষ্দ থানের পুত্রের আগমন বার্তা শুনিয়া, বন্ধীর সেনাগণের অধিকাংশই সাহ বাজকে পরিভ্যাগ পূর্বক বাহাত্বের পভাকাধীনে আসিয়া উপস্থিত হইতে লাগিল। সাহ বাজ বন্ধি ও নিহত হইলেন।

তৎপরে বাহাত্র শাহ্ স্বীয় সৈক্ত বৃদ্ধি করিতে লাগিলেন ও ১৫৫৬ খুষ্টাব্দে দিল্লীশ্বর মোহাম্মদ আদেল শাহের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন।

ম্বেরের নিকটবর্ত্তী স্থরজগড়ে যে খোরতর যুদ্ধ হইল, তাহাতে
দিল্লীশ্বর আদেল শাহের সেনাগণ সম্পূর্ণরূপে পরান্ত হইল। গৌড়েশ্বরের
বিজয়ী সেনাগণ সম্রাটের অনেক যুদ্ধান্ত ও কতকগুলি কামান লইরা
বিজয় গর্বের বচ্ছে ফিরিয়া আসিলেন। অতঃপর বাহাত্বর স্বাধীন রাজা হইয়া
গৌড়ে রাজত্ব করিতে লাগিলেন।

ছয় বৎসর রাজত্বের পর হি: ১৬৮ সালে গৌড় নগরে বাহাত্বর শাহের মৃত্যু হয়।

অপুত্রক অবস্থার বাহাছর শাহের মৃত্যু হওরার, তদীর প্রাতা জেলাল উদ্দীন গৌড়ের সিংহাসন অধিকার করিলেন। কিন্তু তিন বৎসক্র মধ্যেই তিনি পরলোকগত হওরার হি:৯৭১ সালে তাঁহার পুত্র রাজা হইরাছিলেন; আবার গেরাসউদ্দীন তাঁহাকে বধ করিরা মাত্র একাদশ মাস কাল গৌড়ের রাজ্য শাসন করিয়াছিলেন। তৎপরে কের্রাণ বংশীর তাজ-খান তাঁহার বিনাশ সাধন করিয়া সিংহাসন অধিকার করিলেন।

কেৰুৱাণী বংশ

এই কেব্রাণী বংশীরগণ, সমাট শের শাহ সুর ও তাঁহার পুত্র সেলিম শাহের সময়ে ভোজপুর এবং থাওয়াসপুর টাঁড়ার নিকটবর্ত্তী গ্রাম সম্হের অধিকারী ছিলেন। তাজ থান কেব্রাণী সমল দেশের শাসনকর্তা ছিলেন; কিন্তু সম্রাট আদেল শাহের সহিত সাক্ষাৎ করিতে গিয়া, সমাট ও মন্ত্রী উভরের কৃদ্ধিতে পড়িয়া, নিজ রাজ্ধানী হারাইয়া তাঁহাকে তাঁহার জন্মছান ভোজপুরের দিকে আসিতে হইল।

मिर नमन श्रीमिक हिम् वाकान आफ्न भारतन श्रीम मन्नी हिलन,

ক্রমে চুনারের নিকট হিম্র সহিত তাঁহার সংখ্বণ খটিল। তাজ পরাজিত হইলেন; কিন্তু সজে সজে অক্স প্রবল শক্র ঘারা দিলী আক্রমণের সংবাদ পাইরা হিম্ তাজ থানের অন্সরণ পরিত্যাগ পূর্বক রাজধানী প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইলেন।

তাজ খানের দ্বিতীয় ভ্রাতা সোলেমান কেব্রাণী, সম্রাট সেলিম শাহের সময় বেহারের শাসনক্তা ছিলেন।

হি: ৯৭২ সালে ভাজ থানের মৃত্যুর পর তদীয় ল্রাভা সোলেমান কের্রাণী গৌড়ে আসিলেন; কিন্তু গৌড়ের সিংহাসনে কোন রাজাই অধিক দিন বসিতে পারেন নাই, এবং ঐ সিংহাসন অধিকার করিলে রাজাদিগের পরমায় অল্ল হর বিবেচনায়, সোলেমান গৌড় হইতে টাড়া বা টাঙা নামক হানে রাজধানী হানান্তরিত করিলেন। এই সময় মহামুভ্ব সম্রাট আক্বর দিল্লীর সিংহাসন আলোকিত করিতেছিলেন। সোলতান সোলেমান মস্নদে বসিলা সম্রাট দরবারে বিস্তর উপঢৌকন পাঠাইলা দিলেন।

সোলতান সোলেমান কের্রাণী

সোল্তান সোলেমান বঙ্গ-বিহারের পূর্ণাধিকার পাইরা, অনেক সৈম্মসহ অন্ত রোটাস্ হুর্গ আক্রমণ করিলেন ও কঙ্গেক মাসাবধি ঐ ত্র্গ অবরোধ করিয়া রহিলেন।

এই সমরে সম্রাট আক্বর জৌনপুরে আগমন করিরাছেন অবগত হইরা রোটাস্ ছর্গাধিপ ফতেহ্-খান, দৃত প্রেরণে সমাটের সাহাষ্য প্রার্থনা করেন। বাদশাহ আক্বরও এইরূপ অ্যোগ খুঁজিতেছিলেন। তিনি তৎক্ষণাৎ এক্দল উৎকৃষ্ট মোগল সেনা ছর্গাধ্যক্ষের সাহায্যে পাঠাইরা দিলেন। সোলেমান কেবুরাণী বাদশাহ সেনার আগমনবার্ত্ত। পাইরা তুর্গ পরিত্যাগে বাকালার চলিয়া আসিবেন।

এই উপলক্ষে সমাট উড়িয়া দেশের রাজাকে, তাঁহার সহিত সন্ধি করিবার জন্ম দৃত হোসেন খানের দারা আদেশ প্রেরণ করিলেন। বাদশাই আরও বলিয়া পাঠাইলেন যে—যভাপি সোলেমান কের্রাণী তাঁহার কোন বিপক্ষতাচরণ করে, রাজা তৎক্ষণাৎ বন্ধদেশ আক্রমণ করিবেন ও এই বিষয়ে দিল্লীখর সর্কতোভাবে উৎকল রাজের সাহায্য করিবেন। চারিমাস পরে উড়িয়ারাজ বহু হন্তী ও মূল্যবান উপহার সহ সম্রাট দৃত হোসেন খান্কে দিল্লীতে পাঠাইয়া দিলেন। এই সময়ে জগন্নাথ (পুরী) উৎকল দেশের রাজধানী ছিল।

১৫৬৭।৬৮ অবেদ সম্রাট আকবর পাঞ্জাব লইয়া বড়ই বিব্রত, হইয়া থাকায়, সোলেমান কেবুরাণী এই অবসরে উড়িয়া আক্রমণ করিলেন ও স্বরায়াসে উৎকল রাজ্য অধিকার করিলেন। পরে ১৫৬৯ খুষ্টাব্দে উড়িয়া ভূমে সমন্ত স্ববন্দোবন্ত করিয়া দিয়া তথায় একজন বিশ্বন্ত প্রতিনিধি রাখিয়া রাজধানী টাড়ায় প্রত্যাবর্ত্তন করিলেন।

পর বৎসর সোলতান, কোচ-বেহার আক্রমণ করেন; কিন্তু উড়িয়া থণ্ডের লোক বিদ্রোহী হইরা তাঁহার শাসনকর্তাকে তাড়াইরা দিরাছে সংবাদ পাইরা সোলেমান, স্বীর রাজধানী টাড়ার ফিরিয়া আসিলেন ও একদল সৈম্ভ প্রেরণে উড়িয়া পুনঃ দথল করিলেন।

সোল্তান সোলেমান কেব্রাণী বল-বেহার-উড়িয়ার সম্পূর্ণ স্বাধীন রাজা হইলেও, কথনও স্বাধীন সম্রাটের কোন চিহ্ন বা কথনও মন্তকে রাজছত্ত্র ধারণ করেন নাই। মধ্যে মধ্যে তিনি দিল্লীর দরবারে, অনেক উপঢৌকনও পাঠাইরা দিতেন।

অবশেষে প্রজাপালনে অতীব শান্তির সহিত রাজত্ব করিয়া শেষে

প্রজাবর্গকে শোক সাগরে ভাসাইয়া বঙ্গেরর সোলায়মান হিঃ ৯৮১ খৃঃ ১৫৭৩ সালে স্বীয় রাজধানী টাঁডার ইছলীলা সম্বরণ করিলেন।

উড়িয়া পুন: বিজয়ের জন্ম বলেশার তাঁহার জনৈক সেনানী কালাপাহাড়কে উৎকলরাজ মৃকুন্দ দেবের বিরুদ্ধে প্রেরণ করিয়াছিলেন। এই কালাপাহাড় পুর্বের হিন্দু ছিলেন ও সেই সময় তাঁহার নাম কালাচাঁদ ছিল। মোস্লেম ধর্ম গ্রহণের পর, ইনি একজন ভয়ানক হিন্দু বিগ্রহদেবী হুইয়া উঠিলেন। উড়িয়া জয়ের পর কালাপাহাড় বিস্তর দেবালয় ও দেবমুর্ত্তি ধ্বংস করিয়াছিলেন।

সোলভান সোলেমান কের্রাণীর জ্যেষ্ঠ পুত্র বারেজিদ, নামে মাত্র করেক মাস পিতৃ সিংহান প্রাপ্ত হইরাছিলেন। তৎপরে তাঁহার বিতীর পুত্র দায়্দ, আবল-মোজাফ্ কর নাম ধারণ করিয়া সিংহাসনারাড় হইরা সম্রাট আক্বরের বখাতা সম্পূর্ণ অগ্রাফ্ করিয়া, বঙ্গ-বিহারে নিজ নামে ধোত্বা পাঠ ও মূলা প্রচলিত করিলেন।

শোলতান আবল-মোজাফ্ফর দায়ুদ শাহ্ কের্রাণী

দায়্দ শাহ, বজের রাজস্ব ভাগুরে রাশিক্ত অর্থ, এবং তাঁহার অধীনে ৪০,০০০ সহস্র অখারোহী, ১,৪০,০০০ পদাতিক, বিংশতি সহস্র সর্ব্যপ্রকারের কামান, ৩,৬০০ হন্তী ও কয়েক শত রণতন্ত্রী প্রস্তুত দেখিয়া, দিল্লীখরের সহিত প্রতিহন্দীতা করিয়া মোগলগণকে ভারত হইতে তাড়াইয়া দিধার জন্ম তাঁহার প্রবল বাসনা হইল।

দার্দ প্রথমত:ই দিল্লীশ্বরের সেনাপতি থান জমানের নির্মিত, গাজী-পুরের পশ্চিমে তাঁহারই নামে অভিচিত জামানিয়া-তুর্গ অধিকার করিলেন।

দিলীখর আক্বর এই সময় সৌরাট্রে (গুজরাট) বিজ্ঞােহ দমনে মিযুক্ত ছিলেন। এই সংবাদ পাইরা সমাট তাঁহার প্রধান সেনাপতি, তৎকালীন জৌনপুরের শাসনকর্তা মোন্রেম থানের প্রতি বেহার আক্র-মণের আদেশ প্রেরণ করিলেন। দায়্দ এই সময় হাজীপুরে ছিলেন, এবং তাঁহার সেনাপতি লোদী থান, রোটাস্ হর্গে প্রকাশভাবে বিক্রোহের পতাকা উড্ডীন করিয়াছিলেন।

হঠাৎ খান-খানান মোন্রেম্ খানের অধীনে বছসংখ্যক মোগল-দৈল্প, পাটনা ও হাজীপুর অঞ্চল আক্রমণ করার, লোদী খানের সহিত সমাট-সেনাপতির কয়েকটা থগুরুদ্ধ হইল। এই যুদ্ধের ফলাফল দার্দের পক্ষে তভদ্ব স্ববিধাজনক না হওয়ায় দায়ুদ শাহ্, কত্লু খান ও জনৈক বাজালী সন্দার শ্রীধরের পরামর্শে লোদী খানের উপর সন্দিহান হইয়া উহাদের সাহায্যে তাঁহাকে বন্দী ও অক্রার মতে নিহত করিলেন। তৎপরে খান-খানানের নিক্ট এই মর্শ্বে সন্ধির প্রস্তাব পাঠাইলেন যে—

"মোগল সৈক্ত বেহার পরিত্যাগ করিয়া গেলে বঙ্গের, দিলীর রাজ-কোষে নগদ ছুই লক্ষ টাকা ও লক্ষ টাকার মূল্যবান ক্রব্য ও রেশমী বন্ধ এবং মস্লিন প্রভৃতি উপঢ়োকন পাঠাইয়া দিবেন।"

খান খানান মোন্রেম্ খান, দায়ুদ শাহ্ কের্রাণীর পিতার সহিত বাল্য-সৌহার্দ অরণ করিয়া এই সন্ধির প্রস্তাবে সম্মত হইলেন। কিছ যথন তিনি সন্ধিপত্র সাক্ষরিত হইবার পূর্বে, দায়ুদ কর্তৃক নৃশংসভাবে সেনাপতি লোদী খানের হত্যার বিষয় সংবাদ পাইলেন; তথন এই অবিবেচক রাজার নির্দিয় আচরণে ক্রোখান্তিত হইয়া, সন্ধিপত্র ছিড়িয়া ফেলিয়া সমৈত্তে পাটনার আগ্রমণ করিলেন।

তথন দায়ুদ অনজোপায় হইয়া মোগলগণকে বাধা প্রদান করিবার জন্ম সোন ও গঙ্গার সঙ্গমন্থলে গিয়া উপস্থিত হইলেন। তথাকারে যুদ্ধে মোগলগণ জয়লাভ করায়, দায়ুদ হর্গমধ্যে আশ্রেয় লইলেন, এবং মোগলেরা হুর্গ অবরোধ করিয়া রহিল। ইভিমধ্যে দিল্লীশ্বর স্বয়ং হিঃ ৯৮২ সালের ১৬ই রবিশ্বস্দানি তারিথে বহু সেনা ও সামরিক তরী শইয়া আগ্রা হইতে পাটনার নিকটে আসিয়া পৌছিলেন। পরদিন সম্রাট পাঁচ পাহাড়ি হইতে হুর্গান্ত্যম্ভবের অবস্থা পর্যাবেক্ষণ করিয়া সেনাগণকে তুর্গ আক্রমণের আদেশ দিলেন।

এই সময় সমাট দেখিতে পাইলেন যে—গঙ্গার পরপার হাজীপুর হুইতে হুর্গমধ্যে অবরুদ্ধ পাঠান সেনাগণের রসদ আনীত হুইতেছে। তিনি তৎক্ষণাৎ থান আলমের অধীনে ৩,০০০ সহস্র সেনা দিয়া এবং বেহারের অনৈক রাজা গজপতি রায়ের প্রতি থান আলম্কে সাহায্য করিবার আদেশ দিয়া, হাজীপুর আক্রমণ করিতে প্রেরণ করিলেন। গজপতি য়ায় এই সময় সদৈতে ইচ্ছাপ্র্কিক সমাটের স্মরণাপন্ন হুইয়া তাঁহাকে স্ব্পপ্রকারে সাহায্য করিতেছিলেন।

মোগল সেনাগণ দৈনাধ্যক্ষ থান আলমের অধীনে মহাবিক্রমে হাজীপুর হুর্গ আক্রমণ করিল। সম্রাট এই সমর গঙ্গার অপর পারে শাহাম
থানের অধীনস্থ ভোপ-থানার নিকট দাঁড়াইয়া তুরবীক্ষণ যন্ত্র সাহায্যে
যুদ্ধের অবস্থা দেখিতেছিলেন। তিনি অবস্থা বুঝিয়া তিনথানি বৃহৎ
সামরিক তরী সেনা পরিপূর্ণ করিয়া, ভাঁহার পূর্ব্ধ প্রেরিভ মোগল সৈন্তগণের সাহায্যার্থে পাঠাইয়া দিলেন। শক্রপক্ষও এই তর্গী কয়থানির
গতিরোধার্থে অনেকগুলি সশস্র যোদ্ধাপ্ন নৌকা প্রেরণ করিল।
কিন্তু সমাটের রণতর্মীগুলি বিপক্ষের নৌকাগুলিকে যুদ্ধে হটাইয়া
দিয়া, থান-আলমের সেনাদলে গিয়া মিলিত হইল।

হাজীপুরের যুদ্ধে মোগল সেনার সম্পূর্ণ জয় হইল। অচিরে হাজীপুরতুর্গ ভাহাদের হন্তগত হওয়ায়, সেনাপতি থান-আলম তুর্গাধিপ ফাতেহ্
থানের ছিয়্মন্ডক ও তৎসঙ্গে বহু পাঠান সেনার ছিয়মৃত্ত নৌকাযোগে
সম্রাট সমীপে প্রেরণ করিলেন। সম্রাট আক্বর আলাহ্ তাআলাকে

আছরিক ধন্তবাদ দিয়া ঐ ছিয়মুগুগুলি আবার দায়্দ থানের নিকট পাঠাইলেন। দায়্দ থান এই অবস্থার তাঁহার অধীনস্থ বিশ্বস্ত সেনাপতি ফাতেহ্ খান ও পাঠান সেনাগণের ছিয়মস্তক দর্শনে ভীত হইরা পলায়নের পথ আবিষ্কার করিতে লাগিলেন। সেই রাত্রি তুই প্রহরের সময় ফ্রুতগামী নৌকাষোগে গোড়াধিণতি দার্দ খান, পাটনা পরিত্যাগে বঙ্গদেশে পলায়ন করিলেন। শ্রীধর রায়, বাহাকে দায়্দ সেই সময় রাজা বিক্রমাদিত্য পদে সম্মানিত করিয়াছিলেন, তিনিও দায়্দ থানের সঙ্গামী হইলেন। (খোয়াজা নেজাম-উদ্দীন আহ্মদ প্রণীত তবকত'-ইআক্বর শাহী)

তুর্গ মধ্যন্থ বিংশতি সহস্র পাঠান ধোদ্ধা ভাষাদের রাজা ও অধ্যক্ষ দায়্দ থানের এবন্ধি আচরণ দেখিয়া, বিশৃল্পল ভাবে চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিল। দায়ুদের মন্ত্রী গোল্পার থান এই সময় বিশুর হন্তী লইয়া পলাইতে থাকা কালে, পুন্পুন্ নদীর সেতুর উপর গেলে, সেতু ভাকিয়া গেল। তাহাতে অনেক লোক নদীগর্ডে নিমজ্জিত ইইল।

সেই রাত্রেই বন্ধাধিপতির গোপনে পলায়ন বার্ত্তা শ্রবণে, বাদশাহ আক্বর থোদাতালাকে আন্তরিক ধন্যবাদ দিয়া, মহাসেনাধ্যক খান থানান মোন্রেম থানকে নগরে প্রবেশ করিতে আজ্ঞা দিলেন। খান থানান বঙ্গেশ্বর পরিত্যক্ত ৫৬টা হন্তী অচিরে সম্রাট সমীপে আনিয়া উপস্থিত করিলেন। প্রকৃত পক্ষে এই পাটনা জয়ই মোগলগণের বন্ধ বিজয় হইয়া গেল।

বাদশাহ আক্বর স্র্য্যোদমের পর চারি ঘন্টা কাল পাটনার অবস্থান করিয়া, এবং বিদ্রোহী প্রজাবর্গকে তিনি যে ক্ষমা করিলেন এই অভিমত প্রচার করিয়া ও তাহাদের মধ্যে প্রধান প্রধান ব্যক্তিবর্গকে ডাকিয়া ব্র্ঝাইয়া দিয়া; এবং তৎসঙ্গে সেনাপতি থান থানানের হত্তে বিজিত প্রদেশের ও মোগল দেনাগণের ভারার্পণ করিয়া, স্বরং কতকগুলি দেনা সহ বঙ্গেরর অমাত্য ও দেনাপতি গোজার থানের পশ্চাদাবন করিলেন।

স্থাট অখনহ পুন্পুন্ নদী সম্ভরণ করিয়া পার ছইয়া ষাওয়ায়, তাঁহার সমভিবাাহারী সেনানী ও সেনাগণ সকলেই এই মহান বাদশাহের প্রদর্শিত পথ অম্পরণ পূর্বক নদী পার হইয়া, পূর্ণবেগে বিপক্ষ দমনে অগ্রসর হইতে লাগিলেন।

পাটনা হইতে ৬০ মাইল দ্রবন্ধী গঙ্গাতীরে দরিয়াপুর নামক স্থানে তাঁহারা গোজার থাঁনের সাক্ষাৎ পাইলেন ও তথায় তাঁহাকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া প্রায় চারি শত রণহন্তী হন্তগত করিলেন।

তৎপরে দরিয়াপুরে ছয় দিবস অবস্থান করিয়া ভারতেশ্বর, পাটনায় প্রত্যাবর্ত্তন করিলেন ও থান থানানের তন্থা শতকরা ত্রিশ টাকা বৃদ্ধি করিয়া দিয়া, তাঁহাকে বাঙ্গালার শাসনকর্তা নিযুক্ত করিয়া এবং তাঁহার অধীনস্থ সৈক্ত সমষ্টির উপর, রাজা টোডরমল্লের অধীনে আর্ও বিংশতি সহস্র অশারোহী সেনা দিয়া, রাজধানী প্রত্যাবর্ত্তন করিলেন। এই সমস্ত ঘটনা দিল্লীশ্বরের উনবিংশতি বর্ষ রাজস্কালে ঘটরাছিল।

এদিকে দায়দ থান তেলিয়াগড়িতে পৌছিয়া উক্ত গিরিপথ রক্ষার্থে তথাকার সেনাপতিকে বিশেষরূপে সাবধান করিয়া দিয়া, রাজধানী টাঁড়ার গমন করিলেন।

মোন্রেম থান, গোরথ পুরের রাজা সংগ্রাম ও গিখোড়ের রাজা পুরণ মলের সাহায্যে গঙ্গাভীরবতী পূর্যগড়, মুদের ও ভাগলপুর অধিকার করিয়া, তেলিয়াগড়ির সম্মুখে উপস্থিত হইলেন। পাঠান সেনাগণ সম্রাট সৈজের আগমনবার্ত্তা পাইয়া, হাজীপুরের সেনাগণের ত্র্দিশা অরণে বিনাযুদ্ধে ঘাটি পরিত্যাগৃ পূর্বক প্রস্থান করিল। মোগলেরা একজন সেনাক্ষয় না করিয়াও বন্ধ প্রবেশের এই বার অধিকার করিলেন। এই সংবাদে বঙ্গেশ্বর দায়ুদ এককালীন হতাশ হইরা, তাঁহার সমৃদ্র মৃল্যবান জ্ব্য হন্তী পৃঠে বোঝাই দিয়া উড়িয়াভিমুখে সরিয়া পড়িলেন। থান থানান মোন্রেম্ থান ১৫৭৪ খঃ ১৮২ হিজরীর ৪ঠা জমাদি-য়স্-সানি বঙ্গদেশের রাজধানী টাঁড়া নগর বিনা বাধার অধিকার করিলেন।

দায়্দ থান তাঁহার ছই বিশ্বন্ত বন্ধু শ্রীহরি ও জানকী বল্লভকে বিক্রমাদিত্য ও বসন্তরায় উপাধি দিয়া ও তাহাদিগকে বিশুর ধন-রত্ন দান করিয়া দক্ষিণ প্রদেশে গিয়া বাস করিতে উপদেশ দিলেন।

নব্য সূৰ্গ

থান থানান মোন্য়েম্ থান

করেক দিবস রাজধানী টাড়ার অবস্থান করিবার পর মহাসেনাপতি থান খানান, তাঁহার অধীনস্থ সেনাধ্যক্ষ রাজা টোডরমলকে বহু সৈক্ত সহ পলাতক রাজা দায়ুদের অন্থসরণ করিতে পাঠাইয়া দিলেন; এবং তৎসহ অপর এক্জন সেনাপতি মজ্মন খানকে খোড়াঘাটের পাঠান শাসনকর্ত্তা সোলেমানের বিরুদ্ধে প্রেরণ করিলেন। এই খোড়াঘাট দিনাজপুরের ৪৮ মাইল দক্ষিণ-পূর্বের অবস্থিত ছিল।

মজমন থান তাঁহার উপর ভারাপিত কার্য্য সহজে সম্পন্ন করিতে পারেন নাই। পাঠানেরা তাহাদের দেশ ও সম্পত্তি এবং স্বীপুত্রগণের রক্ষার্থে, ভীষণভাবে যুদ্ধ করিয়া বহুতর মোগল সেনা নাশ করিয়া অবশেবে প্রায় সকলেই নিধন প্রাপ্ত হইয়াছিল। মজমুন থান তৎপরে স্বীয় পুত্র জব্বারের সহিত, খোড়াঘাটের শাসনকর্তা সোলেমানের পরম রূপবতী কক্সার বিবাহ দিয়াছিলেন।

রাজা টোড়রমল, করেক জন আমীর ও বছ সেনাসহ দায়ুদ থানের অমুসরণে উড়িয়াভিম্থে ধাবিত হইলেন। তিনি প্রথমতঃ মান্দারণের নিকট উপস্থিত হইরা অবগত হইলেন যে—দায়ুদ ঋণ্কেশরীতে অবস্থান করিয়া আপন বিক্ষিপ্ত সেনাদলকে একত্রিভূত করিতেছেন। রাজা তৎক্ষণাৎ থান খানানের নিকট লোক প্রেরণে আরও অধিক সেনা চাহিয়া পাঠাইলেন।

মোনরেম্ থান রাজার সাহায্যার্থে মোহাম্মদ কুলি থানের অধীনে আরও মোগল সৈক্ত পাঠাইরা দিলেন। এই সমর রাজা টোডরমল শুনিতে পাইলেন যে, বঙ্গেখরের ভ্রাতৃশুভ্র বীরবর জোনেদ থান বছ সংখ্যক সেনা সহ পিতৃব্য দায়ুদের সহিত মিলিত হইতে আসিতেছেন।

রাজা তৎক্ষণাৎ সেনাপতি আবুল কাসেম ও নজর খান বাহাত্রের অধীনে ত্ই দল সেনা জোনেদের বিরুদ্ধে প্রেরণ করিলেন। কিন্তু মহারখী জোনেদ অল্প আরাসে ঐ মোগল সেনাগণকে বিতাড়িত করিয়া দিলেন; এবং বহু মোগল সেনা পাঠানের তরবারি-নিমে প্রাণ হারাইল।

রাজা টোডরমল্ল তথন তাঁহার স্বাভাবিক কুসংস্কার ও সন্দিশ্ধ চিত্তের বশবর্তী হইরা আর অগ্রসর না হইরা, শাসনকর্তার নিকট এই সমন্ত বর্ণনা লিপিবদ্ধ করিয়া দৃত পাঠাইয়া দিলেন; এবং স্বয়ং মেদিনীপুরে অবস্থান করিতে লাগিলেন। এই স্থানে বিথাত সেনাপতি মোহামদ কুলি থান বিবুলাসের জর রোগে মৃত্যু হওয়ার রাজা, ওম্রাহগণের সহিত পরামর্শ করিয়া পুনরায় মেদিনীপুর হইতে মান্দারণে সরিয়া আসিলেন। এদিকে থান থানান রাজার সাহায্যার্থে শাহাম্ থান জালায়েরের অধীনে সেনা প্রেরণ করিয়া পরে, স্বয়ং বহু সৈক্ত সমভিব্যাহারে রাজাটোডরমলের সহিত যোগ দিবার জক্ত রাজধানী পরিত্যাগ করিলেন।

অচিরে উজ্ঞ সৈক্ত মিলিত হইরা, তথা হইতে সমস্ত সম্রাট সেনা একবোগে পাঠান দমনে বহির্গত হইল। কটকের নিকটবর্ত্তী স্থান মোগল-পাঠানের রণভূমে পরিণত হইল।

৯৮২ হিজরীর ২০শে জেলকদ তারিথে উভর সৈক্ত সম্থান হইল।
পাঠানেরা পূর্ব হইতে তাহাদের শিবির সমুথস্থ স্থানে গড়থাত থনন
বারা তাহাদের অবস্থান স্মৃদ্ করিয়া রাথিয়াছিল। উভর পক্ষের
সেনাদল সংখ্যার প্রায় সমানই ছিল। একদিকে যেমন পাঠানদিগের বছ

রণহন্তী, অপর দিকে মোগল্গণের নিকট সেইরূপ নৃতন প্রতির যুদ্ধাত্ব ও বহু সংখ্যক কামান ছিল।

প্রথমতঃ থান থানান গোলন্দাজ সেনাগণকে শক্রগণের উপর কামা-নের গোলা বর্ষণ করিতে আদেশ করিলেন; যাহার ফলে বিপক্ষের রণ হন্তীযুথ এই অগ্নির্ষ্টি অসহ বোধেচতুর্দ্দিকে পলায়ন করিতে আরম্ভ করিল। সঙ্গে সঙ্গে মোগল বন্দুকের গুলিতে প্রথমেই বিশুর পাঠান ধরাশায়ী হইল।

এই সময় মহাবীর গোজার থানের অধীনে, তাঁহার স্বকীয় পরিশ্রমে সুশিক্ষিত অখারোধী সৈত, বীর হৃষারে মোগলগণকে আক্রমণ করিয়া, প্রথমেই সমাট সেনাপতি থান আলম্কে ধরাশামী করিল। স্থযোগ্য সেনাপতির নিধন প্রাপ্তি দর্শনে, বহু সংখ্যক মোগল সৈত্র রণম্বল পরিত্যাগ করিরা পলাইতে লাগিল। সেই সময় বিচক্ষণ রণ-কাশলী থান থানান. পলান্নিত মোগলগণকে অতি কটে রণস্থলে রক্ষা করিতে সমর্থ হইয়া-ছিলেন। ঠিক এই সময়ে গোজার খান, মহা সেনাপতি খান খানানের দর্শন পাইয়া, ভীমবেগে তাঁহাকে আক্রমণ করিলেন। উভয়ে বৈরথ-যুক বাধিয়া গেল। মোগল দেনাপতি. গোজার থান কর্ত্তক আহত হইলেন। এই অবস্থায় মোনয়েম থানের অখ ভীত হইয়া বাহককে লইয়া ক্রত বেগে পলায়ন করিতে লাগিল। মোন্য়েম বহু চেষ্টা করিয়াও অবের গতিরোধ করিতে পারিলেন না। পাঠানবীর গোজার থান, সলৈতে মহাদেনাপতির প্রতি অশ্ব প্রধাবিত করিলেন, এবং প্রায় তিন মাইল পথ তাঁহাকে তাড়াইরা লইরা গেলেন। এমন সময় মোগল সেনানী কারা খানের দল পশ্চাৎদিক হইতে, প্রধাবিত পাঠানগণকে আক্রমণ করিয়া ও তাহাদের পশ্চাৎ পশ্চাৎ দৌড়িয়া, বনুকের গুলিতে প্রায় ঐ সামাক্ত সেনা দলকে শেষ করিয়া ফেলিল। শেষে মোগল সেনার বিক্ষিপ্ত শ্রে বীর শাদ্ধ্র গোজার থান প্রাণ হারাইলেন।

এই সময় রাজা টোডরমল ও লয়র থান প্রভৃতি, পাঠান সেনাগণকে আক্রমণ করিয়া ও তাহাদের সৈম্বৃহ মধ্যে প্রবেশ করিয়া, বিশুর পাঠান সেনা ধ্বংস করিয়াছিলেন। অপর সেনাপতি শাহাম্ থাম, অবশিষ্ট পাঠানগণকে তাড়াইয়া দায়ুদ থানের নিকট পর্যান্ত লইয়া গেলেন। ঠিক এই সময় গোজার থানের মৃত্যু সংবাদ বলেয়র দায়ুদের কর্ণে পৌছিল ও সঙ্গে সঙ্গে তিনি মোগল মহাসেনাপতি থান থানানের বিজয় পতাকা উড্ডীয়মান দেখিতে পাইলেন! দায়ুদ ভয়ে রণস্থল ও রণশিবির পরিত্যাগ করিয়া কটকের তুর্গ মধ্যে পলায়ন করিলেন।

এই যুদ্ধে জয়লাভ হইলেও এত অধিক সংখ্যক মোগল সেনার মৃত্যু হইয়ছিল যে, খান থানান মোনয়েম্ খান রণয়ল হইতে আর দায়ুদের পশ্চাদাবন না করিয়া, পাঁচ দিবস রণয়লেই অবস্থান করিয়া, মৃত সেনাগণকে কবর দিবার স্থবন্দোবন্ডে নিযুক্ত রহিলেন; এবং আহত সেনাগণকে চিকিৎসার্থে অক্তত্ত পাঠাইয়া দিতে লাগিলেন।

শেষে তাঁহার শারীরিক আঘাতজনিত কট, ক্রমশঃ অধিক যন্ত্রণাদারক বোধ হইতে থাকার দেনাপতি, রাজা টোডরমল এভ্তি করেকজন মোগল দেনাধ্যক্ষকে, কটক তুর্গ অবরোধ করিতে প্রেরণ করিরা, একটু বিশ্রাম লাভের চেষ্টার কিঞ্চিৎ দূরে গিয়া শিবিরে অবস্থান করিতে লাগিলেন। মোগল সেনাগণ তুর্গ অবরোধ করিরা রহিল। তথন দায়ুদ থান অনভোপার হইরা ও বিজ্ঞতার নিকট আজ্মসমর্পণই প্রকৃষ্ট উপার বিবেচনা করিয়া, খান খানানের নিকট দৃত প্রেরণ করিলেন।

বংশখনের দৃত আসিয়া মোগল সেনাপতিকে অহনের সহ অবগত করিল যে—

"মোসলমান ধর্মাবলম্বীদিগকে এককালে নিমুলি করিবার চেষ্টা কোন মোসলমান নরপতিরই মহৎকার্য বিবেচনা করা কর্ত্তব্য নহে! এই ঘোর বিপন্নাবস্থার সম্রাট, বঙ্গেশ্বরকে তাঁহার হত রাজ্যের সামান্ত একটু অংশ তাঁহার ও তাঁহার সহায়গণের ভরণ পোষণের জন্ত দান করিয়া তাঁহাকে অধীন সেবকর্মণে গ্রহণ করুন।

মহাত্তৰ উদারচেতা থান থানান মোন্রেম্ থান তাহাতে উত্তর করিলেন—

"দার্দ খান স্বরং উপস্থিত হইরা এই প্রার্থনা করিলে তিনি তাহা গ্রাফ করিবেন ও ইহার জন্ত দরার অবতার সম্রাটকে বিশেষভাবে অফুরোধ করিবেন।"

পর দিবস ৯৮০ হিঃ ১লা মোহার্রম ১৫৭৫ খৃঃ ১২ই এপ্রেল তারিথে খান থানান, দার্দ থানকে অভ্যর্থনা করিবার এবং তৎপরে ওঁহার বশুতা স্থীকার প্রেদক সমস্ত ওমরাহ্গণ সমক্ষে প্রচার করিবার অভিপ্রারে এক মহাসভার আহ্বান করিলেন। শিবির সন্মুথে মোগল সেনাগণ শ্রেণীবদ্ধ হইরা সশস্তে দণ্ডার্মান রহিল।

বঙ্গের দায়্দ, তাঁহার আফগান ওনরাহগণসহ মোগল শিবিরের দিকে অগ্রসর হইতে লাগিলেন। মোনরেম্ থান শিষ্টাচার প্রদর্শনে কিয়দ্দুর অগ্রসর হইয়া, বঙ্গেররকে সন্মানের সহিত অভার্থনা করিলেন। এই সমরে দায়্দ স্বীর কটিবন্ধ হইতে তরবারি উন্মোচন পূর্বক মোগল সেনাপতির সন্মুথে রক্ষা করিয়া বলিলেন—

"এই যুদ্ধে আমি বড়ই মশ্মাহত হইরাছি, বেহেতু ইহাতে আপনার ক্লার উপযুক্ত ও মহাকৃত্ব সেনাপতি আহত হইরাছেন।"

থান খানান তৎপরে বঙ্গেররের হন্ত ধারণে তাঁহাকে উপযুক্ত আসনে বসাইলেন এবং অয়ং পার্থে বিসিয়া নানা বিষয়ক কথোপকথন আরম্ভ করিলেন। ইত্যবসরে নানা প্রকার স্থাত ও পানীয় আনীত হইল; তথন উভরে একত্রে আহার বসিলেন। আহারাত্তে সদ্ধিপত্র স্বাক্ষরিত হইল। দায়ুদ ভবিয়তে কথনও সম্রাটের বিরুদ্ধে অন্ত ধারণ করিবেন না, বা সম্রাটের কোন শত্রুপক্ষকে কথনও সাহায্য করিবেন না স্বীকার করিলেন; এবং সম্রাটের তরফ হুইতে ভিনিও উড়িয়া প্রদেশ ভোগ করিবার অন্তমভি পাইলেন।

অতঃপর থান থানান একথানি মণিমুক্তা-খচিত বছমূল্য তরবারি আনম্মন করিয়া, দিল্লীখনের নামে অহত্তে উহা দায়ুদ থানের কটিবদ্ধে সংলগ্ন করিয়া দিয়া বলিলেন—

"প্রবল প্রতাপাধিত ভারত সমাট জালাল উদ্দীন মোহাম্মদ আকবর বাদশাহের নামে, আমি এই তরবারি আপনাকে অর্পন করিতেছি, আপনি সেই মহান্তভব সমাটের উদ্দেশ্যে ইহার সন্ধাবহার করিবেন।"

পরদিন মহাদেনাপতি কটক পরিত্যাগ পুর্বক থওয়াস্পুর' টাঁড়া অভিমুখে বাজা করিলেন; এবং > ৽ই শকর তারিখে রাজধানীতে গিয়া পৌছিলেন। ,এই সময় ঘোড়া-ঘাটের পাঠানেরা জালাল উদ্দীনের পুত্রের অধীনে, পুনরায় দলবদ্ধ হইয়া, মোগল শাসনকর্তা মজ্মন থানকে বিতাড়িত করিয়া দিয়া, গৌড় পর্যান্ত অগ্রসর ইইয়াছিল; কিন্তু মহাসেনা-পতির আগমন সংবাদে, তাহারা ভয়ে ছত্রভঙ্গ হইয়া, চিরদিনের তরে অরণ্য মধ্যে লুকায়িত হইল।

মোন্দ্রেম থান তৎপরে গোড়ে আগমন ক্রিলেন, এবং এই মনোহর সৌন্দর্যাশালী নগরের শোভা দৃষ্টে আরুষ্ট হইরা, লক্ষণাবতী নগরেই রাজধানী পুনঃ প্রতিষ্ঠিত করিলেন। এই বৎসরের দারুণ বর্ধান্তে গোড়ে মহামারী উপস্থিত হইল। প্রত্যহ সহস্র সহস্র লোক জর ছন্দান্ত রোগে মৃত্যুম্থে পতিত হইতে লাগিল। শেষে উহা এমন অবস্থার দাঁড়াইণ যে—
মৃত দেহের সৎকার করা অসাধ্য হইরা উঠিল। এমন কি মোনল্মানের মৃতদেহ পর্যন্ত সমাধি অভাবে নদীজনে নিক্ষিপ্ত হইতে লাগিল।

আমীর-উল্-ওমারা থান থানান মোন্রেম থান পীড়িত হইয়া দশম দিবদে ৭ই রজব তারিথে দেহত্যাগ করিলেন। ঘাবিংশতিবর্ধ রাজত্তকালে ৫৭৭ খৃষ্টাব্দে সমাট আকবর আজ্মীরে অবস্থান করিতে থাকাবস্থার, এই উদারচেতা সংসাহমী যুদ্ধ পারদর্শী মহাদেনাপতি মোন্রেম খানের মৃত্যু সংবাদে শোকে অভিভূত হইলেন ও সঙ্গে সঙ্গেই আবার সংবাদ পাইলেন যে—দায়ুদ্ব থানও সন্ধির শর্ত্ত লভ্যন করিয়া থাওয়াস্পুর টাড়া আক্রমণ করিয়াছেন; এবং অস্থায়ী সামরিক শাসনকর্ত্তা, সেনাপতি শাহেম্ থান জ্লোরের বান্ধালা পরিত্যাগে হাজিপুর ও পাটনা অঞ্চলে প্লাইয়া গিয়াছেন।

বাদশাহ, থান খানানের স্থলে পাঞ্জাবের শাদনকর্তা ছোদায়েন কুলি খানকে, খান-জাহান উপাধি ভূষিত করিয়া, বঙ্গের স্থবাদার নিযুক্ত করিলেন। মোন্যেম্ থান অপুত্রক থাকার তাঁহার মৃত্যুর পর, তাঁহার বহু ধন সম্পত্তি সম্রাট সরকারে বাজেরাফ্ত হইল।

এই নব নিযুক্ত শাদনকর্তা ইতিপ্রে যখন জৌনপুরের স্থবাদার ছিলেন, সেই সময় বহু সর্থবারে গোমন্তীর উপর যে প্রকাণ্ড ও প্রশন্ত সেতু নির্মাণ করিয়াছিলেন, তাহা স্বভাবধি দর্শক রন্দের চক্ষে যেন নৃত্ন বলিরা প্রতীয়মান হইরা থাকে। এই প্রন্তর নির্মিত সেতু এত প্রশন্ত যে, গাড়ী ও মহায়াদি যাতারাকের যথেই পথ ছাড়িয়া দিয়াও, এই সেতুর উপর, উভর পার্যে বাজার বিদিয়া থাকে, (তারিখ-ই-সোল্ভান নেজামী)

হোদায়েন কুলি ধান থান্-জাহান

নব' শাসনকর্ত্ত। থান জাহানের লাহোর হইতে সেনা সম্ভার সহ বন্ধদেশে পৌছিতে বিশৃষ হওয়ায়, বঙ্গের এই গোল্মোগের এফ্যাত্র কারণ। এই কারণে সম্রাট জনৈক তুকী সেনাপতি সোবহান কুলির হতে পত্র পাঠাইরা, হোসায়েন কুলি থান থান-জাহানকে, পাঠান ভয়ে বন্ধ পরিত্যক্ত সমস্ত আমীর ও জারগীরদারকে সঙ্গে লইরা, সত্তর পার্দের বিক্লে যাত্রা করিতে অনুমতি দিলেন। এই সমন্ধ সোবহান কুলি ২২ দিনে প্রার দেড় সহস্র মাইল পথ অতিক্রেম করিয়া থান-জাহানের হত্তে রাজকীয় ফরমান পৌছিয়া দিয়াছিলেন।

হোসায়েন প্রথমতঃই তেলিয়াগড়ীর নিকট উপস্থিত হইয়া দেখিলেন যে,—তিন সহল পাঠান সেনা ঐ গিরিপথ রক্ষা করিতেছে। সঙ্গে সঙ্গে উহাদিগকে আক্রমণ করিয়া থান-জাহান, তাহাদের অন্যুন অর্দ্ধেক সৈক্ষ বিনাশ করিলেন। এই সময় দায়দ ৫০,০০০ অখারোহী পাঠান বোদ্ধা সংগ্রহ করিয়া, টাঁড়া পরিভাগে পূর্বক সসৈক্ষে আকৃমহলে (পরবর্ত্তী রাজমহল্) অবস্থান করিতেছিলেন। আকৃমহল এক পার্থে গঁকা ও অপর দিকে পর্বতমালার হারা মুরক্ষিত থাকায়, স্থানটি বেশ হরাক্রমণ্য স্থান ছিল। ০সেনাপতি থান-জাহান এই আকৃমহলে পাঠানগণকে আক্রমণ করিতে বাধ্য হইলেন বটে, কিন্তু কয়েক মাদ অবরোধ করিয়া তাহাদের কোনই অপকার সাধনে সমর্থ হইলেন না। ইতিমধ্যে মোগল সেনা মধ্য হইতে জনৈক সাহসা সেনানী, থাজা আব হল্লাহ্ অল্প সংখ্যক সেনা সহ পাঠানগণের গড়ের অতি নিকটে গিয়া পৌছিয়াছিলেন। তথন দায়্দের সেনাগণ গড়ের বাহিরে আদিয়া, শেনাপতি সহ মোগলগণকে সম্লে ধ্বংদ করিল। এই থগুরুদ্ধে আবহ্লাহ্ অসাধারণ বীরত্ব প্রদর্শন করিয়াছিলেন—(তবকত-ই-আক্ররী)

সমাট সমীপে এই অপ্রত্যাশিত নৈরাশ্রময় সংবাদ পৌছিবামাত, তিনি বেহারের শাসনকর্তা মোজাফ্জর থানকে এ প্রদেশের সম্দয় সেনা লইয়া সত্তর থান-জাহানের সাহায্যার্থে যাইবার অসুমতি প্রেরণ করিলেন। মোজাফ্জর পাটনা ও ত্রিত্ত হুইতে ৫০০০ সহস্র অখারোহী সহ

গিয়া খান-জাগনের সহিত মিলিত হইলেন। হি: ১৮৪ সালের ১৫ রবিওল-আথের তারিখে এই সংযুক্ত মোগল দৈক, আগ্রা হইতে প্রেরিত তাহাদের প্রধান যুদ্ধান্ত কামানগুলি লইয়া মহাতেজে পাঠানগণকে আক্রমণ করিল। পাঠানবীর দায়ুদ খানও স্বীয় ধুলতাত-ভ্রাতা অন্মা সাহসী জোনেদ খান কেরুরাণীর অধীনস্থ ত্মশিক্ষিত পাঠনে সেনা সহ মোগলগণের প্রচণ্ড আক্রমণের গতি द्याध कतिए लागितन । जुमून युक्त गर्धा मात्रुत्मत्र श्रथान महात्र (कारनम्, শক্র পক্ষের কামানের গোলার উক্তক হইরা ভূপতিত হইলেন। তাঁহার সঙ্গে সঙ্গে, এই সাজ্যাতিক আগ্নেয় অন্তে বহু সাহদী পাঠান সেনাপতি মৃত্যমুখে পতিত হওয়ায়, সেনাগণ রণে ভক দিতে লাগিল। দায়ুদ খান বন্দি ইইলেন, এবং বঙ্গের শাসনকর্তা সেনাপতি থান জাহানের আজ্ঞাক্রমে, মহাবীর দায়ুদ থানের ছিল্লমন্তক সম্রাট সমীপে প্রেরিত হইল। যুদ্ধাবসানে মোগলেরা অনেক হন্তী ও অসংখ্য যুদ্ধান্ত হত্তগত করিয়া-ছিলেন। ২৩৬ বৎসর রাজত্বের পর দায়ুদ খানের সঙ্গে সঙ্গে বজের পাঠান রাজসূর্য্য চিরদিনের তরে অন্তমিত হইল (১৫৭৬ খুষ্টাব্দ)

দার্দ থান দেখিতে অতীব সুপুরুষ ছিলেন। বন্দি অবস্থায় স্নোপতি হোসায়েন কুলি থানের নিকট আনীত লইলে, তিনি প্রথমতঃ দার্দের প্রতি মৃত্যু দণ্ডাজ্ঞা প্রচার করিতে কোন মতে সম্মত হ'ল নাই। শেষে অধীনস্থ সমস্ত সেনানীগণের সমবেত অস্বোধে অনক্রোপার হইয়া, স্মাট প্রতিনিধি থান-জাহানকে, বঙ্গের শেষ পাঠান নরপতির প্রতি নিষ্ঠ্র প্রাণদণ্ডাজ্ঞা দিতে হইয়াছিল।

দশম সগ।

মোগল শাসনাধীনে বঙ্গ-বেহার-উড়িয়া। হোসায়েন কুলী খান খান-জাহান

রাজমহল জরের পর থান-জাহান, পাঠানগণের সমূদ্র হন্তীযূথ ও
যুদ্ধান্ত্র সহ দার্দের সমস্ত সম্পত্তি হন্তগত করিয়া, রাজা টোডর মল দারা
উচা সমাট আকবর শাহের নিকট পাঠাইয়া দিলেন। সঙ্গে সঙ্গে মোজফ ফর
থানের অধীনে পলারিত শত্রুগণের অন্থসরণে একদল সৈক্ত, প্রেরণ
করিলেন। পাঠানেরা এই সময় বেচারের পার্বভীয় দেশে আশ্রের
লইয়াছিল। মোজাফ্ফর থান ভারাপিত কার্যা স্বচাক্তরণে সম্পন্ন
করিয়া, স্ববাদারের আদেশ মতে রোটাস্ তুর্গ আক্রমণ করিলেন।
কিছু দিন অবরোধের পর রোটাস্ তুর্গ মোগলদিগের হন্তগত হইল
(১৫৭৮ খঃ ১৮৬ হিঃ)

খান-জাহান এই সময় উড়িয়ায় একদল সৈক্ত প্রেরণ করিয়া, মৃত দায়ুদের পরিবারকাকে বন্দী করিতে ও তাঁহার তথাকার সমস্ত সম্পত্তি অধিকার করিতে আদেশ দিলেন। তৎপরে কুচবেহার অধিকার করিয়া, তিনি তথাকার স্বাধীন রাজাকে দিল্লীশ্বরকে কর দিতে বাধ্য করিলেন। কুচবেহারের রাজা তদবধি দিল্লীর পদানত হইয়া রহিলেন :

৯৮৬ হিজরীর শেষ ভাগে সুবাদার খান-জাহান, মৃত্রে পূর্বে সমস্ত বঙ্গদেশ, তৎসহ বেহার ও উড়িয়া বিভাগ সম্পূর্ণরূপে মোগল-সামাল্যভুক্ত করিয়া দিয়াছিলেন।

মোজাফ্ফর খান

খান-জাহানের মৃত্যুর পর সমাট, রোটাস্ বিজয়ী বীর মোজাফ্ কর খানকে বালালা-বেহার-উড়িয়ার শাসনকর্তা নিযুক্ত করিলেন। এই নব শাসনকর্তাকে সৈপ্ত বিভাগে ও রাজকীয় অপরাপর কার্য্যে অধিক মনো-নিবেশ করিবার অবসর দিবার জন্ত, বাদশাহ তাঁহার রাজস্ব বিভাগের কার্য্যে সাহার্যার্থ রায় পুতর দাস ও মীর আদ্হামকে, সাধারণ বেতন বিভাগে রীজ বী খানকে এবং আবৃশ ফতেহ্ খানকে প্রধান বিচারকের পদে নিযুক্ত করিলেন।

এই নূতন বন্দোবন্তের ফলে, মোজাফ্ফর থান প্রথম বৎসরেই বালালার রাজস্ব হইতে দিল্লীর দরবাবে পাঁচ লক্ষ টাকা উদ্ভ ও অনেক হন্তী পাঠাইতে পারিয়াছিলেন।

তৎপরে সমাটের আদেশ মতে নোজাফ্ ফর থান, যে স্কল মোগল সেনাপতি পাঠান জারগীরদারগণের জারগীর গ্রাস করিয়া বিদিয়াছিলেন, তাঁহাদের নিকট আর-ব্যয়ের হিসাব চাহিলেন। ইহাতে বালেখরের জারগীরদার খালেদী থান ও ঘোড়াখাটের বাবা থান (যিনি কাক্শাল পাঠানগণকে বনীভূত করিতে পারিয়াছিলেন) বিজ্ঞোহের পতাকা উজ্জীন করিলেন জল্লকাল মথ্যে অনেক জারগীরদার তাহাদের দলে মিলিত হইল ও সকলে গলা পার হইয়া গৌড় নগর অধিকার করিল। জ্রুমে বজের সমস্ত জারগীরদার বিক্রোহীগণের পতাকা-নিয়ে সাম্লিলিত হইয়া, বিজ্ঞোহের তুম্ল বছি প্রজ্জ্ঞানত করিল, শেষে সমাটের রাজকোষ লুঠন আরম্ভ করিয়া দিল।

তৎপরে ট'ড়া অ্ধিকার করিয়া বিক্রোহীগণ, তুর্গমধ্যে অবরুদ্ধ রাজবন্দী দৈফুদ্দীন হোসায়েনকে অবরোধমৃক্ত করিয়া, তাঁহাকে দলপতি সনোনীত করিল; এবং সঙ্গে সঙ্গে স্থাদার মোজাফ্ফর থানকে হত্যা করিল। (১৫৮০ খৃঃ ১৮৮ হিঃ)

দিলীশ্বর তাঁহার শাসনকর্তার প্রাণ্বধে যত হঃখিত না হইয়াছিলেন, তাঁহার স্বজাতীয় ও স্বশ্রেণীভূক্ত অন্যন ত্রিংশ সহস্র সেনার সহিত আবার যুদ্ধ করিতে হইবে ভাবিয়া ততোধিক চিন্তিত হইলেন।

রাজা টোডর মল

বঙ্গের এই বিজ্ঞোহ দমনের জন্ম বাদশাহ আকবর, বছ গৈন্ত সমভি-ব্যাহারে রাজা টোড়র মল্লকে পাঠাইথা দিলেন এবং তাঁহার প্রতি এই আজ্ঞা দিলেন যে—পথে যাইবার কালে দিল্লীর ফর্মান প্রদর্শনে তিনি সমস্ত মোগল শাসনকর্তা ও জায়গীরদারকে যেন এই বিজ্ঞোহ, দমনার্থে সঙ্গে লইয়া যা'ন।

ভৌনপুরের শাসনকর্তা মোহাম্মদ মামুম তিন সহস্র উৎকৃষ্ট স্বাধারোহী সহ তাঁহার সমভিব্যাহারী হইলেন।

৯৮৮ হিজরীর জমাদিয়ল্-আথের মাসে রাজা মৃক্তেরে আসিয়া পৌছিলেন। এথানে আসিয়া তিনি অবগত হইলেন যে—বিজ্ঞোহীয়া ত্রিংশ সহস্র অখারোহী সহ ৩৮ মাইল দক্ষিণে ভাগলপুরে শিবির সন্ধিবেশ করিয়া অবস্থান করিতেছে এবং যুদ্ধের জন্ম প্রস্তুত হইয়া আছে। এইরূপে উভয় সেনা অবস্থান করিতে পাকাকালে, কয়েকটি খণ্ড যুদ্ধও হইয়া গেল।

রাজা টোডর মল প্রতাহই ডাক যোগে দিলীখরের নিকট উভর দেনার অবস্থা সম্বন্ধে সংবাদ প্রেরণ করিতে লাগিলেন। সম্রাট অবস্থা অবগত হইরা, বিপক্ষ দলকে থাভাভাবে বিপদে ফেলিবার সিদ্ধান্তে উপনীত হইলেন ও অধিক মূল্য স্বীকারে চতুস্পার্শস্থ সমূদর থাভ সামগ্রী কিনিরা লইবার উপদেশ দিয়া, জয়য়্দীন কাম্বুহ্ ও দরিয়া খানের হত্তে পাঁচ লক্ষ টাকা পাঠাইয়া দিলেন।

ক্রমে সমাট শিবিরে থাছদ্রব্য অত্যথিক মুল্যে বিক্রীত হইতেছে তিনিয়া, দলে দলে লোকে সেই স্থানে তাহাদের উৎপন্ন থাছদ্রব্য লইরা আসিতে লাগিল। এইরূপে অন্ধদিন মধ্যেই বিপক্ষ শিবিরে রসদের অভাব অক্সভৃত হইতে আরম্ভ হইল। এই সমন্ন বিদ্রোহী দলের প্রধান সহার বাবা থান কাঁক্শাল জর রোগে টাড়ার মৃত্যুমুথে পতিত হইলেন। এই সকল কারণে বিদ্রোহী সৈক্তদল ছত্রভঙ্গ লইরা পড়িল ও কথক মাস্থন কুলির অধীনে বেহার যাত্রা করিল। মজ্মুন ধান কাঁক্শাল পুত্র জবরারী থান, বহু সেনা সহ টাড়ার গিলা উপস্থিত হইলেন। আরব বাহাত্র পাটনা জ্বের আশার ক্রতগতি পাটনার সন্মিকটে গিলা উপস্থিত হইলেন।

রাজা পাটনা রক্ষার্থে একদল সম্রাট সৈক্ত প্রেরণ করিয়া, স্বয়ং সাদেক ধান সহ তাঁহার সমস্ত সৈক্ত লইয়া বেহারের দিকে অগ্রস্ব হইলেন। সাদেক ধান একজন বিচক্ষণ যুদ্ধবিতা বিশারদ প্রবীণ রণনিপুণ সৈক্তাধক্ষ ছিলেন। জান বেগ ও উলুগ থান, তাঁহার ছইজন সহকারী সেনানায়ক বিপক্ষ কর্তৃক নিশাযোগে আক্রাপ্ত হইয়া প্রাণ হারাইল; কিছু সাদেক বিপুল বিক্রমে শেষ পর্যান্ত যুদ্ধ করিয়া বিপক্ষ দলকে সম্পূর্ণরূপে পরাজিত ও বিভাজিত করিয়া দিলেন। বিজ্ঞোহী মাত্মম থাল পলাইয়া গিয়া বাক্ষালায় আশ্রেষ লইলেন। এই যুদ্ধাবদানে সমৃদ্ধ বেহার প্রদেশ বিজ্ঞোহী শৃক্ত হইয়া, স্মাটের পুনঃ হস্তগত হইল।

অতঃপর সমাট, আজম্ খানকে বেহারের শাসনকর্তা নিযুক্ত করিয়া, ৫,০০০ সহস্র অখারোহী সহ তাঁহাকে আগ্রা হইতে বেহারে পাঠাইয়া দিলেন; এবৃং সঙ্গে শাহবাজ্ খানকে রাজা টোডর মজের সাহায্যার্থ বহু সেনা সহ বন্ধদেশাভিমুখে প্রেরণ করিলেন। শাহ্বাজ হাজীপুরের সন্নিকটে উপস্থিত হইন্না অবগত হইলেন যে— বিজ্ঞাহী আরব বাহাত্র, রাজা গজপতির স্মরণাপন্ন হইন্না, তাঁহার নিকট অবস্থান করিতেছে। তিনি তৎক্ষণাৎ রাজার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিন্না, আরব বাহাত্রকে বিতাড়িত করিন্না দিলেন। রাজা গজপতি শাহ্বাজের বশ্যতা স্থীকার করিন্না প্রাণ বাঁচাইল।

এই সময় বন্ধ-বেহারের বিজ্ঞাহ লইয়া এতাধিক বিত্রত হইয়া পড়া সজ্ঞেও, আক্বরের স্থায় সাহসী কমিষ্ঠ বোদা কেন বে স্বয়ং বন্ধের বিজ্ঞাহ দমন করিতে আসিলেন না, এই কথা অনেকেরই মনে উদয় হইতে পারে। কিন্তু ইতিহাস পাঠক-পাঠিকারা একটু বিবেচনা করিয়া দেখিলেই হাদয়গন করিতে পারিবেন যে—সেই সময়ে মালব থণ্ড ও গুজরাটের বিজ্ঞাহ লইয়া সম্রাট মহাব্যস্ত থাকায়, এবং বাদশাহের সহেদের মির্জ্জা মোহাম্মদ হাকিম, তাঁহার রাজধানী কাবুল হইতে হিন্দুন্তান আক্রমণের বড়যায় করিতে থাকায়, সম্রাট আক্বর এই মহা সম্বটাবস্থায় কোন দিকে বাইবেন কিছুতেই স্থির করিতে পারেন নাই।

অবশেষে সমাটকে বাধ্য হইয়া কাবুল যাত্রা করিতে হইয়াছিল।

৯৯০ হিজরীর ১০ রজব শুক্রবার মহামাক্ত ভারত সমাট, ত্তর পার্বতীয়
প্রদেশের রাজধানী কাবুল নগরে গিয়া পৌছিলেন। মির্জা হাকিম সমাট
সায়িধ্যে আসিয়া ক্ষমা প্রার্থনা করায়, মহামুভব আক্বর শাহ ভাতার
রাজত্ব তাঁহাকে প্রত্যুপন করিয়া, তথায় বিংশতি দিবস অবস্থান করণান্তর
ভারতে প্রত্যাবর্ত্তন করিলেন। তৎপরে জালালাবাদের পথ দিয়া আসিয়া,
নৌসেতু যোগে সিন্ধুনদী পার হইয়া, রমজান মাসের শেষ তারিখে লাহোরে
পৌছিলেন। লাহোর হইতে সৈয়দ খান, রাজা ভগবান দাস, এবং
রাজকুমার মানসিংহকে পাঞ্জাব প্রদেশের ভিয়্ন ভিয়্ন খণ্ডের শাসনকর্তা
নিযুক্ত করিয়া, বাদশাহ দিল্লী প্রত্যাবর্ত্তন করিলেন।

কার্ল হইতে প্রত্যাবর্তন কালে ধান্মিকপ্রবর মীর আবু তোরাব, হজরত মোহান্মদের (দঃ) পদ চিহ্নান্ধিত এক থণ্ড প্রস্তুর অতি বত্তের সহিত সঙ্গে আনিতেছিলেন। দিল্লীতে ঐ সম্বন্ধে কথোপকথন হওয়ার পর, বাদশাহ্ কতিপয় পদস্থ ভমরাহগণ সহ ১২ মাইল পথ হাঁটিয়া গিয়া, উক্ত আবু তোরাবের নিকট হইতে, ঐ পবিত্র প্রস্তুর থণ্ড স্বত্তে আনয়ন করিয়াছিলেন। প্রস্তুর লইয়া আদিবার কালে মহামান্ত ভারত স্মাট আক্বর হইতে তাঁহার সমভিব্যাহারী আমীরগণ, প্রভ্যেকে নির্দিণ্ড কিছু দুর পর্যন্ত ঐ পবিত্র প্রস্তুর গানি স্বন্ধে করিয়া আনিরাছিলেন।

এই সময় আজম্ থানের সহিত বঙ্গের সুবাদার রাজা টোডর মল্লের মনোমালিক ঘটিবার উপক্রম হওয়ার, আজম্ থান সম্রাট সকাশে দিল্লীতে আগমন কুরিলেন। সম্রাটও এক বিভাগে গুই জন শাসনকর্ত্তা থাকিলে, শান্তির পরিবর্ত্তে অশান্তিরই অধিকতর সন্তাবনা বিবেচনা করিয়া, রাজা টোডরমলকে ডাকিয়া পাঠাইলেন ও আজিম থানকে থান-আজম উপাধিভে ভ্যিত করিয়া, বাঙ্গালা বেছার ও উড়িয়ার শাসনক্রীর সনন্দর্মই পাঠাইয়া দিলেন; এবং রাজধানীর যে সকল সেনা কাবুল অভিযানে স্মাটের সহিত যাত্রা করে নাই, স্মাট ভাহাদিগকে থান-আজম্মের সহিত বাঙ্গালাম্ব স্থেবণ করিলেন।

এই বৎসরই ৯৯০ হিজরী সম্রাটের অন্তমতিক্রমে মোল্ল আবহল কাদের, নিকব থান ও হাজী সোলতান থানেখনীর সাহায্যে, মহবি কৃষ্ণবৈপায়ন বেদ্যাসের মহোর্ঘর মতিক প্রস্তুত, শৃকার, বীর, করণ, অভুত, বিভৎস প্রভৃতি দশরস-উদ্দীপক মহা উপক্রাস, বনাম হিন্দুদিগের বিভীয় ধর্মগ্রন্থ নানা যুক্তি তর্ক পরিপূর্ণ অভুত পৌরাণিক ইতিহাস গ্রন্থ নহাভারতথানি সংস্কৃত হইতে পারস্থ ভাষায় অন্তবাদ করেন। কারসী ভাষায় ঐ গ্রন্থের নাম রমজ্নানা বা প্রহেলিকার গ্রন্থ রাথা হইল। তৎপরে ৯৯৯ হিজরীর

জমাদিওল আউরল মাদের শেষ ভাগে, মোলা আব্তুল কাদের ২৫,০০০ শ্লোকযুক্ত রামায়ণ গ্রন্থের পারতা ভাষায় অহ্বাদ সমাপ্ত করিয়াছিলেন।

আজিম খান ধান আজম্

সমাটের নিয়েজিত নব শাসনকর্তা থান-আজ্ম আজিম থান, একজন খুব রণকুশল সেনাপতি ছিলেন। বালালার মসনদে বসিয়া থান-আজম স্বীয় কৌশলজাল বিন্দার করিয়া বিজ্ঞোহীদিগের মধ্যে বিজ্ঞেদ জন্মাইয়া, তাহাদিগকে তুর্কল করিয়া দিলেন ও পরে উহাদিগকে অঙ্কেশে পরাভ্ত করিয়া, ১৫৮২ খুটাকো বালালা-বেহারের স্থাসনের পথ নিম্বন্টক করিলেন। কিন্তু টাড়া ও গৌড়ের জল-বায়ু তাঁহার সম্থ নাহ ওয়ায়, তিনি সমাটের নিকট পদভাগের প্রাথনা করিলেন।

এই সময় পাঠানেরা কত্লু থানের অধীনে সমবেত হইয়া, উড়িয়ায়
গোলযোগ বাধাইতে লাগিল। ক্রমে তাহারা মেদিনীপুর ও বিষ্ণুপুর
পর্যান্ত অধিকারভূক্ত করিয়া লইল। শেষে ১৫৮৩ খুটাব্দের শেষ ভাগে
থান-আজন উহাদিগকে দমন করিবার উদ্দেশ্যে, উড়িয়ায় বছ দৈল প্রেরণ করিলেন। কিন্তু আজম থানের প্রেরিত সেনাগণ হর্দ্ধর্ব আফ্গানদিপের সহিত সন্মুথ যুদ্ধে কৃতকার্য্য হইতে পারিবে না বিবেচনা
করিয়া, পশ্চাৎ পশ্চাৎ তিনি অপর একজন সেনানী ফরিদ উদ্দিন
বোধারিকে কতলু থানের সহিত সন্ধির প্রস্থাব করিতে পাঠাইয়া দিলেন।

ফরিদ উদ্দীন নিজ বংশ-মর্যাদার গৌরবে, পাঠান দ্তের প্রতি একটু তাচ্ছিল্য ভাব প্রদর্শন করার, আফ্গানেরা অতিশর অপমানিত হইরা, বঙ্গেরের দ্তের ব্যবহারের প্রতিফল দিবার জন্ত পরামর্শ স্থির করিতে লাগিল। অবস্থা বুঝিয়া চতুর ফরিদ ত্থা হইতে সুরিদ্ধা পড়িতে আরম্ভ করিলেন। এই কথা ক্রমে যথন কত্ লু থানের কর্ণে উঠিল, তথন তিনি জনৈক বাহাতুর থানকে তৎক্ষণাৎ ফরিদ উদ্দীনের বিরুদ্ধে প্রেরণ করিলেন। বাহাতুরের সহিত যুদ্ধে অনেক মোগল সৈত প্রাণ হারাইল।

মোগল সেনাপতি এই সংবাদ শুনিয়া, বৰ্দ্ধান হইতে অগ্ৰসর হইয়া কত্লু থানকে আক্রমণ করিলেন ও তাঁহাকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া, জন্ম মধ্যে বিভাডিত করিয়া দিলেন।

এই সময়ে খান-মাজম শারীরিক অস্ত্রন্তা নিবন্ধন, বালালা পরিত্যাগ করিতে বাধ্য হওয়ায়, মোগল দৈর আর পাঠানগণের অসুসরণ না করিয়া, রাজধানী টাঁড়ায় প্রত্যাবর্ত্তন করিল।

পরে থান-আজন বন্ধ-বেহারের স্থবন্দবন্ত করিয়া দিয়া, ছিজরী ১৯২ সালের রবিওল আউরাল মাসে আগ্রায় গিয়া পৌছিলেন। তথার তিনি ভারতেশ্বর কর্তৃক বিশেষ ভাবে সমাদৃত হইয়াছিলেন। তদনস্তর দিল্লীশ্বর খান-আজমকে গুজুরাটের শাসনকর্ত্তা নিযুক্ত করিলেন।

শাহ্বাজ থান কান্তু

এই শাহবাজ থান প্রথমতঃ রাজা টোডর মলের অধীনে একজন বিখ্যাত সেনাপতি ছিলেন ও তাঁহার সহিত বাঙ্গালার আগমন করিয়া, বহু যুদ্ধে অসীম সাহসিকতা প্রদর্শন করিয়াছিলেন। বিজোহী মাস্ম থানকে তিনিই সম্পূর্ণরূপে পরাস্ত করিয়া, অরণ্যময় পর্বেত্য দেশে বিতাড়িত করিয়া দিয়াছিলেন। তৎপরে থান আজমের শাসনকালে তিনি, খোড়াঘাটের পাঠানগণের সহিত যুদ্ধে ভাহাদিগকে পরাভূত করিয়া, ইহাদের সমস্ত দেশ ও ক্রমে অগ্রসর হইয়া ব্রহ্মপুত্র নদ পর্যন্ত সমৃদয় ভূথও, দিল্লীখরের শাসনাধীনে আনয়ন করিতে ক্তকার্য্য হইয়াছিলেন। শাহ্বাঞ্চ থানের এই অসাধারণ বীরত্বের পুরস্কার স্বরুপ সম্রাট,

খান-আজমের পদত্যাগের পর তাঁহাকেই বঙ্গ-বেহারের শাসনকর্তা নিযুক্ত করিলেন। এই সময় গৌড় টাঁড়া প্রভৃতি স্থান এতাধিক অস্বাস্থ্যকর হুইয়া পড়িয়াছিল যে—পশ্চিমাঞ্চল হুইডে কোন ওম্রাহ বঙ্গের শাসনকর্তা হুইয়াও এদেশে আসিতে সম্মত হুইডেন না। এমনকি দিল্লীখরের অফ্রোধ রক্ষা করিয়া, তাহাদিগকে বজ্গ-বেহারের স্থবাদার হুইয়াও আসিতে হুইলে, তাহারা ইহা তাহাদের প্রতি সম্রাটের নির্বাসন-দণ্ড বিবেচনা ক্রিতেন।

শাহবাজ থানও সেই মত প্রথমতঃ বাজালার আসিতে অসমত তইলেন। পরে পাছে সমাট অসম্ভই হ'ল তাবিয়া, অনিচ্ছার সহিত সম্পত তইরাছিলেন। বাজালার এই সমর ক্যাকেশ হেলান্ দিগের আধিপত্য অভিশর বৃদ্ধি পাইরাছিল। তাহাদিগকে দমন করা হংসাধা দেখিয়া, স্ববাদার শাহবাজ থান উহাদের সহিত সদ্ধি করিলেন। তিনি কুত্লু খানের সহিতও এই মর্ম্মে সন্ধি করিয়াছিলেন যে—কত্লু বাজালার সীমার মধ্যে কোন গোলযোগ না করিয়া, কেবল উড়িয়া লইয়া সম্ভই থাকিবেন।

এই উভয় কার্য্যে হীনতা প্রদর্শনে, সুযাদার শাহবাজের উপর দিল্লীখরের দারুণ সন্দেহ উপস্থিত হওরায়, তিনি, ১৫৮৭ খুষ্টাব্দে তাঁহাকে পদ্চাত করিয়া আগ্রায় ডাকিয়ালইলেন, এবং ওয়াজের থান হেরেবির উপর বালালা-বেহারের শাসনভার অর্পণ করিলেন। ওয়ার্জির থান টাঁড়ায় পৌছিয়া, অল্লদিন মধ্যেই সেই সাময়িক বালালার ত্রারোগ্য রোগগ্রন্থ হইয়া প্রাণ হারাইলেন।

রাজকুমার মানদিংহ

অম্বরপতি রাজা ভগবান দাস আমির-উল-ওমরা ও রাজা টোডরমল ওয়াকিল-উন্-নাল্তানাত মোলরফে-দিওয়ান, উভয়েই সেই সময় সম্রাট আকবরের সহিত পাঞ্জাবে ছিলেন! তৎপুর্কেই ১৯০ হি: রাজা ভগবান দাসের কন্থার সহিত সম্রাট তনয় সেলিমের (পরে বাদশার্ জাহালীর) বিবাহ হয়। এই কারণে বাদশার, ওয়াজির থানের মৃত্যুর পর রাজা ভগবান দাসের পূল্র সম্রাট সেনাপতি কুমার মানসিংহের উপর বল্ধ-বেহারের শাসনভার অর্পন করিলেন। কুমার সেই সমন্ন পেশাওরে বিজ্ঞাহ দমনে নিযুক্ত থাকার, তাঁহার বালালার না পৌছান কাল পর্যন্ত, পাটনার শংসনকর্ত্তা সৈয়দ থানকে, সম্রাট অন্থারিরূপে বালালার মস্নদে বসিবার আদেশ প্রেরণ করিলেন।

এই বৎসর ১৯৫ হিজরীর ১৯শে রজব তারিখে রাজা রাম সিংহের কন্তার সহিত বাদশাহ, তাঁহার একমাত্র পুত্র সেলিমের পুনরায় বিবাহ দিলেন। নরাজা রাম্নিংহ সমাট কুমারের সহিত স্বায় পুত্রীর বিবাহ দিয়া মহা গৌরবান্বিত হইয়া, কন্তাসহ বিশুর বহুম্লা ও উৎক্ট যৌতুক প্রেরণে শক্ত ইয়াছিলেন—(তব্কতে স্বাক্বরী)

সমাটের রাজ্তের এই ঘাত্রিংশ বর্ষে, জাঁহার সেনাপতি মোহাত্মন কাসেম থান, কংশীর দ্বর করিয়া শ্রীনগর অধিকার করেন ও ইউস্ফ্ থানের পুত্র ইয়াকুর থানকে বার বার যুদ্দে পরাস্ত করিয়া, শেবে তাঁহাকে বন্দী করিয়া সমাট সমীপে প্রেরণ করেন। এই বৎসরই সেনাপতি জারেন থানের সভিত মিলিত হইয়া, কুমার মানসিংহ খায়বার-পাসের যুদ্দে পাঠানলিগের পাঁচ সহত্র অখারোহী ও বিংশতি সহত্র পদাতিক সেনা বিশ্বস্ত করেন ও কাবুল, তথা থায়বারের প্রবেশ ঘার জম্কদ হুর্গ অধিকার করেন।

অতঃপর সমাট শ্রীনগর ও কাবুল পরিদর্শনের ইচ্ছার খীর পৌত্র কুমার মোরাদের ভত্তাবধানে রাজপুরীর মহিলাগণকে রক্ষা করিরা, ১১০ হিজরীর ২২ জমাদিরস সানি কাশ্যার যাতা করিলেন ও ১লা শাধান ভারিথে ভারতবর্যের ঐ পরম রমণীর উন্থান শ্রীনগরে পৌছিলেন। বাদশাহ কিছুদিন তথার অবস্থানাস্তর ২২ জিল্কদ কাব্লে পৌছিরা, পুনরার দুই মাস কাল কাব্লে অবস্থান করেন। কাব্লে থাকা কালে ভারতেশ্বর লাহোর হইতে, রাজা টোডরমল্ল ও রাজা ভগবান দাদের মৃত্যু সংবাদ পাইরা শোকে গ্রিরমান হইরাছিলেন। তৎপরে মোহাম্মদ কাসেম মীর বাহারের হত্তে কাব্লের শাসনভার অর্পণ করিয়া বাদশাহ ভারতে

কুমার মানসিংহ (এক্ষণে পিতৃ বিদ্যোগের পর থাজা মানসিংহ) ১৫৮৯ খৃষ্টাব্দে পাটনার আদিরা উপস্থিত হইলেন। এই সময় হাজীপুরের জমিলার পুরাণ মল্ল খেতৃরিরা, বিশুর সেনা সংগ্রহ করিয়াছেন অবগত হইয়া, করাদার মানসিংহ তাহার হুর্গ আক্রমণ করিলেন। পুরাণমল্প নিজের সমস্ত হন্তী তৎসহ বিশুর অর্থ দিয়া মানসিংহের সহিত সন্ধি করিলেন। পুরাণার সম্রাট সমীপে ঐ সমৃদ্র হন্তী পাঠাইয়া দিয়াছিলেন।

মানসিংহ ১৯৮ হিজরীতে উড়িয়া অভিযানের জন্ধ বেহারে সৈত সংগ্রহ করিতে লাগিলেন। বাঙ্গালার জল-বায়ু অস্বাহ্যকর বিধায়ে রাজা মানসিংহ টাড়া বা গৌড়ে না থাকিয়া প্রায় বেহারেই অবস্থান করিতে লাগিলেন, এবং সৈয়দ খান তাঁহার অধীনে শাসনক্তা স্বরূপ টাড়ায় রহিলেন।

অতঃপর রাজা মানসিংহ বহু সেনাসহ ভাগলপুর হইতে বর্দ্ধমানে গিয়া পৌছিলেন ও তাঁহার আদেশ মত দৈয়দ থান, কাটোয়া দিয়া তাঁহার সহিত বর্দ্ধমানে গিয়া মিলিত হইলেন। কিন্তু গৌড় ও টাড়া অঞ্চলে তথনও পর্যান্ত মহামারীর প্রকোপ নির্ত্তি না হইয়া বরং উভবোত্তর বৃদ্ধি হইতে থাকায়, দৈয়দ থান এই সময় অধিক দেনা সংগ্রহ করিতে পারেন নাই। রাজা মানসিংহ দারকেশ্বর নদীতীরে জাহানাবাদে শিবর সন্ধিবেশ করিয়া. বর্ধাবসান প্রতীক্ষা করিতে লাগিলেন।

ইতিমধ্যে কত্লু থানের পাঠান সেনাগণ মোগল শিবিরের নিকটবর্তী স্থান সমূহে লুটপাট আরম্ভ করিয়া দিল। শেষে রাজা স্থীর পুত্র কুমার জগৎ সিংহকে উহাদের দমনার্থ বহু সেনা সহ প্রেরণ করিলেন। চতুর চুড়ামণি কত্লু থান তথন সন্ধির ভাগ করিয়া, এই অপরিনামদর্শী যুদ্ধ কৌশল অনভিজ্ঞ যুবক জগৎ সিংহকে অতি সহজে ভুলাইয়া রাখিলেন; পরে অবসর ব্ঝিয়া, ধেরপুর নামক স্থানে তাঁহাকে আক্রমণ করিয়া তাঁহার অধীনস্থ প্রায় সমন্ত সেনা নিঃশেষ করিলেন ও কুমারকে বন্দি করিয়া লইয়া গেলেন।

এই সময় বিকুপুরের রাজা পাঠানগণের পক্ষে ছিলেন। পাঠান সেনানী বাহাত্তর থান বন্দি জগৎ সিংহের প্রাণনাশের আজা দিলে, বিকুপুর-রাজ বহু অন্থরোধ করিয়া, বাহাত্ত্রের নিকট হইতে জগৎ সিংহের প্রাণ-ভিক্ষা লইয়াছিলেন। অতঃপর জগৎ সিংহকে পাঠান শিবিরে বন্দী অবস্থায় থাকিতে চইল।

এই সময়ে মানসিংহের শুভাদৃষ্ট ক্রমে পাঠান বীর কত্নু থানের মৃত্যু ভ্রেয়র, তদীর মন্ত্রী থাজা ইসা, কত্নু থানের অল্ল বয়য় পুতাগণের পক্ষেকুমার জগৎ সিংহের প্রাণের বিনিময়ে সন্ধির প্রশুবি করেন। রাজা মানসিংহ আপত্য ক্রের বশবর্তী হইয়া এই শর্তে সন্ধিপত্রে স্বাক্ষর করিলেন যে—তিনি উড়িয়ায় পাঠানসংগর রাজত্বে হন্তক্ষেপ করিবেন না ও পাঠানেরা উড়িয়ার মধ্যে কেবল মাত্র জগন্নাথের মন্দির ও তৎসংলগ্ন নির্দিষ্ট কিছুদুর পর্যাক্ক ভূভাগ, বঙ্কের স্বাদারকে ছাড়িয়া দিবেন।

এই সন্ধির পর রাজা, পুত্র জগৎসিংহকে লইরা পাঠানগণ প্রাদম্ভ দেড়শত কণ্ডী সমভিব্যাহারে প্রত্যাবর্ত্তন বেহারে করিলেন।

উড়িয়া বিজয় সম্বন্ধে স্থবাদার মানসিংহের এইরূপ নির্জীবতার সংবাদ পাইয়া, সমাট আক্বর যৎপরনান্তি তঃখিত হইয়াছিলেন কিছ তত্রাণি তাঁহার অধীনস্থ স্থবাদার কৃত এই সন্ধির শর্ত্তে হণ্ডক্ষেপ না করিয়া স্বীয় মহামুভাবতার পরিচয় দিরাছিলেন।

ছই বংসর পরে থাজা ইসার মৃত্যু হওরার, আফগানগণ জগন্নাথকেত্র আক্রমণ করিল; এবং এই কারণে রাজা, বাদশাহের নিকট আবার উড়িস্থা আক্রমণের অন্তমতি চাহিয়া পাঠাইলেন।

স্থাটের অসুমতি পাইয়া স্থবাদার, বেহারের সেনাগণকে ঝাড়খণ্ডের পথে মেদিনীপুরে পাঠাইয়া দিয়া, ভয়ং নৌকাষোগে টাড়ায় সৈয়দ থানের উভ্তেভা গমন করিলেন। তৎপরে সসৈজে সেনাপতি সৈয়দ খানকে সজে লইয়া ভ্রগরেথা তীরে, বেথানে পঠান সেনাগণ অপেক্ষা করিতেছিল,তথায় উপস্থিত হইলেন ও কিছুদিন সেইস্থানে অবস্থান করিতে লাগিলেন।

অবশেষে পাঠানগণ অধৈর্য্য হইরা নদী পার হইরা, মোগল স্নোগণের উপর নিপতিত হইল। এই কার্য্যে পাঠানেরা এবারও তাহাদের অগণ্য হন্তীযুথের উপরই অধিক ভরসা করিরাছিল। কিন্তু সমাটের কামান-নিঃস্ত গোলার পাঠানগণের হন্তী অধিকক্ষণ রণক্ষেত্রে তিষ্ঠিতে পারিল না। তৎপরে পাঠানগণ সমবেত হইরা এক্ষোগে অমিত-তেজে মোগল বাহিনীকে আক্রমণ করিল। মোগলেরা সংখ্যার অধিক থাকা হেন্তু সমন্ত দিবস যুদ্ধের পর, পাঠান বীরগণ ক্রমশঃ সংখ্যার কমিতে থাকার, সন্ধ্যার সময় রণে ভ্রু দিরা, কটক তুর্গে আশ্রার লইল।

কটকের তুর্গ সেই সমর জনৈক রামচক্রৈর অধিকারে ছিল, মোগল সেনাগণ তুর্গাবরোধ করার, রামচক্র অগত্যা নিজের ও পাঠানগণের পক্ষে সন্ধির প্রস্থাব করিলেন।

এই সন্ধিবারা পাঠানগণ উড়িয়া বিভাগ হইতে চিরকালের জক্ত বহিদ্ধত হইল ও বঙ্গে থলিফাবাদ জেলামাত্র জায়গীরম্বরূপ প্রাপ্ত হইল। রামচন্দ্র অতঃপর দিল্লীর অধীনস্থ জমিদার হইয়া রহিলেন। রাজা মানসিংহ তৎপরে অস্বাস্থ্যকর গৌড় হইতে, বঙ্গ-বেহার-উড়িব্যার রাজধানী রাজমহলে স্থানাস্তরিত করিলেন! এই নগরের উন্নতির সঙ্গে সঙ্গে ইহার নাম পরিবর্ত্তিত হইয়া "আক্বর নগর" হইল।

> • • ২ হিজরীতে দিলীখর তাঁহার অল্পবন্ধ পৌত্র সোলতান খদককে উড়িয়াবিভাগের শাসনকর্তা নিযুক্ত করিয়া, তাঁহার অধীনে ৫,০০০ সহস্র সৈক্ত রক্ষা করিলেন। রাজা মানসিংহ, উড়িয়াবিভাগের জক্ত কুমারের অভিভাবক হইয়া রহিলেন; এবং সৈয়দ থান বেহার বিভাগের প্রধান সেনাপতি নিযুক্ত হইলেন।

১০০৪ হিজরীতে কুচ বেহারের রাজা লক্ষণনারারণ, স্থাদার মান-সিংহের সহিত সাক্ষাৎ করিয়া দিল্লীখরের সম্পূর্ণ অধীনতা স্বীকার করিলেন। এই কারণে কুচ্বেহার রাজের আত্মীরগণ তাঁহার উপর বিরক্ত হইয়া, তাঁহার বিরুদ্ধাচরণ করিল ও লক্ষণনারারণ স্বীয় হুর্মমধ্যে অবরুদ্ধ হইয়া পড়িলেন।

কুচ্বেহার রাজের এই ত্রবস্থার সংবাদে, সেনাপতি জেহাজ থান, মোগল সেনা সমভিব্যাহারে কুচ্বেহার রাজ্যে প্রবেশ করিয়া, বন্দি রাজাকে মৃক্ত করিয়া দিয়া, বহু ধনরত্ব সহ রাজধানী প্রত্যাবর্তন করিলেন।

১০০৭ হিজরীতে সমাট আক্বর, মানসিংহকে দাক্ষিণাত্য জরের সাহায্যের জন্ম সৈক্তসহ ডাকিয়া পাঠাইলেন। রাজার বঙ্গদেশ পরিত্যাগের সঙ্গে সঙ্গে আবার পাঠানেরা কত্লু থানের পুত্র ওস্মান থানের অধীনে বিজ্ঞাহী হইয়া উঠিল, এমনকি গেন্দেরাকের (ভক্তকের) য়ুজে পাঠানেরা মোগল বাহিনীকে সম্পূর্ণরূপে পরাজিত করিতে কৃতকার্য্য হইয়াছিল। এই য়ুজে মহাসিংহের সেনাপতি প্রতাপসিং মোগল সৈক্তের নেতা ছিলেন। (আক্বর নামা)। মোগল সেনার এই পরাজ্যের সংবাদ পাইরা সম্রাট, পুনরার রাজা মানসিংহকে আজমীর হইতে ডাকাইরা, এবার বহু সৈত সহ বাঙ্গালার পাঠাইরা দিলেন। শ্রীপুর-আটাইরার নিকট পাঠানগণের সহিত মোগল সেনার যে যুদ্ধ হইল, তাহাতে পাঠানেরা মোগল-রাজপুতের আক্রমণ সহ্ করিতে না পারিয়া, রণে ভল্প দিল। রাজা মানসিংহ ১০১০ হি: ১৬০৪ স্থাইাক পর্যান্ত বন্ধ-বেহারের শাসনকর্তা আবার পদে নিয়ক্ত রহিলেন।

এই বৎসর সম্রাট-মাতা হামিদা বাসুর মৃত্যু হর! বাদশাহ আক্বর অপরাপর আমীরগণের সহিত শবদেহ স্কন্ধে করিয়া প্রাকার বেষ্টিত দিল্লীর বাহিরে, তাঁহার পিতৃ-সমাধির পার্যে মাতাকে সমাধিস্থ করিলেন।

অতঃপর আবুল-ম্জিদ আশক্থান বস-বেহারের শাদ্নকর্তা নিযুক্ত হুইলেন।

এই সময় স্থাট আক্বরের দেছ ভালিয়া পড়ায়, প্রধান মন্ত্রী খানআজিমের উপর সামাজ্যের সমস্ত ভার অপিত হইল। স্থাট ইদানীস্থন
তাঁহার একমাত্র পুত্র দেলিমের উপর অসম্ভষ্ট ছিলেন। অপর পক্ষে
দেলিম-পুত্র কুমার অস্ক্র, প্রধান মন্ত্রীর কন্তাকে বিবাহ করায়, এবং
রাজা মানসিংহের সহোদরার গর্ভজাত পুত্র বিধায়, সামাজ্যের এই
মহাপরাক্রমশালী ব্যক্তিঘয়, কুমার সেলিমের পরিবর্ত্তে স্থাট-পৌত্র
কুমার অসক্রকে বাদশাহের পর, সিংহাসনে বুসাইবার পক্ষপাতি হইয়া
উঠিলেন।

কুমার সেলিম এই সময় পিতার মৃত্যুশব্যার পার্থে ছুই দিবস অবস্থান করিয়া, সাধ্যমত তাঁহার সেবা শুশ্রাবা করিতেছিলেন; এই অবস্থায় বাদশাহ প্রধান মন্ত্রী ও রাজা মানসিংহকে ডাকিয়া, কুমার সেলিমকে তাঁহার সিংহাসনের উত্তরাধিকারী নিযুক্ত করিয়া সকল বিবাদের মীমাংসা করিয়া দিলেন। ১০১৪ হিজরীর ১৬ই জমাদিওল আথের তারিথে ভারত সমাট জালাল উদ্দীন মোহাম্মদ আক্বর বাদশাহ, তাঁহার চিরপ্রির আগ্রা নগরে ইহধাম পরিত্যাগ করিলেন।

জাহালীর বাদশাহ হইয়া পুনরায় খীয় খালক রাজা মানসিংহকে করেক মাদের জক্ত শাসনকর্তারূপে বালালায় পাঠাইয়া দিলেন। আট মাস পরেই সমাটের আজ্ঞায়, আবার তাঁহাকে বালালা পরিত্যাপ করিয়া যাইতে হইল।

একাদশ সগ্

->#4

কোত্ৰ-উদ্দীন খান কোকলতাশ।

রাজা মানসিংহের পর সম্রাট জাহাঙ্গীর, কোতবউদ্ধীন খানকে বাঙ্গালা-বেহার-উড়িয়ার শাসনকর্ত্তা নিযুক্ত করিলেন। ১৬০৬ খৃষ্টাব্দে ১০১৫ হিঃ ১ই শফর তারিখে, এই নব নিযুক্ত শাসনকর্তা সম্রাটের নিকট হইতে খেলরাত্ লইরা বহু অখারোহী ও পদাতিক সেনা সম্ভিব্যাহারে দিল্লী পরিত্যাগ করিলেন।

বাঙ্গালার রাজধানী রাজমহলে পৌছিবার পর, বর্দ্ধমানের শাসনকর্তা জগৎপ্রসিদ্ধ স্থানী বাজমহলে পৌছিবার পর, বর্দ্ধমানের শাসনকর্তা জগৎপ্রসিদ্ধ স্থানী মেহের-উরেসার স্থানী আলিকুলি খান শের আফ্ গান, রাজধানীতে উপস্থিত হইরা, সম্রাট প্রতিনিধিকে যথেষ্ট সম্মান প্রদর্শনে অন্তর্থনা না করার অপরাধের অরথা ছল ধরিয়া, স্থবাদার তাঁহাকে সামাক্ত অপরাধীর ক্যায় স্থীয় রাজধানীতে আহ্বান করিলেন। শের, বঙ্গেশরের এই আচরণে সম্পূর্ণ সন্দেহ পরবশ হইলেও, তিনি তাঁহার নিজের অসাধারণ শারীরিক ক্ষমতার বিষয়ে এতার্ধিক প্রত্যয়শীল ছিলেন যে, রাজমহলে আসিবার সময় সামাক্ত তুই চারি জক্ত সহচর ভিন্ন কোন দেহরক্ষী সেনাই তাঁহার সঙ্গে লয়েন নাই। রাজধানীতে উপস্থিত হইয়া, তিনি তাঁহার অবস্থানের জক্ত যে প্রাসাদ পাইয়াছিলেন, নিশাকালে তাহার পাহারার নিমিন্ত কোন অস্থারীও রাথিতেন না। শেষে এই অসাবধানতার জক্ত তাঁহাকে বড় বিপন্ন হইতে হইয়াছিল।

একদা নিশাকালে ৪০ জন ঘাতৃক তাঁহার শয়নকক্ষে প্রবেশ করিয়া

তাঁহাকে অতর্কিত ভাবে আক্রমণ করিল। বীর-পুঙ্গব শের আফগান নিক্রাভঙ্গে উঠিয়া, তাহাদিগের মধ্যে অনেককে ধরাশায়ী করিলেন। অবশিষ্ট যাতকেরা পলায়ন করিয়া প্রাণ বাঁচাইল।

ইহার পর সমাটের অন্তমতি ক্রমে স্থবাদার কোতব উদ্দীন, শের আফগানকে বন্দী করিয়া, দিল্লীতে প্রেরণ করিবার আশায়, তাঁহার নিকট গিয়া, নিজে নিহত হইলেন। পরে তাঁহার সহচরগণ উপর্যুপরি বন্দুকের গুলি বর্ষণের পর, প্রথমতঃ শেরের ঘোড়াটীকে নিহত করিল। তৎপরে ক্রমান্তরে ছয়টী গুলির আঘাতে শের আফগানের বীরবপু ধরাশায়ী হইল।

কোতবউদীনের মৃত্যুর পর ১৬০৭ খৃষ্টাব্দে বেহারের শাসনকর্তা জাহালীর কুলি থান, বালালার মসনদে বসিলেন।

জাহান্দীর কুলি একদিকে অতিশর ধর্মপরায়ণ হইলেও, অপর পক্ষে তিনি বড়ই নিষ্ঠুর ছিলেন। বঙ্গের প্রজাবর্গের সৌভাগ্যবশতঃ ইহাকে এক বৎসরের অধিককাল স্থবাদার হইয়া থাকিতে হয় নাই।

এই স্থলে দিল্লীশ্বর আক্বরের পালক পুত্র এই জাহান্দীর কুলির পিতৃ ভক্তির বিষয় সামাস্ত একটু উল্লেখযোগ্য।

সমাট আক্বর বাল্যকাল হইতেই ভাগ্য-বিতাড়িত হইয়া, এবং কেশোরে নিয়ত যুদ্ধ-কার্য্যে ব্যাপৃত থাকায়, বিভার আলোক তাঁহাকে স্পর্শ করিবার অবকাশ পায় নংই। এমন কি দিল্লীয়র নিজের নাম পর্যান্ত লিখিতে পারিতেন না। তথাপি তাঁহার এই পুত্র জাহান্সীর, পিতা সম্বদ্ধে এইরূপ বর্ণনা করিয়াছেন—

"আমার মহামাস্থ পিতা নিরক্ষর থাকা সত্ত্বেও, সর্বক্ষণ মহামহা পণ্ডিত-মণ্ডলীর সংশ্রবে থাকিয়া ও তাঁহাদের সহিত সর্বদা বাক্যালাপ করিয়া, তাঁহার অভিজ্ঞতা ও ভাষাজ্ঞান এরূপ জন্মিরাছিল, এবং মার্চ্জিত কণোপকথনে এতাধিক ব্যুৎপত্তি হুইয়াছিল যে—তাঁহাকে কেহই অশিক্ষিত বলিয়া ধারণা করিতে পারিত না। তাঁহার অসাধারণ বৃদ্ধি ও বিবেক পরিমার্জ্জিত হইয়া, তাঁহাকে এরূপ সর্ব্ব-কার্যক্ষম করিয়া তুলিয়া-ছিল যে, এই সম্পূর্ণ অশিক্ষিত সমাটের স্থায় কাব্য-রসাম্বাদন করিতে, তাঁহার রাজ-সভার আর বিতীয় কেহ ছিল না বলিলেও অত্যুক্তি হয় না। উৎক্রষ্ট কবিতা সকলের কোমলতা ও মাধুর্য্য সকলের অপেক্ষা সমাট অধিক হাদয়শ্বম করিতে পারিতেন।"

আক্বর পুত্র বাদশাহ জাহাদীর, স্বহন্ত-লিখিত জীবন চরিতে যাহা লিপিবদ্দ করিয়া গিয়াছেন, তাহাতে তিনি সৎসাহসের পরিচয় দিয়া, কোন স্থানে নিজ দোষ ঢাকিবার আদৌ চেটা করেন নাই।

বাল্যকাল হইতে জাহান্সীর যে অতিরিক্ত মন্তপায়ী ছিলেন, তাহা তিনি তাঁহার লিখিত জীবনীতে স্বীকার করিয়া গিয়াছেন। তিনি আরও বলিয়াছেন যে—

"আমার এই কু-স্বভাব, আমি আ-জীবন সংশোধনের চেটা করিয়াও বিফল মনোরথ হইয়ছি। তবে ত্রিংশ বর্ধ বয়ক্রম কাল হইতে রাত্রিকালে ভিন্ন দিবলে কথনও আমি মছাপান করি নাই। আমার শেষ জীবনের পান দোব, কেবল আমার খাছদ্রব্য পরিপাকের সাহায্যার্থ ছিল মাত্র।"

এই নরপতি ষ্বন্ধং মতাসক্ত থাকা সত্ত্বেত্ব, রাজ্যমধ্যে মত প্রস্তুত ও বিক্রম্ম বন্ধ করিয়া দিবার জন্ম সাধ্যমত চেষ্টা করিয়া গিয়াছেন।

বাদশাহ জাহান্দীর ঈর্ধাপরতম্ব হইরা কির্মণে অন্তগত নরসিংহ দেবের ঘারা, পিতার প্রিয় আমাত্য আবুল ফজল্কে হত্যা করিয়াছিলেন; তাহা তিনি তাঁহার জীবনীর মধ্যে নিজ হত্তে লিখিয়া গিয়াছেন।

একদা করেকজন হিন্দু পণ্ডিতের সহিত ঈশ্বরের দশ অবভার সম্বন্ধে তাঁহার এইরূপ তর্ক উপস্থিত হয়— সম্রাট বলিলেন—"সকল ধর্মেই ত' ঈশ্বরকে অসীম-অনস্ক বলিরা
শীকার করে; তবে আপনারা কেন সেই অসীম মহান্ বস্তুটীকে সীমার
গণ্ডিরমধ্যে আবদ্ধ করিতে চান ? যত্তপি আপনারা বলেন দে—এই
অবতার দেহগুলির মধ্যে সেই ঐশ্বরিক আলোক বা প্রতিরূপ দেখা
গিরাছিল; তহুত্তরে আমি এই বলিতে চাই যে—কেবল অবতার কেন,
আনেক বস্তুতেই ত' তাহা দেখা যায়। আর যদি এই প্রতিরূপ কেবল ঐ
অবতার কয়্টীর প্রতিই বিশেষরূপে আরোপ করিতে চা'ন, তাহা হইলে
ইহাও দেখা যায় যে—সকল ধর্মাবলম্বীগণের মধ্যেই কোন না কোন সময়ে
এরপ অনেক লোক জন্মগ্রহণ করিয়াছেন, যাহারা অপর সকলের
অপেক্ষা অত্যধিক জ্ঞান-বৃদ্ধির বা বল-বীর্যোর পরিচয় দিয়া গিয়াছেন ও
সঙ্গে সধ্যে বহু অলৌকিক বিশার্মনক ব্যাপার প্রদর্শন করিয়াছেন।"

এই সম্বন্ধে দিল্লীশ্বর স্থীয় পুন্তকে আরো লিপিবন্ধ করিয়া গিয়াছেন যে—"শেষে হিন্দু পণ্ডিতগণকে আমার নিকট স্থীকার করিতে হইয়াছিল বে, বিশ্ব-ব্রহ্মাণ্ডের ক্ষি, পালন ও লয় কর্ত্তা, একমাত্র একটা অতি বৃহৎ সামগ্রীর ধারণা উহাদের কৃত্ত মনের মধ্যে সক্লান না হওয়ায়, তাঁহারা এই মধ্যবন্ত্রী প্রতিমৃত্তিগুলির ঘারা তাঁহাদের মনকে ক্রমশঃ উয়ত করিয়া, সেই মহান্ পরমেশ্বরের নিকট লইয়া যাইবার চেষ্টা করেন। আমি উত্তর্ম করিলাম,—তাঁহারা এই ভ্রান্তিমূলক উপার অবলম্বনে, কোন ক্রমেই তাঁহাদের যথার্থ ইন্সিত বস্তু পাইতে পারেন না। (ওয়াকেয়াতে জাহাজিরী)

আলাউদ্দীন এস্লাম খান

সম্রাট-জাহান্দীর, বেহারের এই যুবক শাসনকর্তাকেই জাহান্দীর কুলির মৃত্যুর পর, বান্দালা শাসনের সনন্দ পাঠাইয়া দিয়া, তাঁহাকে সম্বর বেহার পরিত্যাগ করিয়া, বন্ধদেশে আদিতে অমুমতি করিলেন। এদ্লাম থান, রাজধানী রাজমহল হইতে উঠাইয়া লইয়া গিয়া, পূর্ববন্দে ঢাকা নগরে স্থাপন করিলেন। বেহারের শাসনভার আফুজল খানের উপর ক্রন্ত রহিল।

এই সময়ে পর্জ্ গীজের। আরাকাণ ও চট্টগ্রামের সম্ক্রতীরে বাস করিতে থাকা নিবন্ধন, উহাদের মধ্যে অনেকেই আরাকাণ রাজের সৈক্ত শ্রেণীতে প্রবেশাধিকার পাইয়াছিল। রাজা পর্জ্ গীজদিগকে অনেকগুলি ক্ষুক্ত ক্ষাপ দান করিয়া, তাহাদিগকে বশীভূত করিয়া রাথিয়াছিলেন। কিন্তু ক্রমে এই পর্জ্ গীজ জলদন্ত্রগণ এতদ্র অত্যাচারী ও বিশ্বাস্থাতক ছইয়া উঠিয়াছিল বে, রাজা বাধ্য হইয়া, তথন তাহাদিগকে বিতাড়িত করিবার উপায় উদ্ভাবন করিতে লাগিলেন। শেষে অনক্রোপায় হইয়া, আরাকাণ রাজকে অনেক পর্জ্ গীজের বিনাশ সাধন করিতে হইয়াছিল। অবশিষ্ট প্রবাসী পর্জ্ গীজগণ নৌকাযোগে পলাইয়া গিয়া, গঙ্গার মোহানাম্ব ক্ষ্ ক্র বীপাবলীতে আশ্রম লইয়া দন্তাব্ভিদারা জীবিকা-নির্বাহ করিতে লাগিল।

সন্দীপের সৈনিক শাসনকর্তা ফতেহ্ থান, পর্জুগীজ দম্যদিগের এই অত্যাচারের প্রতিবিধান স্বরূপ, তাহাদের অধিকৃত দ্বীপগুলি অধিকার করিয়া, প্রায় সমস্ত পর্জুগীজ অধিবাসীকে বিনাশ করিলেন; তন্মধ্যে যে ক্ষজন পলাইতে কৃতকার্য্য হইরাছিল, ফতেহ্ থান তাহাদিগকে অর্থপোত যোগে দক্ষিণ-সাহ্বাজপুর দ্বীপ পর্যান্ত তাড়াইয়া দিয়া, তঃসাহসিকতার পরাকাঠা প্রদর্শন করিয়াছিলেন। শেষে এই অপরিণাম দর্শিতার ফলেই, ফতেহ্ থানকে পর্জুগীজগণ কর্তৃক সমৈক্তে বিনষ্ট হইতে হইয়াছিল।

এই উৎসাহে উৎসাহিত হইয়া ইউরোপ খণ্ড হইতে দলে দেল পর্জু গীজ স্মাসিয়া, ভারতে উপনিবেশ স্থাপনের ইচ্ছায় ভারতীয় পর্ত্ত গীজগণের সহিত যোগ দিতে লাগিল; এবং স্থানীয় খুষ্টান ধর্মাবলমীরাও তাহাদের দল পরিপুষ্ট করিতে লাগিল। এই দস্যাদল সেবাষ্টিয়ান্ গঞ্জালেন্কে তাহাদের দলপতি নিযুক্ত করিয়া, সন্দীপ অধিকারে প্রতিজ্ঞাবদ্ধ হইল।

১৬০৯ খৃষ্টাব্যের মার্চ্চ মাসে গঞ্জালেদ্ সন্দ্বীপ অধিকার করিয়া, তথাকার মোগল কর্মচারী ও সেনাগণকে হত্যা করিয়া, ফতেহ্ খানের ব্যবহারের প্রতিশোধ লইল।

এই সময়ে গঞ্জালেদের অধীনে এক সহস্র পর্ত্ত গীজ, দিগুণ সংখ্যক ভারতীয় সেনা, তুই শত অখারোহী ও আশিটী সময়োচিত উৎকৃষ্ট কামানবাহী রণপোত ছিল।

আরাকাণ রাজের ভ্রাতা আনাপোরাস্ এই সময় গঞ্জালেসের সহিত যোগ দিয়া, তাহার হৃত-রাজ্য অধিকার করিবার চেষ্টা করিতে লাগিল ও শীয় ভয়িকে জলদস্যু গঞ্জালেসের সহিত বিবাহ দিল।

১৬১০ খুটাব্দে আরাকাণ রাজের সহিত গঞ্জালেসের দল্লি হইরা গেল। তথন উভর সেনা মিলিত হইরা, মোগলগণকে বাঙ্গলা হইতে তাড়াইয়া দিবার চেটা করিতে লাগিল। এই প্রকারে উহারা মেঘনার পূর্ব তীরবর্ত্তী লক্ষীপুর ও বুলোয়া বিনাযুদ্ধে অধিকার করিল। কিন্তু এই ব্যাপারের সঙ্গে সফে মোগল সেনাগণ তথার উপস্থিত হইয়া, তাহাদিগকে প্রায় সমূলে ধ্বংস করিয়া, পলায়্বিত মগ ও পর্ত্ত্তুগীজগণকে চট্টগ্রামের শেষ সীমা পর্যন্ত তাড়াইয়া দিয়াছিল। রাজা অতি কটে হন্দ্বী আরোহণে নদী পার হইয়া প্রাণ বাচাইল। তৎপরে পর্ত্তুগীজেয়া বা আরকাণ রাজা আর মন্তক উন্তোলন করে নাই।

পর বংসর হি: ১০২০, ১৬১১ খৃষ্টাব্দে স্থবাদার, তাঁহার বিখ্যাত যুদ্ধবিত্যা-বিশার্দ বিচক্ষণ সেনাপতি শোজায়াৎ খানকে, পাঠান-শার্দ্দ্ কতনু থার পুত্র ওস্মান খানের দমনে প্রেরণ করিলেন। বীর কেশরী ওস্মান তথন স্বর্ণ-রেথা নদীরতীরে শিবির সমিবেশ পূর্বক অবস্থান করিতেছিলেন। তাঁহার চতুষ্পার্শবর্ত্তা স্থানগুলি প্রায় জলাভূমি হওয়ায়, তাহা মোগল অখারোহীগণের পক্ষে যুক্ক করিবার উপযুক্ত ছিল না।

সমাট সেনাধাক্ষ শোজায়াৎ খান, প্রথমতঃ ওস্মানের নিকট, দিল্লীশ্বরের অধীনতা স্বীকার করিবেন কি না জিজ্ঞাস্ম হইয়া, দ্ত প্রেরণ করিবেন ! স্বাধীনচেতা গব্দিত পাঠান বাঁর ওস্মান হ্বণার সহিত বঙ্গেখরের দ্তকে ফিরাইয়া দিয়া, সেনাপতিকে যুদ্ধের জক্ত প্রস্তুত হইয়া থাকিতে বলিয়া পাঠাইলেন।

দৃত মৃথে এই দান্তিকতা-পূর্ণ উত্তর শুনিয়া মহাসেনাপতি শোলায়াৎ থান অধীনস্থ সেনানীগণকে, পাঠানদিগকে আক্রমণ করিবার জক্ত প্রস্তুত হইতে অনুমতি দিলেন। অপর দিকে তুর্দ্ধর্ব পাঠানেরাও রঙ্গেশরের সেনাগণকে বাধা দিবার জক্ত দৃঢ়ব্রত হইতে লাগিল।

গুন্নান, তাঁহার আক্রমণকারী সৈত্ত শ্রেণীর সন্মুখে হতীযুথ সজ্জিত করিলেন। ইঙ্গিত মাত্র ঐ সকল পর্বতাকার জীমকার মাত্ত্বের দল তাহাদের সন্মুখস্থ সমস্ত ক্রব্য ভূমিসাৎ করিতে করিতে, মোগল সেনার দিকে ধাবিত হইতে লাগিল।

মোগল বাহিনীর দক্ষিণ দিক, সেনাপতি সৈয়দ আদম্ ও বামদিক এফ তেখার থান রক্ষা করিতেছিলেন। তাঁহারা উভয় দিক হইতে রণক্ষেত্রে পাঠানগণকে বেষ্টন করিলেন। এই সময় যে মহারণ আরম্ভ হইল, তাহাতে পাঠান পক্ষের বিশুর সেনানী মোগল তরবারির আঘাতে ধরাশারী হইল।

মহাবীর ওস্মান এই অবস্থা দর্শনে দ্বিগুণ উৎসাহে উৎসাহিত হইরা, তাঁহার তেজবান হত্তী "বথ্তের" পৃষ্ঠে আরোহণ, করিরা, ঘোরতের যুদ্ধের কেন্দ্রন্থলে উপস্থিত হইলেন এবং উৎসাহ বাক্য দারা সেনাগণকে উৎসাহিত করিতে লাগিলেন। সঙ্গে সঙ্গে এই মহাবীর করীপৃষ্ঠ হইতে শর নিক্ষেপে বর্থাসাধ্য শত্রু বিনাশ করিতেছিলেন।

অবশেষে ওস্মান, মোগল সেনাপতি শোজায়াৎ থানের নিকটে পৌছিয়া, যে কোন প্রকারে উক্ত সেনাধ্যক্ষকে হন্তী পদতলে নিস্পেষিত করিবার জক্ত নাহতকে বিশেষরূপে চেষ্টা করিতে বলিলেন। শোজায়াৎ এই সময় পাঠান বীরের উদ্দেশ্ত ব্ঝিতে পারিয়া, খীয় অশ্ববয়া ফিরাইয়া পাঠান সেনাপতির হন্তী গাত্রে ভল্ল বিদ্ধ করিলেন; এবং সঙ্গে সঙ্গে তরবারি নিজাষিত করিয়া, হন্তীর শরীরের চারি স্থানে সাজ্যাতিক আঘাত করিলেন। স্থাশিক্ষত রণহন্তী 'বথ্ত' আঘাত-প্রাথ্যে অধিকতর উত্তেজিত হইয়া, সেনাপতি শোজায়াৎ থানকে আক্রমণ করিল ও অশ্ব সহিত উাহাকে, ভুপতিত করিল।

বীর-পুন্ধব শোজায়াৎ তাঁহার পতিত অধ্যের দেহ ভার চইতে মুক্তি লাভ করিয়া, দাঁড়াইয়া উঠিয়াই সর্বপ্রথমে হন্দ্রীর সমূথের পদে, তুই স্থানে তরবারীর বিষম আঘাত করিলেন ও সঙ্গে সঙ্গে তাঁহার প্রকাণ্ড ছুরিকা ঘার, তাহার শুণ্ডে আম্ল বিদ্ধ করিয়া, ওস্মানের বাহনটিকে একেবারে অকর্মণ্য করিয়া দিলেন।

এই সমরের মধ্যে শোজায়াতের অশ্ব উঠিয়া দাঁড়াইল, এবং যেমন তিনি উহার পৃষ্ঠে আরোহণ ক্রিতে বাইবেন, সেই সময়, বিপক্ষের অপর একটা হন্তী, অশ্ব সহিত তাঁহার পতাকা বাহীকে ভূপতিত করায়, তিনি পতাকা বাহীকে উৎসাহ দিয়া, ভাহাকে টানিয়া লইলেন। সজে সজে মোগল সেনাগণের খড়ম ও বর্শার অজস্র বর্ষণে, হন্তী পলায়ন করিল। সেনাপতি পতাকা-বাহীকে অপর একটা অশ্বে আরোহণ করাইয়া, ভাহাকে ঐ-পতাকা ধরিতে দিলেন।

এই ভীষণ যুদ্ধের মধ্যে একটা মোগল বন্দুকের গুলি সেই সময় পাঠান

সেনাপতি ওস্মানের লালাট বিদ্ধ করিল। বীরাগ্রগণ্য ওস্মান এই সাজ্যাতিক আঘাতের গুরুত্ব অস্কুত্ব করিয়াও, প্রায় আড়াই ম্টাকাল রণক্ষেত্রে স্বীয় সেনাগণকে শক্র সংহারে উৎসাহিত করিয়াছিলেন।

অবশেষে হতীপৃঠে অজ্ঞান অবস্থার পাঠান-কূল-গৌরব, বীর-কেশরী ওদ্মান শিবিরে আনীত হইলেন। পাঠান সেনাগণ সেনাপতির হত্তী পশ্চাৎপদ হইতেছে দেখিয়া, রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতে লাগিল। রাজি বিপ্রহরের সময় অদম্য সাহসী বীর ওদ্মানের প্রাণপাখী তাঁহার দেহ-পিঞ্জর পরিত্যাগ করিল। ওদ্মানের ল্রাতা ওয়ালি খান এবং পুল্ল মোম্রেজ, সেনাপতির মৃতদেহ লইয়া রাজিযোগেই হুর্গ মধ্যে প্রবেশ করিল।

এই অবিশ্রান্ত যুদ্ধের পর মোগল সেনাগণ এরূপ রুল্ভ হইরা পড়িরাছিল যে, প্রধান সেনাপতি শোজারাৎ থানের ছকুম অগ্রান্থ করিরা,
তাহারা পাঠানগণের পশ্চাদ্ধাবনে বিরুত হইয়াছিল। অবশেষে মোরাজ্জন্
থানের পুত্র আবহল এসলাম, কয়েকজন সেনানী ও ছর শত অখারোহী
এবং চারিশত গোলন্দাজ সেনা লইয়া উপস্থিত হওয়ায়, মোগল সেনাপতি
তাহাদিগকেই পাঠানগণের অমুসরণ করিতে বলিলেন।

প্নরায় এই ন্তন সৈশু ঘারা আক্রান্ত হওয়ায় ওয়ালি থান অনস্ফোপায় হইয়া, মোগল সেনাপতির নিকট সদ্ধির প্রতাব করিলেন ও পরদিন মৃত দেনাপতির প্রগণ সমভিব্যাহারে মোগল শিবিরে উপস্থিত হইয়া, সেনাপতিকে ৪৯টা হত্তী ও অক্সাশু বহু মূল্যবান উপটোকন প্রদান করিলেন। শোজায়াৎ থান সমস্ত পাঠান বন্দিকে লইয়া, ৬ই শফর তারিথে জাহালীয় নগরে (ঢাকা) প্রত্যাবর্ত্তন করিলেন। এই মহায়্ম জয়েয় পর সেনাপতি শোজায়াৎ থান, দিল্লীয় দরবার হইতে "রোভ্যম জয়ান্" উপাধি প্রাপ্ত হইয়াছিলেন (ওয়াকেয়াতে জাহালিরী)।

সুবাদার এস্লাম থান অতীব সুথাতির সহিত বাদালা সুশাসন

করিরা, ১০২৬ হি: ১৬১৭ খুষ্টাবেদ রাজধানী ঢাকা নগরে মৃত্যমূথে পতিত হ'ন।

হ্বাদার কাদেম্ খান

বাদশাহ তাঁহার এই শাসন্কর্তার মৃত্যুতে অভিশন্ন ছঃথ প্রকাশ করিয়াছিলেন ও তদীর ভ্রাতা কাসেন্ থানকে তাঁহার স্থলে স্বাদার নিযুক্ত করিয়া, বালালার পাঠাইয়া দিলেন। নব-স্বাদার রাজমহলে পৌছিবার পর, এস্লামের পোয়-পুত্র করিম থানের সহিত তাঁহার একটু সংঘর্ষ হইরাছিল।

বঙ্গের সিংহাসনে উপবিষ্ট হওয়ার সজে সঙ্গে অবাদার কাসেম্ থানকে পর্ভ, গীজ ও মগ দমনে নিযুক্ত হইতে হইয়াছিল। ১৬১০ খুটাজে আরাকাণ রাজ মোগল সেনার নিকট সম্পূর্ণরূপে পরাস্ত হইয়া পলায়ন করিবার পর, পর্ভ, গীজ দম্যপতি গণজালেদ্ বিশ্বাস্থাতকতা পূর্বক আরাকাণের নোসেনার কাস্তেনকে নিজের জাহাজে নিমন্ত্রণ করিয়া, তাহাকে হত্যা করিয়াছিল; এবং সঙ্গে তাহাদের সমস্ত নৌবহর অধিকার করিয়া, সন্থীপে খীপে ফিরাইয়া আনিয়াছিল। হটমতি গণ্জালেদ্ ইহাতেও সম্ভট না হইয়া, ঐ সমস্ত অর্ণবপোত সাহায্যে, রাজার পরাজয়ের পর, আরাকাণ উপকুলের যে সকল বন্দর মোগলদিগের হন্তগত হইয়াছিল, তাহা লুপ্তন করিতে ও সেই সমস্ত স্থানের গৃহগুলি দয়্ম করিতে আরম্ভ করিল।

গঞ্জালেদ ক্রমশ: আরাকাণ নদীর মধ্যে প্রবেশ করিরা, অত্যাচার আরস্ত করার, ব্রহ্ম রাজদেনা কর্ত্ব তথা হইতে বিতাড়িত হইরাছিল। দেই সময় পর্ত্তুগীক্ষ দম্য দেখিতে পাইল বে—ইতিপূর্বে তাহার বে আতুশ্ত্রকে ব্রহ্মরাজের নিকট প্রতিভূ রাথিয়াছিল, মগেরা তাহাকে লোহশলাকা বিদ্ধে হত্যা করিয়া, তাহার মৃতদেহ সেই অবস্থার একটা উচ্চ পাহাড়ের উপর প্রকাশ্য স্থানে রক্ষা করিয়াছে। কিন্তু দুর্বনূত্তের নিষ্ঠুর হৃদর ইহাতেও বিচলিত হইল না।

ইতিপূর্ব্বে দ্যাপতি গঞ্জালেদ্ কথনও ভারতের পর্ভুগীজ, রাজ-প্রতিনিধির কোন সন্ধান রাখে নাই, বা কথনও তাঁহার দ্বিণাগত হয় নাই। কিন্তু এইক্ষণে সে বিশুর প্রলোভন প্রদর্শনে ব্রক্ষদেশ জয়ের আশা দিয়া, গোয়ার পর্ভুগীজ রাজ-প্রতিনিধি ডন্ হিরোম্ ডি য়্যাজ্ভেডোর সাহায্য প্রার্থনা করিল এবং সজে সঙ্গে তাঁহাকে একটা জাহাজ পরিপূর্ণ তণ্ডুল পাঠাইয়া দিল।

পর্ন্ত, গীল প্রতিনিধি, সিংহলের ভ্তপ্র শাসনকর্তা ডন্ ফ্রাণসিস্ ডি মেনিসেসের অধীনে চতুর্দ্দশ্চী যুদ্ধ জাহাজ প্রেরণ করিয়া, তাঁহাকে আরাকাণ আক্রমণের উপদেশ দিয়া পাঠাইলেন।

১৬১৫ সালের ৩রা অক্টোবর ডন্ ক্রাণসিস্ আরাকাণ নদীর ভিতর প্রবেশ করিলেন; এবং তথা হইতে গঞ্জালেস্কে সসৈক্তে তাঁহার সহিত মিলিত হইবার জক্ত ডাকিয়া পাঠাইলেন। ইতিমধ্যে রাজা দিনেমারগণের সাহাব্যে, তাহাদের জাহাজ লইয়া ডন্ ক্রাণসিস্কে আক্রমণ করিলেন। সমস্ত দিন নোযুদ্ধের পর কোন পক্ষের জয়-পরাজয় বোঝা গেল না।

নবেষরের মধ্যভাগে গঞ্জালেদ্ ৫০ থানি জাহাজ লইরা, পর্ভুগীজ কাপ্তেনের সহিত যোগ দিল। তথন ডন্ ফ্রাণসিদ্ সমস্ত পর্ভুগীজ জাহাজ লইরা আবার শত্রুগণকে আক্রমণ করিলেন। স্থ্যান্ত কাল পর্যান্ত যুদ্ধ চলিতে লাগিল; এমন সমর একটা বন্দুকের গুলি লাগিরা কাপ্তেন মৃত্যুমুখে পতিত হইলেন। এই সঙ্গে তুই শত পর্ভুগীল ডন্ ক্রাণসিদ্ধ যোদ্ধা নিহত হওয়ার, গঞ্জালেদ্ধ পলায়নের পথ দেখিতে লাগিল ও সন্ধীপে সরিয়া পড়িল।

পর বৎসর আরকাণ রাজ সন্তীপ অধিকার করিল ও মোগলদিগের

অধিকারভুক্ত সমুদ্র তীরবর্ত্তী স্থানগুলি মধ্যে মধ্যে লুঠন করিতে লাগিল।

স্থাদার কাসেম্ খান তৎকালে আরাকাণ রাজের সেনাগণকে রাজ্যের এই দ্রবর্ত্তী প্রদেশ হইতে বিতাড়িত করিতে না পারায়, সমাট দারুণ অসম্ভট্ট হইয়া, ১০২৭ হিঃ ১৬১৮, খৃষ্টাব্দে তাঁহাকে রাজধানীতে ড।কিয়া লইলেন।

এব্রাহিম খান ফতেহ্ জঙ্গ

অতঃপর দিল্লীশর ন্রন্ধীন মোহাম্মদ ভাহান্দীর বাদশাহ, এব্রাহিম খানকে বালালা ও উড়িয়ার শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া পাঠাইয়া দিলেন। এবাহিম খান সমাজ্ঞী ন্র জাহানের কনিষ্ঠ ভগ্নীকে বিবাহ করিয়াছিলেন, এবং উপ্যাপরি কয়েকটা যুদ্ধে জয়লাভ করিয়া "ফতেহ্ জল" উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। এই সময়ে আফ্ জাল খান বেহায়ের শাসনকর্ত্তা থাকায়, বেহায়ের উপর এই নব-নিযুক্ত স্থবাদারের হন্তার্পণ করার কোন ক্ষমতা দেওয়া হইল না। তবে উড়িয়ার শাসনকর্তা নিয়োগের ভার তাঁহার হন্তে রহিল।

স্বাদার এবাহিম থান ফতেই জঙ্গ তাঁহার লাতৃপুত্র আহমদ বেণের উপর উড়িয়ার শাসনভার অর্পণ করিলেন এবং স্বীর ছাদশ বর্ষীর পুত্র বালক সরেফ্ উল্লাহ্কে বর্জমান অঞ্লের জারগীরদার নিযুক্ত করিলেন।

এই স্থবাদারের উপযুক্ত শাসনাধীনে বান্ধালা সর্বপ্রকারে উন্নতির চরম সীমার উঠিরাছিল। কৃষি ও বাণিজ্যের উন্নতির দিকে স্থবাদার এব্রাহিমের সর্বক্ষণ স্থদৃষ্টি থাকার, দেশীর শিল্প ও বাণিজ্যের ক্রমোন্ধতি কৃষ্টতে লাগিল। বন্দদেশ ও উড়িয়া বিভাগের প্রকাবর্গের স্থধ-সক্তদ্দের সীমা রহিল না। এই সময় ঢাকার মদ্লিন ও মাল্দহের রেশমী বস্ত্র,
তৃত্ম হইতে কৃত্মতর ও উৎক্রাই হইতে উৎক্রাই প্রকারের প্রস্তুত হইতে
ছিল। দিল্লীর দরবারের প্রধান পোষাক বাঙ্গালার প্রস্তুত বহুমূল্য কৃদৃষ্ঠ বস্তু হইতেই প্রস্তুত হইতে লাগিল।

১৬২০ খুষ্টান্দে ইংরাজ ইষ্ট-ইণ্ডিয়া-কোম্পানীর লোক স্থরাট হইতে স্মাগ্রার গিয়া, সম্রাটের অন্থনতি প্রহণে পাটনার আসিয়া বস্ত্র করে করিতে থাকিলেন ও বাণিজ্যের জন্ম কুঠি নির্মাণ করিলেন। কিন্তু হাটা পথে স্মাসিয়া এডদূর বাবসা করা লাভজনক নঙে বিবেচনার কোম্পানি, পর বংসরেই এই ব্যবসার পরিত্যাগ করিতে বাধ্য হইলেন।

এক্সাহিমের শাসনকালে আফগানগণ সম্পূর্ণরূপে নিন্তেল হইরা পড়ার ও আসামের শত্রুগণ বিভাড়িত হওরার; এবং সঙ্গে সঙ্গে আরাকাণের জল-দুস্থাগণের উপর রাজকীয় নৌবহর তীক্ষ্দৃষ্টি রাধার, তৎকালে বান্ধালার প্রজাবর্গ সম্পূর্ণরূপে নিরাপদ অবস্থার বাস করিতে লাগিলেন। কিন্তু বান্ধালার অদৃষ্ট অধিক দিন স্থপ্রসন্ন রহিল না। এই শান্তিমর দেশে বাদশাহ্-পুত্র কুমার ধোর্বম অচিরে সমরানল প্রজ্ঞালিত করিলেন।

দিলীশ্বর ন্রন্দীন মোহাম্মদ জাহালীর হি: ১০২৫ সালে স্বীর তৃতীর পুত্র বারবাছ খোর্থম্কে দাক্ষিণাত্য বিজয়ে প্রেরণ করিরাছিলেন। পরে সম্রাট তাঁহার এই পুত্রের বারত্বের পরিচর পাইরা, তাঁহাকে "শাহ্ জাহান" (পুথীরাজ) আখ্যার আখ্যারিত করিলেন।

১০২৯ হি: ১৬১৯ খুষ্টাব্দে সম্রাট জাহান্দীর ভূম্বর্গ কাশ্মীর-উপত্যকার সৌন্দর্য্য উপভোগ করিতে থাকা কালে, দক্ষিণাপথের রাজমূবর্গ ৬০,০০০ সহস্র অখারোহী সহ বিজ্ঞোহের পতাকা উড্ডীন কুরার, শাহজ্ঞাহান মাত্র ৪০,০০০ অখারোহী শইরা উহাদিগকে প্র্যুদন্ত করিরা, তাহাদিগকে ভাগাদের বাকী রাজত্ব পর্যন্ত মিটাইরা দিতে বাধ্য করিলেন। এবং সেই সমর হইতে ভাগাদের রাজত্ব, বাৎস্ত্রিক ৫৫ লক্ষ্ণ টাকা ধার্য্য করিয়া দিলেন।

১৬২১ খৃষ্টাব্দে ১০৩১ হি: সম্রাটের স্বাস্থ্য ক্রমশ: ভক্ ইইতে থাকে।
এই সময় কুমার শাহ্ জাহান দেখিলেন যে—যেমন এক পক্ষে তাঁহার
জ্যেষ্ঠ ল্রাডা সোল্ভান পর্বেজ জীবিত থাকিতে তাঁহার সম্রাজ্য প্রাপ্তির
কোন আশা নাই, তজ্রপ অপর পক্ষে অবলোকন করিতে লাগিলেন যে—
তাঁহার বিমাতা সম্রাট-প্রিয়া ন্রজাহান, তাঁহার কনিষ্ঠ ল্রাডা শাহ্ রিয়ারকেই অধিকতর স্লেহের চক্ষে দেখেন; এবং স্থাটের মৃত্যুর পর তিনি
শাহরিয়ারকেই সিংহাসনোপবিষ্ট করিবার ষড়যন্ত্র করিতেছেন।

শান্ জানান এই সমর গাঞ্জান্ অঞ্চলে বারহান্পুরে অবস্থান করিতে-ছিলেন। এই স্থানেই তিনি ১০৩১ হিজরীর ৭ই জমাদিরল আথের তারিথে বিজ্ঞোহের পতাকা উড্ডীরমান করিয়া, আপনাকে ভারত সূমাট বলিয়া খোষণা করিলেন।

ভৎপরে শাহ্জাহান দিল্লীর সন্ধিকটে আগমন করিয়া পিতাকে পত্র লিখিয়া অবগত করাইলেন যে—তিনি নিম্নলিখিত সর্ত চতুষ্টয়ে সম্মত হইলে তিনি পিতৃ আদেশক্রমে তাঁহার কর্ত্তবা কার্য্যে ফিরিয়া যাইতে বাধ্য আছেন—

- ১। তাঁহাকে সমস্ত স্মাট সৈক্ষের প্রধান সেনাপতির পদে নিযুক্ত করিতে হইবে।
- ২। প্রাদেশিক শাসনকর্ত্তাগণ, রাজত্ব সম্বন্ধীয় সমস্ত কার্য্য তাঁছার আদেশাসুসারে নির্বাহ করিবেন।
- ৩। _রাজকীর অক্লাগার ও বারুদ এবং গুলি গোলার কার্থানার উপর ভাঁহার সম্পূর্ণ কর্ত্তত্ব থাকিবে।

৪। রণতখরের তুর্ভেন্থে পার্কতীয় তুর্গ, তাহার স্ত্রী পুত্রগণের নিরাপদে রক্ষার জক্ত তাঁহাকে ছাড়িয়া দিতে হইবে।

সমাট জাহালীর পুত্রের এই প্রগল্ভ প্রস্তাবে জ্বভিশর কট হইরা,
শাহ জাহানকে রাজবিদ্রোহী বলিরা প্রচার করিলেন, এবং সঙ্গে সঙ্গে তাঁহার
বাবতার সম্পত্তি রাজকোষে জন্ম করিবার জ্বয়মতি দিলেন। জ্বভঃপর
সমাট তাঁহার সমন্ত রাজভক্ত প্রজাবৃদ্দকে তাঁহার সিংহাসন রক্ষার্থে জাহ্বান
করার, জ্বিরে ৪০,০০০ জ্বখারোহী সৈত্ত তাঁহার পতাকাশীনে সম্বেত
হইল ও এই সেনা সমভিব্যাহারে পুত্র শাহ্জাহানের বিক্লক্ষে তিনি
যুদ্ধাত্রা করিবার সম্বন্ধ করিলেন।

এই সময় সম্রাট, পুত্রের অধীনন্থ বিজ্ঞাহী সেনাগণকে আক্রমণ করিবার জন্ম নিরতিশর ব্যস্ত হইরাছিলেন, কিন্তু প্রধান মন্ত্রী আসক্ আছ্ তাঁছাকে আরও অধিক সেনা সংগ্রহের জন্ম অপেক্ষা করিতে অমুরোধ করার, বাদসাহ ইতন্তত: করিতে লাগিলেন। হঠাৎ পর দিবস তাঁহার প্রসিদ্ধ সেনাপতি মোহাক্ষত থান, পাঞ্জাব হইতে অনেক সেনা সহ রাজধানীতে আসিরা উপস্থিত হইলেন। তথন সম্রাট এই সন্মিলিত সৈক্ষ লইরা তোগ লকাবাদে বিজ্ঞোহী সেনাগণকে আক্রমণ করিলেন। বিজ্ঞোহী গণ সম্রাটের সংযুক্ত সেনার নিকট অল্লকণ মধ্যে সম্পূর্ণরূপে পরাজিত হইল ও কুমার শাহ্জাহান দাক্ষিণাত্যে পলায়নু করিলেন।

সেনাপতি মোহাঝাত থান ও সোল্ভান পরবেজ শাচ্জাগানকে নর্মদা তীর পর্যান্ত ভাড়াইয়া লইয়া যাইবার পর ঐ স্থানে উভয় সৈজে একটা খণ্ডযুদ্ধ হইল। শাচ্জাহান প্নরায় পরাজিত হইয়া গোলকুণ্ডায় পলায়ন করিলেন।

গোলকুগুার কিছুদিন অবস্থান করিয়া কুমার, তাঁহার ছত্রভঙ্গ সেনাগণকে আবার একত্রীভূত করিলেন: পরে বাঙ্গালা আক্রমণের জন্ত উড়িয়ার পথে সদৈক্তে বহির্গত হুইলেন। এই সময় উৎকলাধিপতি আহমদ বেগ, মাড়ওয়ারের রাণার দৌহিত্র ও সম্রাট আক্বরের প্রিয় পৌত্র মহারথী কুমার শাহ্জাহানের গতিরোধ করিতে অসমর্থ হুইয়া ভাহাকে উড়িয়া ছাড়িয়া দিতে বাধ্য হুইলেন।

কটকে করেক দিন অবস্থান করিয়া এবং কুলিথানকে তথাকার শাসন কর্ত্তা নিযুক্ত করিয়া শাহ জাহান, বর্জমানে আসিয়া উপস্থিত হইলেন। তথার অনেক পাঠান নারক সসৈক্তে কুমারের সহিত মিলিত হইল। এই স্থান হইতে শাহ জাহান ভগলীতে পর্ত্ত্তুগীজ সন্দার মেকাইল রক্ত্রিজের নিকট তাঁহার পাশ্চাত্য ধরণের করেকটা কামানের সাহায্য চাহিলেন। কিন্তু তাঁহার যাজ্ঞা ব্যর্থ হইল। পরে শাহ জাহান দিল্লীর সিংহাসনে আরোহন করিবার পর, রিড্জের এই অবাধ্যতার প্রাভক্তল, পর্ত্তুগীজগণের সক্তে সমন্ত ভগলীবাসিগণকে পর্যান্ত ভোগ করিতে হইরাছিল।

বঙ্গের শাসনকর্তা এরাহিম খানের অধিকাংশ সেনা এই সময় চট্টগ্রাম অঞ্চলে মগ দম্যা দমনে নিযুক্ত থাকার, তাঁহাকেও একটু বিপন্ন হইতে হাজা হউক বঙ্গেশ্বর সলৈছে ঢাকা হইতে রাজমহলে আসিয়া তথার শিবির সংস্থাপন করিলেন।

এই সময় যুদ্ধ-বিভা-স্থানিপুন শাহজাহান দেখিলেন যে—বিলম্বে তাঁহার সকল আশা ভরদা পণ্ড হইয়া যাইবে। তথন তিনি আর কাল বিলম্ব না করিয়া বঙ্গের স্থাদারকে আক্রমণ করিলেন। এবাহিম খান ঐ অবস্থার রাজমহল রক্ষা করা তাঁহার ক্ষমতাতীত বিবেচনা করিয়া, স্থাক্ষিত তেলিয়াগড়ী তুর্গে আশ্রেয় লইলেন। এই সময়ে ঐ তুর্গ প্রাচীরেয় উপরিভাগে কয়েকটী কামান সজ্জিত ছিল। পরে স্থবাদার ঐ তুর্গ একজন অধীনস্থ সেনানীয় হতে ক্রন্ত করিয়া, সনৈক্ষে গলার পরপারে গিয়া শিবির সয়িবেশ করিলেন।

শাহ্জাহান, স্থাদারকে বন্ধ পরিত্যাগ করিয়া, পরিবারবর্গসহ দিল্লী বাত্রা করিবার বা তাঁহার অধীনস্থ হইয়া, নিজের পছন্দ মত যে কোন জেলা লইয়া তথার স্থাথ বাস করিবার জন্ত পত্র লিখিলেন। কিন্তু মহাস্থ্য স্থাদার এবরাহিম খান ফাতেহ্ জন্ধ তত্ত্ত্তের লিখিলেন যে—

"বাদশাহ তাঁহার উপর এই দেশ, এবং ইহার প্রজাবর্গের রক্ষণা-বেক্ষণের ভারার্পণ করিয়াছেন। তাঁহার দেহে প্রাণ থাকিতে বাঙ্গালা, সেই বাদশাহ ভিন্ন অপর কাহারও অধীনতা স্বীকার করিবে না।"

স্থবাদার এই সময় বিপক্ষের নদী পারাপারে বিদ্ব জনাইবার অভিপ্রারে,
পূর্বাকে সমস্ত নৌকা আটকাইয়া রাখিয়াছিলেন। কিন্তু কুমারের অধীনস্থ
সেনানী দরিয়া থান, তাঁহার পূর্ব পরিচিত ভাগলপুরের কতিপয় জমিদারের
উপর প্রাধান্ত বিস্তার করিয়া, তাহাদের জলময় করিয়া রাখা ,লুকারিত
নৌকাগুলি হস্তগত করিয়া, তৎসাহায্যে কুমার শাহ্জাহানের অখারোহীগণকে নদী পার করাইতে লাগিলেন।

সুবাদার এব্রাহিম এই অবস্থা দর্শনে তেলিয়াগড়ী তুর্গ হইতে সৈপ্ত
অপসারিত করিয়া লইয়া, বিদ্রোহীগণকে আক্রমণ করিলেন। তাঁহার
আতুপুত্র আহমদ বেগ এই সময় ভীষণ বেগে শত্রুগণকে আক্রমণ
করিলেন বটে, কিন্তু তাহাদের পরাক্রমে আহমদ পশ্চাৎপদ হইতেছেন
দেখিয়া সুবাদার স্বয়ং দিতীয়দল লইয়া অগ্রসয় হইলেন। এই সময়
সুবাদারকে তাঁহার বল্লুবর্গ যুদ্ধ ক্রেত্রে এর্জণ প্রকাশ্য স্থানে যাইতে নিষেধ
করায়, তিনি উত্তর করিয়াছিলেন—

"আমার জীবনের কোনই মূল্য নাই, বদি আমি ইহাকে আমার প্রভূ দিল্লীশ্বরের কার্য্যে না লাগাইতে পারি। আমি হয় মূদ্দে জয়লাভ করিব, নতুবা জীবনপাত করিব।"

এই কথা বলিতে বলিতে বৃদ্ধ স্থবাদার স্বাধারাহণে শক্রব্যুহ মধ্যে

প্রবেশ করিলেন। অল্পক্ষণ মধ্যে তিনি চতুর্দিকে শক্র সৈস্ত বেষ্টিতাবস্থার সর্ব্বাক্ষে ক্ষধিরাক্ষ হইরা ভূপতিত হইলেন। সঙ্গে সঙ্গে বঙ্গের সেনাগণ যুদ্ধক্ষেত্র পরিভ্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল।

অতঃপর শাহ্জাহান পুনরার গলা পার হইবার উপক্রম করিতেছিলেন, এমন সমর দেখিতে পাইলেন যে—তাঁহার স্থপতি সেনানী
ক্রমী খান, বিস্ফোরক সাহায্যে তেলিয়াগড়ীর তুর্গ-প্রাকারে একটা
বিংশতি গজ পারমিত স্থান ভক করিয়া, তুর্গ প্রবেশের পথ পরিস্থার
করিয়া লইলেন।

তেলিয়াগড়ীর হুর্গাধিকার ও বন্ধ-বেহারের স্থবাদারের মৃত্যুতে, বন্ধের ভাগ্য আবার পরিবর্তিত হইল। সঙ্গে সন্তে জমিদার ও রাজ্যের প্রধান প্রধান কর্মচারীগণ সোল্তান শাহ্জাহানের বশুড়া স্বীকার করিতে লাগিলেন।

वानग मर्ग

শাহ্জাহান ১৬২২ খৃফীক

কুমার শাহ জাহান এই যুদ্ধ জয়ের সজে সঙ্গে বঙ্গেশ্বরের সেনাগণকে তাড়াইরা দিয়া, তাহাদের সমৃদর নৌকাগুলি অধিকার করিলেন, এবং ঐ নৌকা যোগে তাঁহার উৎক্ট সেনাগণকে বাছিয়া লইয়া, নদী বছিয়া ছাকায় গিয়া পৌছিলেন। অ্বাদার এবাহিমের ভ্রাতৃপুত্র ভূতপূর্ব্ব উৎকল-রাজ আহমদ বেগ, সম্রাট তনয়ের সেনাগণকে বাধা, দেওয়া নিম্ফল বিবেচনা করিয়া, কুমারকে অভ্যর্থনা করিয়া লইলেন। তৎসঙ্গে তাঁহার সমস্ত হতী, অশ্ব ও রাজকোষ হইতে চল্লিশ লক্ষ টাকা কুমারের হস্তে প্রদান করিলেন।

অতঃপর বাদশাহ্-নন্দন সমৃদয় রাজ কশচারীগণকে ভাকাইয়া,
তাহাদিগকে তাহাদের নির্দিষ্ট কার্য্যে পুন: নিযুক্ত করিলেন; এবং
জমিদারগণকে তাহাদের পুর্ব্ধ পুরুষের অধিকৃত জায়গীর প্রত্যার্পণ করিয়া
ও থান-থানান পুত্র দারাবকে বাজালার স্থবাদার নিযুক্ত করিয়া, বিখাসেয়
প্রতিভ্যক্রণ তাঁহার পুত্রকে স্বীয় সেনাদলে নিযুক্ত করিয়া সঙ্গে
রাথিয়া দিলেন।

ঢাকার কিছুদিন বিপ্রামের পর শাহ্জাহান, পাটনার আগমন করিলেন। তাঁহার আগমন বার্তা পাইরা, কুমার আহমদ বেগের জারগীর ভূকে উক্ত ভূপণ্ডের শাসনকর্তা মোধ্লেছ থান এলাহাবাদে পলাইরা গেলেন। শাহজাহান এইবার বন্ধ-বেহার-উড়িয়ার সম্পূর্ণ আধিপতা প্রাপ্ত কইলেন। এই সময় প্রসিদ্ধ রোটাস্ তুর্গাধিপতি সৈয়দ মোবারক সমাট পুজের সম্মুখীন কইয়া, তাঁহার অজেয় তুর্নের চাবি স্বইচ্ছায় তাঁহার কল্ডে প্রদান করিলেন। শাহজাহান এই তুর্গ মধ্যে তাঁহার স্ত্রী পুজুগণকে একজন বিশ্বন্ত অম্বচরের ভত্তাবধানে রক্ষা করিলেন। এই রোটাস তুর্গে এই সময় তাঁহার পুজু মোরাদ বক্স জন্মগ্রহণ করেন।

ব্যেরাম বেগকে বেহারের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া, কুমার শাহজাহান উাহার সৈক্ত শ্রেণী তিন ভাগে বিভক্ত করিলেন। এবং আবত্না খানকে এক তৃতীরাংশের অধিনায়ক করিয়া এলাহাবাদ অধিকার করিতে ও দরিয়া থানকে অপর তৃতীরাংশ সেনা সহ অযোধ্যা ভ্রমে প্রেথণ করিয়া, ব্যায় অবশিষ্ট সৈক্ত লটয়া বেনারস ও কৌনপুরের দিকে যাত্রা করিলেন।

এই সময় কুমার পর্বেজ ও গোহাব্বত থান, বঙ্গে শাহ জাহানের বিজয়বার্তা ভাবণে, বেরার ও মালওয়ার মধ্য দিয়া এলাহাবাদের নিকটবর্ত্তী হুইলেন ও তথার আগস্ত সমস্ত বিবরণ অবগত হুইলেন।

ইতিপূর্ব্বে আবৈদ্রলা থান গঙ্গা পার হইরা, রোগুম বেগকে তাড়াইরা
দিরা এলাহাবাদ নগর অধিকার করিয়াছিলেন। অপরদিকে দরিয়া থানও
অবোধ্যার পথে যাইতে যাইতে, বিনা বাধার জৌনপুর অধিকার করিয়া
বিসলেন। কুমার শাহজাহান স্বয়ং গিয়া বেনার্য করায়ও করিলেন।

কিন্ধ দিল্লীর সেনাগণের আগমন বার্তা পাইরা, কুমারের উভর সেনাপতি তাঁহাদের অধিকত স্থান ছাড়িরা, পশ্চাৎপদ হইরা সসৈত্তে শাহ আহানের নিকট চলিরা আগিলেন। তথন সম্রাট-নন্দন তাঁহার সম্বর সৈক্ত লইরা, এলাহাবাদ হইতে করেক মাইল পূর্বে গিরা শিবির সন্মিবেশ করিলেন ও নিজের অবস্থান স্থান্ট করিতে লাগিলেন; এবং পিতৃ সেনাগণের সহিত প্রতিদ্বিতা করিবার জক্ত অপেক্ষা করিতে লাগিলেন। ক্রমে সম্রাটের দেনাগণ যম্না পার হইয়া, বিজোহীগণের বিপক্ষে দণ্ডায়নান হইল। তৎপরে দ্র হইতে কামানের গর্জনের সহিত ভীষণ যুদ্ধ বাধিয়া গেল। এই অবস্থায় সেনাপতি মোহাব্যত থান, তাঁহার অধীনস্থ দৈলগণকে বিজোহী সেনা অপেকা সংখ্যায় অনেক অধিক বিবেচনা করিয়া, তাহার কিয়দংশ সৈক্র টন্সি নদী পার হইয়া বিজোহীগণকে পরিবেইন করিবার জক্য প্রেরণ করিলেন। অল্পন্ন মধ্যেই কুমার শাহ জাহান পিতৃ-সেনা কর্তৃক চতুর্দিকে বেষ্টিত হইয়া পড়িলেন। এই সময় সাহসী বীর শাহজাহান অভ্ত বীরত্ব প্রদর্শনে মাত্র পাঁচ শত অখারোহী সহ শক্ষ সৈক্ষের বাহ মধ্যে প্রবেশ করিলেন; কিছু তাঁহার অশ্ব পতিত হওয়ায়, কয়েকজন অস্কচরের পরামর্শে তিনি যুদ্দক্ষত্র পরিত্যাগ পূর্বক রোটাস্তুর্গে পলাইয়া গেলেন।

সম্রাট সেনাও এই যুদ্ধে অভিশন্ন বিপন্ন হইরা পড়ার, এবং অনেক দ্ব চলিরা আ্বিরার কারণে তাহাদের অশগুলি নিজ্জীব প্রায় হওরার, সোলতান পর্বেজ তদীর দ্রাতার পশ্চাদ্ধাবন করা আর যুক্তিসকত বিবেচনা করিলেন না। ইত্যবসরে শাহ্জাহান রোটাস্ তুর্গ হইতে সপরিবারে পাটনার গিরা পৌছিলেন, এবং ঢাকা হইতে তাঁহার শাসনকর্জা দারাব্ থানকে তাঁহার সহিত সম্বর মিলিত হইবার আদেশ প্রেরণ করিলেন। কিছু অফুতজ্ঞ দারাব ত্রজিসন্ধি বশতঃ ঢাকা পরিত্যাগ করিলেন না। এই ব্যাপারে রাগান্ধ হইরা আবত্ত্রা থান, কুমার শাহজাহানের বিনাহ্মতিতে গুপ্তভাবে দারাবের সম্পূর্ণ নির্দ্ধোষী পুল্লটীকে হত্যা করিবাছিল।

সম্রাট সেনা কিয়দ্দিবস বেনারসে অবস্থান করিয়া শ্রম দূর করার পর, বলের দিকে অগ্রসর হইতে লাগিল। তাহারা পাটনার পৌছিলে, শাহ-জাহান এতাধিক সৈত্তের বিজজে নগর রক্ষা করা অসম্ভব বিবেচনা করিয়া, নগর পরিত্যাগ পূর্বক রাজমহলে চলিয়া গেলেন। ক্রমে তথা হইতেও বিতাড়িত হইয়া, যে পথ অবলখনে বালালায় প্রবেশ করিয়াছিলেন, সেই পথে আবার দাক্ষিণাত্যের দিকে যাইতে লাগিলেন।

এই সময় ভ্বন বিখ্যাত সম্রাট আক্বরের বাল্য জীবনের অভিভাবক বায়রাম খানের পৌত্র বক্তের শাসনকর্ত্তা দারাব খান, তদীয় পিতা থান খানান সম্রাট দরবারে একজন বিশিষ্ট ওম্রাচ্ থাকার আশায় আশাহিত হইয়া, সাহায়্য প্রাপ্তির অভিলাবে সোলতান পর্বেজের নিকট উপস্থিত হইয়া আত্মমর্শন করিলেন। সম্রাট-তনর পরবেজও পিতার নিকট, তাঁহাকে ক্রমা করিবার জন্ম যথেষ্ট অন্থরোধ করিয়াছিলেন। কিন্তু সম্রাট জাহাজীর খীয় বিজ্ঞোহী পুত্র থস্কর (শাক্ষাহান) পক্ষাবলম্বী সমক্ষ লোককেই নিহত করিতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়ায়, দারাব খানকে ক্রমা করিতে সম্মত না হইয়া, বরং ইতর ভক্ত নির্কিশেষে সক্লকে রাজ-জোহিতার প্রত্যক্ষ ফল দর্শন করাইবার জন্ম, দারাবের ছিয়্ম মন্তক্ষ সম্বর্গ দিল্লীর দরবারে প্রেরণ করিতে আজ্ঞা দিলেন।

এই ঘটনার কিছুদিন পরে, সোলতান শাহজাহান, পিতার নিকট কমা প্রার্থনার আশার, অতিশর নত্রতার আশ্রর লইরা পিতাকে একথানি অমৃতাপ প্রকাশক পত্র লিখিলেন। বাদশাহ জাহান্তীর পুত্রের পত্র প্রাপ্তে অপত্য-ক্ষেত্রের বশবদ্ধী হইয়া তাঁহাকে কমা করিয়াছিলেন।

বাদশাহ-তনর শাহজাহানের বন্ধ পরিত্যাগের সন্ধে সন্ত্রাট, তদীর সেনাপতি মোহাব্যত থানকে ঐ প্রদেশের শাসনকার্য্যে নিযুক্ত হইবার জন্ম অন্তমতি প্রেরণ করিয়াছিলেন। পরে পুনরার ঐ কর্মকুশল সেনা-পতিকে পুত্রের অন্তসরণ্ করিতে অন্তমতি দিয়া, তাঁহার পুত্র থানেজাদ্ থানকে বন্ধের স্থবাদার নিযুক্ত করিয়াছিলেন। খানেজাদ্, হিজরী ১০৩৫ সালে ইচ্ছাপূর্বক স্থবাদারের পদ পরিত্যাগ করিয়া দিল্লীতে চলিয়া যান।

তৎপরে সম্রাট, মোকার্রম খানকে বান্ধালার ও মির্জ্জা রোম্ভমকে বেহারের স্থবাদার পদ প্রদান করিয়া, দিল্লী হইতে সনন্দ পাঠাইয়া দিলেন। মোকার্রেম্ দিল্লীখরের পত্র বাহক দ্তের প্রতি অধিক সম্মান প্রদর্শন ইচ্ছায়, কিয়দ্ধুর অগ্রসর হইয়া তাঁহাকে অভ্যর্থনা করিয়া লইয়া বাইবার জন্ম, একটী বৃহৎ নৌকারোহণে যাইতে থাকা কালে, নদীপথে নৌকা ভূবিয়া তাঁহার মৃত্যু হয়।

ইহার পর এক বৎসরের জন্তু, বাদশাহ জাহালীরের রাজস্বকালের শেষ পর্যান্ত (১৬২৮ খৃ: ১লা ফেব্রুরারী) ফেদার খান বাদালার সিংহাসনে উপবিষ্ট থাকিরা, সমাটকে ঐ সময়ের মধ্যে বিশুর হস্তী, রেশমী, বস্ত্র ও ঢাকাই মস্লিন প্রভৃতি উপঢৌকন পাঠাইরা দিরাছিলেন।

ত্রয়োদশ দর্গ

কাদেম খান জবুনী

শাহাব উদ্ধীন মোহাম্মদ শাহজাহান, ভারতের সিংহাসনে উপবিষ্ট হটয়া বঙ্গের শাসনকর্তা ফেদার খানকে পদচাত করিয়া, তাঁহার স্থানে স্থীর প্রিয় পাত্র কাসেম্ খানকে বঙ্গ-বেহার-উড়িয়ার স্থাদার নিযুক্ত করিলেন।

কাসেম্ খান দেখিলেন যে—পর্জ্ গীজের। তাঁহার রাজজের নানাম্বানে কৃঠি নির্মাণ করিয়া, অর্দ্ধ-ম্বাথীন ভাবে অবস্থান করিতেছে ও সমর সময় তাহারা এমন কি স্থবাদারের আজ্ঞার প্রতিও অবজ্ঞা প্রদর্শন করিয়া আসিতেছে। এই অবস্থা দর্শনে স্থবাদার কাসেম্ সমস্থ বিবরণ বর্ণনা করিয়া, পর্জ্ গীজগণকে বিতাজিত করিবার জন্ম দিল্লীখরের অন্থমতি প্রার্থনা করিলেন। সম্রাট, পিজ্-বিজ্ঞাহী হইয়া একদা পর্জ্ গ্রীজ সন্দার মেকাইল রেড়িজের সাহায্য চাহিয়াছিল্নেন, এবং সেই সন্দারের নিকট হইতে বেরূপ তাচ্ছিল্য-ব্যঞ্জক প্রত্যুত্তর পাইয়াছিলেন, তাহা এই ব্যাপারে সম্রাটের মনে উদিত হইল। তথন তিনি পর্জ্ গ্রীজগণকে বঙ্গদেশ হইতে একেবারে তাড়াইয়া দিবার অন্থমতি প্রদান করিলেন।

এই সময় পর্জ্ গীজেরা ভাগীরথির পশ্চিম-দক্ষিণ তীরবর্ত্তী হুগলী নগরে প্রকোণ্ড প্রকাণ্ড কুঠি নির্মাণ করিয়া, সৈন্ত সামস্ত লইয়া তথায় অবস্থান করিতেছিল। ১০৪১ হি: ১৬৩১ খুটানে স্ম্বাদার কানেম্ খান দিলীখরের অহমতি পাইরা, সেনাপতি বাহাত্র থানকে সসৈক্তে ঢাকা হইতে
মূর্লিদাবাদে প্রেরণ করিলেন। অপর একদল সেনা স্বীয় পুত্র এনারেড
উল্লার অধীনে বর্দ্ধমানে পাঠাইরা, থাজা শেরের অধীনে একদল সৈক্ত জলপথে হুগলীর দক্ষিণে প্রেরণ করিলেন। থাজা শেরের উপর স্থবাদারের এই আদেশ রহিল যে—তিনি পর্ক্ত্রীজদিগের জলপথে পলায়ন পথ ও বাহির হইতে অলপথে তাহাদের সাহায্যের পথ অবরুদ্ধ করিয়া থাকিবেন।

২ রা জেল্হজ্জ তারিখে মোগল সৈত চতুদ্দিক হইতে হগলী অবরোধ করিল। পর্ত্ত্বাজেরা তাহাদের তিন মাস অবরোধ কালের মধ্যে, ভিতর হইতে মাঝে মাঝে বন্দুকের গুলিতে স্লবাদার সেনাগণকে উত্যক্ত করিতে ছিল। অবশেষে ১০৪২ হিজরীর ১৪ রবিওল্ আউওল তারিখে সেনাপতি বাহাত্বর থান কাম্ব্, পর্ত্ত্বাজিদিগের একটা বৃক্ত বিস্ফোরক সাহায্যে উড়াইয়া দিয়া, অনেক পর্ত্ত্বাজের প্রাণনাশ করিলেন। সঙ্গে সঙ্গেইয়া দিয়া, অনেক পর্ত্ত্বাজের প্রাণনাশ করিলেন। সঙ্গে সঙ্গেইয়া দিয়া, অনেক পর্ত্ত্বাজির প্রাণনাশ করিলেন। সঙ্গে সঙ্গেইয়া দিয়া, অনেক পর্ত্ত্বাজির প্রাণনাশ করিলেন। সঙ্গে সঙ্গেইয়া পরিল। এই আক্রমণের ফলে বহু পর্ত্ত্বাজি প্রাণ হারাইল। যে সকল পর্ত্ত্বাজ জাহাজে উঠিয়া প্রাণ রক্ষা কারয়াছিল, থাজা শের তাহাদিগকেও জলে ভ্রাইয়া মারিল। পর্ত্ত্বাজিদিগের একথানি বৃহদায়তন জাহাজে প্রায় ছই সহস্র ২০০০নের নারী, তাহাদের ধন সম্পত্তি লইয়া আশ্রেয় লইয়াছিল। জাহাজের বাক্ষদ থানায় অগ্রি সংযোগ করিয়া, মৃহুর্ত্ত মধ্যে সমস্ত আরোহীকে শেষ করিয়া দিলেন।

পর্ত্ত্রীজনিগের ৬৪ থানি বৃহৎ জাহাজ ৫৭ থানি ক্ষুদ্রায়তন ও তৎসহ ছই শত ছোট এক মাস্তলের শ্লুপ জাহাজের মধ্যে, কেবল মাত্র একথানি ক্ষুদ্র গ্রাব ও হুইথানি শ্লুপ, গোয়ায় ফিরিয়া যাইতে ক্ষুত্কার্যা হুইয়াছিল।

সুবাদার সেনাগণের প্রস্তুত নৌদেতুর মধ্যে করেকথানি নৌকা প্রজ্জনিত পর্জ্ঞ, জাহাজের অগ্নি সংবোগে পুড়িয়া না গেলে, তাহাদের এই তিন খানি তরণীও ফিরিয়া যাইতে সক্ষম হইত না।

পর্ভু, মীজদিগের সমন্ত সম্পত্তি মোগল সেনার হন্তগত হইল। এবং এই রোম্যান ক্যাথলিক খৃষ্ট ধর্মাবলমীগণের গির্জ্জা মধ্যন্ত সমন্ত দেবমূর্দ্ধি ও তদ্বির (বাহার, বিশেষতঃ এই একেশ্বরবাদী খুষ্টানগণের ভজনালয়ে দেব দেবীর প্রতিমা রক্ষার বিষয় অবগত হইয়া, সম্রাটের বঙ্গবিজয় কালে তাঁহার প্রিদ্বতমা মহিষী মোম্তাজ মহল অত্যন্ত বিরক্ত হইয়াছিলেন) মোস্লমানগণ ভগ্ন ও নষ্ট করিয়া দিল।

প্রায় চারি সহস্র চারিশত ৪,৪০০ পর্তুগীজ নরনারী মোস্লেম সেনা-গণের হত্তে বন্দি হইল। তন্মধ্যে বাছিয়া বাছিয়া পাঁচ শত স্থদর্শন অল্পবয়লা স্থালোক ও বালক আগ্রায় প্রেরিত হইল। আগ্রায় গিরা যুবতীগুলি সমাট প্রাসাদে ও ওম্রাহগণের গৃহে স্থান পাইল; এবং বালক গুলিকে স্কছেদ করিয়া মোসলমান করা হইল। অবশিষ্ট বন্দি গুলিকে কিছুদিন আবদ্ধ রাথিবার পর, সমাট তাহাদিগকে মৃক্তি দিয়া গোয়ার পাঠাইরা দিলেল।

এইক্ষণ হইতে ভগলী বন্ধদেশের একটা বন্ধরে পরিণত হইল ও সাতগাঁ (সপ্তগ্রাম) হইতে সমস্ত সরকারী দপ্তর থানা হগলীতে উঠাইর। আনা হইল।

ইছার কিছুদিন পরে ঢাকার স্থাদার কাসেম থানের মৃত্যু হয়। ঢাকা নগরের মোদলমানগণ স্থাদারের মৃত্যুতে শোকাতিভূত হইয়ছিলেন। কাসেম্ থান একপক্ষে যেমন ধাস্মিক তদম্রেপ বিভায়রাগীও ছিলেন। নিজে তিনি একজন বিখ্যাত কবি ছিলেন।

>৬৪৪ খৃষ্টাব্দে ইংরাজ কোম্পানী, সমটি শাহ জাহানের নিকট চইতে

ফর্মান পাইরা, প্রথমতঃ বালেশ্বরের নিকট সম্ক্র তীরবর্ত্তী পিপ্লে কলরে কুটা নিশ্বাণ করেন।

সমাট শাহজাহান কাসেম্ খানের মৃত্যু সংবাদ পাইরা, জনৈক সঙ্গ জাত আজিম খানকে বাঙ্গালার স্থাদার পদে নিযুক্ত করিরা পাঠাইলেন। কিন্তু এই স্থাদার বঙ্গদেশের স্থার প্রকাণ্ড দেশ শাসনের অনুপর্ক্ত বিবেচিত হওরার ১৬০৭ খুষ্টাব্দে সমাট তাঁহাকে ভাকিরা লইরা, এলাহাবাদের শাসনকর্তা করিয়া দিলেন ও তাঁহার স্থানে এস্লাম্ খান মৃশিলীকে বাঙ্গালার স্থাদার নিযুক্ত করিয়া পাঠাইলেন।

এলাহাবাদের শাসনকর্ত্ত। থাকা কালে বাদশাহ, আজিম থানের কুল-মর্যাদার বিশেষরূপে পরিচয় লইয়া, তাঁহার কন্তার সহিত খীয় পুত্র কুমার স্মঞ্জাআর বিবাহ দিয়াছিলেন।

এস্লাম খান মুশিদী

ইনি একজন রাজনীতিজ্ঞ ও সময়োপযোগী প্রবীণ শাসনকর্ত্তা ছিলেন। আবার যুদ্ধকার্য্যে ব্যাপ্ত থাকিতেই তিনি অধিক আনন্দ বোধ করিতেন।

১৬৩৮ পৃষ্টাব্দে চট্টগ্রামের মগ-শাসনকর্তা মেকাত্রে মোগল আক্রমণের ভরে, ভারত সমাটের অধীনতা স্বীকার করিলেন। মেকাত্রে ছাকার আগমন করিয়া সমাট প্রতিনিধির নিকট বশুতা স্বীকার করিয়াছিলেন। এস্লাম থান তাঁহার নিজ নীমান্স্লারে চট্টগ্রামের নাম "এসলামাবাদ" রাথিয়া দিলেন।

এই বৎসরেই আসামীরা প্রায় পাঁচশত নৌকাষোণে বহু সেনা লইয়া ব্রহ্মপুত্র নদ বাহিয়া বাদালা দেশে প্রবেশ করে ও নদের তীরবর্তী গ্রাম ও নগর স্কল লুঠন আরম্ভ করিয়া দেয়। এই প্রকারে তাহারা, চাকার প্রায় নিকটবর্তী হইলে, সুবাদারের রণতরী গুলি আসামীগণকে আক্রনণ করিয়া, কামানের গোলার তাহাদের নৌকাগুলি ডুবাইয়া দিতে ও কোন কোনটিকে অগ্নি সংযোগ করিয়া নষ্ট করিয়া দিতে লাগিল। নৌসেনার মধ্যে যাহারা তীরে উঠিতে পারিয়াছিল, তাহারা প্রান্ন সকলেই মোগল অখারোহীর তরবারি ও বর্ণার আঘাতে ধরাশায়ী হইল।

স্থাদার এস্লাম থান, স্বান্ত পলায়িত শত্রুগণকে তাহাদের দেশ পর্যান্ত তাড়াইরা লইরা গেলেন। স্থাসামে প্রবেশ করিরা বক্ষের, তাহাদের পঞ্চদশটী তুর্গ স্থাধিকার করিলেন; পরে স্থানেক ধন রত্নাদি সহ প্রত্যাবর্ত্তন কালে, কুচবেহার করায়ত্ত করিয়া, বর্ধার প্রারম্ভেই রাজধানীতে ফিরিয়া স্থাসিলেন।

ঢাকার আসিরা স্থাদার আদেশ পত্র পাইলেন যে— বাদশাহ্ তাঁহাকে
মন্ত্রীত্ব পদ দিরা দিল্লীতে প্রত্যাবর্তনের অস্মতি করিয়াছেন; এবং তাঁহার
স্থলে নওরাব সায়েফ থানকে স্থাদার নিযুক্ত করিয়াছেন। কিছুদিন
পরে আবার দাক্ষিণাত্যের স্থাদার নিযুক্ত হইয়া গিয়া, তথায় জি:
১০৫৮ সালে, এস্লাম থানের মৃত্যু হয়।

চতুর্দ্দশ সর্গ।

সোলতান মোহম্মদ শুজাআ—রাজমহল

১৬৩৯ খুষ্টাব্দে সমাট শাহ জাহানের দিতীয় পুত্র চতুর্বিংশতি বর্ধের যুবক সোলতান স্থলাঝা, বালালার সিংহাসনে উপবেশন করিলেন। কিন্তু পিতা, ভয়ে পুত্রকে বালালা-বেহার-উড়িয়া তিনটা প্রদেশের অধিকার না দিরা, শারেস্তা থানকে বেহার বিভাগের শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন।

সোলতান স্মুগামা রাজধানী, ঢাকা হইতে আবার রাজমহলে উঠাইর।
আনিয়া, উহার নাম আক্বর নগর রাখিলেন ও তথায় অতি স্থানর স্থানর
প্রাসাদাবলী নির্মাণ করাইলেন। রাজা মানসিংহের সময়ের হুর্গ-প্রাকার
তিনি আরও স্থান করাইলেন। কিন্তু হুর্ভাগাক্রমে পর বৎসরই অগ্নিদাহে
নগরের প্রধান প্রধান স্থান্ত প্রাসাদগুলি নই ইইয়া বিশুর ক্ষতি ইইয়া
গোল। পঞ্চার স্থোতের গতিও হঠাৎ পরিবর্ত্তিত ইইয়া, নগরের সৌন্দর্যার
অবশিষ্টাংশ নই করিয়া দিল।

১৯৩৮ খুটাব্দে বাদশাহ্ শাহজাহানের একটা অল্ল বয়স্কা কন্তা, পরি-হিত বস্ত্রে অগ্লি সংযোগে দয় হইরা যাওরার সম্রাট, মন্ত্রী আসাদ থানের অস্তরোধে ইংরাজ ডাজার দ্বারা চিকিৎসা করাইবার জন্তু, স্পরাটে লোক প্রেরণ করিলেন। এই সমন্ন ভারতেশ্বর দক্ষিণাপথে দেশ পর্যাটনে বাহির ইইরাছিলেন। হোরওয়েল্ জাহাজের ডাজার মিষ্টার গ্যাব্রাইল বাউটন্ সম্বর সম্রাট শিবিরে উপস্থিত হইলেন। এবং অল্পদিন মধ্যেই সম্রাট নন্দিনীকে সম্পূর্ণরূপে আরোগ্য করিতে কৃতকার্য্য হইলেন।

এই ঘটনার পর বাদশাহ ডাক্তার বাউটনের অন্থরোধে ইংরাজ ইট-ইণ্ডিয়া কোম্পানীকে বিনা শুঙ্কে বঙ্গদেশে বাণিজ্য করিবার অন্থমতি প্রদান করিলেন।

পর বংসর বাউটন্, কুমার মোহমাদ স্মজান্ধার রাজধানী রাজমহলে গিয়া, স্থাদারকে তাঁহার সম্মান জ্ঞাপন করিলেন। এই সময় হেরেমের জনৈক মহিলার পাঞ্জরের বেদনা আরোগ্য করায় তিনি, স্থাদার কর্তৃক অতি সাদরে গৃহীত ছইলেন।

১৬৪০ খুষ্টাব্দে কোরওয়েল্ অর্ণবলোতে মিষ্টার ব্রিজম্যান নামক একজন ইংরাজ ভদ্রলোক ইংলও হইতে আসিয়া ডাঃ বাউটনের সহিত রাজমহলে সাক্ষাৎ করিলেন। তৎপরে ক্রেমে উভরে অন্থরোধ করিয়া ভ্রাদারের নিকট হইতে বালেশ্বর ও হুগলীতে কুটা নির্মাণ করিবার অন্থয়তি গ্রহণ করিলেন।

১৬৪৭ খৃটাক পর্যন্ত আট বৎসর কাল সমাট-কুমার পুঞাআ, স্থার বিচার ও অতিশর যোগ্যতার সহিত রাজ্য শাসন করিয়াছিলেন। শেবে বাদশাহ নিজ অভ্যাস মত পুত্রের হন্তেও অধিক ক্ষমতা দিতে ইতন্তভঃ করিয়া, পুত্রকে দেখিবার ভান করিয়া, তাঁহাকে রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিতে অনুমতি করিলেন, এবং তাঁহার:স্থানে নওয়াব এতেকাদ থানকে বাকালার প্রাদার নিযুক্ত করিয়া পাঠাইয়া দিলেন।

সমাট এই সময় লাংহারে অবস্থান করিতেছিলেন। তিনি তথায় পুত্রকে অতি সাদরে গ্রহণ করিয়া, কয়েক মাস পরেই উাহাকে কার্লের শাসনক্তা করিয়া পাঠাইয়া দিলেন।

সোলতান স্কান্ধা অতিশর ধর্মজীক, সভ্যবাদী ও তাঁহার অগ্রজ

দারার স্থায় সচ্চরিত্র এবং শাস্ত প্রকৃতির লোক ছিলেন। এতন্তিয় তাঁহার বন্ধ-বর্ণের সহিত ব্যবহারে তিনি উদারতার পূর্ণ অবতার ছিলেন।

সোলতানের নম্রতা ও স্থবিচারের জন্ত, তাঁহার শাসনকালে তিনি বঙ্গের সমস্ত প্রজাবর্গের প্রীতিভাজন হইরাছিলেন। স্থজাম্মার শুভ রাজ-দৃষ্টিতে বন্দদেশ, সে সময় কৃষি ও বাণিজ্যে উন্ধতির চরম সীমায় উঠিয়াছিল। যুদ্ধে তিনি একজন অদম্য সাহসী বীর ছিলেন, এবং তাঁহাতে একজন প্রবীণ সেনাধ্যক্ষের প্রায় সমস্ত গুণাবলী বর্ত্তমান ছিল।

ত্ই বৎসর পরে সোলতান স্ক্রজাঝা, আফগানিস্থান ইইতে পিতৃ সন্মিধানে ফিরিয়া আসিলেন। তখন সমাট পুনরায় তাঁহাকে বাঙ্গালার শাসনক্তা করিয়া পাঠাইয়া দিলেন।

১৬৫৭ খৃষ্টাব্দে সম্রাট শাহজাহানের কঠিন পীড়ার সংবাদে, ভাঁহার চারি পুত্রের মধ্যে যে খোরতর বিবাদ আরম্ভ হইল, তাহার ফলে স্ফাআর জায় শাসনকর্তাকে হারান'য়, বাঙ্গালাই সর্বাপেক্ষা অধিক ক্ষতিগ্রস্থ হইমাছিল।

সোলতান স্থলা আ বাঙ্গালা হইতে বহু সৈক্ত লইয়া বারাণসী গমন করিলেন ও নৌসেতৃ সাহায্যে তথায় গলা পার হইবার উপক্রম করিতে থাকা কালে, অবগত হইলেন যে—তাঁহার সর্ব্ব কনিষ্ঠ ল্রাতা সোলতান মোরাদ, প্রজরাটে ভারত সমাট বলিয়া ঘোষণা করিয়া দিল্লীর দিকে অগ্রস্ব কইতেছেন।

এই সময়ে জ্যেষ্ঠ কুমার দারা, পিতার নিকট অবস্থান করিতেছিলেন।
তিনি তাঁহার পুত্র সোলেমান শেকোহ্কে দশ সহস্র অখারোহী
সহ এলাহাবাদ অধিকার করিয়া রাখিতে পাঠাইয়া দিয়া, বাদশাহ্কে
পীড়িতাবস্থায় স্থান পরিবর্জনের অছিলায় দিল্লী হইতে আগ্রায় আনয়ন
করিলেন। তৎপরে স্কলাআর সদৈক্তে আগ্রমন বার্ডা পাইয়া সোল্ডান

দারা, পুত্রের সাহায্যের জন্ত রাজা জরসিংহ ও দেলের থানকে বহু সেনা সহ পাঠাইয়া দিলেন।

বলিও কুমার গোলেমানের প্রতি, যে কোন প্রকারে স্থজাজাকে বিতাড়িত করিবার জন্ম তাঁহার পিতার জাদেশ ছিল; কিন্তু কুমারের সাহায্যের জন্ম রাজা জন্দিংহকে প্রেরণ করিবার কালে সম্রাট শাহজাগান, স্বন্ধং জর্দিংহকে গোপনে ডাকিয়া, তাঁহার প্রতি সাধ্যমত চেষ্টাসহকারে লাত্দ্বের মধ্যে সন্ধি স্থাপন করাইতে, শেষ পক্ষে কুমার স্থজাজাকে বঙ্গদেশে প্রত্যাবর্ত্তন করাইবার পক্ষে বিহিত চেষ্টা করিতে উপদেশ দিয়াছিলেন।

বঙ্গেশ্বর স্থজাত্মা বারাণসীর সন্নিকটে বাহাত্রপুরে, গঙ্গার উপর নোসেতু, নির্মাণ করিতেছিলেন, এমন সময় নদীর পরপারে তিনি কুমার সোলেমানের সেনাগণকে দেখিতে পাইলেন।

বিবাদ স্বারম্ভ হইবার স্ত্রপাতের পূর্বক্ষণে রাজা লয়দি'ছ, সোল্ভান স্কান্থার নহিত সদ্ধির প্রভাব করিয়া, তাঁহাকে বুমাইয়া দিলেন যে— তাঁহার জ্যেষ্ঠ দারার সহিত যুদ্ধ করিতে হইলে, কুমারকে প্রকৃত প্রস্তাবে দিল্লীখরের বিপক্ষতাচরণ করিতে হইবে। যেহেতু তৎকালে কুমার দারাই বাদশাহের নামে সমাজ্যের সর্কেস্কা হইয়া দাঁড়াইয়াছিলেন। এবং মহামাক্ত ভারতেখরেরও যে এই অভিলাব, তাহা রাজা কুমারের নিকট বিবৃত করিলেন।

রাজা জন্মিংহের সং-যুক্তিতে কুমার স্থলাআ সম্মত হইরা, স্বীর রাজধানী প্রত্যাবর্ত্তনের উত্যোগ করিতেছিলেন। কিছু উগ্রপ্রকৃতি তরুণ বরষ কুমার সোলেমান শেকোহ্ সন্ধির প্রস্তাবে অসম্মত হইরা, প্রবীণ রাজা জন্মাংহকে তাঁহার অভিসন্ধি পূর্কাত্নে কিছুই জানিতে না দিয়া, ১০৬৮ হিজরীর ৪ঠা রবিওল আউরল তারিথে রাত্রি ছই প্রহরের সমন্ত্র গল হাঁটিয়া পার হওরা যায় এরপে অক্স জল থাকা একটা স্থান দিয়া সঠৈতে নদী পার হইরা, তদীর খুল্লভাতকে হঠাৎ নৈশ আক্রমণ করিলেন। এই আক্রমণে দেলের থানও কুমারের সহিত ছিলেন।

সন্ধির কথাবার্তা চলিতে থাকার, সোলতান স্বজান্থা এই নৈশিক আক্রমণের বিরুদ্ধে সম্পূর্ণ অপ্রস্তুত ছিলেন। তিনি এই সমর অথার নিজার নিজিত হইরা সন্ধির স্বপ্ন দেখিতেছিলেন। এমন সমর শক্রর কোলাহলে তাঁহার নিজাভন্ধ হইল। সোলতান স্বরিতে যুদ্ধ সজ্জার সজ্জিত হইরা তাঁহার হন্ডীতে আরোহণ করিলেন। কিন্তু এই সম্পূর্ণ অপ্রস্তুত্ত থাকা অবস্থার, অগণিত সম্রাট সেনার সহিত যুদ্ধ করা তাঁহার পক্ষে অসন্তব হইল। স্ক্রান্থা অস্তবর্গণ সহ শেষে পটনার পলারন করিতে বাধ্য হইলেন। সঙ্গে সমাট সেনা তাঁহার পশ্চাদ্ধানন করার, তিনি আবার পাটনা পরিত্যাপে মৃঙ্গেরে আশ্রর লইলেন। তাঁহার লাতুপুত্র সোলেমান, মৃজ্যের পর্যান্ত সোলতানের অন্স্যরণ করিরাছিলেন। কিন্তু মৃজ্যেরের তুর্গ সমীপে, পৌছিবার পর কুমার সোলেমান, আগ্রার ফিরিরা বাইরা, তাঁহার অপর তুই পিতৃবিন্যোহী খ্লতাত আওরঙ্গজেব ও মোরাদের সংযুক্ত সেনাগপকে বাধা দিবার কন্তু পিতৃ আদেশ প্রাপ্ত হইলেন।

সোলেমান চলিয়া ৰাইবার পর বঙ্গেশ্বর স্থঞাআ, তাঁহার বিক্ষিপ্ত সেনাগণকে একলাঁভূত করিবার প্রয়াস পাইতেছিলেন; এমন সময় জ্যেষ্ঠ দারার পরাজয় ও আওরকজেবের সিংহাসন অধিকার, এবং তৎসকে সমাট-পিতাকে অবরুদ্ধ করিবার সংবাদ পাইলেন। তথন কুমার স্থজাআ অনোক্তপায় হইয়া মল্লীবর্গের পরামর্শক্রমে, কনিষ্ঠ আওরকজেবের এই কতকার্য্যতায় তাঁহায় আনন্দোৎসব বার্ত্তা প্রেরপ করিলেন। তৎসহ তাঁহার প্রতি এই বলের স্থবাদারের পদ নির্দ্ধারণকরণ জক্ষ, মিনতি সহকারে সম্রাট-লাতার নিকট প্রার্থনা করিলেন।

আওরক্জেব তাঁহার চতুরতার জাল বিন্তার করিয়া, প্রথমতঃ ল্রাতার দূতকে সমাদরে গ্রহণ করিলেন ও তাঁহার নিকট হইতে স্থবাদার স্ক্রান্থার ও তাঁহার পরিবার বর্গের শারীরিক কুশল জিজ্ঞাসাবাদ করিয়া, দূতকে এই বলিয়া বিদায় করিয়া দিলেন—

"এ সময় সাম্রাজ্যের থেরপে অবস্থা তাহাতে তাঁহার জাতাকে বঙ্গের শাসনকর্তা নিরোগ সম্বন্ধীয় পৃথক অম্মতি পত্র দেওরা যায় না, এবং দিবারও আবশুকতা নাই। কারণ তিনি (আওরক্ষজেব) ভারত সাম্রাজ্য সম্বন্ধে তাঁহার মহা-মহিমান্থিত পিতার প্রতিনিধি মাত্র। বাদশাহের তুর্বলতা নিবন্ধন তিনি রাজদণ্ড ধারণে অপারক হওরায়, তাঁহার পূর্ব্ব নির্দারিত পদ সকলের অপলাপ হইতে পারে না।"

এই চাতুর্য্যপূর্ণ উদ্ভরে কুমার স্থজাআ সম্ভষ্ট হইতে না পারিলেও, তিনি তাঁহার কনিষ্ঠ লাতার নিকট হইতে ইহার অধিক আশা করিতে পারেন নাই। কাজেই স্থবাদার নিজের অবস্থান্থায়ী প্রাপ্তত হইতে লাগিলেন।

এদিকে আওরদক্ষেব, সমাটের জ্যেষ্ঠ পুত্র দারা শেকোহ্ প্রভৃতি, তাঁহার যাবতীয় শত্রুগণকে পরান্ত করিয়া ভারত সিংহাসনের কন্টক গুলি পরিষ্কার করিলেন।

১০৬৯ হি: ১৬৫৯ খ্রীষ্টাব্দে স্মবাদার স্কান্সা, তাঁহার মুথের মুখোষ অপসারিত করিয়া, বাদালা হইতে বহু সৈন্ত লইয়া কনিষ্ঠ প্রাতা আওরদ-ক্রেবের বল পরীক্ষার্থে যাত্রা করিলেন। তিনি এলাহাবাদের নিকট বিনা বাধার গদা পার হইয়া গেলেন। ক্রমে তথা হইতে ৩০ মাইল দূরবর্ত্তী কাজ্ওরা পর্যান্ত গিরা, তিনি আওরদজেবের পুত্র মোহাম্মদ সোলতানের অধীনে দিল্লীর সেনাগণকে দেখিতে পাইলেন। তথন উভর সেনা, মধ্যে একটা প্রকাণ্ড সমতল ভূমি রক্ষা করিয়া, দূরে দূরে দিবির

সিয়বেশ পূর্বক গড়থাত কাটিয়া, আপন আপন অবস্থান স্বদৃঢ় করিতে লাগিল।

স্থানা পূর্ব হইতে তাঁহার কামানগুলি, দীর দেনার সন্মুথ ভাগে একথণ্ড উচ্চ ভূমির উপর রক্ষা করিয়াছিলেন। ঠিক বেলা ঘই প্রহরের সময় উভর পক্ষের কামান গর্জনের সহিত তুমূল যুদ্ধ আরম্ভ হইল। বঙ্গেশবের কামানগুলি উপযুক্ত গোলান্দাজ সেনার ঘারা পরিচালিত হইতে থাকার, কামান নিক্ষিপ্ত গোলা বিপক্ষের খ্ব অনিষ্ট সাধন করিতে সমর্থ হইল এবং তাহাদিগকে আরপ্ত কিছুদ্র হটাইয়া দিতে ক্বতকার্য্য হইয়াছিল।

এই সময় বিশাস্থাতক মহারাজা ধশোবস্ত সিংহ, তাঁহার সমস্ত রাজপুত ও হিন্দু সেনা লইরা, কেবল মাত্র আওরঙ্গজেবের সেনাদলকে পরিত্যাগ করিরাও সম্ভষ্ট না হইরা, বরং দিলীখরের সেনাগণের উপর নিপত্তিত চইয়া তাহাদিগকে ব্যতিব্যক্ত করিয়া তুলিল ও সম্রাট শিবিরে লুটপাট আরম্ভ করিয়া দিল,।

ব**লেখর প্রজান্দা নে**ই সমন্ন ঐ বিষ**ন্ন অ**বগত হইতে পারিলে, এই বুদ্ধ জয় করা তাঁহার পক্ষে সহজ সাধ্য হইত।

সমন্ত দিবস ষ্জের পর সোলতান স্থজাআ তাঁহার কামানগুলি সহ, সমন্ত সৈক্তগণকে স্থদ্চ গড়ের মধ্যে আসিতে অক্সতি করিলেন। তাঁহার এই ত্রমের ফলে সম্রাট সেনাপতি মীরজুম্লা, রাত্রিযোগে স্থজাআর কামান সাজাইবার সেই উচ্চ ভূমিধণ্ড অধিকার করিয়া বসিলেন ও ততুপরি তাঁহার কামান শ্রেণী সাজাইরা লইলেন।

পরদিবস প্রাতে তাঁহার ভ্রমের বিষমর ফল অবলোকন করিয়া স্মঞ্জান্ধা, বাধ্য হইয়া স্বীয় সেনাগণকে আরও দুরে সরাইয়া লইতেছিলেন। এই অবসরে প্রবীণ যোদ্ধা আওরঙ্গজেব, স্বয়ং ভ্রাড়াকে আক্রমণ করিলেন। সম্রাট আওরঙ্গজেব হন্তী আরোহণে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন। এই যুদ্ধে বালালার সেনাগণ এতাধিক অধ্যবসায় প্রদর্শন করিয়াছিল বে—কিছুক্ষণ যুদ্ধের পর তাহারা প্রবল সম্রাট সেনাগণকে অনেক দূর হটাইয়া দিতে কৃতকার্য্য হইয়াছিল। সোলতান স্ক্রাআ একটা বৃহদাকার হস্তী পৃষ্টে আরোহণ করিয়া, তাঁহার সেনাগণকে যুদ্ধে উৎসাহিত করিতেছিলেন।

দ্রে প্রতা আওরঙ্গজেবকে সমভাবে হন্তীপৃষ্ঠে উপবিষ্ট দেখিয়া, মুজাআ
শঙ্কং সমাটিকে আক্রমণ করিলেন। এই অবস্থার সমাটের একজন
সেনাধ্যক্ষ তাহার হন্তী লইয়া বন্ধেশ্বকে বাধা প্রদান করিতে গিয়া নিহত
হইল। তৎপরে সুজাআর প্রচণ্ড আক্রমণে সমাটের হন্তী হাটু গাড়িয়া
বিসিন্না পড়িল। এই সময় আওরজজেব হন্তী হইতে অবতীর্ণ হইতেছিলেন;
এমন সময় সেনাপতি স্বচতুর মীরজুম্লা, অশ্বপৃষ্ঠে ক্রন্ড আগমন করিয়া
উটিলাকৈ সাবধান ও নিবেধ করার, সম্রাট আর অবতীর্ণ হইলেন না। হন্তী
উঠিয়া দাঁড়াইল বটে, কিন্তু কোন মতে আর অগ্রসর হইতে চংছিল না।

এই সময় আওরক্ষকেবের হাওদার পশ্চাতে উপবিষ্ট একজন বোদ্ধা বঙ্গেশ্বরের মাত্তকে বন্দুকের শুলি নিক্ষেপে ধরাশায়ী করিল। সঙ্গে সক্ষে সম্রাটের হন্ডীর মাত্ত দক্ষতার সহিত বঙ্গেশ্বরের হন্ডীর মন্তকে উঠিয়া, উহাকে তাড়াইয়া লইয়া ঘাইতে লাগিল। এদিকে সম্রাটের হন্ডীও ক্রমে আঘাতের শুরুত্বে অবাধ্য হইয়া উঠিল। তথাপি স্থাট হন্ডী ছাড়িয়া না দিয়া উহাকে শুন্থালাবদ্ধ করিতে ধলিলেন।

অপর পক্ষে সোলতান স্ক্রজাসা, তাঁহার জনৈক কর্মচারী আলিবদ্ধী থানের পরামর্শে, হন্ডী হইতে অবতীর্ণ হইয়া অখে আরোহণ করিলেন। ক্রমে বঙ্গের সেনাগণ স্থবাদারের হাওদা আরোহীশৃন্স দেখিয়া, তাঁহার মৃত্যু কল্পনা করিয়া রণে ভঙ্গ দিতে লাগিল। এই সময় রাত্রি সমাগত হওয়ায়, সম্রাট আর পলাতকদিগের পশ্চাদ্ধাবন না করিয়া, শত্রু পক্ষের কামান, যুদ্ধান্ত্র ও বস্ত্রাগারগুলি সেনাগণকে হন্তগত করিতে আদেশ দিলেন।

স্বাদার সোলতান স্থলাআ অতীব সাহসী ও একজন উচ্চশ্রেণীর রাজনীতিজ্ঞ হইলেও, একথা নিঃসক্ষোচে বলা যাইতে পারে বে, তিনি যুদ্ধ বিভায় সেরূপ স্থপতিত ছিলেন না। বেনারস্থ এলাহাবাদের এই উত্তর যুদ্ধেই তিনি প্রবীণ সৈক্যাধ্যক্ষের উপযোগী পূর্ব্বদৃষ্টি ও নিপুণতা প্রদর্শন করিতে পারেন নাই। উত্তর যুদ্ধেই তাঁহার প্রধান সেনাধ্যক্ষের উপযুক্ত সতর্কতার অভাবে, তাঁহার অধীনত বহু সেনার প্রাণনাশ হইরাছিল। যুদ্ধেক্ষত্রে হন্তী পৃষ্ঠ হইতে অবতরণ করা, তাঁহার একটী প্রকাণ্ড ভ্রম হইয়াছিল।

অতঃপর যুদ্ধে পরাজিত হইয়া কুমার স্থলাআ, সাধারণ লোচুকর বেশ গ্রহণে পাটনার পলাইয়া আসিলেন। এই সময় তাঁহার এমন মানসিক অবস্থা হইয়াছিল যে—তিনি নিজ সেনাগণকেও অবিশ্বাসের চক্ষে দেখিতে ছিলেন।

পরদিবদ প্রাতেঃ আধ্বরদ্বের, জ্যেষ্ঠ পুত্র মোহাক্সদ সোলভানকে
দশ সহস্র অখারোহী সেনা লইরা অজ্ঞাআর অফুসরণ করিতে প্রেরণ করিলেন। তিনি পুত্রের প্রতি যে কোন প্রকারে হউক ভাহার পিতৃব্যকে ধৃত করিতে আদৈশ দিলেন। কুমার মোহাক্ষদের আগমন বার্ছা অবগত হুইরা, তুর্ভাগা অ্রজ্ঞাআ আবার মুক্তেরে প্লীরন করিলেন।

আওরক্ষকেব এক্ষণে পুত্র মোহাম্মদ সোলভানের পশ্চাতে, খান খানান উপাধি ভূষিত সেনাপতি মোরাজ্জ্ম খান মীরজুম্লাকে, বাঙ্গালা দেশ হইতে ত্রভাগা স্থলা্আকে বিভাড়িত করিবার আদেশ দিয়া প্রেরণ করিবেন।

মুজাআ মুলেরে পৌছিয়া, মুঙ্গের তুর্গ উত্তমরূপে পরিখা বেষ্টিত করিয়া

স্থান্ত করিয়া লইলেন। তথায় তাঁচার পরিত্যক্ত ও ছত্রভঙ্গ সেনাদল ক্রেমশ: আসিয়া জুটিতে লাগিল। বাঙ্গালা হইতেও অনেক সেনা তাঁহার নিকটে গিয়া পৌছিল। এই সময় বঙ্গেশ্বর তেলিয়াগড়ী ও শিক্রিগলি গিরিবতা হয় স্থান্ত করিয়া, এবং তথায় আবেশ্যক মত সেনা রক্ষা করিয়া, বঙ্গ প্রবেশের ঐ তুইটা পথ অবক্ষর করিলেন।

এই বংসর ১৬৫৯ খৃ: ১০৬৯ হি: ৪ঠা রমজান তারিখে কুমার আওরজ্জেব, আবুল মোজাফ্ ফর মুহিউদীন মোলামদ আওরজ্জেব বাহাত্র আলম্গীর বাদশাহ গাজী নাম ধারণে সিংহাসনারত হইলা, সমস্ত মস্জিদে তাঁহার নামে খোত্বা পড়িতে আদেশ দিলেন। সজে সজে তিনি সীয় নামাজিত মুদ্রা প্রচলন করিতে লাগিলেন। (মোন্তেখাবুল লোবাব)।

কুমার মোকাশ্বদ সোলতান, পাটনার থান থানান মোরাজ্জম থানের জন্ত অপেক্ষা করিতে লাগিলেন। পরে তাঁহার সহিত মিলিত হইরা, উভরে বন্ধ প্রবেশের উপায় উদ্ভাবন করিতে রহিলেন। শেবে পাটনার নিকটবর্তী জনিদারগণের সাকায়ে জারকন্দ পর্বত শ্রেণীর মধ্যবর্তী তুর্গম সেরেগটির পথ আবিদ্ধার করিয়া, থান থানান মোয়াজ্জম থান ঘাদশ সহত্ত অখারোহী সহ বন্ধে উপস্থিত হইলেন।

কুমার মোহাম্মদ দোলতান, অবশিষ্ট সম্রাট সেনা লইশ্বা মৃক্তেরের দিকে যাত্রা করিলেন, এবং মৃদ্দের হুইতে ক্ষেক মাইল দ্রে শিবির সন্ধিবেশ করিয়া তথায় অবস্থান করিতে থাকিলেন।

এমন সময় তুর্গ মধ্যে স্থবাদার স্মঞ্জাত্মা সম্রাট সেনাপতির বন্ধ প্রবেশের সংবাদ পাইরা, তঃথ ও বিশ্বরের সহিত মুদ্দের পরিত্যাগ করিরা সসৈত্তে রাজ্মহলে গিয়া পৌছিলেন। মুদ্দের তুর্গ কুমার মোহাম্মদ সোলতানের হন্তগত হইল। কিছুদিন পরে কুমার ও দেনাপতি থান থানানের দৈক্ত, তুইদিক হইতে রাজমহল আক্রমণ করিল। ছয় দিবস পর্য্যন্ত স্থলান্তা এই যুক্ত-আক্রমণে বাধা প্রদান করিলেন। তৎপরে সেইস্থান নিরাপদ নহে বিবেচনা করিয়া, নিশার অক্রকারে দারুণ তুর্য্যোগ ও ঝড় বৃষ্টির মধ্য দিয়া, নৌকারোহণে সপরিবারে ট'াড়ায় গিয়া পৌছিলেন। স্থলান্তার ভাগ্যক্রমে সেই রাজি হইতে প্রচণ্ড বেগে ঝড় বৃষ্টি ও তৃফান আরম্ভ হইয়া, নদীর জল বৃদ্ধি হইতে হইতে সম্রাট সৈক্রের বস্ত্রাবাদ পর্যান্ত জলময় করিয়া দিল। এই অবস্থা দর্শনে থান থানান মোয়াজ্জম থান, আর স্থলান্তার পশ্চাদ্ধাবন করিতে না পারিয়া, চারি মাসকাল রাজমহলে অবস্থান করিতে বাধ্য হইলেন।

সমাট সেনাপতির অনিচ্ছু এই বিরাম কাল, ভাগ্যতাড়িত স্থুজাআকে
নিয় বঙ্গের বিক্ষিপ্ত সেনাগণকে পুন: সংগ্রহ করিবার স্থাবিধা প্রদান করিল।
এবার তিনি পর্ত্ত,গীজ গোলন্দাজগণের ঘারা তাঁহার কামান সকল ছুড়িবার
স্থবন্দোবন্ড করাইতে লাগিলেন। তাহারা এই স্থবাদারের অমারিকতা
এবং সাম্যনীতির বশবর্তী হইয়া, দলে দলে তাঁহার সৈক্ত মধ্যে প্রবেশ
করিতে লাগিল।

অতঃপর স্থবাদার-সেনাগণ নববলে বলীয়ান্ হইয়া গলা পার হইয়া, মধ্যে মধ্যে শক্রসৈত্তের উপর গুলি বর্ষণ করিয়া, এবং সময় সময় রাত্রিযোগে তাহাদিগকে আক্রমণ করিয়া এরপ ব্যতিব্যুদ্ধ করিয়া তুলিল বে—শেষে সেনাপতি মোরাজ্জন্ থানকে বাধ্য হইয়া রাজমহল পরিত্যাগে, গলা তীর হুইতে কিছু দূরে গিয়া অবস্থান করিতে হইয়াছিল।

এই সমরে আবার এরপ একটা ঘটনা সংঘটন হইল, যাহাতে একদিকে যেমন স্কাআর পক্ষীর লোকের উৎসাহ বর্দ্ধন হইল, অপর দিকে সম্রাটের তরফে তেমনি ত্রাস ও উৎকণ্ঠার বীজ ছ্ডাইয়া দিল। আওরাক্ষ্যের-পুত্র কুমার মোহাম্মদ সোলতান, ইতিপূর্ব্বে মুবাদার নন্দিনীর সহিত বাক্দন্ত হইরাছিলেন। কেবল এই সর্ব্বনাশক ভাতৃ-বিবাদের জন্ম এতাবৎকাল বিবাহকার্য্য সম্পন্ন হয় নাই। অনেকেই সহস্ধ ভাঙ্গিয়া গিরাছে বিবেচনা করিয়াছিলেন। এমন কি কুমার সর্ব্বহ্মণ এই যুদ্ধ কার্য্যে ব্যাপৃত থাকার, তিনিও তাঁহার পরমা স্ক্রমরী বাক্দভার বিষয় সম্যক ভুলিয়া গিয়াছিলেন।

রাজকুমারী তাঁহার পিতার ত্রবস্থা দর্শনে, এই সময় স্বহন্তে কুমার মোহাম্মন সোলতানকে করুণরসপূর্ণ একথানি পত্র লিখিলেন। তাহাতে তিনি তাঁহার ভাবী স্বামী কর্তৃক তাঁহার পিতামাতার এই ত্রাবস্থার জন্ম আন্তরিক ত্রথ প্রকাশ করিয়াছিলেন।

এই পুত্র কুমারের অন্তরে, তাঁহার পূর্ব আসন্তির বহি প্রজ্ঞলিত করিয়া
দিল। তিনি পিতার স্নেহ ও রাজ্য বিস্তারের আশা পরিত্যাগ করিয়া,
অধীনস্থ গোলন্দাজ দেনা-নায়ক আমীর কুলি ও কাদেন আলি প্রভৃতি
কয়েকজন বিশ্বস্ত অন্তর সহ, জ্যেষ্ঠতাত স্কুজাআর সহিত মিলিত হইতে
বাহির হইলেন। মোহাম্মদ দোল্তান তাঁহার দেনাগণকে পরে তাঁহার
সহিত মিলিত হইবার উপদেশ দিয়া, নৌকারোহণে গৌড়ের অনতিদ্বে
অবস্থিত বাগ্মতী নদীর তীরে, টাড়া নগরের নিক্টবর্ত্তা স্থানে গিয়া
উপস্থিত হইলেন। এইস্থান হইতে স্বাদার স্কুজাআর পুত্র বোলন্দ
আখ্তার, কতিপর রাজসভাস্দ্ সহ আসিয়া তাঁহাকে অভ্যর্থনা করিয়া
সঙ্গে লইয়া গেলেন।

সেনাপতি মোরাজ্জমণান এই সংবাদ পাইয়া প্রথমতঃ আশ্চর্য্যান্থিত ছইলেন; পরে যতই তিনি এই বিষয় চিন্তা করিতে লাগিলেন, ততই তাঁহার প্রাণে আশহার উদ্রেক হইতে লাগিল। আবার রাজ্মহলে প্রবেশ করিয়াও তিনি কুমারের সেনাগণ মধ্যে অতিশয় বিশৃঞ্জলতা ও চাঞ্চল্য দর্শন করিলেন। তথন মহাসেনাপতি খান থানান স্বীয় হন্তী পৃষ্ঠে উপবেশন করিয়া, সমস্ত সৈক্ত মধ্যে ভ্রমণ করিতে লাগিলেন ও তাহাদিগকে ওজন্বী ভাষায় উৎসাহ প্রদান করিতে, এবং তৎসন্ধে কুমার মোহাম্মদের মহাভ্রম ও পাগ্লামি ব্ঝাইয়া দিতে লাগিলেন। সৈক্তগণ এই মহাসেনা-পতির সারগর্ভ উপদেশে, সমাট শিবির পরিত্যাগ করিয়া কুমারের সহিত মিলিত হইতে যাওয়া সম্পূর্ণ অযৌক্তিক ব্ঝিতে পারিয়া, সেই কার্য্যে নিরস্ত হইল। খান খানানও এই সময় হইতে নোসেতু প্রস্তুতের অভিপ্রাের নৌকা সংগ্রহে নিযুক্ত হইলেন।

এদিকে থাওরাস্পুর টাঁড়ার মহাসমারোহে সমাট কুমার মোহাম্মদ সোলতানের সহিত স্থবাদার নন্দিনীর উঘাহক্রিয়া সম্পন্ন হইন্না গেল। বিবাহকালে কোন ভর বা ছন্চিস্তা মনোমধ্যে উদিত হইন্না, উভুর পক্ষের কাহারও উৎসাহ ভঙ্গ করিল না। কিন্তু অল্পদিন মধ্যেই, এই সমারোহ কার্য্য সম্পূর্ণুরূপে নিবৃত্তি না হইতে হইতে, সমাট সেনার আগমনবার্ত্তা শুবদে টাড়ার সুখ্মপ্র ভাঙ্গিয়া গেল।

স্থাদার স্থজাআ, নগর প্রাকারের দৃঢ়তার উপর বিশ্বাস স্থাপন করিতে না পারিয়া, সদৈজে নগরের বাহিরে গিয়া শিবির সয়িবেশ করিলেন। এইবার স্থাদার নিজের সৈম্ম বলের উপর সম্পূর্ণ আস্থা স্থাপন করিতে না পারিলেও, জামাতার কথামত তাঁহার অধীনত্ব সেনাগণের অধিকাংশ যুক্ককালে সম্রাট-পক্ষ পরিত্যাগে তাঁহার সহিত মিলিত হইবে বলিয়া বিশ্বাস থাকায় স্থজাআ, যুদ্ধারত্তে জামাতাকে অগ্রবর্ত্তী সেনাগণের কেন্দ্রন্থলে প্রকাশ্রন্থানে অবস্থান করিতে উপদেশ দিলেন।

যুক-বিজ্ঞা-বিশারদ বাদসাহ সেনাপতি থান থানান, বিপক্ষ সেনাগণকে সমতল ক্ষেত্রে সমবেত দেখিরা, মনে মনে খ্বই সস্কুষ্ট হইলেন। তিনি ক্ষবিলম্বে যুদ্ধ ক্ষেত্রে অবতীর্ণ হইলেন, এবং দূর হইতে সর্ব্বপ্রথমে স্ফ্রাট কুমারের পতাকা দেখিরা, অধীনস্থ একজন বিশাসী সেনানীকে কুমার মোহাক্ষদ সোল্ভানকে কোন প্রকারে ধৃত করিবার উপদেশ দিরা, সৈম্প্রসহ প্রেরণ করিলেন।

প্রথমত: দ্রের কামান গর্জনের সহিত যুদ্ধারস্ত হইল। কিন্তু কামানের যুদ্ধে স্থবাদারের পক্ষেই অধিক স্থবিধা হইতেছে দেখিরা, মোরাজ্জম খান, তাঁহার নির্বাচিত অশ্বরোহীগণকে দ্রে না থাকিরা, কুমারের দিকে ধাবমান হইতে অকুমতি করিলেন।

এই সময় কুমার ঐ অখারোহী সেনাগণকে তাঁহার পক্ষীয় লোক, এবং পূর্ব্ব নির্দেশমত তাহারা তাঁহার সহিত মিলিত হইতে আসিতেছে বিবেচনা করিয়া, গোলন্দাজদিগকে কামান বন্ধ করিতে আদেশ দিলেন। পরে কুমার ্যথন তাঁহার এই মহাভ্রম ব্ঝিতে পারিলেন, তখন আর ইহা সংশোধনের সময় চিল না।

এই যুদ্ধে বালালার অসংখ্য সৈক্ত মোগল সেনাগণ কর্তৃক নিহত হইল। স্বাদার-কুমার বোলন্দ আথ্তার রণন্থলে সাজ্যাতিকরণে আহত ক্টালন।

সুবাদার ও তাঁহার জামাতা প্রথমতঃ নগর মধ্যে পলায়ন করিয়।
আশ্রেম লইলেন, এবং রাত্রিযোগে সপরিবারে নৌকারোহণে ঢাকার
দিকে সরিয়া পড়িলেন।

মহাসেনাপতি থান থানান তাঁহার এই অপ্রত্যাশিত হঠাৎ-বিজয়ে আশুর্ব্যান্থিত হঠাৎ বিজয়ে আশুর্ব্যান্থিত হঠা। গেলেন ও ধীরে ধীরে টাঁড়া নগরে প্রবেশ করিয়া সলভানের প্রাসাদ অধিকার করিলেন। পরে এই স্থানে কিছুদিন অবস্থান করিয়া, সম্রাটের পূর্বাদেশ মত রাজ্য সম্বন্ধে স্থবন্দোবত্তে মনো-নিবেশ করিলেন।

সমাট আওরাক্তেব স্বীয় তনর মোহাস্থদ সোল্তান সম্বন্ধে এই

অপ্রিয় সংবাদ আবণে অভিশয় ছংখিত ও চিন্তিত হইলেন। তিনি ভাবিতে লাগিলেন যে—এই সঙ্গে সঙ্গে হয়ত জাঁহার সমৃদয় সৈক্ত, তাঁহার প্ত্রের আদর্শ অন্তকরণ করিবে, এবং তাহার ফলে কেবল যে বান্ধালা তাঁহার হস্তচ্যত হইবে তাহাই নহে, কালে স্ক্রান্ধা হয়ত, তাঁহার দিংহাসন পর্যান্ধ টান ধরিবে।

আওরাজন্তেবের অন্তান্ত ত্' একটা দোষ থাকিলেও, তিনি অঘিতীয় সাহদী বীর পুরুষ ছিলেন। পুত্রের সংবাদ পাইয়াই তিনি সজর সেনা সংগ্রহ করিয়া বাজালা অভিম্থে যাত্রা করিলেন। কয়েক দিবস অবিশ্রান্ত পথ অভিক্রমের পর, ট'াড়ায় তাঁহার সেনাগণের বিজয় বার্ডা শ্রবণে তিনি, পরম করুণানিদানকে ধন্তবাদ দিয়া দিল্লী প্রভ্যাবর্ত্তন করিলেন। তথায় পৌছিয়া সম্রাট অভি নম্রতার সহিত অপত্য-স্লেহের পরাকার্চা প্রদর্শনে, হৃদয়গ্রাহী ভাষায় স্বহন্তে একথানি পত্র লিথিয়া, কুমারকে পিতৃসন্নিধানে প্রভ্যাবর্ত্তন ,করিবার জন্ম দ্রুত হল্তে উহা পাঠাইয়া দিলেন। দ্তর প্রতি সম্রাটের এইরূপ উপদেশ ছিল বে—বে কোন উপায় অবলম্বনে হউক স্কলানার গোরেলা কর্তৃক দ্তের গ্রেমার হওয়া চাই। অন্তথায় ক্মারের নিকট পত্র পৌছবার আর ঘিতীয় উপায় নাই ব্যাইয়া দিলেন।

বাহা হউক ঐ পত্র, শেষে মহস্ত ও উদারতার অবতার স্কলমার হত্তে পড়িল। তিনি তাঁহার স্বাভাবিক হৃদরের কোমলতা বশতঃ পত্র পাঠে, জামাতার ভবিষ্যৎ উন্নতির পথে বাধা না দিয়া, তাঁহাকে সম্রাট সমিধ্যে প্রেরণ করাই যুক্তিযুক্ত বিবেচনা করিলেন ও সেই মত জামাতা মোহাস্মদ সোল্তানকে সপরিবারে পিতার নিকট বাইতে অভ্নরোধ করিলেন।

দৃঢ়-প্রতিজ্ঞ সম্রাট আ ওরাকজেবের অভাব তাঁহার পুত্রের অগোচর

ছিল না; তথাপি তিনি অচিরে যৌতুক শ্বরূপ শ্বশ্র প্রদত্ত বহু ধনরত্ন লইরা, জাঁহার নিকট হইতে সন্ত্রীক বিদার গ্রহণ করিলেন। পরে মহায়ভব স্বজাআর মহৎ অন্তঃকরণের বহুল প্রশংসা করিতে করিতে, পিতৃ সেনাধ্যক্ষ মোরাজ্জম থানের শিবিরের জনতিদ্বে আসিয়া উপস্থিত হুইলেন। মহাসেনাপতি কুনারের এই অপ্রভ্যাশিত প্রভ্যাবর্ত্তনের সংবাদ পাইয়া, অতি যত্নের সহিত কুমারদম্পতিকে সঙ্গে লইয়া পিয়া, জাঁহাদের প্রতি রাজোচিত সন্মান প্রদর্শন করিতে লাগিলেন।

ঘটনাক্রমে পরদিনই খান খানান, সম্রাট দরবার হুইতে পত্র পাইলেন বে—কুমার মোহাম্মদ জাঁহার নিক্ট উপস্থিত হুইলেই বেন তাঁহাকে সাবধানের সহিত দিল্লীতে পাঠাইয়া দেওয়া হয়।

কিছ্দিনের মধ্যে কুমার পিতৃ সন্ধিধানে গিয়া উপস্থিত হইলেন। কিন্তু সন্দিয়াচিন্ত সমাট আওরালজেব, তাঁহার এই অদম্য সাহসী বীর সরলমতি জ্যেষ্ঠ পুত্রের উপরও বিধাস স্থাপন করিতে পারিলেন না। বাদশাহ, কুমার মোহাম্মদ সোলভানকে গোয়ালিয়ার তুর্গে আবদ্ধ করিলেন। এই অবস্থায় ১৬৭৬ খুটাকে দিল্লীশ্বরের জ্যেষ্ঠ পুত্র মোহাম্মদ সোল্ভানের গোয়ালিয়ার তুর্গে মৃত্যু হইল।

থান থানান মোয়াজ্জম থান পশ্চিম ও উত্তর বন্ধের স্ববন্দোবন্ত করিয়া, সসৈপ্তে পূর্ববন্ধে ঢাকার দিকে অগ্রসর হইতে লাগিলেন: এই সময়ে স্ববাদার স্থজাআর সহিত মাত্র দেড় সহস্র অখারোহী ছিল। তিনি আর অহথা রক্তপাতে যোগ না দিয়া, আরাকাণ রাজের অধিকারভূক্ত চট্টগ্রাম বন্দরে গিয়া আশ্রম লইলেন। তাঁহার ইচ্ছা ছিল যে—চট্টগ্রাম বন্ধর হইতে জাহাজে আরব দেশে গমন করিয়া, তথায় মক্কা ও মদিনাতীর্থে অবশিষ্ট জীবন অভিবাহিত করিবেন। কিন্তু সেই সময় সমুদ্রে ঝড়ের প্রবেণাণ করিল করিবেন। কিন্তু সেই সময় সমুদ্রে ঝড়ের প্রবেণাণ

মুজামা কেবলমাত্র স্বীয় পরিবারবর্গ ও চল্লিশজন বিশ্বস্ত অন্তর্গত সমুদ্র তীর দিয়া গিরা, লাফ্ নদী পার হইয়া আবোকাণ রাজ্যে প্রবেশ ক্রিলেন।

আরাকাণ রাজা প্রথমতঃ তাঁহাকে সাদরে গ্রহণ করিমছিল। পরে সম্ভবতঃ স্মাট সেনাপতির উৎকোচে বশীভূত হইরা, তাঁহার বিক্তাচরণ আরম্ভ করিল। এই সময় অর্জনভ্য তৃষ্ট ব্রহ্মরাজ, দিল্লীখর-বুমার সুভা-আর নিকট, তাঁহার করার পাণিগ্রহণেছা প্রকাশ করায়, সুভাব্য গুণার সহিত উত্তর দিয়াছিলেন—

"ত্রস্বের বংশধর নীচবংশে কুটুম্বিতা করিয়া, হের হইতে চাহেন না। জাকাজ পাইলেই তিনি আহোকাণ রাজ্য পরিত্যাগ করিবেন।"

নীচ প্রবৃত্তি রাজা, শাহ্জাহান পূত্রের এই উদ্ধৃত উদ্ধরে রাগান্থিত হুটরা, তাঁচাকে তৎক্ষণাৎ তাহার রাজ্য ছাড়িয়া চলিয়া বাইতে অন্তর্মতি করিল। সজে সঙ্গে স্থীয় সেনাগণকে নানাপ্রকারে উহাদিগকে উত্যক্ত করিতে ইন্তিত করিল।

অচিরে রাজ-দেনাগণ আদিরা এই অভাগা আশ্রিতগণের উপর নান।
উপত্র আরম্ভ করিয়া দিল। উহাদের অভাাচারে উৎপীড়িত হইরা,
প্রজাআর অমুচরগণ অস্ত্রাঘাতে ভাহাদের তুই একজনকে হত্যা করিতে
বাধ্য হইয়াছিল। রাজার সেনাগণও এই সুযোগ খুঁজিতেছিল। ভাহারা
তথন সুজাআর বাদগৃহের পার্থবন্ত্রী পাহাড়ে উঠিয়া তথা হইতে উনাদের
উপর প্রস্তর নিক্ষেপ আরম্ভ করিয়াদিল। এই বৃহৎ বৃহৎ নিশ্বিপ্ত প্রস্তরান্
ঘাতে সুজাআর দলের অনেকেই প্রাণত্যাগ করিল। তিনি নিজেও
একথানি প্রস্তরাঘাতে মুদ্ভিত হইয়া পড়িলেন। এই অব্হার পারতেরা
তাহাকে ধরাধ্রি করিয়া লইয়া গিয়া একটা ডোলায় তুলিল; এবং প্র
ডোলায় তুর্ভাগা সুজাআকে বাঁধিয়া, নদী মধোঁ ডোলা ভাদাইয়া লইয়া গিয়া,

উহার নিম্নের একথণ্ড কাষ্ঠ সরাইয়া লইল ও সঙ্গে সকলে নদীবল লাফাইয়া পড়িল। ডোঙ্গা বন্ধনাবস্থায় সম্রাট শাহ জাহান-তনম স্মুজাআকে লইয়া জলমগ্ন হইল।

তথন ত্র্তাগা স্থলাব্দার স্থ্রী কস্তাগণ রাজ সমীপে আনিতা হইলেন।
এই সমর ত্র্কি, ত রাজার কুঅভিপ্রার ব্বিতে পারিরা, জগৎবিখ্যাত স্থলরী
পিরারীবাস্থ দ্বীর বক্ষবন্ধাভ্যন্তর হইতে স্থতীক্ষ ছুরিকা বাহির করিরা,
পাষও রাজাকে আক্রমণ করিয়াছিলেন; কিন্তু অপারগ হইয়া শেবে
নিজবক্ষে ঐ ছুরি আমৃল বিদ্ধ করিয়া চিরশান্তি লাভ করিলেন। তাঁহার
দেহাবসানের সঙ্গে সঙ্গোজার কন্তাগণ হলাহল পানে সেইস্থানে
দেহত্যাগ করিলেন।

স্কান্ধার জাঠ পুত্র ইতিপুর্বেই প্রস্তরাহত হইয়া মৃত্যুমুথে পতিত ভইয়াছিলেন। অকান্ত অল্লবয়য় পুত্রগণকে রাজা কিছুদিনের জন্ত বন্দি অবস্থায় রাথিয়া, শেষে তাহাদিগকেও তাহাদের পিতার ্কায় জনমগ্র করিয়া বিনাশ করিল।

১০৭১ হি: ১৬৬১ খুটান্দে ভারত সম্রাট শাহ্জাহানের পুত্র, এবং বঙ্গ-বেহার-উড়িয়ার সর্বজন সমাদৃত, প্রজাগণের ভক্তি-প্রীতির আধার স্থবাদার, কুমার মোহাম্মদ স্থজাত্মার ও তাঁহার খ্রী-পুত্র-ক্সাগণের নশ্বর দেতের শোচনীর অবসান হইল।

পঞ্চদশ সূগ্

নওয়াব মোয়াজ্জম খান, সৈয়দ মোহাম্মদ মীরজুম্লা খান খানান সেপাহ সালার

মীরজ্ম্লা থান পারশ্য দেশের অন্তর্গত ইস্পাগান নগরে জন্মগ্রহণ করেন। হিন্দুভানে আগমন করিরা, তিনি ১০৬০ হিজরীতে তেলিঙ্গনা রাজ সোলতান আবহুলা কোতব শাহের নিকট চাকুরী স্বীকার করিলেন। এই অবস্থায় তিনি সোল্তানের পক্ষাবলম্বন করিয়া, বার্ষিক চল্লিশ লক্ষ টাকা আব্রের কর্ণাটুক বালাঘাট নামক রাজ্য জর করিয়াছিলেন। পরে শক্রতা জালে বেষ্টিত হওরার মীরজুম্লা বাধ্য হইয়া কুমার আওরাজজেবের অধীনে, তাঁহার পন্টনে প্রবেশ করিবার অন্থমতি প্রার্থনা কারিলেন। স্মাট-কুমার তাঁহার প্রার্থনা মঞ্বুর করিয়া, পিতা শাহ্জাহানকে এই বিষর মতানতের জন্ম লিখিলেন।

সমাট, কুমারের পত্র পাইরা, তেলিশ্বনা রাজ কোতব্ শাহের নিকট মীরজুম্লার ও তৎপুত্র মোহাম্মদ আমিনের চাকুরী বরথান্ডের ছাড়পত্র চাওরার, সোল্তান কোতব্ শাহ্ মীরজুম্লা-পুত্র আমিনকে বন্দি করিলেন ও উহাদের পিতাপুত্রের বাবতীয় সম্পত্তি রাজ-সরকারভৃক্ত করিয়া লইলেন।

কোতব শাহের এই ব্যবহারে কুমার আওরাঙ্গজেব মহা রুট্ট হইরা, শীর পুত্র মোহাম্মদ সোল্তানের অধীনে কোতব শাহের বিরুদ্ধে সৈঞ্চ প্রেরণ করিয়া, তাঁহার রাজ্য ধ্বংস করিয়া দিলেন। হি: ১০৬৭ সালের ১২ জমাদিরল-আথের তারিথে মীরজুম্লা ও তাঁহার পুত্র, কুমার মোহাক্ষদ সোল্তানের শিবিরে আসিরা, তথা হইতে সম্রাট-কুমার আওরাকজেবের নিকট প্রেরিত হইলেন। এই বৎসরের ২৫ রমজান তারিথে মীরজুম্লা দিল্লীতে আসিরা সম্রাট শাহজাহানের নিকট পরিচিত হইলেন। এই উপলক্ষে মীরজুম্লা সম্রাট শাহ জাহানকে আড়াই লক্ষ টাকারও অধিক ম্ল্যের একটি উৎকৃষ্ট বৃহৎ হীরক এবং তৎসহ অক্সাক্ত বহু ম্ল্যবান উপঢৌকন ও ৬০টি হন্তী প্রভৃতি উপহার দিয়াছিলেন। এই সমস্ত উপঢৌকনের মূল্য সর্বসমেত পনর লক্ষ টাকারও অধিক হইবে।

মীরজুম্লা বাদশানের নিকট হইতে মেরাজ্জম থান উপাধি পাইরা ৬০০০ সহস্র অম্বারোহীর নেতা হইলেন। পরে জ্যেষ্ঠ-কুমার দারা সেকোহূএর যোর প্রতিবন্ধকতা সত্ত্বেও, সারাহুলা থানের মৃত্যুর পর তিনি সমাটের প্রধান মন্ত্রীর পদে অভিষিক্ত হইরাছিলেন।

মোরাজ্জম থান, থাজ্ওয়ার যুদ্ধে আওরাঙ্গজেবের পক হটয়া তাঁহার ভাতা বঙ্গেরর স্থজাআকে সম্পূর্ণরূপে পরাজিত করায়, তিনি তাঁহাকে মহা-সেনাপতির পদে বরণ ও থান থানান উপাধিতে ভূষিত করিলেন।

রাজমহলে অবস্থান কালে মোরাজ্জন ধান ইংরাজ কোম্পানীর সোরা পূর্ণ একথানি নৌকা আটকাইয়া, ভাহাদের 'পাটনার ব্যবসায়ে বিস্তর ক্ষতি করিয়াছিলেন। তৎপরে ১৬৬০ খুপ্তাব্দে ইংরাজেরা ভাঁহার একথানি নৌকা আবদ্ধ করিতে সাহসী হইয়াছে অবগত হইয়া, ভিনি ইংরাজ গণকে ভাঁহার রাজ্য হইতে বিভাড়িত করিবার জয় প্রদর্শন করেন। ভাহাতে ইপ্ত ইজ্যা কোম্পানী ক্ষনা প্রার্থনা করিয়া ও বাৎসরিক ভিন সহস্র টাকা শুল্ক দিতে শ্বীকৃত হইয়া অব্যাহতি পাইয়াছিলেন।

১০৭১ হি: ১৬৬১ খৃষ্টাব্দে সমটি আওরালজেবের চতুর্থ বৎসর রাজত্ব

কালে বাদশাহ্ খীর পুত্র মোহাম্মদ মোরাজ্জমের সহিত রাজা রূপসিংহের কন্তার বিবাহ দেন।

এই সমর কুচবেহারের রাজা ভীম নারারণ, মোগল সামাজ্যের অধীনতা-শৃন্থাল ছিন্ন করিয়া, মোগলাধিক ত কামরূপ ও আরও তৃই একটি স্থান অধিকার করেন। সঙ্গে সঙ্গে আসামের রাজা জয়দেব সিং, মোগল অধিকৃত কয়েকটি স্থান লুটপাট করিয়া, তথাকার অনেক অধিবাসীকে ধরিয়া লইয়া যায়। এই সকল প্রজার অনেকেই মোগলমান ছিল।

উপরি উক্ত অপমানের প্রতিশোধ দিবার জন্ত স্থবাদার মীর জুম্লা, কুমার স্থলাজার ব্যাপার অবসানান্তেই বহু সেনা, বৃহৎ বৃহৎ কামান এবং যুদ্ধতরী গইরা, ব্রহ্মপুত্র-ভীর দিয়া গিয়া প্রথমতঃ কুচবেহার আক্রমণ করেন। কুচবেহার রাজ্যের এই অংশ জঙ্গলে পরিপূর্ণ থাকার, সৈক্ত ও কামান লইয়া স্থবাদারকে বড়ই বিপন্ন হইতে হইয়াছিল। এমনকি এই মহা-সেনাপতি বঙ্গেরকে, একদিন স্বহণ্ডে কুঠার ধরিয়া পথ নির্মাণের জক্ত অরণ্যের মধ্যে গাছ পর্যান্ত কাটিতে হইয়াছিল। কিন্তু স্থবাদারের এই উদাহরণে গর্বিতে মোগল সেনাগণ (বাহারা কেবল যুদ্ধই তাহাদের জীবনের একমাত্র ব্রত্ত বিবেচনা করিত) অশ্ব হইতে অবতরণ করিয়া, সকলেই তথন কুঠার হত্তে জঙ্গল পরিফার করিতে আরম্ভ করিল।

১০৭১ হিজরীর ২৭ রবিওল আউরল ১৬৬১ খৃ: ডিসেম্বর মাসে সেপাঙ্সালার থান থানান, কুচবেহার নগর অধিকার করিলেন ও উহার নাম পরিবর্ত্তন করিয়া আলম্গীর নগর রাখিলেন।

তদনস্কর সৈয়দ মোহাম্মদ সাদেক্কে এই স্থানের সামরিক শাসনকর্ত্তা নিষ্কু করেন, যদিও থান থানান রাগ বশতঃ তাঁহার প্রতি দেবমন্দির ভাঙ্গিরা মসজিদ নির্মাণ করিতে অহুমতি দিয়াছিলেন; তথাপি তিনি, যাহাতে কোন প্রজার উপর অত্যাচার না হয়, তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাথিবার জন্ম সামরিক শাসনকর্ত্তার উপর আদেশ দিয়া যান। এই সময় স্থবাদার স্বহন্তে কুচবেহারের সর্বশ্রেষ্ঠ মন্দির-অভ্যন্তরন্থ নারায়ণ মৃত্তি ভক্ষকরতঃ তাহার ছাদে উঠিয়া, উচ্চকণ্ঠে আজানের ঘারা মোদ্লেম-বিজয় ঘোষণা করিলেন।

প্রজার স্থ-সমৃদ্ধির দিকে বিশেষ ভাবে দৃষ্টি রাথার কুচবেহারের প্রজাগণ শীঘ্রই এই নব বিজেতাগণের বস্থাতা স্বীকার করিল ও পলাতক প্রজাবৃন্দ তাহাদের পরিত্যক্ত বাসস্থানে ফিরিয়া আসিতে গাগিল। এই সমরে রাজার পুত্র বিষণ নারারণ স্থবাদার মীরজুম্লার নিকট আসিয়া, স্বেচ্ছার পবিত্র এসলাম ধর্ম গ্রহণ করেন।

এস্কেন্দিরার বেগ রাজার অস্থসরণ করিয়া তাঁহাকে অনেক চেটারও ধৃত করিতে পারেন নাই। রাজা ভীম নারারণ তাঁহার আড়াই শত কামান অরণ্যের মধ্যে ফেলিরা গিরা ভূটানে পলায়ন করিলেন। ঐ সমস্ক কামান এস্কেন্দিরার বেগ কর্তৃক রাজধানী ঢাকার প্রেরিত হইল। '

মীরজুম্লা তৎপরে ১,৪০০ অখারোটী ও চুই সহস্র বন্দুকধারী পদাতিক সৈক্ত এস্কেন্দিয়ারের অধীনে এই নব রাজ্য রক্ষণাবেক্ষণের জক্ত দিয়া, আসাম জয়ে বহিগত হইলেন।

মহাসেনাপতি মীরজুন্লা ১৬৬১ খুষ্টাব্দের শেষ্ভাগে, রাক্ষামাটীর
নিকট নৌসেতু সাহায্যে ব্রক্ষণুত্র পার হইয়া আসাম প্রদেশে পৌছিলেন।
এইস্থানে মোগল সেনাগণ আসামবাসীগণের নৈশ আক্রমণে বড়ই বিব্রভ হইতে লাগিল। শেষে এই কট-সহিষ্ণু মোগল সেনাগণ, পার্ব্বতীয় সিমাইন্ ছূর্গের সন্ধিকটে পৌছিলেন। এই ছুর্গ বিংশতি সহস্র আসামী সৈয়া কর্ভুক সংরক্ষিত ছিল; এবং ইহার এক প্রান্ত দিয়া প্রবাহিত ব্রহ্মপুত্র বক্ষে শত্রুপক্ষের নৌবছর সর্ব্বিদ্ধ প্রহরীর কার্য্যে নিযুক্ত থাকিত।

সুবাদার প্রথমেই মোগল নোদেনাগণকে বিপক্ষের এই সমস্ত তরণী

ধ্বংস করিতে বলিয়া, তিনি শ্বরং স্থলপথে তুর্গ আক্রমণ করিলেন। মোগল কামান অতি সত্ত্বই আসামী নৌকাগুলিকে ছিন্ন ভিন্ন করিয়া দিল। এই অবস্থা দর্শনে তুর্গক্ষী সেনাগণ নিশাবোগে তুর্গ পরিভ্যাগ করিয়া প্লায়ন করিল।

মহাদেনাপতি হুর্গ অধিকার করিয়া, ঐ হুর্গের নাম আতা-আলাহ্ (আলাহ্র দান) রাখিলেন ও তথায় উপযুক্ত সংখ্যক সেনা রক্ষা করিয়া, ৬ই সাবান আসামের তৎকালীন রাজধানী খেরগাঁও অধিকার করেন।

আসাম-রাজ জন্মদেব সিং অরণ্যমন্ত পার্বভীন্ন প্রদেশে পলাইন্না গেলেন ও তথা হইতে মধ্যে মধ্যে সৈক্ত প্রেরণে মোগল সেনাগণকে উত্যক্ত করিতে লাগিলেন। এদিকে বর্ষার জল প্লাবনে স্থবাদারকে সৈম্প্রসহ বংপরোনান্তি কষ্ট ভোগ করিতে হইন্নাছিল।

এই স্থানে অবস্থান করিয়া অবাদার চীনদেশ আক্রমণের আশায় পথ
আন্বেষণ করিতে লাগিলেন। এবং পরবর্তী বংসরে চীন অভিযানের আশা
মননধ্যে পোষণ করিয়া, কিছুদ্র পর্যান্ত পথও প্রস্তুত করাইয়াছিলেন।
বাদশাহ আওরালজেবের নিকট এই আনন্দের সংবাদ পৌছিতে, তিনিও
চীন অভিযানে বলেশবকে সাহায্য করিবার জয় দিল্লীতে সেনা সংগ্রহ
করিতে আদেশ দিয়াছিলেন। কিছু মীরজুম্লার অকাল মৃত্যুতে সমন্ত
আশা-ভরসা পর্ত ইয়া গেল। ১৬৬২ গৃষ্টাব্দে আসাম দেশে অভিশয়বর্ষা
হইয়া, সমন্ত দেশ জলময় হইয়া পড়িল। বেঁ মোগল অশ্বারোহী সেনাগণের
দশজনকে সন্মুধে দেখিলে শত শত আসামী সৈয় ভয়ে পলায়ন করিত,
এক্ষণে থাতাভাবে তাহাদের অশ্বগুলি ক্রমে নিন্তেজ হইয়া পড়ায়,
ভাহারা অকর্মণ্য হইয়া থাকিতে বাধ্য হইল।

বর্গা ক্রমশ: শেষ হইল বটে, কিন্তু বর্গান্তে যে জ্বর দেখা দিল, ভালার প্রকোপে অনেক নোগল সেনা মৃত্যুমূথে পতিত হইল। ভত্পরি ষ্দাসামীগণও নিশাষোগে দূর হইতে বিষাক্ত তীর নিঃক্ষেপে অনেক মোগল সেনা ও অখ নই করিতে লাগিল।

১০৭০ হিজরীর রবিওল আউরল মাসে ভূমি শুকাইরা পূর্বের স্থার কল। তথন প্রবাদার মীরজুম্লা, ভীক আসামীগণের উপর তাঁহার অবারোহী সেনা ছাড়িয়া দিতে লাগিলেন। এবং তাহারা এক একদলে অতি অল্ল সংখ্যক মাত্র গিরা, মেযপালের স্থায় আসামীগণকে বিতাড়িত করিতে লাগিল। রাজা অবস্থা দর্শনে সন্ধির প্রার্থনা করিলেন। প্রবাদার এই সমন্ন ভীষণ রক্ত আমাশন্ত রোগে কাতর হইলা পড়ায়, তাঁহার অধীনস্থ সেনানী দেলের থান প্রভৃতির অন্থরোধে রাজার সহিত সন্ধি করিতে সম্মত কটলেন। রাজা জন্মদেব সিং বঙ্গেরকে বাৎসরিক কর উপঢ়ৌকন ফরেপ অনেকগুলি উৎকৃষ্ট হন্তী, বহু অর্থ এবং প্রবাদারের এক পুত্রের সহিত স্থীর কন্থার বিবাহ দিতে সম্মত হওয়ায়, থান থানাম মীরজুম্লা আসাম পরিত্যাগ করিয়া আসিবার উল্লোগ করিতে লাগিলেন।

৬ই জমানিয়ন্-সানি তারিপে আসামরাজ, নোগল স্থবাদারের নিকট ২০.০০০ সহস্র ভোলা স্থা, দশ লক্ষ আট হাজার তোলা রৌপ্য, চল্লিশটী বহদাকার হন্তী এবং এই জন রাজ কন্তাকে (তন্মধ্যে একজন তাঁহার কন্তা ও অপর একজন নিকটবর্ত্তী জনৈক প্রধান শাসনকর্তার কন্তা) পাঠাইরা দিলেন। তৎপরে মোগল সরকারে বাৎসরিক কয় প্রেরনের প্রতিভূ স্করুপ, সম্রাপ্ত বংশীর চারিজন ধ্বককে স্থবাদারেয় নিকট রক্ষা করিবার জন্ত প্রেরণ করিলেন।

রাজ্ঞা জন্মদেবের হঠাৎ এই দক্ষির প্রস্তাব করিবার ও তাঁহার এই অপমান জনক শর্তে সম্মত হইবার আরও বিশেষ কারণ হইরাছিল বে— বর্ধান্তে বথন দেলের খান আসামীগণের বিস্তর লোকক্ষম করিতে আরম্ভ করিলেন ও যাহাকে সমূথে পাইলেন তাহাকেই ধরিয়া মোগল শিবিরে আনিয়া নানারপে যন্ত্রণা দিতে লাগিলেন। থান থানান আসামী সেনাগণের ভীতি উৎপাদন মানসে ঐ সকল ধৃত আসামবাসীগণের কোমরে ও গলার মৃত আসামীগণের থণ্ডিত মৃশুমালা ঝুলাইয়া, তাহাদিগকে নগর মধ্যে পরিভ্রমণ পৃক্ষক, পরে প্রকাশ্য স্থানে প্রাণনাশের আদেশ দিতে লাগিলেন। এই অবস্থা দর্শনে সমুদ্র আসামীসেনা বিজ্ঞোহী হইবার উপক্রম হওয়ায়, রাজাকে বাধ্য হইয়া সন্ধির অতি হীন প্রস্তাবেও সন্মত ছইতে হইয়াছিল।

সাবান মাসের শেষে, থান থানান গোহাটীতে আসিরা পৌছিলেন।
এই শারীরিক তুর্বলভার সময়, কুচবেহারে পুন: গোলঘোগের সংবাদ
পাইয়া, স্থবাদার উহা নিবৃত্তি করণ কলে তাঁহার সমভিব্যাহারী সেনা
মধ্য হইতে কতক সেনা রাশেদ থান ও আস্গর থানের অধীনে
কুচবেহারে পাঠাইয়া দিলেন; এবং অবশিষ্ট সেনাসহ তিনি রাজধানী ঢাকার
দিকে অগ্রসুর হইতে লাগিলেন। থিজিরপুর পৌছিয়া তাঁহার স্বাস্থ্য
এককালীন ভর হইয়া গেল ও বস-বেহারের প্রবল পরাক্রাম্ভ শাসনকর্ত্তা,
দিল্লীশ্বরের দক্ষিণ হস্ত শ্বরূপ সেপাহ্সালার মহাবীর মোয়াজ্জম থান
মোহাম্মদ মীর জুম্লা থান থানান, হিঃ ১০ ৭০ সালের ১২ রমজান তারিথে
থিজিরপুরে দেহ ত্যাগ করিলেন।

এই উপযুক্ত সেনাপতি ও শাসনকর্তার মৃত্যুতে বাদশাহ ও আওরঙ্গজেব শোকে অভিভূত হইলেন। আওরাঙ্গজেব খীয় পুত্র মোহাম্মন মোয়াজ্জম্কে ভাঁহার পরিবারবর্নের সান্তনা দিবার জন্ম বাধালায় পাঠাইয়া দেন।

ষোড়শ সর্গ

দাক্ষিণাত্য-শিবাজী

বাঙ্গালার যথন এই সমন্ত ব্যাপার হইতেছিল, সেই সমন্ত দাক্ষিণাল্যে বিজাপুর রাজ আদিল্ থানের রাজ্য মধ্যে পুনার জান্ত্যীরদার মারলাটা সাহজী ভোঁসনার পুত্র শিবাজী মন্তক উদ্ভোলন করিতে লাগিলেন। তিনি প্রথমতঃ তাঁহার পিতার কার্য্য নির্মাহক নিযুক্ত হইরা, স্বীয় সাহস্প ও তীক্ষ নৃদ্ধি প্রদর্শনে তাঁহার দলস্থ লোকের প্রিয়পাত্র হইরা উঠিলেন। কিছু এই তেজ্সী যুবক বঃবেজির সঙ্গে সঙ্গে তাঁহার সদ্পুণ সকল পরিলার করিরা, ধুওঁতা ও শঠভার আশ্রেষ লইরা—"শরতানের নিষ্ঠার পুত্র, এবং নিশাস্থাতকতার পিতারুপে" পরিগুলীত হইলেন।

তাঁহার আবাসস্থান পর্কত ও জললময় তুর্গম স্থানে ছিল। এই স্থলে পর্কতোপরি তিনি মুনার তুর্গ নির্মাণ করিয়াছিলেন। এই তুর্গকে দাক্ষিণাতোর ভাষায় গার্হি বলিত।

শিবাভী নানা উপার অব্লয়নে পার্বত্য মাওয়ালি প্রভৃতি মারচাট্রা দম্যাদিগকে দলে লইয়া ক্রমশঃ তাঁহার দল পৃষ্ট করিতে লাগিলেন। ক্রমে তিনি চান্দান নামক হর্গ হস্তগত করিলেন। এই সময় বিজাপুর রাজ্যের প্রতাপ ক্রমশঃথর্ম ইইতেছিল এবং এই স্থাোগেই শিবাজী উত্তরোত্তর তাঁহার দল বৃদ্ধি করিতে লাগিলেন। ক্রমে এই লুঠন-লোলুপ দম্যাপতি, অধীনস্থ দম্যাদল লইয়া দূরে ও নিকটে চ তৃদ্ধিকেই লুঠন আরম্ভ করিয়া দিল। শিবাজী পুনার ২০ মাইল দিলেণ-পৃশ্চিমে-স্থিত প্রসিদ্ধ রাজগড় হুর্গ

অধিকার করিলেন। বিজাপুরের বালক অধিপতি সেকেন্দার আলি আদিল থান বরঃপ্রাপ্ত হইতেই অধীনস্থ জারগীরদার শিবাজীকে এই সমস্ত অত্যাচার ও তাঁহার দম্মতার নিবারণ কল্পে পত্র লিখিলেন। শিবাজী তাহার বোন উত্তর না দেওয়ায়, আদিল থান এই বিদ্রোহীকে দমন করিবার কল্প, সেনাপতি আফ্ জাষ্ম্ থানকে তাঁহার বিরুদ্ধে প্রেরণ করিলেন। এই মহা-পরাক্রাপ্ত সেনাপতি তথন শিবাজীকে দম্ভর্মত ঠাসিয়া ধরিলেন। তথন এই ধূর্ত্ত নির্দিয় বিদ্রোহী, সন্মুথ যুদ্ধে পরাজ্য় অবশ্রম্ভাবী দেখিয়া, চাতুর্যাজাল বিন্তারে স্বীয় অম্বুশোচনা জানাইয়া, ক্ষমা ভিক্ষার্থে মোস্লেম সেনাপতির নিকট উপর্যুপরি দৃত প্রেরণ করিলেন।

করেকজন প্রবঞ্চ ব্রাহ্মণ দৃত খারা এই সন্ধি বিষয়ক কথাবার্তা।
চলিতে থাকা কালে, এইরূপ ধার্য হইল যে—শিবাজী নিরস্ত চইরা মাত্র
চারিজন অন্চর সহ তাহার তুর্গ নিমে সেনাপতি আফ্জাল্ থানের সহিত
সাক্ষাৎ করিবার জন্ত অপেক্ষা করিবেন। আফ্জাল থানও সেই ভাবেই
গিয়া শিবাজীর সহিত সাক্ষাৎ করিবেন।

উভরপক্ষে এইরূপ দেখা সাক্ষাৎ ও কথাবার্ত্তার বিষয়ধার্য ইইবার পর, সেনাপতি আফ্ জাল্ থান পাল্কি আরোহনে নির্দিষ্ট স্থানে গিরা উপস্থিত হইলেন ও দেখিলেন—শিবাজী একাকী নিরস্ত্র হইরা, যেন ভরে জড়সড় অবস্থার তাঁহার দিকে অগ্রসর হইতেছে। মহামতি আফ্ জাল্ এই অবস্থা দর্শনে, তাঁহার সশস্ত্র বাহকগণকে সরিয়া ঘাইতে ইন্দিত করিলেন। এমন সময় কপটাচার পরায়ণ বিশ্বাস্থাতক শিবাজী, তাঁহার নিকটবর্ত্তা হইয়া ক্রেমনের ভান করিতে করিতে সেনাপতির পদপ্রাস্থে গড়াইয়া পড়িল ও ক্রমা ভিক্ষা চাহিতে লাগিল। বিশুদ্ধান্তঃকরণ মহাপ্রাণ আফ্ জাল থান শীয় পাদদেশ হইতে শিবাজীর মৃত্যক্ষ ভবোলন করিয়া, তাহাকে আলিজন

করিবার ইচ্ছায় ভাহার পৃষ্ঠে দক্ষিণ হস্ত স্থাপন করিতে যাইবার কালে, প্রবঞ্চ দম্মপতি ভাহার হস্তের বস্থাভ্যস্তরে লুকাইয়া রাথা ক্ষুদ্র বিছুরা (ছুরি) ক্ষন্ত্র সেনাপতির উদরে এরূপে প্রবেশ করাইয়া দিল যে দেই মুহুর্ত্তে তিনি মৃত্যুমুখে পতিত হইলেন।

তৎপর হইতে দম্যদলপতি শিবাদ্ধী দ্বপ্রত্যাগত স্থল-বাণিকগণকে আক্রমণ ও বিনাশ করিয়া বহু অর্থ সঞ্চয় করিতে লাগিল।

এই দম্যপতির শত শত দোষের মধ্যে এই একটা গুণ ছিল যে—তিনি কথনও বিজীত দেশের কোন মস্জিদ ধ্বংস বা ধর্মগ্রন্থ কোরজান স্পর্শ করা, কিয়া স্বীলোকের প্রতি অত্যাচার করেন নাই। কোন প্রকারে কোথায়ও পবিত্র ধর্মগ্রন্থ তাঁহার হল্ডে পড়িলে, তিনি অতি যত্নের সহিত উঠা তাঁহার কোন মোসলমান অন্থচরের হল্ডে দিতেন।

ক্রমে শিবাজীর অত্যাচারের বিষয় সম্রাট আওরাঙ্গজেবের কর্ণগোচর হুটল। তিনি দক্ষিণাপথের অ্বাদার আমীকল্ ওমরা শারেন্ডা, থানকে এই দক্ষাপতিকে শিক্ষা দিবার জন্ম অফুমতি দেন। শারেন্ডা থান ১৬৬০ গু ১০০০ হিজরীর জমাদিরল আউরল্ মাদের শেষভাগে, আওরাঙ্গা-বাদ হুটতে পুনা ও চাক্নার দিকে শিবাজীর দমন উদ্দেশ্যে যাত্রা করিলেন। এই সময় শিবাজী পুনা হুটতে দক্ষিণ-পূর্বের ৪০ মাইল দ্বে, অপা নামক স্থানে অবস্থান করিতেছিলেন।

১লা রজব তারিখে আমীরুল ওমরা শিবগ্রামে পৌছিলেন। মোদলেম সেনাপতির আগমন সংবাদ পাইয়া শিবাজী, ত্মপা পরিত্যাগে অফ্সদিকে পলায়ন করিল। সেনাপতি বিনা বাধায় ত্মপা অধিকায় করিয়া বহ রায়কে তথাকার শাসনকর্তা নিযুক্ত করিলেন। কিন্তু বহু রায় তথা হইতে মোদলেন সেনাগণের রুদদ প্রেরণ করিবার কালে, শিবাজীর অধীনগু দস্যাগণ, পথে তাহা লুঠন করিয়া গেইতে লাগিল। অবশেষে সম্রাট সেনাগণ পুনা ও শিবপ্রাম অধিকার করিলেন। এই সময় শিবাজী সসৈকে তাঁহার হুর্ভেন্ত চাকনা দুর্গে অবস্থান করিতেছিলেন। সেনাপতি শায়েন্ডা থান এই দুর্গ আক্রমণ করিলেন এবং বহু দিবস উহা অবহোধ করিয়া থাকিতে সৈত্যগণকে উপদেশ দিলেন।

প্রায় তৃই মাস কাল অবরোধের পর যথন শিবাজী কিছুতেই তৃর্বের বাহির হুইলেন না, তথন বাদশাহ সেনাগণ স্থড়ঙ্গ থনন করিয়া তন্মধ্যে বিস্ফোরক স্থাপন দ্বারা তৃর্ব প্রাকারের একাংশ উঠাইরা দিলেন। সঙ্গে সঙ্গে সাহুমী এসলাম সন্থানগণ আলাহতা আলার উপর আন্থা স্থাপন পূর্বেক তুর্ব প্রবেশে শিবাজীর সেনাগণের উপর মহা প্রভক্তন বেগে পতিত হুইয়া, তাহাদিগকে বিনাশ করিতে লাগিল। সমস্ত দিন ধরিয়া যুদ্ধ চলিল; সে রাজি মোস্লেম সেনাগণ বিধলীগণের রক্ত ও শবের উপরেই অতিবাহিত করিল। পরদিন প্রত্যুবে প্রবায় শত্রুগণকে আক্রমণ করিয়া তাহাদিগকে প্রায় নিঃশেষ স্করিয়া সেনাপতি তুর্গ হত্যত করিলেন। পরাজিত মারহাট্রাগণ বে ক্রজন প্রাণ বাচাইতে পারিল, শিবাজী সহ নগর মধ্যে পলায়ন করিয়া আ্যুরক্ষা করিল।

শিবাজী, রাও ভাও দিংকে আমীফল ওমরার নিকট পাঠাইয়া দিয়া সন্ধির প্রভাব করিলেন। এই সময় মধ্যে মোগল সেনাপতি নগর অধিকার করিয়া, উজ্বেক্ থানকে তথাকার সামরিক শাসনকর্তা নিধ্জ করিলেন। এবং চাক্নার নাম পরিবর্ত্তন করিয়া এস্লামাবাদ রাথিলেন।

বাদশাহ আওরাজজেবের ষষ্ঠ বৎসর রাজজ্বালে ১৬৬৩ খুটাজে আমীকল ওমরা শারেন্ডা থান, পুনার গমন করিয়া শিবাজীর প্রাসাদে বাস করিতে লাগিলেন ও শিবাজীকে গ্রেফতার করিবার জক্ত চতুদ্দিকে সৈক্ত প্রেরণ করিলেন। এই সময় শিবাজী পর্বতে পর্বতে লুকাইয়া বেডাইডে লাগিল।

স্বভাব-প্রবঞ্চক মারহাট্টাগণের উপর সম্পূর্ণ অবিশ্বাস থাকার, আমীরুল ভমরা শারেস্থা থান, ঐ বিশ্বাসঘাতকের দলের নগর প্রবেশ এক প্রকার বন্ধ করিয়া দিয়াছিলেন। ছাড়পত্র প্রদর্শন ভিন্ন কোন মারহাট্টার পুনা নগরের মধ্যে যাইবার অধিকার রহিল না।

একদিন মোগল বেতনভোগী একদল মারহাট্র। পদাতিক সেনা, নগর কোত গুরালের নিকট হইতে একটা বিবাহ সমারোহে তুইশত নিমন্ত্রিত মহারাষ্ট্রীরগণকে নগর প্রবেশ করিতে দিবার জক্ত ছাড় লইয়াছিল। উচারা সন্ধার সময় নগরে প্রবেশ করার পর, আর একদল মারহাট্রা, সমাটের মহারাষ্ট্রীর সেনা কর্তৃক ধৃত হইয়াছে এইরূপ অবস্থা প্রদর্শন করিয়া, নিরম্ম হইয়া হাতে হাতকড়ি ও কোমরে রজ্জু বন্ধনাবস্থার সন্ধ্যার অন্ধকারে নগরে প্রবেশ করিল। বলা বাহুল্য যে এই উভয় মারহাট্রা দলই শিবাজীর বেতনভোগী সেনা, এবং ভাঁছারই আদেশে ও তুরভিসন্ধি মতে, তাহারা এই তন্ধরের ক্রায় কার্য্যে প্রস্তুত হইয়াছিল।

এই মারহাট্টা সেনাগণ প্রাসাদের অবস্থা পূর্ব হইতে বিশেষরূপে অবগত ছিল। রাত্রিযোগে ইহারা কয়েকজন অন্ত্র শন্ত্রে সজিত হইয়া প্রথমতঃ গবাক্ষ পথ দিয়া রন্ধনশালার প্রবেশ করিল। তৎপরে সদল বলে প্রাসাদ মধ্যে প্রবেশ করিয়া যাহাকে নিরস্ত্র অবস্থায় সমূথে পাইতে লাগিল হত্যা করিতে আরস্ত করিল। এই সময়ে শায়েন্ডা খান নিজাভকে উখিত হইয়া বর্শাঘাতে সমুখস্থ একজন মারহাট্টা তয়রকে বধ করিলেন। এমন সময় একজন মারহাট্টার তরবারির আঘাতে আমীকল ওমরার বৃদ্ধ অস্কুলি ছিয় হইয়া গেল। এইরূপ আহতাবস্থায় সেনাপতি আরও ত্ইজন মারহাট্টাকে জলপূর্ণ চৌবাচ্চার জলে ভলাঘাতে নরকে প্রেরণ করিলেন। শায়েন্ডা খানের বীর পুত্র আব্ল ফাতেহ খান, তিনজন মহারাষ্ট্রীয়কে হত্যা করিয়া শ্বরং আহত হইয়া প্রাণত্যাগ করিলেন। এই গ্রপ্ত

নৈশ আক্রমণে মারহাটা দস্ম্যাগণ অনেক নিরীহ স্ত্রীলোকের প্রাণনাশ করিয়াছিল।

প্রাতে রাজা বশোবন্ত সিংহ আমীরুল ওমরার সহিত সাক্ষাৎ করিতে আসিরা, বিপদকালে তাঁহার অমুপন্থিতির জন্ত প্রধান সেনাপতির নিকট তঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করার, মহাত্মন্তব শারেন্ডা থান কেবল মাত্র বিজ্ঞাপের ভলিমার বলিলেন—

"আমি মনে করিয়াছিলাম যে আমার উপর তম্বরগণের এই অত্যাচারের সময়, আপনি দিল্লীশ্বরেরই চাকুরিতে নিযুক্ত ছিলেন।"

স্থাট এই ঘটনা শুনিরা অসাবধানতার জক্ত আমীর ও রাজা যশোবস্ত উভরকেই মৃত্র তিরস্কার করিলেন ও শারেন্ডা থানকে দিল্লী প্রত্যাবর্ত্তন করিতে অনুমতি করিলেন। তৎপরে স্বার পুত্র কুমার মোহামুদ মোরা-জ্জন্দে দক্ষিণাপথের প্রধান সেনাপতির পদে নিযুক্ত করিলেন। মহারাজা কুমারের অ্ধীনস্থ সেনানী হইয়া রহিলেন।

অতঃপর শারেন্তা থান দিল্লী হইতে বালালার শাসনকর্তা নিযুক্ত হইরা আসিলেন। এই সময় শিবাজীর গুপ্ত অভ্যাচার ক্রমশঃ বৃদ্ধি হওয়ার সমাট, রাজা জয়সিংহের অধীনে তাঁহাকে ধৃতকরণ ও দমনার্থে আরও অনেক সৈয় ধ্যেরণ করিলেন।

রাজা জয়সিংহ আওরাজাবাদে গিয়া কুমার মোরাজ্জন্কে অভিবাদন করিলেন, এবং তৎপরে তাঁহার অস্থমতিঞ্জমে তিনি পুরন্ধর ও রুদার মল্ তুর্গদ্ধ আক্রমণ করিলেন। জয় সিংহের অধীনস্থ সেনাপতি দেলের থান বীরত্বের পরাকাষ্ঠা প্রদর্শনে এই তুর্গদ্ধ হন্তগত করিয়াহিলেন।

অতঃপর রাজা জর সিংহ সেনাপতি দায়ুদ থানকে সাত সহস্র অখারোজী সহ শিবাজীর অধিকৃত সমস্ত দেশ ও তুর্গগুলি হস্তগত করিবার জক্ত প্রেরণ করিলেন। স্বযোগ্য সেনাপতি দায়ুদ থান পূর্ণ পাঁচ মাস কাল ধরিয়া শক্ত সেনাগণকে একন্থানে ভিটিতে না দিয়া, শেষে রাজগড়ের তুর্গে শিবাজীকে অবরোধ করিলেন।

অপরদিকে শিবাজীর স্থী-পূত্রগণ, কান্দালা তর্গে মোগল সেনা কভ্ক
অবক্তর হল। তথন ধূর্ত্ত শিবাজী বৃবিতে পারিলেন যে দিল্লীশ্বরের
সেনাগণ কান্দালা তর্গ মধ্যে প্রবেশ করিলে, তাঁহার স্থী পরিবার বর্গ তাঁহার
তক্ষর্শের ফল ভোগ করিবে। এই ভাবিয়া তিনি সম্রাটের ঐ অঞ্চলের
প্রধান দেনাপতি রাজা জর সিংহের নিকট ক্ষমা প্রার্থনা করিয়া, তাঁহার
সহিত্ত সাক্ষাৎ করিবার অভিপ্রায়ে দৃত প্রেরণ করিলেন। কিল্প
রাজা, শিবাজীর ধূর্ত্ততা ও অসত্যবাদিতার বিষয় বিশেষরূপে অবগত
থাকার, শিবাজী প্রেরিত দৃতকে ফিরাইয়া দিয়া, অধীনস্ত সেনানীগণের
প্রতি যে কোন মতে শিবাজীকে বন্দি করিবার জন্ত আদেশ দিলেন।
এই অবস্থা দর্শনে শিবাজী, তথন করেকজন বিশ্বন্থ ব্রাহ্মণকে ডাকিয়া,
তাঁহাদের নিকট সমাটের অধীনতা স্থীকার ও জাবজ্জীবন অন্তর্গত হইয়া
থাকিবার সম্বন্ধে কঠিন শপ্রথ করিয়া, উহা অবগত করিবার ্কক্ত

রাধা তত্ত্তরে,— "শিবাজী স্বরং বাদশানের নিকট গিরা তাঁহার আচগত্য হীকার করিতে সম্মত আছেন কি না ?"— বিজ্ঞাসা করিয়া পাঠাইলেন। শিবাজী তথন, রাজার এই প্রস্তাবে সম্মত হইরা, রাজ-সমীপে আগমন করিবার জক্ম অতিশ্র হীনতার সভিত অন্তম্যতি প্রার্থনা করিলেন ও এবং রাজা জন্মসিংহের অন্তমতিতে করজোড়ে তাহার সন্নিধ্যে আগমন করিয়া কাত্রকঠে বলিলেন.—

"আপনার দাস আপনার সমূবে উপস্থিত; ইচ্ছা করিলে আপনি ভাহাকে রাখিতে পারেন বা মারিতে পারেন। দাস তাহার তর্গগুলি ও কোকান প্রদেশ মহামহিমান্বিত জারত সমাটের করে অর্পণ করিতেছে. এবং আমার পুত্রকে ভারতেশরের দেবার নিযুক্ত করিব। অতঃপর আমিও বাদশাহের অন্থগত ভূত্য স্বরূপ আপনাদের স্থায় সেই মহাকুভব সম্রাটের হকুম তামিল করিব।

তৎপরে রাজা শিবাজীকে ঐ অবস্থার সেনাপতি দেলের থানের শিবিরে পাঠাইরা দিলেন। সেনাপতি সম্মানের সহিত মহারাষ্ট্রপতিকে একথানি উৎকৃষ্ট তরবারি উপহার দিয়া মানীর মান রক্ষা করিলেন।

এই বংদর হি: ১০৭৬ সালের রজব ১৬৬৬ খুষ্টাব্দের ২২ জাহরারি তারিখে বৃদ্ধ সমাট শাহাব-উদ্দীন মোহাক্ষদ শাহ জাহানের মৃত্
কর। মৃত্যুকালে সমাট, পৌত্র কুমার মোহাক্ষদ মোরাজ্জম্কে দেখিবার
অভিলায প্রকাশ করার, কুমার দাক্ষিণাত্য হইতে পিতামহের সহিত শেষ
সাক্ষাতের আশার আসিতে ছিলেন, এমন সমর পথেই বৃদ্ধ সমাটের মৃত্যু
সংবাদ শুনিলেন।

এদিকে-বালালার স্থবাদার আমীরুল ওমরা শারেন্তা থানের পুত্র ওমেদ্ধুঝান, সংগ্রাম নগর ও চট্টগ্রামের বিজ্ঞোহী জমিদারগণকে দমন করিয়া ঐ উভয় দেশ অধিকার করিলেন; এবং প্রথমটির নাম আলম্গীর নগর রাখিলেন ও শেষোক্তটা এস্লামাবাদই রহিল।

স্থাটের রাজ্বের এই নবম বর্ষে রাজা জয় সিংহ, শিবাজীকে স্থাট দরবারে পাঠাইরাছিলেন। কুমার রাম সিংও মোখ্লেস্থান, তাঁহাকে জভার্থনা করিয়া আগ্রার রাজধানীতে লইরা আসিলেন; এবং ১০৭৬ হিজরীর ১৮ই জিল্কন তারিথে শিবাজী ও তাহার নবম বর্ষীর পুত্র শস্ত্, স্থাট আওরাজজেবের স্মীপে নীত হইলেন।

শিবাজীর উপর দিল্লীশবের পূর্ব ইইতেই বিরক্তি ও অভক্তি থাকায় তিনি সেক্ষেত্রে তাঁহার প্রতি কোন সম্মান প্রদর্শন করিতে, পারেন নাই। শিবাজীও আশাহ্মরূপ অভ্যর্থনা না পাইয়া মর্মাহত ইইয়া, কুমার রামসিংহ সকাশে তাঁহার এই অবমাননার বিষয় অতি ত্রংখের সহিত জ্ঞাপন করিলেন।

নগরের বাহিরে রাজা জয় সিংছের প্রাসাদ পার্থে শিবাজীর থাকিবার স্থান নির্দ্দিষ্ট হইল ও রাজা জয়সিংহ আগ্রায় প্রত্যাবর্তন না করা পর্যাস্ত শিবাজীকে বাদশাহ দরবারে উপস্থিত হইবার ক্ষমতা দেওয়া হইল না।

শিবাজী এই সময় তাঁহার বাসভবনের চতুর্দ্ধিকে সর্বাক্ষণ প্রহরী নিযুক্ত দেখিরা স্বীর বন্দি অবস্থা সম্যক উপলব্ধি করিলেন, এবং তাঁহার স্বাভাবিক ধৃষ্ঠ বৃদ্ধি প্রয়োগে এই অবক্লব্ধ অবস্থা হইতে উদ্ধারের উপায় স্থির করিয়া কেলিলেন।

প্রথমতঃ পীড়ার অভিনয় করিয়া শিবাজী করেক দিবস শ্যাগত রহিলেন, তৎপরে তাঁহার পীড়ার উপশম কল্পে ব্রাহ্মণ ও হিন্দু-মোসলমান সাধুদিগকে মিষ্টায় ও নানাপ্রকার খাত ত্র্যা বিতরণ করিকার অত্মতি চাহিয়া সমাটের আজ্ঞাক্রমে একরপ অপর্য্যাপ্ত দান করিতে আরম্ভ করিয়া দিলেন। শেষে বড় বড় মিষ্টায়পূর্ণ ঝুড়ি কাগজে ঢাকিয়া মথ্রায় ব্রাহ্মণগণের উদ্দেশ্তে প্রেরণ করিতে লাগিলেন। এই সময় শিবাজীর পরামর্শ মতে আগ্রা হইতে বহু দূরে তুই তিন্টা ক্রতগামী অশ্ব প্র্রাহে রক্ষিত হইয়াছিল।

একদিন শিবাজী তাঁচার সম আফুতির একজন অন্থগত ভ্তাকে স্বীয়
রোগ শ্যার উপর চাদর ঢাকা দিয়া শোরাইয়া, তাহার অঙ্গুলতে নিজ
স্থবর্ণ অঙ্গুরী পরাইয়া দিলেন। পরে ঐ ভ্তাকে সর্বন্ধণ অঙ্গুরী পরিছিত
হস্তটী বাহির করিয়া রাখিতে উপদেশ দিয়া, পিতা পুত্রে তুইটা বুহদাকার
ঝুড়িতে বসিয়া অপরাপর মিষ্টায় পূর্ণ কাগজে ঢাকা ঝুড়ির সহিত বাহিত
হইয়া গেলেন।

সক্ষয় মাসের শেষ দিনে চতুর শিবাজী, তাহার এই চাতুর্যাজাল বিস্তারে আগ্রা পরিত্যাগ পূর্বক বাহিরে গিয়া অখে আরোহণ করিলেন। তৎপরে মথুরায় গিয়া শিবাজী নিজের স্থানী শাশ্রুরাজি ম্ওন করিয়া, শিতাপুত্রে ভদ্ম মাথিয়া সাধু সন্মানীর বেশ ধারণে বম্না পার হইয়া, ব্রমণ করিতে করিতে বারাণসীর দিকে অগ্রসর হইতে লাগিলেন। এই সময় তাহাদের পিতা-পুত্রের হত্তে বে ফাঁপা (অসার) ষ্টি ছিল, শিবাজী ঐ উভয় ষ্টির থোলের ভিতর ষ্বেষ্ট অর্থ ও রত্ব ভরিয়া লইয়াছিলেন।

এদিকে প্রাথমির পরাজীর রোগ শ্যাশায়ী বস্তাচ্ছাদিত ব্যক্তিকে প্রকৃত শিবাজী মনে করিতে লাগিল; বিশেষতঃ উহার হল্তে শিবাজীর অঙ্গুরী দর্শনে তাহাদের কোনই সন্দেহের কারণ উপস্থিত হইল না। পরে শিবাজী পলায়ন করিয়াছেন অবগত হইয়া, সম্রাট চতুদ্দিকে তাঁহার গ্রেফতারের জন্ত সংবাদ প্রচার করিয়া দিলেন।

বারাণসীর পথে প্রস্থান করিবার সময়, শিবাঞ্চীকে তাঁহার অল্পবন্ধরু পুত্রকে লইয়া বড়ই অস্থবিধা ভোগ করিতে হইল। এ কারণ এলাহাবাদে পৌছিয়া তাঁহার পিতৃবন্ধু কৈলাশ নামধারী জনৈক ব্রাহ্মণের ভত্তাবধানে পুত্র সম্ভকে রাখিয়া, পুত্রের থরচের অপেক্ষা অধিক পরিমাণে ধন তিনি ব্রাহ্মণের হতে দিয়া গেলেন।

এই সমর রাজা জয় সিংহ বিজাপুর ছুর্গ অবরোধ করিয়াছিলেন।
সমাট তাঁহার প্রতি সত্তর শিবাজীর প্রধান সহার নাথুজীকে গ্রেফতার
করিয়া আগ্রায় প্রেরণ করিতে অন্তমতি দিলেন। নাথু ও তাহার পুত্র
আগ্রায় পৌছিয়াই, মোসলমান ধর্ম গ্রহণ করিতে ইচ্ছুক হইল। ইহাতে
সমাট সজ্ঞোধের সহিত নাথুজীকে মোহাম্মদ কুলি খান উপাধি দান
পূর্বক পবিত্র এসলাম ধর্মে দীক্ষিত করিয়া, কিছুদিন মধ্যে অনেক
সৈক্তসহ সেনাপতি দেলের খানের সাহায়ার্থ দাক্ষিণাত্যে প্রেরণ

করিলেন। নাথু দক্ষিণাপথে গিয়া অল্লদিন মধ্যেই মোদলমান ধর্ম ত্যাগ করিয়া, পুনরায় শিবাজীর সহিত মিলিত হইয়াছিল।

শিবাকী ক্রমে ৪০।৪৫ জন সহচর সহ সম্যাসী বেশে নানা স্থানে ভ্রমণ করিতে লাগিলেন। এক স্থানে তাঁহারা সন্দেহের বশবর্ত্তী হইরা ফৌজদার আলি কুলি থান কর্তৃক ধৃত হইলেন। শিবাজী তথন ভারতের অগম্য পর্বভারণ্য প্রদেশে প্রাপ্ত লক্ষ টাকারও অধিক মূল্যের একথও হীরক ও ছইটী চুণী ফৌজদারকে দিয়া অব্যহতি পাইয়াছিলেন।

বারাণসী পৌছিয়াও শিবাজী তথার শান্তি পাইলেন না। তথা হইতে তিনি বেহার ও পাটনার পলাইয়া গেলেন, এবং ক্রমশঃ অমণ করিতে করিতে শেবে, হায়দ্রাবাদে গিয়া পৌছিলেন ও তথাকার রাজা আবত্লা শাহ্ কোতব-উল্-মূলকের শরণাপন্ন হইলেন। হায়দ্রাবাদে গিয়া চতুর শিবাজী তাঁহার স্বভাবদিদ্ধ ক্রনা-প্রস্তুত বাক্-চাতুর্য্য-জাল বিভারে আবত্লাহ শাহকে আশ্বর্যারপে প্রতারিত করিয়াছিলেন।

এই সমন্ন শিবাজী আবছলাহ্ শাহের নিকট ধর্ম সাক্ষ্য ঝ্লিয়া শপথ করিরাছিলেন যে—তিনি যাবজ্জীবন শাহ্ আবছলাহ্র সম্ৎস্থক দাস এবং চিরাছগত হইয়া থাকিবেন। আবছলাহ্ শাহও এই শ্রেষ্ঠ প্রবঞ্চকের শপথে প্রতারিত হইয়া, তাঁহার প্রার্থনা মত তুর্গ জয়ের জয়্য শিবাজীর অধীনে যথেষ্ট সৈক্ষ্ প্রদান করিলেন; তৎসহ তাঁহার অপর সেনানীগণকে শিবাজীর আজ্ঞাহসারে কার্য্য করিতে উপদেশ দিলেন।

প্রতারণা ও চাত্র্যাঘারা শিবাজী অল্পকাল মধ্যে এই হার্দ্রাবাদের সেনা সাহায্যে অনেক তুর্গ অধিকার করিলেন। ক্রমে বিজাপুর রাজের সেতারা ও পারনালা প্রভৃতি দশবারটা স্থরক্ষিত তুর্গ অধিকার করিয়া ক্লেলিলেন। তুৎপরে সম্রাট সেনাপতি রাজা জয়সিংহ ও দেলের থানের হন্তে তুলিরা দেওয়া তাঁহার নিজ রাজগড় তুর্গ পুনরাধিকার করিয়া, তথার বিদ্রোহের পতাকা উড্টীন করিলেন। ১৬৭১ খুষ্টান্দে শিবাজী স্থরাট অধিকার করেন ও এই স্থান লুঠন ও ধ্বংস ঘারা বিশুর ধনরত্ব কন্তগত করিয়াছিলেন।

সুরাট নগর ধ্বংদের সংবাদ পাইরা বাদশাহ, দেলের খানের সাহায্যার্থে থান জাহান্কে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করিলেন। দাক্ষিণাত্যে সেনাপতিত্বর হুইজন হাব্সী সর্দ্ধার সিদি ইরাকুত ও সিদি থররাতের সাহায্য পাইরা অতিশর উপকৃত হুইরাছিলেন। তাহারাই বাহুবলে শিবাজীর সর্বাপেক্ষা সুরক্ষিত তুর্গ দাণ্ডা-রাজপুরী শিবাজীর হস্তচ্যত করিতে কৃতকার্য্য হুইরাছিল।

হিজরী ১০৯০ সালের ২৪ রবিশ্বল আথের তারিথে দারুণ গ্রীমের দিনে, অশ্ব হইতে অবতরণ করিবার সঙ্গে সঙ্গে অতিরিক্ত রক্ত বমুণ হইশ্না শিবানীর মৃত্যু হয়।

—[মোহাম্মদ হাশেম্ লিখিত মোল্তে খাবল্ লোবাব।]

मखनग मर्ग

আমীরুল্ ওমরাহ নওয়াৰ শায়েস্তা থান ।

মীর জুম্লার মৃত্যুর পর উজীর আসফ্জার (ন্র জাহানের দ্রাতৃপ্ত্র)
পুত্র শারেতা থান বাজালা বেহারের স্থবাদার হইরা আসিলেন। কিছ
১৬৬৩ খৃষ্টান্দে পুনা নগরে শিবাজীর প্রাসাদে তিনি স্বীর বৃদ্ধাঙ্গুলিতে
বে গুরুতর আঘাৎ প্রাপ্ত হইরাছিলেন, সেই ক্ষত তদবধি আরোগ্য না
হওয়ার, তাঁহার অধীনে দাউদ খানকে প্রতিনিধি নিযুক্ত করিয়া, রাজকার্য্য
পরিচালনের অফুমতি পাইলেন।

আরাকাণ রাজ তথনও পর্যান্ত মোগলগণের বারা সোলতান স্কাল্যর ভত্যার কোন প্রতিকার না পাইরা, মোগলেরা ভীত হইরাছেন বিবেচনার সম্দ্র তীরবন্ধী মোগলাধিকত স্থান সকল আক্রমণ ও লুটপাট আরস্ত করিরা দিল। এমন কি এই মগ-দন্মাগণের ভরে, স্মৃদ্র ঢাকাবাসীগণকে পর্যান্ত এই সমর সর্বক্ষণ ক্রন্ত থাকিতে হইরাছিল।

শারেন্ডা থান গি: ১০৭৫ সালে ১৬৬৪ খুটান্দে ঢাঞার এরোদশ সহস্র দৈয় ও তাহাদিগের জলপথে বাইবার উপযোগী নৌবহর প্রস্তুত করান। মগ দুস্মাদিগকে বাহালা দেশ হইতে সুম্পূর্ণরূপে বিতাড়িত ও তাহাদের অধিকৃত দ্বীপগুলি দুখল করিবার জন্ম হোসেন বেগের অধীনে উহার মধ্যে তিন সহস্র দৈয়া জলপথে প্রেরণ করিলেন। স্বীয় পুত্র ওমেদ খানের অধীনে অবশিষ্ট দৈয়া, হোসেন বেগের সহিত মিলিত হইবার জন্ম স্থাপথে পাঠাইারা দিলেন। নৌসেনাগণকে লইয়া বক্ষেবের নৌবহর ক্রমে মেখনা নদীতে পড়িল। হোসেন বেগ সমুদ্রতীরবর্ত্তী জগ্দিরা ও আলম্গীর নগর অধিকার করিয়া সন্ধাপে পৌছিলেন এবং তথাকার আরাকাণ যুদ্ধলাহাজগুলি সহজেই করায়ত্ত করিয়া লইলেন। কিন্তু এই দ্বীপের চতুর্দ্ধিকে মগেরা যে প্রকাণ্ড প্রকাণ্ড কান্ত পৃতিয়া, অত্যুক্ত স্বদৃত বেড়া বাঁধিয়াছিল, তাহা ভর করিয়া দ্বীপ অধিকার করিতে হোসেন বেগকে অনেক বেগ পাইতে হুইল।

সন্দীপ অধিকার করিয়া সেনাপতি পর্জ্ গীব্দদিগকে পত্র ঘারা ভর প্রদর্শন করিলেন যে—তালারা মগ রাজাকে পরিত্যাগ করিয়া তাঁহার আশ্রেমেনা আদিলে, তিনি উহাদের উপর হুগলীর ব্যাপারের পুনরভিনয় করিবেন। এই ভন্ন প্রদর্শনের ফল হোসেন বেগ যাহা ভাবিয়াছিলেন তাহাই ফলিল। পর্জ্ গীজগণ এই সময় হইতে আরাকাণ রাজের আশ্রম পরিত্যাগ পূর্বক সন্দীপে আদিয়া উপস্থিত হইতে লাগিল।

সেনাপতি তাহাদের মধ্যে আরাকাণের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করিতে ইচ্ছুর্ক এমন করেকজনকে সঙ্গে রাখিয়া, অবশিষ্ট পর্জ্ গ্রীজগণকে স্থবাদারের নিকট পাঠাইয়া দিলেন। স্থবাদার শায়েন্ডা খান, ইহাদিগের বাসন্থানের জন্ম ঢাকা নগর হইতে ছয় ক্রোশ দক্ষিণে একটা গ্রাম নির্দিষ্ট করিয়া দিয়াছিলেন। ক্রেই স্থান এখনও ফিরিস্বিবান্ধার নামে খ্যাত। ঐ সকল পর্জ্ গ্রীজের বংশধরেরা অনেকে এখনও তথায় বাস করিতেছে।

স্থাদার পুত্র উমেদ থান, ফেণী নদার তীরে আসিয়া দেখিলেন যে—একদল মগদস্য তাঁহার নদী পথে অগ্রসরে থাধা জন্মাইবার জন্ত, পরপারে সমবেত হইয়াছে। কিন্তু এই পুষ্টান্দ দৃঢ়কার মোগল অখারোগী-গণের (যাহাদের স্বরূপ তাহারা ইতিপুর্কে কথনও অবলোকন করে নাই) বীরস্ববাঞ্জক মৃত্তি তাহাদের প্রাণে এতাধিক ভয়েৎখাদন করিল যে, আরাকাণ দস্য দেনাগণ তাহাদিগকে দেখিবামাত্র জ্রুতবেগে নদীকুল ছাডিয়া চট্টগ্রামাভিমুখে পলায়ন করিল।

এই সময় হোসেন বেগ, সহকারী সেনাগণের আগমন সংবাদ পাইয়া, তাহাদের সহিত মিলিবার জক্ষ সন্থীপ হইতে আসিতেছিলেন; কিন্তু কামোরিয়ার বিপরীত দিক হইতে তিনি অনান তিনশত ক্ষুদ্র ও বৃহৎ আরাকাণ যুদ্ধ জাহাজ কর্ভ্ক আক্রান্ত হইলেন। এই সময় ঠাহার সমভিবাহারী পর্ত্তুগাঁজগণ হারা তিনি বিশেষরূপে সাহায্য পাইয়াছিলেন। ক্রমে সেনাপতি তীরের দিকে আসিয়া পড়ায়, ওমেদ খান তাঁহার কামান ও বন্দুকধারী সৈক্ষ্যণ লইয়া হোসেনের যুদ্ধতরী সমূহে আরোহণ করিলেন। পরদিন মগ নৌসেনাগণ পুনরায় মোগলের রণতরী আক্রমণ করিলে, মোগলের কামান তাহাদিগকে বহুদুর পর্যন্ত বিতাড়িত করিয়া দিল।

এই যুক্ত-সেনা তৎপরে চট্টগ্রাম আক্রমণ করিল। তাহারা চট্টগ্রামে পৌছামাত্র হুর্গমধ্যক্ত মগ সেনাগণ যে যেদিকে পারিল পলায়ন করিতে লাগিল। মোস্লেম অখারোহীগণ মগগণের পশ্চাভাবন করিবা তাহাদের মধ্যে ন্যুনাধিক তুই সহস্র মগসেনাকে বন্দি করিলেন। এই অভিযানে হুই সহস্র তেইশটী কামান ও বিশুর খাত্য ক্রব্য মোগলসেনার হুন্থগত হুইরাছিল। উমেদ খান এসলামাবাদ (চটুগ্রাম) পুনক্রার করিলেন।

শারেন্তা থান ১৬৭৭ খৃষ্টাব্দ পর্যান্ত বাঙ্গালার শাসনকর্ত্তা ছিলেন। তৎপরে আগ্রার প্রত্যাবর্ত্তন করিয়া তিনি সম্রাট কর্তৃক আগ্রা বিভাগের শাসনকর্তা নিযুক্ত হইলেন।

শারেন্তা থানের শাসন কালে ১৬৭৬ খুষ্টাব্দে ফরাসি ও দিনেমারেরা বাঙ্গালার বাস করিবার অন্তমতি পার। দিনেমারেরা (ডেনিস্) গঙ্গাভীরবর্ত্তী শ্রীরামপুরে বাস করিয়া ঐ স্থানে কৃটা নির্মাণ করিছে।

নওয়াব কেদায় খান আজিম খান

অনশ্বর সমাট আওরাদজেব, ফেদার থানকে আজিম থান উপাধিতে ভূষিত করিয়া, বাঙ্গালার অ্বাদার নিযুক্ত করিয়া পাঠাইলেন। কিছ পর বৎসরই ঢাকা নগরে উাহার মৃত্যু ভইল।

সোলতান মোহাম্মদ আজম্

এইবার বাদশাহের আদেশ ক্রমে তাঁহার তৃতীর পুত্র কুমার মোহাম্মদ আজম্ বালালার শাসনকর্ত্তা নিযুক্ত হইরা ১৬৭৮ খুষ্টাব্দের ৩০শে জুন তারিথে ঢাকার আসিয়া পৌছিলেন। এই বৎসরের শেষভাগে মোহাম্মদ আজন্, আসামীগণের বিরুদ্ধে একদল দৈল্প প্রেরণ করেন। মোগলেরা প্রথমেই গৌহাটি অধিকার করিল।

এই সময় বাদশাহ্ ছদ্দান্ত মহারাষ্ট্র-সদ্দার শিবাজীর দমনে নিযুক্ত থাকায়, সংশ্রাজ্যের অস্তত্ত সেনা প্রেরণ করিয়া, মারহাট্টা দমনের জন্ত অপরাপর প্রদেশ হইতে সেনাগণকে সমবেত হইতে আদেশ দিয়াছিলেন।

১০৯০ হিঃ ৭ই রমজান ১৬৭৯ খৃঃ ১৪ই আগষ্ট তারিখে সোলতান আজম্ পিতৃ আদেশ ক্রমে সদৈক্তে ঢাকা পরিত্যাগ করিলেন। সোলতান থেরপ ক্ষিপ্রগতিতে যুদ্ধ-সজ্জায় সদৈক্তে পিতৃসায়িখ্যে গমন করিতে লাগিলেন; ইতিপূর্বে বাদশাহ্ আক্বরের আগ্রা হইতে গুজরাটে মাত্র নয় দিনের প্রসিদ্ধ যুদ্ধ যাত্রা ব্যতীত, ভারতের আর কোন রাজা বা রাজ-প্রতিনিধি এইরূপ ফ্রতগতিতে সৈত্র পরিচালনা করিতে পারেন নাই।

কুমার আজম্, তাঁহার অটম বর্ষীয় পুত্র বেদার বথ্তকে লইরা রাত্রি ছই প্রহরে পাল্কী আরোহণ করেন ও পর দিবস স্থ্যান্ত পর্যান্ত ঐ পাল্কি-তেই অবস্থান করিলেন। সন্ধাা সমাগমে পাল্কী হইতে নামিয়া সাল্কানাজ পড়িয়াই অখারোহণ করেন ও পরদিন বেলা ছুই প্রহর পর্যান্ত

ষা পৃষ্ঠেই অবস্থান করিরাছিলেন। এই প্রকারে পঞ্চদশ দিবসে বিস্তর নদনদী পার হইরা ও তুর্গম পথ অতিক্রেম করিয়া সোলতান বারাণদী পৌছিলেন। কুমারের সমভিব্যাহারী এক সহস্র উৎকৃষ্ট অখারোহীর অতি অল্প সংখ্যকই তাঁহার সঙ্গে তথার পৌছিতে পারিয়াছিল।

বারাণসী হইতে মাত্র ছাদশ দিবসে কুমার, আজমীর ও বোধপুরের মধ্যবর্তী স্থানে পিতৃ সরিধানে গিয়া পৌছিলেন। পথিমধ্যে কুমার ও তাঁহার সেনাগণ বরাবর অশ্ব পরিবর্ত্তন করিতে করিতে গিয়াছিলেন। এই অভিযানের শেষ দিনে কুমার মোহাম্মদ আজম্ সহচরগণের সহিত সপ্ততিতম মাইল (৭০) পথ অতিক্রম করিয়াছিলেন।

এই কঠোর অভিযানে পথে, সমাট নদ্দন হইতে সামাক্ত সেনাগণকে পর্যাপ্ত একই আহায্য কটা ও শুদ্ধ ফলের উপর নির্ভর করিতে হইয়াছিল। একদিন বালক বেদার বথ্ত এই শুদ্ধ থাত্য খাইতে অপারক হইয়া, থিচুড়ি থাইবার জক্ত অন্থরোধ করায়, কুমারের অন্থয়তি ক্রমে একজন অন্থচর নিকটবর্ত্তা পাছনিবাস হইতে একটা কাছ নির্শ্বিত অপরিচ্ছন্ন পাত্রে কিঞ্চিৎ থিচুড়ি আনিয়া বালককে দিল, কিন্তু দিল্লাশ্বের পৌত্র, সমাট বাবরের বংশধর সেই অন্তম বর্ষীয় বালক, অভিশয় ক্ষ্মার্ভ সত্ত্বেও, কাঠ পাত্রে স্থাপিত থাত্ব ম্থা-বিবরে উঠাইতে বা আস্বাদন পর্যাপ্ত লইতে পারিলেন না। অবশেষে পিতা, পুত্রকে এই বলিয়া সাস্থনা দিলেন—"পরওয়ার দেগারের অন্থগ্রহে আমরা অমদিনের মধ্যেই রাজভোগে পরিত্তা হইব।"

বালক বেদার বথ্ত পিতার কথায় আছা ভাপন করিয়া, নীরবে তাঁহাদের সঙ্গে থাকা শুক্ষ রুটি ও শুক্ষ ফল থাইয়া পরিতৃপ্ত হইলেন।

সোলতান মোহাম্মদ আজম্ পিতার নিকট পৌছিয়া, পিতৃ ভাদেশে শিবাজীর পক্ষভুক্ত রাজপুত রাজাগণের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন।

অফাদশ দগ

নওয়াৰ শায়েস্তা খান আমীরুল্ ওমরা

দ্বিতীয়বার

১০৯০ হিজয়ীর শেষ ভাগে নওয়াব শায়েন্ডা থান, দিতীয়বার বালালা বেহারের স্থবাদার নিযুক্ত হইয়া ঢাকার আগমন করিলেন।

এই বার বাদশাহের অন্ত্যনিত ক্রমে শারেন্ডা থানকে হিন্দু ও খুষ্টানদিগের উপর জিলিয়া কর বাদাইতে হইরাছিল। কর, অন্ধ ও খন্ত বাতীত
ব্যাধিশৃত্য সকল হিন্দুগণকে তাহাদের সম্পত্তির আয়ের উপর হালারকরা
সাড়ে ছয় টাকা হিসাবে; এবং বিদেশী বাণিলা ব্যবসায়ী খুষ্টান প্রজাগণকে
তাহাদের মূলধনের উপর শতকরা দেড় অর্থাৎ হালারকরা পনের টাকা
হিসাবে রাজকর দিতে হইত;

ইংরেজ কুটাওয়ালাগণ এই অতিরিক্ত কর আদারে উত্যক্ত হইরা বাদশাহের নিকট প্রতিনিধি প্রেরণ পূর্বক, তাঁহাদের ব্যবসায় চালাইবার জন্ম চিরস্থায়ী বন্দোবণ্ডের ফর্মান আনাইবার চেষ্টা করিলেন। বহু কষ্ট স্বীকার ও অর্থ ব্যরের পর, ইংরাজ প্রতিনিধি বাদশাহী ফর্মান লইরা ১৬৮০ খুষ্টাব্দে ৮ই জুলাই ভারিখে হুগলীতে আসিয়া পৌছিলেন। সেইদিন ইংরাজ কোম্পানির জাহাজ ও গলাতীর হইতে সমাটের ফরমান প্রাধ্যির আনন্দ স্চক ভিনশত তোপধ্বনি হইয়াছিল।

ইংরাজেরা মিষ্টার হেগদ্ধে তাঁহাদের দলপতি নিযুক্ত করিয়া হুগলীতে

তাঁহার বাসস্থান নির্দ্ধিষ্ট করিয়া দিলেন; এবং তাঁহার স্ম্পানের জক্ত বিংশতি জন ইউরোপীয় দেহরক্ষী সেনা নিযুক্ত করিয়া রাখিলেন।

১৬৮৫ খুটাব্দে ইংরাজ ইট-ইণ্ডিয়া-কোম্পানি নওয়াবের নিকট
তাঁহাদের সম্পত্তি রক্ষার নিমিত্ত গলার মোহানায় একটা হুর্গ প্রস্তুতের
অন্তমতি প্রার্থনা করিলেন। কিন্ত ইহাতে বিপরীত ফল ফলিল। নওয়াব
এই বিদেশীগণকে এইরূপ অতিরিক্ত ক্ষমতা প্রদানে অত্মীকৃত হইয়া,
অধিকত্ত সমাট প্রদত্ত ফ্রুমানের বিক্জাচরণ করিতে লাগিলেন। বার্ষিক
তিন সহস্র টাকা কর প্রদানের পরিবর্ত্তে, উহাদিগের ঘারা আনীত বাণিজ্য
ক্রব্যের ম্ল্যের উপর শতকরা সাড়ে তিন টাকা হিসাবে শুদ্ধ ধার্যা করিয়া
দিলেন; এবং দিল্লীর দরবারে লিথিয়া উহা বাদশাহের অন্তমাদন করাইয়া
লইলেন। বলা বাহলা ইহাতে ইংরাজ কোম্পানির ব্যবসায়ের সমূহ
ক্ষতি হইতে লাগিল।

ইষ্ট ইণ্ডিরা কোম্পানির ইংলণ্ডীর সভার সভ্যগণ, এই ব্যাপারে স্বত্যস্ত বিরক্ত হইরা ইংলণ্ডেশ্বর দিতীয় ক্রেন্সের নিকট ইহার প্রতিকার স্বরূপ নওরাবের বিরুদ্ধে, এমন কি আবশুক হইলে দিল্লীশ্বর মহান আপেরক্সজেবের বিরুদ্ধে যুদ্ধ খোষণা করিবার অস্ত্রমতি চাহিলেন।

রাজা জেমদ তাঁহাদের প্রার্থনা অম্পারে, ভাইদ এাাড্মির্যাল নিকোল্সনকে ১২টা হইতে ৭০টা কামানবাহী দশথানি মানিওয়ারি জাহাজ, ছরশত গোলন্দাজ সেনা এবং মাস্রাজের দেণ্টজর্জ হর্গ হইতে আরও চারি শত সেনা লইয়া, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সেনাগণের সম্ভিব্যাহারে য়্দ্রে অবতীর্ণ হইতে অম্মতি প্রদান করেন।

নিকোল্যনের প্রতি ইংরাজ রাজের এই আদেশ রহিল যে—তিনি বালেশ্বর ছইতে কোম্পানির এজেন্টকে সজে লইয়া প্রথমতঃ চট্টগ্রাম বন্ধর অধিকার করিয়া, অতিরিক্ত তুই শত কামান বারা উক্ত বন্ধর অদৃঢ় করিয়া রাখিবেন। এই ব্যাপারে তিনি মোগল-শক্ত আরাকাণ রাজের সহিত মিলিত হইবারও আদেশ পাইয়াছিলেন। এতছাতীত তিনি হিন্দু রাজা ও জমিদারগণের সহিত সৌহাদ্দ্যি স্থাপনের বিশেষরূপে চেষ্টা করিবেন, এইরূপ উপদেশও পাইলেন।

এইরপে চট্টগ্রাম অধিকারের পর, এ্যাড্মিরাল্ নিকোলসন্ ঢাকা নগর আক্রমণ করিবেন, এইরপ বন্ধোবন্ত রহিল।

কতকগুলি অনালোচিত ঘটনা সংঘটিত হইয়া, বৃটিশ-রাজের এই ব্রথ-ছপ্প-সৌধ ও বৃটিশ রণবহরের ভারত আক্রমণ কর্মনা, ভালিয়া চ্রিয়া ওলট্ পালট্ করিয়া দিল। তল্মধ্যে বিক্লম বায়্ই তাহার প্রধান অস্তরার হইয়া দাড়াইল। প্রভঞ্জন তাড়নে বৃটিশ যুদ্ধ-জাহাজগুলি সমুদ্র যাত্রাকালে পথিমধ্যে ছিল্ল ভিল্ল হইয়া পড়িল। তাহাদিগকে সদলবলে আর ভারত-মহাসাগরে প্রবেশ করিতে হইল না।

১৬৮৬ খুটাবে তিনজন ইংরাজ পদাতিক হুগলীর বাজারে কয়েকজন নওরার সেনার সহিত কলহ করিরা, গুরুতর আহত হয়। তাহাদের রক্ষার জন্ম শেষে সমস্ত ইংরাজ সেনা নওরাব সেনাগণকে আক্রমণ করে। এই সময় নগরের বাহিরে অবস্থিত নওরাব সেনাগণ আসিয়া তাহাদের দলত্ব সেনার সহিত যোগদান করে। এইরূপে উভয় পক্ষের মধ্যে যে খণ্ডমুদ্দ হয় তাহাতে ৬০ জন মোগল সেনা হত ও আহত হইয়াছিল।

এদিকে এয়াড মির্যাল নিকোল্সন এই অবস্থায় তাঁহার রণতরী হইতে নগরে কামান দাগিয়া প্রায় পাঁচশত গৃহ অগ্নিদম্ব করিয়া দিলেন। ফৌজদার এই ব্যাপারে ভীত হইয়া পাড়েলেন ও অতিশয় নম্রতা প্রদর্শনে মিঃ চার্ণকের সহিত তাহাদের প্রস্থাবিত সন্ধি শর্তে সম্বত হইলেন।

নওয়াব শায়েতা থান এই থও যুদ্ধ ও ফৌজদার ঘটিত ব্যাপার শ্রবণ মাত্র পাটনা, মালদহ, ঢাকা এবং কুাশিম বীজারের ইংরাজগণের কুটিস্ফুচ দখল করিবার অনুমতি দিয়া, সঙ্গে সঙ্গে ইংরাজগণকে হুগলী হইতে বিভাডিত করিবার জম্ম সৈম্ম প্রেরণ করিলেন।

হুগলীর ইংরাজ বণিকেরা এই সংবাদ পাইয়াই ২০শে ডিসেম্বর তারিখে হুগলী পরিত্যাগ করিয়া, স্মৃতামটি (কলিকাভা মহানগরীর মধ্যবর্তী গন্ধার তীরবর্তী হাটখোলা) নামক স্থানে চলিয়া আদিলেন।

ক্রেক্ররারী মাসের প্রারম্ভে নওয়াবের অখারোহী সেনা হুগলী আসিয়া পৌছিল। মি: চার্ণক এই সংবাদ পাইতেই পুনরার স্মৃতামূটি পরিত্যাগ করিয়া, ভাগীরথী মোহনাস্থ অখাস্থাকর হিজ্লি বীপে পলায়ন করিলেন; এবং অনিচ্ছা সত্ত্বেও তথায় শিবির সন্ধিবেশ করিয়া অবস্থান করিতে বাধ্য হুইলেন। ঐ স্থানে ভাগীরথীর মধ্যে রণ্ডরী রক্ষা করিয়া ইংরাজগণ শুক্রর আগমন পথ রোধ করিয়া রহিলেন।

নোগল সেনানী আবত্দ সামাদ খান, এই স্থানের অতিশর অতাস্থাকর জল বারুর বিবরণ পূর্ব্ধ হইতে অবগত ছিলেন; এবং ঐ জল বারু ঘটিত মহামারী তাঁহাদের দর্ব্বাপেকা ভীষণ শত্রুতা সাধনে কৃতকার্য্য ত্ইবে বিবেচনা করিয়া, তিনি আর উহাদিগকে আক্রমণ করিয়া অনর্থক সেনা ক্ষর করিলেন না।

সেনাপতি আবহুস্ সামাদের অহ্মান অচিরে অক্ষরে অক্রে ফলিরা গেল। তিন মাসের মধ্যে অর্জেকের অধিক ইংরাজ সেনা হিজ্লিতে মৃত্যুম্থে পতিত হইল; অবশিষ্ট প্রায় সকলকেই হাসপাতালের আশ্রয় গ্রহণ করিতে হইরাছিল।

ইছার পর মিঃ চার্ণকের সহিত নওয়াবের এই শর্ভে সন্ধি হইল যে—নওয়াব ইংরাজ বণিকগণকে তাহাদের ভিন্ন ভিন্ন স্থানের কুটিতে ব্যবসায় চালাইতে দিবেন, কিন্তু ইংরাজেরা তাহাদের কোন যুদ্ধ জাহাজ ভাগীরথী বহিয়া লইয়া বাইতে পারিবে ন!। এই সন্ধির পর মি: চার্ণক উল্বেড়িরার অবস্থান করিবেন সিদ্ধান্ত করিলেন। কিন্তু মাত্র তিন মাস কাল তথার অবস্থান করিরা, পুনরার স্থতান্থটি প্রত্যাবর্ত্তন করিবার অনুমতি লইরা, তথার কৃটি প্রস্তুত না হওরা পর্যান্ত সঠনতো কৃত্র কৃত্র চালা ঘরে বাস করিতে লাগিলেন।

ইংরাজ সেনা কর্তৃক হুগলীতে মোগল সেনা নাশের সংবাদ বাদশাহের কর্ণে পৌছিতেই, সম্রাট রাগান্ধ হইয়া সমস্ত ইংরাজগণকে বাজালা দেশ হুইতে তাড়াইয়া দিবার অস্কুমতি দিলেন। এই ব্যাপারে ইংরাজগণের মধ্যে অনেকে ঢাকার বন্দী হুইয়া রহিল।

নওয়াব শায়েন্ডা থানের শাসনকালে, থাত জব্যের মৃল্য হ্রাস করিবার দিকে তাঁছার তীক্ষ দৃষ্টি ছিল। তাঁছার রাজত্ব কালে তিনি টাকায় ৬৪০ পাউত্ত (প্রার আট মণ) পর্যান্ত চাউল বিক্রীত হইতে দেখিয়া গিয়াছেন; এবং উহা চিরক্মরণীর করিবার উদ্দেশ্তে নওয়াব, ঢাকা নগরের পশ্চিম ফটক্ তাঁছার নগর পরিত্যাগের সঙ্গে সংস্কৃত্রপে বন্ধ করিবার আজ্ঞা দিয়া যান। নওয়াব ঐ আবদ্ধ ফটকের উপর লিথিয়া গিয়াছিলেন বে—বতদিন পর্যান্ত তাঁছার পরবর্ত্তী কোন শাসনকর্তা চাউলের বাজার দর এই ক্লপ কমাইতে না পারিবেন, ততদিন যেন এই বন্ধ ঘার খোলা না হয়। নওয়াব সর্ফ্রাজ থানের সময় পর্যান্ত এই ঘার সেই ভাবেই বন্ধ ছিল।

শারেন্ডা থান বৃদ্ধ বন্ধদে আগ্রা নগরে প্রত্যাবর্ত্তন করিরা, হি: ১১০৫ সালে দেহত্যাগ করিয়াছিলেন।

নওয়াব এত্রাহিম খান

শারেন্ডা থানের পর বাদশাহ আওরকজেব শাহ্জাহানের কান্দাহার বিজয়ী সেনাধাক্ষ পারশ্র দেশীর আলি মর্দান থানের পুত্র এবাহিম থানকে বালালার শাসনক্তা মনেদ্দীত ক্রিলেন। এবাহিম থান পিতার স্থায় যুক্ত-বিভা-বিশারদ না হইলেও, তিনি একজন নিরপেক্ষ বিচারক ও ক্লৰি এবং বাণিজ্যের উৎসাহ দাতা স্থবাদার ছিলেন।

নওয়াব শারেন্তা থানের শেষ জীবনের ব্যবহারে, ইংরাজ বণিকগণ বালালা ছাড়িয়া পলাইতে বাধ্য হইয়াছিল তাহাদের মধ্যে জনেকেই ঢাকায় জবরুদ্ধ হইয়াছিল। নব নিযুক্ত স্থবাদার ১৬৯০ খৃষ্টান্দের জুলাই মাসে ঐ সকল কারাক্ষম ইংরাজ বণিককে কারামুক্ত করিয়া, তাহাদিগকে পুনরায় নৃতন করিয়া ব্যবসারন্তের জন্মতি দিলেন।

স্বাদারের অক্ষতি পত্র পাইরা মি: চার্ণক আবার ত্রিশঞ্জন সেনা ও অপরাপর ইংরাজ সন্ধীগণ সহ ২৪শে আগষ্ট তারিথে স্তান্থটি প্রত্যাবর্তন করিলেন। এবার স্বাদারের আদেশ ক্রমে, হুগলীর ফৌজদার মীর আলী আক্বর ইংরাজ বণিকদিগকে সমাদরে অভ্যর্থনা করিয়াছিলেন।

১৬৯১ খৃষ্টাব্দে নওয়াব এবাহিন থান, বাদশাহের নিকট হইতে 'হাস্বল হোক্ম' আনাইয়া মিঃ চার্গকের হত্তে সমর্পণ করিলেন। এই নৃতন অসুমতি পত্তে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী মাত্র বার্ষিক তিন সহস্র টাকা প্রদানে, বিনা শুল্কে বাদ্যালায় বাণিজ্য করিতে পারিবেন এইরূপ অসুমতি ছিল। কিন্তু এই অবাধ বাণিজ্যের অসুমতি থাকা সভ্তেও, নওয়াবের অধীনস্থ ক্ষুদ্র ক্ষুদ্র ফোজদারগণ এই বণিক সম্প্রদায়কে নানা প্রকারে ব্যতিব্যস্ত করিতে থাকায়, তাহায়া নওয়াবের নিকট তাহাদের স্থতাস্টির কৃটির নিরাপদের জন্ত্র, ঐ স্থানের চতুদ্দিকে পরিথা খনন ও প্রাচীর বেষ্টন করিবার অসুমতি প্রার্থনা করিল।

এই সমরে ১৬৯২ খুটাবে সম্রাটের আদেশ-ক্রমে স্থবাদার, ইংরাজ কোম্পানীর প্রতি বারুদ প্রস্তুতের প্রধান উপাদান শোরা ক্রম্ন করিবার ও চালান দিবার নিষেধ আজ্ঞা প্রচার করার, কোম্পানীকে অত্যস্ত ক্রতিপ্রস্ত হইতে হইল। ১৬৯৫ খৃষ্টাব্দে কাপ্তেন কীড্ করেকটী বড় বড় জাহাজ লইয়া ভারতমহা-সমৃদ্রে জল-দস্থাতা আরম্ভ করিয়া দিল। ক্রমে তাহারা উহার
সীমা অতিক্রম করিয়া ছইথানি হেজাজ যাত্রীর জাহাজ সূঠন করায়, সম্রাট
রাগান্ধ হইয়া ফরাসী, দিনেমার, ওলন্দাজ ও ইংরাজ সকল ইউরোপীয়
কোম্পানীরই ভারতে বাণিজ্য বন্ধ করিয়া দিবার আজ্ঞা দিলেন। এই
সময় কেবল মাত্র পরম দরাবীর নওয়াব এবাহিমের অন্তগ্রহে, বাঙ্গালায়
ইংরাজেয়া গোপনে ভাহাদের ব্যব্দার চালাইতে পারিয়াট্রলেন।

হিঃ ১১০৭ সনে শোভা সিং নামক একজন জমিদার, বর্জমান বিভাগের মোগল কৌজদার রাজা কিষণ রামের সহিত বিবাদ করিয়া, উড়িয়া হুইতে পাঠানগণের শেষ বংশাবতংশ রহিম খানকে ভা গুটয়া আনিয়া, তাঁহার সহিত মিলিত হুইয়া, বর্জমানে বিজ্ঞোহের পতাকা উদ্ভান করে; এবং যুদ্ধ ঘোষণা করিয়া প্রথমতংই রাজা কিষণ রাম ও পরে তাঁহার পরিবারবর্গের অনেককে নিহত করিয়া, বর্জমান রাজের সমস্ত সম্পত্তি আত্মর্মাৎ করিয়া লয়। এই সময় রাজার একমাত্র পুত্র জগৎদিং পলাইয়া রাজধানী ঢাকার গিয়া স্থবাদারকে এই তুর্ঘটনার সংবাদ নিয়াছিলেন। স্থবাদার এত্রাহিম খান, ষশোহরের অকর্মণা কৌজদার স্কল্লাহ কে বর্জমানের বিজ্ঞোহ দমনের আদেশ দিলেন।

এই ফৌজদার মুক্লাহ্ একজন ব্যবসূদার অর্থ-পিশাচ ও অক্ষাণ্য রাজ কর্মচারী ছিলেন। বাণিজ্য দারা অর্থোপার্জনই তিনি তাঁগার জীবনের মোক্ষ স্থির করিয়া লইয়াছিলেন। বঙ্গেশ্বরের হুকুমে এই মুদ্দ বিভায় সম্পূর্ণ অপারদর্শী ফৌজদারকে তিন সহত্র অশারোহী লইয়া অগত্যা যশোহর পরিত্যাগ করিতে হইল।

বিজ্ঞোহীগণের আগমনে ফৌজনার নৃকলাহ তাহাদিগকে আক্রমণ না করিয়া, স্বয়ং ভগলীর হুর্গ মধ্যে আত্মর্গণিন করিলেন ও তথা হুইতে চুঁচুড়ার দিনেমার গভর্বরের সাহায্য চাহিলেন। অবস্থা দর্শনে বিদ্রোহী সেনাগণ হগলী আক্রমণ করিল। কাপুরুষ ফৌজদার হুরুলাহ্ রাত্রিকালে নৌকাষোগে গঙ্গা পার হইরা, স্বীয় প্রাণ লইরা যশোহরে পলায়ন করিল। বিজোহী শোভা সিংহের সেনাগণ তথন নুটপাট আরম্ভ করিয়া দিল।

এই সময়ে চুঁ চূড়ায় দিনেমার, চন্দন নগরে ফরাসী এবং স্থতাস্থটির ইংরাজ ব্যবসায়ীগণ, এই বিজোহীগণের অত্যাচারে প্রপীড়িড ছইরা, নওয়াবের নিকট অত্মতি লইয়া, তাহাদের নিজ নিজ বাণিজ্য কেন্দ্রগুলি পরিধা বেষ্টিত করিয়া, উচ্চ প্রাচীর ঘারা ঘিরিয়া লইয়াছিলেন; এবং ইঙা ছইতেই তিনটী ইউরোপীয় তুর্গের স্ত্রপাত ছইল।

বিক্রোহীগণ তগলী বুঠনের পর, চুঁচুড়া আক্রমণ করিল। কিন্তু
দিনেমারগণের বন্দৃক ও কামানের গোলার ভয়ে, পশ্চাৎপদ হটয়া
তগলী হইতে চারি মাইল উত্তর-পশ্চিমে ভাগীরথী তারবর্তী সপ্রপ্রামে
চলিয়া গেল। পরে সপ্তগ্রাম হইতে শোভা দিং, রহিম খানকে তাহাদের
মধ্য হইতে বাছিয়া কতকগুলি উৎক্রাই সেনা সমভিব্যাহারে নর্দ্বীপ
ও মুরশিনাবাদ অধিকার করিতে পাঠাইয়া দিল।

শোভা সিং স্বীর পাশব-প্রবৃত্তি চরিতার্থ করিবার আশায় বর্জমান বিজয় কালে, রাজা কিষণ রামের একটী পরমা স্থানরী যুবতী ক্সাকে গোপনে অবক্লফ করিয়া রাথিয়াছিল। এক্ষণে রহিম থানকে বিদায় করিয়া দিয়া, নরপিশাচ ভাহাঁর নীচ আশা পরিপূর্ণ করিবার স্থযোগ পাইল।

শোভা সিং একদা রাত্রে গোপনে রাজকুমারীর কক্ষে প্রবেশ করিয়া, ভাহার বছদিনের সঞ্চিত অভিলাষ কার্য্যে পরিণত করিবার উচ্ছার, পাশ-বিক বল প্রয়োগে রাজনন্দিনীকে যেমন দৃঢ় আলিজন পাশে আবদ্ধ করিতে গেল, অমনি কুমারী ভাহার বক্ষ বন্ধ মধ্যে লুকারিত শাণিত ছুরিকা, পাষণ্ডের উদরে আমূল বিদ্ধ করিয়া দিয়া, নরপ্রেতের ভবলীলা সান্ধ করিয়া দিল। রাজকুমারী সঙ্গে সঙ্গে ঐ ছুরিকা টানিরা বাহির করিয়া লইয়া, স্বীয় বক্ষে বিদ্ধ করিয়া দিয়া তৎক্ষণাৎ শাস্কিদায়িণী মৃত্যুর শরণাপুরা হইল।

শোভা নিংহের মৃত্যুতে সমস্ত সৈত রহিম থানকে তাহাদের দলপতি বরণ করিয়া লইল। তদবধি রহিম থান, রহিম শাহ্নামে অভিহিত হইতে লাগিলেন। এই সময়ে রাজমহল হইতে মেদিনীপুর পর্যাক্ত, ভাগীরথির পশ্চিম ভীরত্ব সমস্ত ভূভাগ, বিজোহীগণের করতলগত হইয়া পড়িয়াছিল।

প্রত্যাহ বিদ্রোহীদল কর্জ্ন নৃত্ন নৃত্ন দেশ অধিকারের সংবাদ ক্ষালারের কর্ণগোচর হইতে লাগিল। কিন্তু এই অলগ শাসনকর্ত্তা, স্বীয় সাহসী পুত্র ও সভাসদগণের উপদেশ অবহেগা করিয়া সর্কাদাই উত্তর দিতেন বে—

"আত্ম-বিক্রোহ অতীব ভয়াবহ বস্তা। ইহাতে ঈশ্বরের স্ট জীবের জীবন অনর্থক নট করা হয়। বিজোহীগণ আপনা হইতেই ক্ষান্ত হইবে; না হয়•ভাহারা সামাস ছই একটা দেশ অধিকার করিয়া, বাদশাহের রাজগরের যৎসাবাস ক্ষতি করিবে।"

এদিকে রছিম শাত্ লুঠন ও দেশ জয় করিতে করিতে মুর্নিদাবাদে পৌছিলেন। তথার গিয়া তিনি প্রথমতঃ স্থাদারের অধীন প্রবল পরাক্রান্ত জারগীরদার নেরামৎ থানকে তাঁহার অধীনতা খীকার ও তাঁহার সহিত ধােগ দিতে আহ্বান করিলেন। নেয়ামৎ থান সগর্কো উত্তর দিয়াছিলেন—

"আমি দিল্লীখরের অধীন কর্মচারী, এবং তাঁছার রাজভক্ত প্রজা। আমি কোন মতেই তুচ্ছ বিজোগীর প্রস্তাবে সম্মত হইতে পারি না।"

বিজোহী সদার, নেয়ামতের এই উত্তরে ক্রোধান্ধ হটয়া, তাঁহার এক দল সেনাকে, নেয়ামতকে গ্রেফভার করিবার জন্ম পাঠাইয়া দিলেন। কিন্তু তাঁহার বন্ধুবর্গ ও সভাসদগণ এই কাণ্য ভর্দুর সংজ্ঞাধা নহে ব্রাইয়া দেওয়ার, রহিম শাহ্ একদল পাঠান আখারোহী সঙ্গে লইয়া স্বরং নেয়ামৎ
থানের দননোন্দেশে বহির্গত হইলেন। নেয়ামতের রাজধানীতে পৌছিয়া
রহিম অবলোকন করিলেন যে—বিপক্ষের সেনাগণ তাঁহাকে অভ্যর্থনার
জক্ত প্রস্তুত হইয়া আছে।

এই সপ্তদশ শতাব্দীর শেষভাগে পর্যান্তও, যুদ্ধ সম্বন্ধে কোন কোন স্থানে এই নিয়মে অবসান হইত যে—উভন্ন পক্ষীয় সেনাগণ অন্তরে দগুরমান পাকিত ও তৃইজন সেনাধ্যক্ষ বৈরথ বা ঘল্বযুদ্ধে প্রাবৃত্ত হইতেন, এবং এই সেনাপতিঘরের জন্ম-পরাক্ষয়ের উপরেই সমস্ত ফলাফল নির্ভর করিত।

নেয়ামৎ থানের প্রাতৃপুত্র তহয়ার থান একাকী অশ্বারোহণে রণক্ষেত্রে আগমন করিয়া, প্রতিপক্ষের যে কোন একজন আফগানকে তাঁচার সহিত ঘলগুকে আহ্বান করিলেন। কিছু তাঁহার আহ্বানে পাঠান সেনার ভিতর হইতে কেহই একাকী অগ্রসর হইতে সাহস না করিয়া, তাহারা দলবদ্ধ হইয়া তেজন্বী তহয়ারকে আক্রমণ করিল; এবং যুবক তহয়ারের বয়ুবর্গ তাঁচার সাহায্যার্থে পোঁছিবার পূর্বেই, শক্র সেনা তাঁহাকে বেইন করিয়া অস্ত্রাগাতে ধৈথীকৃত করিল।

এই সংবাদ যথন নেয়ামৎ থানের নিকট পৌছিল তখন ফৌজদার,
একটা স্থা মস্লিনের পিরহান্ গায়ে দাঁড়ইয়া ছিলেন। বীরপুল্পব নেয়ামৎ
তাঁহার শিরস্থাণ বা বর্ম পরিধান না করিয়া ঐ অবস্থায় কেবলমাত্র
একথানি তরবারি গ্রহণে নিকটপ্ত অধ্যে আরোহণ করিয়া, বেগে যুক্কফেত্রে
উপস্থিত হইলেন। নেয়ামৎ থান প্রথমেই বিজ্ঞোহী রহিমের পতাকা
অবলোকন করিয়া, তথায় গিয়া উপনীত হইলেন ও সঙ্গে সেনাপতির
মন্তকে সবলে তরবারির আঘাত করিলেন। কিছু তাঁহার তরবারি রহিম
শাহের লৌহ নিশ্বিত শিরস্থাণের কোনই অনিষ্ট সাধন করিতে পারিল
না দেথিয়া, তিনি রাগে তাঁহার তরবারির বিপরীত দিক (হাতল) ঘারা

রহিন শাহের পঞ্জরে এরূপ বেগে আখাত করিলেন যে—রহিন, নেরামৎ প্রদত্ত অথাতের গুরুত্ব সহ্ করিতে অপারক হইরা অখ হইতে ভ্পতিত হইলেন। বীরবর নেরামৎ তৎক্ষণাৎ স্থীর অখ হইতে অবতরণ করিয়া, রহিম শাহের বৃহৎ ছুরিকা টানিয়া লইয়া তাঁহার কণ্ঠদেশে বসাইতে গেলেন; কিন্তু রহিমের শিরস্থাণের লোহময় শৃঙ্খল তাহাতে বাধা প্রদান করিল। এমন সময় পাঠান সেনাগণ তাঁহাকে খিরিয়া ফেলিল এবং মৃহুর্ত্তকাল মধ্যে তাঁহার দেহ থণ্ড খণ্ড করিয়া ফেলিল। তৎপরে মোগলদিগের বহু সৈজ বিনষ্ট করিয়া, পাঠানেরা নেরামৎ খানের প্রাসাদ লুঠন করিতে লাগিল।

অতঃপর বিদ্রোহী দল, ৫০০০ সহস্র সমাট সেনাংগতে পরান্ত ও বিতাড়িত করিয়া দিয়া, মৃর্শিদাবাদ নগর লুঠন আরম্ভ করিয়া দিল। কাশিমবাজারের ধনী ব্যবসায়ীগণ এই অবস্থা দর্শনে রহিম শাহের শরণাপন্ন হওয়ান্ন, তিনি উহাদের প্রতি কোন অত্যচার করেন নাই। এই সমন্ন রহিম শাহের অপর একদল বিজোহী সেনা স্থতান্থটি আক্রমণ করিয়া, পার্যবর্তী প্রাম সকল অগ্রিদ্যা করিয়াছিল।

১৬৯৭ খুষ্টাব্দের মার্চ্চ মানে বিজ্ঞোহীদল রাজ্মহল ও মানদহ অধিকার করিয়া, তথাকার অধিবাসীরন্দের বিশুর ক্ষতি করিয়াছিল।

বক্ষদেশ সম্বন্ধে এই বিজ্ঞোহের সংবাদ প্রাপ্তে বাদশাহ্ আওরাক্জেব, তাঁহার শাসনকর্তার ব্যবহারে আশ্রুর্যায়িত ও তৎসহ অতিশ্ব ক্ষ ইইরা, এরাহিম থানের উপর এই অহমতি প্রেরণ করিলেন বে—স্থাদার যেন কালবিলম্ব না করিয়া স্বীয় পুত্র জবরদন্ত থানের অধীনে সমন্ত বন্ধীয় সেনা দিয়া, তাঁহাকে বিজ্ঞোহী দমনে প্রেরণ করেন। এই অহমতির সঙ্গে সম্রাট, অযোধ্যা, এলাহাবাদ ও বেহারের শাসনকর্তাদিগের উপর, জবরদন্ত খানকে সৈক্ত সাহায্য করিবার জক্ত কর্মান পাঠাইলেন।

অতঃপর সমাট, স্বীয় পৌত্র আজিম ওশ্শানকে বঙ্গ-বেহার-উড়িয়ার শাসনকর্তা নিযুক্ত করিয়া পাঠাইরা দিলেন।

সেনাপতি জ্বরদ্প থান বছ সেনা, কামান ও রণত্রী লইয়া
ঢাকা পরিত্যাগ করিলেন। এই সময় তাঁহার আগমন বার্তা পাইয়া রহিম
শাহ্ পদা নদীর তীরে ভগবান গোলার নিকটে তাঁহার হাদশ সহস্র
অধারোহী ও ত্রিংশ সহস্র পদাতিক সেনা লইয়া অবস্থান করিতেছিলেন।

জবরদন্ত থান শক্র শিবির হইতে করেক মাইল দূরে অবতরণ করিরা, কতকগুলি রণ-তরী হইতে তাঁহার পদাতিক দেনা ও কামানগুলি নামাইরা লইলেন। অবশিষ্ট রণ-তরীগুলির প্রতি নদীবক্ষ হইতে শক্রগণকে গোলা বর্ষণে ব্যতিব্যস্ত করিবার অস্মতি দিরা, স্বরং স্থলপথে বিজ্ঞোহীগণকে আক্রমণ করিলেন।

প্রথম দিন কেবল দ্র হইতে কামানের যুদ্ধই চলিল। পরদিন প্রাতে সমাটের পদাতিক সেনাগণ প্রথমে বিপক্ষগণকে আক্রমণ ক্রিল, উভর সৈতে মেশামিশি হইরা করেক ঘন্টাকাল যুদ্ধের পর, বিজোহী পাঠানেরা রণহল হইতে প্রস্থান করিয়া কিয়দ্ধুর সরিয়া যাইতে বাধ্য হইল। (১৬৯৭ খু: মে মাস)

জবরদন্ত থান পরদিন প্রাতে পুনরায় পলায়িত বিজ্ঞোহীগণকে আক্রমণ করিয়া, পরে সম্লে উহাদিগকে বিনষ্ট করিবার উদ্দেশ্যে মুরশিদাবাদের নিকটবর্ত্তী স্থানে গিয়া একটা বৃহৎ সমতল ক্ষেত্রে শিবির স্থাপন করিলেন। কিছু রাত্রেই রহিম থান সেনাগণসহ নদী পার হইয়া বর্দ্ধমানের পথ ধরিল। সম্রাট সেনাগণ এইয়পে বিজ্ঞোহীগণকে একস্থান হইডে স্থানাস্তরে তাড়াইয়া লইয়া বাইডে লাগিল।

উনবিংশ সর্গ

-

সোলতান আজিম্ ওশ্শান

হিজরী ১১০৮ সালে ১৬৯৬ খুষ্টাব্দে কুমার শাহ্ আলমের দিতীয় পুত্র আজম্ ওশ্শান দাক্ষিণান্তে অবস্থান কালে, পিতামহ কর্ত্ক তাঁহার বল-বেহারের প্রবাদার নিয়োগের বার্তা পাইয়া, দাদশ সহস্র অস্বারোহীসহ এলাহবাদে পৌছিলেন। তথা হইতে অযোধ্যার শাসনকর্ত্তা, এবং বেনারস ও বেহারের জায়গীরদারগণকে তাঁহার সাহায্যার্থে প্রস্তুত হইতে আদেশ করিলেন। কিন্তু পাটনায় পোঁছিয়া কুমার, জবরদন্ত থানের বিজয়বার্তা পাইয়া মনে মনে, চিন্তা করিতে লাগিলেন—তাঁহার আগমনের পূর্বেই সৈল্লাধ্যক্ষ বিজ্বোহীগণের সহিত সমন্ত যুদ্ধ শেষ করিয়া বিজয়মাল্য গলদেশে ধারণ করিলে, তিনি সমাটের নিকট আর কোন বিশেষ সম্ভ্রমের প্রত্যাশা করিতে পারিবেন না। ইহা ভাবিয়া কুমার, জবরদন্ত থানকে তাঁহার অমপন্থিতি কাল পর্যান্ত যুদ্ধ স্থানিতে অমুমতি দিলেন।

বিজয়ী সেনীপতি জবরদন্ত থান, কুমারের প্রেরিত নিষেধ আজ্ঞার দশ্ম সম্যুক উপলব্ধি করিলেন, অগত্যা যেন হস্তপদ বন্ধনাবভার বর্জমানের নিকট ভাঁহাকে সসৈত্তে অবস্থান করিতে হইল। দারুণ বর্ধার জক্ষ এই সময় কুমারকেও মুঙ্গেরে কিছুদিন অবস্থান করিতে হইয়াছিল।

তৎপরে সেনাপতি জবরদন্ত থান, কুমার আজিম্ ওশ্শানকে অভ্যর্থনা করিয়া আনিবার জন্ম সম্মান প্রদর্শনাথে কয়েক মাইল পথ অগ্রসর হইয়া তাঁহার সহিত মিলিত হইলেন। সেই সময় কুমার, সেনাপতির প্রতি এরূপ অবজ্ঞার ভাব প্রদর্শন করিয়াছিলেন যে—এই উন্নতমন্তক, কর্মবীর যুবক সেনাপতি, তাঁহার কর্ম ত্যাগ করিয়া খীর পিতার সহিত চলিয়। যাইতে বাধ্য হইলেন।

সেনাপতির সঙ্গে সজে তাঁহার একান্ত অন্ত্রগত আট সহস্র উৎকৃষ্ট সেনাও তাহাদের এন্ডফার দরখান্ত দাখিল করিল; এবং পরে ঐ সকল সেনা পুনরার জবরদন্ত থানের সহিত মিলিত হইয়া, পিডা পুত্রের সহিত রাজধানীতে চলিয়া গেল।

জবরদক্ষের কর্মত্যাগে, বিজোহীগণের আনন্দ ও উলাদের সীমা রহিল না! রহিম শাহ্ তথন পুনরার গা ঝাড়া দিরা উঠিরা, তাঁহার দলন্থ ছত্রভক্ত সেনাগণকে সমবেত করিতে লাগিলেন। এইরপে সোলতান আজিম্ ওশ্শান বর্জমানে আনন্দোৎসবে নিমগ্ন থাকা কাল মধ্যে বিজোহীরা প্রচ্ব সেনা সংগ্রহ করিয়া নদীয়া ও হগলী জেলায় নুঠন আরস্থ করিয়া দিল; এবং বর্জমান হইতে মাত্র কয়েক মাইলের মধ্যে অবস্থান করিতে লাগিল!

এই সমর দিনেমারের। সোলতান আজিম ওশ্শানের নিকট গিয়া, ইংরাজ কোম্পানি ও ভাষাদিগের মধ্যে বাণিজ্য শুল্বের অস্থার পার্থক্য প্রদর্শন করিবার চেটা করার, ইট ইণ্ডিয়া কোম্পানিও তাহাদের মধ্য হইতে মি: ওয়াল্সকে পাঠাইয়া দিয়া, স্মভাস্কটি, গোবিন্দপুর ও কালিকাটা গ্রামত্রের ভাষাদের ব্যবদার স্থান ,নিদিট্ট করিয়া লইবার জক্ষ চেটা করিতে লাগিল: শেবে বহু অর্থ প্রদানে মি: ওয়াল্স্ সোলতানকে উাহার প্রভাবে সম্মত করাইলেন ও এই অম্মতি পত্রে কোম্পানি ১৬৯৮ খুটান্দের জ্লাই মাসে স্মভাস্কটী প্রভৃতি গ্রামত্রয় প্রাপ্ত হইলেন। কিন্তু উহাতে দেওয়ানের (প্রধান মন্ত্রী) দন্তবৎ না থাকার এই গ্রামের জমিদারগণ ভাষাদের অধিকারভুক্ত সম্পত্তি হস্তচ্যত করিতে অস্বীকৃত

হইল। পরে ডিসেম্বর মাসের শেবে সমন্ত কার্য্য সুচারুক্সপে সম্পন্ন হইয়া ১৭০০ খৃষ্টাব্দের জামুর্যারি মাসে কোম্পানি, বঙ্গেম্বরের নিকট হইডে আবাধ বাণিজ্যের ছাড়পত্র প্রাপ্ত হইলেন। এই অনুমতি পত্র গুড়গত করিতে ইট ইণ্ডিরা কোম্পানির সর্ববিদ্ধ ৩০,০০০ সহস্র মৃদ্রা বার্ম হইরাছিল।

আজিম ওশ্শান, বিজোহী রহিম শাহ্কে বশুতা স্বীকার করিবার জন্ম পত্র লিখিলেন। এবং এই বিষয় নীমাংসার জন্ম পরে মন্ত্রী থাজা আন্তরার অল্প সংখ্যক গোক সমভিব্যাহারে রহিম সাহের সহিত কথা নিটাইতে প্রেরিত হন। ক্রমে উভার পর্ফে থাক্-বিতণ্ডা হইরা, আন্তরার ফিরিয়া আসিবার কালে, রহিমের অধীনন্ত একদল পাঠান, মন্ত্রীকে আক্রমণ করিয়া, সদলবলে তাহাদিগকে নিহত করে।

দক্ষে সঙ্গে বিজ্ঞাহী রহিন, দয়া-দাক্ষিণ্য প্রাপ্তির আশা এককালে পরিভাগ করিয়া, ভৎক্ষণাৎ সমাট-দৈন্তপণের উপর নিপতিত হইলেন ! এই ভীষণ আক্রমণ পাঠান বীর এত অল্ল সময়ের মধ্যে কার্য্যে পরিণত করিলেন বে, কুমার আজিম ওশ্শান তাঁহার হন্তী আরোহণ করিবার প্রেই পাঠান সেনা বস্তৃক সম্পূর্ণরূপে পরিবেষ্টিত হইয়া পড়িলেন। সেই সময় তাঁহার মূল্যবান প্রাণ সন্ধটাপন্ন দেখিয়া, হামিদ খান নামক একজন বিশ্বন্ত সাহসী আরবীয় যোজা চীৎকার করিয়া বলিয়া উঠিল—

"আমি সোলতান জাজিম ওশ্শান—*তোমাদের মধ্যে কে সর্বাণেক।
বলশালী ও সাহসী আছ, আসিয়া আমার সহিত দক্ষ্দে প্রবৃত্ত
হও।"

এই কথা বলার সঙ্গে সঙ্গে আরব বীর, বিজ্ঞোহী রহিম শাহের প্রতি ছইটী শর নিক্ষেপ করিলেন। একটী শর তাঁহার পার্যদেশ ভেদ করিয়া বাহির হইয়া গেল। অপরটা পাঠান ক্লেনাণ্ডির অধ্যের মণ্ডকে বিদ্ধ হওয়ার, অংখ বস্ত্রণায় অভির হইরা আরোহী রহিম শাহ্কে ভূতলে নিক্ষেপ করিল। সঙ্গে সঙ্গে হামিদ খান অখাবতরণে ক্ষিপ্রহুত্তে রহিম শাহের শিরচ্ছেদ করিয়া, উচা খীর বর্শার অগ্রভাগে বিদ্ধ করিয়া উচু করিয়া ধরিলেন।

পাঠান দেনাগণ সৈত্বাধকের এই ত্রবন্থা দর্শনে, বণকেত্র পরিত্যাগ পূর্বক পলায়ন করিতে লাগিল। পরে তাভাদের মধ্যে অনেকে বদেখরের বস্থাতা স্থীকার করার, তাহারাই আবার স্থবাদারের সেনাদলে প্রবেশাধিকার প্রাপ্ত হইয়াছিল।

কুমার আজিম ওশ্শান এই অপ্রত্যাশিত রণজ্ঞরের পর কিছুদিন বর্জমানে অবস্থান করিতে লাগিলেন। এই সমর তিনি মৃত বর্জমান রাজ্যের পুত্র জগৎরামকে তাঁগার পিতৃ জায়গীর প্রদান করিলেন। সোল্তান তাঁহার পিতামহের নিকট হইতে, বীর হাগিদ খানের জন্ম, শম্শের খান-বাহাত্র উপাধি ও তৎসহ বন্দোশিল এবং গ্রীহট্ট জেলাঘরের ফৌজনারের পদপ্রাধ্যির সনন্দ আনাইয়া, তাঁহাকে এ পদে নিযুক্ত করিলেন।

কুমারের বর্জমানে থাকাবছার তিনি তথার একটা বৃহৎ মস্কিদ নির্মাণ করাইরাছিলেন। সেই সমর তিনি ছগলা নদীতীরে শাহগঞ্জ নামে একটা বাজার প্রতিষ্ঠিত করিয়াছিলেন; কিন্তু প্রজাগণ কুমারের নামানুষারী ঐ বাজারের নাম আজিমৃগঞ্জ রাখিলেন।

১৬৯৯-১৭০০ খৃষ্টাব্দে ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি স্থতাস্টা, গোবিন্দপুর ও কালকাতা এই তিনটি গ্রাম একত্রিত করিয়া উহার নাম কৈলিকাতা রাখিলেন; এবং এই ভূবণ্ডের তিন দিকে পরিখা খনন করিয়া ইহাকে দাধ্যমত সদৃঢ় করিতে লাগিলেন। এই সময় অনেক বাঙ্গালী হিন্দু এই পরিখাবেষ্টিত স্থান নিরাপদ বিবেচনা করিয়া, তন্মধ্যে আসিয়া আবাস গৃহ প্রস্তুত করিতে লাগিল। কলিকাতার ভাগীরথী তীরে এই সময় ইংরাজেরা যে একটা ক্ষুদ্র চর্গ নির্মাণ করিয়াছিলেন, তাহার নাম তৎকালীন ইংলণ্ডের রাজা তৃতীয় উইলিয়মের নামান্ত্রগারে "ফোর্ট উইলিয়ম" রাথিয়াছিলেন।

সোলতান আজিম ওশ্শান প্রায় তিন বংসর বর্জমানে অবস্থান করিয়া এবং তথা হইতে পশ্চিম বাঙ্গলার সমস্ত বন্দোবস্ত সস্তোষজনকরপে সমাধা করিয়া, পরে সোলতান স্কাআর সময়ের রাজকীয় নৌকাগুলি যথাসম্ভব হুগলীর নিকটস্থানে ভাগীর্থীর বক্ষে সংগ্রহ করাইয়া, তংসং মহা আভ্যুৱে জলপথে ঢাকার যাত্রা করিলেন।

এই বৎসর ১৬৯৯ খুটানে ইংলত্তের রাজা তৃতীয় উইলিয়ম্, সমাটের সহিত সথ্যতা স্থাপন দারা ইংরাজ কোম্পানীর ব্যবসায়ের উন্ধতি সাধনকলে, স্থার উইলিয়ম্ নরিস্কে ভারতে দৃত স্বরূপ প্রেরণ করিয়াছিলেন।
১০ই ডিসেম্বর দৃত নরিস প্ররাট বন্দরে অবতরণ করিলেন; এবং ১৭০০
খুটান্দের ২৮শে এপ্রিল তারিথে স্থার নরিস্প্রথমে রাজ দর্শনের অম্মতি পাইলেন। হিছু ঠিক এই সময় তিনথানি মন্তাবাত্রী জাহাজ ইংরাজ জলদন্ত্য কর্তৃক লুঠিত হওয়য়, স্থার উইলিয়মের সমস্ত আশা-ভরসা নই হইল।

ইংলণ্ডীয় দৃত ১৭০২ খুষ্টাব্দের ২৯শে এপ্রিল ভারিখে "সিপিও" নামক জাহাজে সুরাট বন্দর পরিভাগে করিলেন। কিন্তু ইংলণ্ডে পৌছিবার প্রেই সেল্ট হেলেনা খীপের নিকট জাহাজে তাঁহার মৃত্যু হুইল।

সমাট, হায়দ্রাবাদের দেওয়ান মোহামদ হাদি কারেতলব্ থানকে,
ম্রশিদকুলি থান উপাধি দিয়া, ১৭০১ খৃষ্টাব্দে ১১১০ হিজরীতে বাঙ্গলার
দেওয়ান নিযুক্ত করিয়া পাঠাইলেন। ম্রশিদকুলি থান ঢাকায় পৌছিয়া
অল্ল দিনের মধ্যে রাজস্বা সম্ভ্রমীয় সম্ভ্রম পুরতিন বিন্দোবন্ত পরিবর্তন

করিয়া কেলিলেন। এবং জন্লদিনের মধ্যে বাঙ্গালার রাজস্ব বৃদ্ধি করিয়া এক ক্রোর টাকায় পরিণত করিলেন।

পূর্ববর্ত্তী দেওয়ানগণের ধারণা ছিল বে, বাদালার সর্বত্রেই জলবারু সাধারণতঃ অস্বাহ্যকর। তাঁহারা এই ভ্রমাত্মক ধারণার বশবন্তী হইয়া প্রায় অধিকাংশ ভ্রতে সামরিক জায়গীরদারের পদ্ধতি প্রচলন করিয়া রাথিয়াছিলেন। মুরশিদকুলি সেই সমস্ত উঠাইয়া দিয়া, তাঁহাদের স্থলে ন্তন বেতনভোগী দেওয়ান নিযুক্ত করিলেন ও পুরাতন জায়গীরদারগণকে তৎপরিবর্ত্তে উড়িয়া বিভাগে জায়গীর প্রদান করিজেন।

ইতিপূর্বে এই জারগীরদার দার। রাজস্ব আদায়-পদ্ধতি প্রচলিত থাকার, বাঙ্গালার রাজস্ব হইতে রাজকীর ৎরচান্তে উদৃত্ত অর্থ সমাটের রাজকোবে গচ্ছিত হইবার পরিবর্তে, বাদশাহ্কে প্রারই বাঞ্গার থরচের সঞ্জানের জল্প অপর প্রদেশের রাজস্ব হইতে সাহায্য করিতে হইত।

মুরশিদ কুলি থান তাঁহার কার্য্যকুশলতার জল একদিকে বেমন বাদশাহের প্রিরপাত্র হইরা উঠিলেন, অপরদিকে তেমনই বাদশাহ-পৌল্ল আজিম ওশ্শানের চকুশূল হইরা গড়িলেন। সোলতানের এই শক্রতা সাধনকার্য্যে আবতল ওরাহেদ নামক জনৈক ব্যক্তি তাঁহার প্রধান সহকারী হইল।

দেওয়ান ম্রশিদ কুলির প্রতি বঙ্গেখরের ব্যবহার, দিন দিন তাঁহার অসহ হইয়া পড়ায়, একদিন তিনি প্রকাশ রাজ্যভা মধ্যে সোলতান্কে স্পষ্টতঃ বলিয়া কেলিলেন—

"আপনি যদি আমার জীবন লইবার বাসনা করেন, আফুন, আমরা উভরে দৈরণ যুদ্ধে প্রবৃত্ত হই।"

এই বলিয়া তেজন্বী দেওরান ম্রশিন ক্রলি থান, আপন কটিবদ ভরবারিতে হন্তার্পন পর্যন্ত করিয়াছিলেন । পরে বাড়ী ফিরিয়া আসিয়া বঙ্গেশ্বরের বিনাক্মভিতে বা তাহার আজাতে সমস্ত বিবরণ সমাটের নিকট লিপিবদ্ধ করিয়া তিনি স্থীয় বাসস্থান ও দফ্তরথানা মুরশিদাবাদে উঠাইয়া আনিলেন ও নিজের নামাজ্সারে ঐ স্থানের নাম মুরশিদাবাদ রাথিলেন। ১৭০৩ খুঃ।

এদিকে দেওয়ানের পত্র প্রাপ্তে বাদশাহ আওরাক্তেজব, পৌত্রকে বাকলাদেশ পরিত্যাগ করিয়া বেহারে আসিয়া বাস করিতে আজ্ঞা প্রদান করিলেন।

আজিম ওশ্শান থার পুত্র ফর্রোথ্সিরাবকে ঢাকার প্রতিনিধি রাথিরা, সপরিবারে রাজমহলে আগমন করিরা সোস্তান স্কুজান্দার প্রাসাদে বাদ করিতে লাগিলেন। কিছুদিন পরে তথা হইতে পাটনার গিয়া, পিতামহের অন্তম্ভি লইরা ঐ স্থানের নাম আজিমাবাদ রাথিলেন।

১১১৮ হিজরীর ২৮শে জিল্কর ১৭০৭ খৃষ্টাব্দের ২১শে ফেব্রুলারী শুক্রবার ৫১ বংদর স্থাজত করিবার পর ১১ বংদর ১০ দিন বর্দে পরম ধর্মপ্রাণ রাজিম শাহান্ শাহ্ আলম্গীর, প্রাতঃকালীন ঈশ্বরোপাসনা (ফজরের নামাজ) শেষ করিয়া, কুর্যোদ্দের এক ঘন্টা পরে আহমদ নগরে দেহত্যাগ করিলেন। সেকেন্দার লোদীর পর সমটি আওরাঙ্গজেবের তুলা ঈশ্বর আরাধনা ও কঠিন তপস্থার নিহুক্ত স্থায় বিচারক বাদশাহ্, দিলীর সিংহাসন আলোকিত করেন নাই। সাহদ প্রদর্শনে ও বিচারবৃদ্ধিতে তিনি অমুপ্র ছিলেন—(মোক্তেথাবল্ লোবাব)।

সম্রাট মৃত্যুকালে তাঁহার তিন পুত্রের মধ্যে তাঁহার বিশাল সাম্রাজ্য এইরূপে মৌথিক বিভাগ করিয়া গিয়াছিলেন—

জ্যেষ্ঠ মোহাত্মদ মোয়াজ্জন-কাব্ল, লাহোর ও মূলতান প্রদেশ পাইবেন।

ছিতীর মোহাম্মদ আজন্ — ভারতবর্ধের মধ্যম্ব ।

কনিষ্ঠ কামবক্স—দাক্ষিণাত্য ও দক্ষিণের সমস্ত ভূভাগ প্রাথ ভটবেন।

সম্ভাট আওরাজজেবের মৃত্যুর পর দিবনেই ভাঁচার বিভীয় পুত্র মোচাঝদ আজম্, পিতার রাজকীয় শিবির অধিকার করিলেন ও সমস্ত রাজকোষ স্বীয় আরত্তে আনিলেন, পরে শিতৃদেচ দৌলভাবাদের নিকট, সেথ বোরহান উদ্দীন ও শাচ্ ভারিজার্বখ্শ প্রভৃতি সিজপুরুষ-গণের সমাধি পার্মে সমাধিত করিয়া সিংহাসনে আরোচণ করিলেন। তংপরে সমস্ত আমীর ও সেনাবিভাগের কর্মচারিগণকে রাজসভায় আহ্লান করিয়া, তাঁচাদিগকে ভাঁচাদের পুরাতন পদে নিযুক্ত রাখিলেন। মোহাঝদ আজম্ অতঃপর দিল্লী অধিকার করণকল্পে সভ্র চলৈতে উত্তর দিকে অগ্রস্ব হুইতে লাগিলেন।

এদিকে জ্যেষ্ঠ মোহাম্মদ মোয়াজ্ঞম্-কুমার আজিম ওণ্শান, সমাটের আদেশক্রমে বাললা পরিভাগে করিবার সময়, তাঁহার প্রিড যথেষ্ট উৎকৃষ্ট অস্বারোহা সৈক্ত লইয়াছিলেন। তিনি আগ্রায় পৌছিয়ার প্রেট পথে পিতামকের মৃত্যু সংবাদ শুনিতে পাইলেন ও অরিত গতিতে আগ্রায় পৌছিয়া, পিতা মোহাম্মদ মোয়াজ্ঞম শাহ্ আলমের পঞ্চে, উক্ত রাজধানী অধিকার করিয়া রাথিবার চেষ্টা করিলেন। আগ্রা বিভাগের শাসনকভা, তাঁহার কক্রার সহিত মৃত স্থাটের ঘিতীর পুত্র মোহাম্মদ আজ্মের প্রের বিবাহ দেওয়ায়, তিনি আজিম ওশ্শানের গতির ভীষণভাবে প্রতিবন্ধকতা করিলেন; এবং তাঁহার সমুদ্য নোকাগুণি যমুনায় জলময় করিয়া দিলেন।

আজিম ওশ্শান পরে সদৈক্তে যম্না পার হইরা, শাসনকর্তাকে আক্রমণ করিলেন ও যুদ্ধে তাঁহাকে পরাজিত ও বন্দি করিলেন। তৎপরে শীর সেনা মধ্য হইতে একদলকে প্রেরণ করিয়া, রাজধানীতে আসিবার

পথে, বাদলা দেশের প্রেরিত রাজন্ব প্রায় এক জোর টাকা কাড়িয়া লইলেন। অতঃপর আজিম ওশ্সান তাঁহার লুন্তিত এক জোর টাকা ও পূর্বের আনীত প্রায় আট জোর টাকার সাহায্যে, অন্তির সংগ্রহ সেনা সংগ্রহ করিয়া, তাঁহার পিতা আগ্রায় পৌছিবার পুর্তেই, তিংশ সংপ্র উৎক্রই অশারোহী সৈত্য প্রস্তুত করিয়া ফেলিলেন।

ত্যাধ্যক্ষ বাকের থান, সমাট আওরাঙ্গজেবের জ্যেষ্ঠ পুত্র শাহ-আলমের আগ্রায় পদার্পণের সঙ্গে সঙ্গে, তাঁহাকে মৃত সমাটের আইন সঙ্গত উত্তরাধিকারী বিবেচনা করিয়া তুর্গহার উন্মুক্ত করিয়া দিলেন।

আগ্রার প্রকাও ও প্রদিদ্ধ তুর্গ অধিকার করিয়া, শাক্ আলম্ অগাধ ধন-সম্পত্তি ও যুদ্ধ-সম্ভারের অধিকারী হইলেন। এবং অচিরে আর ও অনেক সেনা সংগ্রহ করিয়া, ভ্রাতা আজম্শাহের দমনার্থে প্রস্তুত কইয়া রহিলেন!

১৯১৯ কিজরী ১১ই রবিওল্ আউরল্ (১৭০৭ খৃ: জুন) তারিখে উভয়, সৈতে আগ্রার নিকটবর্ত্তী জাজুর ময়দানে সংঘর্ষ হইল। এই বৃদ্ধে বলের ভূতপূর্বে স্থবাদার সোল্তান আজিম ওশ্শান অভ্ত বীর্ষ্থ প্রদর্শন করিয়াছিলেন। যুকে নোহাম্মদ আজম্ শাহের জ্যেষ্ঠ পুত্র ক্ষার বেদার বথ্ত অতীব সাহদ প্রদর্শনে যুক্ক করিজে করিছে, একটী কামানের গোলার আহত হইয়া তৎক্ষাং মৃত্যুমুথে পতি তলীলে নিহত স্বাহার কনিষ্ঠ লাতা ওয়ালাজাহ বন্দুকের ওলিতে নিহত হইয়াছিলেন।

সমাট আওরালজেবের দিতীর পুত্র মোহাম্মন আজম্ শাহ্ হন্তী আরোহনে বরাবর এই যুদ্ধ পরিচালনা করিভেছিলেন। সেই হাওদার মধ্যে তাঁহার একটী বালক সন্থান ছিল। আজম্ শাহ্ এই বালককে ঢাল সাহায্যে করেকবার বিপুক্ষের গুলি হইতে রক্ষা করিলেন দেখিয়া, এই তরুণবয়য় সাহসী বীর বালক, তাহার জাতীয় বীরত্ব প্রদর্শনেচ্ছায় একবার উত্তেজিত হইরা হাওদার বাতিয় হইয়া পড়িয়াছিল। এই সময় পিতা ক্ষিপ্রহত্তে বালককে টানিয়া না লইলে, তৎক্ষণাৎ হন্টী-পৃষ্ঠেই বালকের মৃত্যু হইত।

ক্রমে তিন জন হতীচালক নিহত হওয়ায় ও হতী সর্বাচ্চে ক্রত-বিক্ষত হইয়া অথৈগা হইয়া পড়ায়, কুমার মোহাম্মদ আজম্ শাহ্ হাওদা ছটতে বাহির হইয়া, মাততের স্থান অধিকার করিয়া ঐ বৃহদায়তন জল্পকে শাসনাধীন করিবার ছেটা করিতেছিলেন; এমন সময় একটী গুলি তাঁহার কপালে লাগিয়া, তাঁহার ভবলীলা সাক্ষ করিয়া দিল। শক্রপক্ষীয় রোভন আলি নামক জনৈক নরপিশাচ, এই ব্যাপার দর্শনে হতীপৃষ্ঠে আরোহণ করিয়া, ক্রিপ্রহত্তে কুমারের দেহ হইতে মন্তক বিচ্ছিয় করিল এবং ঐ মন্তক লইয়া সোলভান শাহ আলমের নিকট উপস্থিত হইল।

কুমার মোহাত্মদ মোরাজ্জন শাহ-আলম্, সংকাদরের রক্তাক ছিল্ল মন্তক দর্শনে, প্রথমতঃ কুরুর রোন্তম আলির দিকে উগ্রদৃষ্টি নিক্ষেপ ক্রিয়া, শেষে বালকের ভার কাঁদিরা ফেলিলেন।

যুদ্ধান্তে শাহ্ আলম, তাঁহার ভাতা আজম্ শাহের পুত্র কলাগণকে
নিকটে আনাইয়া লইয়া, তাহাদিগের প্রতি যথাস্ভব আদর ও সেহ
প্রদর্শন করিতে লাগিলেন। ভাতা ও ভাতৃশ্রেষরে মৃতদেহ যুদ্ধান্ত হটতে খুলিয়া বাহির করিয়া, বাদশাহ াাযুনের সমাধি পাখে তিনি
ঐ মৃতদেহগুলি স্বত্বে স্মাধিস্থ করাইয়াছিলেন।

রণবিজয়ী দেনা লইয়া শাহ্ আলম্ আগায় প্রত্যাবর্তনপূর্বক, বাহাতর শাহ্ নাম গ্রহণে সিংহাসনারোহণ করিলেন। তৎসক্ষে পুত্র আজিম ওশ্শানের সাহায্যজনিত রুভজ্ঞতায় তাঁহাকে, পুনরায় বাজলা-বেহার ও উজিয়ার শাসনক্রী নিযুক্ত করিয়া, তৎসহ এলাহাবাদ প্রদেশের শাসন কর্ত্বও পুত্রের হতে অর্পণ করিলেন। কিছু কনিষ্ঠ লাতা কামবক্সের সহিত সংবর্ধের আশস্ক। থাকার সম্রাট, তাঁহার এই বীরণাহু পূত্রকে আরও কিছুদিন তাঁহার নিকট থাকিতে বলিলেন; এবং তাঁহার অস্পস্থিতি কাল পর্যান্ত বাঙ্গালা ও উড়িয়ার জন্ম মুরশিদ কুলি জাফর থানকে প্রতিনিধি নিয়োগ করিতে ও বেহার-এলাহাবাদ প্রদেশহয়ের জন্ম, তাঁহার ইচ্ছামত কোন লোককে প্রতিনিধি রাথিতে অনুমতি দিশেন।

আজিম ওশ্শান এই সময় আরব দেশবাসী হজরত রম্বে-থোদার বংশজ তুইজন অতি সম্ভ্রান্ত বিষদ আবত্লাহ্ থান ও সৈয়দ হোসেন আলি থানকে, যথাক্রমে এলাহাবাদ ও বেহারে তাঁহার প্রতিনিধি নিযুক্ত করিলেন। অতংপর কুমার সক্ষেণ পিতৃ-সাল্লিধ্যে থাকিয়া, পিতার অন্তাহ-স্লেহের অধিকাংশের দাবিদার হইয়া পড়িলেন।

১৭১২ এটাক ১১২৪ হিজরীর সফর্ মাসে, সম্রাট বাহাত্র শাহ লাহারে কঠিন পীড়ার আক্রান্ত হইরা পড়িলেন। কনিচের প্রতি কর্যাবশতঃ ঐ সময়ও সমাটের জ্যেষ্ঠ পুত্র মুক্তরজ্ঞীন পিতার নিকট না আসার, সমন্ত রাজকীয় কার্য্য কুমার আজিম ওশ্শানই করিতে লাগিলেন। কিন্তু ক্রমের কুমারের অত্যধিক অহমার ও কড়া মেজাজে প্রধান সৈত্যধ্যক আমীরল্ ওমারা জুল্ফেক্কার থান বিরক্ত হইয়া, অত্যক্ত কশ্মচারি সহ, সমাটের অপর তিন প্র মৃক্তউদ্ধীন, ভাহান শাহ ও রফিওশ্শানের পক্ষাব্লম্বন করিলেন।

রাভী নদীর এক পার্যে সমাটের রাজকীর শিবির ও অপর তীরে আজিম ওশ শানের শিবির স্মিবেশিত ছিল। মধ্যে নদীবকে নৌসেতৃ-ধারা স্কাক্ষণ যাতায়াত ও সংবাদ আদানপ্রচ্গান চলিতেছিল। সমাটের মৃত্যুর সঙ্গে সঙ্গে কুমার আজিম ওশুশান আসিয়া সমাট শিবির অধিকার করিলেন, এবং তৎসহ সমস্ত রাজকীয় সম্পত্তি ও তোপখানা করায়ন্ত করিয়া লইলেন।

এই সমর আমীকল ওমারার পরামর্শে স্মাটের অপর তিন পুত্র, কুমার আজিম ওশ্লানের বিক্তরে যুদ্ধ ঘোষণা করিলেন। চারি দিন ধরিয়া সর্বক্ষণ ঘোরতর কামানের যুদ্ধ চলিল। কুমারের সেনাগণ উপযুক্ত সেনানারক অভাবে, ক্রমে আজিম ওশ্লানের পক্ষ পরিত্যাগ করিয়া রণে ভক্ত দিতে লাগিল। এই অবস্থা দর্শনে আজিম ওশ্লানের ভনেক বন্ধু আমিনউদ্দোলা, তাঁহাকে হত্তী আরোহণে রণস্থল পরিত্যাগ করিবার পরামর্শ দিলেন; কিন্তু তৈমূর বংশীর নর-শাদ্দ্ ল তাঁহার সকল সহচর ও ক্রমে প্রায় সমন্ত সেনা কর্তৃক পরিত্যক্ত হইলেও শক্রকে পৃষ্ঠ প্রদর্শন করিলেন না। তাঁহার হত্তীর মাহত বিপক্ষের বন্দুকের ওলিতে হত হটল। অলক্ষণ মধ্যে হত্তী একটা কামানের গোলায় দাত্যাতিকরূপে আহত হওয়ায়, উন্মন্তপ্রার অবস্থায় রাভীনদীর থাড়া তীর হইতে লক্ষ্য প্রদানে স্থোতে পতিত হইল ও কুমার আজিম ওশ্লান সহ ফলময় হইল। হত্তীর মৃত দেহ কিছুক্ষণ পরে দেখা গেল, কিন্ধু স্মাট কুমার আজিম ওশ্লানের আর কোন সন্ধান পাভয়া গেল না।

(সিয়ারল মোতাথ কারীণ):

বিংশ সূর্গ

-

নওয়াব মুশিদ কুলি মতিয়ল্ মূল্ক আলাআদেশীলা জাফর্ থান নেদিরী, নাদের জঙ্গ।

বঙ্গের সিংহাসনে আরোহণ করিয়া তিনি, মৃক্শিদাবাদ জেলার নাম পরিবর্ত্তনে, ত্বীয় নামামুসারে ঐ জেলার নাম ম্রশিদাবাদ রাখিলেন ও তথার রাজপ্রাসাদাবলী নির্মাণ করাইয়া, নগরটীকে বজের রাজধানীতে পরিণত করিলেন।

১২০৬ খুটান্বে ইট-ইণ্ডিয়া-কোম্পানী ২৫,০০০ সহস্র মৃত্রা প্রদানে,
নগুরাবের নিকট হইতে কাসিম বাজারে কুটি নির্দাণ করিবার
অক্সমতি প্রাপ্ত হ'ন। এই বৎসর কুমার আজিম ওশ্শান বেহার
পরিত্যাগ করিয়া সমাটের নিকট চলিয়া যাওয়ার, নগুরাব মৃশিদ কুলি
বল্প-বেহার ও উড়িয়ার উপর সম্পূর্ণ শাসনভার প্রাপ্ত হইরাছিলেন; এবং
এই সমর তিনি মেদিনীপুর জেলা, উড়িয়া বিভাগ হইতে সরাইয়া আনিয়া
উহা বালালার সহিত সমন্বিত করিয়াছিলেন।

নওরাবের অপরাপর শত শত সদ্গুণ থাকিলেও, তিনি রাজস্থ আদারের কার্য্যে অতিরিক্ত তৎপরতা প্রদর্শন করিতে গিরা, অমিদারগণের বিরাগ-জাজন হইরা দাঁড়াইলেন। এই সময় নওয়াবের নামে প্রাদেশের সমস্ত কমিদারগণ আতক্ষে কম্পিত হইত। ১৭০৭ থুষ্টাব্দে নওয়াব মুর্শিদ কৃশি খান বাগলা-বেহার-উড়িয়ার সমস্ত,জমি পুনঃ জরিপ করিয়া, রাজ্ত্ব বৃদ্ধি ও তৎসক্ষে ঐ বৃদ্ধি করের উপর আধার নানকর, বনকর ও জলকর প্রবর্ত্তিত করেন।

মুরশিদ কুলি থান সপ্তাহে ছইদিন বিচারাসনে বসিয়া স্বয়ং বিচার কার্য্য নিপায় করিতেন। তিনি এতদ্র স্থায় বিচারক ও ধার্ম্মিক নরপতি ছিলেন বে—কোন গুরুতর বে-আইনী গহিত কার্য্যের জন্ত নিজ পুত্রের প্রতিও মৃত্যু-দণ্ডাজ্ঞা প্রদান করিয়া, জগতে অক্ষর কীর্ত্তি রাথিয়া গিরাছেন।

নওয়াব ম্রশিদ কুলির রাজ্ত কালে বঙ্গের রাজ্ত সেই সমরের এক ক্রোর পঞ্চাশ, লক্ষ টাকায় দাঁড়াইরাছিল।

নওয়াব, সমাটের আদেশক্রমে হুগলীর অত্যাচারী ফৌজদার জয়েনল্ আবদীনকে পদ্যুত করিয়া, তাঁহার হুলে জনৈক মোগল, আলী বেগুকে ফৌজদার নিযুক্ত করিলেন।

এই স্থবাদারের, রাজসভার উপস্থিত থাকা কালে, তাঁহার কোন কর্মচারী বা সভাসদ রাজাগণের, তাঁহার সমক্ষে উপবেশন করিবার, বা পরস্পর কথাবার্তা বলিবার অহমতি ছিল না। কোন হিন্দু জমিদার বা ধনশালী লোকের, নওয়াব দরবারে পাল্কী আরোহণে আসিবার ছকুম ছিল না।

জমিদারগণের নিকট হইতে বাকী-পড়া রাজহ আদায় কার্য্যে নওয়াবের অভ্যাচাবের সীমা'ছিল না। ভোশ নার ফৌজদার সৈরদ আবু ভোরাব এই কার্য্যে তাহার একজন প্রধান সহার ছিলেন। এই ভোশ না নগরের নিকটবর্ত্তী স্থানে সীতারাম নামক একজন অবাধ্য জমিদার, ভাহার অধীনে একদল দশ্য প্রতিপালন করিতেছিল।

ফৌজদারের ক্ষমতা অগ্রাহ্য করিয়া এই দক্ষ্য সন্দার সীতারাম, ক্রমে চতুন্দিকে লুঠ ওরাজ আরম্ভ করিয়া দিল। আবু তোরাব তাহার দমনার্থে নগুরাবের নিকট সেনা সাহায্য চাহিলেন; কিন্তু নগুরাব মূর্শিদ কুলি

খান, এই সামান্ত তত্ত্বর দমনের জন্ত, ফৌরুলারীকে কোন সৈক্ত দিরা সাহায্য করা,—মশক নিধনার্থে কামান দাগার ন্তার বিবেচনা করিরা, তাঁছার প্রার্থনার কর্ণণাত করিলেন না। লেষে আবু তোরাব বাধ্য হইরা নিজ্
ব্যরে, পীর খান নামক একজন ছন্দান্ত পাঠান যোদ্ধাকে তুই শত শ্বারোহী সহ তাঁছার চাকুরীতে নিযুক্ত করিলেন। ধৃত্ত সীতারান এই সংবাদ পাইয়া দেশ ছাড়িয়া অরণ্য মধ্যে পলাইয়া গেল।

একদিন অল্প সংখ্যক সঙ্গী লইরা ফৌছদার আবু তোরাব শিকার উদ্দেশ্যে জন্মলে অবস্থানকালে সীতারামের সেনাগণ আচন্ধিতে ফৌজদারের শিবির আক্রমণ করিয়া তাঁহাকে হত্যা করিল। পরে ফৌজদারের মৃতদেহ চিনিতে পারিয়া সীতারাম, ভরে অধীর হইয়া পড়িল ও ভৌশনার; ফৌজদারের আত্মীরগণের নিকট তাঁহার শব সংকারার্থ সমত্রে পাঠাইয়া দিল।

অত্যন্ত্রকাল মধ্যে নওরাব, আবু তোরাবের হত্যার সংবাদ পাইরা, সীতারামকে,তাহার লোক লশকরসহ গ্রেফতার করিবার জক্ত বর্থশ-আলি থানক্তে প্রেরণ করিলেন; এই সঙ্গে সমস্ত স্থানীয় জমিদারের প্রতি বর্থশ আলিকে সাধ্যমত সাহায্য করিবার জক্ত স্থবাদার আদেশপত্র পাঠাইরা দিরাছিলেন।

বথশ আলি, অচিরে সীতারামকে বৃত করিয়া সপরিবারে তাহাকে শৃত্যলোবদ্ধাবন্ধার মূরশিদাবাদে পাঠাইরা দিলেন। তথার নওরাব, সীতারামের প্রতি জীবিভাবস্থার তাহার গাত্র চর্ম মোক্ষণ করিয়া লইবার আদেশ দিয়াছিলেন। অভাগা সীতারামের স্ত্রী-পুত্র-কভাগণ, দাস-দাসী-রূপে বাজারে বিক্রিত হইল।

হি: ১১১৮ সালে শাহ্ জাদা স্বাদার আজিম ওশ্ শান, পিতামহ সম্রাট আ ওরালজেব কর্ড়ক আহুত হইলে, তিনি তীয় মধ্যম পুত্র কুমার কোররোথ্ সিরারকে বন্ধদেশ ও উড়িয়া বিভাগে তাঁহার প্রতিনিধি রাথিয়া গিয়াছিলেন। কুমার কোর্রোথ্ সিয়ার সম্রাট আওরালজেবের জীবদ্দশা পর্যান্ত ঢাকার অবস্থান করিয়াছিলেন। পরে পিতামহ বাহাত্র শাহের সিংহাসনাক্ষ্ট হইবার সংবাদ পাইয়া, ১১১৯ হিজরীতে মুরশিদাবাদে গিয়া লাল্বাগ প্রাসাদে অবস্থান করিতে লাগিলেন ও দেওয়ান মুরশিদ কুলি থানের সহিত এই স্থানে অবস্থান কালে, কুমার কোর্রোথ্ সিয়ারের সথ্য স্থাপন হইল।

প্রকৃত প্রভাবে এই সময় হইতেই, সম্রাটের আদেশক্রমে মুরশিদকুলি থানের হত্তে রাজ্যের সমস্ত তত্ত্বাবধানের ভার অর্পিত হইরাছিল।

় ১৭১২ খৃষ্টাব্দে সোলভান আজিম ওশ্শানকে যুদ্ধে নিহত করিয়া আঁহাদার লাহ্ ভারতের রত্ব-সিংহাসনারত হওয়ার, ফর্রোথ্ সিয়ার স্বীয় পিতৃহত্যার প্রতিশোধ কইবার জন্তু, ম্বশিদকুলি থান্কে তাঁহাকে সাহায্য করিতে বলিলেন। কিন্তু নওয়াব মুর্শিদ, এই নব-সম্রাটের বিরুদ্ধাচরণ করিতে অস্থীকৃত হইয়া, ঽয়ুত্ত্বর থাতিরে কুমারকে তৎক্ষণাৎ মুর্শিদাবাদ পরিত্যাগ করিতে সত্বপদেশ দিলেন।

কুমার ফোর্রোপ্ সিরার অগত্যা তাঁহার পিতা আজিম ওশ্শানের নিযুক্ত বেহারের শাসনকর্তা সৈরদ হোসেন আলির নিকট হইতে সাহায্য পাইবার প্রত্যাশার, সপরিবারে পাটনার গমন করিলেন ও তথার জাকর্ থানের প্রসিদ্ধ উত্থান মধ্যে অবস্থান করিতে লাগিলেন। এই স্থান হইতে কুমার অতীব নমতা অহকারে সৈরদের নিকট সাহায্য চাহিরা পাঠাইলেন।

হোসেন আলি প্রথমতঃ সম্রাট জাঁহাদারের বিরুদ্ধাচরণ করিতে অখী-কৃত হুইলেন; বরং বাদশাহের আদেশমতে তিনি কুমারকে ধৃত ও বন্দি করিয়া পাঠাইতে বাধ্য অবগত করিয়া, তাঁহাকে সম্বর বেহার পরিত্যাগ করিতে উপদেশ দিলেন। তৎপরে কুমারের অন্তরোধ বাধ্য হইরা, সৈরদ হোসেন আলি নিশাযোগে কুমারের শিবিরে আগমন করিলেন। তথার কুমার কোর্রোথ সিরারের, বিশেষতঃ তাঁচার একটা অল্ল বর্দ্ধা কন্তা মালেকার আমানের অন্তরোধ ও আব্দার কোনমতে এড়াইতে না পারিয়া, শেষে হোসেন আলি, কুমারের সাহায্যার্গ হীর জীবন দান পর্যান্ত করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইরাছিলেন।

তৎপরে গৃহে ফিরিয়া আসিয়া পাটনার স্থবাদার হোসেন আলি, এলাহবাদে তাঁহার ভ্রাতা স্থবাদার সৈমদ আবচ্লাহকে এই সমস্ত বিবরণ অবগত করিয়া পত্র লিখিলেন।

পর দিবস হোদেন আলি, কুমার কোর্রোথ্ সিয়ারকে পাটনায় নিজ সিংহাসনে বসাইয়া, সর্কাসাধারণের সমক্ষে তাঁছার প্রতি ভারত সত্রাটের উপযুক্ত সন্মান প্রদর্শন করিয়াছিলেন।

নৈয়দ আব্দুলাহ্ অনেক বিবেচনার পর, তাঁহাদের এই উপ্পতির মূলীভূত আজিম ওশুশানের পূত্র কোররোধ্ দিরারকে সর্প্রতাভাবে সাহায্য করাই ধর্ম ও লায়সঙ্গত কার্য বিবেচনা করিয়া, ত্রাতার প্রতাবে স্বীকৃত হইলেন। এই সময় নওয়াব মূরশিদ কুলি খানের জামাতা স্মজাআ উদ্দীন খান, এলাহবাদের নিকট দিয়া বাঙ্গলার রাজ-কর লইয়া স্মাটের দর্বারে যাইতেছিলেন। আব্দুলাহ্ কুমারের সাহায্যার্থ উহা কাড়িয়া লইলেন। এই অপহত অর্থে সেই সময় কুমারের ব্যেষ্ট সাহায্য হইয়াছিল।

উভয় প্রাতার এইরূপ শক্তা ও সেনাংসংগ্রহ করিতে থাকার সংখাদ সমাটের কর্ণগোচর হইল। সমাট তথন এলাংবাদে আবহুলার দমনের জরু সৈয়দ আবহুল গফ্ফারকে তথাকার নৃত্ন স্থবাদার নিযুক্ত করিয়া, উট্টার অধীনে থাদশ সহস্র উৎকৃষ্ট অধারোহী সেনা প্রেরণ করিলেন।

আবহুলাহ্ থান সমাট দেনাগণকে বাধা দিবার জন্ম, তাঁহার তিন

লাতার অধীনে সাত সহস্র সেনা এলাহবাদ হইতে কিছু দূরে রক্ষা করিরা, স্থাং তুর্গ মধ্যে আশ্রার গ্রহণ করিলেন। সমাটের সেনা এলাহবাদে পৌছিবার সঙ্গে সঙ্গে, ভাতাত্রের ভীষণ বেগে তাহাদিগকে আক্রমণ করিল। এই মুদ্ধে স্থবাদারের কনিষ্ঠ ভ্রাতা সেনাপতি সৈরদ ন্রদ্ধীন ধান নিহত হইলেন; কিছু বিজয়লক্ষ্মী স্থবাদারের শরণাপন্ন হইল।

ইতিমধ্যে কুমার কোররেগ্র্ সিরার পঞ্চবিংশতি সহস্র স্থানিকিত অবারোহী সেনা, এবং বিশুর কামান সহ এলাহবাদের নিকট গলা পার হইরা, সৈরদ আবহুলার সহিত মিলিত হইলেন। অল্লকাল মধ্যে এই প্রবল বাহিনী, সৈরদ প্রাতাহর ও কুমার কর্তৃক চালিত হইরা, কাল্ওরায়ে (যে স্থানে বঙ্গেরর স্থলাকার সহিত আওরাক্সজেবের ঘোরতর যুদ্ধ হইরাছিল) গিয়া পৌছিল। এই স্থানে ১৭১২ খুটাকে ১১২৪ হিজরীর ২৯ সওরাল তারিখে সমাট জাহাদার সাহের প্রথম পুত্র কুমার আরেজ-উদ্দীনের সহিত যে ঘোরতর যুদ্ধ হইল, তাহাতে স্মাট সৈক্ষ সম্পূর্ণরূপে পরাস্ত হইরা গোল। পরে তাহাদের মধ্যে অনেকেই কুমার ফোর্রোধের দলে যোগ দিয়াছিল।

কুমার ফোর্রোথ সিরার এই প্রকাণ্ড বাহিনী লইরা তথন আগ্রার দিকে অগ্রসর হুইতে লাগিলেন। সমাট এবার স্বরং ১৪ই জিলহজ্জ ভারিথে তাহাদিগকে আগ্রার অনভিদ্বে আক্রমণ করিলেন। সমস্ত দিন ধরিয়া ধোরতর যুদ্ধের পর, সমাট দেনা সম্পূর্ণরূপে পরাজিত হুইরা গেল।

জাঁগালার শাহ্ যুদ্ধক্ষেত্র হইতে কোন মতে প্রাণ বাঁচাইরা, আগ্রার পলাইরা গেলেন। পরে তথার মন্তক ও শাশ্র মৃত্যন পূর্বক, হিন্দু সম্মানীর বেশ ধারণে, রাজি বিপ্রহরের সমর দিলীর অভিমূথে পলারন করিলেন। দিলী পৌছিরা সমাট, উক্লির আসাদ-দৌলার প্রাসাদে আশ্রম লইলেন; কিন্তু পরে কুমার ফোব্রোথ সিরারের আদেশক্রমে উজির আসাদ-উদ্দোলা, আঁহাদার শাহ কে তাঁহার প্রাসাদ মধ্যে অবক্ষ করিয়া রাথিতে বাধ্য হইরাছিলেন।

১৫ই জিল্হজ্জ তারিখে কুমার ফোর্রোথ সিয়ার ভারতের সিংহাসনে আর্চ হইলেন। অভিষেক ক্রিয়া জাঁকজমকের সহিত সমাপ্ত হইবার পর নব সম্রাট, তাঁহার প্রতিষ্ঠান্বিত অতি-বৃদ্ধ-প্রতিগামহ বাদশাহ, জালাল-উদ্দীন আক্বরের সমাধির প্রতি ভক্তি প্রদর্শনার্থ, আগ্রা হইতে পাঁচ মাইল দ্রে সেকেন্দারার গমন করিলেন; এবং বেলা তুই প্রহরের সমন্ত্রায় প্রত্যাবর্ত্তন করিয়া নগরবাসিগণকে দর্শন দিলেন।

পর দিবদ সমাট আগ্রা পরিত্যাগে দিল্লীর পথে বাত্রা করিলেন।
দিল্লীতে পৌছিরা তিনি নগর প্রাকারের বাহিরে শিবির সন্ধিবেশ করিলেন।
পরে তথা হুইতে উজির আসাদ-উদ্দোলা ও তৎপুত্র জোলফকার খানকে
তলব করিলেন। উজিরকে বিদার দিবার পর, সমাটের অন্তমতিক্রমে
জোলফকার খানকে, তাঁহার অক্সার বিজ্বাচরণের প্রারশ্চিত্ত শ্বরূপ,
শ্বাসবন্ধ করিরা হত্যা করা হুইল।

রুমাট ফোর্রোধ্ সিরার পাটনা পরিত্যাগের পূর্বে, তাঁহার বিশ্বন্ত ও অধীনস্থ রশিদ থানকে বাঙ্গলার নওয়াবী পদ প্রদান করিয়া, তাঁহাকে সসৈকে নওয়াব মুরশিদ কুলি থানের বিক্লে মুন্ধাভিযান করিতে অনুমতি দিয়া গিয়াছিলেন। এই কার্য্যে সমাটের তথন প্রধান উদ্দেশ্য এই ছিল যে—আগ্রার পরান্ত হইলে সুদ্র বাঙ্গাগার অন্ততঃ তাহার একটা নিদিষ্ট আশ্রয় স্থান থাকিবে।

১৭১২ খৃষ্টাব্দে নওরাব মুরশিদ কুলির সহিত যুদে, রশিদ থান পরাস্ত ও নিহত হটলেন।

এদিকে তীক্ষবুদ্ধি মুরশিদ কুলি থান, কুমার কোরবোথ সিয়ারের সিংহাসনারোহণের সংবাদ পাইয়া, পুরুষত দিল্লীর দরবারে বাঙ্গালার সমুদর রাজস্ব ও তৎসহ নানাপ্রকার উপঢ়ৌকনাদি সমাট সকাশে প্রেরণ করিতে লাগিলেন। নওরাবের এই গুণের বশবতী হইয়া সমাটও তাঁহাকে বাঙ্গালা ও উড়িয়ার নাজিম ও দেওরানের পদে প্রতিষ্ঠিত রাখিয়া, তাহার সনন্দ প্রেরণ করিলেন। তৎসহ নওয়াবের অম্পরোধে মাণিক তাঁদের লাতুপ্রতক জগংশেঠ উপাধি দানে, রাজকীর কোষাধ্যক নিষ্ক্ত করিলেন।

এই সমরে সম্রাটের অহমতি লইরা মুরশিদ কুলি থান স্বীয় দৌছিত্র মির্জা আসাদ-উদ্দৌলাকে, সার-আফ্রাজ থান উপাধিতে ভ্ষিত করিরা, নায়েব দেওয়ানের পদে নিযুক্ত করিলেন ও জাঁহার নামে কয়েকটি জ্মিলারি কিনিয়া দিলেন। জাঁহার অপর একজন দৌছিত্রী-জামাতা মির্জা লৃংফুলার জন্ত ঢাকার নায়েব-নাজিমী পদ প্রার্থী হইয়া, সমাটের নিকট হইতে তাঁহার জন্ত মুরশিদ কুলি থান উপাধি আনাইয়া, উক্ত মির্জা লৃংফুলাকে ঢাকার প্রতিষ্ঠিত করিলেন।

ন ওয়াব মুরশিদ কুলি, মোগল ও আরবদেশীয় বণিকগণকে, তাহাদের ব্যবসায়ে খুবই উৎসাহ প্রদান করিতেন।

এই সমরে ইট ইণ্ডিরা কোম্পানির দৃত যিং জোনস্ সার্মান এবং
মিং এডওয়ার্ড ষ্টিকেন্সন, জনৈক ডাক্তার মিং উইলিয়াম্ হামিল্টন্কে
সঙ্গেল লইয়া, দিল্লী যাতা করিয়াছিলেন। কোম্পানির সৌভাগ্যক্রমে সমাট
এই সমর তাঁহার একটা কঠিন পীড়ার জন্তু, যোধপুথেরর রাজা অজিত
সিংহের কক্তার সহিত স্থীর বিকাহ স্থগিত রাণিতে বাধ্য হইয়াছিলেন।
ইংরাজ ডাক্তার মিং হামিল্টন্ অল্ল দিনের মধ্যেই ঔষধ প্রয়োগে স্মাটের
ঐ রোগ আরোগ্য করিয়া দিলেন।

ফোর্রোথ্সিরারের রাজজের বিতীয় বর্ষে মহাসমারোছে রাজপ্ত-রাজকভার সভিত দিলীখরের বিবাহ হইরা গেল। এই রাজকীয় বিবাহ উপলক্ষে বহুদিনব্যাপী যে প্রকার উৎুসব ও আড়ম্বর হইরাছিল, ভারতের ইতিহাসে ইতিপূর্বে সেক্লপ মহোৎসবের বিবরণ কখনও শ্রুতি-গোচর হয় নাই।

ভাক্তার হামিল্টনের প্রার্থনা মতে সম্রাট ১৭১৬ প্র্টাব্দের জাতুয়ারি মাসে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির উপর এইরূপ ছাড়পত্র দিলেন—-

- >। কলিকাতান্থ কোম্পানির প্রেসিডেন্টের দন্তথংযুক্ত ছাড় দেখিলে, বক্ষেরের কোন কর্মচারী আর তাহাদের মালামাল পরীক্ষা করিবেন না।
- ২। স্থবাদার আজিম ওশ্শানের অনুমতিক্রমে ইট ইণ্ডিরা কোম্পানি বেমন ইতিপূর্বে স্থতাস্থাট, গোবিদ্পপুর ও কালিকতা গ্রাম ত্রের জনিদারি স্বত্ব থরিদ করিরাছিলেন, দেইরূপ তাঁহারা আরও ৩৮ থানি গ্রাম থরিদ করিতে পারিবেন।
- ১৭১৮ খুটাব্দে নওরাব ম্রশিদ কুলি থান বেহার প্রদেশের সম্পূর্ণ শাসন কভ্ত প্রাপ্ত হইলেন। সম্রাট আকবরের সময় হইতে এ পর্যান্ত কোন একজন স্থাদারের উপর একত্রে এই তিনটা প্রদেশের সম্পূর্ণরূপ ক্ষয়তা ইতিপূর্বে দেওরা হর নাই।
- ১৭১৯ খুটানে দৈরদ ভাতাদর বোধপুর-রাজা জজিৎ দিংহের (সমাটের শশুর) সহিত মিলিত হইরা, সমাট ফোররোখ্ সিয়ারের দোরতর শক্ত হইরা দাড়াইলেন। এই সমর দিলীখরের তুরুলতা-নিবন্ধন দৈরদ ভাতাদর রাজ্যের সর্কোদর্কা হইরা পড়িরাছিলেন। মারহাট্টাগণের সহিত বৃদ্ধে সমাটের দেনাগণ প্রার নিঃশেষ হইরা আসিয়াছিল ও বাহা অবশিষ্ট ছিল, তন্মধ্যে অধিকাংশই তঃসমর বৃদ্ধিরা বিজ্ঞোহী-গণের সহিত মিলিত হইল। সৈয়দ আবত্লাহ্ দাক্ষিণাত্য হইতে আসিয়া এই সমর কনিষ্ঠ হোসেন আলির সহিত মিলিলেন। সমন্ত দিল্লী নগর

এমন কি রাজ প্রাসাদের চতুর্দ্ধিকে পর্যান্ত বিজ্ঞোহের ভবা বাজিতে লাগিল। সম্রাট প্রাসাদ অভ্যন্তরে লুকায়িত হইলেন।

শেবে আবহুলার সর্বকনিষ্ঠ লাতা সৈয়দ নজম্ উদ্দীন আলি খান, করেকজন আফ্গান বোদ্ধা সঙ্গে লইরা সম্রাট প্রাসাদে প্রবেশ করিল ও ল্কারিত স্থান হইতে বংপরোনান্তি অবমাননার সহিত, প্রবেশ পরাক্রান্ত সম্রাট আক্বর ও আওরাঙ্গজেবের বংশধর দিল্লীশ্বর ফোররোথ্ সিরারকে, প্রাণভ্তরে পলারিত তস্করের স্থার টানিরা বাহির করিয়া, তাঁহার চক্ষ্রর উৎপাটিত করিল। শেষে পাষণ্ডেরা তাঁহাকে ঐ অবস্থার একটা সন্ধার্ণ কারাগারে নিঃকেপ করিয়া, অভিশয় ব্যালিরা বধ করিল।

বাদশাঙ্কোর রোখ্সিয়ার সর্ব রকমে নয় বৎসর কাল রাজত্ব করিয়াছিলেন।

অভাগ্য সমাটকে নিহত করিরা তুর্মৃত্ত সৈরদ্বর, আওরাক্তর-পুত্র বাহাতর শাহের পৌত্র শামস্উদ্দীন আবুল বরাকাত রফি উদ্দালাজাতকে দিল্লীর সিংহাসনে বসাইলেন। বিংশতি বৎসর বর্ষদে কুমারকে কারাগার হইতে আনিরা এই সমাট-স্প্রতিকারক সৈয়দ ভাতাবর তাঁহাকে দিল্লীখরের আসনে বসাইরাছিলেন। কোতব-উল্-মোলক্ সৈয়দ আবহুলাহ্, এই নবীন স্মাটের চতুর্দিকে তাঁহার নিজ অম্প্রকাণকে প্রহরী নিষ্ক করিলেন। রাজ প্রাসাদ অস্তঃপ্রের মধ্যেও সৈর্দ্ধণাণের দলত্ব লোক পাহারার রহিল।

এই সৈয়দ হল্ডে ক্রীড়নক স্ত্রাটের মাত্র ছর মাস ও দশদিন সিংহাসনে বসার পর, ক্ষরবোগে মৃত্যু হইল।

এইবার দৈরদ্বর ১৭১৯ খুটাব্দের ২৭ শে যে তারিথে মৃত সমাটের ভ্যেষ্ঠ ভ্রাতা রফি-উদ্দৌলাকে সিংহাসনে বসাইলেন। সৈরদ্ধরের জন্মতি ব্যতীত সমাটের কোন স্থানে, এমন কি শুক্রবারে জুম্ঝা নামাজের জন্ত মসজিদে যাইবার কমতা প্রাশ্ত রহিল না।

এই অবসরে মহারাজা অজিৎ সিং তাঁহার কন্থা, নিহত সমাট ফোব্রোথ্ সিরারের মহিবীকে, প্রায় এক জোর টাকা মৃল্যের অলকার ও মৃল্যবান দ্রব্যসহ, প্রাসাদ হইতে বাহির করিয়া আনিয়া, তাহার মোসলমান সমাজ্ঞীর পোষাক পরিবর্তিত করিয়া রাজধানী যোধপুরে পাঠাইয়া দিলেন।

সিংহাসনে আরোহণকালে এই নবীন সমাটের নাম দিতীর শাহ্জাহান হইল। মাত্র তিন মাস তুইদিন কাল রাজত্বের পর, ত্রারোগ্য গ্রহণী রোগে ইহার মৃত্যু হয়।

এই সময় সৈয়দ হোদেন আলি আগ্রার হর্গে প্রবেশ করিয়া, তিন শত বংসরের সংগৃহীত, বাদশাহ, বাবর ও তৎপূর্বের সেকেনার লোদীর কালের পর্যান্ত, অন্যন সেই সময়ের তিন কোর টাকা ম্লোর ধনরত্ব আগ্রাণ করিয়াছিল।

এই রত্নরাজির মধ্যে ন্রজাহান বেগমের বহুম্লা অলঙ্কার সম্হ, শাহ জাহানপ্রিয়া মোমতাজ মহলের সমাধির মৃক্তানিস্থিত আবরণ, (বাহা তাঁহার বাংসরিক বিবাহ উৎসবের দিনে মহাসমারোহের সহিত, এবং প্রতি শুক্রবার রাত্রে, তাজমহলের অভ্যান্তরস্থ তাঁহার লগৎবিখ্যাত হত্ত্ব-মণ্ডিত সমাধির উপর বিস্তারিত করিয়া দেওয়া হইত) এবং ন্রজাহানের বহুম্ল্য রত্নরাজ্ব-প্রতি জল-পাত্র, (আফ্তাবা) ও মৃত্রা ও পারার ঝালর দেওয়া স্বর্ণতারে বোনা বিছানার চাদর প্রভৃতি ছিল।

অত:পর সৈয়দ আবিহ্লাহ্ ফতেছ্পুর (রাজধানী দিলীর একটী প্রধান পলী) হইতে জাঁহান শাহের অটাদশ ব্যার পরম ক্রপবান প্রথর-বৃদ্ধি পুত্র কুমার মোহাম্মদ রৌশন-আধ্তারকে আনিয়া ১১৩১ হিজরীর ১৫ই জিল্কদ ভারিখে (১৭১৯ খৃ:), তাঁহাকে আবৃল মোজাক্ফার নাসেরউদ্দীন মোহামদ শাহ্ বাদশাহ্ নাম দিরা সিংহাসনে অধিরোহণ করাইলেন।

সমাট-জননী একজন থেপর বুদ্ধিনতী রমণী ছিলেন ও রাজকার্য্যে উাহার বিশেষ অভিজ্ঞতা ছিল। পুত্রের সিংহাসন আরোহণের পর সমাট-মাতার জন্তু মাসিক ১৫,০০০ সহস্র টাকা বুজি ধার্য্য কইল।

মোহাম্দ শাহ দিল্লীর সিংহাসনে আরোহণ করিবার পর হইতেই,
নগুরাব মুরশিদ কুলি থান, বন্ধ-বেহার-উড়িয়ার রাজস্ব ও তৎসহ পূর্বে
প্রথায়ত উপঢৌকন দিল্লীতে প্রেরণ করিতে লাগিলেন; এবং নব সমাট
কর্ত্ব ন ওরাব, তাঁহার অধীনস্থ তিনটা প্রদেশের শাসনকর্তার নির্দার্য্য
পত্র পাইলেন।

সমাট মোহাম্মদ শাহ্ ও তাঁহার মাতা মরিয়ম্ মাকানী, বেগম, সৈয়দ ভাতাঘরের অত্যাচারে উৎপীড়িত হইয়া, উহাদিগকে কোন প্রকারে সরাইবার কন্ত, মাল্ওয়ার শাসনকর্তা নেজাম-উল্-মূল্কের নিকট প্র লিখিয়া, বিশ্বাসী এত্মাদ-উদ-দৌলা মোহাম্মদ আমিন খানের ঘারা ঐ সকল পত্র প্রেরণ করিতে লাগিলেন। নেজাম-উল্-মূল্ক্ বহু আখারোহাঁ সেনা সংগ্রহ করিয়া উজ্জয়িনী পরিত্যাগ পূর্বক, প্রথমতঃ 'আগ্রার দিকে অগ্রসর হইতে লাগিলেন। পরে আবার দাকিণাত্যে কিরিয়া গিয়া বারহানপ্রে পৌছিলেন।

ইহার কিছুদিন পরেই হোসেন আলি (সৈয়দ) গুপ্ত হস্তার হস্তে
নিহত হইল। জ্যেষ্ঠ ভ্রাতা সৈয়দ আবছনাই ভ্রাতার অপমৃত্যুর সংবাদে
রাগান্ধ হইরা, ইহার প্রতিশোধ লইবার জন্ত প্রায় নবভিত্ম সংশ্র ২০,০০০ অখারোহী সৈত্ত সংগ্রহ, করিয়া, দিলীর দিকে অগ্রসর হইতে
লাগিল। এই সময় বিখাস্থাতক চুড়ামন্ জাঠ ও মাধন সিং প্রভৃতি করেকজন হিন্দু তাহার সঙ্গে যোগ দিল। এইরপে সৈয়দ আবহুলার পতাকাধীনে লকাধিক অবারোহী সৈম্প সমবেত হইল। অপর পক্ষে সম্রাট সেনাপতি হায়দার কুলি থান বাহাত্বর নাসেরজঙ্গ, সর্বপ্রকারে ইহার অর্থ্বেক সৈক্তও যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ করিতে সক্ষম হইলেন না।

সমাট মোহাম্মদ শাহ্ হন্তী আরোহণে রপক্ষেত্রে তাঁহার জাতীয়
বীরত্বের পরাকাঠা প্রদর্শন করিতে লাগিলেন। নিশাগমনে হারদার
কুলি থান, শত্রুপক্ষের উপর অজন্র গোলাবর্ধণ আরম্ভ করিয়া দিলেন।
সমাটের কামানের মূথে, সৈয়দ আবহুলার এক লক্ষ সেনার মধ্যে মাত্র সাত আট সহস্র রণস্থলে তিপ্তিতে পারিয়াছিল। প্রাত্তেং আবার সমাটকে হন্তীপৃষ্ঠ হইতে সৈক্ত চালনার আজ্ঞা দিতে দেখা গেলু। বিপক্ষ সেনাপতি সৈয়দ নাজমূদ্দীন আলি শরীরের তিন স্থানে গুলির আঘাত পাইবার পর, একটা তীর লাগিয়া তাঁহার একটা চক্ষ্ অল্প হইয়া গেল ও তিনি যম্বণার অন্থির হইয়া পড়িলেন। এই সময় ভারতেশ্বর মোহাম্মদ শাহ্, নিজ হত্তে বিপক্ষীর চূড়ামন্ জাঠকে আহত করিয়াছিলেন।

সৈয়দ আবহল্লাহ্, হত্তে তরবারির আঘাত ও ললাটে শরাহত হওরার পর যথন, সমাট সেনাপতি হারদার কুলি থান বাহাত্র উন্তুল্ল তরবারি হত্তে তাঁহাকে আক্রমণ করিলেন, সেই সমর আবহল্লাহ্ কাপুরুষতার পরাকাপ্তা প্রদর্শনে, স্বীর বংশের পরিচয় দিয়া সেনাপতির নিকট প্রাণভিক্ষা চাহিলেন। হারদার কুলি থান তাঁহার প্রাণের হানি না করিয়া তাঁহাকে বন্দী করিলেন।

সমাটও দৈয়দ আবহুলার প্রতি অহগ্রহ করিয়া তাঁছার প্রাণদভাজ্ঞার পরিবর্ত্তে, তাঁছাকে বন্দী করিয়া রাখিবার অহমতি দিলেন, এই বৎসর ১৭২২ খুষ্টান্দের ৩০শে সেপ্টেম্বর তারিখে বন্দী অবস্থার সৈয়দ আবহুলার মৃত্যু হইল। (১১৩৪ হিজরী)। ১১৩৫ হিজরীতে ম্রশিদ কুলি থান, সৈয়দ প্রাভাষ্ট্রের অবসান ও সম্রাটের যুদ্ধ জরের সংবাদ পাইরা, তাঁহার নিকট মাঙ্গল্য পত্র প্রেরণ করিলেন ও সঙ্গে সঙ্গে পূর্ব্ব বৎসরের সমুদর রাজস্ব, মন্ত্রীর নিকট পাঠাইরা দিলেন।

এই সময় মাহ মুনাবাদের ত্ইজন আফ্রান জমিদার, পার্থবন্তা স্থানসমূহ লুপ্তন ও তৎসত মুরশিদাবাদে আনিতে থাকা রাজস্ব ৬০,০০০ সহস্র টাকা লুঠ করিয়া লইবার সংবাদ পাইয়া নওয়াব, হগলীর ফৌজদার আহ্মান আলি থানের প্রতি জমিদারখন্তে বন্দী করিতে আদেশ দিলেন। আহ্মান আলি অচিরে আফ্রান জমিদারখনতে এেফ্ডার করিয়া নওয়াবের দরবারে পাঠাইয়া দিলেন। নওয়াব তুই জনের প্রতি যাবজ্জীবন কারাবাসের আজ্ঞা দিয়া, তাহাদের জমিদারী রামজীবন নামক জনৈক হিন্দুকে প্রদান করিলেন।

দত্য দমনে নওয়াব ম্বশিদ কুলি খান প্রাণপণে চেটা ও ধৃত তাকাদিগের প্রতি কঠিন দওাজ্ঞা প্রদান করিয়া রাল্য মধ্যে বিপ্লব নিবাবণে কৃতকার্য্য হইয়াছিলেন। তাঁহার আমলে লোকে নিভ্নের পথ চলিয়া দ্রে দ্রে মালামাল লইয়া যাইতে পারিত।

ন ওয়াব শারেন্ডা থান বাতীত মুরশিদ কুলি থানের ছার ভাষবিচারক, জানী, সভাবাদী ও ধার্মিক স্থোদার বঙ্গের সিংহাসনে কখনও উপবিষ্ট চন নাই বলিলে অত্যক্তি হয় না। ইনি একজন যথার্থ ধর্মাছরাগী ছিলেন, পাঁচ অক নমাজের প্রতি ইহার প্রথম দৃষ্টি ও প্রগাঢ় ভক্তি ছিল। নিজ হতে পবিত্র কোরআন লিথিয়া মুরশিদ কুলি থান, প্রতি বংসর মকা ও মদিনায় পাঠাইয়া দিতেন। অট-প্রহর কোরআন পাঠের জন্ম নওয়াব, তাঁগার প্রাসাদে তুই শতাধিক ধার্মিক কারী ও হাফেজ্ নিযুক্ত করিয়া লাথিয়াছিলেন। প্রতি বংসর রবিয়ল্-আউয়াল্ মাসের প্রথম ঘাদশ

দিন নওরাব, ধনী-নিধন নির্বিশেষে, শ্বরং উপস্থিত থাকিরা বহু লোককে তৃথির সহিত ভোজন করাইতেন: এবং ঐ কর দিবস প্রত্যেক রাত্রে নাহী নগর হইতে লালবাগ পর্যান্ত, তিন মাইল রাস্তার উভর পার্যন্ত মস্জেন ও বৃক্ষ সকল আলোকমালা বারা বিভূষিত করিতেন। আবার এই আলোকমালা বারা অক্ষরাকারে অধিকাংশ স্থলে কোরআনের পবিত্র প্রেক সকল লিখিত হইত।

ন ওয়াব তাঁহার রাজতের মধ্য হইতে বিদেশে থাতজ্ব্য রফ্তানির সম্পূর্ণ বিরোধী ছিলেন। তগলীর ফৌজদারের উপর তাঁহার কঠোর আদেশ ছিল বেন, কোন ইউরোপীর জাহাজে নাবিকগণের আহারের আবশুকীর থরচের উপযুক্ত ব্যতীত, অধিক শশুনা উঠিতে পারে। কোন বিদেশী বণিককে তাঁহার রাজ্য মধ্যে শশু সংগ্রহ করিতে দেওয়া হইত না।

ম্রশিদ কুলি থানের আমলে সচরাচর টাকার চারি মণ চাউল বিক্রের চইত। তাঁচার হেরেমে তাঁহার একমাত্র বিবাহিতা পদ্মী ছিলেন। অপর কোন স্থাঁলোক বা খোলা, তাঁহার অন্দরে হান পাইত না। নওরাব বিলাসিতার সম্পূর্ণ বিরোধী ছিলেন। পোষাক-পরিচ্ছদ বা খালুদ্রর, কিছুতেই তাঁহার বিলাসিতার চিক্রমাত্র প্রকাশ পাইত না। ম্রশিদ কুলি নিজে একজন স্থালেথক, বিভোগোনাই ও স্থপণ্ডিত ছিলেন। গণিতশাস্ত্রে তাঁহার বিশেষরাপ্তা বা্থিকা ভিল। বিচারের সময় নওরাবের নিকট ধনী ও নির্ধনের মধ্যে কিছুমাত্র পার্থকা থাকিত্ব না।

মুরশিদ কুলি থানের রাজত্বের প্রারস্তে চগলীর নগরাধ্যক্ষ একজন দরিলে মোগলের গৃহ হইতে, তাঁহার স্ক্রমনী যুবতী কক্ষাকে বল পূর্বক লটয়া গিয়াছিলেন। ফৌজদারের নিকট ঐ দরিক্র এই অত্যাচারের বিচার প্রাথী হওয়ায়, ফৌজদার আহ্সানউলাহ নগরাধ্যক্ষের খাভিরে ঐ ব্যাপারের কোনই প্রতিকার করেন নাই। কম্বার পিতা শেবে

বাধ্য হইয়া নওয়াবের দরবারে এই অত্যাচার কাহিনী বিবৃতি করিয়া বিচার-প্রার্থী হইল। এদিকে ফৌজ্লারও তাঁহার প্রিয়পাত্র নগরপালকে রক্ষা করিবার জন্তু, অন্ততঃ তাঁহার দৈহিক শান্তি আথিকে পরিণত করিবার জন্তু, নওয়াব মুরশিদ কুলি থানকে সাধ্যমত অমুরোধ-উপরোধ করিতে লাগিলেন। কিন্তু ধর্মগত-প্রাণ ন্তায় বিচারক শাসনকর্ত্তা সকল অমুরোধ-উপরোধ অগ্রাহ্য করিয়া, কোরআনের পরিত্র বিধান মতে, অপরাধীর প্রতি চরম দণ্ডাজ্ঞা, অর্থাৎ কৃদ্র ক্ষুদ্র প্রস্তর্যথণ্ড নিক্ষেপদারা (সঙ্গদার) তাহার মৃত্যুর আদেশ প্রদান করিয়াছিলেন।

১১৩৮ হি: ১৭২৪ খৃষ্টাব্দে নওয়াব ম্রশিদ কুলি থান, তাঁহার পরমায়ুহ শেব হইরা আসিতেছে বুঝিতে পারিরা, তাঁহার হুলে তলীয় দৌহিত্র সর্-আফরাজ থানকে সুবাদার নিযুক্ত করিবার জক্ত সম্রাটের নিকট মিনতি সইকারে আবেদন করিয়া পাঠাইলেন। এদিকে সর-আফাজের পিতা উড়িয়ার সহকারী-সুবাদার স্বজাউদ্দীন থান, নওয়াবের উদ্দেশ্ত ব্ঝিতে পারিয়া, সৈয়দ হোসেন আলীর পদে নিযুক্ত দিল্লীখারের প্রধান অমাত্য প্রবল ক্ষমতাশালী থান-দৌরাণের নিকট বাঙ্গালার নওয়াবী পদ পাইবার প্রার্থনা করিয়া লোক পাঠাইয়া দিলেন। শেষে দিল্লীয় দরবার হুইতে এই সাব্যক্ত হইল যে—খান-দৌরাণ স্বয়ং বাঙ্গালা ও উড়িয়ায় নওয়াব-শানসকর্তা হইবেন, এবং স্বজাউদ্দীন তাঁহার সাহায্যের জক্ত আপাততঃ ঐ প্রদেশব্রের সহকারী শাসনকর্তা হইয়া থাকিবেন।

সুন্ধাউদ্দীন, তাঁহার অধীন কার্য্যদক্ষ ও সাহসী কর্মচারীগণকে পূর্বেই মুরশিদাবাদে পাঠাইরা দিরা, স্বরং নৌকাবোগে কটক পরিভ্যাগ পূর্বেক সদৈক্তে রাজধানীতে আসিরা পৌছিলেন।

ম্রশিদাবাদ নগরে পৌছিবার প্রেই স্থান্থা, পথে নওরাবের মৃত্যু সংবাদ পাইবেন। তৎপরে তিনি চেহেল্-সতুন (চত্তারিংশ গুস্ত) নামক প্রাসাদে পৌছিরা, সমস্ত রাজকর্মচারীকে তথার আহ্বান করিলেন; এবং তাঁহাদের সমূথে স্বীয় নিয়োগের সমস্ব পাঠ করিয়া ও উপস্থিত জনগণের নিকট হইতে উপযুক্ত সম্বান গ্রহণে সিংহাসনার্চ হইলেন।

সুজাইদ্দীনের পুত্র সৃধ্-আফরাজ থান, ইতিপূর্ব্বে মাতামহের মৃত্যুর সঙ্গে সঙ্গে (১৭২৫ খুষ্টাব্দে) তৎপরিত্যক্ত সমস্থ ধনসম্পত্তি নিজ বাড়ীতে সরাইয়া লইয়া গিয়াছিলেন। পিতার রাজ্য প্রাপ্তির পর সর্-আফ্রাজ, তাঁহার শুভধ্যামীগণের পরামর্শে বরাবর পিতার নিকট গিয়া তাঁহার পনপ্রান্তে পতিত হইলেন, পরে উঠিয়া পিতার এই উল্লভ পদপ্রাপ্তিতে আনন্দ প্রকাশ করিলেন; তৎপর প্রাসাদ পরিত্যাগে নোজা-থানিতে শীল্ল গুড়ে চলিয়া গেলেন।

সেই দিবস হইতে সর্-আফ্রাজ প্রত্যহ আসিয়া পিতাকে **তাঁহার** পদোচিত মর্যাদা প্রদর্শন করিতে লাগিলেন।

—(সিয়ারল্ মোতাথ্করীণ)

একবিংশ দগ

নওয়াব স্থজাউদ্দীন মোহাম্মদ খান স্থজাউদ্দোলা আসাদজঙ্গ বাহাত্বর

সুজাউদ্দীন পারভার পূর্কাংশে থোরাসান প্রদেশের ভক্ত বীর বংশোছব একজন প্রধানের পুত্র। ইহার পিতা সম্রাট সরকারে চাকুরী লইয়া,

দাক্ষিণাত্যে দিল্লীশ্বরের কার্য্যে বার্হানপুরে নিযুক্ত ছিলেন। এই স্থানেই অভাউদ্দীনের ক্ষম হয়। এই সময় ম্রশিদ কুলি থান হায়দ্রাবাদের দেওদান ছিলেন। ক্রমে অভাউদ্দীনের সহিত পরিচয় ও আলাপ হওয়ায় ম্রশিদ কুলি থান, তদীয় একমাত্র কন্থা জেয়াতুরেসা বেগমের সহিত তাঁহার বিবাহ দিলেন। এই জেয়াতুরেসার গর্ভে মির্জ্জা আসাদ-উল্লাহ্ জন্ম গ্রহণ করেন। ইতিহাসে ইনিই সর্-আফরাজ থান নামে অভিহিত হইয়াছেন। ম্রশিদ কুলি বাঙ্গালার দেওয়ান হইয়া আসিলে তাঁহার কন্থাজায়াতাও তাঁহার সঙ্গে আসিয়াছিলেন। তৎপরে ম্রশিদ যথন বাঙ্গালাও উড়িয়ার নওয়াবী পদ প্রাথ হইলেন, তথন তিনি জামাতা অজাকে উড়িয়ার নায়েব শাসনক্রী নিযুক্ত করিলেন। অজাউদ্দীন সরকারি কার্য্য বিশেষ যোগ্যতার সহিত চালাইতে লাগিলেন। কিছু স্রীলোকের প্রতি অভিরিক্ত সম্দাচার দোনে, তাঁহার প্রী তাঁহার উপর অভিনয় বিরক্ত হইয়া, একমাত্র পুত্র আসাদ উল্লাহ্ সহ রাজস্বামী ও রাজধানী কটক

পরিত্যাগ প্রদাক পিতার নিকট মুরশিদাবাদে আসিয়া বাস করিতে

माशित्वन ।

নওয়াব স্কাউদ্দীন বাকালায় প্রথম শিয়া সম্প্রানয়ভূক্ত শাসনকর্তা

ইংবান। তাঁহার পর হইতে আজ পর্যান্ত মূরশিদাবাদের সম্পর স্বাধীন
বা ইংরাজ অক্পগ্রহ-পালিত নওয়াবই শিয়া সম্প্রান্ত হইয়া আসিতেছেন।

কিল্লীর আভিন্ত বাদশাহগণের মধ্যে কেহই শিয়া ছিলেন না। তাঁহারা
সকলেই স্ক্লিমতাবলমী ছিলেন।

১৭২৫ খুটাব্দে উড়িয়া বিভাগে নায়েব শাসনকর্ত্তা নিযুক্ত থাকা কালে ক্ষাউদ্দীন, তাঁহার সম্পর্কীর ভগ্নীর পূত্র হাজী আহ্মদ ও মির্জ্জা মোহাক্ষদ আলিকে (পরে আলিওয়াদ্দী থান) দিল্লী হইতে কটকে আনাইয়াছিলেন। এই উভয় ভ্রাতা তাঁহাদের অসাধারণ সেবা ও কার্য্যদক্ষতা প্রদর্শনৈ ক্ষবাদারকে সম্ভষ্ট করিয়া ক্রমে তাঁহার অধীনে দায়িত্বপূর্ণ রাজকার্য্যে নিযুক্ত হইয়া, রাজ্যের যথেষ্ট উন্নতি সাধন করিয়াছিলেন; এবং তাঁহাদের অস্ব ই ক্ষাউদ্দীন উড়িয়া বিভাগে এতদ্ব জনপ্রিয় হইতে পারিয়াছিলেন।

ন ওরাব স্থলাউদ্দীন সিংহাসনারত হইরা, প্রথমতঃ তাঁহার স্থা ক্রেয়াতৃয়েসা বেগমকে সম্ভট্টকরণকল্পে, পুত্র সর্-আফ রাজ খানকে তাঁহার অধীনে বালাগার দেওয়ান নিযুক্ত করিলেন, এবং রায় আলম্টাদকে তাঁহার সহকারী দেওয়ান করিয়া দিলেন। তৎপরে নওয়াব স্থলা, হাজী আহমদ, আলিওয়াদী খান, রায় আলম্টাদ (যাহাকে নওয়াব, রায়-রেই-য়ান উপাধিতে ভ্যিত করেন) ও জগৎ শেঠকে লইয়া রাজকার্য্য স্থচাকরণে নির্মাহের জন্ত, একটা মন্ত্রণাসভা গঠিত করিলেন। এই হিন্দু সভাসদম্বরের রাজস্ব বিভাগের জটিলতা সম্বন্ধে যথেষ্ট অভিজ্ঞতা ছিল।

এইরপে দায়যুক্ত স্থায়-বিচার বারা নওয়াব স্থভাউদ্দীন, অচিরে রাজ্য মধ্যে সংবত্ত সংবাচত সন্মান ও সংবিশ্লিয়তার অধিকারী হইয়া দাঁড়াইলেন।

অপরণকে স্থাটকে সম্ভষ্ট রাখিবার জক্ত নওরাব, তাঁহার খণ্ডরের রাজকোষ হইতে দিল্লীখরের ঝাপ্য কর ৪০,০০০০ চলিশ লক্ষ টাকা, তৎসহ কতকগুলি হতী ও বৃদ্দেশজাত মূল্যবান দ্রব্য স্থাট মোহাত্মদ শাহের নিকট পাঠাইয়া দিলেন। এই সমন্ন মন্ত্রী থান-দৌরাণ আমীরুল ওমরাহের জক্সও পৃথক করিয়া কতকগুলি মূল্যবান উপহার পাঠাইয়া দিয়াছিলেন।

অচিরে বাদশাহ্ দরবার চইতে তাঁচার জক্ত বালালা ও উড়িয়ার শাসনকর্তার পদ নির্দারিত হইয়া আদিল, এবং সমাট তাঁচাকে মতীম্নাল্ মৃশ্ক সুকাউদ্দৌলা আসাদকক বাচাত্র উপাধিতে ভূষিত করিলেন।

বেহার প্রদেশ সমাট, নাসরৎ ইয়ার থানকে দিলেন ও তাঁহার পর কথর-উদ্দোলা তথাকার শাসন কর্ত্ব প্রাপ্ত হলৈন।

নওয়াব স্থলাউদ্দীন তাঁশার রাজ্যের শাসন সম্বন্ধে নিয়লিথিতরূপ বন্দোবস্ত করিয়াছিলেন—

প্রেই পুত্র সর্-আফ্রাজ থানকে বালালার দেওয়ান নিযুক্ত করিয়াছিলেন। এক্ষণে তাঁহার অপর স্থীর গর্ভজাত পুত্র মোহ:আদ তকি থানকে, উড়িয়া বিভাগের কর্ত্তা করিয়া দিলেন। অতঃপর স্থীর জামাতা মুরশিদক্লি থান্কে ঢাকার সহকারী শাসনকর্তা ও প্রধান মন্ত্রী হাজী আহ্মদের তিন পুত্র, নওয়াজেশ মোহাআদ, সৈয়দ আহ্মদ এবং জয়েনল আবদীনকে যথাক্রমে বেতন বিভাগের সর্বোচ্চ কর্মে ও রংপুরের এবং রাজমহলের ফৌজনারী পুনে নিযুক্ত করিলেন। তাঁহার দরবারের বহু পুরাতন ভূতা স্কলাকুলিকে ভূগলীর ফৌজদারী কার্য্য দিলেন।

আলিওয়াদ্দী থান অপুত্রক ছিলেন। তিনি তাঁচার তিন কয়ার বিবাদ, ল্রাতা হাজী আচ্মদের উপযুক্ত তিনটি পুল্লের সহিত দিয়াছিলেন।

ন্তন নওয়াব তাঁহার খণ্ডবের অস্করণে, জমিদারগণকে নির্যাতন বারা রাজ্য আদারের উপায় অবলয়ন না করিয়া, বরং জমিদারগণের প্রতি বদাস্ততা প্রদর্শনে, রাজ্যের ঠার বৃদ্ধি করিতে সমর্থ হইয়াছিলেন। ম্রশিদ কুলি থানের সমরে যে রাজস্ব বার্ষিক এক কোটা ত্রিশ লক্ষ টাকার উপরে উঠে নাই, সেই রাজস্ব হিঃ ১১৪১ সালে ১৭২৮ খৃটান্দে রাজস্ব সচীব জগৎ শেঠের ভত্তাবধানে এক ক্রোর আট চল্লিশ লক্ষ টাকা ম্রশিদাবাদের ধনাগারে সংগৃহীত হুইতে লাগিল।

নওরাব পুরাতন প্রাসাদ ভর করিয়া, অতীব মনোহর জাঁক-জমকীর অট্রালিকা নির্মাণ করাইলেন। দাতব্য ও নিরপেক্ষ বিচারের কন্তু, নওয়াব প্রজাউদ্দীন সকল সম্প্রদারের নিকট প্রির হইয়া উঠিলেন। খণ্ডরের নির্মুক্ত রাজকর্মচারী নজির আহমদ ও মোরাদের অসম্ভব নির্ছর ব্যবহারে বার বার ত্যক্ত-বিরক্ত হইয়া, বিচারে তিনি উভয়ের প্রাণদণ্ডের আদেশ দিয়াছিলেন। পূর্ববর্ত্তী ন'ওয়াবের আমলে অখারোহী সৈক্ত সংখ্যা অভিশর অল থাকার, তিনি উহা বৃদ্ধি করিয়া ২৫,০০০ করিয়াছিলেন।

এই নব শাসনকর্তা তাঁহার রাজতের প্রথমাবস্থায় সকল কার্য্যে বিচক্ষণতা প্রদেশন হারা সকলকে মোহিত করিয়াছিলেন। কিন্তু করেক বৎসর নধ্যেই এই মহা চটুল শাসনকর্তা অসম্ভব অলস প্রকৃতির হইয়া, বিলাসিতা ও আমোদ-প্রমোদে অল ঢালিয়া দিলেন। এই সময় সমৃদ্য রাজকার্যা পুর্বব-বর্ণিত পাঁচজন সভাসদ হারা নির্বাহ হইতে লাগিল।

১৭৩ খৃষ্টান্দে দিল্লাখন, বেহারের শাসনকর্তা ফথরউদ্দোলাকে পদচ্যত করিলেন ও খান দৌরাণের পরামর্শ মতে বেহার প্রদেশ বাঙ্গালার স্থিত সংযুক্ত করিয়া দিলেন।

ন ওয়াব স্থজাউদ্দীন বেহার প্রদেশ নিজ করায়ত্ত করিয়া, আণীওয়াদী থানকে ঐ নৃতন প্রদেশের শাসনকর্তা নিযুক্ত করিলেন; এবং ৫,০০০ সেনা সহ তাঁহাকে পাটনায় পাঠাইয়া দিলেন।

আলিওয়াদ্যি খান বেহারে পৌছিয়া দেখিলেন যে—বেথিয়া, ফুল্ওয়ারা,
চাক্ওয়ার ও ভোজপুরের অমিলারগণ বিক্রোহা হইয়া উঠিয়াছে এবং

বান্জারা নামক একদল প্রবল দস্মার উপদ্রবে লোকের ধন-সম্পত্তি লইয়া বাস করা চন্ধর হইয়া পভিয়াছে।

নৰ শাসনকর্ত্ত। আলিওরার্কী খান, পরাক্রান্থ আফ্গান সেনাপতি আবিত্রল করিম খানের অধীনে একদল পাঠান সেনা পোষণ করিতে লাগিলেন। এই আফগান সেনা ও বন্ধীয় সেনার সাহায্যে আলিওরান্ধী বান্জারা দক্ষ্যদলকে নির্মূল করিরা, বিজ্ঞোহী জমিদারগণের উপর পড়িলেন।

অচিরে আলিওরাদী থান, বেহার বিভাগের সমস্ত জমিদারগণকে শাসনে আনয়ন করিয়া, তাহাদের নিকট হইতে বাকী রাজস্ব ও তৎসহ নিজের নজয়ানা ও পেশকাশ্ আদায় করিতে লাগিলেন। এই উপায় ঘারা তিনি বিস্তর অর্থ সংগ্রহ করিয়া ফেলিলেন ও দিল্লীর সমৃদয় বাকীপড়া রাজস্ব অল্লদিন মধ্যেই পরিলোধ করিয়া দিলেন। এই ব্যাপারে দিলীশ্বর তাঁহার উপর সম্ভুষ্ট হইয়া, তাঁহার সামরিক পদমর্য্যাদা বৃদ্ধি করিয়া, ভাঁহাকে মোহাকরং-জন্ম উপাধিতে ভূষিত করিলেন।

এই বৎসর মধ্যেই আলিওয়াদী থানের অসময়ের প্রকৃত সুহদ আফগান সেনাপতি আবহুল করিমের গবা, রুচ্তা এবং নৃশংসভা, এত অধিক মাত্রায় বৃদ্ধি পাইয়াছিল যে, স্ববাদারকে বাধ্য হুইয়া বদ্ধু-হত্যার অপরাধে খীয় বিমল যশঃ ও সুথাতি অসুজ্জল করিতে হুইল।

এই সমর জার্মানের। কণিকাত। চইতে ১৫ মাইল দ্রে বাকিবাজার নামক স্থানে কৃটি ও গড় নির্মাণ করিয়া, ইংরাজ ও দিনেমারগণের সহিত প্রতিবন্দিতার ব্যবসার চালাইতেছিলেন। তাঁলাদের ব্যবসায়ের ক্রমোরতি ইংরাজগণের চকুশূল হটয়া পড়িল। তথন ইংরাজ দিনেমারের সহিত মিলিত চইয়া, ন ওয়াবের নিকট জার্মাণগণের বিফল্কে নানা কথা লাগাইতে লাগিল। এই উভয় কোম্পানি ভগলীর কৌজদারকে অর্থে বনীভূত করিয়া, তাঁহার বারা নওরাবের নিকট—"কার্মাণগণে ও এই গড় ও ক্রমোরতি, রাজ্যের ভবিশ্বৎ বিপদ অবসম্ভাবী" ইত্যাদি নানা ঈর্বামূলক বর্ণনা করাইল।

১৭৩০ খুষ্টাবে নওয়াব স্কাউদ্দীন জার্মাণদিগের এই বাঁকিবাজারের গড় ভালিয়া দিবার জন্ম কৌজদারের প্রতি আদেশ প্রদান করিলেন। তগলী হইতে ফৌজদার সেনাধ্যক্ষ মীর জাকর, কতকগুলি সেনা লইয়া বাঁকিবাজারে পৌছিলেন। এই সময় চন্দননগর হইতে ফরাসীয়া জার্মাণগণকে বন্দুক, বারুদ ও গোলা দিয়া সাহাষ্য করিয়াছিল।

করেক দিবস অবরোধের পর তগলীর তৎকালীন প্রসিদ্ধ সওদাগর থাজা কজল কাশ্মীরী সদ্ধির প্রভাব করিতে স্থীর প্রতকে জার্মাণদিগের নিকট প্রেরণ করার, জার্মাণেরা উাহাকে আবদ্ধ করিয়া রাখিয়াছিল। ফৌজদার এই ব্যাপারে অধিকতর রাগান্বিত হইয়া, জল ও স্থল উভয় দিক হইতে জার্মাণ তর্গ আক্রমণ করিলেন। ভারতবাসী প্রজাগণ এই অবস্থা দেখিয়া জার্মাণ গড়বন্দী নগর পরিত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল। আর্মাণেরা শেষ পর্যান্ত কামানের সাহায্যে ফৌজদারের সেনাগণকে কোন মতে তাহাদের গড়ের মধ্যে প্রবেশ করিতে দের নাই। অবশেষে শক্র-কামান-নিক্ষিপ্ত একটা গোলায় জার্মাণ সামরিক প্রতিনিধির দক্ষিণ হন্ত উড়িয়া যান্তরায়, তিনি সেই অবস্থায় রাত্রিযোগে সৈক্রসহ পলাইয়া ভাগীরথীর মোহানায় জার্মাণ জাহাজে উঠিয়া স্বদেশে যাত্রা করিলেন।

সেনাপতি মীর জাফর, বাঁকিবাজারের কৃটী সকল ভূমিদাৎ করিয়া ও নিকটবতা জনৈক জমিদারকে ঐ স্থান তাঁহার জমিদারীর অকভৃক্ত করিয়া দিয়া, হুগুলী প্রত্যাবর্ত্তন করিলেন।

নওয়াব জামাতা মুরশিদ কুলি, এই সময় ঢাকার নায়েব-নাজিম পদে অভিষিক্ত ছিলেন ও তিনি পারশ্য দেশবাসী জানৈক মীর হবিব শিরাজীকে তাঁহার দেওয়ান নিযুক্ত করিয়াছিলেন। আকা সাদেক নামে ঐ দেশীর একজন জমিদার, দেওয়ানের অন্তরক বন্ধু ছিল।

কিছুদিন পূর্বে ত্রিপুরার হিন্দুরাকা স্থীয় প্রাতৃশ্রের উপর অসম্ভষ্ট হইরা, তাঁহাকে দেশ হইতে তাড়াইরা দেন; এবং সেই যুবক আকা সাদেকের নিকট আসিরা তাঁহার আপ্রপ্রার্থী হয়। মীর হবিব এই স্থযোগে তাঁহার বন্ধু আকা সাদেকের নিকট গিয়া, ঐ যুবককে ডাকিয়া যুরশিদ কুলি থানের নিকট লইয়া গেলেন। পরে তাঁহার অস্তমতিক্রমে ঢাকার নিকটবর্ত্তী স্থানসমূহ হইতে মোগল সেনা সংগ্রহ পূর্বক ব্রহ্মপুত্র নদ পার হইয়া ত্রিপুরা রাজ্য আক্রমণ করিলেন। ত্রিপুরারাজ হঠাৎ মোগলের আক্রমণে ভীত হইয়া, পলায়ন করিয়া অরণ্য-সমাকীর্ণ পর্বতে আপ্রয়্ গ্রহণ করিলেন। মোগল সেনাপতি মীর হবিব রাজার ত্রাতৃশ্রুকে ত্রিপুরার দিংহাসনে বসাইয়া তাঁহাকে বাঙ্গালার নওয়াবের করদ রাজা নিযুক্ত করিয়া, এবং তাঁহার রাজ্যরক্রার্থে আকা সাদেকেয় অধীনে একদল সোগল সেনা রাখিয়া, ঢাকার প্রত্যাবর্ত্তন করিলেন।

মুরশিদাবাদ রাজধানীতে এই বিজয় সংবাদ পাইয়া নওয়াব, মোস্লেম অধিকত ত্রিপুরার নাম রৌশন-আবাদ রাখিলেন; এবং নাজিম ম্রশিদ কুলিকে থান বাহাত্র ও মীর হবীব্কে থান উপাধিতে ভূষিত করিলেন।

১৭৩৪ খৃষ্টাব্দে মোগান্ধন তকী থানের উড়িয়ার মৃত্যু হওরার,
নওরাব জাঁগার জামাতা মুরশিদ কুলি থানকে ঢাকা হইতে ডাকাইরা,
রোভ্যম্ জল উপাধি দিরা, উড়িয়া বিভাগের সহকারী শাসনকর্তা করিরা
পাঠাইরা দিলেন। মুরশিদ কুলি দেওরান মীর হবিব থানকে
সঙ্গে করিরা উড়িয়ার গেলেন। দেওরান হবিব থানের বিচক্ষণতা ও
কার্য্য-নিপুণতার উড়িয়া বিভাগের রাজন্ব যেমন ক্রমশঃ বৃদ্ধি পাইতে
লাগিল, তেমনি রাজ্যের ব্যর্থ ক্রমন হাদ হুইতে লাগিল।

এই সমন্ন প্রুষোজ্যের রাজা, মন্দির হইতে জগন্নাথের মূর্ত্তি উঠাইরা লাইরা, চিল্কা হ্রদের পরপারে উড়িয়ার সীমার বাহিরে একটা পর্বতের উপর স্থাপন করার, দূর-দ্রাগুরের ধাত্তীগণের গমনাগমন বন্ধ হয় ও তদ্ধেতু উড়িয়া বিভাগের রাজন্ব পূর্বাপূর্ব্ব বৎসরের তুলনার বাৎসরিক নর লক্ষ টাকা হ্রাস পাইরাছিল। এই কারণে শাসনকর্তা ম্রাশিদ কুলি থান ও তাঁহার দেওয়ান উভয়েই যথার্থরূপে সনাতন এল্লাম ধর্মের বন্ধনে আবন্ধ থাকা সত্ত্তে, পুরীর রাজাকে পুরাতন মন্দিরে জগন্নাথ ফিরাইয়া আনিবার জল বাধ্য করিলেন।

ম্রশিদ কুলিকে উড়িয়ার প্রেরণ করিয়া নওরাব স্থকাউদ্দীন,
সীর পুত্র পর্-আক্রাজ খানের হন্তে ঢাকার শাসনভার ক্তন্ত করিলেন
এবং সৈয়দ গালেব আলি থানকে পুত্রের সহকারী করিয়া, সর-অফ্রাচ্ছের
শিক্ষক জলোবস্ত রায়কে উচ্চার দেওয়ান নিযুক্ত করিয়া দিলেন। এই
সঙ্গে নওয়াব্, সর্-আফ্রাজের জানাতা নোরাদ আলি থানকে রাজ্য
রাজক্লভের সহারতার নৌবিভাগের কর্ড্য প্রদান করিলেন।

জশোবন্ত বার, ভৃতপ্র নওরাব ম্রশিদ কুলি থানের নিকট সমন্ত রাজকার্য্যে শিক্ষাপ্রাপ্ত হইরাছিলেন। তিনি উক্ত স্থগাঁর নওরাবের অফকরণে, সাধৃতা ও নিষ্ঠার সঙ্গে সংগে ব্যবসায় বৃদ্ধির দিকে তীক্ষ দৃষ্টি রাথিতে লাগিলেন।

বহুপ্রে সুবাদার শারেন্ডা থান, ঢাঁকার পশ্চিম ঘার বন্ধ করিয়া ভতুপরি টাকার আট মণ চাউল বিক্রম করাইতে অপারগ কোন স্থবাদারকে ঐ বদ্ধ ঘার খুলিতে নিষেধ করিয়া আদেশ দিয়া গিয়াছিলেন। এতদিন পরে দেওয়ান জশোবন্ধ রায়, বালালার প্রধান থাত তভুলের মূল্য সেই মত টাকার আট মণ নামাইয়া, সগর্বে সুবাদার সর্-আক্রাজ থান কর্তুক সেই আবদ্ধ পশ্চিম ঘার উল্লোচন করাইলেন। এইরপে গালেব আলি থান ও জশোবন্ত রায়, তাঁছাদের সন্মিলিত চেষ্টার ঘারা ঢাকা অঞ্চলের সর্বপ্রকারে আশাতিরিক্ত উন্নতি সাধন করিতে লাগিলেন।

কিছুদিন পরে সর্-আফ্রাজের ভগ্নী নফিসা বেগম, পিতাকে অন্থরোধ করিয়া গালেব আলি থানের পদে স্বীয় ল্রাত-জামাতা মোরাদ আলিকে পাঠাইয়া দিলেন। মোরাদ আলি এবার ঢাকায় পৌছিয়া রাজবল্লভকে তাঁহার অধীনে পেশ্কার নিযুক্ত করিলেন। রাজবল্লভ প্রজাগণের উপর তাহার স্বভাবসিদ্ধ অত্যাচার আরম্ভ করিয়া দিল। রাজ্যের এই অবস্থা দর্শনে দেওয়ান জশোবস্ত রায় পদত্যাগপূর্বক ম্রশিদাবাদে চলিয়া আসিলেন। রাজ্যের অবস্থা তাঁহার প্রভাবের্তনের পর হইতে জেমশঃই শোচনীয় হইয়া পভিতে লাগিল।

এই বংসরে হাজ। আহ্মদের পুত্র নৈরদ আহ্মদ রাজধানী হইতে সেনা সংগ্রহ করিয়া, দিনাজপুর ও পরে কুলবেহার আক্রমণ করিয়া, উভয় স্থান করায়ত্ত করিয়া লইলেন।

এই সময় পারশ্রাধিপতি নাদের শাহ ভারতে প্রবেশ করিয়া, দিল্লী ও অক্সাক্ত বহু নগর লগুভওও করিয়া ফেলেন।

সমাট আব্ল ফতেহ্ নাদের উদ্দীন মোহাম্মদ শানের একবিংশতি বংসর রাজ্যকালে, পশ্চিমদেশীর এই মহা উপদ্রব তাঁহার রাজ্যে আসিরা উপস্থিত হয়। নাদের শাহ্ কাব্ল অধিকার করিয়া, তথাকার শাসনকর্তা নাসির খানকে সঙ্গে লইয়া ভারতে প্রবেশ করিলেন। ভারত সমাট তুই লক্ষ অখারোহী, অসংখ্য পদাতিক সেনা, পনের শত হত্তী ও অগণ্য কামান লইয়া পার্জ্যরাজ্যকে বিতাড়িত করিবার জ্জ্যু, তাঁহার স্মুখীন হইলেন। বাদশাহ্ কণালের নিকট শিবির স্মিবেশ পূর্বক পার্জ্যাজ্যের প্রত্যাক্ষ করিতে লাগিলেন।

নাদের শাহ্ তাঁহার সহিত তিন লক্ উৎকৃষ্ট অখারোহী সেনা আনিয়াছিলেন।

বাদশাহের পক্ষ ইইতে বোরহান উল্-মূলক্ প্রথমতঃ বিপক্ষগণকে আক্রমণ করেন। সঙ্গে সঙ্গে আফিল্ ওমরাহ্ থানদৌরাণ বিংশতি সঙ্গ্র অধারোহী সহ স্বয়ং যুদ্ধকেত্রে অবতীর্ণ হইলেন।

যুকারভেই বোরহান উল্-মূলক্ বন্দি হইয়া পারভাষীপের সমুথে নীত হইলেন। তৎপরে নাদের শাহের সেনাগণ চত্দিক হইতে থান দৌরাণকে আক্রমণ করিয়া, সন্ধ্যা পর্যান্ত ভীষণভাবে যুক্ক করিতে লাগিল। ভারতীয় সেনা—সৈয়দ, শেথ, পাঠান ও রাজপ্তগণ, অসিযুক্কে বীরত্বের পরাকাঠঃ প্রদর্শন করিয়া, দিবাবসানে উরাণীগণকে হটাইয়া দিতে সমর্থ হইয়াচিল।

মহাসেনাপতি আমিকল-ওমরাহের তথন প্রার পাঁচ সহ্স সেনা ধরাশারী হইরাছে। তরাধ্যে তাঁহার সহোদর মোজাফ্ কর্থান ও মীর কাল্, আলি হামিদ খান, ইয়াদগার থান, লোদি থান প্রভৃতি রগনিপুণ সেনাপতিও ছিলেন। সন্ধ্যার পর আমিকল্-ওমরাহ্থান-দৌরাণ আহত অবস্থার বস্বাবাসে ফিরিয়া গেলেন।

পর দিবস মহাসেনাপতি পুনরায় নৃতন সেনা লইয়া যুদ্ধে অবতীর্ণ হটলেন ও অল্লক্ষণ মধ্যে ঈরাণী সেনাগণকে সম্পূর্ণক্ষপে পরাজিত করিয়া ছয়ং রণক্ষেত্রে দেহ রক্ষা করিলেন।

এই সময় নাদের শাহ, ভারতীয় সেনাগণের সাহস ও যুদ্ধ কৌশল দর্শনে চমৎক্ষত হইয়া, বন্দি বোরহান-উল্-মূল্ককে স্মাটের সেনাগণের অবস্থা জিজ্ঞাসা করায়, তিনি অতিরঞ্জিত করিয়া বলিয়াছিলেন বে—

"ধান-দৌরাণের ক্রায় অনেক মোদলেম বীর-সেনাধ্যক্ষ ও হিন্দু রাজা, বাদশাহের দৈল মধ্যে অবস্থান করিতেছেন; এবং জাঁছাদের মধ্যে যে কেহ পারশ্রসভির সমকক্ষ হইতে পারিবে।" • প্রকৃত প্রস্তাবে তুর্দ্ধ ঈরাণী নাদের শাহ্ বোর্হান-উল্-মূল্কের উত্তরে ভয়োৎসাহ হইরা, বাদশাহের সভিত সদ্ধি করিতে প্রস্তুত হইলেন ও এই মোগল সেনাপতির মধ্যস্তভার অল্লকাল মধ্যেই সদ্ধি হইরা গেল।

বাদশাহ্ মোহাত্মদ শাহ্ নেজাম্-উল্মূল্কের উপদেশ ক্রমে, পার্শু সম্রাট নাদের শাহের শিবিরে উপস্থিত হইলেন। নাদের প্রথমতঃ সম্রাটের সহিত যথোচিত সন্থাবছার ও শিষ্টাচার প্রদর্শনে তাঁহাকে আপ্যায়িত করিয়া, পরে কৌশলে সম্রাটকে অবরোধ করিলেন। এই অবস্থার সম্রাটকে লইয়া নাদের শাহ, দিল্লীর ছুগাভ্যস্তবে প্রবেশ করিলেন। ও জগৎপ্রসিদ্ধ দেওয়ানেথাদে অবস্থান করিতে লাগিলেন।

পরংস্ত্রী শুক্রবারে নাদের শাহের নামে মস্জেদে খোৎবা পাঠ হইল।
কিন্তু কি মনে করিয়া তৎপরবন্ধী শুক্রবার হইতে তিনি নিজেই
বাদশাহের নামে পূর্ববৎ খোৎবা পাঠ করিতে অন্তমতি দিলেন।

এই থোৎবা পাঠ উপলক্ষ করিয়া তুর্গের বাহিরে নগরের মধ্যে স্থাত্ত প্রচার হইয়া পড়িল যে—তুর্গ মধ্যে পাইছা সম্রাট নাদের শাহ্ বধ হইয়াছেন। সঙ্গে সঙ্গে নগরবাসিগণ উত্তেজিত হইয়া প্রায় পাঁচ সহস্র নিরম্ম ঈরাণী সেনা নিহত করিল। অচিরে নাদের শাহ্ সংহার মৃত্তিতে তুর্গের বাহিরে আসিলেন ও কিছুদ্র পূর্বস্থে অগ্রণর হইয়া টাদনী চকের সমুখন্থ রওশন-উদ্দোলারে প্রস্তুত সোন্হেরী মন্জেদের চাতালে (স্বর্থ মন্জেদ) উপবেশন করিলেন। অল্লকণ চিন্তার পর নাদের শাহ্, ঐ ধর্মাগারে বসিয়াই তথা হইতে তাঁহার ইরাণী সেনাগনের প্রতি কাত্লে আমের (রমণী-বালক-বালিকা নির্বিশেষে সাধারণ নরহত্যার) তকুম দিলেন। নর ঘন্টা কাল মধ্যে দিল্লীর রাভায় রক্তের স্থোত বহিয়া গোল। শেষে নগররক্ষুকের তালিকা মিলাইয়া দেখা গেল বে নিষ্ঠুর পারশুপতির এই অমান্থযিক, নৃশংস অত্যাচারে দিলীর নগরবাসী বিংশতি সহস্ত নর-নারীকে প্রাণ বিসর্জন দিতে হইয়াছিল।

এই লোমহর্ণ অত্যাচারের পর, পারশ্ব সমাট ভারতের বহু ধনরত্ন বলপূর্বক সংগ্রহ করিয়া উট্র ও হন্তী-পৃষ্ঠে স্বীয় রাজধানীতে পাঠাইয়া দিলেন। ভারতবর্ষ পরিত্যাগের সময় নাদের শাহ্ বাদশাহকে সাভটী পারশ্ব দেশীয় ঘোটক ও করেকটি মণিমুক্তা-পূর্ণ থলি উপহার দিয়াছিলেন। এবং মন্ত্রীবর্গকে খেল্আত্ উপহার দিয়া হিঃ ১১৫২ সালের ৭ই সকর ১৭০৯ খৃষ্টাব্দের মার্চ্চ মাদে ভারত হইতে বিদার গ্রহণ করিলেন।

বিদারকালে পারশ্য স্থাট ভারতের অন্যন ৫০ কোর টাকা ম্ল্যের ছঃত্রাপ্য রত্বরাজীর সহিত, বাদশাহ্ শাহ্জাহানের প্রস্তুত এক কোর টাকার অধিক ম্ল্যের তথত তাউস (মন্র সিংহাসন) লইয়া গেলেন। (রোভ্য আলি লিখিত তওরারিথে হিন্দী ও খোশালটাদ লিখিত ভাজ্কেরা)।

নাদের শাহের বিদারের পুর্বেই বঙ্গের স্থজাউদ্দোলা, সমাট দরবারে বাঞ্চালার রাজস্ব স্বরূপ তুই ক্রোর টাকা ও ভিনশত হত্তী পাঠাইয়া দিয়াছিলেন।

দ্বাবিংশ সগ।

আলা-আ-দৌলা সর-আফ্রাজ খান।

এই ভীক্ন স্বভাবাপন্ন নওরাব পিতার মৃত্যুর সঙ্গে সংক্র মৃর্নিদাবাদের সিংহাসনে বসিলেন বটে, কিন্তু ভরে তিনি ত্র্গের বাহিরে আসিরা, পিতার ভ্রুম্নেষ্টিক্রিরার যোগদান পর্যন্ত করিতে পারেন নাই। পিতৃ আদেশ পালন করিয়া তিনি হানী আহম্দ, রায় রেইয়ান এবং জগং শেঠকে রাজ সভার তাঁহার প্রধান প্রধান ভিনজন সহকারী নিযুক্ত রাখিরাছিলেন। সঙ্গে সাঁহার নওয়াবী পদ নির্দাগ্যকরণ জন্ত দিল্লীর দ্রবারে রাজদৃত্য সহ বহু অর্থ প্রেরণ করিলেন।

মাতামহ মুরশিদ কুলির উদাহরণে নওরাব সর্ আফ্রান্ত, ধর্মার্থে অকাতরে অর্থ বিতরণ আরম্ভ করিয়া দিলেন ও কোরআন পাঁঠার্ণে রাজকীয় ব্যরে অনেক কারী (পাঠক) নিযুক্ত করিয়া রাখিলেন। নওয়াবের দেহরক্ষী স্বরূপ হুই সহক্র অস্বারোহী সর্বাঞ্চণ উাহার অধীনে প্রস্তুত থাকিত। নবীন নওয়াব অভিমাত্রায় আনোদ প্রিয় হুইলেও, পানদোষ ও নিষ্ঠরতা ভাঁহাকে, স্পর্শ করিতে পারেনাই।

সৰ্-আফ্রাজ, পার্খাধিপতি নাদের শাহ্ কর্ত্ক দিলীর ত্রাব্ছার বিষয় অবগত হুট্রা, তাঁহার নামান্তিত মৃদ্রা প্রচলন করিরাছিলেন ও মস্জেদে ঈরাণ স্থাটের নামে থোৎবা পর্যান্ত পড়িতে আদেশ দিরাছিলেন। কিছুদিন পরে শক্রপক্ষ স্থাট মোহাক্ষদ শাহের স্মীপে এই বিষয় উল্লেখ করিরা, মণ্ডরাবের বিকৃত্ত্ব দিলীখরের মত বিগড়াট্রা দিরাছিল। ক্রমে ক্রমে নওয়াবের সন্থাবহারগুলি অবসর মত তাঁহাকে পরিত্যাগ করিতে আরম্ভ করিল ও তাঁহার অসন্থাবহারের জক্ত জগৎ শেঠ এবং হাজী আহ্মদন্ত তাঁহার বিক্রছে হস্তোজ্ঞলন করিয়া, নভ্যাবের স্থলে সুযোগ্য আলিওয়াদ্দী থানকে বন্ধ-বেহার-উড়িয্যার শাসনকর্তা নিযুক্ত করিবার জক্ত দিল্লীর দরবারে প্রতিনিধি প্রেরণ করিলেন। হাজী ও জগৎ শেঠ, এই স্বোগে সর্-আফ্রাজ কর্তৃক নাদের শাহের নামে মৃদ্রা প্রচলন ও মস্জেদে খোৎবা পাঠের বিষয় উল্লেখ করিতেও ভূলেন নাই।

অমাজ্জিত বৃদ্ধি নওয়াব এই সময় তাঁহার উক্ত শক্রছরের মন্ত্রণায় মৃথ্য হইয়া, স্বীয় সেনাদলের মধ্য হইতে কিয়দংশ লোককে অনাবশুক্ত বিবেচনায় কর্মচ্যুত করিলেন। উহারা সকলেই পাটনায় গিয়া অবাদার আলিওয়ান্দী থানের সেনার তালিকায় নাম নিথাইল।

১৭৪ পৃষ্টাব্দে সমাট মোহাম্মদ শাহ, পররাষ্ট্র-সচিব এসহাক্ খানের মৃ্জিক্বতে, আলিওয়াদী খানকে বল-বেহার-উড়িয়ার শাসনকর। নিমৃক্ত করিয়া সনন্দ পাঠাইয়া দিলেন।

আলিওরার্লী স্বীর ভাষাতা জরেন্ আবদীনকে তাঁহার অমুপছিতি কালের জল, পাটনার তাঁহার নারেব নিযুক্ত করিয়া, সঠিবক্তে ম্রশিদাবাদ অভিম্বে বাত্রা করিলেন (১১৫২ হি: জিল্কদ)। এইরূপে তেলিরাগড়ি ও সিক্রি গলির শব্ধ অধিকার করিয়া আলিওরার্লী খান, তদীর ভ্রাতা হাজী আহ্মদকে সপরিবারে তাঁহার নিকট আদিরার জক্ত পত্র লিবিলেন।

পত্র নওয়াবের হন্তে পড়ার তিনি, হাজীর উপর সন্দিহান হইয়া হাজী আহমদকে ডাকিয়া, তাঁহার বিক্লছে বড়য়ত্র করার অভিযোগে, হাজীকে প্রাণদণ্ডের ভর প্রদর্শন করিলেন। প্রত্যুৎপন্নমতি হাজী আহ্মদ তাঁহার অভাবসিদ্ধ নক্সতার আতার লইয়া, এই গুরুতর বিষয়ে সম্পূর্ণ উদাসীক্ত প্রদর্শনে উত্তর দিলেন যে— "এই পত্তে তাঁহার কনিষ্ঠ প্রাতা আলিওয়াদীর কোনই কুঅভিনন্ধি প্রকাশ পাইতেছে না। যতাপি নওয়াব তাঁহাকে অহমতি দেন, তাহা হইলে হাজী স্বরং গিয়া আলিওয়াদী থানকে পাটনার পাঠাইবার বিধিমত চেষ্টা করিতে পারে।"

হাজী আহমদের এই প্রস্তাবে সন্তায় মতবৈধ উপস্থিত হইল। শেষে হাজীকে তাঁহার আতার নিকট প্রেরণ করাই নওয়াব সর-আফরাজ খান প্রশস্ত বিবেচনা করিলেন।

রাজমহলে হাজী আহ্মদ ভ্রাতার সহিত মিলিত হইলেন; এবং ,তাঁহোর প্রতিজ্ঞা মত তিনি কনিচ আলিওয়ালী খানকে পাটনার দিকে কিয়দঃর বাইতে উপদেশ দিলেন।

তালিকে নওরাব সন্দেহ পরবশ হইয়া আধনস্থ ফৌজনারগণকে ডাকাইয়া, তাহাদের সহিত সসৈকে ম্রশিদাবাদের ২২ মাইল উত্তরে গিয়া শিবির সন্ধিবেশ করিলেন। তাঁহার সৈতসংখ্যা অখারোচী ও পদাতিক লইয়া ত্রিংশ সহল্র হইয়াছিল, এতদ্ভিম যথেষ্ট কামানও ছিল। এই সমন্ত্র নের্বাবের গোলন্দার্জ সেনার নেতা হাজী আহ্মদের জনৈক দূর সম্পর্কীর আত্মীয় সাহ্রিয়ার থাকার, নওয়াব সর-আফরাজ থানের ভাহার উপরও সন্দেহ হইয়াছিল। স্থবাদার, সাহ্রিয়ারকে পদ্চাত করিয়া পশ্ব নামক একজন ভারতবাসী পর্জ্ব গীজকে ঐ পদে নিযুক্ত করিলেন।

১১৫০ হিজরীর ২২ মেংহার্রম তারিথে বক্ষের ব্দক্ষেত্রে গিয়া অবতীর্ণ হইলেন। নওয়াব তথা হইতে তুইজন দৃত প্রেরণে আলিওয়ার্দী পানের অভিলাষ জানিতে পাঠাইলেন। উত্তরে দৃত্সহ আলিওয়ার্দী থানের লোক মোহাম্বর আলি আসিয়া অবস্ত করাইল যে—

"নওয়াবের দরবার হইতে আলিওয়ার্গীনের করেকজন শক্রতে সরাইয়া দিলে, তিনি অয়ং নওয়াবের সনীপে উপস্থিত ইইবেন।" এইরপ সন্ধির প্রস্তাব চলিতে থাকা কালে সন্ধ্যার সময় আলিওয়ন্দী খান, উছার সেনাদলকে তিন ভাগে বিভক্ত করিয়া, বলেশরের সৈম্বগণকে তিন দিক হইতে আক্রমণ করিতে প্রস্তুত করিলেন। ভাের রাত্রে আলিওয়ানীর কামানের গোলা নওয়াবের শিবিরে পতিত হইয়া সর্-আফরাজ খানের নিজাভক্ষ করিল। নওয়াব উঠিয়া হন্তী আরোহণে তথন স্বীয় সেনাগণকে অহলান করিয়া, আলিওয়ানী খানের দিকে অগ্রসর কইতে লাগিলেন। এই সময় একটি বন্দুকের গুলি ললাট দেশে লাগিয়া, নওয়াব আলা-আ-দৌলা সর-আফ্রাজ থানের ভবলীলা নাম্ব করিয়া দিল।

হন্তীচালক নওয়াবের মৃতদেহ বহন করিয়া, নওয়াব-পুত্র মির্জা আমানির নিকট আনিয়া দিল। সেই রাত্রেই নওয়াবের দেহ নোক্রাথানিতে সমাধিত্ব হইল।

ত্রয়োবিংশ সর্গ

নওয়াব স্থজা-উল্-মূল্ক হেশামদ্বোলা মোহাম্মদ আলিওয়াদ্বী খান বাহাতুর মোহাকাৎ জঙ্গ

মিৰ্জ্জা আমানি ও ফৌজদার ইয়াসিন্ খান উভরে নগর রক্ষা করিবার ,১চষ্টা করিয়া, শেবে অক্তকার্য্য হইয়া, বিজেতার স্মরণাগত হইলেন।

যুদ্ধ বিজ্ঞারে সঙ্গে সঙ্গে তীক্ষবৃদ্ধি আলিওরাদী থান, লুঠন ভরে সইসজে নৃগর মধ্যে প্রবেশ না করিরা, রণজয়ী সেনাগণের অভাভাবিক উৎসাহ ও লুঠন পিপাসা কিয়ৎপরিমাণে দমিত হইবার আশায়, ছই দিবস রণক্ষেত্রে অবস্থানের পর হি: ১১৫০ সালের ১৫ সফুর তারিথে (১৭৪০ খু:) জাক-জমকের সহিত নগরে প্রবেশ করিলেন।

আলিওয়াদী স্ক্পপ্রথমে নওয়াব ম্রশিদ কুলি থানের ছহিতা ছভাগা স্ব্-আফরাজ-মাভা ভেয়াতুমেছা বেগমের ভবনে উপস্থিত হইয়া, একজন থোজা ছারা মিনতি সহকারে তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিলেন।

আলিওরাদ্ধী থান এই সমরে মৃত নওরাবের মাতার নিকট যেরপ নমতার সহিত, তাঁহার সকল অপরাধ শীকার করিয়া গুরুতর অপরাধীর ছার, তাঁহার ঘারস্থ হইয়া কমা ভিকা করিয়াছিলেন, ততদ্র বিনীত হইবার উদাহরণ রণ-বিজয়ী বীরের নিকট হইতে পাওরা দ্রের কথা, অহুগত ও পদানত ভূতাও নিজ দোর আলনের জন্ম, প্রভূর প্রতি প্রদর্শন করিতে পারে কিনা সন্দেহ।

গর্বিতা মুরশিদ-ছহিতা স্থালিওরাদ্দীর এই প্রার্থনার কোনই উত্তর

দিলেন না। আলিওয়ার্কী তথন অনক্রোণার হইয়া তথা হইতে হন্তী আরোহণে, নওয়াব স্ক্রাউন্ধীনের প্রস্তুত চেহেন্-সতুন প্রাসাদে গিয়া, বন্ধের মন্নদে উপবিষ্ট হুইলেন। এই সময় ভাগীর্থী তীরস্থ হুর্গ প্রাকার হুইতে কামান গর্জনে এবং তৎসহ উচ্চনাদে রণবাছ বাজিয়া, নব নওয়াবের অভিযেকবার্জা ধোষণা করিতে লাগিল।

এইরপে ছর্ভাগা সর্-আফরাজ থানের পিতা ও মাতামহ-সঞ্চিত রাশিক্ত ধনরত্ব সম্বনিত ধনাগার হত্তগত করিয়া আলিওয়ার্লী থান, দিলীরর মোহাত্মদ শাহের নিকট এক জোর টাকা নগদ এবং তৎসহ ৭০ লক টাকার রত্ব ও নানাপ্রকার বহুদেশভাত রেশনী বন্ধ ও মস্বিন আদি প্রেরণ করিলেন। সম্রাট তৎপরিবর্ত্তে তাঁহাকে ত্মজা-উল্-মৃল্ক হেশাম্-দেশলা উপাধিতে ভূষিত করিয়া, বঙ্গ-বেহার-উড়িয়ার৽ নওয়াব সাব্যস্ত করিয়া লইলেন। দিলীর্থর এই সঙ্গে নওয়াবের জ্যেষ্ঠ জামাতা নওয়াজেশ মোহাত্মদকে শেহাম্ব জন্ধ, মধ্যম সৈয়দ আহ মৃদকে সওলাত-জন্ম ও কনিষ্ঠ জায়েনউদ্দীনকে শওকাত জল (যুদ্ধে অজের) উপাধি দান করিয়াছিলেন।

অতঃপর বাদশাহের নিকট হইতে নওয়াব আলিওয়ার্দ্ধী থান, তাঁহার কনিষ্ট কছার পূত্র, নওয়াবের সর্বাপেকা প্রিয়পাত্র, মিজ্জা মাহ মুদের জন্ত "সেরাজ-দৌলা সাহ্-কুলি-থান বাহাত্র" উপাধি আনয়ন করিয়াছিলেন।

উপরোক্ত মর্যাদার উপযুক্ত পদোরতি আবশুক বিবেচনা করিয়া নওরাব, তাঁহার জ্যেষ্ঠ জামাতা নওরাজেশ মোহাম্মদকে, ঢাকার সহিত শ্রীহট্ট, ত্রিপুরা ও চট্টগ্রাম জেলাত্রের মিলিত করিরা, এই যুক্ত-রাজ্যের শাসনক্তা নিযুক্ত করিলেন। মধ্যম সৈরদ আহমদের জক্ত উড়িয়া বিভাগের শাসনকর্ত্তর দিতে স্বীকৃত হইয়া রহিলেন।

সর-আফরাজের স্থী ও তুই পুরের জক্ত ইতি নির্দারিত করিয়া দিয়া,

তাঁহাদিগকে ঢাকার পাঠাইরা দিলেন। মৃত নওরাবের বিধবা ভগ্নী নফিসা বেগম, সর্-আফরাজের মৃত্যুর পর ভূমিষ্ঠ তাঁহার লাভূপুর্ত্ত আকা বাবাকে লইরা নওরাজেশ্ মোহাম্মদের সংসারে থাকিতে স্বীকৃত হওরার, তাঁহাকে ঐ অল্লবয়স্ক কুমারসহ ঢাকার পাঠাইরা দেওয়া হইল।

এই সমন্ত বন্দোবন্ত করিয়া নওয়াব আলিওরাদা থান, অ্রাউদীনজামাতা মোরশেদ কুলিকে উড়িয়া ছইতে সরাইবার চেটা দেখিতে
লাগিলেন। মোরশেদ কুলি এই অবস্থা অবগত ছইয়া, দৃত প্রেরণে
নওয়াবের সহিত সদ্ধির প্রভাব করিয়া পাঠাইছেন। কিছু নওয়াব
তাঁহার অভাবসিদ্ধ নম্রভার সহিত মোরশেদ কুলি থানকে উড়িয়ার
মসনদ পরিত্যাগ করিয়া সপরিবারে রাজধানী ম্রশিদাবাদে চলিয়া আসিতে
অক্সমতি করিলেন।

নভরাবের পত্র পাইরা উড়িয়ার শাসনকর্তা তাঁহার আদেশমত কার্য্য করিতে স্বীকৃত হইরাছিলেন; কিন্তু তাঁহার স্বীদওরদানা বেগম এবং তাঁহার সভাসদগণ কোন মতে সম্মত না হইরা, মোরশেদ কুলি থানের ছারা বঙ্গেশবের নামে একধানি দান্তিকভাপূর্ণ পত্র লেথাইলেন। অভঃপর নওয়াবের সহিত যুদ্ধই স্থিরীকৃত হইল।

এই যুদ্ধাহবানের সংক্ষ সংক্ষ নওয়াব, তদীয় লাত। কাজী আহমদের উপর বন্ধ সিংহাসনের ভারার্গণ করিয়া, ঘাদশ সহস্র উৎকৃষ্ট আখারোতী সেনা সহ স্বয়ং উড়িয়া বিজয়ে বাহির হইলেন।

নওয়াবের আগমন সংবাদে মোরশেদ কুলি, আঁহার পরিবারবর্গকে যাবভীয় ধনরত্ব সহ বারাবৃট্টি তর্গে (এই তর্গ পরে ইংরাজ সৈম্ভ ১৮০০ সালের ১৪ই অস্টোবর তারিথে অধিকার করে) পাঠাইয়া দিয়া, সম্ভ সোনাগণের সহিত কটক পরিত্যাগে জ্বেম বালেশর পার হইলেন। তৎপরে পশ্চাতে নিবিড় অরণ্যসন্থল নদীদৈকত রক্ষা করিয়া, একটা উৎকৃষ্ট উচ্চ ছানে শিবির সন্নিবেশ করিলেন; এবং বস্থাবাসের সন্মুখে প্রার তিন সহস্র কামান রক্ষা করিলেন।

আলিওরাদী থান জ্রতগতিতে নদীকুলে আসিরা উপস্থিত হইলেন ও বিপক্ষ লিবির হইতে কয়েক মাইল দ্রে অবস্থান করিতে লাগিলেন। এই সময় উড়িয়া বিভাগের জমিদারগণ স্থবাদার মোরশেদ কুলি থানের বাধ্য থাকার, নওরাব-দেনাগণের জন্ম রসদ সংগ্রহে বিদ্ন ঘটিতে লাগিল। এই স্থানে থাত ক্রয় সংগ্রহের জন্ম বন্দেশরকে বড়ই বেগ পাইতে হইরাছিল। ক্রমে যথন এই অবস্থা স্থবাদারের দেনাগণ অবগত হইতে, পারিল; তথন তাঁহার সেনাপতি মির্জা বাকের খান, উৎকলপতির আদেশ প্রাপ্তির অপেকা না করিয়া সদৈক্যে নওরাবের শিবির আক্রমণ করিলেন। উভর পক্ষের মধ্যে বছক্ষণ ধরিয়া যোরতর যুদ্ধ চলিবার পর, শেষে বিজয়লক্ষী বিশেষরের ক্রোড়ে চলিয়া পড়িলেন।

ব্যোরশেদ কুলি থান ও তাঁহার জামাতা দলবল সহ বালেখরের দিকে সরিয়া পড়িছেন, এবং তথা হইতে অর্ণবিপোতারোহণে করমগুল উপকুলে মছলিপাটামে গিয়া তথাকার ফৌকদার আনওয়ারউদ্ধীন থানের নিকট আশ্র গ্রহণ করিলেন।

এই সময়ে রান্ধন্তেনপুরের রাজা কটকে সৈশ্ব প্রেরণ করিয়া, উৎকলেশ্বরের পরিবারবর্গকে নিজ আশ্রেজ লইয়া মহাজ্পত্বতা প্রদর্শন করিয়াছিলেন। পরে তথা হইতে বাকের থান, ত্র্ভাগা স্থবাদারের পরিবারবর্গকে লইয়া, তাঁহাদিগকে মোরশেদ কুলি থানের নিকট মছলিপাটামে পৌছাইয়া নিলেন।

আলিওয়ানী থান, তদীর ত্রাতুপুত্র ও জামাতা দৈয়দ আহ্মদকে
কটকের গিংহাসনে বসাইলেন। তৎপরে এরশিদাবাদে প্রত্যাবর্তন করিয়া

বাঙ্গালার উন্নতিকল্পে, সভাসদগণের সহিত পরামর্শ করিরা রাজকার্য্য নির্বাহ করিতে লাগিলেন।

শৈরদ আহ্মদ আদৌ শাসনকর্তার উপযুক্ত লোক ছিলেন না। তিনি অতিশর আমোদপ্রির ছিলেন, এবং সর্বন্ধণ স্থালোক লইরা আমোদ-আহলাদে রাজ-অন্তঃপুরে কালাতিপাত করিতে ভালবাসিতেন। তাঁহার মন্তর প্রদন্ত সেনাগণের মুধ-সমুদ্ধি ও তাহাদের নিয়মিত বেতন প্রদানের দিকে তাঁহার আদৌ দৃষ্টি না থাকার, তাহারা ক্রমশঃ তাঁহার যুদ্ধ বিভাগের কর্ম পরিত্যাগ করিতে আরম্ভ করিল। এই সকল উৎকৃত্ত দেনার স্থান তিনি অল্প বেতনে সম্ভূত্ত সপুর্ণ অবর্মণ্য বিশ্বাস্থাতক উৎকলবাসীদের দ্বারা পূর্ণ করিতে লাগিলেন। পরে ইহাই তাঁহার সর্বনাশের মৃণীভৃত করিণ হইল।

দৈয়দ আহ্মদের আচরণ ক্রমে স্কবিষয়ে অতিরিক্ত বিরক্তিকর হইরা উঠার, প্রজাবর্গ প্রাতন শাসনকর্তা মোরশেদ কুলি থানকে ফিরাইরা আনিবার চেষ্টা করিল। কিন্তু তিনি কটকের সিংহাসনে প্নরার্ড ইইরা, প্রবল পরাক্রান্ত বঙ্গেখরের সহিত বিবাদ করিতে স্বীকৃত ইইলেন না। শেহে সকলে বাকের থানের নিক্ট গিয়া উপস্থিত হওয়ায়, উক্ত সেনাপতি মির্জ্জা বাকের, আনন্দের সহিত তাঁহাদের প্রভাবে সম্মত হইয়া, সসৈক্তে কটকে আসিয়া পৌছিলেন ও অল্পকাল মধ্যে শাসনকর্তা সৈয়দ আহ্মদকে তাঁহার প্রসাদ মধ্যে বন্দি করিয়া, কটকের সিংহাসনে উপবেশন করিলেন।

এই সংবাদ শুনিয়া বন্ধেররের ত্রাতা হাজী আছ্মদ ও তাঁহার স্ত্রী, গুল্লের ভীবনের আশকা করিয়া, নওয়াব আলিওয়ার্দ্রী থানকে মির্জা ব্যক্তেরের সহিত সন্ধি করিয়া, পুত্র সৈয়দ আছ্মদকে উদ্ধার করিবার জন্ত অন্তরোধ করিলেন। এই সন্ধেকালী আছ্মদ নওয়ারকে ইহাও বুঝাইবার চেষ্টা করিলেন বে,—এই ব্যাপারের ভিতর দাক্ষিণাত্যের পরাক্ষান্ত হায়তাবাদের নেজাম বাহাত্রও আছেন; এবং তাঁহার বিরুদ্ধাচরণ করিলে, বঙ্গের সিংহাসন পর্যান্ত টলিবার সম্ভাবনা।

বীর শার্দ্ধিল আলিওরাদ্ধী থান প্রাতা ও প্রাত্তলায়ার উপদেশ বা অম্ব-রোধে কর্ণপাত করিলেন না। তিমি অচিরে সৈক্ত সংগ্রহ পূর্বক জামাতা নওরাজেশ্বে ম্রশিদাবাদের শাসনকার্য্যে নিযুক্ত করিয়া, স্বয়ং বিংশতি সহস্র অস্বারোহী ও পদাতিক সেনা সহ কটকের অভিমূথে বাজা করিলেন। আলিওয়ার্দ্ধী থান তাঁহার সেনাগণের উৎসাহ বর্জনকরে এই বিষয় প্রচার করিয়া দিলেন যে—তাঁহার জামাতা সৈয়দ আহ্মদকে থ্য ব্যক্তি অবক্রজাবহা হইতে উদ্ধার করিয়া আনিতে পারিবে, তিনি তাহাকে এক লক্ষ টাকা পুরস্কার দিবেন; এবং কোন সেনানী ভাহার সেনা সাহায্যে এই কার্য্য সম্পন্ধ করিলে, তিনি তাঁহার অধীনন্থ প্রত্যেক সেনাকে ছই মাসের বেতন উপহার দিবেন।

্বাকের থান, বলেশবের আগমন সংবাদ পাইয়া, মহানদীর কুলে শিবির সংস্থাপন করিলেন। তিনি এই যুদ্ধে পরাজর অবশুদ্ধাবী বিবেচনা করিয়া, স্থীয় পরিবারবর্গকে দাক্ষিণাত্যে পাঠাইয়া দিয়াছিলেন। এবং সেই সঙ্গে কত গাড়ীতে অবক্রম করিয়া তুইজন মোগল সেনার তন্তাবধানে সৈয়দ আচ্মদকেও পাঠাইয়াছিলেন। রক্ষিদ্ম সৈয়দের সহিত ঐ অবক্রম গাড়ীর মধ্যেই অবস্থান করিতে থাকিল।

বাকের থান ক্ষতের প্রহরীগণের প্রতি গোপনে আদেশ দিয়ছিলেন যে—শক্রর আগমন বছপি ক্রমে নিকটবর্তী হইয়া আইসে, তথন তাহারা বাহির হইতে সঙ্গীনের থোঁনায় সৈয়দ আহ্মদকে বধ করিবে; তাহাতে ক্রত মধ্যস্থ রক্ষিদরের প্রাণের হানির দিকে তাহারা যেন ক্রপেক্ষও না করে। ন ওয়াব আলিওয়ালী থান, বাকের থানের পরিথা মধ্যে প্রবেশ করিলে,
হর্বল মির্জা বাকের, সমস্ত ফেলিয়া পলায়ন করিল। বিজয়ী সেনাগণ
এত জ্রুত তাঁহার পশ্চাজাবন করিয়াছিল বে, অতায় কাল মধ্যে তাহারা
সৈয়দ আহ্মদের গাড়ীর নিকট গিয়া পোঁছিল। এই অবস্থা দর্শনে রুভের
অহাগামী সৈরুগণ, এক সঙ্গে বহু সঙ্গীন সৈয়দ বধার্থে গাড়ার মধ্যে প্রবেশ
করাইয়া দিল। সঙ্গে সঙ্গে একজন মোগল প্রহরী হত হইয়া সৈয়দের
গাত্রের উপর চাপিয়া পড়ায়, তিনি সৌভাগ্যক্রমে রক্ষা পাইলেন।
অপর প্রহরী আহত অবস্থায় কোন মতে পলাইয়া প্রাণ রক্ষা করিল।
দেখিতে দেখিতে নওয়াবের সেনাগণ আসিয়া পড়িয়া সৈয়দ আহ্মদকে
উজার করিল।

আলিও্রার্দ্ধী থান তাঁহার জানাতাকে পাইরা থোলতাআলাকে আজরিক ধন্তবাদ দিলেন ও জামাতাকে সত্তর তাঁহার পিতা মাতার নিকট মুরশিদাবাদে পাঠাইরা দিলেন।

ন ওয়াব তৎপরে পুনঃপ্রাপ্ত রাজ্যাংশের বন্দোবন্ত করিয়া দিয়া, জটুনক বহু-জ্ঞানলক কর্মচারী মোহাম্মদ মাস্তম্ খানকে উৎকল দেশের সিংহাসনে বসাইয়া, তথায় মাত্র পাঁচ সহস্র সেনা রাখিয়া দিয়া অবশিষ্ট সৈক্ত বিদায় দিলেন। তৎপরে কিয়দিবস ব টকে অবস্থান করার পর নওয়াব আলিওয়ার্দ্ধী খান, পথে শিকারের আনন্দ উপভোগ করিতে করিতে রাজধানী প্রত্যাবর্ত্তন করিতে লাগিলেন।

১৭৪২ খুটাব্দে মেদিনীপুরের সন্ধিকটে বস্তাবাসে অবস্থান করিতে থাকা কালে নওয়াব সংবাদ পাইলেন যে—

মোগল শাসনের ত্রলতা দর্শনে, হায়দ্রাবাদের নেলাম কর্তৃক উৎসাহিত হুইয়া, বেরারের রাজা রঘুজী ভোস্লা, তাঁহার সেনাপতি ভাস্কর পণ্ডিতকে বাজালার রাজস্বের চৌথ আদায়, করিবার চেটার প্রেরণ করেন। ভাস্কর পণ্ডিত সদলবলে জ্রুত গতিতে তাঁহার রাজত্বের দিকে অগ্রসর হন।
এই সময় নওয়াব যথন গুপ্তচর মুখে সঠিক সংবাদ পাইলেন যে—ভান্ধর
বেহারের দিক হইতে আগমন করিতেছে, তথন তাঁহার ততদ্র উৎকণ্ঠার
কারণ রভিল না।

কিন্ত হঠাৎ শক্রগণ আলিওরাদী থানের শিবিরের মাত্র ২০ মাইল দ্বে আসিরা পৌছিরাছে সংবাদ পাইয়া নওরাব, বর্জমানে আসিয়া নারহাট্টাগণের আক্রমণ প্রতিরোধ করিবার জন্ধ প্রস্তুত হইতে লাগিলেন। এই মহারাষ্ট্র দেশীর সেনাগণ দেশ জয়ের উদ্দেশ্যে বহির্গত হয় নাই। ইহাদিগকে চলিত কথার বগী বলিত: এবং লুঠনই এই বর্গীদিগের উদ্দেশ্য ও ব্যবসার ছিল।

নওরাব আলিওরাদী ধান উড়িয়া পুন: বিজয়ের পুর, মাত্র পাঁচ
সংল্ল সেনা নিজের সঙ্গে রাখিরা, অবশিষ্ট রাজধানীতে পাঠাইরা দিরাছিলেন এ এই অ্যোগে ভাস্কর রাও, তাঁহার এই অল্প সংখ্যক সেনাগণকে
স্থেরিরা ফেলিয়া নওরাবের এরূপ হর্দশা করিল যে—শেষে নওয়াব, এই
মারহাট্টা দফ্যগণকে দশ সহস্র মুস্তা দানে সম্ভুট করিবার অভিপ্রায়
জ্ঞাপনার্থে পৃত্ত প্রেরণ করিয়াছিলেন। কিছু ভাস্কর অ্যোগ ব্রিয়া
এক ক্রোর টাকা চাহিয়া বসিল ও নওয়াব শিবিরের চত্দিকের গ্রামসমূহ
অগ্রিদয় করিতে লাগিল।

আলিওরার্দী থান ভাস্করের প্রতাধ ঘণার সহিত প্রত্যাখ্যান করিয়া, তাঁহার এই সামাক্ত সেনাসহ কাটোরার দিকে অগ্রসর হইতে লাগিলেন। বিশাল মারহাট্টা বাহিনী সমুখ ও পশ্চাৎ হইতে নওরাবকে উত্যক্ত করিতে লাগিল মাত্র; কিছ সমুখ যুদ্ধে এই মারহাট্টা দস্মগণ কমিন্কালে অভ্যন্ত না থাকার, এত অধিক সেনা লইয়াও ভাস্কর, এই অভ্যন্ত সংথ্ক মোস্লেম সেনাকে আক্রমণ ক্রিতে সাহস করিল না

শেবে চতুর্থ দিবদে নওয়াব কাটোয়ায় পৌছিলেন। বর্গী দম্মাগণ ইতিপূর্বেই অগ্নিসংযোগে কাটোয়া নগর ধ্বংদ করিয়াছিল। তাহারা কাটোয়ায় প্রকাণ্ড প্রকাণ্ড ধান্ত ও চাউলের গোলা অগ্নিদম্ব করিয়া দিয়াছিল। কাটোয়ায় পৌছিয়া নওয়াব, ভাগীয়থী তীরে শিবির স্থাপন করিলেন। নওয়াবের আগমন সংবাদ পাইয়া, নওয়াবেদ্ মোহাম্মদ ভাগীয়থীয় পর পার হইতে অনেক দৈকুও রদদ লইয়া তাঁহার সহিত মিলিভ হইলেন।

এই অবহা দর্শনে ভাস্কর, বেরারে প্রভাবত্তন করিবার বন্দোবন্ত করিতে লাগিলেন। এমন সময় উড়িয়ার ভূতপূর্বে শাসনকর্তার সেনাপতি মীর হবিব, ভাস্কর রাওয়ের সচিত সটেশকে মিলিত হইয়া, ভাহাকে নওয়াবের রাজ্ধানী ম্রশিলাবাদ লুঠন করিবার জন্ত উৎসাহিত করিতে লাগিল।

মীর হবিব্ ১৭৪২ খৃষ্টাব্দের এপ্রেল মাদে, নওরাব আলিওয়ার্দ্রী থানের ম্রশিদাবাদে পৌছিবার পূর্ব্ধ দিনেট, রাজধানীর প্রান্তদেশে, ভাহার অধীনস্থ মারহাট্টা সেনার দারা লুঠন আরম্ভ করিয়া দিয়াছিল।
মীর হবিবের অধিনস্থ মহারাষ্ট্রীর দ্যাগণ, এই সময় প্রাসিদ্ধ ধনী ভগৎ
শেঠের ধনাগার লুঠন দারা ভিন লকাধিক টাকা আত্মাৎ করিল।

ন ওয়াবের আগমনের সজে সজে হবিব্ সরিয়া পড়িল। নওয়াব নগর রক্ষার জ্বন্ধ চতুর্দিকে পরিখা খনন করাইতে ও পুরাতন নগর প্রাকার স্বদৃঢ় করাইতে লাগিলেন। এই সময় শক্র পক্ষ স্থযোগ বুঝিয়া, সময় সময় কাটোয়া হইতে ভাগীরখী পার হইয়া আদিয়া, পালাশী, দাউদপুর প্রভৃতি গ্রাম সকল লুঠন করিয়া চলিয়া যাইতে লাগিল।

বর্ধাকালে ভারর পতিত, মীর হবিবের সাহাব্যে, হুগলী, হিজ্লী, বর্দ্ধান, বীরভূম, রাজমহল এবং মেদিনীপুর ও বালেশ্বর পথান্ত জেলা সম্হে

লুঠন আরম্ভ করিয়া দিল। এই সময় ভাগীরধীর দক্ষিণ পার্খের লোকের ত্রবছার অবধি ছিল না। ইংরাজেরা নওরাবের অফুমতি লইরা, কলিকাতার চতুস্পার্থে যে প্রশন্ত গড় কাটাইয়াছিলেন, তাহার নান মারহাট্টা ডিচ্ বলিয়া বছকাল পর্যান্ত লোকের মনে ভীতি উৎপাদন করিত। অহাবধি তাহার চিহ্ ছানে ছানে বিল্পু হর নাই।

ভাগীরথীর পশ্চিম-দক্ষিণ পার হইতে দলে দলে লোক ঐ সময় কলিকাভায় গিয়া, ইংরাজ কোম্পানীর নিকট পরিথা বেষ্টিত স্থানের মধ্যে আশ্রয় লইতে লাগিল।

নওরাব আলিওরাদ্রী থান বর্ধার শেষ হইতে না হইতে অস্টোবর মাসের প্রারম্ভে ত্রীর সেনাপতি মীর জাফর থান ও মোন্ডফা থানকে লইরা, নৌসেতু সাহায্যে ভাগীরথী উত্তীর্ণ হইরা, কাটোরার ভাষরের অধীনস্থ মারহাট্টা সেনাগণকে আক্রমণ করিলেন। সন্মুথ যুদ্ধে অনভিজ্ঞ তম্বর প্রকৃতির ভাস্কর রাও, এই উগ্রম্ভি স্থানিক্ষত মোগল সেনাগণের আগুগমনের সাড়া পাইরা, সেনাগণের বস্ত্রাগার ও তৎসহ তাহার নিজ ও সেনাগণের যাবতীর আবশুকীর ক্রয় ফেলিরা পলায়ন করিল। নভরাবের কতকগুলি সেনা ভাস্কর রাওরের পশাদোবন করিল। এই সমর মীর হবিবের পরামর্শে ভাস্কর, বিষ্ণুপুরের অরণ্য মধ্যে আত্মগোপন করিয়া প্রাণে

অতঃপর গোপনে থাকিয়া ভাষর, স্থীর ছত্রভঙ্গ সেনাগণকে মেদিনীপুর জেলার চল্রকোনার নিকট পুন: সংগ্রহ করিয়া, কটকের মধ্য দিয়া অগ্রসর ছইবার কালে, তথাকার শাসনকর্তা মাস্ম থান, তাঁহার অত্যন্ত্র সংখ্যক সেনা লইয়া, অমিততেজে এই মারহাট্টা বাহিনীকে আক্রমণ করিলেন ও ভাষাদিগকে প্রায় ধ্বংস করিয়া ফেলিবার সমরে, দৈব-নির্কন্ধ বশতঃ স্বয়ং নিছত হইলেন। বঙ্গের এই সংবাদ পাইয়া, পুনরায় মেদিনীপুরের অভ্যন্তর দিয়া
আসিয়া ভাস্কর রাওকে আক্রমণ করিলেন ও তাহার বিশুর দৈয় ধ্বংস
করিলেন। ভাস্কর পূর্ণ বেগে নিজের দেশের দিকে পলায়ন করিল।
আনম্ভর আলিওয়াদ্ধী খান আব্দর রম্মল খানকে কটকের সিংহাসনে
বসাইয়া, বিজয়ী দৈয়গণ সহ রাজধানীতে প্রভাবর্ত্তন করিলেন।

পর বৎসর ১৭৪০ গৃষ্টাব্দে রঘুজী ভেঁল্লা ন্তন সেনাবলে বলীরান্ হইয়া, বাজলায় প্রবেশ করিলেন। অপর দিকে পুনা হইতে বালাজী রাও, অধীনস্থ মারহাট্য সেনা লইয়া, সমাটের তর্ম হইয়া, আলিওয়ার্লা থানকে বেরারের মহারাষ্ট্রীয়গণের বিজক্ষে সাহায্য করিবার ভালে, বেহারের মধ্য দিয়া আসিয়া ভাগীরথীর তীরে অবস্থান করিতে লাগিলেন। রঘুজী ভোঁস্লা বীরভ্য ঘ্রিয়া আসিয়া, বর্দ্ধনানের সন্নিকটে শিবির স্থাপন করিলেন।

নওরাব, বালাজী রাওরের সহিত সাক্ষাৎ করিয়া, পরে উভয়, সেনাসহ একযোগে রযুজার বিরুদ্ধে যাত্রা করিবেন এইরূপ মনস্থ করিলেন। কৃষ্ণ বালাজী রাও নভরাবের অপেক্ষা না করিয়া, নিজ সেনা সইয়া বেরার সেনাগণকে আক্রমণ করার, বেরার রাজা রঘুজী তাঁহার সেনাপতি ভাস্কর পণ্ডিতের পথ প্রদর্শনে, সটান সেনাসহ স্বরাজ্যাভিম্থে পলায়ন করিতে লাগিলেন। এই সময় এই উভয় দলের মহারাষ্ট্রীয় দম্যা সেনাগণের উপদ্রেবে বাঙ্গালার শার্মিগুপ্রির প্রজাবর্গকে বড়ই বিশার হইরা পড়িতে হইয়াছিল।

পর বংসর ১৭৪৪ খৃষ্টাবে পুনরার রঘুজী ভোঁদ্লা, সেনাপতি ভার্মর পণ্ডিতকে বেরার হইতে বিংশতি সহস্র নারহাট্টা অধারোহী সহ বাজালা জরে প্রেরণ করিলেন। নাওয়াব এই মারহাট্টা দলপতির পুনরাগ্মনের সংবাদ পাইয়া, কাজধানী হইত্যে দশ মাইল দ্বে মোন্কিয়া নামক ন্থানে দৈক্ত সহ অবস্থান করিতে লাগিলেন। নওরাব আলিওরার্দ্ধী থান এইবার এই মহারাষ্ট্রীর ভস্করগণের উপর ওতদূর রাগিরা গিরাছিলেন যে— তিনি স্বীর আতৃস্পুত্র দৈরদ আহমদ্ ও জাফর থান এবং ফকির উলা বেগ ধারা, অভার যুদ্ধে ভাস্কর পণ্ডিত ও তাহার সহচর উনবিংশতি জন সন্দারকে হত্যা করিতে কুন্তিত হন নাই।

শেষে ভাগীরথী পার হইরা মোস্লেম সৈত্রগণ, সেনাপতি রঘুজী গার-কাঘারের অধীনস্থ বেরারে, মারহাট্টা অখারোহীগণকে কাটোরার নিকট আক্রমণ করিল। গারকোরার, প্রধান সেনাপতির মৃত্যু সংবাদে ভগ্ন স্থান করিয়া, নত্তরাবের সেনাগণের ভাবি আক্রমণের ভয়ে, এই সময় হইতে ডেরাডাণ্ডা তুলিয়া পলাইবার উৎ-যোগ করিতেছিলেন। হঠাৎ দ্র হইতে মোস্লেম সেনাগণের দর্শন পাইয়া মারহাট্টাগণ ভয়ে সমস্ক রণ-সম্ভার পরিত্যাগ পুয়ক ক্রতবেগে পলায়ন করিয়া আত্রক্ষা করিল।

এই মুমর নওয়াবের লাতা হাজী আহমদ্, স্থানীর ফৌজদারের পদপ্রার্থী হুইয়া উচা না পাওয়ার, আলিওয়ার্দ্ধী থানের উপর অসম্ভ্রেট হুইয়া পাটনার চলিয়া গেলেন। হাজী আহমদের পুত্র সৈমদ আহ্মদ, কটক হুইতে প্রত্যা-বর্ত্তিত হুইয়া আসা পর্যান্ত ছগলীর ফৌজদারী কার্য্যে নিযুক্ত ছিলেন। তিনি স্থীয় আবাস স্থান স্থরক্তিত করিবার জক্ত, ভাগীরথী তীরে আম্মাণিক বে একশত একর জমি, গভার বিস্তৃত পরিথা বেষ্টিত করিয়া ভন্মধ্যে রাজপ্রাসাদ প্রস্তৃত করিয়াছিলেন; উক্ত স্থপশত্ত গড়ের শিক্ত অভাবিধি হুগলী জেলথানার উত্তরে ও পোষ্ট অফিসের পার্থে দৃষ্ট হয়; এবং গড়ের পর বে ইষ্টক নিম্মিত স্থান্ত প্রাতীর ছিল, তাহা ভয়াবস্থায় এখনও স্থানে স্থানে বর্ত্তমান আছে।

ন্তরাব বৈদেশিক শক্ত নিপাত ও বিতাজিত করিয়া, এক্ষণে বিগিগণ কৃত গলার পশ্চিম পার্যন্তিত উচ্ছিম ভূতাগগুলীর উদ্ধারের চেষ্টার মননিবেশ করিলেন। কিন্তু হঠাৎ তাঁহার নিজ রাজত্ব মধ্যে এক প্রবল অঞ্চানিলের অভ্যুত্থান হটয়া, তাঁহার এই সদভিসন্ধি বার্থ করিয়া দিল।

নওয়াবের প্রধান সেনাপতি মোন্ডফা থান, তুর্কৃত বর্গীদদ্দার ভাস্কর হত্যার একজন প্রধান সহার ছিল; এবং এই তৃ:সাহসিক কার্য্যে কৃতকার্য্য ছওয়ায়, নওয়াব সেই সময় মোন্ডফা থানকে, তাঁছার অধীনে বেহারের শাসনকর্ত্ব প্রদান করিতে স্বাকৃত হইয়াছিলেন। সেই সময় বেহার প্রদেশ, তাঁহার ভামাতা ও লাতু-পুত্র জয়েন-আবদীনের হন্ডে ছিল।

সেনাপতি মোন্তফা, প্রভূত্ব্যঞ্জক ভাব প্রদর্শনে বন্ধেররের নিকট তাঁহার অঙ্গীকৃত অবাদারের পদ প্রার্থী হওয়ার নওয়াব আলিওয়াদী থান, অধীনস্থ সেনাপতির ব্যবহারে স্বীয় মর্য্যাদার লাঘব হইল বিবেচনাকরিয়া, দৃঢ্তার সহিত ভাহাতে অস্বীকৃত হইলেন। এই হইডেই উভয়ের স্বোধা মনোমালিয় ও শক্তবার স্বল্পাত হইল।

শেষে সেনাপতি মোন্ডফা, নওয়াবের চাকুরি এন্ডেফা দিবার, আবেদন করিয়া, তৎসহ নওয়াবের সরকার হইতে, তাঁহার নিজের ও অদ্বীনস্থ সেনাগণের প্রাণ্য বেতন ১৭ সতর লক্ষ টাকার এক ফর্দ্দ দাখিল করি-লেন। বন্দেশ্বর আলিওয়ার্দ্দী থান কাল বিলম্ব না করিয়া সেনাপতির দাবিকৃত সমস্ত টাকা পরিশোধ করিয়া দিয়া, মোন্ডফা থানকে সঙ্গে সঙ্গে ভাঁহার রাজত পরিত্যাগ করিবার আদেশ প্রদান করিলেন।

মোন্ডফা থান আট সৃহত্র ক্ষারোহী ও বহু পদাতিক সেনা সঙ্গে শইরা বেহারের দিকে যাত্রা করিল। নওরাব স্থীর জামাতা জয়েন-আবদীনকে. বিজ্ঞোহী মোন্ডফার সহিত সমূথ-যুদ্ধে প্রবৃত্ত হইতে নিষেধ করিয়া পত্র প্রেরণ করিলেন। অচিরে বঙ্গেশ্বর তাঁহার অপর ভাতুপুত্র নওরাজেস্কে মুরশিদাবাদে রাধিরা, স্বরং সেনাপতি সরদার থান, রহিম খান ও শমশের থান সম্ভিব্যাহারে বেহারের রাফ্লগানী পাটনা অভিমুথে গমন করিলেন। মোন্তকা রাজ্মহল ও মুক্তের হইরা, সহজে পাটনা অধিকার করিবার উদ্দেশ্যে সেই দিকে অগ্রসর হইতে লাগিল। পাটনার শাসনকর্তা জরেন-আবদীন এই সংবাদ পাইরা মোন্ডফা থানকে এই মর্গ্যে, একথানি পত্র লিখিলেন—

"বছাপি সেনাপতি সিংহাসন অধিকার করিতে আসিয়া থাকেন. তাহা হইলে নওয়াবের বা দিল্লীখরের সনন্দ প্রদর্শন করুন। আর যদি বেনারস বা অবোধ্যার দিকে যাওয়া তাঁহার অভিপ্রেত হয়, তাহা হইলে তিনি রাজধানির মধ্যবর্ত্তী গ্রাপ্ত ট্রান্ক রোড ভিন্ন অপর পথ দিয়া বিনা বাধার অগ্রসর হইতে পারেন।"

দান্তিক বিজোহী মোন্ডফা, পত্র পাইরা কচ্ছরে উত্তর দিল যে— "বীর ভোগ্যা বস্থারা। সনন্দের কোনই আবিশ্রকতা নাই। এবং প্রেরক্তার খুল্লভাত আলিওয়াদ্দী খান, কোন সনন্দবলে নওরাব সর্আফ্ রাজ খানফ্লে বধ করিরা বৃদ্দেশ অধিকার করিয়া ছিলেন।"

ক্লানে-আবদীনের অখারোচী সেনা সংখ্যার পাঁচ সহস্রের অধিক না থাকা সন্ত্বেও, তিনি এই প্রগল্ভ প্রত্যুত্তরে ভয়োৎসার চুইলেন না। ইতি মধ্যে শক্রু সেনা ক্রুতগতিতে আসিরা তাঁহার শিবির আক্রমণ করিল। হঠাৎ এই আক্রমণে জরেন-আবদীনের দেহরকী সেনা মাত্র পাঁচ ছয় শত ব্যতীত, তাঁহার অপর সমৃদর সৈম্বই তাঁহাকে পরিত্যাগ করিয়া পলায়ন করিল।

শোগুকা থান এই অত্যন্ন সংখ্যক সেনাগণকে, তাহার বাহিনী লইরা জীবন বেগে আক্রমণ করিলেন। এই সমর জরেন-আবদীনের দেহরক্ষী সেনা-নিক্ষিপ্ত বন্দ্রের গুলিতে মোগুফার হত্তীর মাহত নিহত হওরার ও তৎসকে তাহার অধীনস্থ হুইজন পদস্থ সেনানী সাজ্যাতিক আহত হওয়ার, সেনাপতি হন্তী-পুঠ হুইতে অবতর্গ করিয়া অধারোহণ করিলেন এদিকে তাঁহার সেনাগণ হাওদা শৃষ্ণ দেখিরা সেনাপতির মৃত্যু কল্পনা করিয়া, ভরে ইতন্তভ: বিশিশু ংইরা পড়িল ও ক্রমে সকলেই বস্থাবাসের দিকে পলাইতে লাগিল।

শ্বাদার জয়েন-আবদীন, তাঁহার সামাক্ত সেনা লইয়া শক্রর
পশ্চাজাবন করা আয়োজিক বিবেচনায়, স্বীয় সরহদের বাহিরে গেলেন
না। এদিকে স্ববাদারের পলায়িত সেনাগণ শক্ত সৈক্তের অবস্থা দর্শনে,
ক্রেমে প্রাতন ম্নিবের পতাকাষীনে সমবেত হইতে আয়স্ত করিল। অতঃপর সাতদিন ধরিয়া দ্র হইতে কামানের মৃদ্ধ চলিতে লাগিল। অষ্টম্
দিনে সেনাপতি মোত্তকা থান, বেহার রাজকে পূর্ণ উৎসাহে পুনরায়
আক্রমণ করিলেন। কিন্তু এই দিন যুদ্ধের প্রারম্ভেই মোত্তকার একটা
চক্ষে তীর বিদ্ধ হওরায়, তিনি পশ্চাৎপদ হইতে বাধ্য হইলেন।

এই সময় বজেশর আলিওয়াদী থান, সসৈতে গিয়া লাভুপ্লের সহিত মিলিভ চইলেন। তৎপরে উভয় সেনা একত্রে মিলিয়া মোড্ফা ধানকে আক্রমণ করার মোড্ফা পলাইয়া গিয়া, অযোধ্যার নওয়াব সফ্লার ফলের আশ্রয় গ্রহণ করিলেন। এই সময় অযোধ্যাধিপতি, সেনাপতি মোড্ফা ধানকে, তাঁহার অধিকত সুরক্ষিত চুনার চুর্গে স্থান দান করিয়াছিলেন।

আলিওরার্নী খান পুনরার সফ্দার জন্মের কোপানল প্রজ্ঞানিত করিবরে ভরে, আর বিজ্ঞোহীর পশ্চাদাবন না করিয়া পাটনার প্রত্যাবর্ত্তন করিলেন।

পাটনার পৌছিবার পর নওয়াব সংবাদ পাইলেন বে—মারহাটা রঘুতী স্থোসলা, মোন্ডফার আশার উৎসাহিত হইয়া, ভাস্কর পণ্ডিত ও তাচার সহকারীগণের হত্যার প্রতিশোধ লইবার জন্ত, বহু সংখ্যক সৈক্ত সমজিব্যাহারে ক্রন্ত গতিতে বাজালা অভিমূবে অগ্রসর হইভেছেন। এই সংবাদ পাইয়া নঞ্জাব কাল বিশ্বম্ব না করিয়া,পাটনা পরিত্যাগে মুরশিদা- বাদে গিয়া পৌছিলেন। তথা হইতে বেরার রাজকে কালক্ষর করাইবার উদ্দেশ্যে, আলিওরার্দ্ধী নানা ছলের উদ্ভাবন করিয়া, তাঁহার নিকট দৃত প্রেরণে তাঁহাকে তুই মাস কাল বর্জমানে অবস্থান করাইতে কৃতকার্য্য হই-লেন। এই সময়ে নওরাব সংবাদ পাইলেন যে—জগ্দীশপুরে তাঁহার আতৃপুত্র জয়েন-আবদীনের সহিত বুদ্ধে মোন্তকা খান, বন্দুকের গুলিতে নিহত হইরাছেন।

১>৫৮ হিজরীর শীত ঋতুর প্রারম্ভে নওরাব আলিওরার্লী খান, বর্গী শক্রগণের সহিত যুদ্ধালিকনে মিনিত হইবার কক্ত আবার অগ্রসর হইলেন। রঘুকী, বলেখরের আগমনে ভীত হইরা বেহারে পলায়ন করিয়া, মৃত্র মোন্ডকা থানের প্রত্র মোন্ডকা থানের অ্যানন্থ বিক্রোহী সেনাগণের সহিত মিলিত হইবার চেষ্টায়, তাহাদের অদেষণে বেহারের পার্বভার দেশে লুকাইয়া বেড়াইতে লাগিলেন। এদিকে আলিওরার্দ্ধী থান বাকিপুরে অসিয়া, তথায় সমৈক্তে শিবির সমিবেশ করিয়া শক্রর প্রতীক্ষায় বিসয়া রহিলেন। কিন্তু এই সময় মারহাটাগণ আবার শোন নদী পার হইয়া মীর হবিবের অধীনস্থ পাঠানগণের সহিত মিশিয়াছে অবগত হওয়ায়, বক্রাফ মোহেবল পুরে চলিয়া গেলেন।

এই স্থানে বিদ্রোহী পাঠান ও রঘুদ্দীর সমিণিত শক্তির সহিত নওরাবের করেকটা ওও্যুদ্ধ হইয়া গেল। কিন্তু সকল যুদ্দেই শত্রুপক্ষ পরাঞ্জিত হইল। শেষ যুদ্ধে বর্গী সেনাপুতি ও রাজা রঘুদ্দী ভোঁস্লা, বন্ধীয় সেনা কর্ত্ব পরিবেষ্টিত হইয়া প্রায় বন্দি হইয়াছিলেন; কিন্তু সেই সময় নওরাবের বিখাসঘাতক পাঠান সেনানী শন্শের খান ও সন্দার খান, বেরার রাজকে বাঁচাইরা দিল।

এইবার রঘুজী, মীর ধ্বিবের পরামর্শে ক্রত্যতিতে ফিরিয়া আসিয়া, মুরশিদাবাদের দিকে অগ্রসর হইতে লাগিলেন। কিন্ত আলিওয়ার্দী থান তাঁহার পশ্চাদ্ধাবন করিরা, তাঁহাকে আর ভাগীরথী পার হইতে দিলেন না। পরে কাটোরার নিকট যুদ্ধে মহারাষ্ট্রীর গণকে সম্পূর্ণরূপে পরান্ত করিরা ও বিপক্ষের বহু সেনা ধ্বংস করিয়া, অবশিষ্ট সেনাগণকে মেদিনীপুর অঞ্চলে বিতাড়িত করিয়া দিলেন।

পূর্বের উল্লেখ করিয়াচি যে—বিশ্বাসবাতক সর্দার খান ও শম্শের থান নামক নওয়াবের ছুইখন পাঠান সেনানীর সাহায্য বাতীত. মোংকলপুরের যুদ্ধে রঘুলী কিছুতেই রণম্বল হইতে পলায়ন করিতে কুতকার্য্য হইতেন না। তীকুবুদ্ধি শোলিওরাদ্ধী থান সেনানীবরের চাত্র্যা সেই সময়েই বুঝিতে পারিয়াছিলেন। কিছু বর্গী শত্রুগণকে বিভাজিত ना कदा भगान जिल्ला अहे दिवास मन्त्र केमामीन श्रमनंत कदिया आमिया, উহাদিগকে আর যুদ্ধকার্য্যে ব্যাপত না রাখিরা, ভগবান গোলা ও মুর্দ্ধিলা-বাদের মধ্যবর্ত্তী বে পথ দিয়া পদ্মার পূর্ব্ব-উত্তর দিকে অবস্থিত ভূভাগ হইতে ब्रांक्यांनीटल बांक्सवा ७ क्रमन चामनानी ३ठेल, त्मरे भटब नुर्धन निवादबाटब নিবৃক্ত করিয়া দিলেন। তৎপরে যথন নওয়াব দেখিলেন যে—উক্ত সেনানী-ছয়ের অসাবধানতা বা চরভিদ্দ্ধিতে করেক বার ঐ পথে সরকারি বসদ লুষ্ঠিত হইল, তথন তিনি প্রকাশ্যে তাহাদিগকে পদচাত করিয়া, ঐ কার্য্যে ত্রাভূপুত্র সৈমদ আত্মদকে নিযুক্ত করিলেন। অচিরে সৈয়দ আক্মদ রখুকীর লিখিত, উক্ত পাঠান সেনানীব্রের নামের পত্র ধরিয়া ফেলিয়া ন ওয়াববে দেখাইতে কৃতকার্য, হইলেন। নওয়াব আলিওয়ার্কী থান. তাঁচার মহান হাদরের পরিচর দিয়া, বিখাস্থাতক্তরের প্রতি অক্স কোন কঠোরতর শান্তির বিধান না করিরা, তাহাদিগকে বন্দদেশ পরিত্যাগ করিয়া নিজ বাসস্থান দারভাষার সত্তর প্রত্যাবর্তনের আদেশ দিলেন।

১৭৪৬ খুটাব্দে নওয়াব, মহা সমারোহের সহিত জয়েন-ভাবদীনের পুত্র, তাঁহার প্রিয় দৌহিত্র ,সিরাকউদৌণা মিজা মাহ্মুদের বিবাহ দিলেন। এই বিবাহে জাতি-ধর্মনির্বিশেষে রাজধানীর সমস্ত লোককে এক মাস কালাবধি সরকারি থরচায় পরিতৃষ্ট করিয়া থাওয়ান হইয়াছিল। রাজ্যের প্রধান প্রধান অন্যন চ্ই সহস্র রাজকর্মচারীকে নওয়াব, বহুমূল্য থেল আৎ দানে সম্মানিত করিয়াছিলেন। এই বিবাহের সমারোহ, শোভাষাত্রা ও আলোকমালার জাঁকজমকের বিষয় বাজালায় লোকমুথে অনেকদিন পর্যান্ত শুত হুইত।

মারহাট্টাগণকে মেদিনীপুর অঞ্চল হইতে বহিন্ধত করিয়া দিবার জক্ত নওয়াব, বিশ্বাস্থাতক মীরজাফরকে ঐ অঞ্চলের সেনাপতি নিযুক্ত করিয়া পাঠাইলেন; এবং ঐ সঙ্গে তাহাকে হিজলা ও মেদিনীপুরের সামরিক্ত শাস্নকর্ত্তা ও ফৌজদারী পদের সনন্দ দিলেন। মীর জাফর মেদিনীপুরে গিয়া বিলাসীতার অল ঢাগিয়া দিয়া, বসিয়া রহিল। ইত্যবসত্বে বেরার রাজপুত্র জানোজী ভেঁস্লা, নৃতন সেনা লইয়া কটকে উপস্থিত হইল। এই সময় মীর জাফর উহাদিগকে আক্রমণ করা দ্রের কথা, নিজে বর্দ্ধমানে পলাইয়া আত্মগোপন করিল। শক্রণক্ষ সেনাপতির এ হেন বীরজ দর্শনে, পশ্চাৎ হইতে ক্রতবেগে আসিয়া জাফরের সেনাগণকে আক্রমণ করিয়া, তাহার অনেকগুলি হন্তী ও যুদ্ধ সন্তার হন্তগতে করিয়া লইয়াছিল।

এই অবস্থা ন'ওয়াবের কণগোচর হওয়ায় তিনি, অকর্মণ্য সেনাপতি
মীর জাফরের স্থানে জনৈক আতাউলাহ কেপাঠাইয়। দিয়া, স্বয়ং আবস্তক
মতে তাঁহার সাহায্য করিবার অভিপ্রায়ে অগ্রসর হইতে লাগিলেন।
আতাউলাহ্ বর্জমানে পৌছিয়া বর্গিগণকে দেখিতে পাইলেন ও সন্মুধ্
যুদ্ধে তাহাদিগকে পরাস্ত করিলেন। কিন্তু এই সময় তাঁহার অধীনস্থ
মীর আলি আসগর নামক একজন সেনানী, ভবিষ্যতের সমস্ত অভিজ্ঞতা
লাভ করিয়াছে এইরূপ ছল করিয়া, সেনাপ্রতির নিকট আসিয়া—ভিনিই

অভঃপর বাজঃলার স্বাধীন নওয়াব হইবেন—বলিয়া আতাউল্লার মন্তক বিগ্ডাইয়া দিল।

সেনাপতি, আলি আদ্গরের ভবিশ্বং বাণীতে উৎসাহিত হইরা, মীর-জাফরুকে বেহার থণ্ড দান করিবেন প্রবোজন দেখাইরা, তাহাকে হন্ডগত করিবার চেষ্টা করিতে লাগিলেন; এবং উপযাচক হইরা তাহার সহিত বন্ধুস্বস্থাত্রে আবদ্ধ হইলেন।

এই শুপ্ত সংবাদ নওয়াবের কর্ণগোচর হওয়ায় তিনি, সেনাপতিছয়ের
নিকটে আগমন করিলেন। আতাউল্লাহ্ তাহার অধীনস্থ মীর আলি
মান্গরের জন্ত, এক সংশ্র অখারোহীর অধিনায়কের পদপ্রার্থী হওয়ায়,
নওয়াব অবজ্ঞার সহিত তাহার প্রতাবে অসমত হইলেন। তৎপরে
নওয়াব আলিওয়ার্কী; মীর লাফরকে সেনাপতির পদ হইতে অপসারিত
করিয়া, তাহাকে রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিতে অমুমতি করিলেন;
এবং আতাউল্লার অধীনস্থ সেনা লইয়া, শ্বয়ং মারহাট্টা দ্বাগুগণকে
সম্পূর্ণরূপে বিধ্বস্ত ও বিতাড়িত করিয়া দিলেন।

জানোজী, বজীর সেনাগণ কর্তৃক পরাজিত ও বিতাড়িত হইরা, সীর পিতার পূঠনবৃত্তির পদ্ধতি অবলয়নে রাজধানী পূঠন করিবার অভিপ্রারে, গোপনে ম্রশিদাবাদ অভিম্থে অগ্রসর হইতে লাগিল; কিছ বখন জানিতে পারিল যে বক্ষের তাহার কুঅভিসন্ধি বৃথিতে পারিয়া, তাহার অফ্সরণ করিতেছেন; তখন দ্যা সন্ধার্ম জানোজী ভোঁস্লা পলাইয়া গেল।

বর্ণার শেবে নওয়াব বৃণিগণকে তাঁহার রাজত্ব হইতে সম্পূর্ণরূপে তাড়াইয়া দিবার কল্পনা করিতেছেন, এমন সময় আমিন গঞ্জে অবস্থিতি করিতে থাকা অবস্থার, তাঁহার প্রাতৃম্পুত্র জরেন-আবদীনের ও প্রাতা হাজী আহ্মদের হত্যা, এবং সঙ্গে সঙ্গে পাঠান সন্ধার শম্শের খান ও সর্গার থান কর্তৃক বেহারে রাজজোহের সংবাদ পাইলেন।

ইতিপূর্কে জ্বরেন আবদীন দারভাগার উক্ত বিক্রোহীন্বরের ক্রনোর্মতির অবস্থা দর্শনে জীত হইরা, তাহাদিগকে স্থীর সৈক্ত বিভাগে নিযুক্ত করিরা রাখিবার জক্র বন্ধেরের অন্ত্র্মতি প্রার্থনা করিয়াছিলেন। নওয়াবও সকল দিক দেখিরা, এবং এই কঠিন সমরের অবস্থা বিবেচনা, করিয়া অনিচ্ছার সহিত বেহারের শাসনকর্তার এই প্রভাব অন্ত্রমাদন করিয়াছিলেন। তাহার ফলে ১১৬১ হিজরীর জিলকদ মাসে বিশ্বাসঘাতক্ত্র, দারভাগা পরিত্যাগ করিয়া অ্বাদারের নিকট গিয়া, নরহন্তা মোরাদ খার ঘারা জ্বরেন আবদীনকে হত্যা করে। তৎপ্রে হাজী আহ্মদকে বন্দি করিয়া, তাহার ধনরত্ব অপহরণ-করে, এক সপ্তাহ যাবৎ অমান্থ্রিক যন্ত্রণ, দিয়া তাঁহার প্রাণ বধ করে। শেষে বিজ্ঞোহীব্র বঙ্গেশ্বরের কন্ত্রা, জরেন আবদীনের প্রী আমেনা বেগমকে কারাক্র করিয়া রাখে।

চতুদ্দিকের এই মহা বিপদ-জালও তেজন্বী বৃদ্ধ নওরাব আলিওরাদ্ধী থানের মানুসিক বল থর্জ করিতে পারে নাই। নওরাব অসীম সাহসিকতা এবং ,তৎসহ পুরুষোচিত দৃঢ়তা ও মনন্ধিতার সহিত একদিকে বর্গীর হাঙ্গামা, অপর দিকে লাভা-ল্রাতৃম্পু জ্রের নিদারুণ হত্যা ও তৎসহ কন্তার অবমানাহ কারাবাসের সংবাদ, অবিচলিত হৃদরে গ্রহণ করিয়া, এই সীমাধীন বিপদ ও তৃভাগ্যের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন।

এই সমর মার্থাটা দত্যগণ বর্জমান পর্যাপ্ত অগ্রসর হইরা আসিরাছিল।
কিন্তু নগুরাব দেখিলেন যে সন্মুখ-যুদ্ধাতকগ্রন্ত মহারাষ্ট্রীর তন্ত্রগণকে
তাড়াইতে পেলে, বেহারের অবস্থা ক্রমেই শোচনীর হইরা উঠিবে। এ
কারণ তিনি ভগবান গোলার থাতত্ত্ব্ব আমদানীর পথ পরিফার রাথিবার
কল্প, তথার পাঁচ সহত্র অখারোহী সহ সৈরদ আহ্মদকে নিযুক্ত করিরা,
স্বারং বিংশতি সহত্র অখারোহী ও করেক সহত্র পদাতিকের অধিনারকত্বে,
আমিনগঞ্জ হইতে বেহার অভিমুখে যাত্রা কুরিলেন। গলা বহিরা খাত্ত-

ক্রব্য পরিপূর্ণ বছ সংখ্যক নৌকা নওয়াবের সঙ্গে সক্তে অগ্রসর হইডেলাগিল। নওয়াব এই বাত্রাকালে মীর জাফরকে ডাকিয়া, জাঁহার সহকারী সেনানী স্বরূপ তাহাকে সঙ্গে লইয়াছিলেন।

বলেশর ম্লের পর্যান্ত পথ বিনা বাধার অতিক্রম করিলেন। কেবল মাত্র ভাগলপুরে বর্গিগণের সহিত তাঁহার একবার সামান্ত সংঘর্শ হটরা-ছিল। মূলেরে নওরাব অনেকগুলি বেহারী অমিদারের সাহায্য পাইলেন। এই স্থানে তাঁহার জামাতা মৃত জরেন আবদীনের একান্ত অন্থগত কতক-গুলি প্রতিপ্তিশানী লোকে, নওরাবের অধীনতা খীকার করিয়া, তাঁহাকে গুক্ত সেনা সম্বন্ধে সঠিক সংবাদ প্রদান করিল।

এই সময় বিজোহী পাঠানদর প্রায় পঞ্চাশৎ সম্প্র অখারোহী ও পদাতিক সেনা সংগ্রহ করিয়া, মারহাট্টা দফ্যদলসহ মিলিত হইবার আশার, অপেকা করিতেছিল।

জানোজী ও মীর হবিব, বিজোহীগণের শিবিরের সন্ধিকটে উপস্থিত হইরা, তাহাদিগকে পরামর্শের জন্ত আহ্বান করিল। পরে উহারা শৃন্শের খানকে বেহারের স্ববাদার পদে নিয়োগ করিয়া, তাঁহাকে তর্পযুক্ত থেল্মাত্ উপহার দিল।

পর দিবস মীর ছবিব দেখিল বে—তাছাদের নিযুক্ত নব স্থবাদারের চক্রান্তে, তিনি নিজে পাঠান সেনাগণ কর্ত্তক এক প্রকার বন্দী ছইয়াছেন।

এই অবস্থা অহতের করিয়া চতুর চূড়ানাণ মীর হবিব—নওয়াব সেনাগণ নিকটবর্ত্তী হইয়াছে—এই অযথা সংবাদ প্রচার করিয়া দিল। কবিব, এই নওয়াব ভীতি চতুদ্দিকে প্রচার বারা ভাষার আশাহরেশ ফল পাইল। বিজ্ঞোহীগণের মধ্যে চতুদ্দিকে গোলযোগ উপস্থিত হইল, এবং পর্যান সভ্য সভ্যই বলেশ্বর আলিওয়ালী খান সলৈক্ষে উপস্থিত হইয়া মুগপং বিজ্ঞোহীগণকে আক্রমণ,করিলেন। যুদ্ধারন্তেই সরদার থান একটা গোলার আখাতে নিহত হইল। এই অবস্থা দেখিয়া শন্শেরের প্রায় অর্থেক সৈত্র ছত্তভক কইরা গেল। যুদ্ধের সময় মহারাষ্ট্রীয় হিন্দু সেনাগণ তাহাদের চিরবাস্থিত লুগুন প্রবৃত্তি চরিতার্থ করিবার অন্ত, পশ্চান্দিক হইতে কাপুক্ষের ভায় বন্ধীয় সেনাগণকে আক্রমণ করিতে কুঠিত হয় নাই; এবং নওয়াব, সৈম্প্রসহ রণস্থলে উপস্থিত থাকা কালে ভস্করগণ, মোসলেম সেনাগণের বস্থাবাস গুলি লুগুন করিয়া তাহাদের নীচ প্রবৃত্তি চরিতার্থ করিতে রহিল।

এই অবস্থা দর্শনে তেজস্বী যুবক সেরাজউদ্দোলা, সেই সময় একদল সেনা লইয়া মারহাট্টা দস্মাগণকে তাড়াইয়া দিবার জন্ত, মাতামতের অসমতি প্রার্থনা করায়, নওয়াব উত্তর করিয়াছিলেন—

"সন্মুখন্থ শত্রুগণকে থোদার কুপার পরাজিত করিলা, ভীকু বর্গী তহুর বিনা আয়াসে তাড়াইয়া দিতে পারিব।"

এই, কথা বণিয়া বৃদ্ধ নওয়াব, সিংহ বিক্রমে শক্র সেনা মধ্যে প্রবেশ করিলেন। শন্শেরের অধীনস্থ পাঠানগণ তাঁহার বিক্রম দর্শনে আত্মে পলায়ন করিতে লাগিল। এই সময় হবিব বেগ, বিজ্ঞোহী শন্শের খানকে তাহার হন্তীর পৃঠে আক্রমণ করিয়া, তরবারির আঘাতে বিজ্ঞোহীর শিরশ্ভেন করিয়া, ছিন্ন শির নওয়াবের নিকট উপস্থিত করিলেন। মারহাট্টা দেনাগণ পশ্চাৎ হইতে এই অবস্থা দর্শনে আর এক পাও অগ্রসর না হইয়া, তাহাদের আতিগত স্বভাব-স্কৃতক সলায়ন বৃত্তি অবস্থন করিল।

অতঃপর নওয়াব তাঁহার কলা ও অবেন আবদীনের পরিবারবর্গকে পাটনা হইতে উদ্ধার করিয়া, সেই বিপদজ্ঞান আলাহ ভাজালার উদ্দেশ্তে আশেষ ধল্পবাদ প্রদান করিলেন; এবং দেই কর্মণা-নিদানের উদ্দেশ্তে পাটনার ধার্মিক মোসলমান এবং গরীব হঃবিগণের মধ্যে অপর্যাপ্ত ধন বিতরণ করিলেন। তৎপরে এই মহোলত ক্ষরবান গ্রহাব, দারভাদা হইতে বিজোহী পাঠানছয়ের স্ত্রী-পুত্র-কন্তাগণকে আনয়ন করিরা, ভাহাদের প্রতি ৰথেষ্ট সম্মান প্রদর্শনে কিছুক্ষণ রাধিরা দিরা, পরে ভাহাদিগকে স্বাধীনতা প্রদান করিলেন।

মীর হবিবের স্থী-পূঞ্-কন্থাগণ, যাহারা যুদ্ধারত্তে নওরাব সেনা কতৃক বন্দি হইরাছিলেন; নওরাব তাহাদিগকে যথেষ্ট অর্থ ও জ্রমনোপযোগী যান-বাহনের বন্দোবন্ত করিয়া দিয়া, দেহরক্ষী সেনাগহ তাহাদিগকে শক্র শিবিরে পাঠাইয়া দিলেন।

তৎপরে বংকশর স্বীর দৌহিত্র সেরাজ উদ্দোলার নামে বেহারের স্ববাদারী পদ প্রতিষ্ঠা করিয়া, এবং রাজা জানকী রামকে তাঁহার অবর্ত্তমানে তাঁহার সহকারী স্বাদার নিযুক্ত করিয়া ও জামাতা সৈয়দ আহ্মদকে পূর্ণিয়ার ফৌজদার পদে অভিষিক্ত করিয়া, রাজধানী মুরশিদাবাদে প্রত্যাবর্তন করিলেন।

রাজধানীতে পদার্পণ করিবার সঙ্গে সঙ্গে নওয়াব, স্থীর আতা হাজী আহ্মদের ভাষাতা, রাজবিক্রোহী আতাউল্লাহু থানকে (বে ইতিপুর্কে মেদিনীপুরে গিয়া বঙ্গেরের জীবন ও রাজত্বের বিরুদ্ধে বড়বছ করিয়াছিল) তাহার পরিবারবর্গ ও ধন-রত্নাদি সহ অচিরে বাজালা পরিত্যাগ করিয়া বাইবার আদেশ দিলেন।

আতাউল্লাহ্ অবোধ্যার গিয়া সফ্দার অক্ষের সেনাদলে নিযুক্ত হইলেন ও অল্লনি মধ্যেট ফরাকাবাদে পাঠানগণের সহিত যুক্তে নিহত হইলেন।

মারহাট্টা দর্দার জানোজী, নওয়াবের সহিত প্রতিদ্বিতা করা সাধ্যাতীত বিবেচনার, মেদিনীপুরে সরিয়া পড়িল ও তথা হইতে অল্লিন মধ্যে মাতার মৃত্যু সংবাদ পাইয়া, মীর ছবিবকে যুক্ত সেনাসহ কটকে রাথিয়া নাগপুরে চলিয়া গেল।

১१६० शृहोत्य मे अवाद भूनदाक वर्गी वस्तात वक स्मिनिनेश्द शमन

করিলেন। মারহাট্ট। সেনাধ্যক মীর হবিব, ন ওরাবের আগমনে পূর্লপূর্ব বারের ভার প্লায়ন করিল।

এমন সমর বঙ্গেরর সংবাদ পাইলেন যে—তাঁছার অত জেহাদরের সেরাজউদ্দোলা, স্বাধীনভাবে পাটনা অধিকার করিবার উদ্দেশ্যে ও তথার স্বাধীন নরপতি স্বত্রপ ঘোষিত হুইবার জন্ম, নওরাবের নিযুক্ত অস্থারী পাসনকর্ত্তা জানকীরামের বিরুদ্ধে যুদ্ধারোজন করিতেছেন।

নওয়াব এই সংবাদে মন্মানত হইয়া, দৌহিত্রকে প্রতিনিবৃত্ত করিবার
জক্ত কাতরতার সহিত পত্র লিখিলেন। কিন্তু চির-মাদরে প্রতিপালিত
উক্ত-প্রকৃতি-যুবক সেরাজ, বুদ্ধ মাতামহের কাতরোজ্ঞির মর্ম বুঝিলেন
না। শেষে মাতামহের অন্তরোধ উপেক্ষা করিয়া, তিনি পাটনায় গিয়া
জানকী রামের বিক্লেম যুদ্ধ ঘোষণা করিলেন।

রাজা জানকী রাম মহা সমস্তার পড়িলেন। একদিকে তিনি নওরাবের বিনাম্মক্তিতে সেরাজকে সিংহাসন ছাড়িরা দিতে পারেন না; অপর পক্ষে উহার ভর হইল পাছে যুদ্ধ করিতে গেলে নওরাব-দৌছিত্র আহত হরেন।

যাহা হউক প্রথম আক্রমণের কলেই, সেরাজের প্রধান কুপরামর্শনাতা মেহ্দী নেসার থান হত হওরার, মৃষ্টিমের সেরাজ-দেনা রণে ভঙ্গ দিয়া পলারন করিতে লাগিল। সেরাজ পাটনার বাহিরে একটা সামাস্থ গৃহে আপ্রার লইলেন। ইত্যবসরে নওরাব আলিওরাদ্দী থান, পাটনার আসিরা পৌছিয়া, দৌহিল্রকে ভর্পনা করিবার পরিবর্তে সাদরে গ্রহণ করার, সেরাজ করেক দিনের মধ্যেই মাতামহ সহ ম্রশিদাবাদে ফিরিয়া আসিলেন।

১৭৫১ খুৱাৰে ১১৬৪ ছি: নগুৱাৰ পুনৱার মারহাট্টাগণকে কটক হইতে তাড়াইবার বস্ত উড়িয়া যাত্রা করিলেন ও তথার ব্যতিব্যস্ত হইরা পড়িয়া, উড়িয়া দেশ মহারাষ্ট্রীয়গণের সন্ধার মীর হবিবকে ছাড়িয়া দিয়া, তাহার

সহিত এই মর্ম্মে সন্ধি করিলেন—স্মবর্ণরেখা নদী উভর রাজ্যের সামা ধার্য্য রহিল। বর্গাগণ ভবিয়তে কখনও স্মবর্ণরেখা নদীর পর পারে, এমন কি নদীর জলে পর্যান্ত পদার্পণ করিবে না ।—সন্ধিপত্তে মীর হবিবের স্বাক্ষর করাইরা লইরা, নওরাব আলিওরান্ধী খান মুরশিদাবাদে কিরিরা আসিলেন।

মারহাট্যা-দস্ম্য-সর্দার মীর হবিবকে, কিন্তু তাহার এই পরিশ্রমের ফল বেনী দিন ভোগ করিতে হইল না। বেরার রাজপুত্র জানোজী ভোঁস্লা, অল্লদিন মধ্যেই ক্ষাত্রশক্তি প্রদর্শনে তাহাকে গুপ্ত ভাবে হত্যা করিল।

.. ১৭৫৪ খুটাকে সেরাজদোলা স্বাণরতন্ত্র হইখা, অক্লার নতে আনীর হোসারেন কুলি থানকে হত্যা করিরা, সক্ষসাধারণের অপ্রির হইরা উঠিলেন। ১৭৫৬ খুটাকে হাজী আহ্মদের পুত্র নওয়াজেস্ মোহামদের অপুত্রক মৃত্যু হয়, এবং অল্লাদন মধ্যেই তদীয় লাতা প্রিয়ার ফৌজনার সৈরদ আহ্মদ, একমাত্র পুত্র শওকাৎজ্বকে উত্তরাধিকারী রোঝিয়া, মৃত্যুম্থে পতিত হইলেন।

এই সময় প্নীতি বংসর বরসে, নওমাব আলিওয়াদী থানের স্বাস্থ্য ভয় হইয়া পড়িল। তাঁহার জ্যেষ্ঠা কন্তা নওয়াজেল পদ্মী স্বসেটী বেগম, স্বামীর আনন্দ নিকেতন মতীঝিলে গিয়া বাস করিতে লাগিলেন। এই সময় ঘাসেটী বেগম, স্বামীত্যক অগাধ ঐশ্বর্যার অধিকাংশ মুক্তহন্তে বিতরণ করিয়া, সাধারণের অভিশ্বর প্রিরপাত্রী হইয়া পড়িলেন।

মতীবিল প্রাসাদ একটা স্থদৃশ্য কৃত্রিম হ্রদের মধ্যন্থলে ক্ষবন্থিত।
মৃত নওরাজেদ মোহাস্থদ, লক্ষণাবতী নগর হইতে বহু সংখ্যক কৃষ্ণ বর্ণের
মর্মার প্রস্তারের স্বস্তু জ্ঞানাইরা, জাত স্থদ্ধর রূপে এই সুরুম্য হর্ম্য নির্মাণ করাইরা ছিলেন। এই হুদ ও প্রাসাদের ভগ্গ জংশ এখনও ই: বিঃ রেলওরের মুরুশিদাবাদ ষ্টেশনের নিকট, ফ্লেনে বসিরা দৃষ্টিগোচর হুইরা থাকে। হিজরী ১১৬৯ সনের ৯ই রক্ষর ১৭৫৬ খুটান্দের ৯ই এপ্রিল তারিশে বন্ধ-বিহার-উড়িয়া প্রদেশ এরের উপর ১৬ বৎসর সুশাসন করিবার পর, নওয়াব আলিওয়াদী থান শোথ ও উদরী রোগে প্রাণত্যাগ করিলেন।

পর দিবস রাজে খোষবাগে তাঁহার মাতার ক্বরের পার্থে, নওয়াবের মৃত দেহ সমাধিত করা হটল।

বাল্যকাল হইতে বাৰ্দ্ধকা পৰ্যন্ত আজীবন নওয়াৰ আলিওয়ন্ধী থানের সহিত বিলাসীভার কোন সম্পর্ক ছিল না। নিয়মিত উপাসনা করা ও পবিত্র কোরআনের সামাস্ত আদেশ পর্যান্ত ক্রত্মন না করা, তাঁহার জীবনের প্রধান ব্রত ছিল। প্রত্যুত্ত সূর্যোদরের তুই ঘন্টা পূর্বে নওয়াব শ্যাত্যাগ করিতেন: তৎপরে অজু করিয়া প্রাত:কালীন উপাসনা স্থাপ-নান্তে কাফি পান করিতেন। অর্থ্যোদরের পর শাসন ও সেরা বিভাগের উর্দ্ধতন কর্মচারীবন্দের সভিত সকল প্রকার রাজনৈতিক পরামর্শ कतिराजन,; এवः ভাহাদিগকে ঐ সম্বন্ধে উপদেশ প্রদান করিতেন। ছই খন্টা পরে অন্ত:পূরে প্রবেশ করিয়া, আবশুক মত ভ্রাতৃপুত্র ও জামাতা ন ওয়াকেস মোহাক্স, দৈয়দ আহ্মদ, দৌহিত্র সেরাক্সনীলা প্রভৃতি আত্মীয় গণের সহিত সাংসারিক পরামর্শ ও কর্ত্তব্যাকর্ত্তব্য স্থির করিতেন। এই স্থানে বসিয়া অবসর মত নওয়াব, কথনও কথনও সুকবিগণের লিখিত পদ্ম সকল বা ইতিহাস পাঠ প্রবণ করিতেন এবং রন্ধন সম্বন্ধে উপদেশ দিতেন। তৎপরে আত্মীর ও বন্ধগণের সহিত বসিরা আহারাদি সমাপনাত্তে খোৰ গল্প বা গল্পের পুস্তক পাঠ শুনিতে শুনিতে সামাক্ত কণের জক্ত রিকা হাইতেন।

তুই প্রচরের এক ঘণ্টা পূর্বেট নওরাব, শ্বাা ভাাস করিভেন। তৎপরে মাধ্যাহ্নিক উপাসনা সমাপন করিয়া প্রভাহ বেলা চারি ঘটিকা পর্যান্ত কোর্ম্মান পাঠ করিছেন। পরে বৈকালিক নামান্স শেষ করিয়া কেবল মাত্র কিঞ্চিৎ শীতল জল পান করিতেন। তৎপরে প্নরায় বসিয়া আইনজ্ঞ ও ঈশ্বর-তত্ত্বক্রগণের যুক্তিপূর্ণ তর্ক-বিতর্ক শ্রবণে চরিতার্থ হইতেন, এইরূপ ভাব প্রকাশ করিতেন। অতঃপর সান্ধ্য নমান্ধান্তে, রাজস্ব নচিব জগৎ শেঠ ও অপরাপর মন্ত্রীকে ডাকাইয়া, তাহাদের নিকট হইতে তাঁহার বিশাল রাজত্বের প্রত্যেক জেলা সম্বন্ধীয় ও অপরাপর সর্ক্ষবিষয়ক সংবাদ প্রত্যহ সংগ্রহ করিতেন। ইহার পর মন্ত্রীগণের সহিত প্রাত্যহিক নির্দিষ্ট বিষয় সম্বন্ধ তর্ক-বিতর্ক করিয়া, বেরূপ কর্ত্তব্য নির্দিরণ করিতেন, অমাতাবর্গের প্রতি সেই মতে কার্য্য করিতে অমুমতি দিতেন।

এই সকল কার্য্যে অনেক রাত্রি হইরা পড়িত; তথন নওরাব অল্পন বিত্বক ও পরিহাসকগণের রহস্তময় কথাবার্তা শুনিয়া, নৈশিক উপাসনার নিময় হইতেন। তৎপরে রাত্রি ৯ টার মধ্যে স্বীয় বেগমের সহিত সাংসারিক কথাবার্তা শেব করিয়া ও অপরাপর স্বীলোকগণের আবেদন-নিবেদন শ্রবণান্তে উহাদিগকে বিদায় করিয়া দিয়া, আর কোন রাজকর্মচারীয় কিছু কিজ্ঞাস্ত আছে কিনা বলিয়া পাঠাইতেন। এই সমশ্ত কার্য্য সমাপনাল্ডে রাত্রে বৎসামান্ত আহার করিয়া বজেরর শ্রা্য গ্রহণ করিতেন।

আলিওয়ার্দ্ধী থান, যাহার ঘারা কথনও সামান্ত উপকারও পাইয়াছিলেন, জীবনে তাহা ভূলেন নাই। উপকারীকে না পাইলে নওয়াব,
তাহার পুত্র পৌত্র বা তাহার বংশের কাহারও নিকট সেই উপকারের
প্রতিলান দিয়া গিয়াছেন। নওয়াবের নম্রতায় তাঁহার রাজত নধ্যে
সকলেই তাঁহাকে পিতৃত্লা ভক্তি শ্রদ্ধা করিত, এবং সকলেই তাঁহার
ব্যবহারে মুগ্ধ ছিল।

এই যুদ্ধ দুৰ্মাদ নওয়াবের, বৈব্যাক ও বাজনৈতিক বৃদ্ধিমন্তা সমভাবে

বিচক্ষণ ছিল। তাঁহার রাজত্বের মধ্যাবস্থায় নওয়বের প্রধান সেনাপতি মোন্তকা থান, কলিকাতা হইতে ইংরাজগণকে তাড়াইয়া দিবার জক্ত তাঁহাকে স্বঃ, এবং শেষে নওয়াজেশ্ মোহামদ ও সৈয়দ আহ্মদের ঘারা বার বার অহুরোধ করা সজ্ঞেও, কোন প্রত্যুত্তর না পাইয়া বিফল মনোরথ হইয়াছিলেন। অবলেষে তুরদর্শী নওয়াব একদিন সেনাপতিকে ডাকিয়া বলিলেন—

"এক্ষণে ভূমির শামি নির্কাণ করাই তঃসাধ্য হইরা পড়িতেছে; অতংশর সাগরে অমি সংযোগ হইলে কে তাহা নির্কাপিত করিতে সমর্থ ইইবে ৪ তথন পরিণাম নিঃসন্দেহ অতীব শোচনীয় হইরা পড়িবে।"

আলিওরাদ্দী থানের রাজতে, ইংরাজ কোম্পানিকে এক দিনের জন্তও বিরক্তি সক্ষ্ করিতে হর নাই। জমিদারেরা নওরাবেরু ব্যবহারে এতছর সম্ভষ্ট ছিলেন যে—বর্গী ভস্করগণের সহিত যুদ্ধ কালে তাঁহারা স্বেক্ষার করেশ্বরকে দেড় ফ্রোর টাকা দিরা সাহাব্য করিয়াছিলেন।

১৭৪৬ সালে কাব্লের পরাক্রান্ত নররতি আহ্মদ শাহ আবদালি ভারত আক্রমণ করিরাছিলেন; এবং পর বংসর সমাট মোহামদ শাহের মৃত্যু হর। তাহার পর হইতে বালালা আর দিলীর অধীনভা-পালে বন্ধ ছিল না।

চতুবিবংশ সর্গ

নওয়াৰ মন্ত্রল্-মূল্ক সেরাজ-উদ্দোলা দাহ কুলি খান, মিজা মাহ মূদ হায়বং-জঙ্গ বাহাতুর

ত্বেন আবদীন পুত্র মিজ্যা মাহ্মুদ, মুরশিদাবাদের স্বাধীন নওয়াবের সিংহাসনে উপবিষ্ট হইরা, স্বীয় বৌবন-স্থলভ স্বাভাবিক চপলতা, দান্তিকতা ও বাল্যকাল চইতে মাতামহের জ্বত্যাদরে প্রতি-পালিত হওয়া হেতৃ নৃশংসতা নিবন্ধন, অল্লদিন মধ্যে মৃত নওয়াবের স্মৃদক্ষ প্রবীণ সভাসদগণের প্রায় সকলেরই অপ্রিয় হইয়া উঠিলেন্।

নওয়াবের দৈছিক সৌন্দর্য্য, তাঁহার চরিত্র গঠনের পক্ষে এই সময় অনেকটা অস্তরার হইরাছিল। সে সময় সেরাজ-উদ্দোলার কার সুপুরুষ রাজধানীতে দৃষ্টিগোচর হইত না বলিলেও অত্যক্তি হরনা।

সেরাজ প্রথমত:ই স্থার মাতৃত্বধা নওরাজেশ্ মোহাক্সদের বিধবা পত্নী ঘদেটা বেগমের বত ধন-রত তাঁহার মতীঝিল প্রাণাদ হইতে বল প্রয়োগে বাহির করিয়া লইয়া আসিরা, উক্ত আত্মীরাকে তাঁহার প্রধান শক্র মধ্যে পরিণত করিলেন। তৎপরে ঢাকার শাসনক্তা রাজা রাজবল্লভকে নানপ্রকারে উতাক্ত করার, তিনি বাধ্য হইয়া তাঁহার পরিবারবর্গ ও সমুদ্র ধন-রত্ব, কলিকাতার ইংরাজগণের আশ্রেরে পাঠাইয়া দিয়াছিলেন।

মাচ্মুদ পুরাতন সাজকণচারিগণকে কথাচাত করিয়া ভাহাদের

ন্তানে অদ্রদশী যুবকগণকে নিযুক্ত করিতে লাগিলেন। তাঁহার সংসারিক থরচ পত্তের তত্তাবধারক মোহনলাল, এই সমর স্থীর স্ফর্মী ভগ্নীকে যুবক নওরাবের হতে তুলিরা দিয়া, সামান্ত বাজার সরকারের পদ হইতে মহারাজা উপাধিতে ভূষিত হইরা, নওরাবের দেওরানের (প্রধান মন্ত্রীর) পদে উদ্ধীত হইলেন। নওরাব, নীর মদন্কে প্রধান সেনাপতির পদ প্রদান করিয়া, প্রবল সেনাধাক্ষ মীর জাকরের আন্তরিক বিরাগ ভাজন হইয়া দাভাইলেন।

এই সময় কলিকাভার ইংরাজগণ, রাজা রাজবল্লভের পুত্র কিষণ বলভকে ন ওয়াবের হন্তে সমপণ না করায় ও তৎসঙ্গে কোট উইলিয়াম্ তুগ ন জয়াবের বিনালমভিতে স্বর্জিত করিতে থাকার নওয়াব, কাসেম বাজারের কৃঠির অধাক্ষ মিষ্টার ওয়াইটস্কে বলি করিয়া, সনৈজে ১১৬৯ হি: ১০ই রমজান, ১৭৫৬ গৃষ্টাব্দে ৯ই জুন ভারিখে ম্শিদাবাদ পরিভাগি, করিয়া ১৬ই রমজান ভারিখে কলিকাভার উত্তর সীমায় আস্বিয়া পৌছিলেন।

ন ওয়াবের আগমন সংবাদে ইট ইণ্ডিয়া কোম্পানির কলিকাতাত্ব প্রধান কশ্মচারি মিঃ ড্রেক, ডগের পশ্চিম দিক দিয়া বাহির ছইয়া, গোপনে নৌকারোহণে প্লাইয়া গিয়া পরে জাহাজে চড়িয়া অব্যাহতি পাইলেন।

ট্টার অব্যব্টিত পূরে চঞ্লচিত্ত নওয়াব, পুরাতন দেনাপতি যীর জাফরকে তাঁহার পদে পুন: প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

২২শে রমজান ২১শে জুন তারিবে বেলা পাঁচ ঘটিকার সময় নওয়াব, ফোট উইলিয়মের মধ্যে প্রবেশ করিলেন। উমিচাদ ও কিষণ বল্লভকে তথার তাঁছার নিকট উপস্থিত করা হইল। সেরাল এই সময় তাহাদের প্রতি স্থাবহার ও ভক্তের প্রদর্শন করিয়াছিলেন।

তৎপরে নত্রাব তাঁলার এই প্রথম বিজয় চিরুম্মরণীয় করনার্থে

কলিকাতার নাম আলীনগর রক্ষা করিয়া, হুগলীর ফৌজদার মানিকটাদের অধীনে তিন সহস্র সেনা রাখিয়া দিয়া, ২রা জুলাই তারিখে রাজধানীতে প্রতাবর্ত্তন করিলেন।

১১ই জুলাই তারিথে তাঁহার মাতামহী, মৃত নওরার আলিওরাদী থানের বুদা মহিষীর মধ্যস্থতার সেরাজ, মিঃ হল্ডয়েল্ও তৎস্কীগণকে মুক্তি দান করিলেন।

ইই ইণ্ডিয়া কোম্পানির কর্মচারি মি: ড্রেক পলাইয়া গিয়া এতদিন মাল্রাজ হইতে অসুমতির প্রতীক্ষা করিতেছিলেন ও জনৈক মি: ম্যানিং-লাম্কে মাল্রাজ কোট সেন্টলর্জের অধ্যক্ষের নিকট, এই সমস্ত বিবরণ বর্ণনা করিতে পাঠাইয়া দিয়াছিলেন। সেন্টলর্জ হর্গে ইংরাজ প্রধান-গণের মধ্যে অনেক তর্ক-বিতর্কের পর, এাাড্মির্যাল (নোসেনাপতি, আমিরল্-বাহার) ওয়াট্সনের পরামর্শ মতে, ন ওয়াবের সহিত যুদ্ধ করাই প্রিরীক্ত হইল।

তর্গাধ্যক পিগট্ ও এ্যাড্মিরাল ওয়াট্সন বহু চেষ্টা সংস্কৃত, অস্টোবর মাসের পূর্বে কোন মতে সেনা প্রেরণ করিতে কৃতকার্য্য হইলেন না। তৎপরে ইংরাজের তুইথানি বুহদায়তন যুদ্ধ জাহাজ ৫০টা ও ২০টা কামান লইয়া ও অপর একথানি কৃত রণভরী, কোম্পানির তিনটা বাণিজ্য পোত, এবং তুইটা অপেকাকত কৃত্যায়তন জাহাজ সহ, ১৬ই অস্টোবর ভারিথে মান্ত্রাক্ পরিত্যাগ করিল।

কর্ণেল ক্লাইভের অধীনে ১০০ শত ইউরোপীর ও ১৫০০ শত দেশীর সৈক্ল ছিল। ক্লাইভ, সেরাজ-উদ্দোলার নামে, দক্ষিণাপথের ক্রাদার সালাবং-জঙ্গ, সার্কটের নওরাব মোহাম্মদ আলি ও মি: পিগটের নিকট হইতে কলিকাতা সহস্কে ক্ষতিপূরণ আলারকারী পত্র সঙ্গে আনিরাছিলেন। ২০শে ডিসেম্বর ইংরাজের জাহাজগুলি সৈত্র গইলা ফল্তার উপস্থিত হইল। পথের গোলবোগে ও অমুকুল বারু অভাবে এই ৭০টা কামানবাহী "কামারল্যাও" ও "মারল্বরো" জাহাজ বয়ের পৌছিতে বিলম্ব হইরা পড়িল।

২৭ ডিনেম্বর সমস্ত জাহাজগুলি শেষে বজ্বজ্ হইতে দশ মাইল দক্ষিণে মারাপুরে আসিরা নকর করিল। কর্ণেল ক্লাইজ, টানা ও আলি-গড়ের হুর্গাধিকার মানসে, নিশাষোগে তাঁহার সৈত লইরা অবতরণ পূর্বক অগ্রসর হইতে লাগিলেন। নওরাবের ফৌজদার মানিকটাদ এই সংবাদ পাইরা তাহাদিগকে আক্রমণ করিয়া, যুদ্ধে প্রায় সমৃদর ইংরেজ সেনা, নিংশেষ করিয়া ফেলিয়াছিলেন; এমন সমর ইংরাজ-আগ্রেম-অস্ত্রের একটা গোলা, হস্তী আরুত্ মাণিক টাদের মস্তক ঘেঁশিয়া শন্ শন্ শন্দে চলিয়া যাওয়ায়, তিনি ভীত হইরা সৈতুগণের প্রত্যাবর্তনের আদেশ দিলেন। এই সময়ে ৬৪টা কামানবাহী রণভরী "কেন্ট" হইতে কামান দাগিতে আরুত্ত হওরায়, মানিক টাদের সেনাগণ ক্রতবেগে পলাইয়া আত্মরকা করিতে লাগিল। ৩০ ডিনেম্বর তারিকে ইংরাজগণ বিনা বাধায় আলিগড় ও টানার তুর্গ অধিকার করিল।

ফৌজদার মানিক চাঁদ বজবজের যুক্ক-ব্যাপারে ভীত হইয়া, কশিকাতা রক্ষণাবেক্ষণার্থে মাত্র ৫০০ শত সেনা তুর্গ মধ্যে রক্ষা করিয়া, নওয়াবের সহিত গিয়া সাক্ষাৎ করিলেন।

১৭৫৭ খুটাব্দের ১লা জাম্বারী তারিখে কর্ণেল ক্লাইভ সনৈক্তে আলি-গড় চুৰ্গ হইতে, কলিকাতার রাজা ধরিরা অগ্রসর হইতে লাগিলেন। কিন্তু তাঁচার পৌছিবার পুর্বেই জাহাজগুলি কলিকাতার চুর্গের নিকট আসিরা পড়িল ও কাপ্তেন কুট, অল্লকণ মধ্যে চুর্গ মধ্যস্থ ফৌজদার সেনাগণকে বিভাড়িভ করিরা, মি: ডেুক্কে তাঁহার পদে পুন: প্রতিষ্ঠিভ করিলেন।

৪ঠা আহমারি ১৫০ জন ইংরাজ ও ২০০ শত দিপাই লইবা, ২০টা,

কামানবাহী এক থানি রণতরী, আরও তিন থানি কুদ্র রণ-পোত সহ হগলীর অভিমুখে অগ্রসর হইতে গিরা, বিংশতি কামানবাহী জাহাজথানি চড়ার আটকাইরা গেল। বাহা হউক ১০ই জালুরারিতে উহারা কোন মতে হগলী পৌছিরা, রণতরীস্থ কামানের সাহায্যে ফৌরলার সেনাগণকে অলারাসে বিতাডিত করিতে সমর্থ হইল।

এই সমর ইউরোপ থণ্ডে ইংরাজ ও ফরাসীতে যুদ্ধ বাধিয়া বাওরার, কোম্পানির কলিকাতার ইংরাজ কৌনসিলগণ নির্দ্ধারণ করিলেন যে— চন্দন নগরের করাসীগণ তাহাদের সৈক্ত ও কামান শ্রেণী লইয়া নওয়াবের সহিত মিলিত হইলে, ইংরাজদের বিপদের খুবই সম্ভাবনা।

এই সিদ্ধান্তে উপনীত হইরা চতুর চূড়ামণি কর্ণেল ক্লাইভ, ম্শিদাবাদে জগৎ শেঠের নিকট এবং কলিকাতার উমিচাদের নিকট, নওরাবের সহিত সন্ধি করিবার জন্ত মধ্যস্থ হইবার প্রার্থনার পত্র লিখিলেন।

তগলী অধিকারের পূব্দে এই প্রস্তাব হইলে সন্তবতঃ নওয়াব সেরাজ-উদ্দোলা ইচাতে সম্মত চইতেন। কিন্তু তগলী ব্যাপারের পর নঁওয়াব ইহার প্রতিশোধ লইতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়ার, তিনি মুণার সহিত ইংরাজ দিগের সন্ধির প্রস্তাব অগ্রাহ্য করিলেন।

ন ওয়াবের শত্রুপক্ষ, তাঁহার নিজ "বিষকুস্ত পরোন্থ" সভাসদগণও ন ওয়াবের উৎথাত সাধনাভিঞ্চারে, তাঁহাকে এই সময় উত্তেজক কুপরা-মুশ্ট দান করিয়াছিল।

নওয়াব মাহ মৃদ, প্রথমত: গয়ংগত করিয়া শেষে সলৈকে কলিকাতার অভিমুখে যাত্রা করিলেন; এবং ০০শে জায়য়ারী তারিখে হুগলীর দশ মাইল উত্তরে একস্থানে ভাগীরথী পার হইলেন। ইংরাজেয়া এই সময় মধ্যে হুগলী হইতে কলিকাতার দৈছে সরাইয়া লইয়া, ভাগীরথীর কিয়দ্রে, তৎকালের কৃত্র কলিকাতা নগরীর উত্তরে, এক মাইল ব্যবধানে দৈছ

সমাবেশ করিলেন ও ছাউনী করিয়া তথার অবস্থান করিতে লাগিলেন।

২রা কেব্রুরারী নওরাব সৈক্ত ক্লাইভের শিবিরের সমূথে উপস্থিত হইল। ক্লাইভ তাহাদিগকে কলিকাতার ভিতরে অগ্রসর হইতে দেখিয়া, তাহাদের প্রতি অগ্নি-বৃষ্টি আরম্ভ করিয়া দিল;—নওয়াবও দস্তর মত ইহার উত্তর দিতে লাগিলেন। সন্ধ্যাগমনের সঙ্গে সঙ্গের উত্তর পক্ষের কামান বন্ধ হইয়া গেল, তৎপরে সমস্ত রাত্রি ধরিয়া উত্তর পক্ষের দৃত হারা সন্ধির কথাবার্ত্তা চলিতে লাগিল।

৯ই ফেব্ৰুৱারী সন্ধির সমন্ত শর্ত নির্দ্ধারিত হইরা গেল, এবং ১১ই উত্তর পক্ষ ধারা সন্ধি পত্র স্বাক্ষরিত হইল।

এই সমন্ন দাক্ষিণাতো ইংরাজ ও করাসীগণের মধ্যে সমনানল জ্ঞানির উঠিয়ছিল। ইংরাজ জ্ঞানী হইরা এ্যাডমির্যাল ওরাকার জঙ্গ, বাহাত্বের জ্ঞানি, চন্দননগর জ্বরের জ্ঞান্তিরে যুদ্ধ জাহাজ প্রেরণ করিলেন। উহারা জ্ঞানির ২২ মার্চ্চ তারিধে ফরাসভাঙ্গা (চন্দননগর) অধিকার করিয়া, পরে কাসিম বাজারের নিকটস্থ ফরাসীগণের কুঠি সকল হন্তগত করিল। চন্দন নগরের ফরাসী তুর্গ সন্মুখে ভাগীরথী বক্ষে ইংরাজের ৬৪ ও ৬০টা কামানবাহী 'কেন্ট' ও 'টাইগার' বণ্তরীদ্বর রক্ষিত হইল।

মশোঁলাস, ফরাসী গভর্ণর, এক শন্ত ইউরোপীরান ও ৬০ জন শিক্ষিত তৈললী সিপাই লইরা নওরাবের নিকট আশ্রম্ব লইলেন। তথন ইংরাজেরা সন্ধির প্রত্র ধরিয়া নওরাবৈর নিকট ফরাসী মশোঁলাস্কে আশ্রম চ্যুত করিবার জন্ত অন্থ্রোধ করিলেন। সেরাজ-উদ্দৌলা সম্পূর্ণ অনিচ্ছার সহিত অগত্যা মশোঁলাস্কে পাটনার পাঠাইয়া দিলেন। ১৬ই একোল মশোঁলাস্ মুশিদাবাদ পরিত্যাগ করিলেন।

এই ঘটনার সঙ্গে সঙ্গে বিখাস্থাতক মীর জাকর খান, স্বদেশদোহী

রাজা হর্ল ভ রাম, উমি টাদংও জগৎ শেঠ প্রভৃতি, আলিওরাদী কন্ধা ঘেনেটা বেগমের সহিত মতীঝিল প্রাসাবে গুপ্ত পরামর্শ করিয়া, যুবক নওয়াব সেরাজউদ্দোগার সিংহাসনচ্যতি ও তৎসহ তাঁহার প্রাণনাশের সিদ্ধান্তে উপনীত হইল। তৃক্ত মীর ঝাফর, কলিকাতার ইংরাজগণের নিকট তাহাদের কুপরামর্শের ফলাফল জ্ঞাপন করিতে লাগিল। মিং ওয়াটস, উমিটাদকে এই বহুযুদ্ধের সংবাদ ও পত্রবাহক নিযুক্ত করিলেন।

১০ই জুন ভারিথে ইংরাজ কোম্পানী, সদ্ধি-শর্ত ভঙ্গ করিয়া নওয়াবের সঙ্গে যুদ্ধ করাই সাব্যস্ত করিলেন। ১২ জুন কলিকাভার ইংরেজ সেনাগণ দ্বন্দননগরে গিয়া, তথাকার ইংরাজ সেনাগণের সহিত মিলিত হইল; এবং তথা হইতে মাত্র সামান্ত কয়েক জনকে চন্দননগর রক্ষা করিবার এক রাখিয়া, সম্বত ইংরাজ সেনা যাত্রা আরম্ভ করিল।

ইউরোপীর সেনাগণ কামান সহ প্রায় তুইশত বুংদায়তন নৌকা-মোগে জলপথে, এবং সেপাহিরা ভাগীরথীর তার দিয়া ই।টিরা অগ্রসর হইতে লাগিল। হুগণীর ফৌজদার নন্দকুমার, ইংরাজগণকে গর্মনের বাধা প্রদান করিতে গিয়া অক্ততকার্য্য হইলেন। (তওয়ারিথে মোজাফ্ ফরি ও সিয়ারল্ মোতাক্ষরীণ)।

এই সময়ে বজেশব, একদিকে যেমন ইংরাজ সৈন্তের রাজধানী অভিমূথে আগমনের সংবাদ অবগত হইরা আশ্চর্য্যান্থিত হইলেন, অপর পক্ষে
প্রধান সেনাপতি মীর জাফরেঁর কুঅভিসন্ধির বিষর উপলার করিয়া
তেমনি তাঁহার প্রাণে ভরের সঞ্চার হইল। ইতিমধ্যে তিনি দেখিতে
পাইলেন যে—তাঁহার দরবার হইতে ইংরাজ দৃত মিঃ ওয়াটস্ গোপনে
সরিয়া পড়িরাছেন।

ন ওয়াব প্রথমতঃ সেনাপতিকে তাঁহার নিকট ডাকিয়া পাঠাইলেন।

কিন্তু মীর জাফর নওয়াবের নিকট বাইতে অত্বীকৃত হওয়ার, অগত্যা বলেখন পাল্কি আরোহণে করেকজন অত্বরসহ সেনাপতির বাড়ীতে গিরা উপস্থিত চইলেন। এই সময় শঠ চুড়ামণি অধার্থিক মীর জাফর, পবিত্র কোরআন স্পর্শে, এই আশু যুদ্ধে তিনি ইংরাজগণের সাহাযা করিবেন না, বা তাহাদের সহিত মিলিত চইবেন না বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ চইলেন।

পর দিবদ নওরাব, তাঁহার দমন্ত দেনা পলাশীর নিকটে প্রেরণ করিবার সঙ্কর করিলেন। ১৬ই জুন ইংরাজ দেনাগণ কাটোরার নিকটবর্ত্তী
পাটুলী গ্রামে গিরা পৌছিল। কাটোরার তুর্গ, যে স্থানে আলিওরাদ্ধী
খান মহারাষ্ট্রীর দেনাগণকে দম্পূর্ণরূপে পরাজিত করিরাছিলেন, তথাকার
দুর্গাধিপকে কুচক্রী মীর জাফর পূর্ব হইতেই তাহার ষড়যন্ত মধ্যে লিগু
করিয়া রাথিরাছিল। দেই জক্ত দুর্গাধিকারী দামাক্ত বায়া প্রাদানের
ভান মাত্র করিয়া, শেষে ইংরাজগণকে তুর্গ ছাড়িয়া দিল। মেজর বুট,
১৭ই জুন কাটোরার তুর্গে দিসৈক্ত প্রবেশ করিলেন। কিন্তু সে রাত্রে
সমন্ত রাত্রি ধরিয়া মুষলধারে বৃষ্টিপাত হওরায়, ইংরাজ দেনাগণকে বড়ই
বিত্রত হইতে হইয়াছিল।

এই স্থানে-কর্ণের ক্লাইভ মীর জাফরের লিখিত ১৬ই জুন তারিখের পত্র পাইলেন। তাহাতেও, উক্ত সেনাপতি যে ইংরাজগণের সহিত পূক্ষ বন্দোবন্ত অন্ধরে পোষণ করিতেছিলেন, এবং নওয়াবের সহিত মিলন যে সম্পূর্ণ বাহ্মিক তাহা লিখিয়া, তিনি ইংরাজ কর্ত্পক্ষগণকে উৎসাহিত করিয়াছিলেন। কিছু সেই পত্রেও কর্ণের ক্লাইভের, বিখাস্থাতক মীর জাফরের প্রতিজ্ঞার উপর দৃচ বিশাস না হওয়ায়, তিনি নি:সন্দেহ না হওয়া পর্যন্ত ভাগীরখী পার হইতে ক্ষান্ত থাকিয়া, তুই দিবস তুর্গ মধ্যে অবস্থান করিতে লাগিলেন। ১৯শে জুন একজন পত্র বাহক, নওয়াব

সেনাধ্যক্ষের নিকট হইতে তুই থানি পত্র লইরা গোপনে আসিরা উপস্থিত হইল। তাহার একথানি স্বলেশদ্রোহী মার জাফরের কুকর্পের সহায়তা-কারী, ইংরাজ শিবিরে তাঁহার প্রতিভূ আমীর বেগের নামে ও অপর থানি কর্ণেল ক্লাইভের নামে লেখা ছিল। এই থানি পত্রের মর্ম একই। তাহাতে লেখা ছিল—

"নওয়াব সৈক্ত সেই দিনই মুর্শিদাবাদ ত্যাগ করিবে। এবং সেনাপতির কেন্দ্র পূর্বে নিলিষ্ট স্থানে না হইয়া, এক পার্থে থাকিবে .ও তথা হইতে তিনি ইংরাজ শিবিরে সকল বিষয়ে সহজে সংবাদ দিতে পারিবেন।"

় কিন্তু এই পত্তেও ক্লাইভের সন্দেহ সম্পূর্ণরূপে ভিরোহিত না হওয়ার তিনি, তাঁহার বিংশতি জন কর্মচারী লইয়া এই জটিল সমস্তা মীমাংসা করণ ভন্ত, সেই রাত্তে পরামর্শ করিতে বসিলেন। এই সভার এই ত্ইটা জালোচ্য বিষর রহিল।

১ম—সভাই গঙ্গা পার হইয়া নওয়াবের সেনাগণকে অভাকিত ভাবে আক্রমণ করা বিধের কিনা ?

২র—মারহাট্টাগণকে ডাকাইয়া বর্ধান্তে তাহাদের সহিত মিলিত কইয়া আক্রমণ করা কর্ত্তব্য কিনা ?

অনেক তর্ক-বিতর্কের পর অধিকাংশ কর্মচারি শেষাক্ত প্রস্তাবই সমর্থন করিল। কেবল মাত্র ৭ জন সদক্ত, সন্ত আক্রমণের পক্ষে ভোট দিল।

এই মন্তব্য কিন্তু কাইভের মন:পুত হইল না। তিনি একটা জগলের
মধ্যে গিরা, তথার নির্জনে বসিয়া অনেকক্ষণ চিন্তার পর দৃঢ়প্রতিজ্ঞ মূর্ত্তিতে বাহির হইরা আসিলেন। পর দিবস প্রাত:কালে আর
কালাকেও কিছু জিজ্ঞাসা না করিরা মহাবীর ক্লাইভ, খীর সৈক্ত মধ্যে
ভাগীরথী পার হইবার আজ্ঞা প্রচার করিলেন।

২২শে জুন প্রতি:কাল ছইতে বৈকাল ৪টার মধ্যে সমস্ত ইংরাজ সেনা

কামান আদি সহ, ভাগীরথীর পর পারে গিয়া পৌছিল। এই সময় আর একজন দৃত নওয়াব সেনাখ্যক্ষের নিকট হইতে কর্ণেশ ক্লাইভের নিকট উপস্থিত হইয়া, তাঁহাকে অবগত করিল বে—নওয়াব মৃন্কেরার (কাসেম বাজার হইতে ছয় মাইল দক্ষিণে) অবস্থান করিতেছেন, এবং মীর জাফরের ইচ্ছা বে, ইংরাজগণ নওয়াব সেনা প্রদক্ষিণ করিয়া, পশ্চাৎ দিক হইতে ঐ স্থানেই তাহাদিগকে অক্ষাৎ আক্রমণ করেন।

কাইভ ঐ দৃত হস্তেই এই মর্মে পত্র দিলেন যে—"সম্বর তিনি পলানীতে উপস্থিত হইতেছেন। প্রদিন প্রাতে: তিনি সসৈকে দাউদপুরে বাইবেন ও তথার মীর জাফরের সহিত সাক্ষাৎ না হইলে, তিনি নওরাবের সহিত সন্ধি করিবেন।"

রাত্রি একটার সময় ইংরাজগণ পলাশীর বিধ্যাত আন কাননে উপনীত ছইয়া বিশ্রাম করিতে লাগিলেন। এই লকাবাগের আন কানন লুখায় ৮০০ শত গজ ও প্রেছে তিন শত গজ ছিল। ইহার চতুদ্দিকে আনুতিউচ্চ মৃত্তিকা নির্মিত বাঁধ ও তৎপার্থে পগার থাত।

এইস্থানে উপস্থিত হইরা ইংরাজগণ, নওরাব দিবিরের ভেরী বাদন শ্রবণে ব্রিতে পারিল বে—বাঙ্গালার সেনাগণ মৃন্কেরার অবস্থানের পরিবতে তাহাদের সন্নিকটে আসিরা উপস্থিত হইরাছে।

ক্লাইন্ডের অধীনে ৮০০ শত ব্রিটিশ পদাতিক ১০০ শত গোলন্দাই ৫০ জন নাবিক স্নো ১০০ শত পর্ত্তুগীক ও ২১০০ শত সিপাই মাত্র ছিল। এবং আসিবার কালে তাহারা ৮টী ছোট ও ছইটী বৃহৎ কামান সক্ষোনিয়াছিল। অপরিণামদর্শী নওয়াব শত্রু-মিত্র বিবেচনা না করিয়া, বা চতুদ্দিকে শত্রু বেষ্টিত হইয়া থাকায়, বিবেচনা করিবার অবসর না পাইয়া ৫৪টা কামানসহ ১৮,০০০ সহস্র উৎকৃষ্ট অখারোহী ও ৫০,০০০ সহস্র পদাতিক যুদ্ধক্ষেত্রে উপস্থিত করিয়াছিলেন।

১১৭০ হিজরীর ৫ই সওয়াল ১৭৫৭ খৃষ্টাব্দের ২৩ সে জুন বৃহস্পতিবার বেলা ৮টার সময় উভয় পক্ষের কামানের শব্দ শ্রুত হইল। এই সময় ছঠাৎ এক পশ্লা খুব জোর বৃষ্টি হওয়ার, নওয়াবের বারুদ ভিজিয়া গিয়া, ক্রমে তাহাদের কামানের গর্জন ক্ষীণ হইয়া আসিতে লাগিল।

এতাবৎকাল পর্যন্ত মীর জাফরের নিকট হইতে কোন দৃত আসিরা না পৌছানর, ক্লাইভ বড়ই ব্যন্ত হইরা পড়িলেন। তিনি আমীর বেগকে ডাকিরা তাহাকে কারণ জিজ্ঞাসা করিলেন। মীর জাফরের গুপুচর এই সময় কর্ণেল ক্লাইভকে এইরূপ বাক্য ঘারা অভয় দিল যে—

"যাহারা যুদ্ধ করিতেছে তাহারা মীর মদন ও মোহনলালের অধীনত্ব সেনা মাত্র ও উহারা সংখ্যার অতিজ্ঞা। এই করেকজন সেনা বধ করিতে পারিলেই, তাহার প্রভু প্রধান সেনাপতি মীর মোহাত্মদ জাকর খান; নিশ্চর কর্ণেলের সহিত আসিয়া যোগ দিবেন।"

ন ভয়াব এতকণ ধরিরা শিবিরে বসিয়া মৃহুর্তে মৃহুর্তে য়্র্জর পরিচয়
লইতেছিলেন। হঠাৎ ছুই প্রহরের সময় একটা কামানের গোলা
লাগিয়া, ন ওয়াব সেনাদলের মধ্যে অমিততেজাঃ অসমসাহসিক বীরভদ্র
সেনাপতি মীর মদন, সাজ্যাতিক আহত হইয়া আসয় মৃত্যু অবস্থায়
ন ওয়াব সমীপে আনিত হইলেন ও অতায়কাল মধ্যে মাত্র চুই একটা
উপদেশমূলক কথা বলিতে থাকা কালে, মীর মদনের পবিত্র প্রাণবায়ু তাঁহার নখর দেহ ভাগে করিয়া স্বর্গারোহণ করিল।

একমাত্র আশা ভরসার ফুল মীর মদনীর মৃত্যুতে নওয়াব অধৈগ্য হইয়া পড়িলেন। এবং কিং-কর্তব্য-বিমৃত হইয়া বিশাস্থাতক কৃতয় মার জাফরকে ডাকিয়া, তাহার নিকট এই বল্প-বেহার-উড়িয়ার স্বাধীন নওয়াব ক্ষমা প্রার্থনা করিলেন ও এই মহা বিপদের সময় তাহার আছিরক সাহায্য ও উপদেশ চাহিলেন। ইতিপূর্ব্বে মদেশজোহী বিজোহনায়ক পাণিষ্ঠ মীর জাকর ও তাহার অধীনস্থ প্রধান প্রধান বিশাস্থাতক সেনানায়কগণ, আপন আপন সৈক্তসহ রণস্থলেনজগ্রমান হইয়া, যুদ্ধের পরিবর্জে "রণপরোধির লছরী গণনা" করিতেছিল; এবং তৎসঙ্গে কথনও উৎসাহিত ও পরক্ষণেই নিরানন্দ ও নির্কংশা হইতেছিল। মীর মদনের পতনের সঙ্গে সঙ্গোগা বঙ্গেশার পাষ্ত-প্রধান মীর জাফরকে ডাকিয়া ভাহার পরামর্শ চাহার, উহারা ইণে ছাডিয়া বাঁচিল।

শঠ-কুল-চূড়ামণি প্রতিহিংসা পরায়ণ মোহাম্মদ জাফর, সর্বতোভাবে বঙ্গেরর উপকার করিবে বলিয়া প্রতিজ্ঞাবদ হইল; তৎসঙ্গে স্থীয় শঠতার জাল-বিস্তার করিয়া বিশন্ধ নওয়াবকে সর্বনাশী উপদেশ দিল যে— "আজ প্রাতঃকাল হইতে যুদ্ধ করিয়া আপনার সেনাগণ নিস্তেজ হইয়া পড়িয়াছে, অতএব আজিকার মত যুদ্ধ স্থগিত রাখিবার অঁত্মতি দিন, আগামী কাল পুনরায় যুদ্ধারস্ত করিয়া, পলাশী ক্ষেত্রে মৃষ্টিমের ইংরাজ সেনার চিত্ত পর্যন্ত রাখিব না।"

ঁনওয়াও সেরাজউদ্দোলা তথন অনক্রোপায় হইয়া, যুদ্ধ-নিরত বঙ্গীয় সেনাগণকে বিরত হইবার আজ্ঞা দিলেন।

শেরাজ, তাঁহার দেওরান মোহন লালকে যুদ্ধে স্থগিত হইতে অনুমতি দেওরার, রাজা-মোহন লাল প্রথমতঃ বিনত্ত-দৃঢ়-স্বরে অসমতি জ্ঞাপন করিলেন; এবং বলিয়া পাঠাইলেন যে—এ সমর হঠাৎ যুদ্ধ স্থগিত করিলে নওরাবের সমৃদর সৈক্ত সমৃহ বিপদে পতিত হইবে। শেষে নওরাবের অনুমতির সহিত প্রধান সেনাপতি পাপাত্মা মীর জাফরের বারংবার প্রত্যাবর্ত্তন করিবার অন্ত্রোধে বীর-বব দেওরান মোহন লাল, সম্পূর্ণ অনিচ্ছার সহিত বেলা তুইটার সময় যুদ্ধভূমি করিয়া পরিত্যাগ শিবিরে ফিরিয়া আসিতে বাধ্য হইলেন।

মোহন লালের রণস্থল পরিত্যাগের সঙ্গে সঙ্গে, সেনাগণের মধ্যে নহা আতক্ষের সঞ্চার হইল ও করাল বদনা পরাজয় রাক্ষসী বিকট দশন বিকাশে বলেশবের সেনাগণকে গ্রাস করিল।

কপটাচার-পরারণ তুষ্টাত্মা মীর জাফর, নওরাবের সহিত কথাবার্তা শেষ করিয়া কর্ণেল ক্লাইন্ডকে সমস্ত বিষয় বর্ণনা করিয়া, এবং সঙ্গে সঙ্গে নওরাব শিবির আক্রমণের পরামর্শ দিয়া, একথানি পত্র লিখিয়াছিল। কিন্তু পত্রবাহক এই গুরুত্ত গুলি বৃষ্টির মধ্য দিয়া অগ্রসর হইতে অসমর্থ হওরায়, পত্রথানি ক্লাইন্ডের হন্তে পড়ে নাই।

নওরাব যুদ্ধের অবস্থা দর্শনে ও চতুদ্দিকে গৃহ শক্র বেষ্টিত হইরা রহিরাছেন বুঝিরা, অনক্যোপার হইরা তই সহত্র অখারোহী সহ উট্র আরোহণে রাজধানীর দিকে পলায়ন করিতে লাগিলেন। পর দিবস ৬ই শওরাল প্রাতে নওরাব প্রাসাদে গিয়া পৌছিলেন।

সেরাজের সৌভাগ্য-লক্ষ্ম একণে তাঁহার দিকে পৃষ্ঠ প্রদর্শন করিয়াছিল। তাঁহার অস্কুচরবর্গ এই সময় সকলেই একে একে তাঁহাকে
পরিত্যাগ করিল। ৭ই শওয়াল তারিখের রাত্রে সেরাজ, তাঁহার স্থা
লোৎকরেলা এবং তাঁহাদের অল্প বরস্কা কন্তা সমস্তিব্যাহারে, প্রচুর পরিমাণে
স্বর্ণ মৃদ্রা ও রক্ষাদি লইয়া, মনস্বরগঞ্জ পরিত্যাগে গো-ধান আরোহণে
ভগবান-গোলার দিকে যাত্রা করিলেন। পথে চৌকি হাটার মীর
জাকরের জামাতা মীর কাসেমের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। বঙ্গেশর
এই সময় মীর কাসেমকে স্থীয় স্ত্রীর গহনা পরিপূর্ণ একটা বাক্স দানে সক্কট
করিয়া, নৌকারোহণে পাটনার দিকে যাইবার ইচ্ছার রওয়ানা হইলেন।

রাজমহলে পৌছিয়া নওয়াব ও তাঁহার মহিনী অতিশর ক্ষার্ত হইয়া পড়ার, তাঁহারা জনৈক ভও তপন্থী দানা সাহের আশ্রমে কিছুক্ষণ বিশ্রামের ও আহার কার্যা সমাপনের জন্ত আশ্রম লইলেন। কিন্তু চুটুমতি ভণ্ড দানা সাহ্ লোভের বশীভূত হইয়া বঙ্গের ত্র্গা সেরাজউদ্দৌলাকে ধ্রাইয়াখদিল।

১১৭০ হিজরীর ১৫ই শওয়াল তারিথে বালালা-বেহার-উড়িয়ার স্থানীন নরপতি, প্রবল পরাক্রমশালী স্থবাদার, নওয়াব স্থলাউল্মূল্ক হেশাম-দ্বেলা মোহাস্সদ আলিওয়াদ্বা থান মোহাস্বৎ জ্বের আদরের দৌছিত্র ও বিশাল রাজ্যের উত্তরাধিকারী, নওয়াব মনস্বরলম্ল্ক্ সেরাজউদ্বোলা সাহ্ কুলি থান মির্জ্যা মাহ্মূদ হায়বৎ জ্ব বাহাত্র, রাজ-বিজ্যের লার বন্দি অবস্থায় তাঁহার নিজ রাজধানীতে, তাঁহারই সেনাধ্যক্ষ মার জাফরের গৃহে আনীত হইলেন।

সেনাপতি যোদ্ধকুল-কলম মীর জাফর থান ঐ সমর গৃহে না থাকার, তাগার নরাধম পাষণ্ড পুত্র মীরণ, নগুরাবকে লইরা কারাগারে নিংক্ষেপ করিল ও বঙ্গেরর প্রাণনাশ করিবার জক্ষ অধীনস্থ সকলকেই অথের লোভ প্রদর্শন করিতে লাগিল। জাফর বা মীরণের কর্মচারীগণের মধ্যে কেচ্ছ এই পাশবিক হত্যাকার্য্যে স্বীকৃত হইল না। অবশেষে মৃত নগুরাব আলি ভরাদ্দী খানের অন্ধে প্রতিপালিত জনৈক পাষণ্ড নিষ্ঠ্র ভিতাহিত জ্ঞারশ্কু অর্থ পিশাচ মোহাম্মদ বেগ, অর্থের লোভে এই নৃশংস কার্য্য করিতে শীকৃত হইল।

অভাগা নওয়াব কারারুদ্ধ হইবার ৩।৪ ঘণ্টা পরেই নরপিশাচ মোত্মগাদী বেগ, উন্মুক্ত তরবারিহন্তে কারামধ্যে প্রবেশ করিয়া, বঙ্গেখরের নিকট আগমন করিল। সেরাজ তাহাকে দেখিয়া শিহরিয়া উঠিলেন, পরে কহিলেন—

"তুমি কি আমার প্রাণবধ করিতে আসিয়াছ ? কেন! তাহারা কি আমাকে কিঞিৎ বৃত্তি দিয়া এই বিশাল বন্দদেশের এক নিভ্ত প্রাক্তেও একটু খান দিলে না !" পরে আবার নিজেই বলিতে লাগিলেন-

শনা, তাহা হইতে পারে না! হোসায়েন কুলি খানের হেত্যার প্রতিশোধ এই রকমেই আমার উপর দিয়া হইবে! আমাকে মরিতে হুইবে!

এই সময় পাষণ্ড ঘাতকের নির্মাম তরবারি প্রচণ্ড বেগে নভ্রাবের মন্তকে নিপতিত হইল। নরাধম শয়তান মোহাম্মনীবেগ ঐ ভ্বন নোহন মুচারু মুখ্প্রীর উপরও ক্ষেক্বার তরবারির আঘাত করিল। সেরাজ— "আর না, আর না, যথেষ্ট হইয়াছে। হোসায়েন কুলির প্রতিশোধ আরু উঠিল," বলিতে বলিতে মেজের উপর লুটিয়া পড়িলেন ও সঙ্গে সালে তাহার প্রাণবায়ু বহির্গত হইয়া গেল। ভাগীরথীর পরপারে খোশবাগে, মাতামহের সমাধি মন্দিরের পার্মে অভাগা সেরাজের নম্বর দেই চির-বিশ্রামের জন্ম সমাধিত্ব করা হইল। মাত্র এক বংসর ভ্রই মাস কাল সিংহাসনারোহণের মধ্যে বিংশতি বর্ষ বয়সে নওয়ার সেরাজউদ্দোলা ঘাতক হস্তে নিহত হইলেন।

তৃষ্ঠ্ ত মীরণ তৎপরে ২।০ বৎসরের মধ্যে নওয়াবের আত্মীয় বয়ু ও পরিবারবর্গের মধ্যে প্রুষ স্থী নিবিবশেষে বছ সংখ্যক লোহকর প্রাণনাশ করিল। শেষে সেরাজ-মাতা আমেনা বেগম ও আলি হয়াদী থানের অপর কয়া সেরাজজোহী থেসেটা বেগমকে ধৃত করিয়া, নৌকাবোগে নদীর মধ্যস্থলে লইয়া গিয়া উভর্ম ভয়ীকে তৃবাইয়া মারিবার চেষ্টা কয়ায়, পবিত্রচেতা আমেনা বেগম, অজু করিয়া প্তবল্প পরিধানে পরম কয়শ নিদান আলোহতাআলার নিকট, নিষ্ঠুর মীরণের বজ্ঞাখাতে মৃত্যুর কামনা করিলেন।

জগৎপিতা এই নিরাশ্রমা আলিওয়ার্দী ছহিতার কাতর প্রার্থনা যেন তৎক্ষণাৎ গ্রহণ করিল। ১৭৬০ খুটাকের ৪ঠা জুলটে ১১৭০ চি:১৯ জিল্কুদ বৃহস্পতিবার রাত্তে সামান্ত বৃষ্টি হইতে থাকা কালে, নীলাকাশপট হইতে অশ্নিপাতে ত্রাত্মা মীরণের পাপমর জীবন শেষ হইয়া গেল।

বিশাস্থাতক মীর জাফর, এক্মাত্র পুত্রের শোচনীর মৃত্যুতে উন্মাদ রোগগ্রস্ত হইরা পড়িল। (জ্মিয়াত্ত তওয়ারীধ)

याधीन वरणद शञन

শেষ

গ্রন্থকর্ত্রীর লেখা এই ক'ধানা বই, গ্রন্থাবলী আকারে একত্রে মাত্র ১৬০ এক টাকা বার আনা।

"নুরুষেছা গ্রন্থাবলী"

১। স্বপ্নদুষ্ঠা

হ'! জানকী বাই বা ভারতে মোদদেম বীর্ধ

৩। আত্মদান

৪। ভাগাচত

৫। বিধিলিপি

৬। নিয়তি

৭। (করার নেগা) পাজুলী ম²পাশ্রের

সংসার।